শিবপুরাণম্।

শ্রীমন্মহর্ষিকৃষ্ণদ্বৈপায়ন-বেদব্যাস-প্রণীতম্।

সংস্কৃত মূল ও বঙ্গানুবাদ সমেত।

পণ্ডিতবর শ্রীযুক্ত পঞ্চানন তর্করত্ন

সম্পাদিত।

কলিকাতা,

৩৮।২ ভবানীচরণ দত্তের ষ্ট্রীট 'বঙ্গবাসী-ইলেক্ট্রো-মেসিন'-যন্ত্রে

শ্রীনটবর চক্রবর্ত্তী দ্বারা

মুদ্রিত ও প্রকাশিত।

ভূমিকা।

শিবপুরাণ অষ্টাদশ মহাপুরাণের মধ্যে চতুর্থ মহাপুরাণ। দেশে দুইখানি শিবপুরাণ প্রচলিত আছে; ঐ দুইখানিই মহাপুরাণ বলিয়া প্রসিদ্ধ। "চতুর্বিংশতিসাহস্রং শৈবতন্ত্রং নিরূপিতম্" ব্রহ্মবৈবর্ত্তের এই বচনানুসারে উক্ত দুইখানি গ্রন্থের মধ্যে যে খানিতে ২৪ হাজার শ্লোক আছে, তাহাই মহাপুরাণ বলিয়া জানা যায়। পরন্তু কেহ কেহ বলেন,—দেবীভাগবত ও শ্রীমদ্ভাগবত উভয় গ্রন্থই যেমন মহাপুরাণ মধ্যে গণনীয় তেমনি দুইখানি শিবপুরাণই মহাপুরাণ বলিয়া মান্য। কল্পভেদ বশতই উভয় পুরাণের শ্লোকসংখ্যা ও বিষয়গত প্রভেদ ঘটিয়াছে।

এই শিবপুরাণ সুবিস্তৃত গ্রন্থ। ইহা অত্যন্ত দুরূহ এবং অতি সরল রচনায় "দশোত্তরৈস্বরবার্ণবঃ।" এই শিবপুরাণে শিবতত্ত্ব, শিবস্বরূপাদি অবশ্য জ্ঞাতব্য বিবিধ নিগূঢ় তত্ত্ব সকল, আড়ী রুরু প্রভৃতি দৈত্যগণের বিচিত্র উপাখ্যান ইত্যাদি নূতন নূতন বিষয়সমূহ বর্ণিত আছে। এই শিবপুরাণ কেবল শৈব-সম্প্রদায়ের নহে—শাক্ত বৈষ্ণবাদি সকলেরই অবশ্য পাঠ্য পরমাদরের সামগ্রী। সাধনতত্ত্ব এই শিবপুরাণে যেমন বিশদ বিস্তৃত ভাবে বর্ণিত আছে, অন্য কোনও পুরাণে বুঝি তেমন নাই। সুতরাং ধর্ম্মানুরাগী জনগণের পক্ষে এই শিবপুরাণ যেন চিন্তামণি। এই শিবপুরাণ জ্ঞানসংহিতা, বিদ্যেশ্বর-সংহিতা, কৈলাস-সংহিতা, সনৎকুমার-সংহিতা, বায়বীয়-সংহিতা, ধর্ম্মসংহিতা এই ছয় ভাগে বিভক্ত।

এই শিবপুরাণের বায়বীয়-সংহিতায় উক্ত হইয়াছে যে,—"শিবপুরাণ লক্ষ শ্লোকযুক্ত ও দ্বাদশসংহিতায় বিভক্ত।" এই উক্তি অনুসারে এই শিবপুরাণই প্রকৃত মহাপুরাণ কি না, এ সন্দেহ অনেকেরই মনে উঠিতে পারে, কিন্তু সেই সংহিতায়ই স্থানান্তরে তাহার মীমাংসার্থ এইরূপ উক্ত হইয়াছে;—

"সংক্ষিপ্য স পুনর্বেদাংশ্চতুর্দ্ধা কৃতবান্ মুনিঃ।
ব্যস্তবেদতয়া লোকে বেদব্যাস ইতি শ্রুতঃ॥
পুরাণমপি সংক্ষিপ্তং চতুর্লক্ষপ্রমাণতঃ।
অদ্যাপি দেবলোকে তচ্ছতকোটিপ্রবিস্তরম্॥"

মহর্ষি কৃষ্ণদ্বৈপায়ন প্রথমতঃ শতকোটি শ্লোকে পুরাণসমূহ রচনা করেন, পরে অল্পায়ু মানবগণের হিত-কামনায় বেদকে সংক্ষিপ্ত করিয়া চারি ভাগে বিভক্ত করেন। তিনি পুরাণ সমস্তও সংক্ষেপে চারি লক্ষ শ্লোকে রচনা করেন। অদ্যাপি দেবলোকে শতকোটি-শ্লোকাত্মক পুরাণসমূহ প্রচলিত আছে। সুতরাং দেবলোকের লক্ষশ্লোকাত্মক শিবপুরাণই সংক্ষেপে ২৪ হাজার শ্লোকে নিবদ্ধ হইয়াছে, ইহা নির্ণীত হয়।

যাহা হউক, বহু পরিশ্রম ও যত্নে বিভিন্ন দেশীয় আদর্শ অবলম্বনে পাঠ-সংশোধন ও আবশ্যক মত পাঠান্তর যোজনপূর্ব্বক উপরে মূল ও নিম্নে বিশদ বঙ্গানুবাদ দিয়া এই শিবপুরাণ প্রচারিত হইল। এই গ্রন্থ পাঠে পাঠকগণের চিত্তে শিবভক্তির কিঞ্চিন্মাত্র স্ফূর্ত্তি হইলেই শ্রম সফল বোধ করিব। ইতি

সম্পাদক
শ্রীপঞ্চানন তর্করত্ন।
ভাটপাড়া।

সূচিপত্র।

বিষয়	পৃষ্ঠা	বিষয়

পৃষ্ঠা । বিষয় পৃষ্ঠা

জ্ঞানসংহিতার সূচিপত্র সমাপ্ত।

বিদ্যেশ্বর-সংহিতা

বিদ্যেশ্বর-সংহিতার সূচিপত্র সমাপ্ত।

কৈলাস-সংহিতা।

কৈলাস-সংহিতার সূচিপত্র সমাপ্ত।

সনৎকুমার-সংহিতা।

বায়বীয়সংহিতা।

পূর্বভাগ

উত্তরভাগ।

বিষয় — পৃষ্ঠা

ধর্ম্মসংহিতা।

বিষয়	পৃষ্ঠা
৫৮ অঃ। মন্বন্তরাদি বর্ণন	১২৯৪
৫৯ অঃ। সংজ্ঞা ও ছায়াদির কথন	১২৯৯
৬০ অঃ। সূর্য্যবংশ বর্ণন।	১৩০২
৬১ অঃ। সত্যব্রত ও সগর রাজার বিবরণ কথন	১৩০৯
৬২ অঃ। পিতৃকল্প ও শ্রাদ্ধের কথা	১৩১৫
৬৩ অঃ। পিতৃসপ্তক বর্ণন ও মুনিগণের আত্যন্তর [illegible]	১৩২০
৬৪ অঃ। সাযুজ্যে মুনি[illegible] [illegible] লাভ	১৩২৩
৬৫ অঃ। ব্যাসপূজা	১৩২৫

ধর্ম্ম-সংহিতার সূচিপত্র সমাপ্ত।

।বপুরাণের সূচিপত্র সমাপ্ত।

অগুণো গুণতাং যাতঃ কথং লোকে মহেশ্বরঃ।
শিবতত্ত্বং বয়ং সর্ব্বে ন জানীমো বিচারতঃ ॥ ৮
সৃষ্টেঃ পূর্ব্বং কথং দেবস্তন্মধ্যে চ কথং পুনঃ।
তদন্তে চ কথং তিষ্ঠেচ্ছঙ্করো লোকশঙ্করঃ ॥ ৯
কথং প্রসন্নতাং যাতি প্রসন্নঃ কিং ফলং পুনঃ।
যচ্ছ্রুতে সর্ব্বলোকেভ্যঃ সর্ব্বং কথয় সুব্রত ॥ ১০
সদ্যঃ প্রসন্নো ভগবান ভবতীত্যনুশুশ্রুম।
এতৎ সর্ব্বং তথা চান্যৎ কথনীয়ং ত্বয়ানঘ ॥ ১১
ইতি পৃষ্টস্তথা তৈর্হি শ্রুত্বা হর্ষসমন্বিতঃ।
উবাচ বচনং তত্র ঋষীণাং শৃণ্বতাং তদা ॥ ১২

ইতি শ্রীশৈবে মহাপুরাণে জ্ঞানসংহিতায়াং পবিপাটিকা নাম প্রথমোঽধ্যায়ঃ ॥ ১ ॥

তাঁহার নানাবিধ আচরণের কথা অনুগ্রহপূর্ব্বক কীর্ত্তন কর। নির্গুণ মহেশ্বর জগতে আবার সগুণ হইলেন কিরূপে? আমরা কেহই সবিশেষ শিবতত্ত্ব অবগত নহি। ত্রৈলোক্য-মঙ্গল বিধাতা দেবদেব শঙ্কর জগৎ-সৃষ্টির পূর্ব্বে জগতের অস্তিতা কালে এবং প্রলয় হইলে কিরূপে থাকেন? তিনি প্রসন্ন হন কিরূপে? প্রসন্ন হইয়াই বা লোককে কিরূপ ফল প্রদান করেন?—হে সুব্রত! তৎসমস্ত কীর্ত্তন কর। শুনা আছে, ভগবান্ সদ্য প্রসন্ন হন, তাহা সত্য কি না? এবং এতদ্ভিন্ন শিবসম্বন্ধে যাহা যাহা বক্তব্য, হে অনঘ! তৎসমুদায় তোমার বলিতে হইবে। সূত, নৈমিষারণ্যে ঋষিমণ্ডলীকর্ত্তৃক এইরূপ জিজ্ঞাসিত হইয়া তাঁহাদিগের সমক্ষে প্রশ্নানুসারে সমুদয় কথা বলিয়াছিলেন। ৬—১২।

প্রথম অধ্যায় সমাপ্ত ॥ ১ ॥

দ্বিতীয়োঽধ্যায়ঃ।

সূত উবাচ।

সম্যক্ পৃষ্টং ভবদ্ভিশ্চ যথাবৎ কথয়াম্যহম্।
কপোলকল্পিতং নৈব কথয়িষ্যে মুনীশ্বরাঃ ॥ ১
ভবদ্ভিঃ পৃচ্ছ্যতে যদ্বৎ তৎ তথা নারদেন বৈ।
পৃষ্টং পিত্রে স্বয়ং তত্র জ্ঞানায় পরমাত্মনে ॥ ২
কস্মিংশ্চিৎ সময়ে বিপ্রা নারদো মুনিসত্তমঃ।
পৃথিব্যামটনং কৃত্বা শিবরূপাণ্যনেকশঃ ॥ ৩
দৃষ্ট্বা নত্বা চ সম্পূজ্য তত্ত্বং জ্ঞাতুং মহাত্মনঃ।
পপ্রচ্ছ ব্রহ্মণং তস্য শিবরূপং বিচিন্তয়ন্ ॥ ৪

নারদ উবাচ।

ব্রহ্মন ব্রহ্মবিদাং শ্রেষ্ঠ পিতামহ জগৎপ্রভো।
ত্বৎপ্রসাদান্ময়া সর্ব্বং বিষ্ণোর্মাহাত্ম্যমুত্তমম্ ॥
ভক্তিমার্গং জ্ঞানমার্গং তপোমার্গং সুদুষ্করম্।
দানমার্গঞ্চ তীর্থানাং মার্গঞ্চ শ্রুতবানহম্ ॥ ৬
ন জ্ঞাতং শিবতত্ত্বঞ্চ পূজা চ বিবিধং ক্রমাৎ
চরিত্রং বিবিধং তস্য নিবেদয় মম প্রভো ॥ ৭

দ্বিতীয় অধ্যায়।

সূত বলিলেন,—হে মুনিবরগণ! আপনারা ভাল কথা জিজ্ঞাসা করিয়াছেন, আমি ইহার যথাযথ উত্তর প্রদান করিতেছি। স্বকপোল-কল্পিত কোন কথাই বলিব না। এখন আপনারা আমার নিকটে যেরূপ জিজ্ঞাসা করিতেছেন পূর্ব্বে স্বয়ং নারদ শিবতত্ত্ব-জিজ্ঞাসু হইয়া পিতা পরমাত্মা ব্রহ্মার নিকট এই কথা জিজ্ঞাসা করেন। হে বিপ্রগণ! কোন সময়ে মুনিশ্রেষ্ঠ নারদ ভূমণ্ডল পর্য্যটন করত বহুতর শিবলিঙ্গ দর্শন করিয়া তাঁহাদিগকে পূজা ও প্রণাম করিলে অনন্তর মহাত্মা শিবের তত্ত্ব জানিতে ই ক হই তদীয় রূপ চিন্তা করিতে করিতে ব্রহ্মার নিক জিজ্ঞাসা করিলেন,—হে ব্রহ্মবি প্রধান ব্রহ্ম হে জগৎপ্রভো পিতামহ! আমি আপন প্রসাদে উত্তম বিষ্ণুমাহাত্ম্য, ভক্তিমার্গ, জ্ঞানমা সুদুষ্কর তপোমার্গ, দানমার্গ এবং তীর্থমার্গ সমুদয় বিবরণই শ্রবণ করিয়াছি। প্রভু হে! কি আমি শিবতত্ত্ব জানিতে পারি নাই— যথা

আবাভ্যাং কিং প্রকর্ত্তব্যং ধ্যায়তঃ স্ম পরস্পরম্।
এতস্মিন্নন্তরে বাণী সমুৎপন্না শুভা শুভা ॥ ২৩
তপশ্চৈব প্রকর্ত্তব্যং সংশয়স্যাপনুত্তয়ে।
ততস্তাভ্যাঞ্চ তচ্ছ্রুত্বা তপস্তপ্তং সুদারুণম্ ॥ ২৪
কিয়ৎ কালং তদা ব্রহ্মন্ ধ্যানমার্গপরায়ণৌ।
প্রকৃতিঃ পুরুষশ্চৈব প্রবুদ্ধৌ ধ্যানমার্গতঃ ॥ ২৫
প্রবুধ্য বিস্ময়ং প্রাপ্তৌ কিয়ৎ তপ্তমহো ইতি।
তদঙ্গাজ্জলধারা হি সঞ্জাতা বিবিধা মুনে ॥ ২৬
তাভির্ব্যাপ্তঞ্চ সকলং ব্রহ্মরূপমভূজ্জলম্।
অনন্তং হ্যভবং তচ্চ স্পর্শনাৎ পাপনাশনম্ ॥ ২৭
তদা শ্রান্তশ্চ পুরুষস্তয়া সহ জলে স্বয়ম্।
সুষাপ পরমপ্রীতো বহুকালং তয়া সহ ॥ ২৮
নারায়ণেতি বৈ নাম জাতং তস্য মহাত্মনঃ।
নারায়ণীতি বৈ নাম প্রকৃতেঃ সম্মতং মুনে ॥ ২৯
নাস্তং কিঞ্চিৎ তদা হ্যাসীৎ প্রকৃতিং পুরুষং বিনা
এতস্মিন্নন্তরে ব্রহ্মংস্তত্ত্বান্যাসন্ মহাত্মনঃ ॥ ৩০
প্রকৃতেশ্চ মহানাসীন্মহতশ্চ গুণাস্ত্রয়ঃ।
অহঙ্কারস্ততো জাতস্তস্তন্মাত্রকাঃ পরাঃ ॥ ৩১
পঞ্চ ভূতান্যতোহপ্যাসন জ্ঞান-বিজ্ঞানকান্যতঃ।
তত্ত্বানামিতি সংখ্যানমুচ্যতে ঋষিসত্তম ॥ ৩২
জড়াত্মকঞ্চ তৎ সর্ব্বং প্রকৃতিং পুরুষং বিনা।
তাভ্যামেকীকৃতং তচ্চ চতুর্ব্বিংশতিসংজ্ঞিতম্ ॥
তদ্‌গৃহীত্বা চ সুষাপ জলে ব্রহ্মস্বরূপিণি।
সুপ্তে নারায়ণে দেবে নাভৌ পঙ্কজমুত্তমম্ ॥ ৩৪
অনন্তপত্রিকাযুক্তং কর্ণিকারসমন্বিতম্।
অনন্তযোজনায়ামমনন্তোচ্ছ্রায়সংযুতম্ ॥ ৩৫
কোটিসূর্য্যপ্রতীকাশং সুন্দরং তত্ত্বসংযুতম্।
তস্মাৎ পদ্মাৎ ততো যজ্ঞে পুত্রোহহং হেমগর্ভ

"আমরা উভয়ে কি করিব" পরস্পরে এইরূপ চিন্তা করিতেছেন, ইত্যবসরে গুণসম্পন্না কর্ত্তব্য-বোধিকা আকাশবাণী হইল যে, "এই সংশয় অপনোদনের জন্য তপস্যাই করিবে।" অনন্তর প্রকৃতি-পুরুষ তাহা শুনিয়া কঠোর তপস্যা করিতে প্রবৃত্ত হইলেন। হে বিপ্র! প্রকৃতি ও পুরুষ কিয়ৎকাল ধ্যানপরায়ণ হইয়া সেই সমাধি হইতে বিরত হইলেন। মুনে! তাঁহারা, ধ্যানবিরত হইয়া 'আমরা কত তপস্যা করিলাম' ভাবিয়া এবং অঙ্গ হইতে বিপুল জলধারা নির্গত হইল দেখিয়া বিস্মিত হইলেন। সকল বস্তুই সেই জলরাশি দ্বারা ব্যাপ্ত হইল; তখন জলরাশি ব্রহ্মস্বরূপ অনন্ত এবং স্পর্শমাত্রে কলুষনাশক হইল। তখন পুরুষ শ্রান্ত হইয়া প্রকৃতির সহিত পরম প্রীতিসহকারে জল মধ্যে বহুকাল শয়ন করিলেন। মুনে! এই জন্য সেই মহাত্মা পুরুষের নাম নারায়ণ ও প্রকৃতির নাম নারায়ণী সর্ব্বসম্মত হইল। তখন প্রকৃতি-পুরুষ ব্যতীত আর কিছুই ছিল না। ব্রহ্মন্! ইত্যবসরে সেই মহাত্মা পুরুষের সহকারিতায় কতিপয় পদার্থ উৎপন্ন হইল। অব্যক্ত প্র[কৃতি] হইতে মহত্তত্ত্ব, মহত্তত্ত্ব ব্যক্ত ত্রিগুণাত্ম[ক] মহত্তত্ত্ব হইতে অহঙ্কার; * অহঙ্কার হ[ইতে] পঞ্চতন্মাত্র, পঞ্চতন্মাত্র হইতে পঞ্চভূত [ও] পঞ্চভূত হইতে পঞ্চজ্ঞানেন্দ্রিয় ও কর্ম্মেন্দ্রিয় উৎপন্ন হইল। † হে ঋষি[সত্তম!] এই পদার্থের এইরূপ সংখ্যা কথিত হইয়া[ছে।] ২২—৩২। প্রকৃতি ও পুরুষ ব্যতীত দ্বাবিংশতি তত্ত্বই অচেতন। প্রকৃতি ও পু[রুষের] সহিত যোগ করিলে সর্ব্বশুদ্ধ চতুর্ব্বিংশতি [তত্ত্ব] হইয়া থাকে। নারায়ণদেব সমুদায় তত্ত্ব আয়ত্ত করিয়া ব্রহ্ম-স্বরূপ জলে শয়ন ক[রিলে] তদীয় নাভিমণ্ডলে অনন্তপত্র-শোভিত ক[র্ণিকা]যুক্ত কোটি-মার্ত্তণ্ডসন্নিভ তত্ত্বসমূহ-সমন্বি[ত] পরম সুন্দর পদ্ম প্রকাশ পাইল; তাহার [দৈর্ঘ্য] ও উচ্চতা অসীম। অনন্তর আমি—

* সাংখ্যমতে অন্তঃকরণ ত্রিবিধ;—[বুদ্ধি,] অহঙ্কার ও মন। এই মতে অন্তঃকরণ [...] মনের স্বতন্ত্র সত্তা কথিত হয় নাই।

† অব্যক্ত প্রকৃতি হইতে মহত্তত্ত্ব, [মহত্তত্ত্ব] হইতে ব্যক্তগুণত্রয়, গুণত্রয় হইতে [...] * * * পঞ্চভূত হইতে মন ও দশ [ইন্দ্রিয়] উৎপন্ন হইল। এই অর্থ টীকাকারের প্রেত। এই অর্থে অনেক দোষ আছে

বৎস জানীহি ভদ্রন্তে সত্যমেতদ্বদাম্যহম্ ॥ ৫২
তস্য তদ্বচনং শ্রুত্বা স্মিতপূর্ব্বং মহামুনে।
মায়য়া মোহিতস্তং বৈ পরিভর্ৎস্য পুনস্তদা ॥ ৫৩
ভাষসে বৎস বৎসেতি সর্গসংসারপালকম্
মামাহাত্ম্যমিতং কৃত্বা গুরুঃ শিষ্যমিবানঘ ॥ ৫৪
কর্ত্তারং জগতাং সাক্ষাৎ প্রকৃতেশ্চ প্রবর্ত্তকম্।
সনাতনমজং বিষ্ণুং বিরিঞ্চে বিশ্বসম্ভবম্ ॥ ৫৫
বিশ্বাত্মানং বিধাতারং ধাতারং পঙ্কজেক্ষণম্।
কিমর্থং ভাষসে মোহাদ্বক্তুমর্হসি সত্বরম্ ॥ ৫৬
সোঽপি মামাহ জগতাং কর্ত্তাহমিতি লোকয়
ভর্ত্তা হর্ত্তা ভবানঙ্গাদবতীর্ণো মমাব্যয়াৎ ॥ ৫৭
বিস্মৃতোঽসি জগন্নাথং নারায়ণমনাময়ম্
পুরুষং পরমাত্মানং কর্ত্তারং জগতঃ প্রভুম্ ॥ ৫৮
বিষ্ণুমচ্যুতমীশানং বিশ্বস্য প্রভবং তব
তবাপরাধো নাস্ত্যত্র মম মায়াকৃতং ত্বিদম্ ॥ ৫৯

শৃণু সত্যং পরং ব্রহ্মন্ সর্ব্বং ত্বমীশ সম্ভবম্।
ময়া সৃষ্টং পুরা ব্যক্তং চতুর্ব্বিংশতিতত্ত্বকম্ ॥ ৬০
ইতি শ্রুত্বা বচস্তস্য ব্রহ্মা ক্রোধাবিতস্তদা।
কো বা ত্বমিতি সংভর্ৎস্য কশ্চিৎ কর্ত্তা ভবেৎ তব
মায়য়া মোহিতস্তাভ্যাং যুদ্ধং চক্রে সুদারুণম্।
বিবাদশমনার্থায় প্রবোধার্থং দ্বয়োরপি ॥ ৬২
জ্যোতির্লিঙ্গং তদোৎপন্নমাবয়োর্মধ্য অদ্ভুতম্।
জ্বালামালাসহস্রাঢ্যং কালানলচয়োপমম্ ॥ ৬৩
ক্ষয়-বৃদ্ধিবিনির্ম্মুক্তমাদিমধ্যান্তবর্জ্জিতম্।
অনৌপম্যমনির্দ্দিষ্টমব্যক্তং বিশ্বসম্ভবম্ ॥ ৬৪
তস্য জ্বালাসহস্রেণ মোহিতো ভগবান্ হরিঃ।
মোহিতং প্রাহ মামত্র কিমর্থং স্পর্দ্ধসেঽধুনা ॥ ৬৫
আগতোঽত্র তৃতীয়োঽপি তিষ্ঠতাং যুদ্ধমাবয়োঃ।
কুত এব সমুদ্ভূতং পরীক্ষাবো হ্যগ্নিসম্ভবম্ ॥ ৬৬
অধোগমনে ভূশা গচ্ছোর্দ্ধ্বং বিশ্বসম্ভব।

যাচ্ছি" এরূপ অভিমানসূচক উত্তর না দিয়া নাম নির্দ্দেশপূর্ব্বক আমাকে বলিলেন—হে সুব্রত! পরম বিষ্ণু সত্ত্বগুণ দ্বারা তোমাকে নির্ম্মাণ করিয়াছেন, বৎস! তোমার মঙ্গল হউক, আমি সত্য বলিতেছি, তুমি ইহা স্থির বলিয়া জান। ৫১—৫২। মুনিবর! আমার হৃদয় তদীয় মায়ায় মোহিত ছিল, সুতরাং তাঁহার সেই স্মিতপূর্ব্ব বাক্য শ্রবণে আমি পুনর্ব্বার ভর্ৎসনা করিয়া সেই সৃষ্টিসংহারপালককে বলিলাম,—"আমাকে যে বড় বৎস বৎস বলিয়া ডাকিতেছ!" হে অনঘ! তিনি তখন গুরুর ন্যায় ঈষৎ হাস্য করিয়া শিষ্যের ন্যায় আমাকে বলিতে লাগিলেন—'বিরিঞ্চে! সনাতন অনাদি বিশ্ববীজ বিশ্বাত্মা বিশ্বের বিধাতা জগৎকর্ত্তা সাক্ষাৎ প্রকৃতিপ্রবর্ত্তক পুণ্ডরীকাক্ষ বিষ্ণুকে মোহবশে এরূপ বলিতেছ কেন? সত্বর উত্তর দাও।" অতও বলিলেন,—"দেখ—আমিই জগতের হর্ত্তা কর্ত্তা বিধাতা; আমারই অক্ষয় অবয়ব হইতে তুমি উৎপন্ন হইয়াছ। পরমাত্মা পুরুষ জগৎকর্ত্তা বিশ্ববীজ অব্যয় ঈশ্বর অনাময় জগন্নাথ সর্ব্বব্যাপী প্রভু নারায়ণকে কিনা তুমি বিস্মৃত হইয়াছ? ইহাতে তোমার অপরাধ নাই, আমার মায়া-প্রভাবেই এরূপ ঘটিয়াছে ব্রহ্মন্! প্রকৃত সত্য কথা শ্রবণ কর, সব দেখিতেছ, এবং সমস্তই আমা হইতে উৎপন্ন, অব্যক্ত চতুর্ব্বিংশতি তত্ত্বও পূর্ব্বে আমাকর্ত্তৃক সৃষ্ট হইয়াছে।" আমি ব্রহ্মা হইলেও তদীয় মায়ায় মোহিত হওয়াতে তাঁহার এই কথা শ্রবণ করিবামাত্র 'তুমি কে? তোমারও কেহ কর্ত্তা অবশ্য আছেন' সক্রোধে এইরূপ ভর্ৎসনা করিয়া তাঁহার সহিত দারুণ যুদ্ধ করিলাম। আমাদিগের উভয়ের বিবাদ-শান্তি ও জ্ঞানোদয়ের জন্য আমাদিগের মধ্যস্থলে সহস্র সহস্র জ্বালামালাসঙ্কুল কালানল-সন্নিভ একটী অদ্ভুত জ্যোতির্ম্ময় লিঙ্গ উদ্ভূত হইলেন। ইঁহার ক্ষয় বৃদ্ধি নাই; আদি মধ্য অন্ত নাই; তিনি অতুলনীয় অনির্দ্দেশ্য অব্যক্ত এবং জগতের মূলকারণ। ৫৩—৬৪। ভগবান্ বিষ্ণু সেই লিঙ্গের সহস্র সহস্র শিখাজালে বিমোহিত হইয়া বিমূঢ়চিত্ত আমাকে বলিলেন,—এখন আর স্পর্দ্ধা করিতেছ কেন? তৃতীয় ব্যক্তি এখানে আসিয়া উপস্থিত, আমাদিগের যুদ্ধ এখন থাক্; এই অনলসন্নিভ লিঙ্গ কোথা হইতে আবির্ভূত হইল, এখন আমরা

সমাগতো ময়া সার্দ্ধং প্রণিপত্য ভবং মুহুঃ ॥ ৪
মায়য়া মোহিতঃ শম্ভোস্তস্থৌ সংবিগ্নমানসঃ।
প্রণিপত্য ময়া সার্দ্ধং সস্মার কিমিদন্ত্বিতি ॥ ৫
অনির্দ্দেশ্যঞ্চ তদ্রূপমনাম কর্ম্মবর্জ্জিতম্।
অলিঙ্গং লিঙ্গতাং যাতং ধ্যানমার্গেঽপ্যগোচরম্ ॥৬
স্বস্থং চিত্তং তদা কৃত্বা নমস্কারপরায়ণৌ।
জানীয়াবো ন তে রূপং যোঽসি সোঽসি নমোঽস্তুতে
এবমব্দশতং জাতং নমস্কারং প্রকুর্ব্বতোঃ।
তদা সমভবং তত্র সানন্দং শব্দলক্ষণম্ ॥ ৮
ওমিতীদং মুনিশ্রেষ্ঠ সুব্যক্তং প্লুতলক্ষণম্।
কিমিদন্ত্বিতি সঞ্চিন্ত্য ময়া তিষ্ঠন্মহাস্বনম্ ॥ ৯
যস্মাজ্জাতঃ সমুদ্ভূতস্তস্মৈ তুভ্যং নমোঽস্তু তে।
লিঙ্গস্য দক্ষিণে ভাগে তদাপশ্যং সনাতনম্ ॥ ১০
আদ্যং বর্ণমকারন্তু উকারঞ্চোত্তরে ততঃ।
মকারং মধ্যতশ্চৈব নাদান্তং তস্য চোমিতি ॥ ১১

সূর্য্যমণ্ডলবদ্দৃষ্ট্বা বর্ণমাদ্যন্তু দক্ষিণে।
উত্তরে পাবকপ্রখ্যমুকারমৃষিসত্তম ॥ ১২
শীতাংশুমণ্ডলপ্রখ্যং মকারং তস্য মধ্যতঃ।
তস্যোপরি তদাপশ্যং স্ফটিকপ্রভবং পরম্ ॥ ১৩
তুরীয়াতীতমমৃতং নিষ্কলং নিরুপপ্লবম্।
নির্দ্বন্দ্বং কেবলং তত্ত্বং বাহ্যাভ্যন্তরবর্জ্জিতম্ ॥১৪
আদিমধ্যান্তরহিতমানন্দস্যাপি কারণম্।
সত্যমানন্দমমৃতং পরং ব্রহ্ম পরায়ণম্ ॥ ১৫
একাক্ষরস্তু যং প্রোক্তং ভগবান্ নীললোহিতঃ।
সর্গকর্ত্তা হ্যকারখ্য উকারাখ্যস্তু পালকঃ ॥ ১৬
মকারাখ্যস্তু যো নিত্যমনুগ্রহকরো ভবঃ।
অহমেব হরির্ব্রহ্মন বিস্ময়াবিষ্টমানসৌ।
এতস্মিন্নন্তরেঽপশ্যচ্চ রূপমদ্ভুতসুন্দরম্ ॥ ১৭
পঞ্চবক্ত্রং দশভুজং কর্পূরগৌরকং মুনে।
নানাকান্তিসমাযুক্তং নানাভরণসংযুতম্ ॥ ১৮
মহোদারং মহাবীর্য্যং মহাপুরুষলক্ষণম্।
তদ্দৃষ্ট্বা পরমং রূপং নির্ম্মাতা স্বয়মেব হি ॥ ১৯

স্মরণ করি। ভগবান বিষ্ণুও বারংবার শিবকে প্রণামপূর্ব্বক শ্রান্ত হইয়া তখনই বর্ণিতনয়নে আসিয়া আমার সহিত মিলিত হইলেন। আমি ও তিনি শিবমায়া-মোহিত আমরা উভয়েই শিবকে প্রণাম করিয়া উদ্বিগ্নচিত্তে রহিলাম এবং মনে করিতে লাগিলাম,—"এ কি! অনির্দ্দেশ্য, নামকর্ম্ম-বিবর্জ্জিত, এ—রূপ বস্তুতঃ লিঙ্গ না হইলেও লিঙ্গরূপে পরিণত হইয়াছে। ইহা ধ্যানমার্গেরও অগোচর।" "দেবদেব! আমরা তোমার রূপ জানিতে অক্ষম, যাহা হউক, তুমি যে হও সে হও, তোমাকে নমস্কার।" এই বলিয়া একাগ্রহৃদয়ে তখন আমরা তাঁহাকে প্রণাম করিতে লাগিলাম। এইরূপে নমস্কার করিতে করিতে এক শত বৎসর অতীত হইল। হে মুনিবর! তখন তথায় আনন্দময় ওঙ্কারাত্মক সুব্যক্ত ত্রিমাত্র শব্দ সম্ভূত হইল। তখন বিষ্ণু এবং আমি "এ মহাশব্দ কোথা হইতে আসিল" ভাবিতে লাগিলাম, এবং বলিলাম,—"এই শব্দ যাঁহা হইতে উদ্ভূত হইল, সেই তোমাকে নমস্কার।" তখন লিঙ্গের দক্ষিণভাগে সনাতন আদ্যবর্ণ অকার আমাদিগের দৃষ্টিগোচর হইল। তাঁহার উত্তরে উকার এবং মধ্যে নাদধ্বনিসমন্বিত মকার—আমরা এইরূপে ওঙ্কার অবলোকন করিলাম। ১—১১। হে ঋষিবর! আমরা লিঙ্গের দক্ষিণভাগে সূর্য্যমণ্ডলপ্রখ্য আদিবর্ণ, উত্তরভাগে অনল-সন্নিভ উকার এবং মধ্যে চন্দ্রমণ্ডলসমুজ্জ্বল মকার অবলোকন করিয়া তদুপরিভাগে স্ফটিক-প্রকাশ তুরীয়াতীত অমৃত নিষ্কল নির্দ্বন্দ্ব একমেবাদ্বিতীয়ং পরমতত্ত্ব দর্শন করিলাম তাঁহার আদি, মধ্য, অন্ত নাই; বাহ্য অভ্যন্তর নাই; তিনি আনন্দময় আনন্দকারণ সত্য অজর পরব্রহ্ম এবং পরমগতি। ভগবান্ নীল-লোহিত একাক্ষর অর্থাৎ ওঁকারের স্বরূপ। ঐ ওঁকারের অবয়ব অকার বলিতে সৃষ্টিকর্ত্তা, উকারের অর্থ জগৎপাতা এবং মকারের অর্থ নিত্য অনুগ্রহকারী মহাদেব। হে ব্রহ্মন্! ইহাতে আমি এবং সেই বিষ্ণু উভয়েই বিস্মিত হইলাম। এই সময় আরও একটী বিস্ময়ের কারণ উপস্থিত হইল। অতি বিচিত্র সুন্দর পঞ্চমুখ, দশবাহু, কর্পূরের মত গৌর, নানাবিধ কান্তিসংযুক্ত, নানা আভরণে ভূষিত, অতিশয় উদার, মহাবীর্য্য, মহাপুরুষের লক্ষণ সকলে শোভিত, একটী আকৃতি আমাদের

ততো বিজ্ঞায় দেবেশং যথাবৎস্মৃতিসম্মতৈঃ।
মন্ত্রৈর্মহেশ্বরং দেবং তুষ্টাব সুমহোদয়ম্ ॥ ২০
আবয়োঃ স্তুতিভিস্তুষ্টো লিঙ্গে তস্মিন নিরঞ্জনঃ।
দিব্যং শব্দময়ং রূপমাস্থায় প্রহসন স্থিতঃ ॥ ২১
অকারস্তস্য মূর্দ্ধা চ ললাটং দীর্ঘ উচ্যতে।
ইকারং দক্ষিণং নেত্রমীকারং বামলোচনম্ ॥ ২২
উকারং দক্ষিণং শ্রোত্রমূকারং বামমুচ্যতে।
ঋকারং দক্ষিণং তস্য কপোলং পরমেষ্ঠিনঃ ॥ ২৩
বামং কপোলমৄকারং ঌৡ নাসাপুটে উভে।
একারমোষ্ঠমূর্দ্ধস্তু ঐকারমধরং বিভোঃ ॥ ২৪
ওকারশ্চ তথৌকারং দন্তপংক্তিদ্বয়ং ক্রমাৎ।
অং অঃ তালুনী তস্য দেবদেবস্য ধীমতঃ ॥ ২৫
কাদিপঞ্চাক্ষরাণ্যস্য পঞ্চ হস্তাশ্চ দক্ষিণে।
আদিপঞ্চাক্ষরাণ্যেব পঞ্চ হস্তাস্তু বামতঃ ॥ ২৫
টাদিপঞ্চাক্ষরং পাদৌ তাদিপঞ্চাক্ষরং তথা।
পকারমুদরং তস্য ফকারং পার্শ্বমুচ্যতে ॥ ২৬
বকারং বামপার্শ্বস্তু ভকারং স্কন্ধ উচ্যতে।
মকারং হৃদয়ং শম্ভোর্মহাদেবস্য যোগিনঃ ॥ ২৮
যকারাদি সকারান্তং বিভোর্বৈ সপ্ত ধাতবঃ।
হকারং নাভিরূপং হি ক্ষকারং নাদ উচ্যতে* ॥ ২৯
এবং শব্দময়ং রূপমগুণস্য গুণাত্মনঃ।
তং দৃষ্ট্বা তু ময়া সার্দ্ধং ভগবন্তং মহেশ্বরম্ ॥ ৩০
প্রার্থয়ন্তে পুনস্তং বৈ কৃপা কার্য্যা ত্বয়া বিভো।
ইত্যেবং বচনং শ্রুত্বা প্রসন্নঃ শঙ্করস্তদা ॥ ৩১
উবাচ বচনং তত্র প্রসন্নো ভগবানিহ।
তদাবাং ভবচ্চত্র শ্রুত্বা বিষ্ণুনয়া সহ ॥ ৩২
উবাচ যদি দেবেশ প্রসন্নো ভগবানিহ।
আবয়োঃ কিঞ্চিৎ কার্য্যং বৈ যদিচ্ছসি তথা কুরু ॥
ইত্যেবং বচনং শ্রুত্বা শম্ভুর্বাক্যমথাব্রবীৎ।
সৃষ্টিকর্ত্তা ভবেদ্ব্রহ্মা সৃষ্টেশ্চ পালকো হরিঃ ॥ ৩৪
মদাংশশ্চ তথাপ্যংশো ভবিষ্যতি তদন্তকৃৎ †।

দৃষ্টিগোচর হইল। সেই জগতের নির্ম্মাতৃস্বরূপ পরম রূপ দেখিয়া এবং পরে তাঁহাকে সাক্ষাৎ দেবেশ মহেশ্বর বলিয়া জানিতে পারিয়া বেদসম্মত মন্ত্রনিচয় দ্বারা সেই মহোদয় মহেশ্বর দেবের স্তব করিতে লাগিলাম। ১২—২০। সেই নিরঞ্জন মহাদেব আমাদের স্তবে পরিতুষ্ট হইয়া হাস্য করত সেই শরীরে দিব্য শব্দময় রূপ ধারণ করিয়া অবস্থান করিলেন। অকার তাঁহার মস্তক আকার ললাট, ইকার দক্ষিণ নেত্র, ঈকার বাম নেত্র, উকার দক্ষিণ কর্ণ, ঊকার বাম কর্ণ, ঋকার সেই পরমেষ্ঠীর দক্ষিণ কপোল, ৠকার বাম কপোল, ঌকার এবং ৡকার এই দুইটী দুই নাসিকা। হে বিভো! একার তাঁহার ঊর্দ্ধ ওষ্ঠ, ঐকার অধরোষ্ঠ এবং ওকার ও ঔকার যথাক্রমে তাঁহার উপর নীচের দন্ত-পঙ্‌ক্তি। সেই পরম নির্ম্মল-বুদ্ধিশালী দেবদেবের অং (অনুস্বার) এবং অঃ (বিসর্গ) এই দুইটী তালুদ্বয় স্বরূপ। ককারাদি পাঁচটী অক্ষর অর্থাৎ কবর্গ তাঁহার দক্ষিণদিগের পাঁচটী হস্ত, চকারাদি পাঁচটী অক্ষর অর্থাৎ চবর্গ তাঁহার বামদিকের পাঁচটী হস্ত। টবর্গ এবং তবর্গ তাঁহার পদদ্বয়। পকার উদর, ফকার দক্ষিণপার্শ্ব, বকার বামপার্শ্ব, ভকার স্কন্ধ, মকার হৃদয়। যকার হইতে দন্ত্য সকার পর্য্যন্ত যতগুলি অক্ষর আছে, উহারা সেই বিভুর সপ্তপ্রকার ধাতু। হকার নাভি এবং ক্ষকার নাদ। ২১—২৯। সেই নির্গুণ অথচ গুণময় মহেশ্বরের এইরূপ শব্দময় রূপ দেখিয়া আমরা দুজনে পুনর্ব্বার সেই ভগবান্ মহাদেবের নিকট এই বলিয়া প্রার্থনা করিলাম যে, "বিভো! আপনি আমাদের উপর কৃপা করুন।" এইরূপ বাক্য শুনিয়া ভগবান্ মহাদেব আমাদিগকে বলিলেন, "প্রসন্ন হইয়াছি।" তখন বিষ্ণু আমার সহিত মহাদেবের বাক্য শুনিয়া বলিলেন, "হে দেবেশ! যদি আপনি আমাদের উপর প্রসন্ন হইয়া থাকেন, তবে আমাদের সম্বন্ধে আপনি যেরূপ ইচ্ছা করেন, কিছু উপকার করুন।" তখন শম্ভু এই বাক্য শ্রবণ করিয়া বলিলেন, ব্রহ্মা সৃষ্টিকর্ত্তা ও বিষ্ণু সৃষ্টির পালক হইবেন এবং আমারও অংশবিশেষ এই

---

* মেঢ় উচ্যতে ইতি পাঠান্তরম্

† তদন্তক ইতি চ পাঠঃ

ইয়ঞ্চ প্রকৃতির্দেবী যা নারায়ণমাশ্রিতা ॥ ৩৫
তস্মাৎ ভবিষ্যতি শক্তির্ব্রহ্মাণী সম্ভবিষ্যতি।
অন্যা শক্তিঃ পুনস্তত্র প্রকৃতেঃ সম্ভবিষ্যতি ॥ ৩৬
সমাশ্রয়িষ্যতে বিষ্ণুং লক্ষ্মীরূপেণ সা তদা।
পুনশ্চ কালীনাম্নী চ মদংশং প্রাপয়িষ্যতি ॥ ৩৭
জ্যোতীরূপেণ সা তত্র কার্য্যার্থং সম্ভবিষ্যতি।
ত্রয়ো দেবাস্তথা প্রোক্তাঃ শক্তয়ঃ পরমাঃ শুভাঃ ॥
সৃষ্টিকার্য্যান্তু সম্ভূয় কুর্ব্বন্তু তে মদাজ্ঞয়া।
ইত্যেবন্তু বচঃ শ্রুত্বা বিষ্ণুর্বাক্যমথাব্রবীৎ ॥ ৩৯

শ্রীভগবানুবাচ।

ভবদুক্তং করিষ্যামো নিয়তাঃ সর্ব্ব এব হি।
কিঞ্চিদ্বিজ্ঞাপ্যমস্ত্যেব তৎ ত্বং কর্ত্তুমিহার্হসি ॥ ৪০
ততো বচনমারব্ধং শঙ্করেণ পরং শুভম্।
পদমিষ্টতমং তুভ্যং দাস্যামি হিতকাম্যয়া ॥
বিষ্ণুনা সহোবাচ শঙ্করং লোকশঙ্করম্ ॥ ৪২

শ্রীভগবানুবাচ।

দেবদেব নমস্তুভ্যং দেহি তত্ত্বং নমোঽস্তু তে।
ধ্যেয়ং সেব্যং তথা পূজ্যং বক্তুমর্হসি সুব্রত ॥ ৪৩
যং কৃত্বা সর্ব্বসামর্থ্যং ভবিষ্যতি ন সংশয়ঃ।
ইত্যুক্তঃ শঙ্করস্তস্মৈ দদৌ নাদাত্মকং শিবম্ ॥ ৪৪
প্রণবাত্মকং পরং তত্ত্বং লব্ধবান পরমাত্মনঃ।
হরিস্তত্র পরং তত্ত্বং জ্ঞাত্বা রূপমপশ্যত ॥ ৪৫
তদুপায়ং প্রবক্ষ্যামি মন্ত্রতত্ত্বং শুভান্ পথঃ।
প্রণম্য ভগবান বিষ্ণুঃ পুনশ্চাপশ্যদক্ষিতঃ ॥ ৪৬
ওঙ্কারপ্রভবং মন্ত্রং কলাপঞ্চকসংযুতম্।
ওঁ তত্ত্বমসীত্যুক্তং মহাবাক্যং হরস্য চ ॥ ৪৭
শুদ্ধস্ফটিকসঙ্কাশং মন্ত্ররূপমনুত্তমম্।
মেধাকারমভূত্তস্য সর্ব্বকামার্থসাধকম্ ॥ ৪৮
পুনশ্চ তস্য চ গায়ত্রীলক্ষণং মহৎ।

জগতের অন্তকারী হইবে। এই প্রকৃতিদেবী
ন নারায়ণকে আশ্রয় করিয়া রহিয়াছেন,
হাতে ব্রহ্মাণী শক্তি সম্ভূত হইবেন এবং
কৃতি হইতে তাহাতে অন্য আর একটী
ক্তিও উৎপন্ন হইবে। তিনি তখন লক্ষ্মীরূপে
ষ্ণুকে আশ্রয় করিবেন। কালী নামে শক্তি
মার অংশকে ভজনা করিবেন। তিনি
ষ্টিকার্য্যের নিমিত্ত জ্যোতীরূপে সম্ভূত হইবে-
ন। তিন দেব ও তাঁহাদের তিন প্রকার
ভদায়িনী শক্তি উক্ত হইল। তাঁহারা মিলিত
ইয়া আমার আজ্ঞাক্রমে সৃষ্টিকার্য্য করুন।"
ই কথা শুনিয়া ভগবান্ বিষ্ণু বলিতে আরম্ভ
রিলেন, "আমরা সকলে মিলিত হইয়া নিশ্চয়ই
াপনার উক্তি অনুসারে কার্য্য করিব। তবে
ামাদের কিছু প্রার্থনায় আছে, তাহাও আপনি
পাদন করুন।" তদনন্তর শঙ্কর অতি শুভ-
ক্য প্রয়োগ করিয়া বিষ্ণুকে বলিলেন, "হিত-
মনা করিয়া আমি তোমাকে অভীষ্টতম পদ
দান করিব।" ৩০—৪১ মহাদেব এই

কথা বলিলে শ্রীভগবান্ বিষ্ণু আমার সহিত
সেই লোকের মঙ্গলকারী শঙ্করকে বলিলেন
"হে দেবদেব! আপনাকে নমস্কার করি
আপনি আমাদিগকে শিবতত্ত্ব প্রদান করুন
আপনাকে নমস্কার হে সুব্রত! (আমা-
দিগের নিকট) সেই ধ্যেয়, সেবা এবং পূজনীয়
শিবতত্ত্বের কীর্ত্তন করুন। কারণ ঐ তত্ত্ব
প্রদান করিলে আমাদিগের নিশ্চয়ই সর্ব্ববিষয়ে
সামর্থ্য উৎপন্ন হইবে।" শঙ্কর বিষ্ণুকর্ত্তৃক
এইরূপে অভিহিত হইয়া তাঁহাকে সেই মঙ্গলময়
নাদাত্মক তত্ত্ব প্রদান করিলেন। হরি তখন
সেই পরমাত্মা মহাদেবের নিকট হইতে
প্রণবস্বরূপ পরতত্ত্ব লাভ করিলেন এবং সেই
পরতত্ত্ব বিদিত হইয়া তাহাতে পরমেশ্বরের স্বরূপ
দর্শন করিলেন। হিতকর পথ আশ্রয় করিয়া
আমি সেই শিবতত্ত্ব দর্শনের উপায়ীভূত মন্ত্র-
তত্ত্বের বিষয় পরে কীর্ত্তন করিব। অনন্তর
ভগবান বিষ্ণু মহেশ্বরকে প্রণাম করিয়া পুনর্ব্বার
উদ্ধে প্রণব হইতে উৎপন্ন বক্ষ্যমাণ পঞ্চমন্ত্রাত্মক
পঞ্চকলা সংযুক্ত এবং মহাদেবের "ওঁ তত্ত্বমসি"
ইত্যাকার মহাবাক্য স্বরূপ বিশুদ্ধ স্ফটিকের ন্যায়
সমুজ্জ্বল সর্ব্বোত্তম মন্ত্ররূপ দর্শন করিলেন
সর্ব্বপ্রকার কাম এবং অর্থের সাধক ঐ মন্ত্র

চতুর্বিংশতিবর্ণাঢ্যং চতুর্ব্বর্গফলপ্রদম্ ॥ ৪৯
পুনর্মৃত্যুঞ্জয়ং মন্ত্রং পঞ্চাক্ষরমতঃ পরম্।
চিন্তামণিং তথা মন্ত্রং দক্ষিণামূর্ত্তিসংজ্ঞিতম্ ॥ ৫০
পঞ্চমন্ত্রং তথা লব্ধা জজাপ ভগবান্ হরিঃ ॥ ৫১

ইতি শ্রীশৈবে মহাপুরাণে জ্ঞানসংহিতায়াং বিষ্ণু-ব্রহ্মবরপ্রদানং নাম তৃতীয়োঽধ্যায়ঃ ॥ ৩ ॥

চতুর্থোঽধ্যায়ঃ।

ব্রহ্মোবাচ।

জপতস্তস্য দেবস্য প্রাদুর্ভূতো হরঃ স্বয়ম্।
পুনঃ প্রসন্নস্তত্রৈব হরয়ে পরমাত্মনে ॥ ১
নিগমং শ্বাসরূপেণ দদৌ তস্মৈ মহাত্মনে
তত্র মন্ত্রা হ্যনেকে বৈ তত্র কর্ম্মাণ্যনেকশঃ ॥ ২
সর্ব্ববিদ্যানিধির্দেবো হরশ্চাসৌ মহামুনে।
ঈশানঃ সর্ব্ববিদ্যানাং শ্রুতিরেষা সনাতনী ॥ ৩
হরাৎ প্রাপ্য স্বয়ং বিষ্ণুর্হরির্মহ্যমদাৎ পুনঃ।
পুরতঃ শ্বাসরূপেণ প্রাপ্তবান নিগমং তদা ॥ ৪
স্বীয়ং জ্ঞানমদাৎ তস্মৈ রহস্যং পরমাত্মনে।
পরমাত্মা পুনর্মহ্যং দত্তবান কৃপয়া মুনে ॥ ৫
সম্প্রাপ্য নিগমং দেবঃ পপ্রচ্ছ পুনরেব তম্।
কথঞ্চ তুষ্যসে দেব ময়া ধ্যেয়ঃ কথং প্রভো।
কিং ধ্যানঞ্চ প্রকর্ত্তব্যং শঙ্করঞ্চ কথং ব্রজেৎ ॥৬
এতৎ সর্ব্বং মহারাজ কৃপাং কৃত্বা মমোপরি।
কথনীয়ং প্রযত্নেন শৃণ্বতাং পাপহারকম্ ॥ ৭
ইত্যেতদ্বচনং শ্রুত্বা প্রসন্নো ভগবান্ হরঃ।
উবাচ হরয়ে তত্র শৃণুষ্বাবহিতো হরে ॥ ৮
ইদং লিঙ্গং সদা পূজ্যং ধ্যানৈশ্চেতদৃশং মম।

পুনর্ব্বার মেধা আকারে পরিণত হইল। পরে তিনি চতুর্বিংশতি বর্ণযুক্ত চতুর্ব্বর্গ-ফলপ্রদ গায়ত্রী নামক আর একটী মহামন্ত্র দর্শন করিলেন। * তাহার পর যথাক্রমে মৃত্যুঞ্জয় মন্ত্র, "নমঃ শিবায়" এই পঞ্চাক্ষরমন্ত্র, চিন্তামণি মন্ত্র এবং দক্ষিণামূর্ত্তি মন্ত্র দর্শন করিলেন † ভগবান বিষ্ণু এই পঞ্চ মন্ত্র লাভ করিয়া যথা-বিধি জপ করিলেন। ৪২—৫১।

তৃতীয় অধ্যায় সমাপ্ত ॥ ৩ ॥

চতুর্থ অধ্যায়

ব্রহ্মা বলিলেন,—বিষ্ণু মন্ত্র জপ করিলে মহাদেব সাক্ষাৎ তাঁহার সম্মুখে প্রাদুর্ভূত হইয়া পুনর্ব্বার সেই পরমাত্মা হরির উপর সেই স্থানেই প্রসন্ন হইলেন। তিনি তখন সেই অসাধারণ ধীশক্তিসম্পন্ন হরিকে স্বীয় নিশ্বসিত স্বরূপ নিগম অর্থাৎ বেদ প্রদান করিলেন। ঐ বেদে অনেকবিধ মন্ত্র এবং নানাপ্রকার ক্রিয়া উক্ত হইয়াছে। হে মহামুনে! মহাদেব সকল বিদ্যার নিধি এবং সকল বিদ্যার ঈশ্বর, সনাতন শ্রুতি হইতে ইহাই জ্ঞাত হওয়া যায়। বিষ্ণু স্বয়ং হর হইতে বেদ লাভ করিয়া আমাকে প্রদান করেন। আমি তৎকালে সেই শ্বাসরূপ নিগম প্রথমে সেই বিষ্ণু হইতে প্রাপ্ত হই। হে মুনে! পুনর্ব্বার মহাদেব, পরমাত্মা বিষ্ণুকে স্বীয় জ্ঞানরূপ রহস্য অর্থাৎ উপনিষদ প্রদান করিলেন, পরমাত্মা বিষ্ণুও কৃপাপূর্ব্বক উহা আবার আমাকে দান করিলেন। বিষ্ণু নিগম লাভ করিয়া পুনর্ব্বার সেই মহাদেবকে জিজ্ঞাসা করিলেন, হে প্রভো! আপনি কিরূপে সন্তুষ্ট হন এবং কি প্রকারেই বা আপনাকে আমি ধ্যান করিতে সমর্থ হইব? কিরূপ ধ্যান করণীয়? কিরূপেই বা শঙ্করকে লাভ করা যায়? হে মহারাজ! আমার উপর কৃপা করিয়া, শ্রবণকারীর পাপনাশক এই সকল বিষয় যত্নপূর্ব্বক আমার নিকট কীর্ত্তন করুন।" ভগবান্ হর, হরির এতদ্রূপ বাক্য শ্রবণে প্রসন্ন হইয়া তাঁহাকে বলিলেন, "হে হরে! মনোযোগ সহকারে [illegible]

* টীকাকার বলেন, শিবতত্ত্বের প্রসঙ্গ হেতুক [illegible] বলিতে এ স্থলে শিবগায়ত্রীই ধরিতে [illegible]

† মৃত্যুঞ্জয় মন্ত্রাদির বিষয় তন্ত্রসারে সবিশেষ [illegible] আছে। পাঠক জানিতে ইচ্ছা করিলে, [illegible]র দর্শন করিবেন।

ইদানীং দৃশ্যতে যদ্বং তথা কার্য্যং ত্বয়া সদা ॥ ৯
পূজিতো লিঙ্গরূপেঽস্মিন্ প্রসন্নো বিবিধং ফলম্।
দাস্যামি সর্ব্বলোকেভ্যো মনোঽভীষ্টান্যনেকশঃ ॥
যদা দুঃখং ভবেৎ তত্র পূজিতে দুঃখনাশনম্ ॥ ১১
ইতি দত্ত্বা হরস্তস্মৈ বরাননন্যাননেকশঃ।
উবাচ বচনং দেবো বিষ্ণবে প্রভবিষ্ণবে ॥ ১২
অয়ং ব্রহ্মা তথা কর্ত্তা সৃষ্টেঃ কার্য্যং নিরন্তরম্।
পালয় ত্বং সদা দেব মদ্ভক্তিং পরমাং কুরু ॥ ১৩
ইত্যুক্ত্বা তু পুনস্তস্মৈ পূজাবিধিমদাৎ শুভম্।
যেন বৈ পূজিতঃ শম্ভুঃ ফলং যচ্ছত্যনেকশঃ ॥ ১৪
তদহং কথয়িষ্যামি সর্ব্বপাপহরং পরম্।
ততঃ সর্ব্বময়ং দেবং বিশ্বরূপং মহেশ্বরম্ ॥ ১৫
অনন্তং নিষ্কলং দেবমৃগ্‌যজুঃসামরূপিণম্।
সর্গ-স্থিতি-লয়ানাং হি কর্ত্তারং পরমেশ্বরম্।
তুষ্টাব পুনরিষ্টাভির্বাগ্‌ভির্বরদমীশ্বরম্ ॥ ১৬

হরিরুবাচ।

একাক্ষরায় দেবায় অকারায়াত্মরূপিণে।
উকারায়াদিদেবায় বিদ্যারূপায় তে নমঃ ॥ ১৭
তৃতীয়ায় মকারায় শিবায় পরমাত্মনে।
জলায় জলজাপ্যায় নমস্তে জলশায়িনে ॥ ১৮
চিত্তায় চিত্তিরূপায় স্মৃতিরূপায় তে নমঃ।
জ্ঞানায় জ্ঞানগম্যায় নমস্তে পরমাত্মনে ॥ ১৯
হিরণ্যবাহবে তুভ্যং নমস্তে হেমরেতসে।
কপর্দ্দিনে নমস্তুভ্যং নগাভাভরণায় চ ॥ ২০
বৃষাকপয়ে শর্ব্বায় কর্ত্রে হর্ত্রে নমো নমঃ।
শিবায় শিবরূপায় ব্যাপিনে ব্যোমব্যাপিনে ॥ ২১
নমো নিধীনাং পতয়ে লিঙ্গিনে লিঙ্গরূপিণে
তেজসে তেজসাং ভর্ত্তে নমস্তে সর্ব্বরূপিণে ॥ ২২
শাশ্বতায় বরিষ্ঠায় বারিগর্ভায় যোগিনে
স্থিতায় সামগেয়ায় আবয়োর্ব্রহ্মবর্চ্চসে ॥ ২৩
আত্মনে ঋষয়ে তুভ্যং স্বামিনে বিষ্ণবে নমঃ।
ওঙ্কারায় নমস্তুভ্যং সর্ব্বজ্ঞায় নমো নমঃ ॥ ২৪

আমার এই লিঙ্গই সর্ব্বদা পূজ্য এবং আমার ধ্যানও এইরূপ। এক্ষণে তুমি আমার যাদৃশ স্বরূপ দেখিতেছ, এই রূপেই সর্ব্বদা ধ্যান করিবে। এই লিঙ্গরূপে আমার পূজা করিলে আমি প্রসন্ন হইয়া সকল লোককে বারংবার সকল প্রকার অভীষ্ট ফল দান করি। ১—১০। অধিক কি বলিব, যখন যখন মনুষ্য দুঃখ প্রাপ্ত হইবে, তখন তখন এই লিঙ্গের পূজা করিলে সকল প্রকার দুঃখ বিনষ্ট হইবে।” ভগবান্ হর সেই প্রভাবশালী বিষ্ণুকে ইহা এবং অন্যান্য অনেক প্রকার বর দান করিয়া পুনর্ব্বার এই কথা বলিলেন, “এই ব্রহ্মা নিরন্তর সৃষ্টির কার্য্য করিবেন এবং হে দেব! তুমি আমাতে পরম ভক্তি করত সর্ব্বদা ইহার পালন করিবে।” এই কথা বলিয়া মহাদেব বিষ্ণুকে সেই মঙ্গলকর পূজাবিধি প্রদান করিলেন। তদনুসারে পূজা করিলে, শম্ভু অনেক প্রকার ফল প্রদান করেন। আমি পরে সেই সমুদয় পাপনাশক পূজাবিধির কথা বলিব। অনন্তর বিষ্ণু সেই অনন্ত, নিষ্কল, ঋগ্‌যজুঃসামরূপী সৃষ্টি-স্থিতি-প্রলয়কর্ত্তা সর্ব্বময় বরদ পরমেশ্বর মহেশ্বরকে ইষ্টবাক্য দ্বারা স্তব করিতে লাগিলেন। হরি বলিলেন, একাক্ষরস্বরূপ, অকার ও উকার স্বরূপ, আত্মরূপী এবং বিদ্যারূপী আদিদেব আপনাকে নমস্কার। তৃতীয় মকারাত্মক পরমাত্মা, জলরূপী জল দ্বারা পূজ্য, জলশায়ী আপনাকে নমস্কার করি। আপনি চিত্তস্বরূপ অন্তঃকরণ স্বরূপ, স্মৃতিস্বরূপ, জ্ঞানস্বরূপ পরমাত্মা এবং জ্ঞানগম্য, আপনাকে নমস্কার করি। আপনি হিরণ্যবাহু এবং হিরণ্যরেতা আপনাকে নমস্কার। আপনি কপর্দ্দী এবং নাগাভরণ, আপনাকে নমস্কার করি। ১১—২০। আপনি বৃষাকপি, শর্ব্ব, কর্ত্তা, হর্ত্তা, শিব, শিবস্বরূপ, সর্ব্বব্যাপী এবং ব্যোমব্যাপী, আপনাকে বারংবার নমস্কার করি। আপনি নিধিসমূহের পতি, লিঙ্গী, লিঙ্গরূপী; আপনি তেজঃস্বরূপ, তেজের আধার এবং সর্ব্বরূপী, আপনাকে নমস্কার। আপনি শাশ্বত, বরিষ্ঠ, বারিগর্ভ এবং যোগী। আপনি ত্রিকালস্থায়ী, সামবেদে গেয় এবং আমাদের দুজনের ব্রহ্মবর্চ্চসের স্বরূপ। আপনি আত্মা, ঋষি, স্বামী ও বিষ্ণু; আপনি ওঙ্কাররূপী এবং সর্ব্বজ্ঞ, আপনাকে নম-

বিররামেতি তং স্তুত্বা ব্রহ্মণা সহিতো হরিঃ।
ইদং স্তোত্রং পরং পুণ্যং সর্ব্বপাপপ্রণাশনম্ ॥২৫
যঃ পঠেচ্ছৃণুয়াদ্বাপি শ্রাবয়েদ্বা দ্বিজোত্তমান্।
স যাতি ব্রহ্মণো লোকং পাপকর্ম্মরতোঽপি সন্ ॥
কল্যাণং বর্দ্ধতে তস্য শুক্লপক্ষে যথা শশী।
সর্ব্বপাপবিশুদ্ধ্যর্থং বিষ্ণুনা পরিভাষিতম্ ॥ ২৭

সূত উবাচ।

অথোবাচ মহাদেবঃ প্রীতোঽহং সুরসত্তমৌ।
পশ্যতং মাং মহাদেবং ভয়ং সর্ব্বং প্রমুচ্যতাম্ ॥
যুবাং প্রসূতো প্রকৃতেমদিচ্ছায়া মহাবলৌ।
মম রূপং ত্রিধা ভিন্নং নির্গুণং সগুণীকৃতম্ ॥ ২৯
অয়ং মে দক্ষিণে পার্শ্বে ব্রহ্মা লোকপিতামহঃ।
বামপার্শ্বে চ মে বিষ্ণুর্বিশ্বাত্মা হৃদয়ে পরঃ ॥ ৩০
প্রীতোঽহং যুবয়োঃ সম্যগ্বরং দদ্মি যদীপ্সিতম্।
এবমুক্ত্বা তু মাং বিষ্ণুং করাভ্যাং পরমেশ্বরঃ
পস্পর্শ সুশুভাভ্যাঞ্চ ঘৃণয়া স ঘৃণানিধিঃ ॥ ৩১
ততঃ প্রহৃষ্টমনসা প্রণিপত্য মহেশ্বরম্।
প্রাহ নারায়ণো নাথং লিঙ্গস্থং লিঙ্গবর্জ্জিতম্ ॥ ৩২
যদি প্রীতিঃ সমুৎপন্না যদি দেয়ো বরস্ত্বয়া।
ভক্তির্ভবতু নৌ নিত্যং ত্বয়ি চাব্যভিচারিণী ॥ ৩৩
দেবঃ প্রসন্নবদনো ভূয়োবাচ মহামুনে।
কার্য্যার্থং নির্ম্মিতৌ দেবৌ নাদেয়ং বিদ্যতে মম ॥
জানুভ্যামবনীং গত্বা মুনে নারায়ণঃ স্বয়ম্।
প্রণিপত্য চ বিশ্বেশং প্রাহ মন্দতরং বশী ॥ ৩৫
আবয়োর্দেবদেবেশ বিবাদমপি শোভনম্।
ইহাগতো ভবান্ যস্মাদ্বিবাদশমনায় নৌ ॥ ৩৬
তস্য তদ্বচনং শ্রুত্বা পুনঃ প্রাহ হরো হরিম্।
প্রণিপত্য স্থিতং মূর্দ্ধ্না কৃতাঞ্জলিপুটং স্মরন্ ॥ ৩৭

মহেশ্বর উবাচ।

ময়ি ভক্তির্দৃঢ়া ভূয়াদ্যুবয়োরত্যনুজ্ঞয়া।
পার্থিবীমেব মূর্ত্তিং বিধায় কুরুতং ধ্রুবাম্।

স্মর।" বিষ্ণু ব্রহ্মার সহিত এইরূপে স্তব করিয়া বিরত হইলেন। এই পরম পবিত্র সর্ব্বপাপ-বিনাশন স্তোত্র যে পাঠ করে, শ্রবণ করে, অথবা ব্রাহ্মণদিগকে শুনায়, সে স্বয়ং পাপকর্ম্মরত হইলেও ব্রহ্মলোকে গমন করে। শুক্লপক্ষে যেরূপ চন্দ্রের বৃদ্ধি হয়, সেইরূপ তাহার কল্যাণ প্রত্যহ বৃদ্ধিপ্রাপ্ত হয়। এই স্তোত্র সর্ব্ববিধ পাপের বিশুদ্ধির হেতু বিষ্ণু কর্ত্তৃক কথিত হইয়াছে। সূত বলিলেন, অনন্তর মহাদেব আবার বলিলেন, "হে সুরশ্রেষ্ঠদ্বয়! আমি তোমাদিগের উপর প্রীত হইয়াছি। মহাদেব স্বরূপ আমাকে দর্শন কর এবং সকল প্রকার ভয় পরিত্যাগ কর। হে মহাবল দেবদ্বয়! তোমরা দুই জনে আমার ইচ্ছাস্বরূপা প্রকৃতি হইতে উৎপন্ন হইয়াছ। আমি আমার নির্গুণ রূপকে তিন প্রকারে বিভক্ত করিয়া গুণের সহিত সংযুক্ত করিয়াছি। আমার দক্ষিণপার্শ্বে এই লোকপিতামহ ব্রহ্মা, বামপার্শ্বে বিষ্ণু এবং হৃদয়ে পরাৎপর পরমাত্মা অবস্থান করিতেছেন। আমি তোমাদের দুজনের উপর অতিশয় প্রীত হইয়াছি। তোমরা যাহা ইচ্ছা করিবে, সেই বর প্রদান করিব।" দয়ানিধি মহেশ্বর এই কথা বলিয়া আমাকে এবং বিষ্ণুকে আপনার শুভ করদ্বয় দ্বারা স্পর্শ করিলেন। ২৫—৩১। অনন্তর নারায়ণ প্রহৃষ্টান্তঃকরণে সেই নিরাকার লিঙ্গস্থ জগৎস্বামী পরমেশ্বরকে প্রণাম করিয়া বলিলেন, "যদি আমাদের উপর আপনার প্রীতি উৎপন্ন হইয়া থাকে এবং সেইজন্য যদি বরদান করিতে অভিলাষ হইয়া থাকে, তবে এই বর প্রদান করুন যে, আপনাতে নিত্য অব্যভিচারিণী ভক্তি হউক।" হে মহামুনে! তখন মহাদেব প্রসন্নমুখে তাঁহাদিগকে বলিলেন, "হে দেবদ্বয়! তোমরা দুজনে আমার কার্য্যের জন্য নির্ম্মিত হইয়াছ। তোমাদিগকে অদেয় কিছুই নাই।" হে মুনে! স্বয়ং বশী নারায়ণ জানুদ্বয় ভূমির উপর স্থাপিত করিয়া প্রণামপূর্ব্বক মৃদুস্বরে শিবকে বলিতে লাগিলেন, "হে দেবদেব পরমেশ্বর! আমাদের বিবাদও মঙ্গলজনক; যেহেতু আমাদের বিবাদ উপশমের নিমিত্ত আপনি স্বয়ং এ স্থানে আগমন করিয়াছেন।" তাঁহার সেই বাক্য শ্রবণ করিয়া, মহাদেব, পুনর্ব্বার সেই নতমস্তকে প্রণাম করিয়া কৃতাঞ্জলিপুটে অবস্থিত বিষ্ণুকে দর্শন করিয়া বলিলেন, "আমাতে তোমাদের দুজনের দৃঢ়ভক্তি হউক এবং হে প্রাজ্ঞদ্বয়!

সেবাঞ্চ বিধিবৎ প্রাজ্ঞৌ কৃত্বা সুখমবাপ্স্যথঃ ॥৩৮
উপদিশ্য বিধানেঽস্মিন ধর্মান্ দুঃখহরো হরঃ।
দদৌ বরাননেকাংশ্চ তয়োর্হিতচিকীর্ষয়া ॥ ৩৯
ব্রহ্মন্ সৃষ্টিং কুরু ত্বং হি মদাজ্ঞাপরিপালকঃ।
বৎস বৎস হরে ত্বঞ্চ পালয়স্ব চরাচরম্ ॥ ৪০
ত্রধাভিন্নো হ্যহং বিষ্ণো ব্রহ্মবিষ্ণুহরাখ্যয়া।
সর্গরক্ষালয়গুণৈর্নিষ্কলোঽহয়ং সদা হরে ॥ ৪১
মদ্রূপং পরমং ব্রহ্মন্নীদৃশং ভবদঙ্গতঃ।
প্রকটীভবিতা লোকে নাম্না রুদ্রঃ প্রকীর্ত্তিতঃ ॥ ৪২
মদংশাৎ তস্য সামর্থ্যমূনং নৈব ভবিষ্যতি।
যোঽহয়ং সোঽহং ন ভেদোঽস্তি পূজাবিধিবিধানতঃ
যথা চ জ্যোতিষঃ সঙ্গাজ্জলাদেঃ স্পর্শতা ন বৈ।
তথা মমাগুণস্যাপি সংযোগাদ্বন্ধনং ন হি ॥ ৪৪
শিবরূপং মমৈতচ্চ রুদ্রোঽপি শিববৎ সদা।
ন তত্র পরভেদো বৈ কর্ত্তব্যশ্চ মহামুনে ॥ ৪৫
বস্তুতো হ্যেকধা ভিন্নং রূপং মে ত্রিজগত্যুত।
সুবর্ণস্য যথৈকস্য বস্তুত্বং নৈব গচ্ছতি ॥ ৪৬
অলঙ্কারে কৃতে দেব নামভেদো ন বস্তুতঃ।
কারণস্যৈব কার্য্যে চ নিদর্শনঞ্চ নিদর্শনম্ ॥ ৪৭
যথৈকস্যা মৃদো ভেদো নাস্তি পাত্রে ন বস্তুতঃ।
যথৈকস্য সমুদ্রস্য বিকারো নৈব বস্তুতঃ ॥ ৪৮
এবং জ্ঞাত্বা ভবদ্ভ্যাঞ্চ ন দৃশ্যং ভেদকারণম্।
বস্তুতঃ সর্ব্বদৃশ্যঞ্চ শিবরূপং মতং মম ॥ ৪৯
অহং ভবানয়শ্চৈব রুদ্রোঽয়ং যো ভবিষ্যতি।
একং রূপং ন ভেদোঽস্তি ভেদে চ বন্ধনং ভবে
তথাপীহ মদীয়ং বৈ শিবরূপং সনাতনম্।
মূলভূতং সদা প্রোক্তং সত্যং জ্ঞানমনন্তকম্ ॥
এবং মত্বা সদা ধ্যেয় তত্ত্বজিজ্ঞাসুনা ত্বয়া।
বিশেষোঽহং কথং লভেচ্ছু যতং কথ্যতে ময়া।

আমার আজ্ঞাক্রমে তোমরা দুজনে আমার পার্থিব মূর্ত্তি নির্ম্মাণ করিয়া সেবা কর, তাহা হইলে সুখ প্রাপ্ত হইবে।" দুঃখহর মহাদেব এইরূপ পূজাবিধানে ধর্ম্ম সকল উপদেশ করিয়া, তাঁহাদের দুজনের হিতেচ্ছায় অনেক প্রকার বর প্রদান করিলেন। (বলিলেন) "হে ব্রহ্মন্! তুমি আমার আজ্ঞা প্রতিপালন করত সৃষ্টিকার্য্য নির্ব্বাহ কর এবং হে বৎস বিষ্ণো! তুমি এই চরাচর জগৎ প্রতিপালন কর। ৩৮—৪০। হে হরে! আমি স্বভাবতঃ নির্গুণ হইয়াও সৃজন, পালন এবং সংহারকার্য্য বশতঃ ব্রহ্মা, বিষ্ণু এবং হর নামে তিন প্রকারে বিভক্ত হইয়াছি। হে ব্রহ্মন্! আমার পরমরূপ এতদৃশ হইলেও আমার অঙ্গ হইতে লোকে রুদ্র নামে প্রসিদ্ধ আর একটী দেব উৎপন্ন হইবেন এবং আমার অংশ হইতে উৎপত্তি হওয়ায় তাঁহার সামর্থ্য কোনরূপে ন্যূন হইবে না। সেই রুদ্র এবং আমি একই; যেমন জলাদির সংসর্গে জ্যোতির্ম্ময় পদার্থের কোন বৈলক্ষণ্য হয় না, সেইরূপ আমাদেরও কোন ভেদ নাই। পূজাদির একরূপই বিধান। আমি নির্গুণ হইলেও সংযোগ বশতঃ আমার বন্ধন নাই। আমার এই—রূপ শিব অর্থাৎ মঙ্গলময় রুদ্রও সর্ব্বদা শিবতুল্য নির্ম্মল। হে মহামুনে! শিব এবং রুদ্রে অন্তর্নিহিত ভেদবুদ্ধি কর্ত্তব্য নয়। শিব বলিয়াছেন, "এই ত্রিজগতে আমার এক রূপ, বাস্তবিক অভিন্ন। যেমন অলঙ্কার নির্ম্মাণ করিলে উহা হইতে সুবর্ণের ধর্ম্ম অপগত হয় না, সেইরূপ হে দেব! শিবরুদ্রাদি নামভেদ মাত্র; বস্তুতঃ কোন ভেদ নাই। এই জগতে কারণকেই কার্য্যরূপে অবস্থান করিতে দেখা যায়, মৃত্তিকানির্ম্মিত নানাবিধ পাত্রে কেবল নামভেদই লক্ষিত হয়, বস্তুতঃ সকল পাত্রে মৃত্তিকার একই রূপ; যেমন এক সমুদ্রের নানাবিধ ফেনতরঙ্গাদি বিকার লক্ষিত হয়, বাস্তবিক সমুদ্র একই। অতএব তোমরা দুজনে এই তত্ত্ব অবগত হইয়া কিঞ্চিন্মাত্র ভেদের কারণ কল্পনা করিও না। বস্তুতঃ দৃশ্যপদার্থ মাত্রই আমার এই শিবরূপ স্বরূপ। আমি, তুমি (বিষ্ণু), এই ব্রহ্মা এবং রুদ্র নামে যিনি উৎপন্ন হইবেন, এই সকলই একরূপ, ইহাদের মধ্যে কোন ভেদ নাই, ভেদ হইলে বন্ধন হইত। ৪১—৫ তথাপি এই জগতে আমার শিবরূপ সনাতন ও সকলের মূলস্বরূপ সর্ব্বদা কথিত হয়। উহা সত্য, জ্ঞান ও অনন্তস্বরূপ। হে বিষ্ণো! এই চিন্তা করিয়া তুমি তত্ত্বজিজ্ঞাসু হইয়া সর্ব্ব

ভবন্তৌ প্রকৃতের্জ্জাতৌ নায়ং বৈ প্রকৃতেঃ পুনঃ।
মদাজ্ঞা জায়তেঽপাত্র ব্রহ্মণো ভৃকুটেরহম্ ॥ ৫৩
গুণেষ্বপি চ যঃ প্রোক্তস্তামসঃ প্রাকৃতো হরে।
বৈকারিকশ্চ বিজ্ঞেয়ো যোঽহঙ্কার উদাহৃতঃ ॥ ৫৪
নামতো বস্তুতো নৈব তামসঃ পরিচক্ষ্যতে।
এতস্মাৎ কারণাদ্ব্রহ্মন করণীয়মিদং ত্বয়া ॥ ৫৫
সমোঽহং সর্ব্বভূতেষ্ পালয়ৈনং পিতামহ।
এতস্যাঃ প্রকৃতের্লক্ষ্মীর্হে তদংশা ভবিষ্যতি ॥ ৫৬
ব্রহ্মাণী চ তদংশা চ মহাকালী তদংশিকা।
ভবিষ্যতি পরা নূনং কার্য্যার্থেঽনেকতাং গতা ॥ ৫৭
ত্বঞ্চ লক্ষ্মীমুপাশ্রিত্য কার্য্যং কর্ত্তুমিহার্হসি।
ব্রহ্মন্ ত্বঞ্চ স্বরাং দেবীং কর্ত্তুং কার্য্যমনন্তকম্ ॥ ৫৮
অহং কালীং সমাশ্রিত্য করিষ্যে কার্য্যমুত্তমম্।
চতুর্ব্বর্ণময়ং লোকং তৎসংখ্যেরাশ্রমৈস্তথা বম্ ॥ ৫৯
তদন্যৈর্বিবিধৈঃ কার্য্যৈঃ কৃত্বা সুখমবাপ্স্যথ।
জ্ঞান-বিজ্ঞানসংযুক্তা লোকানাং হিতকারকাঃ ॥ ৬০
মুক্তিদোঽত্র ভবানদ্য ভব লোকে সনাতন।
মদ্দর্শনে ফলং যদ্বৈ তদেব তব দর্শনে ॥ ৬১
মমৈব হৃদয়ে বিষ্ণোর্বিষ্ণোশ্চ হৃদয়ে * হ্যহম্।
উভয়োরন্তরং যো বৈ ন জানাতি মতো মম ॥ ৬২
ইদং লিঙ্গং সদা পূজ্যং ভবদ্ভ্যাং সুখহেতবে।
রাজতং রত্নজাতং বা হৈমং বা পার্থিবং মুনে ॥ ৬৩
এতস্মাচ্চ বিধেরন্যো বল্লভো ন মতো মম।
এবমুক্ত্বা স ভগবাংস্তত্রৈবান্তরধীয়ত ॥ ৬৪
তদাপ্রভৃতি লোকেঽস্মিন লিঙ্গে পূজাবিধিঃ স্মৃতঃ
লিঙ্গং দেবী মহাদেবী লিঙ্গং সাক্ষান্মহেশ্বরঃ ॥ ৬৫
যস্তু লিঙ্গসমীপে তু কার্য্যং কিঞ্চিৎ করোতি চ।

এই রূপের ধ্যান করিবে। এই বিষয়ে বিশেষ জ্ঞান কিরূপে হইবে, তাহা আমি বলিতেছি, শ্রবণ কর। (তোমরা দুজনে প্রকৃতি হইতে উৎপন্ন হইয়াছ; রুদ্র প্রকৃতি হইতে উৎপন্ন নহেন, রুদ্রের উৎপত্তি বিষয়ে আমার আজ্ঞাই প্রধান। আমি ব্রহ্মার ভ্রূকুটিপ্রভাবে রুদ্রকে উৎপাদন করি। হে হরে! ঐ রুদ্র গুণবানের মধ্যেও তামস-প্রাকৃত অর্থাৎ তমোগুণ-প্রধান বলিয়া উক্ত হইয়াছেন এবং তাদৃশ তমোগুণময় প্রকৃতির সম্বন্ধ থাকায়, তিনি বৈকারিক অহঙ্কার নামে প্রসিদ্ধ হইয়াছেন। তিনি নামমাত্রে তামস, বস্তুতঃ পণ্ডিতের তাঁহাকে তামস বলেন না। এই নিমিত্ত হে ব্রহ্মন! তুমি বক্ষ্যমাণ কার্য্য করিবে। আমি সকল ভূতেই একরূপ, অতএব হে পিতামহ! তুমি আমার অংশ স্বরূপ রুদ্রের যথোচিত সম্মান কর। এই প্রকৃতির অংশভূতা লক্ষ্মী উৎপন্না হইবেন এবং এই প্রকৃতির অপর দুইটী অংশ যথাক্রমে ব্রহ্মাণী ও মহাকালী নামে জন্মগ্রহণ করিবেন। এই মূল প্রকৃতি (এক হইয়াও) নিঃসন্দেহ জগৎ-কার্য্যের জন্য অনেকত্ব প্রাপ্ত হইবেন। হে বিষ্ণো! তুমি উহাদের মধ্যে লক্ষ্মীকে আশ্রয় করিয়া জগতের কার্য্য করিবে এবং হে ব্রহ্মন! তুমিও সরস্বতী দেবীকে আশ্রয় করিয়া অনন্ত কার্য্য করিবে। আমিও কালীকে আশ্রয় করিয়া জগতের হিতকর কার্য্য সকল করিব।) ব্রাহ্মণ, ক্ষত্রিয়, বৈশ্য, শূদ্র এই চতুর্ব্বর্ণপূর্ণ লোক, ব্রহ্মচর্য্যাদি চারি আশ্রম এবং আরও দুষ্টনিগ্রহ ও শিষ্টপালন প্রভৃতি কার্য্য সকল করিয়া তোমরা সুখ প্রাপ্ত হইবে। তোমরা জ্ঞান এবং বিজ্ঞানে পরিপূর্ণ হইয়া লোক-দিগের হিত অনুষ্ঠান কর। ৫১—৬০। বিশেষ হে সনাতন বিষ্ণো! তুমি অদ্য ইহলোকে মুক্তিপ্রদ হও। আমার দর্শনে যে ফল, তোমার দর্শনেও সেই ফল হইবে। আমার হৃদয়ে এবং বিষ্ণুর হৃদয়ে আমি বাস করি। যে ব্যক্তি এই উভয়ের ভেদ না জানে, সেই আমার প্রিয় হয়। তোমরা দুজনে সুখের নিমিত্ত সর্ব্বদা এই লিঙ্গ—রজত, রত্ন, সুবর্ণ বা মৃত্তিকা দ্বারা নির্ম্মাণ করিয়া পূজা করিবে। ইহা ভিন্ন অন্যরূপ বিধান প্রিয় নয়।" সেই ভগবান্ মহাদেব এই কথা বলিয়া সেই স্থানেই অন্তর্হিত হইলেন। সেই অবধি ইহলোকে লিঙ্গ-পূজাবিধির প্রবৃত্তি হইয়াছে। লিঙ্গই দেবী ও মহাদেবী স্বরূপ এবং লিঙ্গই সাক্ষাৎ মহেশ্বর। হে মহাত্মন! ঐ লিঙ্গ

* হৃদয়ে বিষ্ণোঃ পাঠঃ। ১ হৃদয়মিতি পাঠান্তরম্।

তৎফলস্য চ সংখ্যাতুং ন শক্নোমি মহামুনে ॥ ৬৬
যস্তু লিঙ্গসমাখ্যানং পঠতে শিবসন্নিধৌ ।
ষণ্মাসাচ্ছিবরূপো বৈ নাত্র কার্য্যা বিচারণা ॥ ৬৭

ইতি শ্রীশৈবে মহাপুরাণে জ্ঞানসংহিতায়াং
শিবোৎপত্তিবর্ণনং নাম চতুর্থো-
২ধ্যায়ঃ ॥ ৪ ॥

পঞ্চমোঽধ্যায়ঃ ।

ঋষয় উচুঃ ।

সূত সূত মহাভাগ লিঙ্গোৎপত্তিঃ শ্রুতা শুভা ।
শ্রুত্বা যস্যাঃ প্রভাবেণ দুঃখনাশো ভবেদিহ ॥ ১
তদন্তরে চ যজ্জাতং মাহাত্ম্যঞ্চ শিবস্য চ ।
সৃষ্টেশ্চৈব প্রকারস্তু কথয় ত্বং বিশেষতঃ ॥ ২

সূত উবাচ ।

সম্যক্ পৃষ্টং ভবদ্ভিশ্চ যজ্জাতং তদনন্তরম্ ।
কথয়িষ্যামি সংক্ষেপাদ্যথাপূর্ব্বং শ্রুতং ময়া ॥ ৩

অন্তর্হিতে তদা দেবে শিবরূপে সনাতনে ।
ব্রহ্মণা বিষ্ণুনা রূপং হংস-বারাহয়োস্তদা ।
সংস্কৃতঞ্চ ততস্তাভ্যাং যৎ কৃতং শ্রূয়তামিতি ॥ ৪

ঋষয় উচুঃ ।

অস্মাকং সংশয়ং তাবং ত্বং নাশয়িতুমর্হসি ।
হংস-বারাহয়ো রূপং তাভ্যাঞ্চৈব ধৃতং কথম্ ॥ ৫
অন্যদ্রূপং বিহায়ৈব কিমত্র কারণং বদ ।
ইত্যেতদ্বচনং শ্রুত্বা সূতঃ পৌরাণিকোঽব্রবীৎ ॥৬
গগনে হংসরূপস্য গতির্ভবতি নিশ্চলা ।
হংসস্য চ বিবেকোঽস্তি জল-দুগ্ধবিভাগয়োঃ ॥ ৭
অজ্ঞান-জ্ঞানয়োস্তত্ত্বং তদ্বিবেকায় হংসকঃ ।
বিবেকো নৈব লব্ধস্তু হতো হংসো বিলীয়তে ॥ ৮
সৃষ্টিপ্রবৃত্তিকামো বৈ কথং জ্ঞানং প্রজায়তে ।
বারাহং কারণং রূপং কল্পার্থে চ প্রকল্পিতম্ ॥ ৯

যৎকিঞ্চিৎ ধর্ম্মকার্য্য করিলে যে ফল লাভ হয়, তাহার সংখ্যা করিতে আমি অশক্ত। শিবমূর্ত্তির সমীপে এই লিঙ্গাখ্যান ছয় মাস মাত্র পাঠ করিলে শিবের সারূপ্য লাভ হয়,সে বিষয়ে কোন তর্ক-বিতর্ক নাই। ৬১—৬৭।

চতুর্থ অধ্যায় সমাপ্ত ॥ ৪ ॥

পঞ্চম অধ্যায় ।

ঋষিগণ বলিলেন,—হে মহাভাগ সূত! আমরা মঙ্গলময় লিঙ্গোৎপত্তি কথা শ্রবণ করিলাম। ইহা শ্রবণ করিলে ইহার প্রভাবে শ্রবণকারীর দুঃখের অবসান হয়, সে বিষয়ে কোন সংশয় নাই। সেই অবসরে যে কার্য্য হইয়াছিল ও ভগবান শিবের যেরূপ চরিত্র দৃষ্ট হইয়াছিল, তাহা এবং সৃষ্টির প্রকার আমাদের নিকট বিশেষরূপে কীর্ত্তন কর। সূত বলিলেন, আপনারা উত্তম জিজ্ঞাসা করিয়াছেন; সেই অবসরের ঘটনা আমি যেরূপ শুনিয়াছি তাহা সংক্ষেপে কীর্ত্তন করিব। শিবরূপ সনাতন দেব অন্তর্হিত হইলে ব্রহ্মা হংসের রূপ এবং বিষ্ণুও বরাহের রূপ পরিত্যাগপূর্ব্বক যে কার্য্য করিয়াছিলেন, তাহা শ্রবণ করুন। ঋষিগণ বলিলেন, প্রথমে তুমি আমাদের এই সংশয় অপনোদন কর,—কি নিমিত্ত ব্রহ্মা এবং বিষ্ণু অন্য প্রকার রূপ পরিত্যাগ করিয়া হংস ও বরাহের রূপ ধারণ করিয়াছিলেন, ইহার কারণ বল। এই কথা শুনিয়া সেই পুরাণজ্ঞ সূত বলিতে আরম্ভ করিলেন, হংস গগনে যে কেবল স্থিরভাবে গমন করে তাহা নহে, হংসের জল ও দুগ্ধের বিবেক আছে। (হংস যেমন একত্র মিশ্রিত জল ও দুগ্ধের বিবেকে সক্ষম) সেইরূপ এই জগতে বিমিশ্রভাবে স্থিত অজ্ঞান (অবিদ্যা) ও জ্ঞান (বিদ্যা) এই উভয়ের তত্ত্ববিবেকের নিমিত্তই হংসরূপ ধারণ করিয়াছিলেন এবং এতদিন পর্য্যন্ত সেই বিবেক লাভ করিতে না পারায় সেই হংসরূপেই পর্য্যটন করিতেছিলেন। সৃষ্টিপ্রবৃত্তির বিষয়ে অভিলাষ হওয়ায় যুগপৎ নানা কার্য্যে ব্যাপৃত হইতে হইবে, এ অবস্থায় তত্ত্বজ্ঞান কিরূপে উৎপন্ন হইতে পারে, এই ভাবিয়া এবং বরাহ সংজ্ঞক কল্পের প্রসিদ্ধি করিবার অভিপ্রায়ে বরাহরূপে

াদ্দিনং হি সমারভ্য রূপঞ্চ ধৃতবান্ হরিঃ।
তদ্দিনং প্রতিকল্পো বৈ কল্পো বারাহসংজ্ঞকঃ॥১০
তদিচ্ছা বা যথা জাতা তাভ্যাং রূপং ধৃতং তথা।
নৈবাত্র বিস্ময়ঃ কার্য্যো হংস-বারাহরূপিণোঃ॥ ১১
প্রস্তুতং শ্রূয়তাং তত্র ব্রহ্মৈব বিকৃতঞ্চ যং।
অনন্তে নিষ্কলে লিঙ্গে নির্গুণে গুণরূপিণি *॥ ১২
বিষ্ণবে চ বরং দত্ত্বা গুণেষু মুখ্যতাং ব্রজ।
গুণাঃ সত্ত্বাদয়শ্চেতি তেঽপি সর্ব্বে বিমোহিতাঃ।
তস্মাৎ ত্বং সর্ব্বলোকেষু মান্যঃ পূজ্যো ভবিষ্যসি॥
ব্রহ্মণা নির্ম্মিতে লোকে যদা দুঃখং প্রজায়তে।
তদা ত্বং সর্ব্বদুঃখানাং নাশনে তৎপরো ভব॥ ১৪
বিবিধানবতারাংশ্চ গৃহীত্বা কীর্ত্তিমুত্তমাম্।
বিস্তারয় হরে লোকতারণায় পরেশ্বর॥ ১৫
গুণরূপোঽস্যহং রুদ্রো হ্যনেন বপুষা পুনঃ।

কার্য্যং করিষ্যে লোকানাং সর্ব্বথা নাত্র সংশয়ঃ॥
মম ধ্যেয়ং ভবাংশ্চৈব তব ধ্যেয়মহং পুনঃ।
আবয়োরন্তরং নৈব হ্যণুমাত্রং বিচারতঃ॥ ১৭
বস্তুত্বে চাপ্যনেকত্বং চরতোঽপি তথৈব চ।
মদ্ভক্তো যো নরো ভূত্বা তব নিন্দাং করিষ্যতি॥১৮
তস্যাহং সকলং পুণ্যং ভস্মীকৃত্যাবিশেষতঃ।
নরকে পাতয়িষ্যামি তদ্দোষাৎ পুরুষোত্তম॥ ১৯
লোকেঽস্মিন্ ভুক্তিদো নৃণাং মুক্তিদশ্চ বিশেষতঃ
ধ্যেয়ঃ পূজ্যশ্চ সর্ব্বেষাং নিগ্রহানুগ্রহং কুরু॥ ২০
ইত্যুক্ত্বা চৈব ব্রহ্মাণং হস্তে ধৃত্বা স্বয়ং হরিম্।
কথয়ামাস দুঃখেষু সহায়ো ভব সর্ব্বদা॥ ২১
সর্ব্বাধ্যক্ষশ্চ দেবেষু ভুক্তিমুক্তিপ্রদায়কঃ।
ভব ত্বং সর্ব্বদা শ্রেষ্ঠঃ সর্ব্বকার্য্যপ্রসাধকঃ॥ ২২
সর্ব্বেষাং প্রাণরূপশ্চ ভব ত্বঞ্চ মমাজ্ঞয়া।
ত্বাঞ্চ সমাশ্রিতা যে বৈ মামেব সমুপাশ্রিতাঃ॥ ২৩

কারণ বিবেচনা করিয়া তাহাই গ্রহণ করিয়াছিলেন। যেদিন হইতে ভগবান বিষ্ণু বরাহরূপ ধারণ করিয়াছিলেন, সেই দিনে যে কল্পের আরম্ভ হয়, তাহার নাম বরাহকল্প। ১—১০। অথবা পরমাত্মা শিবের ইচ্ছানুসারেই তাঁহারা দুইজনে তাদৃশ রূপ ধারণ করিয়াছিলেন; অতএব এই হংস এবং বরাহরূপ ধারণে কোন প্রকার বিস্ময়ের বিষয় কিছুই নাই। অনন্তর নিষ্কল নির্গুণ লিঙ্গস্বরূপে গুণরূপী হইলে, তাহাতে ব্রহ্ম স্বয়ং বিকৃতভাব প্রাপ্ত হইলে যাহা হইয়াছিল, তাহা শ্রবণ করুন; তিনি বিষ্ণুকে বর দিলেন, "তুমি গুণের উপর প্রাধান্য প্রাপ্ত হও, গুণ সত্ত্ব প্রভৃতি ইহারা সকলই জড়, অতএব সকল লোকে তুমিই একমাত্র পুরুষ (চৈতন্য স্বরূপ) বলিয়া পূজ্য হইবে। এই ব্রহ্মার সৃষ্ট লোকপরম্পরায় যখন দুঃখ উৎপন্ন হইবে, তখন তুমি সেই সকল দুঃখের বিনাশে তৎপর হইও। হে হরে! তুমি লোকের উদ্ধারের নিমিত্ত নানাবিধরূপে অবতীর্ণ হইয়া সংকীর্ত্তি বিস্তার কর।

আমার গুণময়রূপ রুদ্র। আমি এই রুদ্রশরীরে জগতের হিতকর কার্য্য সকল করিব, সে বিষয়ে কোন সন্দেহ নাই। তুমিই আমার ধ্যেয় হইবে এবং আমিই তোমার ধ্যেয় হইব। বিচার করিলে আমাদের দুজনের অণুমাত্র প্রভেদ নাই। বস্তুতঃ এক হইয়াও তুমি বহু অনেক (ভেদ) প্রাপ্ত হইয়াছ মাত্র। অতএব যে মনুষ্য আমার ভক্তরূপে প্রসিদ্ধি লাভ করিয়া তোমার নিন্দা করিবে; সেই পাপে, আমি তাহার সমুদয় পুণ্য একেবারে ভস্মীভূত করিয়া তাহাকে নরকে নিক্ষেপ করিব। তুমি এই লোকে মনুষ্যদিগের ভুক্তি এবং বিশেষ করিয়া মুক্তিপ্রদ, ধ্যেয় ও পূজ্য। তুমিই সকলের নিগ্রহ ও অনুগ্রহের বিধান কর।" ১১—২০। তিনি উক্ত প্রকারে বিষ্ণুকে বর দান করিয়া, পরে ব্রহ্মাকে হস্তে ধারণ করিয়া আবার বিষ্ণুকে বলিলেন, "সর্ব্বদা দুঃখেতে সহায় হও। তুমি দেবতাদিগের মধ্যে সর্ব্বাধ্যক্ষ, ভুক্তি ও মুক্তিপ্রদ, শ্রেষ্ঠ এবং সর্ব্বদা সকল কার্য্যের সাধক হও। তুমি আমার আজ্ঞাক্রমে সকলের প্রাণস্বরূপ হও এবং যাহারা তোমার আশ্রয় গ্রহণ করিবে, তাহারা আমার আশ্রিত বলিয়াও

* অনন্তং নিষ্কলং লিঙ্গং নির্গুণং গুণরূপিণম্ ইতি কচিৎ পাঠঃ।

অন্তরং যশ্চ জানাতি নিরয়ে পততে ধ্রুবম্ ॥ ২৪
ইদং রূপং ত্বয়া তাবদীক্ষণীয়ং মদাজ্ঞয়া।
যাবচ্চ ব্রহ্মণোঽপ্যায়ুঃ শতবর্ষমুদাহৃতম্ ॥ ২৫
চতুর্যুগসহস্রাণাং সমূহং দিনমুচ্যতে।
রাত্রিশ্চ তাবতী তস্য মানমেতং ক্রমেণ তু ॥ ২৬
তাবৎ সৃষ্টেশ্চ কার্য্যং বৈ কর্ত্তব্যং বিবিধৈর্গুণৈঃ।
গুণেষু চ ভবান্ শ্রেষ্ঠঃ সত্ত্বাত্মা পুরুষোত্তম ॥ ২৭
ইত্যেতদ্বচনং সর্ব্বং তথেত্যোমিতি বৈ হরিঃ।
উবাচ পরমপ্রীতঃ শঙ্করপ্রিয়কাম্যয়া ॥ ২৮

শ্রীহরিরুবাচ।

শঙ্কর শ্রূয়তাং মত্তঃ কৃপাসিন্ধো জগৎপতে।
সর্ব্বমেতৎ করিষ্যামি ভবদাজ্ঞাপরায়ণঃ ॥ ২৯
মম ধ্যেয়ঃ সদা ত্বঞ্চ ভবিষ্যসি ন চান্যথা।
ভবতঃ সর্ব্বসামর্থ্যং লব্ধঞ্চৈব পুরা ময়া ॥ ৩০
ক্ষণমাত্রমপি চ তে ধ্যানং বৈ পরমাত্মনঃ
চেতসো দূরতশ্চৈব মা গচ্ছতু কদাচন ॥ ৩১
মম ভক্তশ্চ যো নিত্যং তব নিন্দাং করিষ্যতি।
তস্য বৈ নিরয়ে বাসং প্রযচ্ছে নিয়তং ধ্রুবম্ ॥ ৩২
ত্বদ্ভক্তো যো ভবেন্নিত্যং মদ্ভক্তঃ সমুদাহৃতঃ।
এবং যো বৈ বিজানাতি তস্য মুক্তির্ন দুর্লভা ॥ ৩৩
মহিমা চ মদীয়শ্চ বর্দ্ধিতো ভবতা ধ্রুবম্।
কদাচিদবগণনা জায়তে ক্ষম্যতামিতি ॥ ৩৪
ততঃ শম্ভুস্তদীয়ং হি শ্রুত্বা বচনমুত্তমম্।
উবাচ বিষ্ণবে বিপ্রাঃ ক্ষন্তব্যাগণনা তব ॥ ৩৫
ইত্যুক্ত্বান্তর্দধে শম্ভুঃ সর্ব্বকল্যাণকারকঃ।
অন্তর্হিতে তদা দেবে ব্রহ্মা লোকপিতামহঃ ॥ ৩৬
তদীয়ং বচনং কর্ত্তুং সন্নদ্ধপরায়ণঃ।
নমস্কৃত্য তদা বিষ্ণুং জ্ঞানং প্রাপ্য হরেস্তদা।
আনন্দং পরমং গত্বা সৃষ্টিং কর্ত্তুং মনো দধে ॥ ৩৭
বিষ্ণুশ্চাপি তদা তত্র হ্যন্তর্দ্ধানমুপাগতঃ।
পূর্ব্বং সৃষ্টং জলং যচ্চ তত্রাঞ্জলিমুপাক্ষিপৎ ॥ ৩৮

গণ্য হইবে। যে আমাদের মধ্যে ভেদ জ্ঞান করিবে, সে নিশ্চয়ই নরকে পতিত হইবে। যে পর্য্যন্ত ব্রহ্মার এক শত বৎসর আয়ুঃ পূর্ণ না হইবে, সেই পর্য্যন্ত তুমিও এই রূপের দর্শন করিবে। সত্য, ত্রেতা, দ্বাপর, কলি এই চারি যুগ সহস্রবার পরিবর্ত্তিত হইলে ব্রহ্মার এক দিবস হয় এবং ঐরূপ সহস্র চারি যুগে ব্রহ্মার এক রাত্রি। পক্ষ, মাস ও বর্ষাদির পরিমাণও এই অনুসারে হইয়া থাকে। সেই কাল পর্য্যন্ত তুমি বিবিধ গুণের সহায়ে সৃষ্টির কার্য্য করিবে। হে পুরুষোত্তম! গুণবানের মধ্যে তোমারই প্রাধান্য; কারণ তুমি সত্ত্বস্বরূপ।" হরি এই সকল বাক্য শ্রবণ করিয়া অতিশয় প্রীত হইয়া শঙ্করের প্রিয়কামনায় বলিলেন, "আচ্ছা, তাহাই হইবে।" শ্রীহরি বলিলেন, "হে কৃপাসিন্ধো জগৎপতে শঙ্কর! আমার নিবেদন শ্রবণ করুন; আমি আপনার আজ্ঞানুসারে এই সকলই করিব। আমি সর্ব্বদা আপনার ধ্যানে রত থাকিব, তাহার অন্যথা হইবে না। কারণ আমি প্রথমে আপনার নিকট হইতেই সমুদয় শক্তি লাভ করিয়াছি। ২১—৩০। হে পরমাত্মন্! কখনও যেন ক্ষণমাত্রের নিমিত্ত আপনার ধ্যান আমার চিত্ত হইতে দূরগামী না হয়। যে নিত্য আমার ভক্ত হইয়া আপনার নিন্দা করিবে, তাহাকে নিশ্চয়ই আমি নিয়ত নরকে বাস সমর্পণ করিব। যে আপনার ভক্ত, সে আমার ভক্ত বলিয়া গণ্য হইবে। যে এই তত্ত্ব জানে, তাহার পক্ষে মুক্তি দুর্লভ নয়। আপনি নিঃসন্দেহ আমার মহিমা বর্দ্ধন করিয়াছেন; যদি কখন আমা হইতে আপনার অবজ্ঞা হয়, তবে তাহা ক্ষমা করিবেন।" অনন্তর শম্ভু সেই বিনয়বাক্য শ্রবণ করিয়া বলিলেন, "আমি তোমার অবজ্ঞা ক্ষমা করিব।" সকল কল্যাণকারী শম্ভু এই কথা বলিয়া অন্তর্হিত হইলেন। মহাদেব অন্তর্হিত হইলে, তখন লোকপিতামহ ব্রহ্মা তাঁহার বচন প্রতিপালন করিবার নিমিত্ত বদ্ধপরিকর হইয়া বিষ্ণুকে নমস্কার করিয়া ও বিষ্ণুর নিকট হইতে জ্ঞান প্রাপ্ত হইয়া পরম আনন্দ অনুভব করত সৃষ্টি করিবার অভিলাষ করিলেন এবং সেই স্থানে সেই সময় বিষ্ণুও অন্তর্হিত হইলেন। তিনি প্রথমে জলের সৃষ্টি করিয়া সেই সৃষ্ট জলে অঞ্জলিপূর্ণ স্ববীর্য্য

ততোঽণ্ডমভবৎ তত্র চতুর্ব্বিংশতিসংজ্ঞকম্।
বিরাড়্রূপমভূদ্বিপ্রা জড়রূপমপশ্যত ॥ ৩৯
ততঃ সংশয়মাপন্নস্তপস্তেপে সুদারুণম্।
দ্বাদশাব্দং পুনস্তেপে বিষ্ণুধ্যানপরায়ণঃ ॥ ৪০
তস্মিংশ্চ সময়ে বিষ্ণুঃ প্রাদুর্ভূতো হরিঃ স্বয়ম্।
প্রসন্নোঽস্মি বরং ব্রূহি নাদেয়ং বিদ্যতে তব ॥৪১

ব্রহ্মোবাচ।

যুক্তমেতন্মহারাজ দত্তোঽহং শম্ভুনা চ তে।
তদুক্তং যচ্চ জগদ্যদ্য জড়ীভূতং প্রদৃশ্যতে।
প্রাণভূতো ভবানদ্য ভূত্বা চৈতন্যমাবহ ॥ ৪২
ইত্যুক্তে চ তদা তেন শম্ভোরাজ্ঞাপরায়ণঃ।
অনন্তরূপমাস্থায় প্রবিবেশ হরিঃ স্বয়ম্ ॥ ৪৩
সহস্রশীর্ষা পুরুষঃ সহস্রাক্ষঃ সহস্রপাৎ।
স ভূমিং সর্ব্বতঃ স্পৃষ্ট্বা তদণ্ডং ব্যাপ্তবানিতি ॥৪৪

ইতি শ্রীশৈবে মহাপুরাণে জ্ঞানসংহিতায়াং সৃষ্টি-
নিরূপণং নাম পঞ্চমোঽধ্যায়ঃ ॥ ৫ ॥

ষষ্ঠোঽধ্যায়ঃ।

সূত উবাচ।

শ্রূয়তামৃষয়ঃ শ্রেষ্ঠাঃ কথাং পাপপ্রণাশিনীম্।
প্রবিষ্টে বিষ্ণুনা তস্মিন্ ব্রহ্মণা সংস্তুতেনবৈ ॥ ১
সচেতনমভূৎ তচ্চ চতুর্ব্বিংশতিসংজ্ঞিতম্।
পাতালাদি সমারভ্য সত্যলোকাবধি স্বয়ম্ ॥ ২
রাজতে স্ম হরিস্তত্র বৈরাজঃ পুরুষঃ প্রভুঃ।
সত্যং পদমুপাশ্রিত্য স্থিতোঽসৌ পুরুষোত্তমঃ ॥৩
তপোলোকং সমাস্থায় ব্রহ্মাতিষ্ঠৎ তপোধনঃ।
অন্যেষু সর্ব্বলোকেষু যথাযোগ্যমবস্থিতিঃ ॥ ৪
ততশ্চ মানসাঃ পুত্রা নির্ম্মিতা ব্রহ্মণা পুরা।
তে চোর্দ্ধরেতসঃ সর্ব্বে পশ্চাদন্যানৃষীন্ প্রভুঃ ॥ ৫
তে বিরক্তাশ্চ সঞ্জাতাঃ পশ্চাৎ ক্রোধমবাপ সঃ।

নিক্ষেপ করিলেন। তাহাতে চতুর্ব্বিংশতি-তত্ত্ব-ময় একটী অণ্ড উৎপন্ন হইল। ব্রহ্মা স্বয়ং বিরাট্‌রূপ ধারণ করিয়া সেই অণ্ডকে জড়ী-ভূত দেখিলেন। তখন তিনি সংশয়িতচিত্তে অতি কঠোর তপস্যা করিতে প্রবৃত্ত হইলেন। তিনি বিষ্ণুধ্যানে নিমগ্ন হইয়া দ্বাদশ বৎসর কঠোর তপস্যা করিলেন। তখন বিষ্ণু স্বয়ং সেই স্থানে আবির্ভূত হইলেন এবং বলিলেন, আমি তোমার উপর প্রসন্ন হইয়াছি, বর গ্রহণ কর; তোমাকে অদেয় আমার কিছুই নাই। ব্রহ্মা বলিলেন, "হে মহাশয়! আপনি সমুচিত বাক্যই বলিয়াছেন, কারণ শম্ভু আমাকে আপনার হস্তে সমর্পণ করিয়াছেন। শিব যে জগতের কথা বলিয়াছেন, আমি উহাকে জড়স্বরূপ দেখিতেছি; অতএব আপনি ইহার প্রাণস্বরূপ হইয়া অদ্য ইহাতে চৈতন্যের সঞ্চার করুন।" ব্রহ্মা এই কথা বলিলে পর বিষ্ণু মহাদেবের আজ্ঞা অনুসরণ করিয়া অনন্তরূপে সেই অণ্ডের মধ্যে প্রবেশ করিলেন। তখন তিনি সহস্রমস্তক, সহস্রনেত্র, সহস্রচরণবিশিষ্ট একটী পুরুষাকার ধারণ করিয়া সর্ব্বতোভাবে ভূমি স্পর্শপূর্ব্বক সেই অণ্ড ব্যাপিয়া রহিলেন। ৩১—৪৪।

পঞ্চম অধ্যায় সমাপ্ত ॥ ৫ ॥

ষষ্ঠ অধ্যায়।

সূত বলিলেন,—হে শ্রেষ্ঠঋষিগণ! ব্রহ্মা-কর্ত্তৃক সম্যক্‌রূপে স্তুত হইয়া বিষ্ণু সেই অণ্ড মধ্যে প্রবিষ্ট হইলে যে ঘটনা হইয়াছিল, সেই পাপনাশিনী কথা শ্রবণ করুন। সেই চতুর্ব্বিংশতি-তত্ত্বসংজ্ঞক অণ্ড বিষ্ণুর প্রবেশে পাতাল হইতে আরম্ভ করিয়া সত্যলোক অবধি আপনি স্বয়ং সচেতন হইল। সেই বিরাট্‌পুরুষ পুরুষোত্তম হরি সত্যপদ আশ্রয় করিয়া অবস্থান করত শোভা পাইয়াছিলেন। তপোনিধি ব্রহ্মা তপো-লোক আশ্রয় করিয়া স্থিতি করিতে লাগিলেন এবং অপর সকল লোকে যথাযোগ্য অপরাপর পুরুষের অবস্থান হইল। প্রথমে ব্রহ্মা কতক-গুলি মানস পুত্রের সৃজন করিলেন; তাঁহারা সকলে ঊর্দ্ধরেতা হওয়ায় অপর ঋষিদিগের সৃজন করিলেন। তাহারা সকলে সংসারে বিরাগী

তেনৈব রোদনং চক্রে ততশ্চৈবাভবদ্ধরঃ॥ ৬
রোদনাদ্রুদ্রনামেতি প্রসিদ্ধো ভগবান্ ভবঃ।
ব্রহ্মন্ দুঃখং কিমুৎপন্নং স্ফোটয়ামি ন সংশয়ঃ॥৭
ইত্যতদ্বচনং শ্রুত্বা ব্রহ্মা বচনমব্রবীৎ।
সাধূক্তঞ্চ ত্বয়া দেব সৃষ্টৌ বিঘ্নোদয়ো ভবেৎ॥ ৮
তথা কার্য্যং ত্বয়া নিত্যং সৃষ্টিঃ স্থাদনপায়িনী।
ইত্যেবং বচনং শ্রুত্বা লোকানাং দুঃখহা হরঃ॥ ৯
বচনঞ্চোক্তবাংস্তত্র স্রষ্টুঃ প্রিয়চিকীর্ষয়া।
অহঞ্চৈব করিষ্যামি সৃষ্টিমেতাং সনাতনীম্॥ ১০
ইত্যুক্ত্বা ব্রহ্মণে রুদ্রো গুণরূপী হরঃ স্বয়ম্।
জগাম সগণো দেবঃ কৈলাসমচলং ততঃ॥ ১১
ততো ব্রহ্মা ঋষীন্ সপ্ত ভৃগ্বাদীন্ নির্মমে তদা।
উৎসঙ্গান্নারদং শ্রেষ্ঠং ছায়ায়াং কর্দ্দমং পুনঃ॥১২
অঙ্গুষ্ঠাচ্চ তথা দক্ষমেবং দশ ক্রমেণ তু।
ভৃগোশ্চৈব তথা জাতো মরীচির্নাম বৈ ঋষিঃ॥১৩

ততশ্চ কশ্যপো জজ্ঞে তেনেদং পূরিতং জগৎ।
ষষ্টিকন্যাস্তথা জাতা দক্ষাচ্চৈব মহাত্মনঃ॥ ১৪
ত্রয়োদশ তথা কন্যাঃ কশ্যপায় মহাত্মনে।
দত্তা দক্ষেণ তাঃ কন্যা বিধিবদৃষিসত্তমাঃ॥ ১৫
ততঃ প্রসূতিভির্ব্যাপ্তং তাসাঞ্চ কশ্যপস্য চ।
দেবাশ্চ দনুজাশ্চৈব দৈত্যাশ্চ বিবিধাস্তথা॥ ১৬
বৃক্ষাশ্চ পক্ষিণশ্চৈব সর্পপর্ব্বতবীরুধঃ।
প্রসূতা দক্ষকন্যাভির্ব্যাপ্তমেতচ্চরাচরম্॥ ১৭
পাতালতলমারভ্য সত্যলোকাবধি ধ্রুবম্।
ব্রহ্মাণ্ডং সকলং ব্যাপ্তং শূন্যং নৈব কদাচন॥ ১৮
সতী নাম তথা কন্যা রুদ্রায় চ মহাত্মনে।
দত্তা দক্ষেণ সা কন্যা ভবানীতি প্রকীর্ত্তিতা॥১৯
ব্রহ্মা বিষ্ণুশ্চ রুদ্রশ্চ গুণাখ্যা উদাহৃতাঃ।
বিষ্ণুঃ সত্ত্বং রজো ব্রহ্মা তমো রুদ্র উদাহৃতঃ॥২০
তথা গুণময়ী দেবী লক্ষ্মীঃ সত্ত্বস্বরূপিণী।
রজসী চ তথা ব্রাহ্মী তমোরূপা তু সা সতী॥২১

হইয়াছিলেন বলিয়া ব্রহ্মা পরে ক্রোধ প্রাপ্ত হইয়াছিলেন। সেই ক্রোধবশতঃ তিনি রোদন করিয়াছিলেন; তাহা হইতে মহাদেব উৎপন্ন হইলেন। রোদন হইতে উৎপন্ন হইয়াছিলেন বলিয়া সেই ভগবান্ মহাদেব রুদ্র নামে প্রসিদ্ধ হইয়াছিলেন। তিনি হইয়াই ব্রহ্মাকে বলিলেন, "হে ব্রহ্মন্! কি দুঃখ উৎপন্ন হইয়াছে, বল; আমি তাহা নিশ্চয় নাশ করিব।" ব্রহ্মা এই কথা শুনিয়া বলিলেন, হে দেব! আমার বোধ হইতেছে, সৃষ্টিতে বিঘ্ন হইবে। অতএব আপনি সেইরূপ বিধান করুন, যাহাতে সৃষ্টি বিঘ্নশূন্য হয়। লোকের দুঃখহন্তা মহাদেব এইরূপ বাক্য শ্রবণ করিয়া সৃষ্টিকর্ত্তা ব্রহ্মার প্রিয়চিকীর্ষু হইয়া বলিলেন, আমিই এই সৃষ্টিকে চিরস্থায়িনী করিব। ১—১০। সেই রুদ্র নামে প্রসিদ্ধ গুণরূপী স্বয়ং ভগবান্ মহাদেব ব্রহ্মাকে এই কথা বলিয়া আপনার গণের সহিত কৈলাস পর্ব্বতে গমন করিলেন। অনন্তর ব্রহ্মা, ভৃগু প্রভৃতি সাত জন ঋষির সৃষ্টি করিলেন। অনন্তর ঋষিশ্রেষ্ঠ নারদকে উৎসঙ্গ হইতে, কর্দ্দমকে ছায়া হইতে এবং দক্ষকে অঙ্গুষ্ঠ হইতে নির্ম্মাণ করিলেন। এইরূপ ক্রমে দশ জন ঋষির সৃষ্টি হইল এবং ভৃগুর পর মরীচি নামে ঋষি জন্মগ্রহণ করিলেন। সেই মরীচি হইতে কশ্যপ জন্মগ্রহণ করিলেন; ঐ কশ্যপই স্বীয় সন্তান বিস্তার করিয়া জগৎকে পূর্ণ করিলেন। মহাত্মা দক্ষ হইতে ষাট জন কন্যার উৎপত্তি হইল। হে ঋষিগণ! দক্ষ তাহার মধ্য হইতে তেরটী কন্যা কশ্যপকে যথাবিধি অর্পণ করিলেন। অনন্তর তাঁহাদের এবং কশ্যপের সন্তানে জগৎ ব্যাপ্ত হইল। সেই সেই দক্ষ-কন্যা নানাবিধ দেব, দৈত্য, দনুজ, বৃক্ষ, পক্ষী, সর্প, পর্ব্বত ও লতা প্রসব করিলেন এবং তাহাদের দ্বারা এই চরাচর জগৎ ব্যাপ্ত হইল। পাতালতল হইতে সত্যলোক পর্য্যন্ত সমুদয় ব্রহ্মাণ্ড কেন না কোন প্রকার সৃষ্ট বস্তুতে পূর্ণ আছে, ইহার মধ্যে শূন্য স্থান একটীও নাই। দক্ষ সতীনাম্নী কন্যাকে রুদ্রের হস্তে সমর্পণ করিলেন; দক্ষ-কন্যা সতীই ভবানী নামে কীর্ত্তিত হন। ব্রহ্মা, বিষ্ণু এবং রুদ্র এই তিন জন তিনটী গুণের স্বরূপ। তাহার মধ্যে বিষ্ণু সত্ত্বগুণের, ব্রহ্মা রজোগুণের এবং রুদ্র তমোগুণের স্বরূপ। ১১—২০। সেইরূপ গুণময়ী দেবী

গুণরূপা মহাকালী যা বৈ রুদ্রমুপাশ্রিতা।
পুনশ্চ পার্ব্বতী জাতা সা শিবং সমুপাগতা ॥ ২২
ততো নামান্যনেকানি প্রাপ সা পর্ব্বতাত্মজা।
কালিকা চণ্ডিকা ভদ্রা চামুণ্ডা বিজয়া জয়া ॥ ২৩
গুণময্যস্তথা দেব্যো দেবা গুণময়াস্তরাঃ।
মিলিত্বা ত্রিবিধাং সৃষ্টিং চক্রুস্তে কার্য্যমুত্তমম্ ॥ ২৪
ইত্যেবং বচনং শ্রুত্বা ঋষয়স্তেঽমলাশয়াঃ।
নারদাদ্যাশ্চ যোগীন্দ্রা হর্ষনির্ভরমানসাঃ ॥ ২৫
শৃণ্বানাঃ পরমাং দিব্যাং কথাঞ্চৈব পুরাতনীম্।
অপ্রাপ্য তৃপ্তিং তে সর্ব্বে পপ্রচ্ছুঃ পুনরেব তম্ ॥

ঋষয় উচুঃ।

সূত সর্ব্বং হি জানাসি প্রতাপাচ্চ গুরোরিহ।
ত্বন্মুখাম্ভোজসংভূতং পীত্বা হরকথামৃতম্ ॥ ২৭
ন তৃপ্যামঃ পুনস্তাঞ্চ পাতুমিচ্ছামহে বয়ম্।
প্রথমং দক্ষপুত্রী চ পশ্চাচ্চ পর্ব্বতাত্মজা ॥ ২৮
কথমেকশরীরেণ দ্বয়োঃ পুত্রী প্রজায়তে।
কথং বৈ পার্ব্বতী পুণ্যা পুনঃ শিবমুপাগতা ॥ ২৯
এতৎ সর্ব্বং তথান্যচ্চ স ত্বং কথিতুমর্হসি।
তদুক্তস্তু তদা শ্রুত্বা সূতো বচনমব্রবীৎ ॥ ৩০

ইতি শ্রীশৈবে মহাপুরাণে জ্ঞানসংহিতায়াং সৃষ্টি-
নিরূপণং নাম ষষ্ঠোঽধ্যায়ঃ ॥ ৬ ॥

সপ্তমোঽধ্যায়ঃ।

সূত উবাচ।

শৃণুতামৃষয়ঃ শ্রেষ্ঠাঃ কথয়ামি শুভাং কথাম্।
যচ্ছ্রুত্বা সফলং জন্ম ভবিষ্যতি ন সংশয়ঃ ॥ ১
পূর্ব্বং দক্ষস্য রুদ্রস্য স্পর্দ্ধা জাতা মহাত্মনোঃ।
ততো দক্ষঃ স্বয়ং যজ্ঞং কৃতবান্ দেবসন্নিধৌ ॥ ২
অনাহূয় তদা রুদ্রং পূর্ব্বর্ষিসমন্বিতঃ।

লক্ষ্মী সত্ত্বগুণাশ্রিতা; ব্রহ্মাণী রজোগুণময়ী এবং সেই সতী তমোগুণস্বরূপা। রুদ্রকে যে গুণরূপা দেবী আশ্রয় করিয়াছিলেন, তিনি মহাকালী নামে প্রসিদ্ধা এবং পরে তিনি পার্ব্বতীরূপে জন্মগ্রহণ করিয়া শিবকে আশ্রয় করেন। অনন্তর সেই পর্ব্বতাত্মজা অনেক নাম প্রাপ্ত হন; যথা কালিকা, চণ্ডিকা, ভদ্রা, চামুণ্ডা, বিজয়া এবং জয়া। সেই গুণময়ী দেবীগণ এবং গুণময় দেবত্রয় মিলিত হইয়া নানাবিধ সৃষ্টিরূপ উত্তম কার্য্য সম্পাদন করিয়াছিলেন। এই সকল বাক্য শ্রবণ করিয়া সেই নির্ম্মলাশয় যোগীন্দ্র নারদাদি ঋষিগণের মানস হর্ষে পরিপূর্ণ হইয়াছিল। এই পুরাতনী অতি বিচিত্র কথা শ্রবণ করত তৃপ্তি লাভ না হওয়ায় তাঁহারা পুনর্ব্বার সেই সূতকে জিজ্ঞাসা করিয়াছিলেন, হে সূত! তুমি গুরুর প্রভাবে এই সংসারে সকলই অবগত হইয়াছ। তোমার মুখপদ্ম হইতে নিঃসৃত হরকথামৃত পান করিয়া আমরা তৃপ্ত হইতেছি না; আমরা পুনর্ব্বার সেই কথারূপ অমৃত পান করিতে ইচ্ছা করি। দেবী প্রথমে দক্ষপুত্রী, পরে পর্ব্বতাত্মজা হন, এক শরীরে কিরূপে দুই জনের পুত্রী হইলেন এবং কিরূপেই বা সেই পুণ্যচরিত্রা পার্ব্বতী শিবকে আশ্রয় করেন? এই সকল এবং শিবসম্বন্ধী অপর তত্ত্ব * যাহা এ স্থলে জিজ্ঞাসিত হয় নাই, তাহাও তুমি আমাদিগের নিকট কীর্ত্তন কর। সূত সেই কথা শুনিয়া বলিতে আরম্ভ করিলেন। ২১—৩০।

ষষ্ঠ অধ্যায় সমাপ্ত ॥ ৬ ॥

সপ্তম অধ্যায়।

সূত কহিলেন,—হে শ্রেষ্ঠ ঋষিগণ! আমি সেই শুভ কথা বলিতেছি, শ্রবণ করুন। ইহা শ্রবণ করিলে জন্ম সফল হইবে, সে বিষয়ে কোন সন্দেহ নাই। পূর্ব্বে দক্ষ এবং রুদ্র, এই দুই মহাত্মার মধ্যে পরস্পর স্পর্দ্ধা হয়; সেই স্পর্দ্ধা বশতঃ দক্ষ দেবগণের সম্মুখে একটী যজ্ঞের অনুষ্ঠান করেন। তিনি

* মূলে 'স ত্বং' এইরূপ পাঠ আছে; তাহার অর্থ 'সেই তুমি'। কিন্তু তাহা অপেক্ষা 'তত্ত্বং' পাঠ অধিক সঙ্গত হয়।

অতো দেবী সতীনাম্নী পিত্রানাকারিতা যদা ॥ ৩
তদা গতা পুনস্তত্র নাদৃতাপি পিতুর্গৃহে।
প্রাপ্যাবজ্ঞাস্তু সা তত্র দেহত্যাগমথাকরোৎ ॥ ৪
যজ্ঞধ্বংসে তথা জাতে দেবলোকেঽথ জীবিতে।
রুদ্রস্যানুচরৈস্তত্র বীরভদ্রাদিকৈঃ কৃতে ॥ ৫
রুদ্রে ক্রুদ্ধে কথং লোকে সুখং ভবতি সত্তমাঃ।
পশ্চাদ্রুদ্রঃ প্রসন্নোঽভূদ্দেবানাং স্তবনাদপি ॥ ৬
পূর্ববচ্চ কৃতং তেন কৃপালুত্বান্মহাত্মনা।
রুদ্রশ্চ পূজিতস্তত্র দেবৈর্দেববরস্তদা ॥ ৭
সতীদেহসমুৎপন্না জ্বালা লোকভয়াবহা।
পতিতা পর্ব্বতে তত্র পূজিতা সুখদায়িনী ॥ ৮
জ্বালামুখীতি সা প্রোক্তা সর্ব্বকামফলপ্রদা।
ইদানীং পূজ্যতে লোকৈঃ সর্ব্বকামফলাপ্তয়ে ॥ ৯
সা দেবী শৈলরাজস্য পত্নী মেনেতি বিশ্রুতা।
পিতৄণাং মানসী কন্যা তস্যাং জন্ম সমাদধে ॥ ১০
ততশ্চ পার্ব্বতী নাম প্রসিদ্ধমভবৎ তদা।
সা পুনঃ শিবমারাধ্য ভর্ত্তারং শিবমাশ্রিতা।
ভজতাং সর্ব্বলোকানাং ফলং যচ্ছত্যনেকশঃ ॥
এতৎ সর্ব্বং সমাখ্যাতং যৎ পৃষ্টোঽহং পুরাতন
যচ্ছ্রুত্বা সর্ব্বপাপেভ্যো মুচ্যতে নাত্র সংশয়ঃ ॥
ইতি শ্রুত্বা বচস্তস্য নৈমিষারণ্যবাসিনঃ।
পপ্রচ্ছুর্ঋষয়ঃ শ্রেষ্ঠাঃ কথাং পাপপ্রণাশিনীম্ ॥ ১
ঋষয় ঊচুঃ।
সূত সূত মহাভাগ কথাং পাপপ্রণাশিনীম্।
শ্রুত্বা তু ত্বন্মুখাদেব ন তৃপ্তাঃ স্মো বয়ং প্রভো।
পুনঃ কথয় তৎ সর্ব্বং শিবস্যারাধনক্রমম্।
যশ্চ যশ্চ বিধিঃ প্রোক্তো যেনৈবারাধিতঃ শিবঃ ॥
প্রসন্নেন শিবেনৈব কস্মৈ দত্তং ফলন্তু যৎ।
পার্ব্বত্যাশ্চ তপশ্চৈব বিবাহশ্চ তথানঘ ॥ ১৬
ত্রিপুরস্য বধশ্চৈব জ্যোতির্লিঙ্গসমুদ্ভবঃ।
জ্যোতির্লিঙ্গানি কতিধা কিং তেষাং দর্শনে ফলম্

ঋষিগণের সহিত মিলিত হইয়া প্রথমে রুদ্রদেবকে নিমন্ত্রণ না করিয়াই ঐ যজ্ঞের অনুষ্ঠান করেন, সতীদেবীও পিতা কর্ত্তৃক আহূতা হন নাই। কিন্তু সেই সতীদেবী অনাহূতা হইয়াই পিতৃগৃহে গমন করিয়াছিলেন এবং সেই স্থানে অবমাননা প্রাপ্ত হইয়া আপনার দেহ ত্যাগ করিয়াছিলেন। তখন বীরভদ্র প্রভৃতি রুদ্রের অনুচর সমুদয় যজ্ঞের ধ্বংস করিয়া পরে দয়াপরবশ হইয়া দেবগণকে পুনর্ব্বার জীবিত করিয়াছিল। হে সাধুগণ! রুদ্র ক্রুদ্ধ হইলে কিরূপে সুখ হইবে? কিন্তু দেবগণের স্তবে সেই রুদ্র পরে প্রসন্ন হইয়াছিলেন। মহাত্মা রুদ্র কৃপালুস্বভাব বলিয়া পুনর্ব্বার যজ্ঞের পূর্ণতা করিয়াছিলেন এবং দেবশ্রেষ্ঠ রুদ্রও তৎকালে দেবগণ কর্ত্তৃক পূজিত হইয়াছিলেন। তৎকালে সতীদেহ হইতে সর্ব্বলোকভয়প্রদ একটী জ্বালা উৎপন্ন হইয়া ঐ পর্ব্বতে পতিতা হইয়াছিল; উহার পূজা করিলে সুখ হয়। সেই অখিল কাম-ফল-প্রদায়িনী জ্বালা, জ্বালামুখী নামে প্রসিদ্ধি লাভ করেন। অদ্যাপি লোক সকল সর্ব্বপ্রকার কাম-ফল-প্রাপ্তির নিমিত্ত ঐ জ্বালার পূজা করেন। পিতৃদিগের মানসী কন্যা মেনা নামে যে শৈলরাজ হিমালয়ের পত্নী ছিলেন, তাঁহার গর্ভে সেই সতী পুনর্ব্বার জন্মগ্রহণ করেন। ১—১০। পর্ব্বতের কন্যা বলিয়া তাঁহার 'পার্ব্বতী' এই নাম প্রসিদ্ধ হয় এবং তিনি শিবের আরাধনা করিয়া পুনর্ব্বার শিবকেই ভর্ত্তৃরূপে প্রাপ্ত হন। তিনি ভক্তদিগকে অনেক প্রকার ফল প্রদান করেন আমাকে আপনারা যে প্রশ্ন করিয়াছিলেন, সেই পুরাতন কথা সকলই বলা হইল। ইহা শ্রবণ করিলে সকল প্রকার পাপ হইতে মুক্তি হয়, সে বিষয়ে কোন সন্দেহ নাই। নৈমিষারণ্য-নিবাসী ঋষিশ্রেষ্ঠগণ সূতের এই কথা শ্রবণ করিয়া এই পাপনাশিনী কথা জিজ্ঞাসা করিলেন, হে মহাভাগ সূত! তোমার মুখ হইতে পাপনাশিনী কথা শ্রবণ করিয়া, আমরা তৃপ্ত হইতেছি না, অতএব শিবের আরাধনক্রম পুনর্ব্বার আমাদের নিকট কীর্ত্তন কর। শিবের আরাধনা বিষয়ে যে সকল বিধি উক্ত হইয়াছে, যে বিধি অনুসারে শিব আরাধিত হইয়াছেন এবং শিব প্রসন্ন হইয়া যাহাকে যেরূপ ফল দান করিয়াছেন, পার্ব্বতীর তপস্যা ও বিবাহ, ত্রিপুরাসুরের বধ, জ্যোতির্লিঙ্গের উৎপত্তি, জ্যোতির্লিঙ্গ কতপ্রকার, তাঁহাদের দর্শনে কি ফল,

ব্রাহ্মণৈঃ ক্ষত্রিয়ৈর্বৈশ্যৈঃ শূদ্রৈর্বা শম্ভুপূজনম্।
কথং কার্য্যং তথা ব্রূহি যথা ব্যাসমুখাচ্ছ্রুতম্॥ ১৮
তচ্ছ্রুত্বা বচনং তেষাং বচনং শ্রুতিসম্মতম্।
উবাচ সকলং তত্র প্রশ্নস্যানুক্রমেণ তু॥ ১৯

সূত উবাচ।

সম্যক্ পৃষ্টং ভবদ্ভিশ্চ যদ্রহস্যং মুনীশ্বরাঃ।
তদহং কথয়াম্যদ্য যথাবুদ্ধি যথাশ্রুতম্॥ ২০
ভবদ্ভিঃ পৃচ্ছ্যতে যদ্বৎ তথা ব্যাসেন বৈ পুরা।
পৃষ্টঃ সনৎকুমারায় তচ্ছ্রুতং হ্যুপমন্যুনা॥ ২১
ততো ব্যাসেন বৈ শ্রুত্বা শিবপূজাদিকঞ্চ যৎ।
মহ্যঞ্চ পাঠিতং তেন লোকানাং হিতকাম্যয়া॥ ২২
তচ্ছ্রুতঞ্চৈব কৃষ্ণেন হ্যুপমন্যোর্মহাত্মনঃ।
তদহং কথয়িষ্যামি শৃণুতাদ্য মুনিসত্তমাঃ॥ ২৩
বক্ষ্যামি শৃণু সংক্ষেপাল্লিঙ্গার্চ্চনবিধিক্রমম্।
বক্তুং বর্ষশতেনাপি ন শক্যং বিস্তরেণ তু॥ ২৪
এবঞ্চ শাঙ্করং রূপং সুখদীপ্তং সনাতনম্।
পূজয়েৎ পরয়া ভক্ত্যা সর্ব্বকামবরপ্রদে॥ ২৫
দারিদ্র্যং রোগদুঃখঞ্চ সঙ্কটং শত্রুসম্ভবম্।
পাপং চতুর্ব্বিধং তাবদ্যাবন্নার্চ্চয়তে শিবম্॥ ২৬
সম্পূজিতে শিবে দেবে সর্ব্বং দুঃখং বিলীয়তে॥
যো বৈ মানুষমাশ্রিত্য সুখসন্তানকামুকঃ।
তেন পূজ্যো মহাদেবঃ সর্ব্বকামার্থসাধকঃ॥ ২৮
ব্রাহ্মণাঃ ক্ষত্রিয়া বৈশ্যাঃ শূদ্রাশ্চ বিধিবৎ ক্রমাৎ।
প্রাতঃকালে সমুত্থায় মুহূর্ত্তে ব্রাহ্মসংজ্ঞিতে॥ ২৯
বিষ্ণোশ্চ স্মরণং কৃত্বা গুরোশ্চৈবাথবা পুনঃ।
তীর্থানাং স্মরণং কৃত্বা ধ্যানঞ্চৈব হরেরিতি॥ ৩০
মেঘশ্যাম চতুর্ব্বাহো ভক্তানামভয়প্রদ।
তে রূপং সুন্দরং সর্ব্বং হৃদি বসতু নিত্যশঃ॥ ৩১
ততঃ স্তোত্রং শুভং নাম গৃহীত্বা বিধিপূর্ব্বকম্।
ত্যক্ত্বোপধাং মলোৎসর্গং দক্ষিণস্যাং দিশি ক্রমাৎ॥
একান্তে তু তদা কৃত্বা মলোৎসর্গবিধিং পুনঃ।
শুদ্ধাং মৃদং সমাদায় পঞ্চবারং বিশুদ্ধয়ে॥ ৩৩
ক্ষত্রিয়শ্চ চতুর্ব্বারং বৈশ্যো বারত্রয়ং তথা।

ব্রাহ্মণ, ক্ষত্রিয়, বৈশ্য, শূদ্র ইহাদের কর্ত্তৃক শম্ভুর পূজা কিরূপে অনুষ্ঠেয়,—হে অনঘ! এ সকল বিষয় ব্যাসের মুখ হইতে তুমি যেরূপ শ্রবণ করিয়াছ, সেইরূপ বল। তাহাদের সেই বেদসম্মত বাক্য শ্রবণ করিয়া সূত, প্রশ্নানুসারে সকল কথার উত্তর বলিলেন। ১১—১৯। সূত বলিলেন, হে মুনীশ্বরগণ! আপনারা অতি উত্তম প্রশ্ন করিয়াছেন, ইহার রহস্য আমি যেমন জানি এবং যেমন শুনিয়াছি, তাহা অবিকল কীর্ত্তন করিতেছি। আপনারা আজ আমাকে যে কথা জিজ্ঞাসা করিতেছেন, পূর্ব্বে ব্যাসদেব সনৎকুমারকে তাহাই জিজ্ঞাসা করিয়াছিলেন এবং উপমন্যু শ্রবণ করিয়াছিলেন। অনন্তর ব্যাস শিবপূজাদি শ্রবণ করিয়া লোকের হিতকামনায় আমাকে শিখাইয়াছিলেন। মহাত্মা উপমন্যুর নিকট হইতে কৃষ্ণদ্বৈপায়ন যাহা শ্রবণ করিয়াছিলেন, হে ঋষিশ্রেষ্ঠগণ। তাহা আমি বলিতেছি, শ্রবণ করুন। আমি সংক্ষেপে লিঙ্গার্চ্চনবিধির ক্রম বলিতেছি, শ্রবণ করুন, কারণ শতবর্ষেও ইহা বিস্তারপূর্ব্বক বলা যাইতে পারে না। সকল প্রকার কামনা এবং বরলাভের নিমিত্ত অতিশয় ভক্তিসহকারে লিঙ্গের পূজা করিবে। যে পর্য্যন্ত শিবের পূজা না করিবে, তাবৎকাল দারিদ্র্য, রোগ, দুঃখ এবং শত্রুজন্য পীড়া এই চারি প্রকার পাপের বৃদ্ধি হইবে; শিবের পূজা করিলে ঐ সকল দুঃখ একেবারে বিনষ্ট হয়। যে মনুষ্যজন্ম লাভ করিয়া সুখ-সন্তানের অভিলাষ করে, সে সকল প্রকার কাম এবং অর্থের সাধক মহাদেবের পূজা করিবে। ব্রাহ্মণ, ক্ষত্রিয়, বৈশ্য এবং শূদ্র ইহারা সকলে প্রাতঃকালে ব্রাহ্ম মুহূর্ত্তে যথাবিধি শয্যা হইতে উত্থান করিবে। তাহার পর বিষ্ণুস্মরণ, গুরুর স্মরণ, তীর্থস্মরণ এবং হরিধ্যান করিবে যথা;—হে ভক্তদিগের অভয়প্রদ! মেঘশ্যাম! চতুর্ব্বাহো! নারায়ণ! আপনার সুন্দর রূপ সর্ব্বদা আমার হৃদয়ে বাস করুক। ২০—৩১। তাহার পর বিধিপূর্ব্বক স্তোত্র পাঠ এবং শুভ নাম গ্রহণ করিবে। তাহার পর শয্যা ত্যাগ করত দক্ষিণদিকে গমন করিয়া মলোৎসর্গ করিবে। নির্জ্জন স্থানে মলত্যাগ করিয়া ব্রাহ্মণ পাঁচবার বিশুদ্ধ মৃত্তিকা লেপনপূর্ব্বক শৌচ করিবে। ক্ষত্রিয় চারিবার, বৈশ্য

শূদ্রশ্চৈব দ্বিবারঞ্চ মৃদাস্তু গ্রহণং ক্রমাৎ ॥ ৩৪
হস্তৌ পাদৌ চ প্রক্ষাল্য পূর্ব্ববন্মৃদমাহরেৎ।
স্ত্রীণাস্তু শূদ্রবৎ কার্য্যং মৃদাদিগ্রহণং তথা ॥ ৩৫
দন্তকাষ্ঠং তথা কুর্য্যাদ্দ্বাদশাঙ্গুলমানতঃ।
একাদশাঙ্গুলং রাজা তথা বৈশ্যো দশাঙ্গুলম্ ॥ ৩৬
শূদ্রো নবাঙ্গুলং কুর্য্যাদিতি মানমিদং স্মৃতম্।
কালদোষং বিচার্য্যৈবমনুচ্ছিষ্টং বিবর্জ্জয়েৎ ॥ ৩৭
স্নানন্তু বিধিবৎ কার্য্যং তীর্থাদিষু ক্রমেণ চ।
দেশকালাবিরোধেন স্নানং কার্য্যং সমন্ত্রকম্ ॥ ৩৮
আচম্য প্রথমং তত্র ধৌতবস্ত্রন্তু ধারয়েৎ।
একান্তে তু স্থলে স্থিত্বা সন্ধ্যাবিধিমথাচরেৎ ॥ ৩৯
যথাযোগ্যং বিধিং কৃত্বা পূজাবিধিমথাচরেৎ ॥ ৪০
মনস্তু সুস্থিরং কৃত্বা পূজাগারং প্রবিশ্য চ।
পূজাদ্রব্যং সমাস্থায় ক্রমেণ পূজয়েদ্ধরম্ ॥ ৪১
প্রথমঞ্চ গণাধীশং দ্বারপালং ততঃ পরম্।
দিক্‌পালাস্তু ততঃ পূজ্যাঃ পশ্চাৎ পীঠং প্রকল্পয়েৎ
অথবাষ্টদলং কৃত্বা পূজাদ্রব্যসমীপতঃ।
উপবিশ্য ততস্তত্র উপলক্ষ্য শিবং প্রভুম্ ॥ ৪৩
আচামত্রিতয়ং কৃত্বা প্রক্ষাল্য চ পুনঃপুনঃ।
প্রাণায়ামত্রয়ং কৃত্বা ধ্যায়েদেবেক ত্র্যম্বকম্ ॥ ৪৪
পঞ্চবক্ত্রং দশভুজং শুদ্ধস্ফটিকসন্নিভম্।
সর্ব্বাভরণসংযুক্তং ব্যাঘ্রচর্ম্মোত্তরীয়কম্ ॥ ৪৫
তস্য সারূপ্যমাশ্রিত্য দহেৎ পাপং নরস্তদা।
শৈবীং তনুং সমাস্থায় পূজয়েৎ পরমেশ্বরম্ ॥ ৪৬
দেহশুদ্ধিং ততঃ কৃত্বা মূলমন্ত্রং ন্যসেৎ ক্রমাৎ।
সর্ব্বত্র প্রণবেনৈব ষড়ঙ্গন্যাসমাচরেৎ।
কৃত্বাদ্যাদিপ্রয়োগঞ্চ ততঃ পূজাং সমারভেৎ ॥ ৪৭
তথাচাচমনীয়ার্ঘং কল্পিতং পাত্রমেব চ।
স্থাপয়েদ্বিধিবদ্ধীমান নবকুম্ভান্ যথাবিধি ॥ ৪৮
দর্ভৈরাচ্ছাদ্য তানেব সংস্থাপ্যাভ্যুক্ষ্য বারিণা।

তিনবার এবং শূদ্র দুইবার ঐরূপ শৌচের বিধান করিবে। তাহার পর হস্তদ্বয় এবং পদদ্বয় প্রক্ষালন করিয়া পূর্ব্ববৎ মৃত্তিকা লেপন করিবে। স্ত্রীদিগের মৃত্তিকাহরণাদি শৌচকার্য্য শূদ্রের তুল্য। অনন্তর ব্রাহ্মণ দ্বাদশাঙ্গুল, ক্ষত্রিয় একাদশাঙ্গুল, বৈশ্য দশাঙ্গুল এবং শূদ্র নবাঙ্গুল পরিমিত দন্তকাষ্ঠ দ্বারা, যে সকল দিনে দন্তকাষ্ঠ গ্রহণ নিষিদ্ধ নয় এইরূপ দিনে, দন্ত ধাবন করিবে। নিজের বা অপরের উচ্ছিষ্ট দন্তকাষ্ঠ গ্রহণ করিবে না। তাহার পর তীর্থাদি পবিত্র স্থানে বিধিপূর্ব্বক স্নান করিবে; যে দেশে এবং যে কালে স্নান নিষিদ্ধ নয়, এইরূপ দেশ ও কালে বিধিপূর্ব্বক স্নান করিবে। তাহার পর আচমন করিয়া, ধৌত বস্ত্র ধারণ করিবে এবং নির্জ্জন স্থানে উপবেশন করিয়া সন্ধ্যার উপাসনা করিবে। অনন্তর পূজাগৃহে প্রবেশ করিয়া, যথাসাধ্য আয়োজন, মন সুস্থির এবং পূজার অনুষ্ঠান করিবে। তাহার পর পূজাদ্রব্য নিকটে রাখিয়া ক্রমে মহাদেবের পূজা করিবে। ৩২—৪১। সেই পূজার ক্রম এই যে, প্রথমে গণেশের পূজা করিবে, তদনন্তর দ্বারপালের পূজা করিবে, তাহার পর দিক্‌পালগণের পূজা করিয়া পূজাদ্রব্যের সমীপে আসন স্থাপন অথবা একটী অষ্টদল পদ্ম অঙ্কিত করিবে। অনন্তর সেই আসনে উপবেশন করিয়া, শিবলিঙ্গের প্রতি দৃষ্টিক্ষেপ করিবে, তাহার পর তিনবার আচমন এবং পুনঃপুনঃ প্রক্ষালন করিবে। তাহার পর তিনবার প্রাণায়াম করিয়া মহাদেবের ধ্যান করিবে; যথা,—পঞ্চমুখ, দশবাহু, শুদ্ধস্ফটিকের মত সমুজ্জ্বল, সকল প্রকার আভরণে বিভূষিত এবং ব্যাঘ্রচর্ম্মের উত্তরীয়ধারী। এইরূপ ধ্যানের পর ঐ রূপের সহিত আপনার সারূপ্য করিয়া, পূজক শরীরস্থ পাপের দহন করিবে। তাহার পর হৃদয়ে শিবমূর্ত্তির স্থাপনা করিয়া মহাদেবের পূজা করিবে। অনন্তর যথাক্রমে দেহশুদ্ধি ও মূলমন্ত্রের ন্যাস করিবে। পরে প্রতিবার প্রণব উচ্চারণপূর্ব্বক মূলমন্ত্র দ্বারা ষড়ঙ্গন্যাস করিবে। তাহার পর আজ অমুক সময়, অমুক দিন ইত্যাদির উল্লেখ করিয়া পূজা আরম্ভ করিবে। অনন্তর বুদ্ধিমান্ পূজক আচমনীয়ার্থ কল্পিত পাত্র এবং নূতন কুম্ভ বিধিপূর্ব্বক স্থাপিত করিবে। তাহার পর ঐ সকল কুম্ভ স্থাপিত ও জল দ্বারা অভ্যুক্ষিত করিয়া দর্ভ দ্বারা

তেষু তেষু চ সর্ব্বেষু ক্ষিপেৎ তোয়ং সুশীতলম্॥৪৯
প্রণবেন ক্ষিপেৎ তেষু দ্রব্যাণ্যালোক্য বুদ্ধিমান।
উশীরং চন্দনঞ্চৈব পাদ্যে তু পরিকল্পয়েৎ॥ ৫০
জাতিকক্কোলকর্পূরং বহুমূলতমালকম্।
চূর্ণয়িত্বা যথান্যায়ং ক্ষিপেদাচমনীয়কে॥ ৫১
এলাং সর্ব্বেষু পাত্রেষু দাপয়েচ্চন্দনং তথা।
পার্শ্বতো দেবদেবস্য নন্দীশস্য সমর্চ্চয়েৎ॥ ৫২
গন্ধৈঃ পুষ্পৈস্তথা ধূপৈর্বিবিধৈঃ পূজয়েচ্ছিবম্।
লিঙ্গশুদ্ধিং ততঃ কৃত্বা মুদা যুক্তো নরস্তদা॥ ৫৩
জপ্ত্বা সর্ব্বাণি মন্ত্রাণি প্রণবাদিনমোঽন্তকম্।
কল্পয়েদাসনং পশ্চাৎ পদ্মাখ্যং প্রণবেন তু॥ ৫৪
তস্য পূর্ব্বং দলং সাক্ষাদণিমাময়মক্ষরম্।
লঘিমা দক্ষিণঞ্চৈব মহিমা পশ্চিমং তথা॥ ৫৫
প্রাপ্তিশ্চৈবোত্তরং পত্রং প্রাকাম্যং পাবকস্য চ।
ঈশিত্বং নৈর্ঋতং পত্রং বশিত্বং বায়ুগোচরে॥ ৫৬
সর্ব্বজ্ঞত্বং তথৈশান্যাং কর্ণিকা সোম উচ্যতে।
সোমস্যাধস্তথা সূর্য্যস্তস্যাধঃ পাবকঃ স্বয়ম্॥ ৫৭
ধর্ম্মাদয়োঽপি দিক্ষ্বন্তে অনন্তং কল্পয়েৎ ক্রমাৎ।
অব্যক্তাদিচতুর্দ্দিক্ষু সোমস্যান্তে গুণত্রয়ম্॥ ৫৮
সদ্যোজাতং প্রপদ্যামীত্যাবাহ্য পরমেশ্বরম্।
বামদেবেন মন্ত্রেণ তিষ্ঠেচ্চৈবাসনোপরি॥ ৫৯
সান্নিধ্যং রুদ্রগায়ত্র্যা অঘোরেণ নিরুধ্য চ।
ঈশানঃ সর্ব্ববিদ্যানামিতি মন্ত্রেণ পূজয়েৎ॥ ৬০
পাদ্যমাচমনীয়ঞ্চ বিতোশ্চার্ঘ্যং প্রদাপয়েৎ।
স্নাপয়েদ্বিধিনা রুদ্রং গন্ধচন্দনবারিণা॥ ৬১
পঞ্চগব্যবিধানেন গৃহ্য পাত্রেঽভিমন্ত্র্য চ।
প্রণবেনৈব গব্যেন স্নাপয়েৎ পয়সা চ তম্॥ ৬২
দধ্না চ মধুনা চৈব তথা চেক্ষুরসেন চ।
ঘৃতেন চ তথা পূজ্যং সর্ব্বকামহিতাবহম্॥ ৬৩
পুণ্যৈর্দ্রব্যৈর্মহাদেবং প্রণবেনাভিষেচয়েৎ।
জলভাণ্ডৈঃ পবিত্রৈস্তু মন্ত্রৈস্তোয়ং ক্ষিপেত্ততঃ॥

আচ্ছাদন করিবে এবং উহাদের সকলের ভিতর সুশীতল জল নিক্ষেপ করিবে। তাহার পর সুধীর পূজক একবার দৃষ্টিপাত করিয়া ঐ সকল কুম্ভে উশীর, চন্দন প্রভৃতি দ্রব্য প্রণব উচ্চারণপূর্ব্বক নিক্ষেপ করিবে এবং ঐ জলকে পাদ্যের নিমিত্ত রক্ষা করিবে। ৪২—৫০। আচমনীয় জলে জাতি, কক্কোল, কর্পূর, বহুমূল এবং তমাল এই সকল একত্রে চূর্ণ করিয়া নিক্ষেপ করিবে। সকল পাত্রেই এলাচ এবং চন্দন দান করিবে। তাহার পর দেবদেবের পার্শ্বে নন্দীশ্বরের পূজা করিবে। তাহার পর পূজক আনন্দিতচিত্তে লিঙ্গশুদ্ধি করিয়া গন্ধ, পুষ্প এবং নানাবিধ ধূপ দ্বারা শিবের পূজা করিবে। সকল মন্ত্রের আদিতে প্রণব ও অন্তে 'নমঃ' উচ্চারণপূর্ব্বক জপ করিয়া প্রণব দ্বারা পদ্ম নামক আসনের কল্পনা করিবে। ইহার পূর্ব্বদল অণিমাত্মক এবং অক্ষয় অর্থাৎ অবিনাশী; দক্ষিণদল লঘিমাত্মক, পশ্চিমদল মহিমা স্বরূপ, উত্তরদল প্রাপ্তিস্বরূপ, অগ্নিকোণ প্রাকাম্য, নৈঋত ঈশিত্ব, বায়ুকোণ বশিত্ব, এবং ঈশানকোণ সর্ব্বজ্ঞত্ব আর কর্ণিকা সোমস্বরূপ। সোমের অধোভাগে সূর্য্য এবং ঐ সূর্য্যের অধোভাগে অগ্নি অবস্থিত। ক্রমশঃ সর্ব্বদিগন্তে ধর্ম্মাদি ও অনন্তের কল্পনা করিবে। সোমের চতুর্দ্দিকে অব্যক্ত প্রভৃতির এবং অন্তে গুণত্রয়ের কল্পনা করিবে। "সদ্যোজাতং প্রপদ্যামি" ইত্যাদি মন্ত্র দ্বারা আবাহন করিয়া, "বামদেব" ইত্যাদি মন্ত্র উচ্চারণ করিয়া আসনের উপর উপবেশন করিবে। রুদ্রগায়ত্রী দ্বারা সান্নিধ্য এবং অঘোর-মন্ত্র দ্বারা নিরোধন করিয়া "ঈশানঃ সর্ব্ববিদ্যানাং" এই মন্ত্রে পূজা করিবে। ৫১—৬০। তাহার পর মহাদেবকে পাদ্য, আচমনীয় এবং অর্ঘ্য প্রদান করিবে। তাহার পর গন্ধচন্দন-মিশ্রিত জল দ্বারা রুদ্রকে বিধিপূর্ব্বক স্নান করাইবে। অনন্তর পাত্রে যথাবিধি পঞ্চগব্য গ্রহণপূর্ব্বক প্রণব দ্বারা সংস্কৃত করিয়া সেই পঞ্চগব্য-মিশ্রিত জল দ্বারা মহাদেবকে স্নান করাইবে। তাহার পর দধি, মধু ইক্ষুরস ও ঘৃত দ্বারা সেই সকল প্রকার কাম এবং হিতপ্রদ মহাদেবের পূজা করিবে। পরে প্রণব উচ্চারণপূর্ব্বক পুষ্প ও দ্রব্য দ্বারা মহাদেবের অভিষেক করিবে। অনন্তর পবিত্র জলভাণ্ড হইতে মন্ত্রপূত জল তাঁহার উপর

শুষ্কীকৃত্য যথান্যায়ং সিতবস্ত্রেণ সাধকঃ।
তাবদ্দূরং ন কর্ত্তব্যং যাবচ্চ চন্দনং ক্ষিপেৎ॥ ৬৫
তণ্ডুলৈঃ সুন্দরৈস্তত্র পূজয়েচ্ছঙ্করং মুদা।
কুশাপামার্গ-কর্পূর-জাতি-চম্পক-পাটলৈঃ॥ ৬৬
করবীরৈঃ সিতৈশ্চৈব মল্লিকাকমলোৎপলৈঃ।
অপূর্ব্বপুষ্পৈর্ব্বিবিধৈশ্চন্দনাদ্যৈশ্চ তজ্জলম্॥ ৬৭
জলেন জলধারাঞ্চ কল্পয়েৎ পরমেশ্বরে।
পাত্রৈশ্চ বিবিধৈরেবং স্নাপয়েচ্চ মহেশ্বরম্॥ ৬৮
মন্ত্রপূর্ব্বঞ্চ কর্ত্তব্যা পূজা সর্ব্বফলপ্রদা।
মন্ত্রাণি তে প্রবক্ষ্যামি শৃণু সর্ব্বার্থসিদ্ধয়ে।
যৈর্লিঙ্গং সকৃদপ্যেবং স্নাপয়ন্তি চ মানবাঃ॥ ৬৯

ইতি শ্রীশৈবে মহাপুরাণে জ্ঞানসংহি-
তায়াং শিবপূজাবিধানং নাম
সপ্তমোঽধ্যায়ঃ॥ ৭॥

নিক্ষেপ করিবে। তাহার পর সাধক সিত-বস্ত্র দ্বারা তাঁহার শরীর মুছাইয়া সেই পরিমাণ দূর-দেশে উহা স্থাপিত করিবে,—যতদূর হস্তক্ষিপ্ত চন্দনের গতি হয়, তাহা অপেক্ষা দূরে রাখিবে না। তাদৃশ দূরদেশে শিবমূর্ত্তি রক্ষা করিয়া আনন্দিতচিত্তে সুন্দর তণ্ডুল, কুশ, অপামার্গ, কর্পূর, জাতি, চম্পক, পাটল, শ্বেত করবীর, মল্লিকা, কমল, উৎপল, নানাবিধ বিচিত্র পুষ্প ও চন্দনাদি দ্বারা শঙ্করের পূজা করিবে এবং তাঁহার উপর নানাবিধ পাত্র হইতে জলধারা ঢালিয়া সেই মহেশ্বরকে স্নান করাইবে। মন্ত্রপূর্ব্বক পূজাই সর্ব্বফল প্রদান করে বলিয়া মনুষ্য সর্ব্ব প্রকার অর্থসিদ্ধির নিমিত্ত যে সকল মন্ত্র দ্বারা অন্ততঃ একবারও মহাদেবের স্নান করাইবে, আমি সেই সকল মন্ত্রের কীর্ত্তন করিতেছি, শ্রবণ করুন। ৬১—৬৯।

সপ্তম অধ্যায় সমাপ্ত॥ ৭॥

অষ্টমোঽধ্যায়ঃ।

সূত উবাচ।

পাবমানেন মন্ত্রেণ তথা বাল্মীয়কেন চ।
রুদ্রেণ নীলরুদ্রেণ শ্রীসূক্তেন শুভেন চ॥ ১
রজনীসূক্তকেনৈব চমকেন শুভেন চ।
শ্রীতারেণাথ শিরসা শুভেনাথর্ব্বণেন চ॥ ২
শান্ত্যা বাথ পুনঃ শান্ত্যা ভারুণ্ডেনারুণেন চ।
অথ জ্যৈষ্ঠেন সাম্না বা তদা দেবব্রতেন চ॥ ৩
রথন্তরেণ পুষ্পেণ সূক্তেন পুরুষেণ তু।
মৃত্যুঞ্জয়েন মন্ত্রেণ পঞ্চাক্ষরেণ বা পুনঃ॥ ৪
জলধারাসহস্রেণ শতমেকোত্তরেণ বা।
কর্ত্তব্যা বেদমার্গেণ নামভির্ব্বাথ বা পুনঃ॥ ৫
ততশ্চন্দনপুষ্পাদি রোপণীয়ং শিবোপরি।
দাপয়েৎ প্রণবেনৈব মুখবাসাদিকানি বৈ॥ ৬
ততঃ স্ফটিকসঙ্কাশং দেবং নিষ্কলমক্ষরম্।
কারণং সর্ব্বলোকানাং সর্ব্বলোকময়ং পরম্॥ ৭
ব্রহ্মেন্দ্রবিষ্ণুরুদ্রাদ্যৈরপি দেবৈরগোচরম্।
বেদবিদ্ভির্হি বেদান্তে হ্যগোচরমিতি স্মৃতম্॥ ৮
আদিমধ্যান্তরহিতং ভেষজং সর্ব্বরোগিণাম্।
শিবতত্ত্বমিতি খ্যাতং শিবলিঙ্গে ব্যবস্থিতম্॥ ৯

অষ্টম অধ্যায়।

সূত বলিলেন,—পাবমান, বাল্মীয়ক, রুদ্র নীলরুদ্র, শ্রীসূক্ত, রজনীসূক্ত, চমক, প্রণব অথর্ব্বশীর্ষ, শান্তি, ভারুণ্ড, অরুণ, জ্যৈষ্ঠ অথবা দেবব্রত নামক সাম, রথন্তরসূক্ত, পুষ্পসূক্ত পুরুষসূক্ত অথবা পঞ্চাক্ষর মৃত্যুঞ্জয়মন্ত্র, বেদোক্ত শিবলিঙ্গ-ঘটিত কিংবা নামমন্ত্র উচ্চারণপূর্ব্বক সহস্র জলধারা বা একশত এক জলধারা ঢালিয়া শিবপূজা করিবে। তাহার পর শিবের উপর চন্দন পুষ্পাদি স্থাপন করিবে। পরে প্রণব উচ্চারণপূর্ব্বক মুখবাসাদি প্রদান করিবে তাহার পর স্ফটিক-তুল্য নির্ম্মল, অক্ষর, সর্ব্ব লোকের কারণ, সর্ব্বলোকময়, ব্রহ্মা ইন্দ্র রুদ্র প্রভৃতি দেবেরও অগোচর, বেদবিদ্গণের দ্বারা বেদান্তে অজ্ঞেয় রূপে নির্দ্ধারিত, আদি-মধ্য-অন্তরহিত, সকল রোগীর ঔষধ, শিবতত্ত্ব নামে

নৈবেদ্যৈর্মন্ত্রেণ পূজয়েল্লিঙ্গমূর্দ্ধনি।
দীপৈশ্চ তাম্বুলৈরারাত্রিকবিধানতঃ॥ ১০
নমস্কারৈঃ স্তবৈশ্চাপ্যের্মন্ত্রৈর্নানাবিধৈরপি।
স্তবং জপঞ্চ বিধিনা নমস্কারং প্রদক্ষিণম্॥ ১১
অর্ঘ্যং দত্ত্বা তু পুষ্পাণি পাদয়োস্তু বিকীর্য্য চ।
প্রণিপত্য চ দেবেশমাত্মনারাধয়েচ্ছিবম্॥ ১২
হস্তে পুষ্পং গৃহীত্বা চ সমুত্থায় কৃতাঞ্জলিঃ।
প্রার্থয়েৎ পুনরীশানং মন্ত্রেণানেন বৈ শিবম্॥ ১৩
অজ্ঞানাদ্যদি বা জ্ঞানাজ্জপপূজাদিকং ময়া।
কৃতং তদস্তু সফলং কৃপয়া তব শঙ্কর॥ ১৪
পঠিত্বৈবন্তু তৎ পুষ্পং শিবোপরি ন্যসেৎ তদা।
স্বস্ত্যয়নং ততঃ কৃত্বা হ্যাশিষো বিবিধাস্তদা॥ ১৫
মার্জ্জনন্তু ততঃ কার্য্যং শিবস্যোপরি বৈ পুনঃ।
নমস্কারং ততঃ ক্ষান্তিং পুনরাগমনায় চ॥ ১৬
অঘোচ্চারণমুচ্চার্য্য নমস্কারং প্রকল্প্য চ।
প্রার্থয়েচ্চ পুনস্তত্র সর্ব্বভাবসমন্বিতঃ॥ ১৭

শিবে ভক্তিঃ শিবে ভক্তিঃ শিবে ভক্তির্ভবে ভবে।
অন্যথা শরণং নাস্তি ত্বমেব শরণং মম॥ ১৮
ইতি সম্প্রার্থ্য দেবেশং সর্ব্বসিদ্ধিপ্রদায়কম্।
পূজয়েৎ পরয়া ভক্ত্যা গলনাদৈর্বিশেষতঃ॥ ১৯
নমস্কারং ততঃ কৃত্বা পরিবারগণৈঃ সহ।
প্রহর্ষমতুলং লব্ধ্বা কার্য্যং কুর্য্যাদ্যথাসুখম্॥ ২০
এবং যঃ পূজয়েন্নিত্যং শিবভক্তিপরায়ণঃ।
তস্যৈব সকলা সিদ্ধির্জ্জায়তে তু পদে পদে॥ ২১
ষণ্মাসাজ্জায়তে সিদ্ধির্মনোঽভীষ্টফলং ধ্রুবম্।
রোগং দুঃখঞ্চ শোকঞ্চ উদ্বেগং কুটিলং তথা॥ ২২
কৌটিল্যঞ্চ গরঞ্চৈব যদ্যদ্দুঃখমুপস্থিতম্।
তদ্দুঃখং নাশয়ত্যেব শিবঃ শিবকরঃ পরঃ॥ ২৩
কল্যাণং জায়তে তস্য শুক্লপক্ষে যথা শশী।
বর্দ্ধন্তে তদ্গুণাস্তত্র শিবস্য পূজনাদ্ধ্রুবম্॥ ২৪
এবন্তু তে ময়া প্রোক্তং শ্রুতং ব্যাসমুখাদিহ॥ ২৫

বিখ্যাত শিবলিঙ্গেও অবস্থিত সেই পরম দেবকে—ধূপ, দীপ, তাম্বুল দ্বারা প্রণব উচ্চারণপূর্ব্বক নিজের মস্তকে পূজা এবং আরতি করিবে।—১০। নমস্কার, স্তব, অন্য নানাবিধ মন্ত্র দ্বারা স্তব, জপ, বিধিপূর্ব্বক নমস্কার ও প্রদক্ষিণ করিবে। তাহার পর অর্ঘ্য দান করিয়া পাদযুগলে পুষ্প প্রক্ষেপ করিবে। তাহার পর প্রণাম করিয়া মনে মনে সেই সর্ব্বদেবেশ শিবের অর্চ্চনা করিবে। পরে হস্তে পুষ্প গ্রহণ করিয়া কৃতাঞ্জলি হইয়া গাত্রোত্থানপূর্ব্বক ঈশান মহেশ্বরের নিকট বক্ষ্যমাণ মন্ত্র দ্বারা প্রার্থনা করিবে;—হে শঙ্কর! আমি, অজ্ঞানপূর্ব্বকই হউক অথবা জ্ঞানপূর্ব্বকই হউক আপনার যে পূজা করিয়াছি, আপনি কৃপা করিয়া তাহা সফল করুন। এইরূপ পাঠ করিয়া সেই পুষ্প শিবের উপর নিক্ষেপ করিবে। অনন্তর স্বস্ত্যয়ন করিয়া, নানাবিধ আশীর্ব্বচন পাঠ করিবে। তদনন্তর শিবলিঙ্গের উপর মার্জ্জনা করিবে; তাহার পর নমস্কার এবং পুনরাগমনের নিমিত্ত অপরাধ ক্ষমা করাইবে। অনন্তর অঘ ইত্যাদি কালের উচ্চারণ করিয়া নমস্কার করিয়া সম্পূর্ণ ভক্তিসহকারে পুনর্ব্বার প্রার্থনা করিবে;—আমার যেন জন্মে জন্মে শিবে ভক্তি হয়। শিবভক্তি ভিন্ন আর কিছুই শরণ নাই; হে শিব! আপনি আমার আশ্রয় হউন। সর্ব্বসিদ্ধিপ্রদ সেই মহাদেবের নিকট এইরূপ প্রার্থনা করিয়া পরম ভক্তিসহকারে বিশেষতঃ গালবাদ্য করিয়া পূজা করিবে। তাহার পর সপরিবারে নমস্কার করিয়া অতুল আনন্দ প্রাপ্ত হইয়া, যাহাতে সুখ হয়, এইরূপ উৎসব-কার্য্য করিবে। যে মনুষ্য শিবভক্তিপরায়ণ হইয়া প্রত্যহ এইরূপ পূজা করে, তাহার পদে পদে সমুদয় সিদ্ধি লাভ হয়। ছয়মাসকাল এই নিয়মে শিবপূজা করিলে নিশ্চয়ই সিদ্ধি এবং মনোভীষ্ট ফল লাভ হয়। আর সেই মঙ্গলদাতা পরমদেবতা শিব তাহার রোগ, দুঃখ, শোক, শত্রুজন্য উদ্বেগ, কৌটিল্য, বিষভয় ইত্যাদি যত প্রকার দুঃখ উপস্থিত থাকে, সে সকল সমূলে উন্মূলিত করেন। শিবের পূজা হইতে তাহার মঙ্গল উৎপন্ন হয় এবং শুক্লপক্ষের চন্দ্রের ন্যায় তাহার সদ্গুণ সকল প্রত্যহ বৃদ্ধি প্রাপ্ত হয়। ব্যাসের মুখে আমি যেরূপ শ্রবণ করিয়াছিলাম, এ স্থলে অবিকল

অতঃ পরং প্রবক্ষ্যামি কথাং পাপপ্রণাশিনীম্।
যা পৃচ্ছ্যতে ভবদ্ভিশ্চ তামহং বিধিপূর্ব্বকম্ ॥ ২৬

ইতি শ্রীশৈবে মহাপুরাণে জ্ঞানসংহিতায়াং শিবপূজাবিধির্নামাষ্টমোঽধ্যায়ঃ ॥ ৮ ॥

নবমোঽধ্যায়ঃ।

ঋষয় উচুঃ।

ব্যাসশিষ্য মহাভাগ সম্যগুক্তং ত্বয়ানঘ।
ত্রিপুরস্য জয়ং ব্রূহি কথং বৈ ত্রিপুরো হতঃ ॥ ১
কিং রূপং ত্রিপুরস্যেহ কুত্র বা বিকৃতিং গতঃ।
কিং সৈন্যং তস্য দুষ্টস্য শিবস্য চ মহদ্বলম্ ॥ ২
এতৎ সর্ব্বং প্রযত্নেন অন্যদ্বা বিবিধং পুনঃ।
কথনীয়ং ত্বয়া সম্যক্ত্বস্তং বুদ্ধিমানসি ॥ ৩
এবং বচস্তদা শ্রুত্বা সূতশ্চৈবাব্রবীৎ পুনঃ ॥ ৪

সূত উবাচ।

সাধু পৃষ্টং মহাভাগা লোকানাং হিতকাময়া।
যচ্ছ্রুত্বা সর্ব্বলোকানাং দুঃখহানির্ভবিষ্যতি ॥ ৫
তারপুত্রো মহামায়ো মায়িনামপি মোহকঃ।
সর্ব্বদেবজয়ং কর্ত্তুং তপস্তেপে সুদারুণম্ ॥ ৬
মধোর্বনমুপাশ্রিত্য গুর্ব্বাজ্ঞাপরিপালকঃ।
ঊর্দ্ধবাহুশ্চৈকপাদো রবিং পশ্যন্ স চক্ষুষা ॥ ৭
শতবর্ষং তথা তপ্ত্বা শতমঙ্গুষ্ঠকেন চ।
শতমেকং জলেনৈব শতমেকন্তু বায়ুভুক্ ॥ ৮
শতমেকং জলে তিষ্ঠন্ শতমেকঞ্চ স্থণ্ডিলে।
শতমেকং তথা চাগ্নৌ শতমেকমধোমুখঃ ॥ ৯
শতমেকন্তু হস্তস্য তলেন চ ভুবং স্পৃশন্।
শতমেকন্তু বৃক্ষাণাং শাখামালম্ব্য বৈ মুনে ॥ ১০
অধোমুখস্য বর্ষাণাং শতমেকং গতং তদা।
এবং কষ্টতরং তপ্তং শৃণ্বতামপি দুঃসহম্ ॥ ১১
তস্যৈব শিরসস্তত্র তেজশ্চ নিঃসৃতং মহৎ।
তেনৈব দেবলোকাস্তে দগ্ধপ্রায়া বভূবিরে ॥ ১২

তাহাই কীর্ত্তন করিলাম। ইহার পর আপনারা যে কথার বিষয় প্রশ্ন করিয়াছেন, সেই পাপ-নাশিনী কথার যথাবিধি কীর্ত্তন করিব।১১—২৬।

অষ্টম অধ্যায় সমাপ্ত। ৮ ॥

নবম অধ্যায়।

ঋষিগণ বলিলেন,—হে মহাভাগ, বেদব্যাস-শিষ্য, অনঘ সূত! তুমি উত্তম বলিয়াছ; এক্ষণে ত্রিপুরজয় এবং ত্রিপুরবিনাশের কথা কীর্ত্তন কর। ত্রিপুরের স্বরূপ কীদৃশ, কোথায় বা বিকৃত সেই দুষ্টের সৈন্য কিরূপ ছিল এবং মহাদেবের মহদ্বলের বিষয় কীর্ত্তন কর। তখন তাঁহাদের এই কথা শ্রবণ করিয়া সূত পুনর্ব্বার বলিলেন,—হে মহাত্মগণ আপনারা লোকের হিতকামনায় উত্তম জিজ্ঞাসা করিয়াছেন। ঐ কথা শুনিয়া সকল লোকের দুঃখের হানি হইবে। সেই মহামায় এবং মায়াবি-দিগেরও বিমোহনকারী তার নামক অসুরে-পুত্র নিখিল দেবগণকে পরাজয় করিবা-নিমিত্ত গুরুর আজ্ঞা প্রতিপালন করত মধুর ব-আশ্রয় করিয়া অতি কঠোর তপস্যা করিয়াছিল সে প্রদীপ্ত সূর্য্যমণ্ডলের উপর দৃষ্টি অর্পিত করিয়া ঊর্দ্ধবাহু ও একপদে দণ্ডায়মান হইয়া তপস্যা করিয়াছিল এবং কেবল পাদাঙ্গুষ্ঠের উপর ভর করিয়া একশত বৎসর অতিবাহিত করিয়াছিল। সে একশত বৎসর কেবল জল-পান করিয়া ও একশত বৎসর কেবল বায়ুপ-করিয়া তপস্যা করিয়াছিল। সেই অসুর এক-শত বৎসর জলে দণ্ডায়মান হইয়া, একশ-বৎসর স্থণ্ডিলে অবস্থান করিয়া, একশত বৎস-অগ্নিমধ্যে স্থিতিপূর্ব্বক, শতবৎসর অধোমু-হইয়া এবং একশত বৎসর হাতের তলার দ্বার-মাটী স্পর্শ করিয়া তপস্যা করিয়াছিল। হে মুনে! তাহার পর সে একশত বৎসর বৃক্ষে-শাখা অবলম্বন করিয়া তপস্যা করে। ১—১০ পরে অধোমুখ হইয়া তপস্যা করত একশ-বৎসর অতীত করে। যাহা শুনিলেও দুঃ-হয়, এইরূপ কষ্টকর তপস্যা অনুষ্ঠান করিতে করিতে তাহার মস্তক হইতে মহৎ তেজ নিঃসৃত হইয়াছিল। ঐ তেজঃ দ্বারা দেবগণ দগ্ধপ্রা-

ইন্দ্রশ্চ ভয়মাপেন্নেদ স্বপদং কর্ষয়িষ্যতি।
অত্যন্তদুঃখমাপন্নাঃ সর্ব্বে দেবাস্তদা বিদুঃ ॥ ১৩
অকাণ্ডে চৈব ব্রহ্মাণ্ডং সংহরিষ্যতি বৈ প্রভুঃ।
ইতি সংশয়মাপন্না নিশ্চয়ং নোপলেভিরে ॥ ১৪
এতস্মিন্ সময়ে তে বৈ জ্ঞাতবন্তোঽত্র কারণম্।
ব্রহ্মাণঞ্চ সমুদ্দিশ্য তপস্তপ্যতি দারুণম্ ॥ ১৫
ইতি নিশ্চয়মাপন্না দেবাশ্চৈব পরস্পরম্।
যদি ব্রহ্মা বরং হ্যস্য ন দাস্যতি সুদুষ্করম্।
তথাপি সর্ব্বলোকানাং নাশশ্চৈব ভবিষ্যতি ॥ ১৬
সর্ব্বথা দুঃখমুৎপন্নং যদি নৈব প্রদাস্যতি।
দাস্যতি বা বরং তস্মৈ দুঃখং বৈ সর্ব্বথা ধ্রুবম্ ॥ ১৭
যদি ন দীয়তে হ্যস্মৈ বরং দুঃখহরং নৃণাম্।
অথেদানীঞ্চ লোকানাং নাশো ভবিতুমর্হতি ॥ ১৮
যদি দত্তো বরস্তস্মৈ কালে নাশো ভবিষ্যতি।
এতস্মাচ্চ বরং তস্মৈ দীয়তে নাত্র সংশয়ঃ ॥ ১৯
ইতি কৃত্বা মতিং দেবা ব্রহ্মাণং সমুপস্থিতাঃ।

নমস্কৃত্য স্থিতাস্তত্র তস্মৈ সর্ব্বং ন্যবেদয়ন্ ॥ ২০
ব্রহ্মা সর্ব্বং সুনিশ্চিত্য দেবাজ্ঞাপরিসাধকঃ।
বরং দাতুং তদা তত্র জগাম হংসবাহনঃ ॥ ২১
যত্রৈষ তারকো নাম তপস্তপ্যতি দারুণম্।
উবাচ বচনং তস্মৈ বরং ব্রূহি যথেপ্সিতম্।
তপস্তপ্তং ত্বয়া ঘোরং নাদেয়ং বিদ্যতে তব ॥ ২২
ইত্যেবন্তু তদা শ্রুত্বা তারকাখ্যো মহাসুরঃ।
ব্রহ্মাণং প্রণিপত্যৈবং বরং বব্রে সুদারুণম্ ॥ ২৩

দৈত্য উবাচ।

যদি প্রসন্নে বরদে কিমসাধ্যং ভবেন্মম।
যদি প্রসন্নো দেবেশ যদি দেয়ো বরো মম ॥ ২৪
বরদ্বয়ং তদা দেহ্যং শ্রূয়তাঞ্চ পিতামহ।
ত্বয়া চ নির্ম্মিতে লোকে মত্তুল্যো বলবান্ নহি ॥ ২৫
শিববীর্য্যসমুৎপন্নঃ পুত্রঃ সেনাপতির্যদা।
ভূত্বা শস্ত্রং ক্ষিপেন্মহ্যং তদা মে মরণং ভবেৎ ॥ ২৬

হইয়াছিলেন; আপনার ইন্দ্রত্ব পদের কর্ষণ আশঙ্কায় ইন্দ্র ভয় পাইয়াছিলেন। তখন দেবগণ অত্যন্ত দুঃখপ্রাপ্ত হইয়া মনে মনে চিন্তা করিতে লাগিলেন, ঈশ্বর বুঝি অকাণ্ডে ব্রহ্মাণ্ডের সংহার করিবেন। তাঁহারা এইরূপ সংশয়যুক্ত হইয়া কোনরূপ নিশ্চয় করিতে সক্ষম হন নাই। ইতিমধ্যে দেবগণ পরস্পর জানিতে পারিলেন যে, সেই অসুর, ব্রহ্মার উদ্দেশে অতি নিদারুণ তপস্যা করিতেছে। যদি ব্রহ্মা ইহার অভিমত দুষ্কর বর প্রদান না করেন, তাহা হইলে ইহার তপস্যা দ্বারা সর্ব্বলোকের নাশ হইবে, আর যদি একেবারেই ইহাকে বর প্রদান না করেন, তাহা হইলে ত সর্ব্ব প্রকারে দুঃখ উৎপন্ন হইবে এবং যদি বরদান করেন, তাহা হইলেও নিশ্চয়ই দুঃখ হইবে। অথচ যদি মনুষ্যের দুঃখ হরণের নিমিত্ত তাহাকে বরদান না করা যায়, তাহা হইলে এখনই সকল লোকের নাশ হইবে; কিন্তু তাহাকে বরদান করিলে, এত শীঘ্র নাশ না হইয়া কিছু বিলম্বে নাশ হইবে। এই নিমিত্ত তাহাকে বর দেওয়া উচিত, সে বিষয়ে সংশয় নাই। দেবগণ এইরূপ নিশ্চয় করিয়া ব্রহ্মার নিকটে উপস্থিত হইলেন এবং তাঁহাকে নমস্কার করিয়া সকল বিষয় নিবেদন করিলেন। ১১—২০। দেবকার্য্য-সাধক ব্রহ্মা সমুদয় নিশ্চয় করিয়া হংসের উপর আরোহণপূর্ব্বক তাহাকে বরদান করিবার নিমিত্ত সেই স্থানে গমন করিলেন, যে স্থানে তারকাসুর সুদারুণ তপস্যা করিতেছিল, ব্রহ্মা সেই স্থানে গমন করিয়া তাহাকে বলিলেন, তোমার অভীপ্সিত বর প্রার্থনা কর। তুমি যেরূপ কঠোর তপস্যা করিয়াছ, তোমাকে অদেয় কিছুই নাই। তখন সেই মহাসুর তারক, ব্রহ্মার এইরূপ বাক্য শ্রবণ করিয়া ইঁহাকে প্রণামপূর্ব্বক অতি কঠিন বর প্রার্থনা করিল। দৈত্য বলিল, আপনি যখন প্রসন্ন হইয়া বরদানার্থ আগমন করিয়াছেন, তখন আর আমার অপ্রাপ্য কি হইবে? হে দেবেশ পিতামহ! যদি আপনি প্রসন্ন হইয়া থাকেন এবং আমাকে বরদান করিতে কৃতসঙ্কল্প হইয়া থাকেন, তাহা হইলে আমাকে যে দুইটী বর দিতে হইবে, তাহা শ্রবণ করুন। আপনার নির্ম্মিত লোকে কেহ যেন আমার তুল্য বলবান্ না হয় এবং শিববীর্য্য হইতে সমুৎপন্ন পুত্র যখন সেনাপতি

ইত্যুক্তে চ তদা তেন ব্রহ্মা লোকপিতামহঃ।
বরঞ্চ তাদৃশং দত্ত্বা দেবানুজ্ঞাপরায়ণঃ।
জগাম ভবনং স্বীয়ং দাহঃ শান্তিমুপাগতঃ॥ ২৭
দৈত্যোঽপি তপসস্তস্মাদ্বিররাম মহামুনে।
বরং লব্ধা শুভং তত্র শোণিতাখ্যং পুরং গতঃ॥ ২৮
ইতস্ততশ্চ তে দৈত্যা মিলিতাস্তমথাব্রুবন্।
রাজা ভব ত্বমস্মাকং ত্রিলোক্যাং তারকাসুর॥ ২৯
অভিষিক্তো হি তৈ রাজ্যে দৈত্যাধীশোঽভবং পুরা।
আজ্ঞাং প্রবর্ত্তয়াম্যাস পৃথিব্যাং নান্যশাসনম্॥ ৩০
ব্রহ্মণাঃ ক্ষত্রিয়া বৈশ্যাঃ শূদ্রাশ্চান্যে দ্বিজাতয়ঃ।
সর্ব্বে বৈ পীড়িতাস্তেন তারকেণ দুরাত্মনা॥ ৩১
দেবাশ্চ দানবাশ্চান্যে যক্ষাঃ কিম্পুরুষাস্তদা।
পীড়িতাঃ সর্ব্ব এবৈতে তেভ্যো রত্নান্যুপাদদে॥৩২
ইন্দ্রাদিভিশ্চ দিক্পালৈঃ স্বীয়ং রত্নং সমর্পিতম্।
ইন্দ্রেণোচ্চৈঃশ্রবাস্তস্মৈ ধর্ম্মেণ রত্নদণ্ডকম্॥ ৩৩
কুবেরেণ গদা তস্মৈ নিধয়ো নব এব চ।
বরুণেন হয়াঃ শুভ্রা ঋষিভিঃ কামধুক্ তথা॥ ৩৪
যত্র যত্র শুভং দৃষ্টং তত্তদানীতবাংস্তদা।
সমুদ্রশ্চ তথা রত্নান্যদাং তস্মৈ পুরা মুনে॥ ৩৫
সূর্য্যশ্চ তপ্যতে তাবদ্যাবদ্দুঃখং ন জায়তে।
চন্দ্রস্তত্র সদা দৃশ্যো বায়ুঃ সর্ব্বানুকূলবান্॥ ৩৬
দেবানাঞ্চৈব যদ্ধব্যং পিতৃণাং কব্যমেব চ।
তং সর্ব্বং সমুপাদত্তমসুরেণ বলীয়সা॥ ৩৭
ত্রৈলোক্যঞ্চৈব তৎ সর্ব্বং তারকাজ্ঞাপরায়ণম্।
তে দেবাশ্চ সদা তত্র সেবামার্গপরায়ণাঃ॥ ৩৮
ঋষয়শ্চ তদা সর্ব্বে তদাজ্ঞাপরিপালকাঃ।
যক্ষাঃ কিম্পুরুষাশ্চান্যে কিং পুনর্মানুষা ইমে॥৩৯
দেবোদ্যানানি সর্ব্বাণি তীর্থান্যপি মহামুনে।
আনীতানি গৃহে তেন ন কিঞ্চিদবশেষিতম্॥ ৪০

হইয়া আমার উপর অস্ত্র নিক্ষেপ করিবেন; তখনই যেন আমার বিনাশ হয়। দেবগণ-প্রেরিত লোক-পিতামহ ব্রহ্মা, তারকাসুরের এই কথা শ্রবণান্তে তাহাকে তাদৃশ বর প্রদান করিয়া আপনার ভবনে প্রত্যাগমন করিলেন, তৎক্ষণাৎ দাহেরও শান্তি হইল। হে মহামুনে! সেই দৈত্যও শুভবর লাভ করিয়া তাদৃশ তপস্যা হইতে বিরত হইল এবং শোণিত নামক পুরে গমন করিল। তখন চতুর্দ্দিক্ হইতে দৈত্যগণ মিলিত হইয়া তাহাকে বলিল, হে তারকাসুর! তুমি এই ত্রিলোকের মধ্যে আমাদিগের রাজা হও। পূর্ব্বকালে সেই দৈত্যগণ কর্ত্তৃক অভিষিক্ত হইয়া তারকাসুর দৈত্যাধীশ হইয়াছিল এবং পৃথিবীতে একাধিপত্য স্থাপন করিয়াছিল। ২১—৩০। সেই দুরাত্মা তারকাসুর ব্রাহ্মণ, ক্ষত্রিয়, বৈশ্য এবং অন্যান্য দ্বিজাতি-দিগকে পীড়িত করিয়াছিল। দেবতা এবং যাহারা তাহার সম্প্রদায়ভুক্ত নয়, এইরূপ অন্য দানব, যক্ষ ও কিম্পুরুষগণ, ইহারা সকলে তাহা কর্ত্তৃক উৎপীড়িত হইয়াছিল; ঐ তারকাসুর তাহাদিগের নিকট হইতে রত্ন সকল গ্রহণ করিয়াছিল। ইন্দ্রাদি দিক্পালগণ নিজে নিজেই স্ব স্ব শ্রেষ্ঠ বস্তু তাহাকে অর্পণ করিয়াছিলেন। যথা,—ইন্দ্র উচ্চৈঃশ্রবা অশ্ব এবং ধর্ম্ম রত্নময় দণ্ড তাহাকে উপহার প্রদান করিয়াছিলেন। কুবের তাহাকে গদা এবং নবটী নিধি দান করিয়াছিলেন। বরুণ বিশুদ্ধ অশ্ব এবং ঋষিগণ কামধেনু দান করিয়াছিলেন। যেখানে যেখানে যে কোন শুভবস্তু দেখিতে পাইয়াছিল, তারকাসুর তাহাই গ্রহণ করিয়াছিল। হে মুনে! সমুদ্রও তাহাকে রত্ন সকল দান করিয়াছিলেন। তাহার রাজ্যে সূর্য্য তত্টুকুমাত্র তেজ প্রকাশ করিতেন, যাহাতে লোকের দুঃখ হইত না। তাহার রাজ্যে সকল দিনই চন্দ্রের উদয় হইত এবং অনুকূল বায়ু সর্ব্বদা বহন করিত। সেই বলবান অসুর, দেবগণের হব্য এবং পিতৃগণের কব্য গ্রহণ করিয়াছিল। সমুদয় ত্রৈলোক্য তারকাসুরের আজ্ঞানুবর্ত্তী হইয়াছিল; সেই সকল দেবগণ সর্ব্বদা তাহার সেবায় নিযুক্ত ছিলেন। ঋষিগণ, যক্ষগণ কিম্পুরুষগণ ইহারা সকলে যখন তাহার আজ্ঞাপ্রতিপালনে নিযুক্ত হইয়াছিলেন, তখন মনুষ্যদিগের ত কথাই নাই। হে মহামুনে! সেই তারকাসুর নিজের গৃহে যাবতীয় দেবোদ্যান ও তীর্থই আনয়ন করিয়া

এবং বর্ষাণ্যনেকানি গতানি পীড়িতাস্তদা।
সর্ব্বে দেবা মিলিত্বা চ ব্রহ্মাণং শরণং গতাঃ ॥৬১

ইতি শ্রীশৈবে মহাপুরাণে জ্ঞানসংহিতায়াং
তারকোপাখ্যানে দেবগমনং নাম
নবমোঽধ্যায়ঃ ॥ ৯ ॥

দশমোঽধ্যায়ঃ।

সূত উবাচ।

তে সর্ব্বে চ তদা গত্বা ব্রহ্মাণং জগতঃ প্রভুম্।
নমস্কৃত্য স্থিতাস্তত্র নম্রীভূতা ঋষীশ্বরাঃ ॥ ১
তান্ বিষণ্ণান্ সুদা তত্র দৃষ্ট্বোবাচ পিতামহঃ।
আগতা কথং প্রাপ্তাঃ কিং দুঃখং ভবতাং পুনঃ।
তদহং মোচয়িষ্যামি সাধ্যং যদি ভবেদিহ ॥ ২
ইত্যেতদ্বচনং শ্রুত্বা ব্রহ্মণঃ পরমেষ্ঠিনঃ।
দেবাঃ সমুৎসুকাঃ সর্ব্বে বচনমেতদব্রুবন্ ॥ ৩

ছিল; কিছুই বলিবার সাধ্য নাই। এইরূপে অনেক বৎসর গত হইলে সেই পীড়িত দেবগণ মিলিত হইয়া ব্রহ্মার শরণাগত হইলেন ৩১—৬১।

নবম অধ্যায় সমাপ্ত ॥ ৯ ॥

দশম অধ্যায়।

সূত বলিলেন,—হে ঋষীশ্বরগণ! তখন সেই দেবগণ জগতের প্রভু ব্রহ্মাকে প্রাপ্ত হইয়া নমস্কার করিয়া তাঁহার অগ্রে নম্রভাবে অবস্থান করিতে লাগিলেন। পিতামহ ব্রহ্মা তাঁহাদিগকে বিষণ্ণ দেখিয়া বলিলেন, তোমরা কি নিমিত্ত এখানে আসিয়াছ এবং তোমাদের দুঃখই বা কি? যদি আমার সাধ্য হয়, তাহা হইলে আমি তোমাদিগের দুঃখমোচন করিব। হে মহর্ষিগণ! ব্রহ্মার এই কথা শুনিয়া সেই সকাতর-হৃদয় দেবগণ নম্রতার সহিত সকল

দেবা ঊচুঃ।

ভবতঃ কিমবিজ্ঞাতং দুঃখঞ্চ যদুপস্থিতম্।
তারকাচ্চৈব যদ্দুঃখং সম্ভূতং পরমেশ্বর ॥ ৪
তদ্দুঃখং নাশয় ত্বঞ্চ বয়ং সর্ব্বে সমাগতাঃ।
ইত্যেবং বচনং শ্রুত্বা ব্রহ্মা বচনমব্রবীৎ ॥ ৫

ব্রহ্মোবাচ।

মত্তো নৈব বধো যোগ্যো মত্তো বৃদ্ধিমুপাগতঃ।
উপায়ং বো দিশাম্যদ্য শ্রূয়তামৃষিসত্তমাঃ ॥ ৬
শিববীর্য্যসমুৎপন্নঃ পুত্রস্তেনং হনিষ্যতি।
তচ্চৈব দুর্লভং দেবা বিচার্য্যৈবং নিরন্তরম্ ॥ ৭
বুদ্ধিরেকা সমুৎপন্না তথা চ ক্রিয়তে যদি।
হিমবচ্ছিখরে রম্যে শম্ভুস্তপতি নিত্যশঃ ॥ ৮
সখীভ্যাং সহিতা তত্র পরিচর্য্যাং শিবস্য চ।
বচনান্নারদস্যৈবমুমা পিত্রানুশাসিতা ॥ ৯

বলিয়াছিলেন। দেবগণ বলিলেন, আমাদের যে দুঃখ, তাহা আপনার অবিদিত কিছুই নাই হে পরমেশ্বর! ঐ দুঃখ, তারকাসুর হইতে সম্ভূত হইয়াছে, আপনি উহার নাশ করুন; এইজন্য আমরা সকলে আগত হইয়াছি। এই কথা শুনিয়া ব্রহ্মা বলিলেন,—সেই তারকাসুর যখন আমার নিকট হইতে বৃদ্ধি প্রাপ্ত হইয়াছে, তখন আমি আর উহার নাশ করিতে পারি না। ব্রহ্মা বলিলেন, হে ঋষিগণ!* তোমাদিগকে উপায় বলিতেছি, শ্রবণ কর শিববীর্য্য হইতে উৎপন্ন পুত্র উহাকে বিনাশ করিবে। হে দেবগণ! সেই কার্য্য অতি দুর্লভ, এইরূপ নিরন্তর বিচার করত আমার একরূপ বুদ্ধি হইয়াছে, দেখ, যদি করিতে পার। মহাদেব একাকী সর্ব্বদা হিমালয়ের সুরম্য শিখরদেশে তপস্যা করিতেছেন এবং নারদের বচনে পিতার অনুমতিক্রমে উমাদেবী

* যদিও পূর্ব্বে কেবল দেবগণের ব্রহ্মার নিকট গমনের কথা আছে, কিন্তু ১৭ শ্লোকে ঋষিগণও সেই সঙ্গে ছিলেন, এইরূপ আভাস থাকায় এস্থলে সম্বোধন অসঙ্গত নয়।

করোতীহ ঋষিশ্রেষ্ঠাস্তস্যাঃ সংযোগতাং ব্রজেৎ।
যদা শিবস্তদা তত্র তস্যাং বীর্য্যং সমাবপেৎ ॥১০
ততস্তেঽবাম বঃ কার্য্যং ভবিষ্যতি ন চান্যথা।
শিববীর্য্যং সমাধাতুং ক্ষমা নান্যাপরা শিবা ॥ ১১
যথা বীর্য্যং মদীয়ং বৈ জলরূপধরঃ শিবঃ।
সমাধাতুং সমর্থোঽস্তি তস্মাদন্যো ন বৈ সুতঃ ॥১২
তথোপায়ং করিষ্যধ্বং তদা সিদ্ধির্ভবিষ্যতি।
ইত্যেবং বচনং তস্য শ্রুত্বা তে সর্ব্ব এব হি ॥ ১৩
নমস্কৃত্য সুরাস্তত্র বিচার্য্য তু পরস্পরম্।
তে সর্ব্বে তু মরুত্বন্তং সর্ব্বং কার্য্যং ন্যবেদয়ন্ ॥১৪
যথা যথা শিবায়ৈব * রুচিরুৎপদ্যতে তথা।
মঘবংস্ত্বয়া চ কর্ত্তব্যং ব্রহ্মোক্তং সর্ব্বমেব তৎ ॥১৫
ইত্যেবং সকলং দেবং নিবেদ্য বিধিবৎ পুনঃ।
জগ্মুস্তে মুনয়ো দেবাঃ স্বং স্বং স্থানং মুদান্বিতাঃ ॥

সখীজনের সহিত সেই স্থানে তাঁহার পরিচর্য্যা করিতেছেন; অতএব এই স্থানেই শিবের সহিত উমার সংযোগ হইতে পারে। যখন শিব সেই স্থানে উমাতে স্বীয় বীর্য্য বপন করিবেন, তখনই তোমাদের কার্য্যসিদ্ধি হইবে, সে বিষয়ে কোন সংশয় নাই। যেমন জলরূপী মহাদেব ভিন্ন আমার বীর্য্য ধারণ করিতে অন্য কেহই সমর্থ হয় না; তদ্রূপ শিব-বীর্য্য ধারণ করিতে সেই দেবীশ্রেষ্ঠা শিবা ভিন্ন অন্য কোন নারী সমর্থ নহে। ১—১১। অতএব তোমরা সেই উপায় সম্ঘটন কর, তাহা হইলে সিদ্ধিলাভ হইবে। সেই সকল দেবগণ ব্রহ্মার এইরূপ বাক্য শ্রবণ করিয়া তাঁহাকে নমস্কার করণানন্তর পরস্পর বিবেচনা করিয়া ইন্দ্রকে নিবেদন করিলেন;—হে মঘবন! ব্রহ্মা যে উপায় বলিয়া দিয়াছেন, আপনি অবশ্য তাহার অনুষ্ঠান করিবেন এবং যে উপায়ে শিবের কাম-প্রবৃত্তি হইতে পারে, তাহা আপনার কর্ত্তব্য। সেই সকল মুনিগণ এবং দেবগণ ইন্দ্রদেবকে যথারীতি ব্রহ্মার বাক্য সকল নিবেদন করিয়া হৃষ্টান্তঃকরণে স্ব স্ব স্থানে গমন করিলেন।

গতেষু তেষু দেবেন্দ্রঃ সস্মার মকরধ্বজম্।
আগতস্তৎক্ষণাদেব রত্যা যুক্তঃ স্মরঃ প্রভুঃ ॥ ১৭
প্রণামঞ্চ ততঃ কৃত্বা স্থিত্বা প্রাঞ্জলিরব্রবীৎ।
কিং কার্য্যং তে সমুৎপন্নং স্মৃতোঽহং কেন হেতুনা
তৎ ত্বং কথয় দেবেশ তৎ কর্ত্তুং সমুপাগতঃ।
ইত্যুক্ত্বা তু মহেন্দ্রায় স্থিতস্তূষ্ণীং তদা স হ ॥১৯
ইন্দ্রোঽপি বচনং শ্রুত্বা কন্দর্পস্য মহাত্মনঃ।
উবাচ বচনং তং বৈ যুক্তং যুক্তমিতি স্তুবন্ ॥ ২০

ইন্দ্র উবাচ।

ত্বয়া সাধু সমারব্ধং যৎ তে কার্য্যমুপস্থিতম্।
তৎ কর্ত্তুমুদ্যতোঽসি ত্বং ধন্যস্ত্বং মকরধ্বজ ॥ ২১
প্রস্তুতং শৃণু মদ্বাক্যং কথয়ামি তবানঘ ॥ ২২
মদীয়ঞ্চৈব যৎ কার্য্যং তৎ ত্বদীয়ং ন চান্যথা।
মিত্রাণি মম সন্ত্যেব ত্বত্তুল্যানি কদাচ ন ॥ ২৩
জয়ার্থং মম দেবেন নির্ম্মিতং বজ্রমুত্তমম্।

তাঁহারা গমন করিলে ইন্দ্র কন্দর্পকে স্মরণ করিলেন। স্মরণমাত্রেই সেই প্রভাবশালী কন্দর্প রতির সহিত সেই স্থানে সমাগত হইয়া প্রণামপূর্ব্বক তাঁহার সম্মুখে কৃতাঞ্জলিপুটে দণ্ডায়মান হইয়া বলিতে লাগিলেন,—আপনার কি আবশ্যক হইয়াছে? আমাকে কি কারণে স্মরণ করিয়াছেন? হে দেবেশ! আমাকে যথার্থ আজ্ঞা করুন, আমি উহা সম্পাদন করিতেই আগত হইয়াছি। কন্দর্প ইন্দ্রকে এই কথা বলিয়া রতির সহিত নীরবে অবস্থান করিতে লাগিলেন। ১২—১৯। ইন্দ্রও মহাত্মা কন্দর্পের সেই বাক্য শ্রবণ করিয়া, তুমি ঠিক ঠিক অনুমান করিয়াছ' এইরূপে প্রশংসা করত তাঁহাকে বলিলেন,—হে মকরধ্বজ! তুমি উত্তম বিবেচনা করিয়াছ; তোমার যেরূপ কার্য্য উপস্থিত হউক না, তুমি যে তাহা করিতে উদ্যুক্ত হইয়াছ, তজ্জন্য তোমাকে ধন্যবাদ। হে অনঘ! সম্প্রতি তোমার যে কার্য্য উপস্থিত তাহা আমি বলিতেছি, শ্রবণ কর। আমার যে কার্য্য, তাহা তোমারই কার্য্য; আমার অনেক মিত্র আছেন বটে, কিন্তু তোমার তুল্য কেহ নাই। আমার জয়ের নিমিত্ত পরমেশ্বর পূর্ব্ব-

* শিবায়ৈব ইতি পাঠান্তরম্।

...ভবানেব দেবৈর্নির্ম্মিতঃ পুরা ॥ ২৪
...হিংসাত্মকং বিদ্ধি ভবান্ সুখকরঃ মতম্।
...রপি ভবানদ্য শ্রেষ্ঠঃ সর্ব্বেষু সত্তম ॥ ২৫
...নিষ্ফলং স্যাদ্বৈ ত্বন্তু নৈব কদাপি হি।
...হিতঃ প্রকুর্য্যেত ততঃ কো নু প্রিয়ঃ পরঃ ॥
...মিত্রবরত্বঞ্চ কার্য্যং কর্ত্তুমিহার্হসি ॥ ২৭
...দুঃখং সমুৎপন্নমসাধ্যং বহুকালিকম্।
...পি নৈব তচ্ছক্যং দূরীকর্ত্তুং ত্বয়া বিনা ॥ ২৮
...স্যৈব পরীক্ষা বৈ দুর্ভিক্ষে জায়তে নৃভিঃ।
...ব তু সংগ্রামে মিত্রস্য চ তথাপদি ॥ ২৯
...স্ত্রো চ তথ স্ত্রীণাং বিপত্তৌ সুহৃদস্য চ।
...স্য চ পরে স্নেহস্য সত্যস্য সঙ্কটে পতে।
...ক্ষা তু তবৈয়্যদ্য মিত্রবর্য্য ভবিষ্যতি ॥ ৩০
...কেবলং মদীয়ঞ্চ কার্য্যং দেবসুখবহম্
...চিন্তয়ন্তঃ কর্ত্তব্যং ত্বয়া ...ত্তম্ ॥ ৩১

ইত্যেবং মঘবদ্বাক্যং শ্রুত্বা তু মকরধ্বজঃ।
উবাচ প্রেমগম্ভীরং গদগদস্মিতপূর্ব্বকম্ ॥ ৩২

কাম উবাচ।

কিমর্থং ভাষসে দেব নান্তরং হ্যাবয়োরিহ।
উপকৃৎ কৃত্রিমো লোকে দৃশ্যতে কথনেন চ ॥ ৩৩
কথনৈব চ যো ব্রূয়াৎ স কিং কার্য্যং করিষ্যতি।
তথাপিচ মহারাজ কথয়ামি শৃণুষ্ব তৎ ॥ ৩৪
মুক্তিমার্গং সমাপন্নং তে শত্রুং পাতয়াম্যহম্।
তে পদং কাঙ্ক্ষিতুং যো বৈ তপস্তপ্যতি দারুণম্ ॥ ৩৫
ক্ষণেন পাতয়াম্যদ্য কটাক্ষেণ স্ত্রিয়াস্তথা।
দেবং বা দানবং বাপি ঋষিং বা দেবসত্তম ॥ ৩৬
মনুষ্যাণাং ন বৈ মেহদ্য পতনে পাতনে মতা।
বজ্রং তিষ্ঠতু দূরে বৈ শস্ত্রাণ্যস্ত্রাণ্যনেকশঃ ॥ ৩৭
কিং তে কার্য্যং করিষ্যন্তি ময়ি মিত্রে স্থিতে প্রভো।
অক্লেশাৎ পতনা নাস্তি পাতয়ামি হরং যদি ॥ ৩৮

...ল বজ্র নামে একটী অস্ত্র নির্ম্মাণ করিয়াছেন, ...র একটী অস্ত্র তোমাকে নির্ম্মাণ করিয়াছেন। ... হিংসাত্মক, তুমি অতি সুখকর। হে ...ম! ঐ দুয়ের মধ্যে সকল বিষয়ে তুমিই ...ষ্ঠ। বজ্র কখন কখন নিষ্ফল হয়, কিন্তু ...কখন নিষ্ফল হও না। যেহেতু তুমি ...র হিতকর, অতএব তোমা অপেক্ষা আর ...প্রিয় আছে? এই নিমিত্ত তুমি মিত্রপ্রবর ...তুমিই এই কার্য্য করিতে উপযুক্ত পাত্র। ...মার অনেক দিন অবধি একটী অসাধ্য দুঃখ ...পন্ন হইয়াছে; তোমা ভিন্ন আর কেহই ঐ ...দূর করিতে সমর্থ নয়। দেখ দুর্ভিক্ষ ...সেই মনুষ্যগণ দাতার পরীক্ষা করিতে পারে। ...রূপ যুদ্ধে বীরের পরীক্ষা, আপৎকালে ...ত্রর পরীক্ষা, অশক্তি কালে স্ত্রীদিগের এবং ...ত্তি কালে সুহৃদের পরীক্ষা হয়। যেমন ...ক্ষে স্নেহের পরীক্ষা এবং সঙ্কট সময়ে ...র পরীক্ষা হয়, হে মিত্রবর্য্য! সেইরূপ ...তোমারও পরীক্ষা হইবে। ২০—৩০। ...ল ইহা আমার একলার কার্য্য নয়, ইহা ...ল দেবগণের সুখাবহ কার্য্য। আমরা ...দেবগণ শাক্ষ্য করিতেছি, তুমি এই

তপকার্য্য অবশ্য করিবে। মকরধ্বজ ইন্দ্রের এইরূপ বাক্য শ্রবণ করিয়া স্মিতমুখে গদগদস্বরে প্রেমপূর্ণ বাক্য বলিলেন. কাম বলিলেন, হে দেব! আপনি কি নিমিত্ত এত বলিতেছেন? এই সংসারে আমাদের দুজনের মধ্যে কিছুই ভেদ নাই। লোকে, উপকারের নিমিত্ত প্রার্থিত ব্যক্তি যদি কেবল কতকগুলি বাক্য বলে, তাহা হইলে কৃত্রিম বলিয়া জ্ঞাত হয়। যে, মুখে বাগাড়ম্বর করে, তাহা দ্বারা কি কার্য্য হইতে পারে? তথাপি হে মহারাজ! আমি কিঞ্চিৎ বলিতেছি, শ্রবণ করুন। যদি আপনার কোন শত্রু মুক্তিমার্গ প্রাপ্ত হইতে ইচ্ছা করিয়া থাকে, তাহা হইলে আমি তাহাকে সেই পথ হইতে পাতিত করিব। হে দেবসত্তম! যদি দেব, দানব অথবা কোন ঋষি আপনার পদ লাভ করিবার জন্য দারুণ তপশ্চরণে নিযুক্ত হইয়া থাকে, তাহা হইলে আমি ক্ষণকালের মধ্যেই স্ত্রীর কটাক্ষ দ্বারা তাহার সেই তপস্যার ভঙ্গ করিব। মনুষ্যের নিপাতনে ত আমার কিঞ্চিন্মাত্র চিন্তা হয় না। আপনার বজ্র বা অন্যান্য নানাবিধ অস্ত্র দূরে থাকুক; হে প্রভো! আমি মিত্র থাকিতে ঐ সকল অস্ত্রের প্রয়োজন কি?

এবং বচনং তস্য শ্রুত্বা হর্ষমুপাগতঃ।
উবাচ প্রহসন্ বাচং কামং কান্তাসুখাবহম্ ॥ ৩৯
ঈশ উবাচ।
যৎ কার্য্যং মনসোদ্দিষ্টং তৎ কার্য্যং কথিতং ত্বয়া।
শৃণু কর্ম প্রবক্ষ্যামি যদর্থং স্মরণং তব ॥ ৪০
তারকাখ্যো মহাদৈত্যো ব্রহ্মণো বরমুত্তমম্।
সম্প্রাপ্য পীড়য়তে লোকান্ নষ্টধর্ম্মা হ্যনেকশঃ ॥ ৪১
দুঃখিতা দেবতাঃ সর্ব্বা ঋষয়শ্চ তথামলাঃ।
দেবসারাদ্দৈত্যস্তত্র বিক্রান্তভবন প্রভো ॥ ৪২
মরণং নৈব তস্যেহ ভবিষ্যতি কদাচন।
এতস্য মরণং প্রোক্তং শম্ভুবীর্য্যাদ্দুরাত্মনঃ ॥ ৪৩
এতৎ কার্য্যং ত্বয়া সাধ্যং দেবানাং পরমং সুখম্।
মমাপি চ হিতং লোকে কর্ত্তুমর্হসি সাম্প্রতম্ ॥ ৪৪
শম্ভুশ্চ গিরিরাজে বৈ তপঃ পরমমাস্থিতঃ।
তৎসমীপে চ সেবার্থং পার্ব্বতী সখীসংযুতা।
স্থিতাস্তি চ মহারাজ পিত্রাজ্ঞপ্তা ময়া শ্রুতম্ ॥ ৪৫
যথা তস্যাং রুচিস্তস্য শিবস্য পরমাত্মনঃ।
জায়তে নিতরাং কাম তথা কার্য্যং ত্বয়া ধ্রুবম্ ॥ ৪৬
ইতি কৃত্বা কৃতী স্যাত্ত্বং দুঃখং চৈব গমিষ্যতি।
লোকস্বাস্থ্যং প্রতাপাং তে ভবিষ্যতি ন চান্যথা ॥
ইত্যুক্তঃ স তু কামো বৈ প্রফুল্লমুখপঙ্কজঃ।
অব্রবীৎ তং তদা তত্র হিতমুৎপাদয়ন্ প্রভুম্ ॥ ৪৮
প্রেম্ণা স্নিগ্ধং দেবেশং করিষ্যামি ন সংশয়ঃ ॥ ৪৯
ইত্যুক্ত্বা বচনং তস্মৈ তথেত্যোমিতি তদ্বচঃ।
গৃহীত্বা শিরসা কামঃ সদারঃ সবসন্তকঃ ॥ ৫০
যত্র চৈব হরঃ সাক্ষাৎ তপতে পরমং তপঃ।
তত্র গত্বা মধুশ্চাদৌ ধর্ম্মং বিস্তারয়ন্ স্থিতঃ ॥ ৫১
বসন্তস্য চ যে ধর্ম্মাস্তে ধর্ম্মাস্তদ্বনে গতাঃ।
বনানি চ প্রফুল্লানি পলাশানাঞ্চ তদ্বনে ॥ ৫৩
পুষ্পাণি সহকারেষু অশোকবনিকাসু চ।

আমি আর কাহাকেও গণনা করি না, স্বয়ং মহাদেবেরও ধৈর্য্যচ্যুতি করিতে পারি ৩১—৩৮। ইন্দ্র, মদনের এই বাক্য শ্রবণ করিয়া অত্যন্ত হর্ষ প্রাপ্ত হইলেন এবং রতির কর্ণসুখকর বাক্যের রচনা করিয়া কন্দর্পকে বলিলেন,—আমাদের মনের উদ্দিষ্ট কার্য্য তুমি ব্যক্ত করিলে, অতএব হে কাম! তোমাকে যে জন্য স্মরণ করিয়াছি, তাহা শ্রবণ কর। তারক নামে মহাদৈত্য ব্রহ্মার নিকট হইতে উত্তম বর প্রাপ্ত হইয়া লোককে ব্যথিত করিতেছে এবং তাহার দ্বারা অনেক প্রকারে ধর্ম্ম সকল নষ্ট হইতেছে। হে প্রভাবশালিন কন্দর্প! সমুদয় দেবগণ ও অমলব্রত ঋষিগণ তাহা হইতে অতিশয় দুঃখ পাইতেছেন এবং তাহার নিকট দেবগণের অস্ত্র সকল নিষ্ফল হইয়াছে। তাহার কখনই সাধারণ উপায়ে মৃত্যু হইবে না; কারণ মহাদেবের বীর্য্য হইতেই সেই দুরাত্মার মরণ নির্দ্ধারিত হইয়াছে। এই দেবগণের পরম সুখকর কার্য্য তোমা কর্ত্তৃকই সাধিত হইবে এবং এই সংসারে উহা আমারও হিতকর; অতএব তুমি উহা সম্পাদন কর। মহাদেব এক্ষণে হিমালয়ে পরম তপস্যার অনুষ্ঠান করিতেছেন এবং তাঁহার নিকটে পিতার আজ্ঞায় পার্ব্বতী সখী-সমভিব্যাহারে সেবার নিমিত্ত অবস্থান করিতেছেন; হে মহারাজ কন্দর্প! আমি এই কথা শুনিয়াছি। অতএব সেই পার্ব্বতীর উপর পরমাত্মা মহাদেবের কামপ্রবৃত্তি যাহাতে উৎপন্ন হয়, হে কাম! তুমি নিশ্চয় সেইরূপ কার্য্য করিবে। এই কার্য্য নিষ্পাদন করিতে পারিলে তুমিও যশস্বী হইবে এবং আমাদেরও দুঃখ দূর হইবে। তোমার প্রতাপে যে লোকের স্বাস্থ্য হইবে, তাহাতে কোন সংশয় নাই। ইন্দ্র কর্ত্তৃক এইরূপে উক্ত হইয়া মদনের মুখপঙ্কজ প্রফুল্ল হই[ল] এবং সেই প্রভু ইন্দ্রকে হিতযুক্ত বাক্য বলিলেন,—আমি নিশ্চয়ই সেই দেবদেব মহাদেবের হৃদয় প্রেমে আর্দ্র করিব। ৩৯—৪৯। মদন ইন্দ্রকে এই কথা বলিয়া ওঁ বলিয়া অবনত মস্তকে ইন্দ্রের বাক্য গ্রহণ করিয়া, যে স্থানে মহাদেব স্বয়ং সেই পরম তপস্যার অনুষ্ঠান করিতেছিলেন, সেই স্থানে রতি এবং বসন্তের সহিত উপস্থিত হইলেন। বসন্ত সেই স্থানে প্রথমে আপনার ধর্ম্ম প্রকাশ করিল। বসন্তের ধর্ম্ম সকল সেই বনে প্রকাশিত হইলে, ক[illegible] সকল প্রফুল্ল হইল এবং সেই বনে পলাশ

বকুলেষু চ পুষ্পাণি উদ্ভবন্ত্যাকুলিতানি চ ॥ ৫৩
তিলকেষু তথৈকেষু কোকিলাকলকূজিতম্।
ভ্রমরাণাং তথা শব্দো হ্যন্যেকোহভূমহামুনে ॥ ৫৪
চন্দ্রস্য বিশদা আসন্ কিরণা দূতিকা ইব।
মানিনঃ প্রেরয়ামাসুঃ কালে কামপলার্পিতাম্ *॥৫৫
মারুতস্য সুখস্পর্শো ববৌ বিরহিণাং প্রিয়ঃ।
বনৌকসাং তদা তত্র মুনীনাং দুঃসহো হ্যভূৎ ॥৫৬
অচেতনানাং তত্রাসীৎ কামাসক্তিঃ সচেতসাম্।
অকালিনীং প্রবৃত্তিঞ্চ মধোর্বীক্ষ্য হরস্তদা ॥ ৫৭
আশ্চর্য্যং পরমং গত্বা তপঃ পরমদুষ্করম্।
তপশ্চকার তত্রৈব হরো দুঃখহরঃ পরঃ ॥ ৫৮
বসন্তে প্রসৃতে তত্র কামো রতিসমন্বিতঃ।
চূতং বাণং সমাকৃষ্য স্থিতঃ পার্শ্বে তু বামতঃ ॥৫৯

সহকার, অশোক ও বকুল বৃক্ষসমূহে পুষ্পোদ্গম হইল এবং তাহাতে ভ্রমরগণ ঝঙ্কার করিতে লাগিল। হে মহামুনে! সেই বনে তিলকপুষ্প সকল প্রফুল্ল হইল। কোন কোন বৃক্ষে কোকিলগণ কুহুরব করিতে লাগিল এবং কোন কোন বৃক্ষে ভ্রমরগণ নানাবিধ শব্দ করিতে লাগিল। সেই সময় চন্দ্রের কিরণ অতিশয় নির্মল হইল এবং দূতীর ন্যায় মানী জনকে কন্দর্পের অভ্যুত্থান করিয়া প্রিয়ার নিকট পাঠাইতে লাগিল। বিরহিগণের সুখসেব্য বায়ু মৃদু বহিতে লাগিল এবং উহা সেই বনবাসী মুনিদিগের পক্ষে অতিশয় দুঃসহ হইয়া উঠিল। অধিক কি সেইকালে অচেতন সচেতন সকলেরই কামপ্রবৃত্তি উদ্দীপিত হইল। সেই সময় শ্রেষ্ঠ দুঃখহর মহাদেব বসন্তের আকালিকী প্রবৃত্তি দেখিয়া বিস্ময়াবিষ্টচিত্তে দৃঢ়তার সহিত সেই পরম দুষ্কর তপস্যার অনুষ্ঠান করিতে লাগিলেন। বসন্ত সেই বন অধিকার করিলে কন্দর্প রতির সহিত মিলিত হইয়া এবং চূতবাণ আকর্ষণ করিয়া সেই দেবদেবের বামপার্শ্বে অবস্থান করিতে লাগিল। এ সংসারে এমন কে আছে, যে, রতির সহিত কন্দর্পকে অবলোকন

* অকালে কামদর্পিতামিতি পাঠান্তরম্।

স্থিতা। যুক্তং তদা কামং দৃষ্ট্বা কো বা ন মোহিতঃ
এতস্মিন্নন্তরে দেবী পুষ্পাভরণভূষিতা ॥ ৬০
সখীভ্যাং সংযুতা তত্র যত্র তিষ্ঠত্যরঃ স্বয়ম্।
জগাম শিবপূজার্থং নীত্বা পুষ্পাণ্যনেকশঃ ॥ ৬১
পৃথিব্যাং যাদৃশং লোকে সৌন্দর্য্যং বিবিধং মহৎ।
তৎ সর্ব্বমেকতস্থস্যাং পার্ব্বত্যান্তু বিনির্ম্মিতম্ ॥৬২
আর্ত্তবানি চ পুষ্পাণি ধৃতানি চ তয়া তদা।
তৎ সৌন্দর্য্যং কথং বর্ণ্যমপি বর্ষশতৈরপি ॥ ৬৩
যদা শিবসমীপে তু গতা সা পর্ব্বতাত্মজা।
তদৈব কন্দর্পশ্চাপং চকর্ষ শূলপাণিনঃ ॥ ৬৪
তচ্চাপং পতিতং হস্তাৎ পার্শ্বে তস্য চ বৈ তদা ॥
তস্য গত্বোৎপলাক্ষ্যা বৈ দৃষ্টঃ শম্ভুঃ স্বয়ং তদা ॥৬৫
নমস্কৃত্য তদা পূজাং কৃত্বাসীৎ পুরতঃ স্থিতা।
সা দৃষ্টা প্রভুণা তত্র সুন্দরাঙ্গং বিভ্রতী ॥ ৬৬
শিবোঽপি বর্ণয়ামাস তদঙ্গং সুন্দরং তদা।
কিং মুখং কিং শশাঙ্কস্য কিং নেত্রে চোৎপলে মতে।

করিয়া বিমোহিত না হয়। এই সময় দেবী পার্ব্বতী পুষ্পাভরণে ভূষিতা হইয়া যেখানে স্বয়ং মহেশ্বর বিরাজ করিতেছিলেন, সেই স্থানে সখীদ্বয়ের সহিত নানাবিধ পুষ্প লইয়া শিবপূজার্থ গমন করিলেন ৫৯—৬০। পৃথিবীতে যত প্রকার উত্তম উত্তম সৌন্দর্য্য আছে, তৎসমুদয় নির্ম্মিত হইয়া নিশ্চয় পার্ব্বতীতে অবস্থান করিতেছিল, আবার সেই সৌন্দর্য্যের উপর ঋতুকালীন পুষ্প সমূহে বিভূষিত হওয়ায় তাঁহার যে সৌন্দর্য্য বৃদ্ধি পাইয়াছিল, তাহা শত বৎসরেও বর্ণনীয় নহে। যখন সেই পর্ব্বতাত্মজা দেবী শিবের সমীপে উপস্থিত হইলেন, তখনই কন্দর্প শূলপাণির কামপ্রবৃত্তি জন্মাইবার নিমিত্ত ধনুক আকর্ষণ করিয়াছিলেন। তখন তাঁহার ধনুক প্রথমে হস্ত হইতে পার্শ্বে খসিয়া পড়িল। এই অবসরে সেই উৎপলাক্ষী পার্ব্বতী সেই স্থানে গমন করিয়া স্বয়ং মহাদেবকে দর্শন করিলেন। পার্ব্বতী প্রণামপূর্ব্বক পূজা করিয়া তাঁহার অগ্রে দাঁড়াইলে প্রভু মহাদেব সেই সুন্দর অবয়বোদ্ভাসিনীকে দর্শন করিলেন

ভ্রুকুট্যৌ ধনুষী চৈব কন্দর্পস্য মহাত্মনঃ। ৬৭
অধরঃ কিঞ্চ বিম্বঞ্চ কিং নাসা শুকচঞ্চুকা।
কিং স্বরঃ কোকিলালাপঃ কিং মধ্যঞ্চৈব বেদিকা
কিং গতির্বর্ণ্যতে হ্যস্যাঃ কিং রূপং বর্ণ্যতে মুহুঃ।
পুষ্পাণি বর্ণ্যতে কিঞ্চ বস্ত্রাণি চ পুনঃ পুনঃ॥ ৬৯
লালিত্যঞ্চৈব যৎ সৃষ্টৌ তদেকত্র বিনির্ম্মিতম্।
ইত্যেবং বর্ণয়িত্বা তু তপসো বিররাম হ॥ ৭০
হস্তং বস্ত্রাঞ্চলে যাবৎ তাবচ্চ দূরতো গতা।
স্ত্রীস্বভাবাৎ তদা সা চ লজ্জিতা সুন্দরী স্বয়ম্॥
বিবৃণ্বতী তথাঙ্গানি পশ্যন্তী চ মুহুর্মুহুঃ।
এবং চেষ্টাং তদা দৃষ্ট্বা শম্ভুর্মোহমুপাগমৎ॥ ৭২
যদ্যালিঙ্গনমেতস্যাঃ করোমি কিং পুনঃ সুখম্।
ক্ষণমাত্রং বিচার্য্যৈবং কিমহং মোহমাগতঃ॥ ৭৩

ঈশ্বরোঽহং যদীচ্ছেয়ং পরাঙ্গস্পর্শনং মুদা।
তর্হি কোঽন্যতমঃ ক্ষুদ্রঃ কিং কিং নৈব করিষ্যতি
এবং বিবেকমাসাদ্য পর্য্যঙ্কবন্ধনং দৃঢ়ম্।
রচয়ামাস সর্ব্বাত্মা ঈশ্বরঃ কিং পতেদিহ॥ ৭৫

ইতি শ্রীশৈবে মহাপুরাণে জ্ঞানসংহিতায়াং শিব-
তপোবর্ণনং নাম দশমোঽধ্যায়ঃ॥ ১০॥

তখন শিব তাঁহার অবয়বের বর্ণনা আরম্ভ করিলেন; যথা,—একি মুখ, না শশাঙ্ক? একি নেত্র, না উৎপল? ইহার ভ্রুকুটী নিশ্চয় কন্দর্পের ধনুকদ্বয়। ইহার অধর পক্কবিম্বতুল্য এবং নাসিকা শুকপক্ষীর চঞ্চুর মত। ইহার আলাপ কি কোকিলের স্বর এবং মধ্য কি সাক্ষাৎ বেদী! ইহার গতি বা রূপের বিষয় কিরূপে কেমন করিয়া বর্ণন করিব? ইহার পুষ্প এবং বস্ত্রের বিষয়ই বা বারংবার কি বর্ণনা করিব? এই সংসারে যত প্রকার লালিত্য, তৎসমুদয় যেন একত্র করিয়া ইহার শরীর নির্ম্মিত হইয়াছে। এইরূপ বর্ণনা করিয়া, তিনি তপস্যা হইতে বিরত হইলেন। ৬২—৭০। তাহার পর তিনি যেমন পার্ব্বতীর বস্ত্রাঞ্চল ধরিবার নিমিত্ত হস্ত বাড়াইলেন, অমনি পার্ব্বতী একটু দূরে সরিয়া গেলেন। সেই সুন্দরী পার্ব্বতী স্ত্রীস্বভাব প্রযুক্ত স্বয়ং লজ্জিতা হইলেন এবং অঙ্গ দ্বারা হাবভাব প্রকাশ করত মহাদেবের দিকে বারংবার দেখিতে লাগিলেন। তখন শম্ভু পার্ব্বতীকে আপনার অভিলাষানুরূপিণী দেখিয়া মোহপ্রাপ্ত হইলেন এবং ইহার আলিঙ্গনসুখ অনুভব করিব কি, এইরূপ চিন্তা করিতে লাগিলেন। ক্ষণকাল এইরূপ চিন্তা করিয়া, তিনি পুনরায় ভাবিলেন, আমি কি মোহ প্রাপ্ত হইয়াছি? আমি ঈশ্বর হইয়াও যদি যদৃচ্ছাক্রমে আনন্দসহকারে পরা স্পর্শ করিতে প্রবৃত্ত হইলাম, তবে ক্ষুদ্র ব্যক্তি কি অন্যায় কার্য্য না করিবে? এইরূপ বিবে লাভ করিয়া, তিনি দৃঢ়রূপে পর্য্যঙ্ক-বন্ধন (আস বিশেষ) রচনা করিলেন। এ সংসারে ঈশ্বরে কি পতন আছে? ৭১—৭৫।

দশম অধ্যায় সমাপ্ত॥

একাদশোঽধ্যায়ঃ।

ঋষয় ঊচুঃ।

সূত সূত মহাভাগ কিং জাতঞ্চ ততঃ পরম্।
কথয় ত্বং প্রসাদেন কথাং পাপপ্রণাশিনীম্॥ ১

সূত উবাচ।

শ্রূয়তামৃষয়ঃ শ্রেষ্ঠা যজ্জাতং তদনন্তরম্।
ধৈর্য্যস্য চ্যবনং দৃষ্ট্বা বিচারে তৎপরঃ শিবঃ॥ ২
কারণং কিঞ্চিদুৎপন্নং নন্যথেদং ভবেদিতি।
দিশো বিলোকয়ামাস পরিতঃ শঙ্করস্তদা॥ ৩

একাদশ অধ্যায়।

ঋষিগণ বলিলেন,—হে মহাভাগ সূ তাহার পর কি হইয়াছিল, অনুগ্রহপূর্ব্বক সে পাপনাশিনী কথার কীর্ত্তন কর। সূত বলিলে —হে শ্রেষ্ঠ ঋষিগণ! তদনন্তর যাহা হইয়াছি তাহা আপনারা শ্রবণ করুন। মহাদেব ধৈর্য্য স্খলন দেখিয়া চিন্তা-তৎপর হইলেন। অব এ বিষয়ে কোন কারণ উৎপন্ন হইয়াছে; কোন কারণ ব্যতীত ইহা সঙ্ঘটন হইতে পারে না

বামভাগে স্থিতং কামং দদর্শ বাণকর্ষিণম্।
তং দৃষ্ট্বা ক্রোধসংযুক্তঃ সঞ্জাতস্তৎক্ষণাদপি ॥ ৪
অহো দুষ্টেন কামেন ন মুক্তোঽহং দুরাসদঃ।
ইত্যেবং মনসা ক্রুদ্ধঃ শিবঃ পরমকোপনঃ ॥ ৫
তৃতীয়াং তস্য নেত্রাদ্বৈ নিঃসসারাগ্নিরুচ্ছিখঃ।
ভস্মসাৎ কৃতবাংস্তেন মদনং তাবদেব হি ॥ ৬
যাবচ্চ মরুতাং বাচঃ ক্ষম্যতাং বৈ প্রভো ত্বয়া।
ভবন্তি চ ততঃ পূর্ব্বং হতোঽসৌ মকরধ্বজঃ ॥ ৭
হতে তস্মিন্ মহাবীর্য্যে দেবা দুঃখমুপাগতাঃ।
শিবোঽপি তৎক্ষণাদেব বিহায়াশ্রমমন্যতঃ ॥ ৮
বেগদীর্ঘীকৃতাত্মা চ গিরিরাজসুতো তদা।
সমাদায় সখীযুক্তা জগাম মন্দিরং স্বয়ম্ ॥ ৯
ক্ষণমাত্রং রতিস্তত্র বিসংজ্ঞা হ্যভবৎ তদা।
ভর্তৃজন্যঞ্চ যদ্দুঃখং ন জ্ঞাতমৃষিসত্তমাঃ ॥ ১০
জাতায়াঞ্চৈব সংজ্ঞায়াং রতির্দুঃখসমন্বিতা।
বিললাপ তদা তত্র বনবাসীং সুদুঃখিতম্ ॥ ১১
ময়ূরাশ্চৈব নৃত্যং হি বৃক্ষাশ্চ চলনং জহুঃ।
মৃগাশ্চ ভ্রমণং ব্রহ্মন্ ভৃঙ্গা গুঞ্জারবং পুনঃ ॥ ১২
পক্ষিণশ্চ তদা বিপ্রা মূকাশ্চ মুনয়ো যথা।
বায়বশ্চলনং হিত্বা বান্তি নৈব দিশো দশ ॥ ১৩

রতিরুবাচ।

কিং করোমি ক্ব গচ্ছামি কিং কৃতং দৈবতৈরিহ।
স্বামিনন্তু সমাহূয় হা হা প্রিয় প্রিয়েতি চ ॥ ১৪
হস্তৌ পাদৌ তথাস্ফাল্য কেশানত্রোটয়ৎ তদা।
ব্রহ্মণা সদৃশো যোগো ন সোঢ়ো মম কর্ম্মণা * ॥
সুখদাতা ন কোঽপ্যস্তি দুঃখদাতা ন কশ্চন।
সর্ব্বোঽপি স্বকৃতং ভুঙ্ক্তে দেবাঃ শোচ্যা ময়া বৃথা
তদ্বিলাপং তদা শ্রুত্বা দেবাঃ শিবমুপাযযুঃ।
স্তুত্বা দেবং প্রপদ্যৈবং বচনঞ্চেদমব্রুবন্ ॥ ১৭

এইরূপ চিন্তা করিয়া, মহাদেব চতুর্দ্দিকে দৃষ্টিক্ষেপ করিলেন। তিনি দেখিলেন, বামভাগে [মদ]ন বাণ আকর্ষণ করিতেছে। তাহাকে [দে]খিয়া তৎক্ষণাৎ ক্রোধসংযুক্ত হইলেন। কি [আ]শ্চর্য্য! আমি এইরূপ দুর্দ্ধর্ষ হইয়াও দুরাশয় [মদ]ন কর্ত্তৃক পরিত্যক্ত হইলাম না! সদাশিব [এই]রূপ মনে মনে চিন্তা করিয়া অত্যন্ত কোপা[ন্বিত] হইলেন। তখন তাঁহার ললাটস্থিত তৃতীয় [নেত্র] হইতে জ্বলন্ত অগ্নি নির্গত হইল এবং ঐ [অগ্]নি তৎক্ষণাৎ মদনকে ভস্মসাৎ করিল। [হে] প্রভো! আপনি ক্ষমা করুন” দেবগণ [এই]রূপ বলিতে না বলিতে মকরধ্বজ কন্দর্প [মৃত্যু] প্রাপ্ত হইলেন। সেই মহাবীর্য্য কন্দর্প [হ]ত হইলে দেবগণ অত্যন্ত দুঃখিত হইলেন। [শিব]ও তৎক্ষণাৎ সেই আশ্রম ত্যাগ করিয়া [অন্য]ত্র চলিয়া গেলেন। এদিকে গিরিরাজপুত্রী [পা]র্বতীও সখীদ্বয়ের সহিত দ্রুতবেগে স্বীয় গৃহে [প্র]ত্যাগমন করিলেন। হে শ্রেষ্ঠ ঋষিগণ! রতি [এ]ই সময় ক্ষণকালের জন্য মূর্চ্ছিত হইয়াছিলেন, [সে]হেতু প্রথমে ভর্ত্তৃনাশ জন্য দুঃখ অনুভব [ক]রিতে পারেন নাই। ১—১০। তাহার পর [সং]জ্ঞা লাভ করিয়া দুঃখাকুলা রতি এরূপ করুণ স্বরে বিলাপ করিয়াছিলেন যে, তাহাতে নিখিল বন শোকাকুল হইয়াছিল। ময়ূরগণ নৃত্য ত্যাগ করিল, বৃক্ষগণ পবন-হিল্লোলের কম্পন ত্যাগ করিল, আর মৃগেরা ভ্রমণ এবং ভ্রমরেরা ঝঙ্কার ত্যাগ করিল, হে বিপ্রগণ! পক্ষী সকল তৎকালে বাচংযম ঋষির ন্যায় মূকতা অবলম্বন করিল এবং বায়ুগণ মৃদু চলন পরিত্যাগ করিয়া দশদিকে আর প্রবাহিত হইল না। রতি রোদন করিতে লাগিলেন—আমি কি করিব, কোথায় যাইব! আমার স্বামীকে ডাকিয়া দেবগণ আজ কি করিলে! হায় প্রিয়! তুমি কোথায়? রতি হস্তপদ আছাড়িয়া কেশ উপড়াইতে লাগিলেন এবং বলিলেন, আমার কর্ম্মবশে ব্রহ্মা আমাদের সদৃশ স্ত্রীপুরুষের যোগ সহ্য করিতে পারিলেন না। এই সংসারে সুখদাতাও কেহ নাই, দুঃখদাতাও কেহ নাই, সকলেই আপন আপন কর্ম্মফল ভোগ করে; অতএব আমি কেন বৃথা দেবগণের উপর অনুযোগ করিতেছি? তাঁহার সেই অতি বিলাপ শ্রবণ করিয়া দেবগণ শিবের নিকটে গমন করিয়াছিলেন এবং তাঁহার শরণাগত হইয়া স্তব করিতে

---

* ন জায়েন ন কর্ম্মণেতি পাঠান্তরম্।

দেবা উচুঃ।

ভগবন্ শ্রূয়তামেতদ্বচনঞ্চ শুভং প্রভো।
কামেনৈব কৃতং যচ্চ ন স্বার্থং লোকশঙ্কর।
দুষ্টেন পীড়িতৈর্দেবৈঃ কারিতং তদ্ধি নান্যথা ॥১৮
রতিস্ত্বেকাকিনী দেবী বিলাপং দুঃখিতা সতী।
করোতি শঙ্কর ত্বঞ্চ প্রসন্নো ভব সর্ব্বথা ॥ ১৯
সংহারং কর্ত্তুকামোঽসি দৈবতৈঃ সহ শঙ্কর।
দুঃখং তস্যাস্তথা দৃষ্ট্বা নষ্টপ্রায়াশ্চ দেবতাঃ।
তস্মাং ত্বয়া চ কর্ত্তব্যং রত্যাঃ শোকাপনোদনম্॥
নমস্কৃত্য তদা দেবাঃ স্তুতিং কৃত্বা বিধানতঃ।
প্রসন্নং কৃতবস্তস্তে শিবং লোকসুখাবহম্॥ ২১
প্রসন্নো ভগবাংস্তত্র বচনঞ্চেদমব্রবীৎ ॥ ২২

শিব উবাচ।

দেবাশ্চ ঋষয়ঃ সর্ব্বে যজ্জাতং নান্যথা ভবেৎ ॥২৩
অনঙ্গস্তাবদেব স্যাদ্যাবচ্চ রুক্মিণীপতিঃ।
দ্বারকায়াং স্বয়ং স্থিত্বা পুত্রানুৎপাদয়িষ্যতি ॥ ২
ততঃ কৃষ্ণস্তু রুক্মিণ্যাং কামমুৎপাদয়িষ্যতি।
প্রদ্যুম্নো নাম তস্যৈব ভবিষ্যতি ন সংশয়ঃ ॥ ২
জাতমাত্রন্তু তং দেবাঃ শম্বরঃ স হরিষ্যতি।
হৃত্বা প্রাপ্য সমুদ্রে বৈ নগরং স গমিষ্যতি ॥ ২
তাবচ্চ নগরে তস্য রত্যা স্থেয়ং যথাসুখম্।
অত্র কামং মিলিত্বা তু হত্বা শম্বরমাহবে ॥ ২৭
তদীয়ঞ্চৈব যদ্দ্রব্যং নীত্বা স্বনগরং পুনঃ।
গমিষ্যতি স্বয়ং সা বৈ দেবা সত্যং বচো মম।
ইত্যু ক্তান্তর্দধে রুদ্রো দেবানাং স্তবতাং তদা ॥২
দেবাস্তাঞ্চ সমাসাদ্য রুদ্রস্য বচনাদ্রতিম্।
উক্ত্বা বচস্তদীয়ঞ্চ স্বং স্বং ভুবনমাযযুঃ ॥ ২৯
কামপত্নী যথাদিষ্টং নগরং সা গতা তদা।
প্রতীক্ষন্তী চ তং কালং রুদ্রাদিষ্টং মুনীশ্বরাঃ ॥৩
দেবাশ্চ দুঃখিতাঃ সর্ব্বে হা হা কিঞ্চ ভবিষ্যতি।
তারকস্য কথং নাশো ভবিষ্যতি পরস্পরম্ ॥ ৩১

লাগিলেন। দেবগণ বলিলেন, হে প্রভো! হে ভগবন্! আপনি আমাদের এই শুভবাক্য শ্রবণ করুন। হে লোকমঙ্গলকারিন্! কামদেব কোনরূপ স্বীয় স্বার্থ সাধনের জন্য এরূপ কার্য্য করে নাই। দুষ্ট তারকাসুর কর্তৃক পীড়িত দেবগণই তাহা দ্বারা এইরূপ কার্য্য করাইয়াছেন, অন্যথা কন্দর্পের এরূপ কার্য্যে প্রবৃত্তি হইত না। এখন রতি সতী একাকিনী অতিশয় দুঃখিতা হইয়া বিলাপ করিতেছে। হে শঙ্কর! আপনি তাহার উপর সর্ব্বপ্রকারে প্রসন্ন হউন। হে শঙ্কর! আর কেন আপনি দেবগণের সহিত এই সংসারের সংহার করিতে প্রবৃত্ত হইয়াছেন? সেই রতির তথাবিধ দুঃখ দেখিয়া দেবগণ অতিশয় কাতর হইয়াছেন, অতএব আপনি রতির শোক অপনোদন করুন। ১১—২০। তখন দেবগণ বিধিপূর্ব্বক স্তব এবং প্রণাম করিয়া, লোকের মঙ্গলদাতা মহাদেবকে প্রসন্ন করিলেন। মহাদেব প্রসন্ন হইয়া বলিলেন,—হে নিখিল দেবগণ এবং ঋষিগণ! যাহা হইয়াছে, তাহার অন্যথা হইবে না। তবে যে পর্য্যন্ত রুক্মিণীপতি কৃষ্ণ স্বয়ং দ্বারকা নগরে অবস্থান করিয়া পুত্র উৎপাদন না করিবেন, তাবৎকাল পর্য্যন্ত কন্দর্প অনঙ্গরূপে অবস্থান করিবে; তাহার পর কৃষ্ণ রুক্মিণীদেবীর গর্ভে কন্দর্পকে উৎপাদন করিবেন এবং তখন তাহার নাম প্রদ্যু[ম্ন] হইবে, এ বিষয়ে কোন সংশয় নাই। হে দেবগণ! কন্দর্প জন্মগ্রহণ করিবামাত্র শম্বরাসু[র] তাহাকে হরণ করিবে এবং উহাকে হরণ করিয়া সমুদ্রের মধ্যস্থিত একটী নগরে গমন করিবে; সেই পর্য্যন্ত সেই নগরে রতি সুখে অবস্থান করুন। সেই স্থানে কামের সহিত মিলিত হই[য়া] শম্বরাসুরকে যুদ্ধে নিহত এবং তাহার সমুদয় [দ্রব্য] আত্মসাৎ করিয়া পুনর্ব্বার স্বনগরে গমন করি[বে]বেন। হে দেবগণ! আমি যাহা বলিল[াম] সমুদয় সত্য জানিবা। মহাদেব এই কথা বলি[য়া] সেই স্তবকারী দেবগণের সম্মুখেই অন্তর্হি[ত] হইলেন। দেবগণ মহাদেবের বাক্যানুসা[রে] সেই রোরুদ্যমানা রতির নিকটে গমন করি[য়া] সেই সমুদয় বাক্য তাহাকে বলিয়া স্ব স্ব গৃ[হে] গমন করিলেন আর কামপত্নী রতিও যথাদি[ষ্ট] নগরে গমন করিলেন এবং হে মুনীশ্বরগণ! র[তি] সেই স্থানে মহাদেব কর্তৃক নির্দ্দিষ্টকালের প্রতীক্ষা করিতে লাগিলেন। ২১—৩০। দেব[গণ]

পিতৃগৃহং তদা গত্বা মিলিত্বা মাতরং মুদা।
পুনর্জ্জাতং তদাত্মানং মেনে সা পর্ব্বতাত্মজা ॥৩২
নিনিন্দ চ স্বকং রূপং হা হতাস্মি তদাব্রবীৎ ॥৩৩
স্বপন্তী চ পিবন্তী চ হ্যশ্নন্তী গচ্ছতী তদা।
তিষ্ঠন্তী চ সখীমধ্যে ধিগ্‌রূপঞ্চ মদীয়কম্ ॥ ৩৪
ইতি সা দুঃখিতা তত্র স্মরন্তী হরচেষ্টিতম্।
সুখং ন লেভে কিঞ্চিদ্বৈ শিব শিবেতি সাব্রবীৎ ॥
এতস্মিন্ সময়ে তত্র নারদো হ্যগমৎ তদা।
পূজিতঃ সুখমাসীনঃ পৃষ্টঃ প্রাপ্তৌ শিবস্য চ ॥ ৩৬
উক্তবান্ বচনং হ্যেতৎ তপঃসাধ্যো হরঃ স্বয়ম্।
নান্যথা লভ্যতে দেবি দেবৈর্ব্রহ্মাদিকৈরপি ॥৩৮
ত্যেবং বচনং তস্যৈ নারদো ভগবৎপ্রিয়ঃ।
গাম স হরের্নাম গৃণন্ নারায়ণেতি চ ॥ ৩৮

শ্রীশৈবে মহাপুরাণে জ্ঞানসংহিতায়াং-পার্ব্বতী পরাবর্ত্তনং নামৈকাদশোঽধ্যায়ঃ ॥ ১১ ॥

দ্বাদশোঽধ্যায়ঃ।

সূত উবাচ।

পার্ব্বতী চ তদা শ্রুত্বা বচনং নারদস্য চ।
তপঃসাধ্যং হরং মেনে তপোঽর্থং মন আদধে ॥১
মাতরং পিতরঞ্চৈব সখীভ্যাং পর্য্যপৃচ্ছত।
লজ্জমানা স্বয়ং বক্তুং পার্ব্বতী বিনয়ান্বিতা ॥ ২

সখ্যাবূচতুঃ।

হিমবন্ শ্রূয়তাং পুত্র্যা বচনং কথ্যতেঽধুনা।
সাফল্যঞ্চৈব দেহস্য রূপস্য চ তথা পুনঃ ॥ ৩
ভবতশ্চ কুলস্যাস্য সাফল্যং কর্ত্তুমিচ্ছতি।
তপসারাধনীয়োঽসৌ নান্যথা বশ্যতাং ব্রজেৎ ॥ ৪
তস্মাচ্চ পর্ব্বতশ্রেষ্ঠ দেয়াজ্ঞা ভবতাধুনা।
ইত্যেবঞ্চ তদা পৃষ্টো গিরিরাজোঽব্রবীদিদম্ ॥ ৫

হিমাচল উবাচ।

মহ্যঞ্চ রোচতে সখ্যৌ মেনায়ৈ রোচ্যতাং পুনঃ।

দুঃখিত হইয়া, 'কিরূপে তারকাসুরের নাশ া' এই বলিয়া পরস্পর হাহাকার করিতে লেন। এদিকে পর্ব্বতদুহিতা উমা পিতৃ- গমন করিয়া মাতার সহিত মিলিত হইয়া নাকে পুনর্জ্জাত বলিয়া বিবেচনা করিতে লেন। পার্ব্বতী 'হা হতাস্মি' বলিয়া আপ- রূপের নিন্দা করিতে লাগিলেন এবং তিনি পে, কি পানে, কি ভোজনে, কি গমনে, আর খীমধ্যে অবস্থানে, সকল কার্য্যই আপনার ক ধিক্কার দিতে লাগিলেন। পার্ব্বতী মহা- র সেই চেষ্টা স্মরণ করত অত্যন্ত দুঃখিত ন। তিনি কোন কাজে কিঞ্চিন্মাত্র সুখ লাভ না পারিয়া সর্ব্বদা মুখে 'শিব শিব' বলিতে লন। এই সময়ে নারদ ঋষি সেই স্থানে করিলেন। তিনি পূজিত ও সুখাসীন হইয়া বের প্রাপ্তি বিষয়ে পৃষ্ট হইয়া বলিলেন,— বি! মহাদেব স্বয়ং কেবল তপস্যা দ্বারা তপস্যা ভিন্ন ব্রহ্মাদি দেবগণও তাঁহাকে রিতে পারেন না। ভগবদ্ভক্ত নারদ সেই পার্ব্বতীকে এইরূপ বলিয়া হরিনাম কীর্ত্তন করিতে করিতে গমন করিলেন। ৩১—৩৮।

একাদশ অধ্যায় সমাপ্ত ॥

দ্বাদশ অধ্যায়।

সূত বলিলেন,—পার্ব্বতী নারদের বচন শুনিয়া, মহাদেবকে তপস্যা দ্বারা লভ্য বিবেচনা করিয়া তপস্যার নিমিত্ত মন স্থির করিলেন। তখন সেই বিনয়বতী পার্ব্বতী নিজমুখে বলিতে লজ্জিত হইয়া সখীদ্বারা মাতাপিতাকে জিজ্ঞাসা করিলেন। সখীদ্বয় বলিল, হে হিমালয়! আমরা এক্ষণে আপনার পুত্রীর কথা বলিতেছি, শ্রবণ করুন। তিনি এক্ষণে নিজের দেহ ও রূপের এবং আপনার কুলের সাফল্য করিতে ইচ্ছা করিতেছেন। সেই মহাদেব তপস্যারই আরাধ্য, অন্য উপায়ে তিনি বশীভূত হইবার নহেন; অতএব হে পর্ব্বতশ্রেষ্ঠ! এক্ষণে তপস্যার নিমিত্ত অনুমতি প্রদান করুন। গিরিরাজ হিমালয় এইরূপে পৃষ্ট হইয়া বলিলেন,—হে সখীদ্বয়! এ কথায় আমার রুচি হইতেছে, এক্ষণে যাহাতে মেনকার রুচি হয়, তাহা কর। যদি

যদ্যেবং ভবিতব্যঞ্চ কিমতঃ পরমুত্তমম্ ॥ ৬
সাফল্যঞ্চ মদীয়স্য কুলস্য চ ন সংশয়ঃ।
মাত্রে চ রোচ্যতাং চেদ্বৈ ততঃ শুভতরং নু কিম্
ইত্যেবং বচনং পিত্রা হ্যুক্তং শ্রুত্বা তু তে তদা।
জগ্মতুর্মাতরং সখ্যৌ তদাজ্ঞপ্তে মুনীশ্বরাঃ ॥ ৮
গত্বা তু মাতরং তস্যা বচনং হ্যুচতুস্তদা।
মাতস্ত্বং বচনং পুত্র্যাঃ শ্রুত্বা কর্ত্তুমিহার্হসি ॥ ৯
তপঃকামাস্তি তে পুত্রী শিবার্থে পরমং তপঃ।
প্রাপ্তানুজ্ঞা পিতুশ্চৈব ত্বত্তঞ্চ পরিপৃচ্ছতি ॥ ১০
ইয়ঞ্চ রূপসাফল্যং কর্ত্তুকামা পতিব্রতা।
ত্বদাজ্ঞা যদি জায়েত তপ্যতে চ তয়াধুনা ॥ ১১
সমাকর্ণ্য বচস্তেতন্মেনা দুঃখমুপাগতা।
সমাহূয় তদা পুত্রীমুবাচ বিহ্বলা সতী ॥ ১২
দুঃখিতাসি কথং পুত্রি তপস্তপ্তং পুরা যদি।
প্রাপ্তং জন্ম গৃহে হ্যত্র কিং ন্যূনং তু ভবেদিহ ॥
কুত্র যাসি তপঃ কর্ত্তুং দেবাঃ সন্তি গৃহে মম।
তীর্থানি চ বিচিত্রাণি ন সন্তি তে পিতুর্গৃহে ॥১৪
ত্বয়াত্রৈব তপঃ কার্য্যং সিদ্ধিঃ স্যাদনপায়িনী।
সাধিতং কিং ত্বয়া গত্বা পুনঃ কিং সাধয়িষ্যসি ॥১
শরীরং কোমলং বৎসে তপস্তু কঠিনং মহৎ।
এতস্মাচ্চ ত্বয়া কার্য্যং স্থিত্বৈতং সুলভং ভবেৎ ॥
ইত্যেবং বহুধা পুত্রী মাত্রাপি বারিতা সতী।
সুখং নৈবাত্র সম্পেদে হ্যনারাধ্য শিবং তদা ॥ ১৭
দুঃখং জ্ঞাত্বা তদীয়ং সা মাত্রাজ্ঞপ্তা জগাম সা।
মাতরং পিতরঞ্চৈব প্রণিপত্য পুনস্তদা ॥ ১৮
সখীভ্যাং সংযুতা তত্র তপস্তপ্তুমুপাযযৌ।
হিত্বাভরণান্যনেকানি বস্ত্রাণি বিবিধানি চ ॥ ১৯
বল্কলঞ্চ তদা ধৃত্বা মৌঞ্জীং * বদ্ধা সুশোভনাম্

যদি, এই ঘটে, তাহা হইলে ইহা অপেক্ষা উত্তম কর্য্য আর কি আছে? ইহাতে আমার কুলের সাফল্য হইবে, সে বিষয়ে সংশয় নাই। এ কথা যদি তাঁহার মনোনীত হয়, তাহা হইলে ইহা অপেক্ষা শুভতর আর কি হইবে? হে মুনীশ্বরগণ! তখন সখীদ্বয় পার্ব্বতীর পিতা কর্ত্তৃক উক্ত এই বাক্য শ্রবণ করিয়া তাঁহার মাতার নিকট গমন করিল। তাহারা তাঁহার মাতার নিকট গমন করিয়া বলিল, হে মাতঃ! আপনি স্বীয় কন্যার বাক্য শ্রবণ করিয়া কর্ত্তব্য অবধারণ করুন। ১—৯। আপনার পুত্রী মহাদেবের নিমিত্ত পরম তপস্যার অনুষ্ঠান করিতে ইচ্ছা করিয়াছেন, পিতার আজ্ঞাও প্রাপ্ত হইয়াছেন; এক্ষণে আপনার অনুজ্ঞা প্রার্থনা করিতেছেন। সেই সতী এইরূপে স্বীয় রূপের সাফল্য করিতে অভিলাষিণী হইয়াছেন। এক্ষণে যদি তাহাতে আপনার আজ্ঞা হয়, তবে তিনি তপস্যায় প্রবৃত্তা হন। মেনকা সেই বাক্য শ্রবণ করিয়া অত্যন্ত দুঃখিত হইলেন এবং বিহ্বল হইয়া আপনার পুত্রীকে ডাকিয়া বলিলেন, হে পুত্রি! তুমি কেন দুঃখিত হইয়াছ? পূর্ব্বে তপস্যা করিয়াছিলে বলিয়াই আমার গৃহে জন্মলাভ করিয়াছ; এখানে তোমার কিসের অভাব? তুমি তপস্যা করিতে কোথায় যাইবে? সকল দেবতাই আমার গৃহে আছেন এবং তোমার পিতার ভবনে সকল প্রকার তীর্থই অবস্থিত। অতএব তুমি এই স্থানে থাকিয়া তপস্যাচরণ কর, তাহাতে তোমার নিশ্চয় সিদ্ধিলাভ হইবে। তুমি সেই শিবে নিকটে গমন করিয়া কি ফল লাভ করিলে তাহা অপেক্ষা অধিক আর কিই বা লা করিবে? হে বৎসে! তোমার শরীর কোমল তপস্যা অতি কঠিন; অতএব গৃহে থাকি যাহা সুলভ হয়, তাহাই কর। কন্যা এইরূ নানা প্রকারে মাতা কর্ত্তৃক নিবারিত হইয়া মহাদেবের আরাধনা ব্যতীত আর কিছুতেই সুখ লাভ করিলেন না। মাতা তাঁহার দুঃ বুঝিতে পারিয়া তপস্যার জন্য আজ্ঞা করিলে তিনি মাতা এবং পিতাকে প্রণাম করিয়া পুনর্ব্বার শিবের আরাধনার্থ গমন করিলেন। তিনি নানাবিধ আভরণ এবং বস্ত্র পরিত্যাগ করিয়া সখীদ্বয়ের সহিত তপস্যা করিবার নিমিত্ত গ করিলেন। ১০—১৯। তিনি বল্কল ধা ও সুশোভন মৌঞ্জী মেখলা বন্ধন করিলেন এ

* মৌঞ্জীমিতি কচিৎ পাঠঃ।

হিত্বা হারং তদা চর্ম্ম মৃগস্য পরমং শুভম্॥ ২০
জগাম তপসে তত্র শৃঙ্গে স্যাৎ তীর্থমুত্তমম্।
গৌরীশিখরনামাসীৎ তপসঃ কারণাদিহ॥ ২১
সুন্দরাশ্চ দ্রুমাস্তত্র পবিত্রাঃ ফলভাজিনঃ।
ভূমিশুদ্ধিং ততঃ কৃত্বা বিধায় বেদিকাং শুভাম্।
তয়া তপঃ সমারব্ধং মুনীনামপি দুষ্করম্॥ ২২
চাঞ্চল্যঞ্চ তদা স্থাপ্য শরীরস্য বিশেষতঃ।
সূর্য্যে দৃষ্টিং সমাক্ষিপ্য চকার পরমং তপঃ॥ ২৩
দীপ্তানাঞ্চ তথাগ্নীনাং মধ্যে স্থিত্বা তু ঘর্ম্মকে।
বর্ষাসু স্থণ্ডিলে স্থিত্বা শীতে জলসমীপগা॥ ২৪
এবং তপঃ প্রকুর্ব্বাণা বৃক্ষানারোপয়ৎ তদা।
সিঞ্চতী প্রত্যহং তত্র হ্যাতিথ্যঞ্চাপ্যকল্পয়ৎ॥ ২৫
বাতশ্চৈব তথা শীতো বৃষ্টিশ্চ বিবিধা তদা।
দুঃখঞ্চ বিবিধং তত্র গণিতং ন তয়া তথা॥ ২৬
তথা তপস্তয়া তপ্তং মুনিভিশ্চ সুদুস্তরম্।
শ্রুত্বা তু ঋষয়স্তত্র বিস্ময়ং পরমং গতাঃ॥ ২৭
দর্শনার্থং সমাজগ্মুঃ কীদৃক্ তপ্তং তপোহনয়া।
মহতাং ধর্ম্মবৃদ্ধেষু গমনং শ্রেয় উচ্যতে॥ ২৮
প্রমাণং বয়সো নাস্তি মান্যো ধর্ম্মঃ সদা বুধৈঃ।
শ্রুত্বা দৃষ্ট্বা তপস্তস্যাঃ কিমন্যৈঃ ক্রিয়তে তপঃ॥২৯
অল্পস্তস্তে তদা তত্র কঠিনাঙ্গাশ্চ যে পুনঃ।
তদাশ্রমগতা যে চ বিরোধরহিতাস্তদা॥ ৩০
সিংহা গাবস্তথান্যে চ রাগাদিদোষসংযুতাঃ।
তন্মহিম্নৈব তে তত্র নাবাধন্ত পরস্পরম্॥ ৩১
বৃক্ষাশ্চ সফলাস্তত্র তৃণানি বিবিধানি চ।
পুষ্পাণি চ বিচিত্রাণি তত্রাসন্মুনিসত্তমাঃ॥ ৩২
তদ্বনঞ্চ তদা সর্ব্বং কৈলাসেন সমন্বিতম্।
জাতঞ্চ তপসস্তস্যাঃ সিদ্ধরূপমভূৎ তদা॥ ৩৩

ইতি শ্রীশৈবে মহাপুরাণে জ্ঞানসংহিতায়াং
পার্ব্বতী-তপশ্চর্য্যাবর্ণনং নাম
দ্বাদশোহধ্যায়ঃ॥ ১২॥

হার ত্যাগ করিয়া উৎকৃষ্ট মৃগচর্ম্ম গ্রহণ করিলেন। যেখানে ভবিষ্যতে গৌরীশিখর নামক উত্তম তীর্থ হইবে, হিমালয়ের সেই শৃঙ্গে তপস্যার নিমিত্ত গমন করিলেন। সেই স্থানে অতি পবিত্র এবং ফলভরে অবনত সুন্দর বৃক্ষ সকল বিদ্যমান ছিল। তিনি সেই স্থানে গমন করিয়া ভূমির শুদ্ধি ও বেদিকা নির্ম্মাণপূর্ব্বক শরীরের চাঞ্চল্য বিশেষরূপে অবষ্টম্ভন করিয়া মুনিদিগেরও দুষ্কর তপস্যা করিতে আরম্ভ করিলেন। তিনি উষ্ণকালে প্রদীপ্ত অগ্নি দ্বারা পরিবেষ্টিত হইয়া সূর্য্যে দৃষ্টিনিক্ষেপ করত, বর্ষাকালে মৃত্তিকার উপর বাস করত ও শীতকালে জলমধ্যে প্রবিষ্ট হইয়া দুষ্কর তপস্যা করিতে লাগিলেন। এইরূপ তপশ্চরণের সময় কতকগুলি বৃক্ষও রোপণ করিয়াছিলেন। তিনি প্রত্যহ ঐ সকল বৃক্ষে জলসেক করিতেন এবং অতিথিদিগেরও সমুচিত সৎকার করিতেন। বাত, আতপ, শীত, বৃষ্টি ও অন্য নানাবিধ দুঃখকে কিছুই গণনা করিতেন না। ফলতঃ তিনি, যা মুনিগণের দুষ্কর সেইরূপ তপস্যা করিয়াছিলেন। ঋষিগণ ইহা শ্রবণ করিয়া বিস্ময়াবিষ্টচিত্তে তিনি কিরূপ তপস্যা করিতেছেন, তাহা দেখিবার নিমিত্ত আগমন করিয়াছিলেন। সাধুগণ ধর্ম্মবৃদ্ধের নিকট গমন শ্রেয়স্কর বিবেচনা করেন, তাঁহারা বয়সের পরিমাণের উপর লক্ষ্য করেন না; কারণ পণ্ডিতগণ সর্ব্বদা ধর্ম্মেরই সম্মান করিয়া থাকেন। সেই কঠোর-শরীর ঋষিগণও তাঁহার তপস্যার বিষয় শ্রবণ এবং দর্শন করিয়া বলিতে লাগিলেন, অন্যে যে তপস্যা করে, তাহা কিছুই নয়। সিংহ, গো এবং অপর রাগাদি-দোষযুক্ত পরস্পর-বিরোধী জীব তাঁহার আশ্রমে গমন করিয়া নির্ব্বিরোধ হইয়াছিল। তাঁহার প্রভাবেই তাহারা কেহ কাহাকে পীড়া দিত না। হে শ্রেষ্ঠ ঋষিগণ! সেখানে বৃক্ষ সকল ফলাঢ্য, নানাবিধ তৃণ এবং বিচিত্র পুষ্প সকল বিকসিত হইয়াছিল। অধিক কি, সেই বন তখন কৈলাস পরীর তুল্য রমণীয় হওয়ায় তাঁহার তপস্যার সিদ্ধিস্বরূপ লক্ষিত হইত। ২০—৩৩

দ্বাদশ অধ্যায় সমাপ্ত॥

ত্রয়োদশোঽধ্যায়ঃ।

সূত উবাচ।

এতস্মিন্ সময়ে দেবা ঋষয়ো নারদাদয়ঃ।
পার্ব্বত্যাস্তং তপো দৃষ্ট্বা তেজসা ব্যাপিতাস্তথা ॥১
জগ্মুস্তে চ তদা তত্র যত্রাস্তে বৃষভধ্বজঃ।
তত্র গত্বা চ তে দেবা নারদং প্রৈষয়ংস্তদা ॥ ২
নারদোঽপি তদা গত্বা দেবানাহূয় তাংস্ততঃ।
প্রণম্য শঙ্করং দেবং স্তুতিং চক্রুঃ পরস্পরম্ ॥ ৩

ঋষয় ঊচুঃ।

শম্ভুস্ত্বং শঙ্করোঽসি ত্বং দয়ালুস্ত্বং বিশেষতঃ।
পার্ব্বত্যা বৈ তপস্তপ্তং দারুণং লোকশোষণম্ ॥৪
অপূর্ব্বদৃষ্টং নো ভাবি দেব-দানবদুর্লভম্।
প্রীতো ভব ত্বমস্মাকং কুরু কার্য্যং সদাশিব ॥ ৫
ইত্যুক্তে নারদপ্রখ্যৈঃ শম্ভুর্বচনমব্রবীৎ।
দেবানামপ্যদর্শোঽহং তপসা দুষ্করেণ চ ॥ ৬
তস্যা পর্ব্বতরাজস্য সুতয়া তপসা হ্যহম্।
ক্রীতোঽস্মি বচনং তস্যাঃ করিষ্যামি ভবৎপ্রিয়ম্॥
অবশ্যমেতদ্ভবিতা নাত্র কার্য্যা বিচারণা।
গচ্ছত স্বপুরং তাবদ্যূয়মত্রাস্মি সংযতঃ ॥ ৮ ॥
স্বয়মেব করিষ্যামি কর্ত্তব্যং ভবতাং প্রিয়ম্।
আশ্বাস্য চ তদা শীঘ্রং শিবস্তং পরিপালকঃ ॥ ৯
ইত্যুক্ত্বা চ তদা দেবান্ বিসৃজ্য শঙ্করস্তদা।
জটিলং রূপমাস্থায় জগাম পার্ব্বতীবনম্ ॥ ১০
আগতঞ্চ তদা দৃষ্ট্বা শিবাপ্যপূজয়ং তদা।
বৃদ্ধঞ্চৈব স্থিতং দেবী পূজাং তস্য তদাকরোৎ ॥ ১১
ফল-পুষ্পাদিভিস্তত্র পূজিতং পরয়া মুদা।
স্থিতং তং নিদ্রয়া ব্যাপ্তং জরাজর্জ্জরিতং তদা।
পার্ব্বতী কুশলং তং বৈ পপ্রচ্ছ ত্বং কুতোগতঃ॥
ইতি পৃষ্টে তয়া তত্র হ্যুক্ত্বা স্বীয়ঞ্চ তাং পুনঃ।
পৃষ্টবান্ কপটেনৈব গোপয়ন্ রূপমুত্তমম্ ॥ ১৩

ত্রয়োদশ অধ্যায়।

সূত বলিলেন, এই সময়ে দেবগণ এবং নারদাদি ঋষিগণ পার্ব্বতীর সেই তপশ্চর্য্যা দেখিয়া সেই তপস্তেজে দেহ পরিপূর্ণ করিয়া, যে স্থানে বৃষভধ্বজ অবস্থান করিতেছিলেন, সেই স্থানে গমন করিলেন এবং তথায় গমন করিয়া সেই দেবগণ নারদকে মহাদেবের নিকট প্রেরণ করিলেন। নারদ সেইস্থানে গমন করিয়া দেবগণকে আহ্বান করিলেন এবং সকলে মিলিত হইয়া মহাদেবকে প্রণাম করিয়া স্তব করিতে লাগিলেন। ঋষিগণ বলিলেন, আপনি শম্ভু, শঙ্কর এবং বিশেষতঃ দয়ালু বলিয়া বিখ্যাত। এদিকে পার্ব্বতী লোকশোষণ নিদারুণ তপস্যার অনুষ্ঠান করিতেছেন। এইরূপ তপস্যা পূর্ব্বে কেহ দেখে নাই, পরেও কেহ অনুষ্ঠান করিতে পারিবে না, উহা দেব-দানবের দুর্লভ। হে সদাশিব! আপনি আমাদিগের উপর প্রীত হইয়া ঐ তপস্যার ফল প্রদান করুন। নারদাদি ঋষিগণ এইরূপ বলিলে পর শম্ভু বলিলেন,—দেবগণও দুষ্কর তপস্যা করিয়া আমাকে দেখিতে পান না; তথাপি আমি সেই পর্ব্বতরাজ-দুহিতার তপস্যা দ্বারা ক্রীত হইয়াছি। তোমাদিগের হিতকর তাঁহার বচন আমি অবশ্য প্রতিপালন করিব। ইহা অবশ্যই সংঘটিত হইবে, এ বিষয়ে কোন সন্দেহ করিও না। অতএব তোমরা স্ব স্ব ভবনে গমন কর; আমি এ বিষয়ে আবদ্ধ হইয়াছি। আমি নিজেই তোমাদিগের প্রিয়-কর্ত্তব্যের অনুষ্ঠান করিব। দেবগণকে সেইরূপে আশ্বাস দিয়া শিব শীঘ্রই স্ববাক্যপ্রতিপালনে তৎপর হইলেন। তখন শঙ্কর দেবগণকে এই কথা বলিয়া বিদায় দিয়া জটিল বৃদ্ধ ব্রাহ্মণের রূপ ধারণ করিয়া পার্ব্বতীর তপোবনে গমন করিলেন।—১—১০

শিবা পার্ব্বতীও তাঁহাকে আগত দেখিয়া অভ্যর্থনা করিলেন এবং সেই বৃদ্ধকে অবস্থিত দেখিয়া তাঁহার যথাযোগ্য পূজা করিলেন। তখন পার্ব্বতী—ফল-পুষ্পাদি দ্বারা পূজিত, অত্যন্ত হর্ষসহকারে অবস্থিত, জরা-জর্জ্জরিত এবং সর্ব্বদা নিদ্রা দ্বারা আক্রান্ত সেই অতিথিকে কুশলপ্রশ্নপূর্ব্বক জিজ্ঞাসা করিলেন,—আপনি কোথা হইতে আসিয়াছেন? পার্ব্বতী কর্ত্তৃক এইরূপে পৃষ্ট হইয়া মহাদেব আপনার পরিচ

অয়ি দেবি জলং হেতং ফলাদি চ নিরন্তরম্।
অবচ্ছিন্নং ভবেদত্র যথাশক্তি তপস্যসি ॥ ১৪
নবে বয়সি যদ্দেবি কৃতং বৈ তপ উত্তমম্।
অতঃকিঞ্চিদ্ধি পৃচ্ছেয়ং কথনীয়ং ত্বয়াধুনা ॥ ১৫
পূজাবিধিস্ত্বয়া দেবি কৃতো বৈ সর্ব্বথাত্মনা।
তস্মান্মৈত্রী চ সঞ্জাতা রহস্যং বদ মে শুভে ॥ ১৬
কিমিচ্ছসি বরং দেবি প্রষ্টুমিচ্ছাম্যতঃ পরম্।
ত্বয্যেব তপসো দেবি ফলং সর্ব্বং প্রদৃশ্যতে ॥ ১৭
বরার্থে চ তপশ্চেদ্বৈ তিষ্ঠতু তপ এব তৎ।
রত্নন্তু গ্রহীতারং বৈ ন পৃচ্ছতি গ্রহীষ্যতি * ১৮
ঈদৃশঞ্চৈব সৌন্দর্য্যং সর্ব্বং ব্যর্থীকৃতং ত্বয়া।
হিত্বাভরণান্যনেকানি চর্ম্মাদি চ ধৃতং ত্বয়া ॥ ১৯
তৎ সর্ব্বং কারণং ব্রূহি দৃষ্ট্বা হর্ষমুপাগমে ॥ ২০

দান করিয়া ছলে আপনার স্বরূপ গোপন করত তাহাকে জিজ্ঞাসা করিলেন,—অয়ি দেবি! তোমার এ স্থানে জল ও ফলাদি সর্ব্বদা পরিপূর্ণ ত? তুমি স্বীয় শক্তি অনুসারে তপস্যাচরণ করিতেছ ত? তুমি এই নবীন বয়সে যখন এতাদৃশ দুষ্কর তপস্যার অনুষ্ঠান করিতেছ, আমি তোমাকে কিঞ্চিৎ জিজ্ঞাসা করিব, তুমি এক্ষণে যথাযথ উত্তর দান করিবে। হে দেবি! তুমি যখন সর্ব্বান্তঃকরণের সহিত আমার পূজা করিয়াছ, তখন তোমার সহিত আমার মৈত্রী উৎপন্ন হইয়াছে; অতএব হে শুভে! তুমি আমার নিকট রহস্য ব্যক্ত কর। হে দেবি! অতঃপর আমি এইমাত্র জিজ্ঞাসা করিতেছি যে, তুমি কিরূপ বর কামনা করিয়াছ? কারণ সকল প্রকার তপস্যার ফল তোমার আয়ত্ত বলিয়া বোধ হইতেছে। যদি মনোমত পতির কামনায় ঐরূপ তপঃপ্রবৃত্ত হইয়া থাকে, তবে এক্ষণে তপস্যা হইতে নিবৃত্ত হও; কেননা রত্ন কখন গ্রহীতার কামনা করে না, গ্রহীতা নিজেই রত্নকে খুঁজিয়া লয়। তুমি যখন নানাবিধ আভরণ পরিত্যাগ করিয়া চর্ম্মাদি ধারণ করিয়াছ, তখন

* রত্নন্তু তদ্গ্রহীতারং স্বয়ং জ্ঞাত্বা গ্রহীতি ক্বচিৎ পাঠঃ।

ইতি পৃষ্টা তদা তেন সখীং প্রেরয়তী তদা।
তন্মুখেনৈব তৎ সর্ব্বং কথয়ামাস সুব্রতা ॥ ২১

ইতি শ্রীশৈবে মহাপুরাণে জ্ঞানসংহিতায়াং পার্ব্বতীতপোবর্ণনং নাম ত্রয়োদশোঽধ্যায়ঃ ॥ ১৩ ॥

চতুর্দ্দশোঽধ্যায়ঃ।

সূত উবাচ।

শ্রূয়তামৃষয়ঃ শ্রেষ্ঠাঃ কথাং পাপপ্রণাশনীম্।
যজ্জাতঞ্চ ততঃ পশ্চাৎ পার্ব্বতীশিবয়োস্তদা ॥ ১
তয়া চ প্রেরিতা তত্র সখী জটিলমাহ তং ॥ ২

সখ্যুবাচ।

শ্রূয়তাং বিপ্র বক্ষ্যামি যদি ত্বং শ্রোতুমিচ্ছসি।
যদর্থমেতয়া সখ্যা হ্যারব্ধং তপ উত্তমম্ ॥ ৩
হিত্বেন্দ্রপ্রমুখান্ দেবানৈশ্বর্য্যসংবৃতানপি।

তোমার এই অলৌকিক সৌন্দর্য্য সকল একেবারে ব্যর্থ হইয়াছে। অতএব তুমি কারণ সকল বল, আমি শুনিয়া হর্ষ প্রাপ্ত হই। সেই বৃদ্ধ ব্রাহ্মণ কর্ত্তৃক এইরূপে পৃষ্ট হইয়া তিনি সখীকে বলিবার নিমিত্ত ইঙ্গিত করিলেন এবং সেই সুব্রতা পার্ব্বতী সখীমুখ হইতে আপনার সমুদয় বৃত্তান্ত বিজ্ঞাপন করিলেন। ১১—২২।

ত্রয়োদশ অধ্যায় সমাপ্ত ॥

চতুর্দ্দশ অধ্যায়।

সূত বলিলেন—হে শ্রেষ্ঠ ঋষিগণ! পরে পার্ব্বতী ও মহাদেবের যেরূপ বৃত্তান্ত হইয়াছিল আপনারা সেই পাপপ্রণাশিনী কথা শ্রবণ করুন। পার্ব্বতী কর্ত্তৃক প্রেরিত হইয়া সখী সেই জটিলকে বলিল, হে বিপ্র! যদি আপনার শুনিতে ইচ্ছা হয় তবে আমি বলিতেছি শ্রবণ করুন। আমার সখী ঐশ্বর্য্য-সম্পন্ন ইন্দ্রাদি দেবগণকেও পরিত্যাগ করিয়া যাহার জন্য এই কঠোর তপস্যার অনুষ্ঠান করিতেছেন

পতিং পিনাকপাণিং বৈ প্রাপ্তুমিচ্ছতি সাম্প্রতম্ ॥
ইয়ং সখী মদীয়া বৈ বৃক্ষানারোপয়ং পুরা।
তেষু বৃক্ষেষু সঞ্জাতং ফলং পশ্য পুরঃ প্রভো ॥ ৫
মনোরথাঙ্কুরস্তস্যাঃ পশ্যামি ন কথঞ্চন।
রূপহার্য্যং শিবং দেবং মদনস্যাসুহারিণম্ ॥ ৬
তস্মাচ্চ নারদাদেশাৎ তপস্তপ্যতি দারুণম্।
যং তে পৃষ্টং ময়াখ্যাতং সখ্যাশ্চ সমভীপ্সিতম্ ॥৭
ইত্যেবং বচনং শ্রুত্বা জটিলো বাক্যমব্রবীৎ ॥৮

জটিল উবাচ।

সখ্যেদং কথিতং সত্যং পরিহাস উতাপি বা।
যথার্থং ন কথং দেবি মুখেন পরিভাষসে ॥ ৯
ইত্যুক্তে চ তদা তেন স্বয়ং নৈব সখী তদা।
উবাচ পার্ব্বতী দেবী তং তথৈব ন চান্যথা ॥ ১০
মনসা বচসা সাক্ষাদ্‌বৃতো বৈ শঙ্করো ময়া।
জানামি দুর্লভং বস্তু কথং প্রাপ্যং ময়া ভবেৎ ॥
তথাপি মনসৌৎসুক্যাৎ তপ্যতে চ ময়াধুনা।

ইত্যুক্ত্বা বচনং তস্মৈ স্থিতা সা গিরিজা তদা ॥১২
উবাচ ব্রাহ্মণস্তত্র ময়া চ গম্যতেঽধুনা।
এতাবৎ কালপর্য্যন্তং মমেচ্ছা মহতী হ্যভূৎ ॥ ১৩
কিং বস্তু কাম্যতী দেবী দৃষ্ট্বা যামি স্তবন্ ক্রমম্।
অবগতং ময়া সম্যক্ ত্বন্মুখাৎ সুন্দরি শ্রুতম্ ॥১৪
ইতো গচ্ছাম্যহং দেবি যথেচ্ছসি তথা কুরু।
ন কথ্যতে ময়া তুভ্যং মিত্রত্বং নিষ্ফলং ভবেৎ ॥
যথা কার্য্যং যথা ভাবি কথনীয়ং শুভেন চ। *
ইত্যুক্ত্বা বচনং তস্মৈ যাবদ্গন্তুমিয়েষ সঃ ॥ ১৬
তাবচ্চ পার্ব্বতী দেবী হ্যবাচ কিং গমিষ্যসি।
ইত্যুক্তে চ তয়া তত্র স্থিত্বোবাচ স দণ্ডধৃক্ ॥ ১৭

দণ্ডধৃগুবাচ।

শৃণু দেবী প্রবক্ষ্যামি মিত্রত্বাদুচ্যতে ময়া।
ইতশ্চ প্রথমং ত্বং মে মান্যা পূজ্যা সদা শুভা ॥১৮

তাহা শ্রবণ করুন। আমার এই সখী সম্প্রতি পিনাকপাণি মহাদেবকে পতিরূপে লাভ করিতে ইচ্ছা করিয়াছেন। ইনি প্রথমে কতকগুলি বৃক্ষ রোপণ করিয়াছিলেন, হে প্রভো! দেখুন সেই সকল বৃক্ষে ফল উৎপন্ন হইয়াছে কিন্তু অদ্যাপি ইঁহার মনোরথের কোনরূপ অঙ্কুরও দেখিতেছি না। মদনসংহারী মহাদেব রূপহার্য্য অর্থাৎ সৌন্দর্য্যের বশ্য নহেন, এই নিমিত্ত দেবর্ষি নারদের উপদেশানুসারে কঠোর তপস্যায় ব্রতী হইয়াছেন। আপনি যাহা জিজ্ঞাসা করিয়াছিলেন, আমি সখীর ঈপ্সিত সেই সমুদয়ই বলিলাম। তখন সেই জটিল সেই বাক্য শ্রবণ করিয়া বলিতে লাগিলেন—সখী এই যাহা বলিল ইহা কি সত্য না পরিহাস? হে দেবি! নিজ মুখে সত্য কথা কেন বলিতেছ না? ব্রাহ্মণ এই কথা বলিলে সখী আর কিছুই বলিল না। পার্ব্বতী দেবী নিজেই বলিলেন—ইহা সম্পূর্ণ সত্য, কিছুই মিথ্যা নহে। আমি মন ও বাক্য দ্বারা সেই শঙ্করকেই পতিত্বে বরণ করিয়াছি। আমি তাঁহাকে দুর্লভ বস্তু বলিয়া জানি, তিনি কিরূপে সহজে প্রাপ্য হইবেন? ১—১১। তথাপি আমি মনের ঔৎসুক্য বশতঃ এক্ষণে এই নিদারুণ তপস্যার অনুষ্ঠান করিতেছি। সেই ব্রাহ্মণকে এই কথা বলিয়া পার্ব্বতী নীরবে অবস্থান করিলেন। তখন সেই ব্রাহ্মণ বলিলেন,—আমি এক্ষণে গমন করি। এতক্ষণ অবধি আমার মনে বড় আশার উদয় হইয়াছিল যে, দেবী কিরূপ দুর্লভ বস্তুর কামনা করিয়াছেন, তাহা জানিয়া ইঁহার তপস্যায় সাধুবাদ দিয়া গমন করিব; হে সুন্দরি! এক্ষণে তোমার নিজ মুখে শুনিয়া সকলই সম্যক্‌রূপে অবগত হইলাম, (আর কেন?) আমি এ স্থান হইতে চলিলাম, তোমার যাহা ইচ্ছা, তাহাই কর আমি তোমাকে কিছুই বলিতে ইচ্ছা করি না। তাহাতে মিত্রতা নিষ্ফল হয়, হউক; কারণ হে শুভে! ভবিতব্যতা অনুসারেই লোকে কার্য্য করিয়া থাকে; সে বিষয়ে কিছুই বলা উচিত নয়। এই কথা বলিয়া সেই ব্রাহ্মণ তৎক্ষণাৎ গমন করিতে ইচ্ছা করিলেন। তখন পার্ব্বতী দেবী তাঁহাকে বলিলেন,—কেন আপনি গমন করিতেছেন? পার্ব্বতী এই কথা বলিলে, সেই দণ্ডধারী সেই স্থানে থাকিয়া বলিতে লাগিলেন,—হে দেবি! আমি মিত্রতাপ্রযুক্ত যাহা

* শুভং ন চেতি পাঠান্তরম্।

ইদানীং তদ্বিপরীতং জাতং মে নাত্র সংশয়ঃ।
ইতি কৃতং ত্বয়াদ্যৈব তচ্চৈব শ্রূয়তামিতি ॥ ১৯
দত্ত্বা সুবর্ণমুদ্রাঞ্চ কাচং গ্রহীতুমিচ্ছসি।
হিত্বা চ চন্দনং শুভ্রং কর্দ্দমং লেপ্তুমীহসে ॥ ২০
নাগঞ্চ বাহনং হিত্বা বলীবর্দ্দং ত্বমিচ্ছসি।
গাঙ্গং জলম্পরিত্যজ্য কূপোদকং সমীহসে ॥ ২১
সূর্য্যতেজঃ পরিত্যজ্য খদ্যোতদ্যুতিমিচ্ছসি।
চীনাংশুকং * বিহায়ৈব চর্ম্মাম্বরমুপাসসে ॥ ২২
গৃহে বাসশ্চ বৈ দেবি ত্যক্ত্বা বনং সমীহসে।
করোষি ত্বঞ্চ দেবেশ ন যুক্তং কর্ত্তুমুদ্যতা ॥ ২৩
তথা ত্বং সর্ব্বদেবানাং হিত্বা চ সন্নিধিং পুনঃ।
ইচ্ছসি অসুরাণাঞ্চ ন যুক্তং ক্রিয়তে ত্বয়া ॥ ২৪
ইন্দ্রাদিলোকপালাংশ্চ হিত্বা শিবমনুব্রত।
নৈতদ্যুক্তং হি লোকেষু বিরুদ্ধং দৃশ্যতেঽধুনা ॥ ২৫
ক্ব ত্বং কমলপত্রাক্ষি ক্ব চাসৌ চ ত্রিলোচনঃ।
শশাঙ্কবদনা ত্বঞ্চ পঞ্চবক্ত্রঃ শিবঃ স্মৃতঃ ॥ ২৬
কবর্য্যাশ্চৈব তে রূপং বর্ণিতুং নৈব শক্যতে।
জটাজূটং শিবস্যৈব প্রসিদ্ধং পরিচক্ষতে ॥ ২৭
চন্দনঞ্চ ত্বদীয়েঽঙ্গে চিতাভস্ম শিবস্য চ।
ক্ব দুকূলং ত্বদীয়ং বৈ গজাজিনমথাশুভম্ ॥ ২৮
ক্বাঙ্গদাদীনি দিব্যানি ক্ব সর্পাঃ শঙ্করস্য চ।
ক্ব চ বা দেবতাঃ সর্ব্বাঃ ক্ব চ ভূতাবলিঃ প্রিয়ে ॥২৯
ক্বাসৌ মৃদঙ্গনাদো বৈ ক্ব চাপি ডমরুস্তদা।
ক্ব চ ভেরীকলাপশ্চ ক্ব চ শৃঙ্গীরবোঽশুভঃ ॥৩০
ক্ব চ ঢক্কাময়ঃ শব্দো গল্লনাদঃ ক্ব চাপি হি।
ভবত্যাশ্চ শিবস্যৈব ন যুক্তং রূপমুত্তমম্ ॥ ৩১
বপুশ্চৈব বিরূপাক্ষং জন্ম ন জ্ঞায়তে কদা।

বলিতেছি, শ্রবণ কর। ইহার পূর্ব্বে তুমি আমার সম্মান এবং ভক্তির পাত্র হইয়াছিলে; কিন্তু এক্ষণে আমার যে, সে ভাবের বৈপরীত্য ঘটিয়াছে, সে বিষয়ে কোন সন্দেহ নাই; এরূপ বৈপরীত্য তুমিই করিয়াছ। কেন,—তাহা শ্রবণ কর। তুমি স্বর্ণ ত্যাগ করিয়া কাচ গ্রহণ করিতে ইচ্ছা করিয়াছ এবং চন্দন ত্যাগ করিয়া কর্দ্দম লেপন করিতে ইচ্ছা করিয়াছ। তুমি হস্তী ত্যাগ করিয়া বলীবর্দ্দকে বাহন করিতে এবং গঙ্গাজল পরিত্যাগ করিয়া, কূপোদক পান করিতে অভিলাষ করিয়াছ। তুমি সূর্য্যজ্যোতিঃ পরিহার করিয়া খদ্যোতের দ্যুতি গ্রহণ এবং চীনাংশুক পরিত্যাগপূর্ব্বক চর্ম্মাম্বর পরিধান করিতে রুচি করিয়াছ। ১২—২২। যেমন গৃহবাস পরিত্যাগ করিয়া বনবাসে রুচি করা, হে দেবেশি! তুমিও সেইরূপ অযুক্ত কার্য্য করিতে উদ্যত হইয়াছ। সমুদয় দেবগণের সন্নিধি পরিত্যাগপূর্ব্বক অসুরগণের সহবাস ইচ্ছা করা যেমন, তুমিও সেইরূপ অযুক্ত কার্য্যের আচরণ করিতেছ। কারণ তুমি ইন্দ্রাদি দেবগণকে পরিত্যাগ করিয়া মহাদেবের উপর যে অনুরক্ত হইয়াছ, ইহা লোকে যুক্তিযুক্ত কার্য্য নহে; বরং সম্প্রতি লোকবিরুদ্ধই হইয়াছে। হে পদ্মপলাশলোচনে! তুমি কোথায়, আর সেই তিনচোখ শিবই বা কোথায়? আরও দেখ, তুমি শশাঙ্কবদনা, আর সেই শিব পাঁচমুখো। তোমার কবরীর সৌন্দর্য্য বর্ণনাতীত, আর সেই শিবের মাথা কতকগুলা জটাজুটে পরিপূর্ণ। তোমার অঙ্গ চন্দনে চর্চ্চিত, আর শিবের অঙ্গ ভস্ম-ধূসরিত। তোমার দিব্য দুকূলই বা কোথায় আর মহাদেবের সেই অশুভ গজাজিনই বা কোথায়? হে প্রীতিদায়িনি! তোমার সেই অঙ্গদাদি দিব্য আভরণই বা কোথায়, আর মহাদেবের সেই ভয়ঙ্কর সর্পগণই বা কোথায়? কোথায় তোমার আত্মীয় সেই সমুদয় দেবগণ, আর কোথায় বা সেই মহাদেবের পারিষদ ভূতগণ? কোথায় তোমার পিতার গৃহে মৃদঙ্গের শব্দ, আর কোথায়ই বা মহাদেবের সেই ডমরু? কোথায় তোমাদিগের গৃহে দুন্দুভিসমূহ, আর কোথায়ই বা মহাদেবের সেই অশুভ শিঙ্গার রব? কোথায় তোমাদের গৃহে পটহাদি প্রচুর বাদ্যের নিনাদ, আর কোথায়ই বা মহাদেবের গালবাদ্য? অতএব তোমার এবং শিবের সংযোগে কখনই যুক্তিযুক্ত নহে। ২৩—৩১। মহাদেবের শরীর বিরূপাক্ষ

* চিত্রাংশুকমিতি কচিৎ পাঠঃ।

যদি ধনং ভবেৎ তস্য কথং দিগম্বরোভবেৎ ॥ ৩২
বরেষু যে গুণাঃ প্রোক্তা একোঽপি ন শিবে স্মৃতঃ
বাহনঞ্চ বলীবর্দ্দো বসনং চর্ম্ম এব চ ॥ ৩৩
যদি গ্রাহী ভবেৎ সো হি কথঞ্চ মদনং দহেৎ।
সহায়াস্তু পিশাচাশ্চ বিষং কণ্ঠে বিরাজতে ॥ ৩৪
অনাদরস্তথা দৃষ্টো হিত্বা বনমুপাগতঃ।
জাতির্ন লভ্যতে তস্য বিদ্যাজ্ঞানং ন দৃশ্যতে ॥ ৩৫
একাকী চ সদা নিত্যং বিরাগী চ বিশেষতঃ।
তস্মাৎ ত্বন্তু শিবে নৈব মনো যোক্তুমিহার্হসি ॥ ৩৬
ক চ হারস্তদীয়ো বৈ ক চ বৈ রুণ্ডমালিকা।
সর্ব্বং বিরোধি রূপঞ্চ তব চৈব শিবস্য চ ॥ ৩৭
মহ্যং ন রোচতে দেবি যদিচ্ছসি তথা কুরু।
ময়া বিদিতো দেবঃ শ্মশানে বাসমীহতে ॥ ৩৮
অসদ্বস্তু চ যৎ কিঞ্চিৎ তৎ সর্ব্বং সেবতে স্বয়ম্।
নিবর্ত্তয় মনস্তস্মান্নো চেদ্গচ্ছেঃ সমীপতঃ ॥ ৩৯

ইত্যেতদ্বচনং শ্রুত্বা পার্ব্বতী ক্রোধসংযুতা।
উবাচ ক্রুধ্যমানা সা শিবনিন্দাপরঞ্চ তম্ ॥ ৪০
পার্ব্বত্যুবাচ।
এতাবদ্ধি ময়া জ্ঞাতং কশ্চিদন্যো ভবিষ্যতি।
পরন্তু সকলং জ্ঞাতমবধ্যো দৃশ্যসেঽধুনা ॥ ৪১
শ্রূয়তাং বচনং হ্যেতৎ কথয়ামি ক্রমেণ চ।
ত্বয়োক্তং বিদিতো দেবস্তদলীকং ন চান্যথা ॥ ৪২
যদি চ বিদিতঃ স্যাদ্বৈ বিরুদ্ধং নোচ্যতে ত্বয়া।
কশ্চিদ্দুরদ্ধঃ প্রদৃশ্যেত বেশধারী ন সংশয়ঃ ॥ ৪৩
ব্রহ্মচারিস্বরূপেণ কশ্চিদ্ধূর্ত্তঃ সমাগতঃ।
শঙ্করস্য স্বরূপন্তু প্রবক্ষ্যামি শৃণুষ্ব তৎ ॥ ৪৪
বস্তুতো নির্গুণঃ সাক্ষাৎ সগুণঃ কারণেন চ।
কুতো জাতির্ভবেৎ তস্য নির্গুণস্য গুণাত্মনঃ ॥ ৪৫
সর্ব্বাসামপি বিদ্যানামধিষ্ঠানং সদাশিবঃ।
উচ্ছ্বাসরূপিণো বেদা দত্তাস্ত বিষ্ণবে পুরা ॥ ৪৬
কিং তস্য বিদ্যয়া কার্য্যং পূর্ণস্য পরমাত্মনঃ।

এবং তাহার জন্মের বিষয় কোন কালে কিছু জানা যায় না, আর যদি তাহার কিছু ধন থাকিত, তবে সে দিগম্বর হইয়া বেড়াইবে কেন? বরের যে সকল গুণ উক্ত হইয়াছে, তাহার মধ্যে একটীও শিবে নাই। তাহার বাহন বলীবর্দ্দ এবং বসন চর্ম্ম। যদি সেই সর্ব্বসম্মত হইত, তাহা হইলে মদন দাহ করিবে কেন? পিশাচাদি তাহার সহায় এবং কণ্ঠ বিষে পরিপূর্ণ। লোকে তাহার এরূপ অনাদর যে, সে গৃহ ত্যাগ করিয়া বনে বনে ভ্রমণ করে। তাহার জাতির স্থিরতা নাই এবং কোনরূপ বিদ্যা জ্ঞান বা দেশাচারও নাই। সে সর্ব্বদা একাকী থাকে, আর তাহার বৈরাগ্যও উৎকট; অতএব তুমি শিবের সহিত মনের যোগ করিও না। কোথায় তোমার হার, আর মহাদেবের সেই শবমালাই বা কোথায়? তোমার এবং শিবের রূপ সর্ব্বপ্রকারে বিরোধী। হে দেবি! তোমার কার্য্য আমার ভাল লাগিতেছে না; তোমার যাহা ইচ্ছা কর। আমি সেই দেবকে বিশেষ জানি; তাহার কেবল শ্মশানে বাস করিতে ইচ্ছা। যে বস্তু অসৎ মহাদেব তাহারই সেবা করে। অতএব তাহা হইতে মন নিবৃত্ত কর, নতুবা আমার সমীপ হইতে গমন কর। এই কথা শুনিয়া পার্ব্বতী ক্রোধযুক্ত হইলেন এবং ক্রোধের সহিত সেই শিবনিন্দাকারী ব্রাহ্মণকে বলিলেন,—আমি পূর্ব্বে ভাবিয়াছিলাম, তুমি বুঝি আর কোন পুরুষের কথা বলিতেছ; কিন্তু এক্ষণে সকল জ্ঞাত হইয়া বুঝিলাম, তুমি শিবের বিষয় কিছুই জান না। ৩২—৪১। আমি ক্রমে তোমার সকল কথার উত্তর দিতেছি, শ্রবণ কর। তুমি যে বলিয়াছ, আমি সেই দেবকে জানি, এ কথা মিথ্যা ভিন্ন আর কিছুই নহে অথবা শিবকে তুমি যেরূপ জান, সেইরূপ বলিতেছ। যেমন বহুরূপী যুবা পুরুষও বৃদ্ধরূপে দৃষ্ট হইয়া থাকে, বোধ হয় তুমিও কোন ধূর্ত্ত ব্রহ্মচারী স্বরূপে আগমন করিয়াছ। যাহা হউক, মহাদেবের স্বরূপ বলিতেছি, শ্রবণ কর। বস্তুতঃ তিনি নির্গুণ, কারণ বশতঃ তিনি সগুণ হইয়া থাকেন। অতএব সেই সগুণ ও নির্গুণ এই উভয়াত্মক মহাদেবের জাতি কিরূপে হইতে হইতে পারে? সেই সদাশিব সকল বিদ্যার অধিষ্ঠান; তিনি পূর্ব্বে নিজের উচ্ছ্বাসস্বরূপ বেদ সকল বিষ্ণুকে দান করিয়াছিলেন। সেই পরি-

সর্ব্বেষাকাদিভূতস্য বয়োমানং কুতঃ স্মৃতম্ ॥ ৪৭
প্রকৃতিস্তু ততো জাতা কিং শক্তেস্তস্য কারণম্।
যো বৈ ভজতি নিত্যং তং তস্য শক্তিত্রয়ং সদা ॥
যস্যৈব ভজনাল্লোকো মৃত্যুং জয়তি নিশ্চিতম্।
তস্মান্মৃত্যুঞ্জয়ং নাম প্রসিদ্ধং জগতীতলে ॥ ৪৯
যস্য পূজাপ্রভাবেণ আরোগ্যং জায়তে নৃণাম্।
তস্যারোগ্যং কুতোঽপীহ ভবিষ্যতি সুদুর্ম্মতে ॥ ৫০
তস্যৈব পক্ষপাতেন দেবা দেবত্বমাগতাঃ।
দর্শনার্থং শিবস্যৈব যদা গচ্ছতি দেবরাট্ ॥ ৫১
তদা ভূতা পিশাচাশ্চ দ্বারপালাঃ শিবস্য চ।
দণ্ডৈশ্চ মুকুটং বিদ্ধং খণ্ডং খণ্ডং ব্রজেদ্ভুবি ॥৫২
কিং তস্য বহুপক্ষেণ স্বয়মেব প্রভুঃ সদা।
কল্যাণরূপিণস্তস্য সেবয়া কিং ভবেদিহ।
কিং ন্যূনং দেবদেবস্য মামিচ্ছতি সদাশিবঃ ॥ ৫৩
সপ্তজন্ম দরিদ্রঃ স্যাৎ সেবতে যদি শঙ্করম্।
তস্যৈব দুর্লভা লোকে লক্ষ্মীঃ স্যাদনপায়িনী ॥ ৫৪
যদগ্রে সিদ্ধয়োঽষ্টৌ চ নৃত্যন্তি প্রতিবাসরম্।
অবাঙ্মুখাঃ সদা তত্র কুতো বিত্তং সুদুর্লভম্ ॥ ৫৫
যদ্যপ্যমঙ্গলানীহ সেবতে শঙ্করঃ সদা।
তথাপি মঙ্গলং তস্য স্মরণাদেব জায়তে ॥ ৫৬
শিবেতি মঙ্গলং নাম মুখে যস্য নিরন্তরম্।
তস্যৈব দর্শনাদন্যে পবিত্রাঃ সন্তি নিত্যশঃ ॥ ৫৭
যদ্যপূতং ভবেত্তস্য চিতায়াশ্চ সুরোদিতম্।
নৃত্যস্থাপগমে দেবৈঃ শিরোভির্ধার্য্যতে কথম্ ॥ ৫৮
যশ্চৈব জগতশ্চাদির্জগতশ্চেশ্বরো মতঃ।
জগৎসংহারকর্ত্তা চ স জ্ঞেয়ো বৈ কথং ভবেৎ ॥
অগম্যং ব্রহ্মণো রূপং শিবস্য পরমাত্মনঃ।
কথং তত্ত্বং বিজানন্তি ত্বাদৃশা হি বহির্ম্মুখাঃ ॥ ৬০
দুরাচারাশ্চ পাপাশ্চ বেদেভ্যশ্চ বহিষ্কৃতাঃ।
তত্ত্বং নৈতে বিজানন্তি শিবস্যাগুণরূপিণঃ ॥ ৬১
শিবনিন্দাং করোতীহ তত্ত্বমজ্ঞায় যঃ পুমান্।

পূর্ণ পরমাত্মার বিদ্যার আবার প্রয়োজন কি? তিনি সকলের আদি; তাঁহার বয়সের পরিমাণ কিরূপে সম্ভব হইতে পারে? প্রকৃতি তাঁহা হইতে উৎপন্ন হইয়াছেন; অতএব তাঁহার শক্তির কারণ অন্বেষণে প্রয়োজন কি? যে সেই নিত্য মহাদেবের ভজনা করে, তাহার সর্ব্বদা শক্তিত্রয়ের বিকাশ হয়। যাঁহার সেবা করিয়া মনুষ্য নিশ্চয় মৃত্যুকে জয় করে, এই নিমিত্ত এই জগতীতলে তিনি মৃত্যুঞ্জয় নামে প্রসিদ্ধ। যাঁহার পূজাপ্রভাবে মনুষ্যের আরোগ্যলাভ হয়, হে সুদুর্ম্মতে! তাঁহার আবার আরোগ্যের কথা কি? তাঁহার অনুগ্রহেই দেবগণের দেবত্ব হইয়াছে। সেই শিবের দর্শনার্থ ইন্দ্র সর্ব্বদা গমন করিয়া থাকেন; সেই সময়ে ভূতই হউক আর পিশাচই হউক, শিবের যে দ্বারপাল থাকে, তাহাদের দণ্ডদ্বারা ইন্দ্রের মুকুট খণ্ড খণ্ড হইয়া পৃথিবীতে পতিত হয়। ৪২—৫২। তাঁহার বিষয় অধিক আর কি বলিব? তিনি স্বয়ংই সর্ব্বদা প্রভু। তিনি কল্যাণরূপী; তাঁহার সেবার কত ফল, তাহা শ্রবণ কর। তাঁহার সেবার কিছুরই ন্যূনতা থাকে না; সেই সদাশিব আমাকে তাঁহার সেবিকা করিতে ইচ্ছা করিয়াছেন। যদি সাত জন্মের দরিদ্রও সেই শঙ্করের সেবা করে,তবে এই সংসারে তাহার এইরূপ স্থির এবং দুর্লভ লক্ষ্মী লাভ হয় যে, যাহার সম্মুখে প্রত্যহ আট প্রকার সিদ্ধি লজ্জায় অধোমুখ হইয়া নৃত্য করিতে থাকে। মহাদেবের নিকট বিত্ত আবার দুর্লভ কোথায়? যদি বল, শঙ্কর সর্ব্বদা অমঙ্গল বস্তুর সেবা করেন, তাহা হইলেও তাঁহার নাম স্মরণে মঙ্গল সকল উৎপন্ন হয়। 'শিব' এই মঙ্গলময় নাম নিরন্তর যাহার মুখে বিরাজ করে, তাহার দর্শনেই অপর বস্তু সকল নিত্য পবিত্র হয়। তুমি যে চিতার ভস্ম অপবিত্র বলিয়া নির্দ্দেশ করিতেছ উহা যদি অপবিত্র হইত, তবে দেবগণ তাঁহার নৃত্যাবসানে পতিত ভস্ম মস্তকে ধারণ করেন কেন? যিনি জগতের আদি এবং জগতের ঈশ্বর ও সংহার কর্ত্তা, তিনি কিরূপে জ্ঞেয় হইবেন? পরমাত্মা পরব্রহ্ম শিবের স্বরূপ অজ্ঞেয়; তোমাদিগের ন্যায় স্থূলদর্শী অতত্ত্বজ্ঞ ব্যক্তিরা কিরূপে তাঁহা তত্ত্ব জানিবে? দুরাচারী, পাপী এবং বেদ বহিষ্কৃত ব্যক্তিরা সেই নির্গুণ শিবের তত্ত্ব জানিতে সক্ষম হয় না। ৫৩—৬১। (

আজন্মসঞ্চিতং পুণ্যং তস্মাত্তস্মীভবিষ্যতি॥ ৬২
ত্বয়া নিন্দা কৃতা হ্যত্র হরস্যামিততেজসঃ।
ত্বৎপূজা চ কৃতা যস্মাৎ তস্মাৎ পাপং ভজাম্যহম্
শিববিদ্বেষিণং দৃষ্ট্বা সচৈলং স্নানমাচরেৎ।
রে রে দুষ্ট ত্বয়া প্রোক্তং জানামি চ মহেশ্বরম্ ॥৬৪
নিশ্চয়েনৈব ন জ্ঞাতঃ শিব এব সনাতনঃ।
যথা তথা ভবেৎ সো বৈ মমাভীষ্টতমো মতঃ॥ ৬৫
পুনর্বচনমাদাতুং প্রক্রমে তাবদেব হি।
উবাচ গিরিজা দেবী সখীং দুষ্টমনা হ্যসৌ।
বারণীয়ঃ প্রযত্নেন শিবনিন্দাং করিষ্যতি॥ ৬৬
ন কেবলং ভজেৎ পাপং নিন্দাকর্ত্তা শিবস্য চ।
যো বৈ শৃণোতি তাং নিন্দাং পাপভাক্ স ভবেদিহ
অয়ং দুষ্টঃ পুনর্নিন্দাং করিষ্যতি শিবস্য চ।
স্থলমেতৎ তথা হিত্বা যাস্যামোহন্যত্র মা চিরম্॥৬৮
ইত্যুক্ত্বা চলনায়াসৌ পদমুৎক্ষিপতে যদা।
তদাসৌ চ শিবঃ সাক্ষাদাললম্বে প্রিয়াং স্বয়ম্ ॥৬৯

কৃত্বা স্বীয়ং স্বরূপঞ্চ যথা ধ্যাতং তয়া তথা।
দর্শয়িত্বা পুনস্তাঞ্চ হ্যবাচাবাঙ্মুখীং শিবাম্ ॥ ৭০
কুত্র যাস্যসি মাং হিত্বা ন ত্বং ত্যাজ্যা ময়া পুন
প্রসন্নোঽস্মি বরং ব্রূহি নাদেয়ং বিদ্যতে তব ॥
অদ্যপ্রভৃতি তে দাসস্তপোভিঃ প্রেমনির্ভরৈঃ।
ক্রীতোঽস্মি তব সৌন্দর্য্যাৎ ক্ষণমেকং যুগায়তে
ত্যজ্যতাঞ্চ ত্বয়া লজ্জা এহি যামো গৃহং মম।
ইত্যুক্তে দেবদেবেন জহৌ দুঃখং পুরাতনম্ ॥
তপসশ্চৈব যজ্জাতং মহদ্দুঃখং গতং তদা।
ফলে জাতে শ্রমঃ পূর্ব্বং জাতে নাশমবাপ্ন্যাং

ইতি শ্রীশৈবে মহাপুরাণে জ্ঞানসংহিতায়
পার্ব্বতীবরপ্রদানং নাম চতুর্দ্দশোঽধ্যায়ঃ ॥১৪

মনুষ্য তত্ত্ব না জানিয়া শিবের নিন্দা করে, তাহার আজন্মসঞ্চিত পুণ্য ভস্মীভূত হয়। তুমি সেই অমিত-তেজা মহাদেবের নিন্দা করিতেছ, অতএব তোমার পূজা করিয়া আমি পাপভাগিনী হইলাম। শিবনিন্দককে দেখিয়া পরিধান-বস্ত্রের সহিত স্নানের আচরণ করিতে হয়। অরে দুষ্ট! তুমি বলিতেছ, আমি মহাদেবকে জানি; কিন্তু আমার বিবেচনায় তুমি নিশ্চয় সেই সনাতন শিবকে জান না। শিব যেরূপই হউন না কেন, তিনি আমার সর্ব্বাপেক্ষা অভীষ্টতম। এই কথা বলিয়া পার্ব্বতী আবার বলিতে আরম্ভ করিলেন। দেবী পার্ব্বতী সখীকে বলিলেন, এই দুষ্টাত্মাকে নিবারণ কর; নতুবা এ যত্ন-পূর্ব্বক শিবের আরও নিন্দা করিবে। শিবের নিন্দাকারী যে কেবল পাপভাগী হয়, এরূপ নহে; যে সেই নিন্দা শ্রবণ করে, সেও পাপ-ভাগী হয়। এই দুষ্ট পুনর্ব্বার শিবের নিন্দা করিবে বোধ হইতেছে; অতএব এস, আমরাই এ স্থান পরিত্যাগ করিয়া অন্যত্র গমন করি। এই বলিয়া পার্ব্বতী যেমন গমনের নিমিত্ত পা উঠাইবেন, তখনই সেই ব্রাহ্মণ সাক্ষাৎ শিব-মূর্ত্তি ধারণ করিয়া স্বয়ং স্বীয় প্রিয়াকে অবলম্ব করিলেন। ৬২—৬৯। পার্ব্বতী এতদি অবধি যে মূর্ত্তির ধ্যান করিয়াছিলেন, সাক্ষা সেই মূর্ত্তি ধারণপূর্ব্বক শঙ্কর তাঁহাকে দর্শ দিয়া লজ্জাভরে অবনতমুখী পার্ব্বতীকে বলিলেন —তুমি আমাকে পরিত্যাগ করিয়া কোথায় গম করিতেছ? আমি কিন্তু তোমাকে পরিত্যা করিব না। আমি তোমার উপর প্রসন্ন হই য়াছি, বর প্রার্থনা কর; তোমাকে অদেয় আমার কিছুই নাই। অদ্য প্রভৃতি তপস্যা, প্রেমাতি-শয্য এবং সৌন্দর্য্য দ্বারা আমি তোমার ক্রীত-দাস হইলাম; তোমা ব্যতীত এক ক্ষণও যুগের ন্যায় বোধ হয়। তুমি লজ্জা পরিত্যাগ কর; এস, আমরা গৃহে গমন করি। মহাদেব এই কথা বলিলে পার্ব্বতী পুরাতন দুঃখ ত্যাগ করিলেন। তপস্যাহেতুক তাঁহার পূর্ব্বে যে মহৎ দুঃখ হইয়াছিল, ফল প্রাপ্ত হওয়ায়, তাহ আর শ্রম বলিয়া বোধ হইল না; সকলই একে বারে শান্তি প্রাপ্ত হইল। ৭০—৭৪।

চতুর্দ্দশ অধ্যায় সমাপ্ত ॥

পঞ্চদশোঽধ্যায়ঃ।

ঋষয় উচুঃ।

ব্যাসশিষ্য মহাভাগ ততো জাতঞ্চ যৎ পুনঃ।
তৎ সর্ব্বং কথয় ত্বং হি কথাং লোকমলাপহাম্॥ ১

সূত উবাচ।

মুনয়ঃ শ্রূয়তাং সম্যক্ কথয়ামি কথাং মুদা।
পার্ব্বতীবচনং শ্রুত্বা হরস্য পরমাত্মনঃ॥ ২
উবাচ ব্রীড়িতা দেবী বচঃ স্মৃত্বা পুরাতনম্।
সখীমুখেন সা তত্র শিবং সম্যগ্ব্যবস্থিতম্॥ ৩
এহি যামো গৃহে দেবি কথমেবং বিলম্বসে।
এবং ব্রুবন্তং তং দেবং পার্ব্বতীবচনাৎ সখী॥ ৪

সখ্যুবাচ।

যদি প্রসন্নো দেবেশ করোষি চ কৃপাং যদি।
তদেবঞ্চ ত্বয়া কার্য্যং কৃপাং কৃত্বা মমোপরি॥ ৫
পিতৃগৃহে ময়া সমাগ্গম্যতে ত্বদনুজ্ঞয়া।
প্রসিদ্ধৈঃ * ক্রিয়তে যদ্বিবাহঃ পরমঃ শুভঃ॥ ৬

পঞ্চদশ অধ্যায়।

ঋষিগণ বলিলেন,—হে ব্যাসশিষ্য মহাভাগ
! তদনন্তর যাহা সংঘটিত হইয়াছিল,
ই পাপনাশিনী সমুদয় কথার কীর্ত্তন কর।
বলিলেন,—হে মুনিগণ! ! আপনারা
ধান হইয়া শ্রবণ করুন, আমি হৃষ্টচিত্তে
ই কথার কীর্ত্তন করিতেছি। পার্ব্বতী
া পরমাত্মা হরের বাক্য শুনিয়া ব্রীড়িতা
য়া পুরাতন বাক্য স্মরণ করত সেই স্থানে
রভাবে অবস্থিত শিবকে, সখীর মুখ দিয়া
লেন। "হে দেবি! এস, গৃহে গমন
; আর বিলম্ব করিতেছ কেন" শিব এই
কথা বলিতেছেন, এমন সময় পার্ব্বতীর
নুসারে সখী তাঁহাকে বলিল;—হে
শ! যদি প্রসন্ন হইয়া থাকেন, যদি কৃপা
বার মানস করিয়া থাকেন, তাহা হইলে
মার উপর কৃপা করিয়া আপনিই এইরূপ
ন,—আমি এক্ষণে আপনার অনুজ্ঞাক্রমে

* প্রসিদ্ধ ইতি বা পাঠঃ।

তথা চৈব ত্বয়া কার্য্যং লোকেষু খ্যাপয়ন্ যশঃ।
পিতুর্গেহে সফলং সর্ব্বং কুরুষ্বেহ গৃহাশ্রমম্॥ ৭
বিবাহস্য যথা রীতিঃ কর্ত্তব্যং তৎ তথা ধ্রুবম্।
জানাতি হিমবান্ সম্যক্ কৃতং পুত্র্যা শুভং মম॥ ৮
ইত্যেবং বচনং শ্রুত্বা শিবোঽপি চ শিবাং তদা।
উবাচ বচনং ত্বঞ্চ যদিচ্ছসি তথেতি তৎ॥ ৯
ইত্যুক্ত্বান্তর্দ্দধে শম্ভুর্গত্বা কাশীং বিচারয়ন্।
সস্মার চ ঋষীন্ সপ্ত বিরহাবিষ্টমানসঃ॥ ১০
পার্ব্বত্যপি সখীযুক্তা রূপং কৃত্বা তু সার্থকম্।
জগাম চ স্বকং ধাম পিতুর্ব্বিরহকাতরা॥ ১১
পিতা চৈব তথা মাতা সখ্যশ্চৈবাপ্যনেকশঃ।
সম্বন্ধিনস্তথা চান্যে সম্মুখাঃ সংবভূবুস্তদা॥ ১২
জয়েতি চ ব্রুবন্তস্তে দৃঢ়ালিঙ্গনমাদধুঃ।
সাধিতস্তু ত্বয়া সম্যক্ পাবিতাঃ স্মো বয়ং ত্বয়া॥ ১৩

পিতৃগৃহে গমন করিতেছি। প্রসিদ্ধ পুরুষেরা
যে রীতিতে শুভ বিবাহ করিয়া থাকেন, আপ-
নিও লোকে সুকীর্ত্তি ঘোষিত করিয়া সেইরূপ
রীতিতে বিবাহ করিবেন; তাহাতে আমার
পিতার গৃহ ও আশ্রমাদি সফল হইবে। বিবা-
হের যেরূপ রীতি আছে, তদনুসারে আপনার
কার্য্য করা কর্ত্তব্য। তাহা হইলে হিমবান,
নিজপুত্রী আমার শুভকরী হইয়াছে বলিয়া
জানিবেন। শিব এই কথা শ্রবণ করিয়া শিবাকে
বলিলেন,—তুমি যাহা ইচ্ছা করিতেছ, তাহাই
হউক। ১—৯। শম্ভু এই কথা বলিয়া
অন্তর্হিত হইলেন এবং কাশীক্ষেত্রে গমন করিয়া
বিরহাকুলচিত্তে অনেক বিবেচনার পর সপ্তর্ষিকে
স্মরণ করিলেন। সখীযুক্তা পার্ব্বতীও এই-
রূপ স্বীয় রূপের সার্থকতা সম্পাদন করিয়া,
পিতৃবিরহ জন্য কাতরতা প্রযুক্ত স্বগৃহে গমন
করিলেন। তখন তাঁহার পিতামাতা, নানা-
প্রকার সখীজন এবং অপরাপর সম্বন্ধিগণ তাঁহার
সম্মুখে উপস্থিত হইলেন। তাঁহারা সকলে
তাঁহার জয় উচ্চারণ করিয়া দৃঢ়রূপে আলিঙ্গন
করিলেন এবং বলিতে লাগিলেন,—তুমি দুষ্কর-
কর্ম্মের সাধন করিয়াছ এবং আমাদের সকলকে

চন্দনৈঃ পুষ্পবর্য্যৈশ্চ পূজয়িত্বা শিবাং মুদা।
গৃহং প্রবেশয়ামাসুর্ব্বহুমানপুরঃসরম্॥ ১৪
আশ্রমং সফলং মেনে কুপুত্রাৎ পুত্রিকা বরা।
হিমবান্ নারদং তত্র প্রস্তুবন্ সাধু সাধ্বিতি॥ ১৫
ঋষয়শ্চৈব তে সর্ব্বে শম্ভুনা চ স্মৃতা যদা।
তদা জগ্মুঃ স্বয়ং সর্ব্বে কল্পবৃক্ষা ইবাপরে॥ ১৬
পরং ব্রহ্ম গৃণন্তশ্চ হেমবল্কলধারিণঃ।
মুক্তাফলৈর্ব্বিচিত্রৈশ্চ ভূষিতা ভূষণৈঃ পরৈঃ॥ ১৭
অরুন্ধত্যা তয়া যুক্তাঃ সাক্ষাৎ সিদ্ধিরিবাপরা।
যান্ দৃষ্ট্বা সূর্য্যসঙ্কাশান্ জহৌ লজ্জাং হরঃ স্বয়ম্॥
স্থিত্বাগ্রে ঋষয়ঃ শ্রেষ্ঠা নমস্কৃত্বা শিবং মুদা।
মনিরে চ তদাত্মানং কৃতার্থং যে তপস্বিনঃ॥ ১৯
সত্যং বা স্বপ্নমায়া বা নেত্রাভ্যাং দৃশ্যতে যথা।
বয়ং ক দর্শনিকাদ্য শিবস্য দুর্লভং কুতঃ॥ ২০

পবিত্র করিয়াছ। তখন তাঁহারা সেই শিবাকে চন্দন এবং উত্তম পুষ্প দ্বারা অর্চ্চনা করিয়া বহুমান-পুরঃসর গৃহে প্রবেশ করাইলেন। হিমবান্ তখন নারদকে সাধু সাধু বলিয়া স্তব করত স্বীয় আশ্রমকে সফল এবং 'কুপুত্র হইতে এতাদৃশ কন্যাও শ্রেষ্ঠ' এইরূপ সিদ্ধান্ত করিলেন। এদিকে সপ্তর্ষিগণও শম্ভু কর্ত্তৃক স্মৃত হইবামাত্র দ্বিতীয় কল্পবৃক্ষের ন্যায় সেই স্থানে স্বয়ং উপস্থিত হইলেন। তাঁহারা সকলে সুবর্ণ-বল্কলধারী, বিচিত্র মুক্তাফল ও শ্রেষ্ঠ ভূষণে ভূষিত; তাঁহারা পরম ব্রহ্মের নাম উচ্চারণ করিতেছিলেন। সাক্ষাৎ সিদ্ধিস্বরূপা অরুন্ধতীও তাঁহাদের সঙ্গে ছিলেন। শম্ভু সেই সূর্য্যসঙ্কাশ ঋষিগণকে দেখিয়া লজ্জা ত্যাগ করিলেন। ১০—১৮। সেই তপস্বী ঋষিশ্রেষ্ঠ সপ্তর্ষিগণ মহাদেবের সম্মুখে উপস্থিত হইয়া তাঁহাকে নমস্কারপূর্ব্বক আপনাদিগকে কৃতার্থ বলিয়া বিবেচনা করিলেন এবং মনে মনে চিন্তা করিতে লাগিলেন,—নির্গুণত্ব প্রযুক্ত অগম্যরূপ মহাদেব সত্য সত্যই কি আমাদের নয়নগোচর হইয়াছেন? অথবা স্বীয় সত্তার প্রমাণ হেতুকই তিনি এইরূপ নয়নগোচর হইয়াছেন; নতুবা আমরা কোথায়? আর সেই

ইতি বিস্ময়মাপন্না নমস্কৃত্য স্থিতাঃ পুরঃ।
প্রোচুঃ প্রাঞ্জলয়স্তে বৈ শিবং লোকমলাপহম্॥২১
ঋষয় উচুঃ।
নমস্তভ্যং ভগবতে শিবায়ামিততেজসে।
কপর্দ্দিনে নমস্তভ্যং পঞ্চবক্ত্রায় তে নমঃ॥ ২২
হিরণ্যবাহবে তুভ্যং শিতিকণ্ঠায় তে নমঃ।
ব্যাপকায় নমস্তভ্যং ব্যাপ্যরূপায় তে নমঃ॥ ২৩
পরায় পররূপায় সর্ব্বোৎকৃষ্টায় তে নমঃ।
শিবায় শিবরূপায় প্রণবায় নমো নমঃ॥ ২৪
ইত্যেবঞ্চ স্তবস্তস্তে পুনরুচুঃ পরাত্মনে।
সর্ব্বোৎকৃষ্ট মহারাজ সর্ব্বানুগ্রহকারক।
ভাগ্যং কিং বর্ণ্যতেঽস্মাভিঃ স্বীয়ং কিন্তু পুনঃপুনঃ
তপস্তপ্তং ত্রিধাপূর্ব্বং বেদাধ্যয়নমুত্তমম্।
অগ্নয়শ্চ হুতাঃ পূর্ব্বং যজ্ঞাশ্চ বিবিধাঃ কৃতাঃ॥ ২৬
তপাংসি চ বিচিত্রাণি পর্ব্বণ্যপি বিশেষতঃ।
দানানি চ তথা পূর্ব্বং তীর্থানি বিবিধানি চ॥ ২৭
বাঙ্মনঃকায়জং কিঞ্চিৎ পুণ্যং স্মরণসম্ভবম্।

শিবের দুর্লভ দর্শনই বা কোথায়? এইরূপ বিস্ময়াবিষ্টচিত্তে তাঁহারা নমস্কার করিয়া তাঁহার অগ্রে অবস্থানপূর্ব্বক কৃতাঞ্জলিপুটে, সেই লোকের চিত্তমলাপহারী মহাদেবকে বলিতে লাগিলেন,—হে অমিততেজঃ কপর্দ্দিন্ পঞ্চবক্ত্র শিব! আপাকে নমস্কার। আপনি হিরণ্যবাহু, শিতিকণ্ঠ এবং ব্যাপক ও ব্যাপ্য এই উভয়াত্মক; আপনাকে নমস্কার। আপনি পর, সুন্দরস্বরূপ, সর্ব্বোৎকৃষ্ট, সাক্ষাৎ শিব এবং শিবস্বরূপ; আপনাকে নমস্কার। এইরূপ স্তব করত সেই ঋষিগণ পরমাত্মা শিবকে পুনর্ব্বার বলিলেন;—হে সর্ব্বোৎকৃষ্ট সর্ব্বানুগ্রহকারিন মহারাজ! আমাদের ভাগ্যের কথা আর কি বলিব! আমরা পূর্ব্বে পুনঃপুনঃ তিন প্রকার তপস্যা করিয়াছিলাম, উত্তমরূপে বেদাধ্যয়ন করিয়াছিলাম, অগ্নিতে আহুতি দান করিয়াছিলাম, নানাবিধ যজ্ঞের অনুষ্ঠান করিয়াছিলাম এবং বিচিত্র তপস্যা, পর্ব্বদিবসে দান, নানাবিধ তীর্থভ্রমণ ও কায়মনোবাক্যজনিত কিঞ্চিৎ পুণ্য সঞ্চয় করিয়াছিলাম; সেই সকল

তং সর্ব্বং সঙ্গতঞ্চাদ্য স্মরণানুগ্রহস্তব ॥ ২৮
যো বৈ ভজতি নিত্যং ত্বাং কৃতকৃত্যো ভবেন্নরঃ।
কিং ভাগ্যং বর্ণ্যতে তেষাং যেষাং নঃ স্মরণং ত্বয়া
সর্ব্বোৎকৃষ্টাস্তথা জাতাঃ স্মরণাৎ তে সদাশিব।
মনোরথপথং নৈব গচ্ছসি ত্বং বরং কুতঃ ॥ ৩০
বামনস্য ফলং যদ্বজ্জন্মান্ধস্য চ চক্ষুষী।
বাচালত্বঞ্চ মূকস্য দরিদ্রে নিধিদর্শনম্ ॥ ৩১
পঙ্গোর্গিরিপরাবৃত্তির্বন্ধ্যস্য পুত্রকাস্তথা।
দর্শনং ভবতো হ্যেবং জাতঞ্চ দুর্লভং প্রভো ॥ ৩২
অদ্যপ্রভৃতি লোকেষু মান্যাঃ পূজ্যা মুনীশ্বরাঃ।
জাতাস্তেঽনুগ্রহাদেব উচ্চৈঃপদমুপাশ্রিতাঃ ॥ ৩৩
অত্র কিং বহুনোক্তেন মান্যপাত্রং বয়ং গতাঃ।
পূর্ণানাং কিঞ্চ কর্ত্তব্যমস্তি চেৎ পরমা কৃপা ॥ ৩৪
সদৃশং সেবকানাস্তু দেয়ং কার্য্যং শুভং ত্বয়া।
ইত্যেবং বচনং তেষাং শ্রুত্বা বাক্যমুপাদদে ॥ ৩৫

অদ্য একত্র হওয়াতেই আপনার স্মরণরূপ অনুগ্রহ হইয়াছে। যে মনুষ্য আপনাকে নিত্য ভজনা করে, সে নিশ্চয়ই কৃতকৃত্য হয়। হে সদাশিব! আপনি স্মরণ করাতে আমাদের যে ভাগ্য প্রকাশ পাইয়াছে, তাহা আর কি বলিব? আপনার এই স্মরণ হেতু আমরা সর্ব্বোৎকৃষ্ট হইয়াছি। আপনি মনোরথ-পথেরও দুর্লভ, আমরা ত কোথায় আছি! ২৯—৩০। যেরূপ বামনের উচ্চফল-প্রাপ্তি, জন্মান্ধের যুগপৎ চক্ষুদ্বয়ের উন্মীলন, মূকের বাক্‌পটুতা, দরিদ্রের নিধিদর্শন, পঙ্গুর গিরি-লঙ্ঘন, এবং বন্ধ্যের বহুপুত্রলাভ, হে প্রভো! আমাদের পক্ষে আপনার দর্শনও সেইরূপ। হে দেব! আপনার অনুগ্রহেই আজ হইতে আমরা ত্রিভুবনে মান্য, পূজ্য এবং মুনীশ্বর হইলাম, উচ্চপদে আরোহণ করিলাম; অধিক আর কি বলিব, আপনিই আজ আমাদের সম্মান বাড়াইলেন। আপনি সর্ব্ববিষয়ে পরিপূর্ণ, আপনার আর কি অভাব আছে? তবে যদি কৃপা হইয়া থাকে, তবে যোগ্য কার্য্য করিতে এই ভৃত্যগণকে আদেশ করুন। তাঁহাদের

শিব উবাচ।

ঋষয়শ্চ সদা পূজ্যাঃ কারণাৎ স্মরণং কৃতম্।
মমাবস্থা ভবন্তিশ্চ জ্ঞায়ন্তে হ্যপকারিকাঃ ॥ ৩৬
দেবানাং দুঃখমুৎপন্নং তারকাৎ সুদুরাত্মনঃ।
ব্রহ্মণা চ বরো দত্তঃ কিং করোমি দুরাসদঃ ॥ ৩৭
মূর্ত্তয়োঽষ্টৌ চ যাঃ প্রোক্তা মদীয়াঃ পরমর্ষয়ঃ।
তাঃ সর্ব্বা উপকারার্থং ন তু স্বার্থমিতি স্ফুটম্ ॥ ৩৮
তথা চ কর্ত্তুকামোঽহং বিবাহং শিবয়া সহ।
তথাপি চ তপস্তপ্তং দুষ্করং পরমর্ষিভিঃ ॥ ৩৯
তস্যাঃ ফলং বরং দেয়মভীষ্টং তদ্ধিতাবহম্।
তস্মাত্তবন্তো গচ্ছন্তু হিমাচলগৃহং ধ্রুবম্ ॥ ৪০
তত্র গত্বা হিতৈশ্চৈতং তৎপত্নীস্তু পুনস্তথা।
কথনীয়ং প্রযত্নেন যথা স্যাৎ কার্য্যমুত্তমম্।
উদ্বাহং কর্ত্তুমিচ্ছামি তৎপুত্র্যা সহ সত্তমাঃ ॥ ৪১
হিমাচলগৃহে পুত্রী পার্ব্বতী চ গুণান্বিতা।

এই কথা শুনিয়া মহাদেব বলিলেন,—ঋষিগণ সর্ব্বদাই পূজ্য, এই নিমিত্ত আমি তোমাদের স্মরণ করিয়াছি। আমার যে কেবল পরোপ-কার স্বভাব, তাহা তোমরা বেশ জান। সম্প্রতি দুষ্টাত্মা তারকাসুর দেবতাদিগকে অত্যন্ত দুঃখ দিতেছে; হে মহর্ষিগণ! আমি কি করিব? ব্রহ্মা তাহাকে দুষ্প্রাপ্য বর প্রদান করিয়া-ছেন। হে পরমর্ষিগণ! আমার মূর্ত্তি অষ্ট এবং তিন বলিয়া প্রসিদ্ধ। এই সকল প্রকার মূর্ত্তিই পরের উপকারের জন্য; নিজের কোন প্রয়োজন সিদ্ধির নিমিত্ত নহে। অতএব আমি পার্ব্বতীকে বিবাহ করিতে অভিলাষী হইয়াছি। কেবল ইচ্ছা করিয়াছি, এমন নহে; সেই পার্ব্বতীও ঋষিদিগের দুষ্কর তপস্যার অনুষ্ঠান করিয়াছিলেন, সেই জন্য তাঁহার হিতের নিমিত্ত তাঁহার অভীষ্ট এই বিবাহরূপ বর প্রদান করিয়াছি। অতএব তোমারা নিশ্চয় হিমাচল-গৃহে গমন কর। ৩১—৪০। হে সত্তমগণ! সেই স্থানে গমন করিয়া, 'সেই হিমালয়ের পুত্রীকে আমি বিবাহ করিতে ইচ্ছা করিয়াছি' ইহা সেই হিমালয় এবং তাঁহার পত্নীর নিকট এইরূপ ভাবে

অস্মদর্থে চ তাং তত্র প্রার্থনীয়ো হিমালয়ঃ ॥৪২
তং তথা চ প্রবক্তব্যং দেবানাঞ্চ হিতং যথা।
ভবদ্ভিঃ কল্পিতো যো বৈ বিধিঃ স্যাদবিকল্পকঃ ॥৪৩
ভবতাং নৈব কথ্যেত ভবন্তঃ কার্য্যভাজিনঃ ॥ ৪৪
ইত্যেবং বচনং শ্রুত্বা মুনয়স্তেঽমলাশয়াঃ।
আনন্দং লেভিরে সর্ব্বে প্রভুণানুগ্রহীকৃতাঃ ॥ ৪৫
বয়ং ধন্যা মহান্তশ্চ কৃতকৃত্যাস্তথা পুনঃ।
ব্রহ্মণা বিষ্ণুনা যো বৈ বন্দ্যঃ সর্ব্বার্থসাধকঃ।
সোঽস্মান্ সম্প্রেরয়ত্যেষ কার্য্যে লোকসুখাবহে ॥
অয়ং বৈ জগতঃ স্বামী সোমাপি জননী মতা।
অয়ং যুক্তশ্চ সম্বন্ধো বর্দ্ধতাং চন্দ্রবৎ সদা ॥ ৪৭
ইত্যুক্ত্বা ঋষয়ো দিব্যা নমস্কৃত্য শিবং মুদা।
গতাশ্চাকাশমার্গেণ যত্র স্যাদ্ধিমবৎপুরম্ ॥ ৪৮
চিন্তয়ন্তশ্চ তে চাত্র কিং পুণ্যং বৈ ভবিষ্যতি।
যস্মাদেবংবিধে কার্য্যে শিবেন বিনিয়োজিতাঃ ॥৪৯

বলিবে, যাহাতে উত্তমরূপে কার্য্য সিদ্ধি হয়। হিমালয়গৃহে পার্ব্বতী নাম্নী কন্যা অতি গুণবতী। তাঁহার নিমিত্ত তোমরা সেই স্থানে গমন করিয়া হিমালয়ের নিকট প্রার্থনা করিবে। ইহা যে দেবগণের হিতকর কার্য্য, ইহা তাঁহাকে বিশেষ করিয়া বলিবে। তোমরা যে কার্য্যের অনুষ্ঠান করিবে তাহাতে কোন সন্দেহ থাকিবে না। তোমাদিগকে অধিক আর কি বলিব, তোমরা সকলেই কার্য্যজ্ঞ। সেই অমলাশয় মুনিগণ এইরূপ বাক্য শ্রবণ করিয়া প্রভুকর্ত্তৃক অনুগৃহীত হইয়া আনন্দলাভ করিলেন এবং মনে মনে বিবেচনা করিতে লাগিলেন—আমরা ধন্য এবং কৃতকৃত্য হইলাম। যিনি ব্রহ্মা এবং বিষ্ণুর আরাধ্য, সকল অর্থের সাধক, সেই মহাদেব আমাদিগকে লোকের সুখাবহ কার্য্যে প্রেরণ করিতেছেন। এই মহাদেব জগতের স্বামী, আর সেই উমা জগতের জননী; এই যুক্ত সম্বন্ধ চন্দ্রের মত বৃদ্ধি পাউক। সেই দিব্য ঋষিগণ সানন্দচিত্তে মহাদেবকে নমস্কার করিয়া আকাশমার্গে হিমালয়ের রাজধানীতে গমন করিলেন। ৪১—৪৮। তাঁহারা মনে মনে চিন্তা করিতে লাগিলেন যে, শিব কর্ত্তৃক এইরূপ কার্য্যে

দৃষ্ট্বা তং পরমং দিব্যমৃষয়স্তেঽতিবিস্মিতাঃ।
উচুঃ পরস্পরং সর্ব্বে কিমেতদিতি সস্ফুটম্ ॥৫০
অলকায়াশ্চ স্বর্গায়া ভোগবত্যাস্তথা পুনঃ।
বিশেষোঽত্রামরাবত্যা দৃশ্যতে ঋষিসত্তমাঃ ॥ ৫১
কিং গৃহাণি সুরম্যাণি স্ফাটিকৈর্বিবিধৈরিহ।
মণিভির্ব্বা বিচিত্রাণি রচিতান্যঙ্গনানি চ ॥ ৫২
সূর্য্যকান্তাশ্চ মণয়শ্চন্দ্রকান্তাস্তথৈব চ।
গৃহে গৃহে বিচিত্রাশ্চ বৃক্ষাঃ স্বর্গসমুদ্ভবাঃ ॥ ৫৩
তোরণানাং তথা লক্ষ্মীর্দৃশ্যতে চ গৃহে গৃহে।
চিত্রাণি চ বিচিত্রাণি শুভ্রহংসৈর্বিমানকৈঃ ॥ ৫৪
বিতানানি বিচিত্রাণি চৈলপল্লবতোরণৈঃ।
জলাশয়ান্যনেকানি দীর্ঘিকা বিবিধাস্তথা ॥ ৫৫
উদ্যানানি বিচিত্রাণি পুষ্পৈশ্চ ভরিতান্যথ।
পক্ষিণশ্চাপ্যনেকেঽত্র কলকণ্ঠরবাস্তথা ॥ ৫৬
নরাশ্চ দেবতাঃ সর্ব্বে স্ত্রিয়শ্চাপ্সরস্তথা।
পরস্পরবিরুদ্ধাস্তে তেষাং রূপস্ত কিং পুনঃ ॥ ৫[illegible]
কিং বর্ণ্যতে নগর্য্যাশ্চ মহিমা চ ঋষীশ্বরাঃ

নিয়োজিত হইয়া এই স্থানে আগমন কর[illegible] আমাদের কত পুণ্য প্রকাশ হইল। তখন ঋষি-গণ সেই দিব্য হিমালয়-নগর দেখিয়া অতিশ[illegible] বিস্ময়বিষ্টচিত্তে পরস্পর বলিতে লাগিলেন,— হে ঋষিশ্রেষ্ঠগণ! ইহা কি? স্বর্গস্থিত অলক[illegible] ভোগবতী এবং অমরাবতীর যেরূপ শোভা, ইহার[illegible] সেইরূপ শোভা। এখানে গৃহ সকল নানাবি[illegible] স্ফাটিক দ্বারা রচিত ও সুরম্য এবং অঙ্গন সক[illegible] মণিনির্ম্মিত ও বিচিত্র। এখানে স্থানে স্থা[illegible] কত সূর্য্যকান্ত ও চন্দ্রকান্ত মণি রহিয়াছে [illegible] প্রতিগৃহে স্বর্গজাত বৃক্ষ সকল শোভা পা[illegible] তেছে। প্রতিগৃহই অপূর্ব্ব শোভাবিশিষ্ট তো[illegible] পরিশোভিত এবং চিত্র সকল শুভ্রহংস-সং[illegible] বিমান দ্বারা বিচিত্র হইয়াছে। বিতান সকল [illegible] পল্লব ও তোরণ দ্বারা বিচিত্র। নানাবিধ জলা[illegible] এবং নানা প্রকার দীর্ঘিকাও বিরাজমান। উদ্যা[illegible] গুলি অতি বিচিত্র ও পুষ্পে পরিপূর্ণ এ[illegible] এখানে অসংখ্য কলকণ্ঠ পক্ষী অবস্থিত। এখা[illegible] কার মনুষ্য সকল দেবতাসদৃশ এবং স্ত্রীগণ অপ্স[illegible] তুল্য; তাহারা পরস্পরে বিভিন্ন স্বরূপ, তাহা[illegible]

যজ্ঞে চ যাজ্ঞিকাশ্চৈব পুণ্যানি স্বর্গকাম্যয়া॥ ৫৮
কুর্ব্বন্তে তে বৃথা সর্ব্বে বিহায় হিমবৎপুরম্।
যাবন্ন দৃষ্টমেতচ্চ তাবৎ স্বর্গপরা নরাঃ॥ ৫৯
ইত্যেবমৃষিবর্য্যাস্তে বর্ণয়ন্তস্তথা পুরম্।
গতা হিমালয়স্থাথ গৃহং সর্ব্বসমৃদ্ধিমং॥ ৬০
তান্ দৃষ্ট্বা সূর্য্যসঙ্কাশান্ হিমবান্ বিস্মিতস্তথা।
সূর্য্যাঃ সপ্ত কথঞ্চাত্র আয়ান্তি মে প্রিয়াং প্রতি॥৬১
কার্য্যা পূজা প্রযত্নেন গৃহস্থৈস্ত্বাং সদা প্রিয়ে।
বয়ং ধন্যা গৃহস্থাশ্চ সর্ব্বেষাং সুখদায়িনঃ॥ ৬২
এতস্মিন্নন্তরে তে বৈ হ্যাকাশাদপতংস্তদা।
সম্মুখো হিমবান্ দৃষ্ট্বা যযৌ মানপুরঃসরম্॥ ৬৩
পূজাং বিধায় তেষাঞ্চ দণ্ডবৎ প্রপপাত হ।
হস্তেশ্চ হিমবন্তং তে গৃহীত্বোচুঃ শুভং শুভম্॥৬৪
অথাগ্রতশ্চ তান কৃত্বা ধন্যো মম গৃহাশ্রমঃ।
ইত্যুক্ত্বাসনমানীয় দদৌ ভক্তিপুরঃসরম্॥ ৬৫
আসনেষূপবিষ্টেষু তদাজ্ঞপ্তঃ স্বয়ং স্থিতঃ।
উবাচ হিমবাংস্তত্র ঋষীন্ জ্যোতির্ম্ময়াংস্তদা॥৬৬

হিমাচল উবাচ।

ধন্যোহহং কৃতকৃত্যোহহং সফলং জীবিতং মম।
লোকেষু দর্শনীয়োহহং বহুতীর্থসমো মতঃ॥ ৬৭
যস্মাদ্ভবন্তো মদ্গেহং হ্যাগতা বিষ্ণুরূপিণঃ।
পূর্ণানাঞ্চৈব কিং কার্য্যং কৃপণানাং গৃহে গৃহে॥৬৮
তেষাঞ্চ দুঃখনাশার্থং গৃহেষাগমনং সতাম্।
মদ্গেহপাবনার্থঞ্চ ভবন্তঃ সুসমাগতাঃ॥ ৬৯
তথাপি কিঞ্চিৎ কার্য্যং হি সদৃশং সেবকস্য চ।
কথনীয়ং ভবদ্ভিশ্চ সফলস্য মমাশ্রমঃ॥ ৭০
মহতামাজ্ঞয়া লোকো মান্যতাং গচ্ছতি ধ্রুবম্।
তস্মাচ্চ কুত্রচিৎ কার্য্যে যোগ্যোহহমৃষিসত্তমাঃ॥৭১
এবং বচনমাকর্ণ্য ঋষয়শ্চ প্রহর্ষিতাঃ।

রূপের কথা আর কি বলিব! হে ঋষীশ্বরগণ! এই নগরের মহিমার কথা আর কি বলিব! যে সকল যাজ্ঞিকেরা হিমালয়ের নগর পরিত্যাগ করিয়া, স্বর্গকামনায় পুণ্যকর্ম্মের অনুষ্ঠান করে, তাহাদের পরিশ্রম বৃথা; কারণ যে পর্য্যন্ত হিমালয়ের নগর দৃষ্ট না হইবে, সেই পর্য্যন্তই মনুষ্যগণ স্বর্গের কামনা করিবে। ৪৯—৫৯। সেই ঋষিশ্রেষ্ঠগণ হিমালয়-নগরের বর্ণনা করত সেই হিমালয়ের সর্ব্বসমৃদ্ধি-সম্পন্ন গৃহে গমন করিলেন। সেই সূর্য্যসঙ্কাশ মুনিগণকে দেখিয়া, হিমালয় বিস্মিত হইয়া নিজ প্রিয়াকে বলিলেন,—এ কি! সাতটী সূর্য্য আমার গৃহের দিকে কি নিমিত্ত আগমন করিতেছেন? তিনি বলিলেন,—'হে প্রিয়ে! আমরা যখন গৃহস্থ, তখন যত্নপূর্ব্বক অভ্যাগতের পূজা করা আমাদের অবশ্য কর্ত্তব্য। আমাদের মত গৃহস্থাশ্রমীরা ধন্য, কারণ আমাদের নিকট হইতে অপর আশ্রমীরা সুখ প্রাপ্ত হয়।" এই সময়েই সেই ঋষিগণ আকাশ হইতে অবতরণ করিলেন। তাহা দেখিয়া, হিমালয় অতিশয় সম্মানপূর্ব্বক তাঁহাদের সম্মুখে গমন করিলেন ও তাঁহাদিগকে পূজা করিয়া, দণ্ডবৎ প্রণাম করিলেন। তাঁহারাও সেই সুশোভন হিমালয়কে হস্তে গ্রহণ করিয়া, শুভবাক্য বলিতে লাগিলেন। অনন্তর হিমালয় তাঁহাদিগকে অগ্রে করিয়া, "আমার গৃহ ধন্য" এই কথা বলিতে বলিতে, আসন আনিয়া, ভক্তিপূর্ব্বক তাঁহাদিগকে অর্পণ করিলেন। তাঁহারা আসনে উপবিষ্ট হইলে, তাঁহাদের আজ্ঞাক্রমে স্বয়ং উপবিষ্ট হইয়া, সেই জ্যোতির্ম্ময় ঋষিদিগকে সম্বোধনপূর্ব্বক বলিতে লাগিলেন,—আমি ধন্য, আমি কৃতকৃত্য; আমার জীবন সফল হইল। লোকমধ্যে আমি বহু তীর্থসদৃশ দর্শনীয় হইলাম; কারণ বিষ্ণুস্বরূপ আপনারা আমার গৃহে আগমন করিয়াছেন। আপনারা সকল বিষয়ে পরিপূর্ণ, মাদৃশ দরিদ্র ব্যক্তির গৃহে আপনাদিগের কিসের অপেক্ষা? ৬০—৬৮। তবে সেই দরিদ্রদিগের দুঃখনাশার্থ সাধুগণ তাহাদের গৃহে আগমন করেন; আপনারাও কেবল আমার গৃহ পবিত্র করিবার নিমিত্তই সমাগত হইয়াছেন। তথাপি আপনারা মাদৃশ সেবক জনের যোগ্য কার্য্যের আদেশ করুন, তাহাতে আমার আশ্রম সফল হউক। মহতের আজ্ঞায়, লোকে নিশ্চয় মান্যতা প্রাপ্ত হয়, অতএব হে ঋষিসত্তমগণ! কোন্ কার্য্যে আমার যোগ্যতা, তাহা বলুন। এই বচনশ্রবণে, ঋষিগণ প্রহৃষ্ট হইয়া, মহাদেবকে বারং

উচুস্তে গিরিরাজং বৈ স্মৃত্বা স্মৃত্বা শিবস্য চ ॥ ৭২
ধন্যোঽসি কৃতকৃত্যোঽসি ভাগ্যবানসি সাম্প্রতম্ ।
শিবঃ পরোপকারায় কর্তুকামঃ প্রজাসুখম্ ॥ ৭৩
অস্মন্মুখেন তে পুত্রীং যাচতে শঙ্করঃ স্বয়ম্ ।
জগদ্গুরোর্গুরুস্ত্বঞ্চ ভবিষ্যসি ন সংশয়ঃ ॥ ৭৪
জগন্মাতা চ তে পুত্রী তস্যৈবানুগ্রহাস্তবেঃ ।
জগৎপিতা শিবঃ প্রোক্তো জগন্মাতা শিবা স্মৃতা ॥
তস্মৈ দেয়া ত্বয়া কন্যা সার্থকং তে ভবিষ্যতি ।
এবং বচনমাকর্ণ্য গিরিরাজোঽব্রবীদিদম্ ॥ ৭৬
মদীয়ঞ্চ শরীরং বৈ পত্নী মেনা চ যা মতা ।
ঋদ্ধিঃ সিদ্ধিশ্চ কীর্ত্তিশ্চ শ্রীর্মদীয়া ন চান্যথা ॥৭৭
এবং জ্ঞাত্বা তদা পুত্রীং বিলোক্য মাতরঞ্চ তাম্ ।
ভূষয়িত্বা তদঙ্কঞ্চ ঋষ্যুৎসঙ্গে ন্যবেশয়ং ।
ইদং ভৈক্ষ্যং ময়া নাম দাতব্যমৃষিসত্তমাঃ ॥ ৭৮

ঋষয় ঊচুঃ ।

ঈদৃশা ভিক্ষুকাস্তেঽদ্য দাতা চৈব ভবান্ স্বয়ম্ ।
ভৈক্ষ্যঞ্চ পার্ব্বতী প্রোক্তং কিমতঃ পরমুত্তমম্ ॥৭৯

হিমবন্ শিখরাণাং তে মনসঃ সদৃশী গতিঃ ॥ ৮০
এবমুক্ত্বা তু তাং কন্যামৃষয়ো বিমলাশয়াঃ ।
আশিষং দত্তবন্তস্তে শিবায় সুখদা ভব ॥ ৮১
স্পৃষ্ট্বা করেণ তাং তত্র কল্যাণং তে ভবিষ্যতি ।
শুক্লপক্ষে যথা চন্দ্রো বর্দ্ধতে ত্বদ্গুণাস্তথা ॥ ৮২
মিলিত্বা চ গৃহং তেঽদ্য বর্দ্ধয়িষ্যন্তি নিত্যশঃ ।
ইত্যুক্ত্বা ঋষয়ঃ সর্ব্বে গিরিরাজং পরস্পরম্ ॥ ৮৩
পুষ্পাণি ফলযুক্তানি ব্যত্যয়ং চক্রিরে তদা ।
অরুন্ধতী তদা তত্র মেনাং সাস্রুমুখীং তদা ॥ ৮৪
গুণৈশ্চ লোভয়ামাস শিবস্য পরমা সতী ।
হরিদ্রাকুঙ্কুমৈস্তত্র হস্রুণি পরিমার্জ্জয়ং ॥ ৮৫
ততশ্চ তে চতুর্থেঽহ্নি নির্দ্ধার্য্য লগ্নমুত্তমম্ ।
পরস্পরঞ্চ সংহৃষ্য জগ্মুস্তে শিবসন্নিধিম্ ॥ ৮৬
মহাকাশীং প্রয়াতাস্তে যত্রাস্তে শঙ্করঃ স্বয়ম্ ।

বার স্মরণপূর্ব্বক গিরিরাজকে বলিলেন,—তুমি ধন্য, কৃতকৃত্য এবং সম্প্রতি ভাগ্যবান্ হইয়াছ। শিব সম্প্রতি পরোপকারার্থ সন্তান উৎপাদন করিতে ইচ্ছা করিয়াছেন। শঙ্কর স্বয়ং আমাদের মুখ দিয়া, তোমার কন্যাকে যাচ্ঞা করিতেছেন। তুমি নিশ্চয় সেই জগদ্গুরুর গুরু হইবে। সেই শিবের অনুগ্রহে তোমার কন্যা জগতের মাতা হইবেন; কারণ শিব জগতের পিতা এবং শিবা জগতের মাতা বলিয়া শাস্ত্রে উক্ত হইয়াছেন। সেই শিবকে তুমি কন্যা দান কর, তাহা হইলে তোমার জন্ম সার্থক হইবে। এই কথা শুনিয়া, গিরিরাজ বক্ষ্যমাণ বাক্য বলিলেন;—আমার দেহের স্বরূপ মেনানাম্নী পত্নী আছেন, তিনিই আমার ঋদ্ধি, সিদ্ধি, কীর্ত্তি এবং শ্রী; সে বিষয়ে কোন সন্দেহ নাই। ৭৬—৭৭। এইরূপে সেই কন্যাকে জগতের মাতা বলিয়া জ্ঞাত হইয়া, তাঁহার অঙ্গ ভূষিত করিয়া, ঋষিগণের ক্রোড়ে বসাইলেন। আর বলিলেন,—হে শ্রেষ্ঠ ঋষিগণ! আমি ইহাকে ... ... । তখন ঋষিগণ বলিলেন,

—যখন আমাদের মত ভিক্ষুক উপস্থি[ত] এবং তুমি স্বয়ং দাতা ও পার্ব্বতীকে ভিক্ষা[র] বস্তু বলিয়া কল্পনা করিয়াছ, তখন ইহা অপেক্ষা আর উত্তম কি হইতে পারে? হে হিমবন্! তোমার শিখর সকল যেমন উচ্চ, তোমা[র] মনও সেইরূপ উচ্চ। এই কথা বলিয়া সে[ই] বিমলাশয় ঋষিগণ, সেই কন্যাকে এই বলি[য়া] আশীর্ব্বাদ করিলেন যে, তুমি মহাদেবকে সু[খী] কর। অনন্তর তাঁহারা সেই কন্যার গা[য়ে] হাত বুলাইয়া বলিলেন—তোমার কল্যাণ হউ[ক]। তাহার পর হিমালয়কে—শুক্লপক্ষে চন্দ্র যে[মন] প্রত্যহ বৃদ্ধি প্রাপ্ত হয়, সেইরূপ তোমার গ[ৃহ] মিলিত তোমার স্বপক্ষীয় সকল নিত্য বৃ[দ্ধি] প্রাপ্ত হউক,—এই কথা বলিয়া পরস্পর ফলা[দি] পুষ্পের বিনিময় দ্বারা সদাচার প্রতিপা[লন] করিলেন এবং তখন অরুন্ধতীও অশ্রু[মুখী] মেনকাকে বলিলেন,—পরমসাধ্বি! তো[মার] পুত্রী স্বীয়গুণে মহাদেবের মন হরণ ক[রিয়া]ছেন। এই কথা বলিয়া, তিনি হরিদ্রা ও কুঙ্কুম দ্বারা তাঁহার অশ্রু মার্জ্জনা করিলেন। অনন্তর তাঁহারা চতুর্থ দিনে বিবাহের উপযুক্ত লগ্ন স্থির করিয়া, পরস্পর হাস্যপরিহাস করত শিবের সমীপে গমন করিলেন। যেখানে

বিবাহস্য বিধিং সম্যক্ চক্রুস্তে ঋষিসত্তমাঃ ॥৮৭
তদাজ্ঞপ্তাশ্চ তে তত্র গতাশ্চাগমনায় বৈ।
যূয়মধ্বর্য্যবঃ প্রোক্তা বিবাহে চ ময়া পুনঃ ॥ ৮৮
অতঃ শীঘ্রং ভবদ্ভিস্তু ঋষয়ো ব্রহ্মবিত্তমাঃ।
আগন্তব্যং সশিষ্যৈস্তু ভবন্তঃ কার্য্যকারকাঃ ॥ ৮৯
ইত্যুক্তাস্তে গতাস্তত্র তথেতি পরমং বচঃ।
শিবোঽপি সগণস্তত্র প্রসন্নমুখপঙ্কজঃ ॥ ৯০
কৈলাসমগমদ্দেবো বিবাহরচনায় বৈ।
সস্মার নারদং দেবঃ স্মরণাদাগতঃ ক্ষণাৎ ॥ ৯১
নিবেদিতঞ্চ তৎ সর্ব্বং শ্রুত্বা হৃষ্টোঽথ নারদঃ।
শিবোঽপি কথয়ামাস পার্ব্বত্যা বচনং তদা ॥ ৯২
ত্বয়া তপস্তথা তপ্তং বশীভূতো হ্যহং তদা।
এবং শ্রুত্বা বচস্তস্য নারদো বাক্যমব্রবীৎ ॥ ৯৩
ভবতাস্তু ব্রতমিদং ভক্তবশ্যো ভবাম্যহম্।
সম্যক্ কৃতং ত্বয়া দেব পার্ব্বতীমনসেপ্সিতম্ ॥৯৪

সাক্ষাৎ শঙ্কর বাস করিতেছিলেন, তাঁহারা সেই মহাকাশীতে গমন করিলেন। তাহার পর মহাদেবের আজ্ঞা প্রাপ্ত হইয়া, গৃহে গমন [ক]রিলেন। মহাদেব তাঁহাদিগকে বলিয়া [ব]লেন যে, বিবাহকালে তোমরা আমার পৌরো-[হি]ত্য করিবে। হে ব্রহ্মবিত্তম ঋষিগণ! তোমরা [আ]মার কার্য্যকারক। অতএব শিষ্যগণের [স]হিত শীঘ্র আসিবে। ৭৮—৮৯। তাঁহারা শিবকর্তৃক এইরূপে উক্ত হইয়া, তথাস্তু বলিয়া অঙ্গীকার করত স্বস্থানে গমন করিলেন। শিব প্রসন্নমুখে স্বীয় গণের সহিত বিবাহানুষ্ঠানের উদ্যোগ করিবার নিমিত্ত কৈলাস পর্ব্বতে গমন করিলেন এবং নারদকে স্মরণ করিলেন স্মরণ-[ম]াত্র নারদ সেই স্থানে আগমন করিলেন এবং সেই সকল বৃত্তান্ত শ্রবণ করিয়া নারদ হৃষ্ট হইলেন। শিবও নারদের নিকট পার্ব্বতীর [ব]াক্য সকল বলিতে লাগিলেন। শিব বলি-[লে]ন,—সেই পার্ব্বতীর কঠোর তপস্যায় আমি [ব]শীভূত হইয়াছি। মহাদেবের সেই বাক্য [শ্র]বণ করিয়া নারদ বলিলেন,—"আমি ভক্তের [ব]শীভূত হইব" ইহাই ত আপনার ব্রত। হে [দে]ব! পার্ব্বতীর মনোভিলষিত বর প্রদান

কার্য্যং মৎসদৃশং কিঞ্চিৎ কথনীয়ং ত্বয়া প্রভো।
ইত্যুক্তস্তু শিবস্তস্মৈ কথয়ামাস বৈ তদা ॥ ৯৫
ভবতো বচনং হ্যত্র কৃতং মে নাত্র সংশয়ঃ।
ইদং ত্বয়া তু কর্ত্তব্যং দেবানাঞ্চ নিমন্ত্রণম্ ॥ ৯৬
ব্রহ্মাণঞ্চ তথা বিষ্ণুমন্যান্ দেববরাংস্তথা।
কথনীয়ং প্রযত্নেন ঋষিবর্য্যাংস্তথৈব চ ॥ ৯৭
সর্ব্বান্ মাতৃগণাংশ্চৈব যক্ষগন্ধর্ব্বকানথ।
নাগমিষ্যন্তি যেঽপ্যত্র মদীয়া ন কদাচন ॥ ৯৮
ইত্যুক্তো নারদো ব্রহ্মন্ প্রণিপত্য সদাশিবম্।
জগাম সর্ব্বতো দেবান্ যদুক্তং শম্ভুনা পুরা।
কথয়িত্বা পুনস্তত্র মনোবেগসমাগতঃ ॥ ৯৯

ইতি শ্রীশৈবে মহাপুরাণে জ্ঞানসংহিতায়াং শিব
নিমন্ত্রণং নাম পঞ্চদশোঽধ্যায়ঃ ॥ ১৫ ॥

করিয়া আপনি তাহা সম্যক্ সাধন করিয়াছেন। এক্ষণে হে প্রভো! আমার অনুরূপ কিঞ্চিৎ আজ্ঞা করুন। শিব নারদ কর্তৃক এইরূপে উক্ত হইয়া বলিলেন, তুমি প্রসঙ্গানুগত বাক্যের উপন্যাস করিয়াছ, সন্দেহ নাই। তুমি এই কার্য্যটী কর,—সমুদয় দেবগণকে নিমন্ত্রণ কর। ব্রহ্মা, বিষ্ণু, অন্যান্য দেবগণ ও ঋষিগণকে নিম-ন্ত্রণ করিবে; সমুদয় মাতৃগণ, যক্ষ ও গন্ধর্ব্ব-দিগকে নিমন্ত্রণ করিবে। যাহারা না আসিবে, তাহারা আমার আত্মীয় মধ্যে গণ্য হইবে না। হে ব্রহ্মন্! নারদ এইরূপে উক্ত হইয়া শিবকে প্রণাম করিয়া মহাদেবের বাক্যানুক্রমে সমুদয় দেবগণের নিকট গমন করিলেন এবং তাঁহা-দিগকে নিমন্ত্রণ করিয়া পুনর্ব্বার মনোবেগে শিবের নিকট আগমন করিলেন। ৯০—৯৯।

পঞ্চদশ অধ্যায় সমাপ্ত ॥

ষোড়শোঽধ্যায়ঃ।

সূত উবাচ।

সর্ব্বে দেবাস্তদা তত্র শিবসেবাসমীহয়া।
স্বীয়াস্যেবোপকরণানি সেবার্থন্তু শিবস্য চ॥ ১
সর্ব্বে তে প্রেরয়ামাসুর্দেবা ইন্দ্রাদয়স্তদা।
গন্ধর্ব্বাপ্সরসস্তত্র বাদ্যং নৃত্যঞ্চ চক্রিরে॥ ২
মাতরঃ সপ্ত তাস্তত্র শিবভূষাবিধিং পরম্।
চক্রিরে চ মুদা যুক্তা যথাযোগ্যং তথা পুনঃ॥ ৩
কর্ত্তব্যং কিঞ্চ পূর্ণস্য সর্ব্বে প্রিয়চিকীর্ষয়া।
তস্য স্বাভাবিকো বেশো ভূষাবিধিরভূৎ তদা॥ ৪
তদেব কথয়াম্যদ্য শ্রূয়তামৃষিসত্তমাঃ।
চন্দ্রস্তু মুকুটস্থানে সান্নিধ্যমকরোৎ তদা॥ ৫
তিলকং সুন্দরং হ্যাসীন্নয়নন্তু তৃতীয়কম্।
কর্ণাভরণানি যান্যাসংস্তান্যেবাভরণানি চ॥ ৬
ভূতিশ্চ চন্দনং হ্যাসীদ্দুকূলং চর্ম্ম উচ্যতে।
সর্পা হ্যাভরণান্যাসন্ মণয়ো বিবিধাশ্চ যে॥ ৭
তৎপ্রভাবাৎ তদা সর্ব্বে প্রাকৃতা বিকৃতিং গতাঃ।
ঈদৃশং সুন্দরং রূপং জাতং বর্ণনদুষ্করম্॥ ৮
ঈশ্বরোঽপি স্বয়ং সাক্ষাদৈশ্বর্য্যং লব্ধবানিহ।
গণাস্তত্র চ বাদ্যানি চক্রিরে বিবিধান্যপি॥ ৯
এতস্মিন্ সময়ে দেবা আজগ্মুঃ প্রভুসেবয়া।
ব্রহ্মা তু হংসমারুহ্য ঋষিভিঃ প্রভুসেবয়া॥ ১০
স্বীয়াটোপেন বৈ তত্র ভূতানাং পতিমীশ্বরম্।
নমস্কৃত্য স্থিতাস্তত্র তাবদ্বিষ্ণুঃ সমাগতঃ॥ ১১
বাহনং পক্ষিরাজশ্চ নিজসেবকসংযুতঃ।
স্বচিহ্নৈর্ভূষিতশ্চাসৌ নমস্কৃত্য স্থিতঃ পুরঃ॥ ১২
তাবদিন্দ্রাদয়ো দেবাঃ স্বীয়াটোপসমন্বিতাঃ।
ইন্দ্রশ্চৈব যমশ্চৈব কুবেরো বরুণস্তথা।
অন্যে তে লোকপালাশ্চ স্বীয়চিহ্নসমন্বিতাঃ॥ ১৩
বসবশ্চ তথা সূর্য্যা ঋষয়শ্চ তথা শুভাঃ।
নদ্যো গঙ্গাদয়ঃ সর্ব্বাঃ সমুদ্রাঃ সর্ব্ব এব হি॥ ১৪
গন্ধর্ব্বাপ্সরসস্তত্র নাগাঃ সর্ব্বে তথাবিধাঃ।

ষোড়শ অধ্যায়।

সূত বলিলেন,—তখন ইন্দ্রাদি দেবগণ শিবের সেবায় অভিলাষী হইয়া শিবের সেবার্থ স্ব স্ব উপকরণ সকল পাঠাইয়া দিলেন। সেই স্থানে গন্ধর্ব্ব ও অপ্সরোগণ আসিয়া নৃত্য ও বাদ্য করিতে লাগিল। সপ্ত মাতৃদেবতা সানন্দচিত্তে মহাদেবের যথাযোগ্য বেশভূষা করিয়া দিলেন। যদ্যপি শিব পরিপূর্ণ এবং তাঁহার বেশভূষা স্বতঃসিদ্ধ, সুতরাং তাঁহার বেশভূষা নিষ্প্রয়োজন, তথাপি কেবল তাঁহার প্রীত্যর্থ তাঁহারা সকলে তাদৃশ ভূষণবিধির অনুষ্ঠান করিলেন। হে ঋষিশ্রেষ্ঠগণ! তৎকালে শিব কিরূপ সজ্জিত হইয়াছিলেন, তাহা বলিতেছি, শ্রবণ করুন। তখন চন্দ্র স্বয়ং তাঁহার মুকুট স্থানে সান্নিধ্য করিলেন। তাঁহার তৃতীয় নেত্র সুন্দর তিলকস্বরূপ ধারণ করিল। কর্ণে যে আভরণ ছিল, তাহাই আভরণত্ব প্রাপ্ত হইল। ভূতি অর্থাৎ ভস্ম চন্দনরূপ ধারণ করিল, চর্ম্ম দুকূল হইল এবং সর্প সকল বিবিধ মণিময় আভরণ তুল্য হইল। সেই শিবের প্রভাবে প্রাকৃত বস্তু সকল বিকৃত অর্থাৎ কৃত্রিমরূপ ধারণ করিল; তাহাতে তাঁহার রূপ এরূপ সুন্দর হইল যে, বর্ণনা দুঃসাধ্য। তিনি স্বয়ং ঈশ্বর হইলেও ঐশ্বর্য্য লাভ করিলেন এবং গণেরা নানাবিধ বাদ্য আরম্ভ করিল। এই সময়ে সেই দেবগণ সেই প্রভুর সেবার্থ আগমন করিলেন। ব্রহ্মা ঋষিগণে পরিবৃত এবং হংসারূঢ় হইয়া আপনার পদোচিত ভঙ্গী প্রকাশ করত সেই ভূতপতি ঈশ্বরকে প্রণামপূর্ব্বক অবস্থান করিলে, সেই স্থানে তৎক্ষণাৎ বিষ্ণু আগমন করিলেন। ১—১১। বিষ্ণুর বাহন পক্ষিরাজ গরুড় এবং সমভিব্যাহারে নিজ সেবকগণ; তিনি আপনার চিহ্নসমুদায়ে ভূষিত হইয়া আগমনপূর্ব্বক শিবকে প্রণাম করিয়া সম্মুখে অবস্থান করিলেন। ঐ সময়ে ইন্দ্র, যম, কুবের এবং বরুণ আপনার আপনার পদোচিত আসবাবের সহিত সেই স্থানে আগমন করিলেন। অন্যান্য লোকপাল সকল, বসু, সূর্য্য ও পবিত্র ঋষিগণ স্ব স্ব চিহ্নের সহিত সেই স্থানে আসিয়া উপস্থিত হইলেন। এইরূপ গঙ্গাপ্রভৃতি নদী সকল, সমুদ্র সকল, গন্ধর্ব্ব অপ্সরা এবং [illegible]

সেবাবসরমাজ্ঞায় সমাজগ্মুর্মুদান্বিতাঃ ॥ ১৫
তস্মিন্ দিনে তদা তত্র শোভাভাবসমন্বিতাঃ।
দেবা বৃহং তদা চক্রুঃ স্বীয়ং স্বীয়ন্তু ভাগশঃ ॥ ১৬
নিঃসসার ততস্তস্মাৎ কৈলাসাৎ পর্ব্বতোত্তমাৎ।
শিবঃ পরমসন্তুষ্টো দেবান্ কৃত্বা পুরস্তদা ॥ ১৭
তে দেবাশ্চ তদাজ্ঞপ্তা যথাযোগ্যং পুরঃসরাঃ।
অভবংস্তে তু বাদিত্রৈর্যুক্তা নাদং পরস্পরম্।
তদেব কথয়ামাসুর্যেন তুষ্যোচ্চ শঙ্করঃ ॥ ১৮
হিমবানপি তত্রৈব স্নানাহূয় সুহৃদ্বৃতঃ।
বিধিবৎ কারয়ামাস মণ্ডপাদিবিধিং ক্রমাৎ ॥ ১৯
বিবিধানি বিচিত্রাণি তোরণানি তথা পুনঃ।
ধ্বজাংশ্চৈব বিচিত্রাংশ্চ চকার পরয়া মুদা ॥ ২০
পর্ব্বতাশ্চ তদা রম্যা জঙ্গমং রূপমাস্থিতাঃ।
তৎপত্নীশ্চৈব পুত্রাশ্চ পুত্রীশ্চৈব তথাবিধাঃ ॥ ২১
বস্ত্রালঙ্কারসংযুক্তাঃ সর্ব্বে হর্ষসমাকুলাঃ।
কার্য্যং চক্রুশ্চ তত্রত্যং হিমবদ্গৃহসম্ভবম্ ॥ ২২
তচ্ছোভাং বর্ণিতুং নৈব শক্নোমি ঋষিসত্তমাঃ।
কন্যাঞ্চৈব তু দানার্থং স্নাপয়ামাস চকার সঃ ॥ ২৩
বিবাহবিধিযোগ্যঞ্চ বেশং সম্পাদ্য সংস্থিতঃ।
দেবতাপূজনং কৃত্বা নানোপকরণানি চ ॥ ২৪
সংবিধায় তদা সর্ব্বং প্রেষয়ন্ গন্ধমাদনম্।
সেবকস্ত তথান্যঞ্চ শীঘ্রমায়াতু বৈ শিবঃ।
প্রতীক্ষাং বরবর্গস্থ কৃত্বা চ হিমবান্ স্থিতঃ ॥ ২৫
এতস্মিন্ সময়ে রুদ্রঃ সমীপে স্ববলৈর্বৃতঃ।
আজগাম মহাবীর্য্যঃ সর্ব্বসিদ্ধিসমন্বিতঃ ॥ ২৬
তমাগতং তদা শ্রুত্বা হিমবান্ বলসংযুতঃ।
জগাম সম্মুখস্তত্র ধন্যোঽহমিতি চিন্তয়ন্ ॥ ২৭
দেবসেনাং তথা দৃষ্ট্বা হিমবান্ বিস্ময়ং গতঃ।
দেবাহি তদ্বলং দৃষ্ট্বা বিস্ময়ং পরমং গতাঃ ॥ ২৮
পর্ব্বতানাং তথা সেনা দেবানাঞ্চ তথা পুনঃ।
মিলিত্বা তু তথা রেজে যথা তে সাগরাবুভৌ ॥ ২৯
পরস্পরং মিলিত্বা তু দেবাশ্চ পর্ব্বতাস্তথা।

সেবার উপযুক্ত সময় বুঝিয়া সানন্দচিত্তে সুশোভিত হইয়া সেই দিনে, সেই স্থানে আগমন করিলেন। দেবগণ নিজ নিজ দলবলের সহিত মিলিত হইয়া এক একটী ব্যূহরচনা করিলেন এবং ক্রমশঃ এক একটী করিয়া কৈলাস পর্ব্বত হইতে নির্গত হইতে লাগিলেন। শিব সাতিশয় সন্তোষ প্রাপ্ত হইয়া দেবগণকে অগ্র-গামী করিলেন এবং সেই দেবগণও শিবের আজ্ঞাক্রমে বাদ্যকরগণের সহিত পুরঃসর হইলেন ও পরস্পর সেইরূপ কথোপকথন করিতে লাগি-লেন, যাহাতে মহাদেবের সন্তোষ হয়। হিমালয়ও সুহৃদ্গণে পরিবৃত হইয়া তাঁহাদিগকে আহ্বান করিয়া যথাশাস্ত্র মণ্ডপাদি রচনা বিধির অনুষ্ঠান করাইলেন। তিনি অতিশয় আনন্দসহকারে স্থানে স্থানে বিচিত্র তোরণ নির্ম্মাণ এবং নানা প্রকারের ধ্বজা আরোপিত করাইলেন। ১২—২০। পর্ব্বত সকল তৎকালে স্বীয় পত্নী, পুত্র ও পুত্রীর সহিত জঙ্গমরূপ ধারণপূর্ব্বক নানাবিধ বস্ত্রালঙ্কারে সুশোভিত হইয়া, হর্ষাকুলচিত্তে হিমালয়ের ... কার্য্য সকল করিতে লাগিল। হে শ্রেষ্ঠ ঋষিগণ! সেই সময় হিমালয়-গৃহের যে অপূর্ব্ব শোভা হইয়াছিল, তাহা আমি বর্ণন করিতে অক্ষম। অনন্তর হিমালয়, সম্প্রদানের নিমিত্ত কন্যাকে স্নান করাইয়া অলঙ্কৃত করিলেন। তিনি কন্যার বিবাহযোগ্য বেশ সম্পাদনানন্তর দেবতার্চ্চন এবং বহুবিধ উপকরণ সঙ্কলন করিয়া অবস্থান করিতে লাগিলেন। তিনি সমুদায় আয়োজন করিয়া গন্ধমাদন এবং অপর একজন ভৃত্যকে শিবকে শীঘ্র আনিবার জন্য প্রেরণ করিলেন। হিমালয় বরাগমনের প্রতীক্ষা করিয়া রহিয়াছেন, এমন সময় সর্ব্বসিদ্ধিসমন্বিত মহাবীর্য্য-সম্পন্ন রুদ্র স্ববলে পরিবৃত হইয়া তাঁহার সমীপে আগ-মন করিলেন। তাঁহার আগমন শ্রবণ মাত্রই হিমালয় দলবলের সহিত "আমি ধন্য হইলাম" মনে মনে এইরূপ চিন্তা করত তাঁহার সম্মুখে উপস্থিত হইলেন এবং তাঁহার সঙ্গিনী সেই দেব-সেনাকে দেখিয়া বিস্ময়াবিষ্ট হইলেন। দেবগণ হিমালয়ের বলবল দেখিয়া আশ্চর্য্যান্বিত হই-লেন। তখন পর্ব্বতসেনা ও দেবসেনা মিলি

কৃতকৃত্যং তথাত্মানং মেনিরে পরয়া মুদা ॥ ৩০
রচিত্বা শিবিরং সম্যক্ সংস্থাপ্য দেবতাবলম্।
জগাম পর্ব্বতস্তত্র যত্র স্বাধিবেদিকা ॥ ৩১
কারয়িত্বা বিশেষেণ চতুষ্কং তোরণৈর্যুতম্।
স্নানদানাদিকং কৃত্বা প্রতীক্ষামকরোৎ তদা ॥ ৩৩
মেনাপি চ তথা তত্র চন্দ্রশালামুপাগতা।
হর্ষভারসমাযুক্তা শিবং ভক্তসুখাবহম্।
দ্রষ্টুকামাভবৎ তত্র নারদেন সমন্বিতা ॥ ৩৩
প্রথমঞ্চ নিরীক্ষামি হর্ষনির্ভরমাশ্রিতা।
কীদৃশং শিবরূপঞ্চ যদর্থে তপ উত্তমম্ ॥ ৩৪
তত্ত্বজ্ঞানপরা সা চ দর্শনার্থং শিবস্য চ।
স্থিতা শিরোগৃহং দেবী মেনা মুনিবরস্তথা ॥ ৩৫
শিবোঽপি চ তদা তস্যা জ্ঞাত্বাহঙ্কারমাত্মনঃ।
তথৈব দর্শয়ামাস বুদ্ধিভ্রংশো ভবেদ্যথা ॥ ৩৬
এতস্মিন্ সময়ে সেনাং দেবানাং পরমাং শুভাম্।
নিরীক্ষন্তী তদা মেনা দৃষ্ট্বা হর্ষসমাকুলা।
এতৎপতিঃ শিবঃ সাক্ষাৎ কীদৃশো বৈ ভবিষ্যতি ॥

সূত উবাচ।

শ্রূয়তামৃষয়ঃ শ্রেষ্ঠাঃ কথাঞ্চ কৌতুকাবহাম্।
প্রথমঞ্চৈব গন্ধর্ব্বাঃ সুন্দরাঃ সুভগাস্তথা ॥ ৩৮
বস্ত্রৈশ্চ বিবিধৈর্যুক্তা নানালঙ্কারভূষিতাঃ।
নানাবাহনযুক্তাশ্চ নানাবাদ্যপরায়ণাঃ।
পতাকাভির্ব্বিচিত্রাভিরপ্সরোগণসংযুতা ॥ ৩৯
দৃষ্ট্বা বিশ্বাবসুং তত্র তৎপতিং পরমং শুভম্।
দৃষ্ট্বা চ হর্ষিতা চাসীচ্ছিবোঽয়মিতি চাব্রবীৎ ॥ ৪০
দেবানাং গায়কশ্চায়ং কৃতো দেবঃ সনাতনঃ।
ইত্যেবং নারদস্তস্যৈ হ্যুবাচ ঋষিসত্তমঃ ॥ ৪১
এবং শ্রুত্বা তদা মেনা বিচারে তৎপরাভবৎ।
ইতশ্চাপ্যধিকো যো বৈ শিবঃ কীদৃগ্ভবিষ্যতি ॥ ৪২
এতস্মিন্নন্তরে যক্ষা মণিগ্রীবাদয়শ্চ যে।
তেষাং সেনা তয়া দৃষ্টা শোভাদিদ্বিগুণীকৃতা ॥ ৪৩
তৎপতিঞ্চ কুবেরঞ্চ দৃষ্ট্বা শোভাসমন্বিতম্।
অয়ং রুদ্রস্তথাপ্যেতি বরুণঞ্চ সমাগতঃ ॥ ৪৪
ততোঽপি দ্বিগুণাং শোভাং দৃষ্ট্বা রুদ্রস্তথা ন হি ॥

গণ ও পর্ব্বতগণ পরস্পরে মিলিত হইয়া একত্র দুইটী সাগরের ন্যায় বিরাজমান হইয়াছিল পর্ব্বতগণ শিবিররচনা এবং তন্মধ্যে দেবতাদিগের দল সংস্থাপিত করিয়া আপনাকে কৃতকৃত্য বলিয়া বিবেচনা করিয়াছিল। ২১—৩১। অনন্তর হিমালয় বিবাহবেদীর সমীপে গমন করিয়া সেই স্থানে তোরণ-সমন্বিত একটী চতুষ্কোণ মণ্ডপ নির্ম্মাণ করাইলেন। তৎপরে স্বয়ং স্নানদানাদি করিয়া বরাগমনের প্রতীক্ষা করিতে লাগিলেন। সেই তত্ত্বজ্ঞানপরা মেনকা দেবী হর্ষাতিশয়যুক্ত হইয়া, "যাহার নিমিত্ত কন্যা তাদৃশ উগ্রতপস্যার অনুষ্ঠান করিয়াছেন, প্রথমে সেই শিবকে দর্শন করিব" মনে মনে এইরূপ চিন্তা করিয়া শিবের দর্শনার্থ মহর্ষি নারদের সহিত সর্ব্বোপরিগৃহে অবস্থান করিতে লাগিলেন। শিবও তাঁহার সেই মানসিক অহঙ্কার জানিতে পারিয়া, যাহাতে তাঁহার বুদ্ধিভ্রংশ হয়, আপনার তাদৃশ রূপ দেখাইলেন। এমন সময় মেনকা, দেবতাদিগের সুশোভন সৈন্য নিরীক্ষণ করিয়া হর্ষে আকুল হইলেন। তিনি মনে মনে ভাবিতে লাগিলেন,—ইঁহাদের অধিনায়ক শিব, না জানি কিরূপ সুন্দর হইবেন! ৩২—৩৭। সূত বলিলেন,—হে ঋষিশ্রেষ্ঠগণ! সেই কৌতুকাবহ কথা শ্রবণ করুন। প্রথমে সুন্দর সুভগ গন্ধর্ব্বগণ নানাবিধ বস্ত্র এবং অলঙ্কারে বিভূষিত হইয়া গমন করিতে লাগিলেন। তাঁহারা নানাবিধ বাহনে আরূঢ়, নানাবিধ বাদ্যবাদন-তৎপর, বিচিত্রপতাকা-শোভিত এবং অপ্সরোগণ-সংযুক্ত। সেই গন্ধর্ব্বদিগের পতি পরম সুন্দর বিশ্বাবসুকে দেখিয়া মেনকা অত্যন্ত হৃষ্ট হইলেন এবং বিবেচনা করিলেন,—এই বুঝি শিব হইবেন। তখন ঋষিসত্তম নারদ বলিলেন,—এ ব্যক্তি সেই সনাতন মহাদেব ও দেবগণের একজন গায়ক মাত্র। এই কথা শুনিয়া মেনা মনে মনে তর্ক করিতে লাগিলেন,—সেই শিব ইহা হইতেও অধিক; না জানি কিরূপ সুন্দর! ইহার মধ্যে মণিগ্রীবাদি যক্ষ এবং তাহাদের সেনা পূর্ব্বোক্ত গন্ধর্ব্বগণ হইতে দ্বিগুণ-শোভাবিশিষ্ট দৃষ্ট হইল। তাহাদের পতি সৌন্দর্য্যযুক্ত কুবেরকে দেখিয়া মেনকা মনে মনে বিবেচনা করিলেন,—ইনিই

(আ)গাম ধর্ম্মরাজশ্চ সর্ব্বশোভাসমন্বিতঃ।
শোভাঞ্চ দ্বিগুণাং তস্য দৃষ্ট্বা সোঽয়ং তথা ন হি॥
তাবদিন্দ্রঃ সমায়াতঃ সর্ব্বদেববরঃ শুভঃ।
কিং বর্ণ্যতে তদীয়া চ শোভা বৈ দ্বিগুণীকৃতা॥৪৭
(য়া) যোঽপ্যগ্রে সমায়াতি শোভয়া দ্বিগুণীকৃতঃ।
তং দৃষ্ট্বা শঙ্করঃ সোঽয়ং নায়ং রুদ্রস্য কিঙ্করঃ॥৪৮
তাবৎ সূর্য্যঃ সমায়াতঃ সর্ব্বদেবময়ঃ শুভঃ।
তেজসা দীপ্তিমান্ লোকে দৃষ্ট্বা রুদ্রস্তথা ন হি॥৪৯
তাবচ্চন্দ্রঃ সমায়াতো গ্রহৈঃ সর্ব্বৈঃ সমন্বিতঃ।
ততশ্চ দ্বিগুণাং শোভাং রুদ্রোঽয়ং নো ভবেদিতি
মেনা মেনে চ তাং পুত্রীং ধন্যাং কুলসুখাবহাম্।
এতেষাং যঃ পতিঃ সো বৈ তস্যাঃ পতির্ভবিষ্যতি॥
তস্যাঃ কিং বর্ণ্যতে ভাগ্যমপি বর্ষশতৈরপি॥ ৫২
তাবদ্‌ব্রহ্মা সমায়াতস্তেজসাং রাশিরুত্তমঃ।

কি রুদ্র? তাহার পর বরুণ আগত হইলেন। বরুণের শোভা তাহা হইতে দ্বিগুণ দেখিলেন, অথচ রুদ্র নয় জানিলেন। তাহার পর সকল প্রকার শোভা-সমন্বিত ধর্ম্মরাজ আগমন করিলেন। মেনকা দেখিলেন,—ধর্ম্মরাজের শোভা বরুণ হইতেও দ্বিগুণ, অথচ তিনি রুদ্র নন। তাহার পর নিখিল দেবগণের প্রধান শুভরূপ ইন্দ্র সেই স্থানে আগমন করিলেন। কি বলিব! সেই ইন্দ্রের শোভা যম অপেক্ষা দ্বিগুণ। এইরূপে যিনি যত পশ্চাৎ আসিতে লাগিলেন, তাঁহার শোভাই পূর্ব্বাপেক্ষা দ্বিগুণ। সেই ইন্দ্রকে দেখিয়া নারদমুখে জানিলেন,—ইনি শঙ্কর নহেন; শঙ্কর-কিঙ্কর। ৩৮—৪৮। তখন অত্যন্ত তেজস্বী সর্ব্বদেবময় মঙ্গলাস্পদ সূর্য্য তথায় সমাগত হইলেন দেখিয়া, নারদ প্রমুখাৎ অবগত হইলেন,—ইনিও রুদ্র নহেন। অনন্তর সূর্য্য অপেক্ষাও দ্বিগুণ-শোভাসম্পন্ন সর্ব্বগ্রহ-সমন্বিত চন্দ্র উপস্থিত হইলেন; কিন্তু মেনকা জানিলেন, ইনিও রুদ্র নহেন। তখন মেনকা নিজ তনয়াকে কুলানন্দদায়িনী ও ধন্যা বোধ করিলেন। ভাবিলেন, যিনি এই সকল দেবগণের স্বামী, সেই রুদ্র আমার কন্যার স্বামী হইবেন; অতএব তাহার ভাগ্যবর্ণনা শতবর্ষেও

ঋষিবর্য্যযুতঃ সাক্ষাদ্ধর্ম্মপুঞ্জ ইব স্থিতঃ॥ ৫৩
অয়ং বা ভবিতা নেতি তাবদ্বিষ্ণুঃ সমাগতঃ।
মেঘশ্যামশ্চতুর্ব্বাহুঃ পীতাম্বরধরঃ শুভঃ॥ ৫৪
শ্রীবৎসবক্ষা লক্ষ্মীশঃ শঙ্খাদিলক্ষণৈর্যুতঃ।
মুকুটাদিভূষণৈর্যুক্তঃ সিদ্ধ্যষ্টকসমন্বিতঃ॥ ৫৫
কোটিকন্দর্পলাবণ্যঃ প্রসন্নমুখপঙ্কজঃ।
রাজীবলোচনঃ শান্তো নিজভক্তসমন্বিতঃ॥ ৫৬
পক্ষীন্দ্রবাহনঃ শ্রীমানপ্রমেয়পরাক্রমঃ।
তং দৃষ্ট্বা চকিতা চাসীদ্ধন্যাহং সংপথং গতা॥ ৫৭
সোঽয়ং শিবো ভবেৎ সাক্ষান্নেতি তং নারদোঽব্রবীৎ।
অতোঽধিকো ভবেৎ সো বৈ বর্ণিতুং নৈব শক্যতে॥৫৮
তাবচ্চ ঋষয়ো যাতা ভৃগ্বাদ্যাশ্চ মুনীশ্বরাঃ।
গঙ্গাদিসর্ব্বতীর্থৈশ্চ শিষ্যশাখাসমন্বিতাঃ॥ ৫৯
স্থায়ন্তে কল্পবৃক্ষাশ্চ গচ্ছন্তঃ কামপূরকাঃ।

করা যায় না। অনন্তর উত্তম তেজোরাশিময় সাক্ষাৎ ধর্ম্মপুঞ্জবৎ অবস্থিত ব্রহ্মা, প্রধান প্রধান ঋষিগণ সমভিব্যাহারে তথায় উপস্থিত হইলেন। মেনকা ভাবিলেন, ইনিই বুঝি রুদ্র; তৎপরে নারদের নিকট উত্তর পাইলেন, তাহা নহে। ইতাবসরে ঘনশ্যাম, পীতাম্বর-পরিধান, চতুর্ব্বাহু শ্রীবৎস-চিহ্নিতবক্ষঃস্থল, শঙ্খাদিধারী, মুকুটা(দি) ভূষণে ভূষিত, অষ্টসিদ্ধি-সমন্বিত, লক্ষ্মীপতি, শা(ন্ত) কমললোচন শ্রীমান্ বিষ্ণু তথায় সমাগত হই(লেন)। তাঁহার লাবণ্য কোটি কন্দর্পের ন্যায়, মুখ কমল প্রসন্ন, সমভিব্যাহারে নিজভক্তগণ। তি(নি) অপ্রমেয়-পরাক্রম এবং গরুড়বাহন। মেন(কা) তাঁহাকে দেখিয়া "আমি ধন্যা, আমি সংপ(থে) গতা" এইরূপ চিন্তা করিতে লাগিলেন এ(বং) বিস্মিতা হইলেন। ইনি বোধ হয় শিব, এ(ই) রূপ প্রশ্ন করায় নারদ বলিলেন,—না, তা(হা) নহে। শিব, ইহা অপেক্ষাও প্রধান; তাঁহ(ার) বর্ণনা করা যায় না। অনন্তর শিষ্য-শাখা-স(মন্বিত) পরম তেজস্বী ভৃগু প্রভৃতি মুনিশ্রেষ্ঠ ঋ(ষি)গণ, গঙ্গাদি তীর্থগণের সহিত তথায় আগ(মন) করিতে লাগিলেন। বোধ হইল, যেন কা(মপূরক)

সুরভ্যাদিপরৈর্যুক্তাস্তেজসাং রাশয়ঃ পরে ॥ ৬০
গৃণন্তস্তে পরং ব্রহ্ম হ্যনূচানাঃ সুখাবহাঃ।
তন্মধ্যে চৈব বাগীশং দৃষ্ট্বা সোঽয়ং ভবিষ্যতি ॥ ৬১
নায়মস্তঃ সমায়াতি নির্গুণো গুণবান্ হরঃ।
ইত্যেবং নারদাচ্ছ্রুত্বা মেনা মানবতী মুদা ॥ ৬২
ত্রৈলোক্যসারং যচ্চাসীৎ তদ্দৃষ্টং হি ময়া পুনঃ।
অতো রুদ্রশ্চ যো বৈ স্যাৎ কীদৃক্ সোঽয়ং ভবিষ্যতি ॥ ৬৩
তাবদ্রুদ্রঃ সমায়াতো নারদস্তামুবাচ হ।
অয়ং বৈ শঙ্করঃ সাক্ষাৎ পশ্যতাং সুন্দরি ত্বয়া ॥ ৬৪
হর্ষিতা সা তদা তত্র দদর্শ শঙ্করং মুদা।
বাত্যারূপধরাঃ কেচিদায়াতা মর্ম্মরস্বরাঃ ॥ ৬৫
অঙ্গুল্যা দর্শয়ামাস নারদস্তাং শুভাননাম্।
হরস্য সেবকান্ পশ্য পুনরন্যান্ বিলোকয় ॥ ৬৬
তাবদন্যে সমায়াতা ভূত-প্রেত-পিশাচকাঃ।
বক্রতুণ্ডাস্তথা কেচিদ্বিরূপাশ্চ তথাপরে ॥ ৬৭
করালাঃ শ্যামলাঃ কেচিৎ খঞ্জাশ্চ লোমশাঃ পরে।
দণ্ডপাশধরাঃ কেচিৎ কেচিন্মুদ্গরধারকাঃ ॥ ৬৮
বিরুদ্ধবাহনাঃ কেচিদ্দুরালাপকরাস্তথা।
ডমরুং বাদয়ন্তো বৈ গল্লনাদং তথাপরে ॥ ৬৯
তালনাদকৃতঃ কেচিচ্ছৃঙ্গনাদং তথাপরে।
অসংখ্যাতাস্তথায়াতাস্তান্ দৃষ্ট্বা ত্রাসসংযুতা ॥ ৭০
ভবন্তী তৎক্ষণাদেব তথা দৃষ্ট্বাস্তয়া তদা।
তান্ দৃষ্ট্বা হৃদয়ং তস্যাঃ শীর্ণমাসীৎ সমাকুলম্ ॥ ৭১
তন্মধ্যে শঙ্করং দেবং নির্গুণং গুণবত্তরম্।
বৃষভস্থং পঞ্চবক্ত্রং ত্রিনেত্রং ভূতিভূষিতম্ ॥ ৭২
কপর্দ্দিনং চন্দ্রমৌলিং দশহস্তং কপালিনম্।
ব্যাঘ্রচর্ম্মোত্তরীয়ঞ্চ পিনাকপাণিনং শিবম্ ॥ ৭৩
খর্পরেণ তথাযুক্তং শঙ্খাদিভূষণৈর্যুতম্।
গজচর্ম্ম বৃষে যস্য তীব্রমক্ষিসমন্বিতম্ ॥ ৭৪
নিদ্রিতং কম্পযুক্তঞ্চ শিবোঽয়ং মুনিরব্রবীৎ।
তদীয়ং বচনং শ্রুত্বা বাতাহতলতা যথা ॥ ৭৫

পূরক কল্পবৃক্ষ সকল, সুরভি উৎকৃষ্ট বস্তুর সহিত গমন করিতেছে। আনন্দবর্দ্ধক তাঁহারা সকলেই স্বশাখাধ্যয়ন করত বেদধ্বনি করিতেছিলেন। তন্মধ্যে বৃহস্পতিকে দেখিয়া মেনকা ভাবিলেন,—ইনিই রুদ্র হইবেন। নারদ বলিলেন, ইনি রুদ্র নহেন। এতদন্য সেই সগুণ ও নির্গুণ রুদ্র আসিতেছেন। মানিনী মেনকা, নারদের মুখে ইহা শ্রবণ করিয়া ভাবিলেন, যাহা জগতের সার, তাহা ত আমি দেখিলাম। কিন্তু এই বৃহস্পতি অপেক্ষা শ্রেষ্ঠ যে রুদ্র, তিনি কিরূপ হইবেন? ইত্যবসরে রুদ্র তথায় উপস্থিত হইলেন। তখন নারদ তাঁহাকে বলিলেন, ইনিই সাক্ষাৎ শিব; সুন্দরি! অবলোকন কর। তখন মেনকা, হর্ষান্বিতা হইয়া তথায় শিব দর্শন করিলেন। সঙ্গে প্রমথগণ সমাগত হইল; কোন কোন প্রমথ বাত্যারূপধারী ও মর্ম্মর-স্বরসম্পন্ন। নারদ, শুভাননা মেনকাকে অঙ্গুলিনির্দ্দেশ সাহায্যে কতিপয় শিবসেবকগণ প্রদর্শনপূর্ব্বক বলিলেন, অন্য প্রমথবৃন্দ অবলোকন কর। ৪১—৬৬। অন্যান্য ভূত, প্রেত, পিশাচগণও আগত হইল এবং অন্যান্য বক্রানন কদাকার, কৃষ্ণবর্ণ, ভয়ঙ্কর, খঞ্জ, বহুরোমযুক্ত, দণ্ডপাশপাণি, মুদ্গরধারী, বিরুদ্ধবাহন, কুকথাভাষী প্রভৃতি ও কেহ কেহ ডমরু বাজাইতে বাজাইতে, কেহ কেহ "বিল বিল" শব্দ করিতে করিতে, কেহ করতালি প্রদান করিতে করিতে, কেহ কেহ শিঙ্গা বাজাইতে বাজাইতে, এইরূপ অসংখ্য ভীষণাকার প্রমথগণ,—যাহাতে মেনা ভীতা হন, সেইরূপ ভাবে আগমন করিল। মেনাও সেইরূপ ভয়সমাকুলচিত্তে তাহাদিগকে, অবলোকন করিলেন। তখন তাহাদিগকে দেখিয়া তাঁহার হৃদয় শীর্ণ ও চঞ্চল হইল। তাহার মধ্যে নির্গুণ হইয়াও গুণবত্তর, বৃষারূঢ়, পঞ্চবক্ত্র, ত্রিনেত্র, দশভুজ, ভূতিভূষণ, কপর্দ্দী, চন্দ্রশেখর, ব্যাঘ্রচর্ম্মোত্তরীয়, পিনাকপাণি, কপালী, শঙ্খাদিভূষণ-বিভূষিত শিবকে দেখিতে পাইলেন। তাঁহার বৃষে—নেত্রতুল্য রোমময়চিহ্নযুক্ত, মুকুলিত, বায়ুতে কম্পমান গজচর্ম্ম আস্তরণ। পরে নারদ, মেনাকে অঙ্গুলিনির্দ্দেশে দেখাইলেন, ইনিই ভগবান্ শিব। তাহা শুনিয়া মেনা অতিশয় দুঃখভরে বাতাহত লতার ন্যায় ভূমিতে

সা পপাত তদা ভূমৌ মেনা দুঃখভরা সতী।
কিমিদঞ্চ কৃতং দুষ্টে ধিক্ ত্বাং মাঞ্চ দুরাগ্রহে ॥৭৬
ইত্যুক্ত্বা মূর্চ্ছিতা তত্র বিসংজ্ঞা হ্যভবৎ ক্ষণাৎ।
প্রযত্নৈর্বিবিধৈঃ সা বৈ সংজ্ঞাং লেভেঽথ মেনকা॥

ইতি শ্রীশৈবে মহাপুরাণে জ্ঞানসংহিতায়াং বিবাহ-
বর্ণনং নাম ষোড়শোঽধ্যায়ঃ॥ ১৬॥

সপ্তদশোঽধ্যায়ঃ।

সূত উবাচ।

সংজ্ঞাং লব্ধা পুনঃ সা চ তিরস্কারমথাকরোৎ।
নারদস্যাথ পুত্র্যাশ্চ নিনিন্দ চরিতং তথা।
প্রথমং নারদস্যৈব কথয়ামাস দুর্ব্বচঃ॥ ১

মেনোবাচ।

প্রথমস্তু ত্বয়া হ্যুক্তং শিবঃশ্চমাং বরিষ্যতি।
পশ্চাদ্ধিমবতঃ কৃত্যং পূজার্থং বিনিবেশিতা॥ ২
ততো দৃষ্টং ফলং সদ্যস্তথাপি বঞ্চিতা ত্বয়া।
পুনস্তপস্তয়া তপ্তং দুষ্কৃতং মুনিভিশ্চ যৎ।
পুনর্লব্ধং ফলং হ্যেতৎ পশ্যতাং দুঃখদায়কম্॥ ৩
কিং করোমি ক্ব গচ্ছামি হতন্তু মম জীবিতম্।
কস্যাপি কিং গতং নৈব মমাপি চ হতং গৃহম্॥ ৪
হস্তে দীপং তথা গৃহ্য পতিতং কূপকে স্বয়ম্।
কিং বশিষ্ঠমিদানীন্তু সর্ব্বং ব্যর্থীকৃতং মম॥ ৫
ক্ব গতা ঋষয়ো দিব্যাঃ শ্মশ্রূণ্যুৎত্রোটয়াম্যহম্।
তৎপার্শ্বে চৈব যা পত্নী সা ধূর্ত্তা স্বয়মাগতা॥ ৬
তেষাঞ্চৈবাপরাধো ন সর্ব্বং পুত্র্যা কৃতং স্বয়ম্।
হেম হিত্বানয়া নীতং কাচঞ্চ দুষ্টয়া স্বয়ম্॥ ৭
হিত্বা তু চন্দনং সদ্যো লেপিতঃ কর্দ্দমস্তয়া।
হংসমুড্ডীয় কাকো বৈ গৃহীতো হস্তপঞ্জরে॥ ৮
হিত্বা ব্রহ্মজলং দূরে পীতং কূপোদকং তয়া।

পতিতা হইলেন এবং "হে দুষ্টে! দুরাগ্রহে পার্ব্বতি! কি করিলি! তোকেও ধিক্, আর আমাকেও ধিক্" এই কথা বলিতে বলিতে ক্ষণকাল মধ্যেই সংজ্ঞাশূন্যা হইয়া মূর্চ্ছিতা হইলেন। তাহার পর পরমাত্মা পিনাকীর বহুবিধ প্রযত্নে পুনরায় সংজ্ঞা লাভ করিলেন। ৬৭—৭৭

ষোড়শ অধ্যায় সমাপ্ত॥

সপ্তদশ অধ্যায়।

সূত বলিলেন,—এইরূপে দেবী মেনকা চৈতন্য লাভ করিয়া শিব ও নারদকে তিরস্কার করিতে আরম্ভ করিলেন এবং তনয়ারও চরিত্র-নিন্দা করিতে লাগিলেন। প্রথমতঃ নারদকে দুর্ব্বাক্য বলিতে লাগিলেন, মেনকা বলিলেন, হে নারদ! প্রথমতঃ তুমিই ত বলিয়াছিলে যে, শিব এই আমার কন্যা পার্ব্বতীকে বিবাহ করিবেন, তারপর হিমালয়ের কার্য্য হইল—তিনি সেই শিবের পূজার নিমিত্ত সেই কন্যাকে নিয়োজিতা করেন। তাহার পর তাহার ফলও দেখা গেল, কিন্তু তথাপি তুমি কন্যাকে বঞ্চনা করিলে! পরে আবার সেই কন্যা মুনিগণের পর্য্যন্ত দুঃসাধ্য তপস্যা করে, পুনরায় তাহার ত এই দুঃখদায়ক ফল দেখা গেল। অতএব কি করি, কোথায় যাই, আমার এই নিন্দিত জীবনের বিনাশই শ্রেয়ঃ। এইরূপ হওয়াতে ত কাহারও কোনও ক্ষতি হয় নাই, কেবল আমারই গৃহ বিনষ্ট হইল। স্বয়ং হস্তে দীপ গ্রহণ করিয়া শেষে আপনাকেই কূপে পতিত হইতে হইল! এইরূপ হওয়াতে তোমাদের আর কি ক্ষতি হইল? কেবল আমারই সকল বিফল হইল। সেই দিব্য ঋষিগণই বা কোথায় গেলেন? আজ তাঁহাদিগের শ্মশ্রু উৎপাটন করা যাক্। আর তাঁহাদের পার্শ্বে যিনি স্বয়ং আগমন করিয়াছিলেন, সেই বসিষ্ঠ-পত্নীই বা কোথায় গেলেন? অথবা তাঁহাদিগের দোষ কি? কন্যাই ত এই সকলের মূল। সেই দুষ্টাই ত স্বয়ং অন্য দেবগণকে পরিত্যাগ করিয়া শিবকে বিবাহ করিতে যাইয়া, সুবর্ণ পরিত্যাগপূর্ব্বক কাচগ্রহণে লোলুপা হইয়াছে; চন্দন ফেলিয়া গাত্রে কর্দ্দম লেপন করিয়াছে; হংসকে উড়াইয়া দিয়া হাতে কাক গ্রহণ করিয়াছে;

সূর্য্যং ত্যক্ত্বা তু খদ্যোতং গৃহীত্বা সুখমীহতে ॥৯
তণ্ডুলাংশ্চ তথা হিত্বা কৃতস্তু তুষভক্ষণম্।
ঘৃতং ত্যক্ত্বা তথা তৈলমৈরণ্ডং ভোজিতং স্বয়ম্ ॥
সিংহসেবাং তথা মুক্ত্বা শৃগালঃ সেবিতস্তয়া।
যজ্ঞগৃহবিভূতিং হি দূরীকৃত্য তয়া স্বয়ম্ ॥ ১১
সেবিতঞ্চ তথা ভস্ম চিতাসম্ভবমিত্যুত।
সর্ব্বান্ দেববরাংস্ত্যক্ত্বা শিবার্থং তপ ঈদৃশম্ ॥১২
ধিক্ ত্বাঞ্চ তব বুদ্ধিং ধিক্ চর্য্যাঞ্চ ঋষিসত্তম।
ধিক্ কুলং ধিক্ ক্রিয়াদাক্ষ্যং সর্ব্বং তুচ্ছীকৃতং তয়া
গৃহস্তু ধুক্ষতু হেত্যমরণস্তু মমৈব হ।
পর্ব্বতানাং তথা রাজা নেত্রাদ্দূরং কথং ন হি ॥১৪
ঋষয়শ্চ কিমর্থং মে দর্শয়ন্তি মুখং স্বয়ম্।
সাধিতং কিঞ্চ সর্ব্বৈস্তু মিলিত্বা পাতিতং কুলম্ ॥১৫
বন্ধ্যাহং ন কথং জাতা গর্ভো ন গলিতঃ কথম্।
অথবা ন মৃতা চাহং মৃতা ন পুত্রিকা কথম্ ॥ ১৬

রাক্ষসৈর্বা কথং নৈব ভক্ষিতা গহনে বনে।
হতা বা ন কথং কৈশ্চিন্মৃতা ব্যাঘ্রবরান্ন কিম্ ॥১৭
ছেদয়ামি শিরস্তেঽদ্য কিং করোমি কলেবরম্।
ত্যক্ষ্যামি বা কুতো যামি হা হা চ জীবিতং হৃতম্
ইত্যুক্ত্বা পতিতা সা চ নায়াতি ভর্তৃসন্নিধৌ।
এতস্মিন্ সময়ে ব্রহ্মা হ্যাজগাম স্বয়ং তদা ॥ ১৯
নারদোঽপি বচস্তস্যা উবাচ ঋষিসত্তমঃ।
যথার্থং সুন্দরং রূপং ন জ্ঞাতং শঙ্করস্য চ।
তিষ্ঠ দূরে তথা ত্বঞ্চ মেনা বচনমব্রবীৎ ॥ ২০
ব্রহ্মা পুনস্তথাগত্য কথয়ামাস তাং প্রতি।
শ্রোতব্যঞ্চ ত্বয়া মেনে মদীয়ং বচনং শুভম্ ॥ ২১
শঙ্করো লোককর্ত্তা চ হর্ত্তা পালয়িতা স্বয়ম্।
ন ত্বং জানাসি তদ্রূপং কথং দুঃখং সমীহসে ॥ ২২
ইত্যুক্তা চ তথা সা তু ব্রহ্মাণং বাক্যমব্রবীৎ।
কিমর্থস্তু ভবন্তশ্চ ব্যর্থীকর্ত্তুং সমুদ্যতাঃ ॥ ২৩

ব্রহ্মজল (গঙ্গাজল) দূরে ফেলিয়া কূপজল পান করিয়াছে! সূর্য্যকে পরিত্যাগ করিয়া খদ্যোত-গ্রহণেচ্ছা, তণ্ডুল ত্যাগ করিয়া তুষ-ভক্ষণেচ্ছা, ঘৃত ত্যাগ করিয়া এরণ্ড তৈল (রেড়ীতৈল) পানেচ্ছা, সিংহসেবা ছাড়িয়া শৃগালের সেবা করা, যজ্ঞভূমি-ভস্ম পরিত্যাগ করিয়া চিতাভস্ম লেপন, আর দেবগণকে ত্যাগ করিয়া পার্ব্বতীর শিববিবাহে ইচ্ছা সমান হইয়াছে। ১—১২। অতএব হে পার্ব্বতি! তোকেও ধিক্! তোর বুদ্ধিকেও ধিক্! আর তোর চরিত্রেও ধিক্; ধিক্ তোর কুলে, আর ধিক্ তোর দক্ষতায়! আজ সকলই তুচ্ছ করিয়া ফেলিলি! গৃহ দগ্ধ হইয়া যাক্, আমার মৃত্যু হউক। আর পর্ব্বতরাজ হিমালয়ই বা কেন আমার নেত্রপথ অতিক্রম করিতেছেন না? ঋষিগণই বা কেন এ হত-ভাগিনীর মুখ অবলোকন করিতেছেন? সকলে মিলিয়া কি কার্য্য সাধন করিলেন? লাভ মাত্র, কেবল কুলকেই পাতিত করিলেন। আমার এরূপ সন্তান হওয়া অপেক্ষা কেন আমি বন্ধ্যা না হইয়াছিলাম, কেন আমার গর্ভ গলিত না হইয়াছিল, অথবা কেন আমার মৃত্যু না হইয়া-ছিল, এ কন্যার মৃত্যুই বা না হইয়াছিল কেন? রাক্ষসগণই বা কেন আমাকে ও কন্যাকে বনে ভক্ষণ করে নাই? কেন বা কেহ তোকে ও আমাকে হনন করে নাই? বৃহৎ বৃহৎ ব্যাঘ্রগণই বা কেন সংহার করে নাই? অথবা আজ আমিই তোর শিরশ্ছেদন করিব। কি করি?—কিংবা স্বীয় কলেবর পরিত্যাগ করিব। আমি এখন কোথায় যাই? ওঃ! আমার জীবন বিনষ্ট হইল! এই কথা বলিয়া সেই মেনকা ভূমিতে পতিত হইলেন, হিমাচল-সমীপে আর আগমন করিলেন না। এই সময়ে স্বয়ং ব্রহ্মা তথায় উপস্থিত হইলেন। ১৩—১৯। মুনিসত্তম নারদ সেই মেনাকে বলিলেন,—শঙ্করের যে যথার্থ সুন্দর রূপ, তাহা অবগত হইতে পার নাই। মেনা, নারদকে বলিলেন,—তুমি থাক, তোমার আর বলিতে হইবে না। পরে ব্রহ্মাও মেনকাকে বলিলেন, হে মেনকে! আমি যাহা বলিতেছি, তাহা তোমার শুনা উচিত। শঙ্কর স্বয়ং লোককর্ত্তা এবং তিনিই হর্ত্তা ও তিনিই পালয়িতা। তুমি শিবের যথার্থ রূপ অবগত নহ, অতএব কেন বৃথা দুঃখ করিতেছ? ব্রহ্মা এই কথা বলিলে, মেনকা ব্রহ্মাকে বলি-লেন,—আপনারা কেন তাহার রূপ বিফল

রূপং তস্যাঃ পরং নীম হন্তুতাং বা স্বয়ং পুনঃ।
ন বক্তব্যং ভবদ্ভিস্তু শিবায় দীয়তামিতি ॥ ২৪
ইত্যুক্তে চ তদা দেবা ইন্দ্রাদ্যা লোকপালকাঃ।
সমাগত্য তদা সর্ব্বে বচনঞ্চেদমব্রুবন্ ॥ ২৫
অয়ং বৈ পরমঃ সাক্ষাচ্ছিবঃ পরমদুঃখহা।
কৃপয়া চ ভবৎপুত্র্যা দর্শনং শঙ্করস্য চ।
জাতঞ্চাদ্য কৃপাহেতুর্নান্যথা দর্শনং কুতঃ ॥ ২৬
অথোবাচ পুনর্ম্মেনা হন্যতাং পুত্রিকা তদা।
ন দেয়া চ ময়া সম্যক্ শঙ্করায় কুরূপিণে ॥ ২৭
ইত্যুক্তে চ তয়া তত্র ঋষয়ঃ সপ্ত এব তে।
উচুস্তু বচনং সুভ্রু মধ্যে বয়মুপাগতাঃ ॥ ২৮
বিরুদ্ধঞ্চৈব যৎ কার্য্যং বয়ং মন্যামহে কথম্।
অযং বৈ পরমো লাভো দর্শনং শঙ্করস্য চ ॥ ২৯
দানপাত্রং তথা ভূত্বাগতশ্চ মন্দিরে তব।
অতঃ শুভতরং কিং নু শিবো দ্বারমুপাগতঃ ॥ ৩০
ইত্যুক্তে চ পুনর্ম্মেনা ঋষিবাক্যং নিরাকরোৎ।
শস্ত্রৈর্ব্বা ঘাতয়াম্যদ্য ন দাস্যে শঙ্করায় বৈ ॥ ৩১
হিমালয়ঃ সমাগত্য বিকলাসি কথং প্রিয়ে।
কে কে সমাগতা গেহং কথঞ্চৈতান্ বিকথসে ॥৩২
শঙ্করস্তু ময়া জ্ঞাতঃ সর্ব্বেষাং প্রতিপালকঃ।
নিগ্রহানুগ্রহো কর্ত্তা সম্পূজ্যো জগতামিহ ॥ ৩৩
মুঞ্চ দুঃখং তথা কার্য্যং কর্ত্তুমিচ্ছসি সাম্প্রতম্।
তেনোক্তে চ তথা তস্মৈ মেনা বাক্যমুপাদদে ॥৩৪
হিমবন্ শ্রূয়তামেতচ্ছ্রুত্বা কর্ত্তুমিহার্হসি।
গৃহীত্বা তনুজাস্মেতাং বদ্ধা কণ্ঠে তু পর্ব্বতাং ॥৩৫
গত্বা চ সাগরে স্বামিন্ ক্ষিপ্ত্বা ত্বঞ্চ সুখী ভব।
ন দেয়া চ শিবে পুত্রী নিশ্চিতং মে বচঃ পুনঃ ॥৩৬
যদি দাস্যসি ত্বং পুত্রীং ত্যক্ষ্যাম্যেতং কলেবরম্।
ইত্যুক্তে চ তয়া তত্র পার্ব্বতী স্বয়মাগতা ॥ ৩৭

পার্ব্বত্যুবাচ।

মাতস্তে বিপরীতা বৈ বুদ্ধিস্বাং সমুপাগতা।
ধর্ম্মাবলম্বনা ত্বন্তু কথং ধর্ম্মং প্রহাস্যসি ॥ ৩৮

করিতে উদ্যুক্ত হইয়াছেন? আপনারা পার্ব্বতীকে হনন করুন; 'শিবকে কন্যাদান কর' এ কথা আর বলিবেন না। মেনকা এই কথা বলিলে পর, ইন্দ্রাদি লোকপাল দেবগণ তথায় আগমন করিয়া বলিলেন,—ঐ শিব সাক্ষাৎ পরম দুঃখনাশক পরম ভগবান্, আজ কৃপাবলে ঐ শঙ্করের আর তোমার কন্যা পার্ব্বতীর দর্শন লাভ করিব। কৃপাই আজ ঐ দর্শনের নিদান, কৃপা ব্যতিরেকে কদাচ ইহা ঘটিত না ও কোথায়ই বা ঘটিয়া থকে? তাহাতে মেনকা আবার বলিলেন,—এই আমার কন্যাকে হনন কর; তথাপি কুরূপী শিবকে দান করা হইবে না। মেনকা এই কথা বলিলে পর, সপ্তর্ষিগণ সেই স্থলে আসিয়া বলিলেন,—হে সুভ্রু। আমরা মধ্যস্থ হইয়া আগমন করিয়াছি। যে কার্য্য বিরুদ্ধ, তাহাতে কেন আমরা অনুমোদন করিব? শঙ্করের সাক্ষাৎকারই আমাদিগের পরম লাভ। সেই শিব সম্প্রদানযোগ্য বরবেশে তোমার গৃহে আসিয়া উপস্থিত হইয়াছেন। শিব দ্বারে আগমন করিয়াছেন, ইহা অপেক্ষা আর অধিক মঙ্গলের বিষয় কি আছে? ঋষিগণ এই কথা বলিলে, মেনকা ঋষিগণের বাক্যে ঘৃণা প্রকাশ করিতে লাগিলেন; বলিলেন,—আজ আমি কন্যাকে অস্ত্রে কাটিয়া ফেলিব, তবুও শিবের হাতে দিব না। তখন হিমালয় আসিয়া বলিলেন,—হে প্রিয়ে! এত বিকলা হইতেছ কেন? ইহারা কাহারা বাটিতে আসিয়াছেন যে, ইহাদিগকে এত নিন্দা করিতেছ? আমি জানিয়াছি যে, শঙ্করই এই জগতের পালক, তিনিই নিগ্রহানুগ্রহকর্ত্তা, তিনিই জগতের পূজনীয়। দুঃখ পরিত্যাগ কর, এখন কর্ত্তব্য কার্য্য করিতে প্রবৃত্ত হও। গিরিরাজ হিমালয় এ কথা বলিলে মেনা বলিলেন,—হে হিমবন্! যাহা বলিতেছি, শ্রবণ করুন; শুনিয়া পরে কার্য্য করিতে প্রবৃত্ত হইবেন। এই কন্যাকে কণ্ঠে বন্ধন করত গ্রহণ করিয়া এই পর্ব্বত হইতে সাগরে নিক্ষেপ করত সুখী হউন; তবুও শিবকে দান করা হইবে না, এই আমার বিজ্ঞাপন। যদি শিবের হাতে পুত্রীকে প্রদান করেন, তাহা হইলে কলেবর পরিত্যাগ করিব, জানিবেন। মেনকা এই কথা বলিলে পর পার্ব্বতী তথায় স্বয়ং আগমন করিয়া বলিলেন,—মাতঃ! বিপরীত বুদ্ধি আসিয়া

অয়ং বৈ পরমঃ সাক্ষাৎ সর্ব্বেষাং যোনিরুচ্যতে।
শম্ভুশ্চ শঙ্করশ্চৈব দেবানাং প্রভুরীশ্বরঃ ॥ ৩৯
অধিষ্ঠানং তথা কর্ত্তা পালকশ্চ সনাতনঃ।
যদগ্রে দেবতাঃ সর্ব্বা অ.য়াতাঃ কিঙ্করীকৃতাঃ ॥৪০
ততঃ শুভতরঃ কো নু বদ ত্বং হিতকারিণি।
উত্তিষ্ঠ ত্বং প্রযত্নেন জীবিতং সফলং কুরু ॥ ৪১
দেহি দানং শিবায়ৈব হ্যাশ্রমং সার্থকং কুরু।
ত্যজ দুঃখং পরং তাপং হিত্বা সুখমবাপ্নু হি ॥ ৪২
যদি ন দাস্যসি ত্বঞ্চ ন মুনেঽন্যং তথোত্তমম্।
সিংহভাগং কথং লভ্যেচ্ছৃগালঃ পরমং শুভে ॥৪৩
মনসা বচসা দেবি কর্ম্মণা বা হরঃ স্বয়ম্।
বৃতো বৃতো বৃতশ্চৈব যদিচ্ছসি তথা কুরু ॥ ৪৪
উমাবচনমাকর্ণ্য গৃহীত্বা তং কলেবরে।
মুষ্টিভিঃ কূর্পরৈশ্চৈব দন্তান্ ঘর্ষয়তী তথা।
তাড়য়ামাস তাং পুত্রীং বিকলা ইব সা তদা ॥৪৫
যে চান্যে ঋষয়শ্চৈব নারদাদ্যাশ্চ যে পুনঃ।
তন্মাত্তাং তাং পরিচ্ছিদ্য নীত্বা দূরতরং স্থিতাঃ।
তাঞ্চ তথাবিধাং দৃষ্ট্বা ভর্ৎসয়ামাস বৈ তদা ॥ ৪৬
কিমেনাঞ্চ করিষ্যামি দুষ্টাং গ্রহবতীং ধ্রুবম্।
গরং দদামি তাং পুত্রীং ক্ষিপামি বাথ কূপকে ॥৪৭
শস্ত্রৈর্ব্বা চ্ছেদয়াম্যেতাং সাগরে বা ক্ষিপাম্যহম্।
স্বীয়ং বাথ শরীরং বৈ ত্যক্ষ্যামি বাথ কূপকে ॥
বরশ্চ কীদৃশো লোকে লব্ধশ্চ দুষ্টয়া পুনঃ।
ন মাতা ন পিতা বন্ধুর্ন ভ্রাতা ন চ গোত্রজঃ ॥ ৪৯
ন রূপং ন চ চাতুর্য্যং ন গৃহঞ্চ শুভং পুনঃ।
ন বস্ত্রং নাপ্যলঙ্কারঃ সহায়া ন শুভাস্তথা ॥ ৫০
বাহনং ন শুভঞ্চাস্য ন বয়ো ন ধনং তথা।
ন পাবিত্র্যং ন বিদ্যা চ কিং দৃশ্যমেকমেব যৎ ॥৫১
কিং বিলোক্য ময়া পুত্রী দীয়তে কিং করোম্যহম্।
এতস্মিন্ সময়ে বিষ্ণুঃ সমাগত্যাব্রবীদিদম্ ॥ ৫২
পিতৄণাং ত্বং শুভা পুত্রী মানসী গুণসংযুতা।

আপনাকে আশ্রয় করিয়াছে। জননি! আপনি ধর্ম্মমাত্রাবলম্বনা হইয়াও কেন ধর্ম্ম পরিত্যাগ করিতেছেন? ঐ পরম শিবই এই স্থাবর জঙ্গম জগতের কারণ; উনিই শঙ্কর, উনিই শম্ভু, উনিই দেবগণের প্রভু, উনিই ঈশ্বর, উনিই আশ্রয়, উনিই কর্ত্তা, উনিই পালক এবং ঐ দেবই সনাতন, আর এই যে সকল দেবগণ আসিয়াছেন, ইহাঁরা সকলে উহাঁরই কিঙ্কর। ২০—৪০। হে হিতকারিণি! তাঁহা অপেক্ষা উত্তমতর কে আছেন, বলুন? হে জননি উঠুন। প্রযত্নপূর্ব্বক জীবন সার্থক করুন। শিবকেই এই কন্যা সমর্পণ করিয়া আশ্রম সফল করুন। দুঃখ পরিত্যাগ করুন। আর পরিতাপ করিবেন না, সুখ আশ্রয় করুন। যদি আমাকে অন্য পাত্রে সমর্পণ করেন, ঐ শিবকে প্রদান না করেন, তাহা হইলে আমি সেই পাত্রকে কদাচ বরণ করিব না; সিংহভোজ্য কি করিয়া শৃগালে ভোগ করিতে সমর্থ হইবে? আমি কায়মনোবাক্যে সেই হরকেই বরণ করিয়াছি, ইহা আমি ত্রিসত্য করিয়া বলিতেছি। এখন যাহা ইচ্ছা হয়, তাহাই করুন। মেনকা উমার তাদৃশ বাক্য শুনিয়া মত্ত স্ত্রী[illegible] ন্যায় দন্ত ঘর্ষণ করত তাঁহাকে গ্রহণ করিয়া মুষ্টি ও কূর্পরাঘাতে তাঁহাকে তাড়না করিতে লাগিলেন। পরে নারদাদি ঋষিগণ মেনকার হস্ত হইতে পার্ব্বতীকে আকর্ষণ করত কাড়িয়া লইয়া দূরতর স্থানে গেলেন। পার্ব্বতীকে কাড়িয়া লইয়াছেন দেখিয়া মেনকা পার্ব্বতীকে তিরস্কার করিতে লাগিলেন,—গ্রহবতী এই দুষ্টা কন্যাকে কি করিব, ইহাকে কি বিষ-পান করাইব? কি কূপে নিক্ষেপ করিব? কি অস্ত্রে কাটিয়া ফেলিব? কি সাগরে ফেলিয়া দিব? অথবা কি আপন শরীর কূপে পরিত্যাগ করিব? ৪১—৪৮। ঐ দুষ্টা কি প্রকারই বা বর লাভ করিয়াছে, দেখুন,—তাহার মাতা নাই, পিতা নাই, ভ্রাতা নাই, বন্ধু নাই, আপন গোত্রজাত কেহ নাই, কিংবা রূপ, কি চাতুর্য্য, কি উত্তম গৃহ, কি বস্ত্র কি অলঙ্কার, কি উত্তম সহায়—কিছুই নাই। ভাল বাহনও তাহার নাই, বয়স নাই, ধন নাই, পবিত্রতা নাই, বিদ্যা নাই, এমন একটী কিছুই নাই, যাহা দেখিয়া বিবাহ দেওয়া যাইবে; অতএব কি দেখিয়াই বা তাহাকে কন্যা দান করি? এই সময়

ত্নী হিমবতঃ সাক্ষাদ্‌ব্রহ্মকুলসম্ভবা ॥ ৫৩
হারাশ্চেদৃশা লোকে ধন্যাসি কিং বদাম্যহম্।
র্ম্মস্যাধারভূতাসি কথং ধর্ম্মং প্রহাস্যসি ॥ ৫৪
দবৈশ্চ ঋষিভিশ্চৈব ব্রহ্মণা বা ময়া তথা।
রুদ্ধং কথ্যতে কিঞ্চ ত্বয়া তত্ত্বতরং নু কিম্ ॥৫৫
বং ত্বঞ্চ ন জানাসি নির্গুণঃ সগুণো হ্যভূৎ।
তনৈব নির্ম্মিতা দেবী প্রকৃতির্ম্মূলকারণম্ ॥ ৫৬
ৎপার্শ্বে চ তথা তেন নির্ম্মিতঃ পুরুষোত্তমঃ।
ভ্যোক্যাহং তথা ব্রহ্মা ততশ্চ গুণরূপতঃ ॥ ৫৭
বতীর্ণঃ স্বয়ং শম্ভুর্লোকানাং হিতকারকঃ।
তো বেদাস্ততো দেবা যৎ কিঞ্চিদ্দৃশ্যতে জগৎ ॥
াবরং জঙ্গমং যচ্চ তৎ সর্ব্বং শঙ্করাদভূৎ।
দ্রূপং বর্ণ্যতে লোকে জ্ঞায়তে কেন বা পুনঃ ॥৫৯
া ন ব্রহ্মণা যো বৈ বর্ষাণাস্ত সহস্রকম্।
তস্য পারো ন বৈ লব্ধো হ্যজ্ঞেন বর্ণ্যতে কথম্ ॥৬০
সত্যজ্ঞানময়শ্চৈব ব্যাপ্যব্যাপক এব চ।
অজরশ্চামরশ্চৈব সর্ব্বাধ্যক্ষঃ সমীপগঃ ॥ ৬১
অহং ব্রহ্মা হরশ্চৈব দেবাঃ সর্ব্বে পুরাতনাঃ।
সূর্য্যশ্চ চন্দ্রমাশ্চৈব গ্রহাঃ সর্ব্বে তপাবহাঃ।
পর্ব্বতাশ্চৈব নদ্যশ্চ বৃক্ষাশ্চ ধনদস্তথা ॥ ৬২
ব্রহ্মাদি-তৃণপর্য্যন্তং যৎ কিঞ্চিদ্দৃশ্যতে জগৎ।
তৎ সর্ব্বং শিবতো জাতং নাত্র কার্য্যা বিচারণা ॥
অরূপশ্চ সরূপশ্চ জায়তে শঙ্করঃ স্বয়ম্।
বীজাদ্‌বৃক্ষপ্ররোহশ্চ নানারূপমুপজায়তে।
অন্তে চ ফলমেব স্যাৎ তস্মাৎ ফলমুদাহৃতম্ ॥ ৬৪
আদৌ মধ্যে শিবশ্চৈব অন্তে শিব উদাহৃতঃ।
সর্ব্বং শিবময়ঞ্চৈতচ্ছিবঃ সর্ব্বময়স্তথা ॥ ৬৫
সূত্রে চৈব তু পুষ্পাণি পুষ্পেষু সূত্রমুচ্যতে।

ম্ভু আসিয়া বলিলেন,—হে মেনকে! তুমি
তৃগণের গুণবতী মানসী পুত্রী; তাহাতে
াবার ব্রহ্মকুল-সম্ভূত হিমালয়ের পত্নী, আর
াকে তোমার ঈদৃশ সহায়, অতএব তুমিই
া,—আর কি বলিব! এ হেন ধর্ম্মাধারভূতা
মিও কেমন করিয়া ধর্ম্ম পরিত্যাগ করিতে উদ্-
া হইয়াছ? ব্রহ্মা, আমি, ঋষিগণ এবং
ই দেবগণ, আমরা সকলেই কি বিরুদ্ধ কথা
িতেছি, আর তুমিই কি তত্ত্ব কথা বলিতেছ?
া কখনই নহে। তুমি বস্তুতঃ শিবকে জান
। তিনি নির্গুণ হইয়াও সগুণ, তৎকর্তৃকই
ই মূল কারণ প্রকৃতি নির্ম্মিতা হইয়াছেন।
ই প্রকৃতিপার্শ্বে আবার পুরুষোত্তমকে নির্ম্মাণ
রন। সেই প্রকৃতি পুরুষ কর্তৃকই আমি ও
া যথাক্রমে সত্ত্ব-রজোময় হইয়া নির্ম্মিত
য়াছি; পরে স্বয়ং লোকহিতকারক শম্ভু
মোগুণময় হইয়া অবতীর্ণ হন। তাঁহা হই-
ই বেদচতুষ্টয় উৎপন্ন এবং দেবগণ ও এই
া কিছু স্থাবর-জঙ্গমাত্মক জগৎ দেখা যাই-
ছ, সকলই সেই শঙ্কর হইতে উৎপন্ন। এই
লাকে কে তাঁহার রূপবর্ণনা করিতে পারে,
া কেই বা জ্ঞাত আছে? আমি কিংবা ব্রহ্মা
স্র বৎসরেও তাঁহার পার লাভ করিতে সক্ষম
হইলাম না; অতএব কিরূপে অপরে তাহাতে
সক্ষম হইবে? তিনি সত্যজ্ঞানময়, তিনিই ব্যাপ্য
এবং তিনিই এই ব্যাপ্য জগতের ব্যাপক (অর্থাৎ
সর্ব্বান্তর্যামী)। তিনি অজর, অমর; তিনিই
সর্ব্বসাক্ষী এবং তিনি সকলের সমীপে নিরত
বিরাজমান। কি আমি, কি ব্রহ্মা, কি হর, কি
সকল পুরাতন দেবগণ, কি সূর্য্য, কি চন্দ্র, কি
সকল তপোবহ গ্রহগণ, কি পর্ব্বত, কি নদী, কি
বৃক্ষ, কি কুবের,—ব্রহ্মাদি তৃণ পর্য্যন্ত যাহা কিছু
দেখা যায়, সকলই সেই শিব হইতে উৎপন্ন
হইয়াছে, ইহা আর বিচার্য্য নহে। ৫২—৬৩।
তিনি সরূপ অর্থাৎ বাহু-নেত্রাদি অবয়বযুক্ত হই-
য়াও অরূপ অর্থাৎ তাঁহার প্রকৃত স্বরূপ নাই।
যেমন এক বীজ হইতে অঙ্কুর উৎপন্ন হইয়া,
তাহা হইতে নানা বৃক্ষাদি জন্মে এবং অন্তে ফল
জন্মে, সেই প্রকার এক শিব হইতেই এই
প্রপঞ্চজগৎ উৎপন্ন হইয়াছে, পরে তাহা হইতেই
ফল উৎপন্ন হইতেছে। আদিতেও শিব, মধ্যেও
শিব এবং অন্তেও শিবই থাকিবেন, অর্থাৎ ভূত,
ভবিষ্যৎ, বর্ত্তমান এই ত্রিকালেই তিনি নিত্য
বর্ত্তমান। এ জগৎ মাঝারে সকলই শিবময় এবং
শিবও সর্ব্বময় জানিবে। যেমন সূত্রে পুষ্প
থাকে, আর পুষ্পেও সূত্র থাকে, সেই প্রকার

এবং শিবশ্চ সর্ব্বেষু শিবে সর্ব্বং তথা স্মৃতম্‌ ॥৬৬
অহং শিবঃ শিবশ্চাহং ত্বঞ্চাপি শিব এব চ।
সর্ব্বং শিবময়ং ব্রহ্ম শিবাৎ পরং ন কিঞ্চন ॥ ৬৭
অজ্ঞানাদন্যভাবশ্চ জ্ঞানেভ্যঃ সমুদাহৃতঃ।
কারণং কার্য্যবস্তুত্বে এক এব ন চাপরঃ ॥ ৬৮
কারণঞ্চ শিবঃ সাক্ষাৎ কার্য্যং দৃশ্যং মতং বুধৈঃ।
অজ্ঞানাচ্চৈব কার্য্যে তু কারণে ভেদ ইষ্যতে।
জ্ঞানিনাং নৈব ভেদোঽস্তি সর্ব্বং শিবময়ং জগৎ ॥

ইতি শ্রীশৈবে মহাপুরাণে জ্ঞানসংহি-
তায়াং মেনাজ্ঞানযোগো নাম
সপ্তদশোঽধ্যায়ঃ ॥১৭॥

শিবে অখিল জগৎ বিদ্যমান; আবার অখিল জগতেও শিব বিদ্যমান আছেন। আমিই শিব, আবার শিবও আমি এবং তুমিও শিব; অধিক কি বলিব, সকলই "শিবময় ব্রহ্ম।" এ জগতে শিব ব্যতীত আর কিছুই নাই। এ জগতে যে শিব ভিন্ন অন্য জ্ঞান জন্মে, তাহা অজ্ঞান বশতই জানিবে। আর যখন জ্ঞান উদয় হয়, তখন কার্য্যকারণ বস্তু সকল এক বলিয়া বোধ হইয়া থাকে, তখন 'অন্য আর কিছুই নাই, এই জ্ঞানই উদিত হইয়া থাকে। এ জগতে শিবই কারণ, আর এই জগতে যাহা কিছু দেখা যায়, সকলই কার্য্য বলিয়া পণ্ডিতগণ কর্তৃক কথিত আছে। ঐ কার্য্যে এবং কারণে যে ভেদজ্ঞান হয়, তাহা অজ্ঞান বশতই হইয়া থাকে; জ্ঞান জন্মিলে, কি কার্য্য কি কারণ, কিছুই ভেদজ্ঞান থাকে না; কেবল "সর্ব্ব জগৎ—শিবময়" ইহাই জ্ঞান হইয়া থাকে। ৬৪—৭৩।

সপ্তদশ অধ্যায় সমাপ্ত ॥

অষ্টাদশোঽধ্যায়ঃ।

বিষ্ণুরুবাচ।

এতস্মাচ্চ শিবাদন্যদ্‌ দৃশ্যং নৈব ভবেদিহ।
বস্তুতস্তু শিব ইতি প্রসিদ্ধং বেদসম্মতম্‌ ॥ ১
অজ্ঞানাদন্যথাভাবো জ্ঞানে বস্তু প্রদৃশ্যতে।
স্থাণৌ তু পুরুষভ্রান্তিরজ্ঞানাদথ জায়তে।
জ্ঞানে জাতে তথা স্তম্ভে বস্তুজ্ঞানপ্রদর্শনম্‌ ॥ ২
রজ্জৌ তু সর্পবিজ্ঞানমজ্ঞানসম্ভবং নৃণাম্‌।
সঞ্জাতে চৈব বিজ্ঞানে রজ্জুরেব ন চান্যথা ॥ ৩
শুক্তৌ তু রজতজ্ঞানং ধ্যানেন পশ্যতি কশ্চন।
বিবেকে চ সমুৎপন্নে শুক্তিরেব ন সংশয়ঃ ॥ ৪
তথৈবাজ্ঞানজা বুদ্ধিঃ শিবাদন্যত্র যা ভবেৎ।

অষ্টাদশ অধ্যায়।

বিষ্ণু কহিলেন,—এ জগতে শিব ব্যতী আর কিছুই দেখা যায় না। এই যে কার্য্যাত্ম জগৎ, ইহাও শিব ব্যতীত আর কিছুই নয় হে মেনকে। বস্তুতঃ বিশ্বভুবন ও ভূত ভবিষ্য বর্ত্তমান প্রভৃতি যে শিবরূপ, ইহা বেদসম্ম প্রসিদ্ধ জানিবে। অজ্ঞান বশতই লোকে যথার্থ জ্ঞান জন্মে না, আর জ্ঞান উদয় হইলে যথার্থ বস্তুজ্ঞান জন্মিয়া থাকে। দেখ, স্তম্ভরূপ রূপ স্থাণুতে যে পুরুষভ্রান্তি জন্মে, তাহা অজ্ঞান বশতই জানিবে, আর যখন জ্ঞান-উদয় হয় তখন সেই ভ্রম বশতঃ পুরুষ বলিয়া জ্ঞা স্তম্ভের যাথার্থ্য—"ইহা স্তম্ভস্বরূপ স্থাণু" এই যথার্থ বস্তুজ্ঞান জন্মিয়া থাকে। আরও দেখ, এ জগতে যে, মনুষ্যের রজ্জুতে সর্পজ্ঞান হয় তাহা অজ্ঞান বশতই হইয়া থাকে, আর জ্ঞান উদয় হইলেই তখন সেই ভ্রম বশতঃ সর্প বলিয় জ্ঞাত রজ্জু, যথার্থ রজ্জু বলিয়াই জ্ঞান হইয় থাকে; তখন আর তাহাতে সর্পাদি জ্ঞান জন্মে না। আরও দেখ, কোন জন ভ্রমজনিত বিবে চনায় শুক্তিকে রজত বলিয়া অবগত হয়, পরে

...ক্ জ্ঞানদৃষ্টীনাং শিবঃ শিবশিবস্তথা ॥ ৫
...ন্নিদর্শনং দেবি শ্রূয়তাঞ্চ বদাম্যহম্ ॥ ৬
...চ নটকঃ কশ্চিদ্বেশান্তরসমীহয়া।
...ল্পাতি বিবিধং বেশং বস্তুস্থে নট এব চ ॥ ৭
...জ্ঞাতৃণাং মনো হৃত্বা প্রতার্য্য ধনমাহরেৎ।
...জ্ঞাতা বিহসন্তে অত্র নটেনৈবাহৃতং ধনম্ ॥ ৮
...থৈব জ্ঞানবান্ দেবি শিবাদন্যং ন পশ্যতি।
...জ্ঞানাদ্বিবিধং রূপং পশ্যতীতি সুনিশ্চিতম্ ॥ ৯
...দহী বস্ত্রাণ্যনেকানি দধাতি বিবিধেহয়া।
...রোণি বিবিধানীহ ধারকস্ত্বেক এব সঃ ॥ ১০
...থৈব শিবরূপস্তু সংযোগাদ্বিবিধং ভবেৎ।
...স্ততো বন্ধনং নাস্তি হ্যাকাররহিতে শিবে ॥ ১১

...ক্তি ব্যতীত অন্য জ্ঞান থাকে না। এই ...কার এই জগৎ যে 'শিব ভিন্ন' ইত্যাকার ...দ্ধি, তাহা অজ্ঞান বশতই হইয়া থাকে, আর ...জ্ঞানদৃষ্টিসম্পন্নগণের "সকলই সর্ব্বমঙ্গলময় শিব' ...ত্যাকার বুদ্ধি জন্মিয়া থাকে, তখন তাহার ...আর অন্য বলিয়া কিছু জ্ঞান থাকে না। হে ...দেবি! আর এক দৃষ্টান্ত বলিতেছি, শ্রবণ কর। ...যমন কোন নট অন্য বেশ ধারণ করিতে ইচ্ছুক ...ইয়া বিবিধ বেশ ধারণ করে, কিন্তু অন্যরূপ ...বেশ ধারণ করিলেও সেই নট বস্তুতঃ সেই নটই ...থাকে, পরে যাহারা তাহার ঐরূপ বেশধারণ ...অবগত নহে, তাহাদিগকে ভুলাইয়া সে, ধন হরণ ...করে, আর যাহারা তাহা অবগত আছে, তাহারা ...নটই ধন হরণ করিল, ইহা জানিতে পারিয়া ...হাসিতে থাকে; সেই প্রকার, হে দেবি! যাহারা ...জ্ঞানবান্, তাহারা শিব ভিন্ন আর কাহাকেও ...দেখিতে পায় না; আর যাহারা নানাবিধ ...দেখিতে থাকে, তাহারা অজ্ঞান বশতই সেইরূপ ...নানাপ্রকার দেখে, ইহা নিশ্চয় জানিও। প্রাণি-...গণ নানাপ্রকার ইচ্ছা বশতঃ বিবিধ বেশ ধারণ ...করে, তাহাতে তাহাকে নানাপ্রকার দেখায়; ...কিন্তু সেই ধারক একই, বেশই মাত্র নানাবিধ; ...সেইরূপ শিবরূপ একই, কেবল প্রকৃতি-সংযোগে ...নানারূপ হইয়াছে; বস্তুতঃ পরম কারণ আকার...রহিত, অতএব শিবের কোন দেহাদি বন্ধন

যাবদ্দেহং প্রজায়েত তাবদ্বৈ বন্ধনং দৃঢ়ম্।
নিবৃত্তে চাপ্যহঙ্কারে কর্ত্তা শিব উদাহৃতঃ ॥ ১২
যথা চ স্ফটিকশ্চৈব সংযোগাদ্বিবিধো ভবেৎ।
তথা প্রকৃতিসংযোগাচ্ছিবস্যানেকতা মতা ॥ ১৩
তথা বিবেকতা তস্য গ্রহণে মোচনে শিবে।
প্রকৃতেশ্চ পরং ব্রহ্ম যৎ তচ্ছিব উদাহৃতম্ ॥ ১৪
স এব গুণরূপেণ হ্যবতীর্ণো হরঃ স্বয়ম্।
তস্য তত্ত্বং ন জানীমো ন জানীমো বয়ং প্রভোঃ ॥
তস্মাৎ ত্বং চিন্তয়ং পত্নি দুঃখং মুঞ্চ শিবং ভজ।
তস্যাঃ কোমলং কিঞ্চিন্মনো বিষ্ণুপ্রবোধিতম্ ॥ ১৬
এতস্মিন্নন্তরে রুদ্রো নারদেন প্রবোধিতঃ ॥ ১৭
ভক্তবাৎসল্যতো ধৃত্বা রূপমুত্তমম্।
...তস্য ভক্তবাৎসল্যং কৃপাসুখং প্রদর্শিতম্ ॥ ১৮
সুন্দরং সুভগং দৃষ্ট্বা মোহং প্রাপ্তা যথা পুরা।
শিবং পশ্য পুনস্তত্র নারদো বাক্যমব্রবীৎ ॥ ১৯
সা দদর্শ শিবং তত্র শ্রূয়তাং কীদৃশং প্রভুম্।

নটং ১—১১। যে পর্য্যন্ত দেহ জন্মে, সেই পর্য্যন্তই দৃঢ়বন্ধন থাকে, অহঙ্কার নিবৃত্ত হইলে একমাত্র শিবই কর্ত্তা বলিয়া উদাহৃত হন। যেমন স্ফটিকমণি জবাকুসুমাদির সংযোগে নানাবিধ হয়, সেইরূপ সেই শিবও প্রকৃতি সংযোগে অনেক বলিয়া কথিত হন। সেই নির্গুণ ব্রহ্ম-স্বরূপ হরই আবার সগুণরূপে অবতীর্ণ হন, সুতরাং আমরা সেই প্রভুর তত্ত্ব অবগত হইতে সমর্থ নহি। অতএব হে গিরিজায়াপত্নি! তুমি দুঃখ পরিত্যাগ কর, শিবকে সমাদর কর। মেনকার মন এইরূপে বিষ্ণু কর্ত্তৃক প্রবোধিত হইয়া কিঞ্চিৎ কোমল হইল। এই সময় রুদ্র নারদ কর্ত্তৃক প্রবোধিত হইয়া ভক্তবাৎসল্য প্রযুক্ত সুভগ রূপ ধারণ করিয়া স্বীয় কৃপালুতা প্রকাশ করত সেই স্থলে উপস্থিত হইলেন। তাঁহার তাদৃশ ভক্তবাৎসল্যসূচক মনোহর রূপ অবলোকনে মেনকা মোহিত হইলেন। তখন নারদও পুনর্ব্বার মেনকাকে বলিলেন,—হে মেনকে! শিবকে অবলোকন কর। মেনকা নারদের এতাদৃশ বাক্য শ্রবণে মনোহরমূর্ত্তি সুরূ-...পম শিবকে অবলোকন করিলেন—তাঁহার

সূর্য্যকোটিপ্রতীকাশং সুনেত্রৈর্ভূষণৈর্যুতম্‌ ॥ ২০
মুকুটেন বিরাজন্তং বিচিত্রবসনং শুভম্‌।
বাহনস্য তথা শোভা বর্ণিতুং নৈব শক্যতে ॥ ২১
সুপ্রসন্নং সুহাসঞ্চ সর্ব্বৈর্দেবগণৈর্যুতম্‌।
সূর্য্যেণ চ্ছত্রিতো যোহসৌ চন্দ্রেণ বীজিতস্তথা ॥
সিদ্ধয়োহষ্টৌ প্রনৃত্যঞ্চ কুর্ব্বন্তি স্ম তদগ্রতঃ।
গঙ্গা চ যমুনা চৈব চামরে দধতুঃ শুভে ॥ ২৩
ব্রহ্মা চৈব তথা বিষ্ণুরিন্দ্রাদ্যা দেবতাস্তথা।
স্বীয়ং স্বীয়ং তথা বেশং সম্ভূষ্য পুরতোহচরন্‌ ॥২৪
জয় জয়েতি ভাষন্তো নানাঋষিগণাস্তথা।
পরংব্রহ্ম গৃণন্তস্তে পতাকাভিরলঙ্কৃতাঃ ॥ ২৫
বিশ্বাবসুমুখাস্তত্র হ্যপ্সরোগণসংযুতাঃ।
গায়ন্তোহপ্যগ্রতস্তস্য শোভাযুক্তাঃ পরস্পরম্‌
গণাস্তত্র চ বাদ্যানি মৃদঙ্গাদিক্রমেণ তু ॥ ২৬
হ্যকুর্ব্বন্ত পরং তত্র তত্ত্বানি পুরতো যযুঃ
সমুদ্রাশ্চ তথা নদ্যো নানাভূষাবিভূষিতাঃ ॥ ২৭

তস্মিংশ্চ সময়ে তত্র শোভা চাস্য মহাত্মনঃ।
জাতা তাং বর্ণিতুং কো বা শক্নোতি ঋষিসত্তমাঃ ॥
তং দৃষ্ট্বা চ তথা মেনা ক্ষণং চিত্রগতা ইব।
যথা চ বর্ণিতুং দেবৈর্যদ্রূপং তং তথৈব হি ॥২৯
ধন্যা পুত্রী মদীয়া চ যথাসৌ পরবান্‌ কৃতঃ।
বর্ণনঞ্চ তদা তস্য কৃত্বা লজ্জাপরাভবং ॥ ৩০
শিবোহপি চ তথা দ্বারি গতা দেবগণৈঃ সহ।
মেনা তং পূজয়ামাস ব্রহ্ম-বিষ্ণুসমন্বিতম্‌ ॥ ৩১
তাবৎ স্ত্রিয়ঃ সমাজগ্মুর্হিত্বা কামাননেকশঃ।
মজ্জনং কুর্ব্বতো কাচিচ্চূর্ণেন সংযুতা যযৌ ॥ ৩
কাচিৎ তু স্বামিনঃ সেবাং বিহায় সখিসংযুতা।
চামরেণ তথা যুক্তা দর্শনার্থং শিবস্য চ ॥ ৩৩

কোটিসূর্য্যের ন্যায় দেদীপ্যমান বর্ণ, তাঁহার শোভন নেত্রত্রয় দেহের সৌন্দর্য্যাধিকা প্রকাশ করিতেছে। তাঁহার মস্তকে মুকুট বিরাজমান, অন্যান্য ভূষণ সকলও দেহের সমধিক সৌন্দর্য্য প্রকাশ করিতেছে, আর তাঁহার বিচিত্র বসন পরিধান, মুখে নিরত মৃদুমন্দ হাসি শোভা পাই-তেছে ও তাঁহার বাহনের যে কত শোভা, তাহা বর্ণনা করা যায় না। স্বয়ং সূর্য্য তাঁহার মস্তকে ছত্রধারণ করিয়া রহিয়াছেন, চন্দ্র ব্যজন করিতে-ছেন, সম্মুখে অষ্টসিদ্ধি নৃত্য করিতেছে, গঙ্গা ও যমুনা চামর ধারণ করিয়া রহিয়াছেন এবং ব্রহ্মা বিষ্ণু ও ইন্দ্রাদি দেবগণ স্ব স্ব বেশভূষায় অলঙ্কৃত হইয়া 'জয় জয়' এই কথা উচ্চারণ করত সম্মুখে বিচরণ করিতেছেন। ঋষিগণ "পরমব্রহ্ম" এই-রূপ উচ্চারণ করিতেছেন। পতাকাপরিশোভিত বিশ্বাবসু প্রভৃতি-গন্ধর্ব্বগণ, অপ্সরোগণের সহিত পরস্পরে শোভান্বিত হইয়া গান করিতেছে, প্রমথগণ মৃদঙ্গাদি বাদ্য বাজাইতেছে; তত্ত্ব সকল মূর্ত্তিমান্‌ হইয়া সম্মুখে বিচরণ করিতেছে, সমুদ্র নদ নদী প্রভৃতির অধিষ্ঠাতৃগণ নানা ভূষণে বিভূ-

ষিত হইয়া সম্মুখে বিরাজ করিতেছেন। অধি আর কি বলিব, সেই সময় মহাত্মা দেবের কীদৃশী শোভা হইয়াছিল, তাহা বর্ণনা করা ন, আর কেহ বা বর্ণনা করিতে সক্ষম হ ১২—২৮। এহেন দেবকে অবলোকন করি মেনকা ক্ষণকাল চিত্রলিখিতার ন্যায় নিশ্চ ভাবে অবস্থিতা রহিলেন। পরে আ কন্যাকে প্রশংসা করিতে লাগিলেন,—দেব তাঁহার যাদৃশ রূপ ও তাঁহার যাহা য বর্ণনা করিলেন,—তাহা যথার্থ। বং অবিকল তাহাই এই দেবে বিদ্যমান, ত এব এহেন পুরুষকেও যে আমার বশীভূত করিতে সক্ষমা হইয়াছে,—ধন্যা আ সেই পুত্রী পার্ব্বতী। তখন মেনকা তাঁহ বর্ণনা করিয়া লজ্জিতা হইলেন এবং শি লজ্জিত হইয়া দেবগণের সহিত দ্বারে অব করিতে লাগিলেন। মেনকা সেই ব্রহ্ম-বি সমন্বিত দেবকে পূজা করিলেন। সেই স্ত্রীগণ স্ব স্ব অভিলষিত কর্ম্ম পরিত্যাগ ক তথায় উপস্থিত হইল। কোন কোন স্ত্রী ম করিতেছিল, তাহা পরিত্যাগ করিয়া মজ্জনোপকরণ কেশাদিলেপন চূর্ণ সম হইয়াই তথায় শিবকে দেখিতে আগমন ক কোন কোন স্ত্রী স্বামিসেবা পরিত্যাগ ক হাতে চামর লইয়াই সখীর সহিত শি

কাচিং তু বালকং হিত্বা স্বতৃপ্তং ত্রষ্টুমাযযৌ।
রশনাং বধ্নতী কাচিং তথৈব সংবৃতা যযৌ ॥ ৩৪
বস্ত্রঞ্চ বিপরীতঞ্চ ধৃত্বা কাচিদুপাযযৌ।
কাচিদ্ধস্তে শলাকাঞ্চ ধৃত্বাঞ্জনসমন্বিতাম্ ॥ ৩৫
আদর্শঞ্চ তথান্যস্মিন্ নীত্বা নেত্রমুপাযযৌ।
কাচিং তু ভোজনার্থঞ্চ স্থিতঞ্চ স্বামিনং তদা ॥৩৬
স্থিত্বান্নেন সমাযুক্তা দর্শনার্থং প্রতোরিতি।
দোহনার্থং স্থিতা কাচিং তদ্ধিত্বা হৃপরা যযৌ ॥৩৭
কাচিং তু কামিনী পাদং রঞ্জয়ন্তী যদা তদা।
শ্রুত্বোদ্‌ঘোষঞ্চ তদ্ধিত্বা দর্শনার্থমুপাগতা ॥ ৩৮
ইত্যাদি বিবিধং কার্য্যং হিত্বাঙ্গাঃ সমুপাগতাঃ।
দৃষ্ট্বা চ শাঙ্করং রূপং মোহং প্রাপ্তাশ্চ পুত্তিকাঃ *

যথাহচেতনাস্তিষ্ঠন্তি তথা তাশ্চ স্থিতাস্তদা।
ক্ষণমাত্রং তদা স্থিত্বা বচনঞ্চেদমব্রুবন্ ॥ ৪০
সম্যক্ কৃতন্তু পার্ব্বত্যা নান্যথা যত্নমেবিহ।
অহো পশ্যত কিং রূপং বর্ণনীয়ং কথং ভবেৎ ॥৪১
যথার্থং নাম সখ্যস্তু দৃশ্যতে নান্যথা ক্বচিৎ।
শিব ইতি চ বিখ্যাতং দর্শনাচ্চ লভেচ্ছিবম্ ॥ ৪২
নেত্রাণি সফলান্যাসন্ হিমবংপুরবাসিনাম্।
যো বা পশ্যত্যদো রূপং তস্যৈব সার্থকং ভবেং ॥
তস্যৈব সফলং জন্ম তস্যৈব সফলাঃ ক্রিয়াঃ।
যেন দৃষ্টঃ শিবঃ সাক্ষাৎ সর্ব্বপাপপ্রণাশকঃ ॥ ৪৪
পার্ব্বত্যা সাধিতং সর্ব্বং শিবার্থন্তু তপঃ কৃতম্।
ধন্যেয়ং কৃতকৃত্যেয়ং শিবং প্রাপ্য পতিং সদা ॥৪৫
প্রীণয়িষ্যতি সা নিত্যমচিন্ত্যসুখহেতুকম্।
যদীদং যুগলং ব্রহ্মা সঙ্গমায় ক্ষমো ভবেৎ ॥ ৪৬

দখিতে তথায় উপস্থিত হইল। কোন কোন স্ত্রীর বালক স্তন পান করিতেছিল; সেই স্ত্রী—বালক, স্তন্য পানে তৃপ্ত না হইলেও, তাহাকে পরিত্যাগ করিয়া তথায় উপস্থিত হইল। কোন স্ত্রী মেখলা পরিধান করিতে করিতেই তথায় আগমন করিল। কোন স্ত্রী বিপরীতভাবে পরিধান করিয়া তথায় আগমন করিল। কোন স্ত্রী বা নয়ন ভূষিত করিবার নিমিত্ত এক হস্তে অঞ্জন-শলাকা ও অপর হস্তে নেত্রসমীপে দর্পণ লইয়াই তথায় উপস্থিত হইল। কোন স্ত্রী স্বামীর ভোজনের নিমিত্ত অন্ন আনিতেছিল, সেই স্ত্রী স্বামীকে ভোজন করিতে না দিয়া সেই অন্ন লইয়াই তথায় শিবকে দেখিতে আগমন করিল। কোন স্ত্রী গো-দোহন করিতেছিল; সেইরূপ কোলাহল শুনিয়া তাহা পরিত্যাগ করত সেই স্থলে উপস্থিত হইল। কোন স্ত্রী অলক্তক রাগে চরণ রঞ্জিত করিতেছিল; সেই স্ত্রীও শিব-আগমনজাত কোলাহল শ্রবণে সেই কার্য শেষ না হইলেও তাহা পরিত্যাগ করত তথায় আগমন করিল। ৩১—৩৮। এইরূপ অন্য স্ত্রীগণ বিবিধ কার্য্য পরিত্যাগ করিয়া শিবের অবলোকন বাসনায় তথায় আগমন করিল। পুত্তিকাসমূহ (উই) অচেতন অবস্থায় যেরূপ ভাবে থাকে, সেই সমাগত স্ত্রীগণও শঙ্করের রূপ দেখিবামাত্র মোহিত হইয়া, সেইরূপ অচেতন অবস্থায় অবস্থিতি করিতে লাগিল। তাহারা এইরূপ ক্ষণকাল থাকিয়া পরে বলিতে লাগিল,—পার্ব্বতী যথার্থ ন্যায়সঙ্গত কার্য্যই করিয়াছে, ইঁহাকে পতিত্বে বরণ না করিলে পার্ব্বতীর এহেন অসাধারণ রূপই বিফল হইত। সখীগণ! আহা কি মনোহর রূপ দেখ! ইহা বর্ণনাতীত। ইঁহার "শিব" নাম যথার্থ ই বটে; যেহেতু, ইঁনি যেমন শিব নামে বিখ্যাত, সেইরূপ উঁহার দর্শনেও মঙ্গল লাভ হইয়া থাকে। আজ এই হিমালয়-পুরবাসিগণের নয়ন সফল হইল। আজ জানা গেল, যাহারা ঐ রূপ দেখিয়াছে, তাহাদেরই নয়ন সার্থক হইয়াছে। যে জন এই সর্ব্বপাপনাশক শিবকে সাক্ষাৎ করিয়াছে, তাহারই সফল জন্ম, তাহারই সার্থক ক্রিয়া। পার্ব্বতী এই শিবলাভের জন্য যে সকল কার্য্য সম্পাদন করিয়াছে ও যে তপস্যা করিয়াছে, তাহা সকলই সফল হইয়াছে। এই পার্ব্বতীই ধন্যা, এই পার্ব্বতীই ইহজগতে কৃতকৃত্যা হইয়াছে এবং নিশ্চয় এই পার্ব্বতীই এই অচিন্তনীয় সুখহেতু শিবকে পতিত্বে লাভ করিয়া নিত্য উঁহার প্রীতি-

* অত্র তাঃ পুনরিতি পুত্রিকা ইতি চ পাঠঃ।

তদা চ সকলোঽপ্যস্য শ্রমো নিষ্ফলতামিয়াৎ।
সম্যক্ কৃতং তথা তেন মেলিতং যুগ্মমুত্তমম্ ॥ ৪৭
অনয়া যৎ তপস্তপ্তং সার্থকং সকলং কৃতম্।
বিনা তু তপসা হেতং প্রাপ্তুঞ্চৈব সুদুর্লভম্ ॥ ৪৮
লক্ষ্মীর্নারায়ণং লেভে স্বামিনঞ্চ তথা শিবম্।
সুবর্ণং মণিযুক্তঞ্চ রাজতে নিতরাং যথা ॥ ৪৯
তথাসৌ পার্ব্বতী দেবী হরং প্রাপ্য সুভূষিতম্।
ইত্যেবং বচনং প্রোক্ত্বা চন্দনৈশ্চাক্ষতৈরপি ॥ ৫০
শিবঞ্চৈবাচ্চয়ামাসুর্ধন্যোঽয়মিতি চাব্রুবন
কথাস্তথাবিধাঃ শৃন্বন শিবো দ্বারি সমাগতঃ ॥ ৫১
সর্ব্বে দেববরাস্তত্র হচ্যুতাদ্যাঃ শিবং প্রতি।
স্থিতাস্তত্র শিবস্যার্থে কশ্চিচ্চ কৌতুকং পুনঃ ॥ ৫২
করিষ্যতীতি তন্মত্বা সাবধানতয়া তথা।
এতস্মিন্নন্তরে দেবী মেনা হর্ষসমন্বিতা ॥ ৫৩
পরিধায় শুভং বেশং লজ্জিতা দেবসন্নিধৌ।
আগত্য শিবপূজাঞ্চ কৃত্বা শীঘ্রমপাবৃত ॥ ৫৪

বস্ত্রং শিবস্য কণ্ঠে তু কৃত্বা দেবস্ত্রিয়া শুভা।
কর্ষয়ন্তী ক্ষণং তত্র হাস্যং কৃত্বা গৃহং যযৌ ॥ ৫৫
চতুষ্কে চ তথা ব্রহ্মা ঋষিভির্বেষ্টিতঃ স্বয়ম্।
তাবদেব শিবস্তত্র হ্যাজগাম প্রহর্ষিতঃ ॥ ৫৬
তাবচ্চ হিমবান স্নাত্বা সপত্নীকঃ স্বয়ং গতঃ।
ব্রহ্মা সর্ব্বঞ্চ তত্রত্যং কারয়ামাস বৈ তদা ॥ ৫৭
প্রয়োগাদি বিধায়ৈব বেদোচ্চারণতৎপরাঃ।
ঋষয়ঃ পাঠয়ামাসুর্গোত্রাণি পরয়োর্হিতাঃ * ॥ ৫৮
আবাহনং তথা পাদ্যং সর্ব্বঞ্চ বিধিপূর্ব্বকম্।
সকলং সুন্দরং তেন দত্তং তস্মৈ মহাত্মনে ॥ ৫৯
তিলকং পুষ্পহারঞ্চ কারণস্য যথাবিধি।
পুনশ্চ তুষ্কমাসাদ্য দম্পতী তৌ মুদান্বিতৌ ॥ ৬০
সংস্থাপ্যাগ্নিং পুনস্তত্র বৈবাহমকরোদ্বিধিম্।

সম্পাদন করিবে। ব্রহ্মা যদি এই অনুরূপ যুগলের মিলনসাধনে অক্ষম হইতেন, তাহা হইলে তাঁহার সকল শ্রমই বিফল হইত; অতএব তিনি এই যুগলের মিলন সাধন করিয়া সম্যক্ অনুষ্ঠান করিয়াছেন। আর এই পার্ব্বতী যে তপস্যা করিয়াছে, সে সকলও সার্থক হইয়াছে; কারণ তপস্যা বিনা কিরূপে এহেন পতিসুখ লভ্য হইতে পারে? দেখ, লক্ষ্মী নারায়ণকে যেরূপ পতিত্বে লাভ করিয়াছেন, ঐ পার্ব্বতীও সেইরূপ সুভূষিত হরকে পতিত্বে লাভ করিয়া মণিকাঞ্চন-যোগের ন্যায় শোভা পাইতেছেন। এই কথা বলিয়া স্ত্রীগণ চন্দন ও অক্ষত দ্বারা শিবকে অর্চনা করিতে লাগিল এবং "ইনিই ধন্য" এই কথা বলিতে লাগিল। শিব স্ত্রীগণের তথাবিধ কথা শুনিতে শুনিতে দ্বারে আগত হইলেন। ৪৭—৫১ অচ্যুতাদি দেবগণ, পাছে কেহ শিবকে কৌতুক করে, ইহা ভাবিয়া সেই স্থলে শিবকে লক্ষ্য করিয়া সাবধানে অবস্থান করিতে লাগিলেন। এই অবকাশে মেনা হর্ষান্বিত হইয়া সুন্দর বেশ পরিধান করত শিবসমীপে আগমন করিয়া শিবকে পূজা করিলেন। পরে সত্বর পলায়ন করিলেন। দেবস্ত্রীগণ গমন করিয়া শিবের কণ্ঠে বস্ত্র লগ্ন করিয়া আকর্ষণ করিতে লাগিলেন; কিন্তু দেবস্ত্রী ক্ষণকাল আকর্ষণ করিয়া হাসিতে হাসিতে গৃহে গমন করিলেন। তাহার পর ব্রহ্মা ঋষি-পরিবৃত হইয়া বিবাহবেদীতে গমন করিলে সেই সময় শিবও হর্ষান্বিত হইয়া তথায় আগমন করিলেন এবং হিমালয়ও পত্নীর সহিত স্বয়ং তথায় উপস্থিত হইলেন। অনন্তর ব্রহ্মা তত্রত্য সকল প্রয়োগাদি করাইলেন, হিতকারী ঋষিগণও স্ব স্ব কর্তব্য প্রয়োগাদি সমাপন করিয়া বেদ উচ্চারণ ও পার্ব্বতী-পরমেশ্বরের নাম কীর্তন করিতে লাগিলেন। পরে হিমালয় শিবকে আহ্বান করিয়া পাদ্য, সুন্দর দ্রব্য প্রভৃতি সকলই বিধিপূর্ব্বক সেই মহাত্মা শিবকে প্রদান করিলেন এবং তিলক ও সুবর্ণ পুষ্পহারও যথাবিধি প্রদান করিলেন। তাহার পর সেই দম্পতী শিব-পার্ব্বতী হর্ষান্বিত হইয়া বিবাহ-বেদীতে আগমন করিয়া অগ্নি স্থাপন করত তাহাতে বিবাহ-কর্তব্য কার্য্য সকল অনুষ্ঠান করিলেন। পুরস্ত্রীগণ ব্রহ্মার আজ্ঞা

* হোত্রাণি বিবিধান্যপীতি পাঠান্তরম্।

অক্ষতারোপণং তত্র স্ত্রিয়শ্চক্রুস্তদাজ্ঞয়া ॥ ৬১
প্রদক্ষিণং তথা চাগ্নেশ্চতুর্দ্ধা চ কৃতং তদা।
ব্রহ্মণঃ স্খলনং জাতং শিবাঙ্গুষ্ঠপ্রদর্শনাৎ ॥ ৬২
অকোপিতং তদা তেন হ্যৎসঙ্গে পতিতঞ্চ যৎ।
অতো জাতাস্ত্বসংখ্যাতা বটুকা ব্রহ্মসূত্রকাঃ ॥ ৬৩
জটাদণ্ডধরাস্তে চ বদ্ধকচ্ছাঃ সহস্রশঃ।
নমস্কৃত্য চ ব্রহ্মাণং স্থিতাস্তে তু তদগ্রতঃ ॥ ৬৪
শিবোহপি বটুকান্ দৃষ্ট্বা ব্রহ্মণে কুপিতস্তদা।
সম্প্রার্থিতস্তদা দেবৈঃ গঙ্গাং দত্ত্বা তু পাবিতঃ ॥৬৫
অনুগৃহ্য পুনস্তত্র স্থাপিতশ্চ পিতামহঃ।
বটুকান্ সূর্য্যশিষ্যাংশ্চ কৃত্বা কার্য্যমথাকরোৎ ॥ ৬৬
বটুকা বর্দ্ধিতাস্তত্র সূর্য্যসেবাপরায়ণাঃ।
রথপৃষ্ঠে রথাগ্রে চ ধাবন্তি তে তপস্বিনঃ ॥ ৬৭
ব্রহ্মচারিস্বরূপেণ স্থিতাস্তে বেদপারগাঃ।
অবশিষ্টঞ্চ যৎ কৃত্যং কারয়ামাস বৈ তদা ॥৬৮
অনুজ্ঞাঞ্চৈব দত্ত্বা তু কন্যায়ৈ স পিতামহঃ।
ধ্রুবস্য দর্শনং তত্র কারয়ামাস বৈ তদা ॥ ৬৯
পুনঃ স্থাপ্যাসনে দেবং চক্রুঃ স্বস্ত্যয়নং শুভম্।
বেদোক্তা হ্যাশিষো দত্ত্বা বর্দ্ধাপ্য চ পুনঃপুনঃ ॥৭০
তে দেবাশ্চ তদা দেবীং জগতো মাতরং শিবাম্।
নমস্কৃত্য পুনস্তে বৈ স্থিতাস্তে শঙ্করং পুনঃ ॥ ৭১
নমস্কৃত্যাব্রুবংস্তত্র শিব ত্বং জগতঃ পিতা।
ইয়ঞ্চ জগতো মাতা হ্যারভ্য দিনমদ্যতঃ ॥ ৭২
তত্রৈব চ পুনর্দেবা গন্ধর্ব্বাপ্সরসস্তদা।
নৃত্যং গানঞ্চ বাদ্যঞ্চ চক্রুস্তে পরয়া মুদা ॥ ৭৩
গিরিরাজোঽপি তত্রৈব সম্পাদ্য বিধিমুত্তমম্।
মেনে কৃতার্থমাত্মানং সকলঞ্চ গৃহাশ্রমম্ ॥ ৭৪
তৌ দম্পতী তদা তত্র সম্পূজ্য কুলদেবতাম্।
বৰ্দ্ধাপ্য মণ্ডপং তত্র হ্যাদায় কৌতুকৌর্বধিম্ ॥৭৫

...সতীর ললাটে অক্ষত প্রদান করিতে ...গিল। ৫২—৬১। যখন দম্পতী প্রদক্ষিণ ...রিতে লাগিলেন, সেই সময় পার্ব্বতীর অঙ্গুষ্ঠ ...র্শনে ব্রহ্মার রেতঃস্খলন হইল। সেই সময় ...হ্মা ভীত হইয়া সেই উৎসঙ্গে পতিত রেতঃ ...াপন করিলেন ; তাহা হইতে অসংখ্য যজ্ঞো-...বীতযুক্ত জটাদণ্ডধর কৌপীনধারী বটুকগণ ...ৎপন্ন হইল এইরূপে উৎপন্ন সেই বালক-...ঋষিগণ ব্রহ্মাকে নমস্কার করিয়া তাঁহার ...। অবস্থান করিতে লাগিল। শিব সেই ...া উৎপন্ন বটুকগণকে অবলোকন করিয়া ...র উপর কুপিত হইলেন। শিব এইরূপ ...ত হইলে দেবগণ ও ব্রহ্মা করযোড়ে ...না করিতে লাগিলেন। তাঁহাদের প্রার্থ-... ভগবান্ শিব, দেবী গঙ্গাকে দান ...য়া ব্রহ্মাকে পবিত্র করিলেন এবং রোষ ...ত্যাগপূর্ব্বক অনুগ্রহ প্রকাশে ব্রহ্মাকে ...র্ব্বার স্বকার্য্যে নিয়োজিত করিলেন ও বটুক-...কে সূর্য্য শিষ্য করিয়া কার্য্য করিতে লাগি-...। সেই সূর্য্যসকাশেই বটুকগণ সূর্য্যের ...াপরায়ণ হইয়া বর্দ্ধিত হইতে লাগিলেন ; ...ই তপস্বিগণ কখন রথপৃষ্ঠে, কখন বা রথাগ্রে ...রূপ কিরণ করিতে লাগিলেন। তাঁহারা বেদপারগ হইয়া ব্রহ্মচারিরূপে অবস্থান করিতে লাগিলেন। পিতামহ এইরূপ শিব কর্তৃক পুনর্ব্বার নিয়োজিত হইয়া অবশিষ্ট বিবাহ-কর্ত্তব্য কার্য্য সম্পাদন করাইলেন ও পার্ব্বতীকে অনুজ্ঞা প্রদান করিয়া তাঁহাদিগকে ধ্রুব- দর্শন করাইলেন। পরে পুনর্ব্বার দেবকে আসনে উপবেশন করাইয়া শুভ স্বস্ত্যয়ন করিতে লাগি-লেন ও "আপনারা সকলে 'ইহাদিগের বৃদ্ধি হউক' এইরূপ আশীর্ব্বাদ করুন" ইত্যাদি বেদোক্ত আশীর্ব্বাদ প্রদান করিতে লাগি-লেন। ৬২—৭০। তাহার পর সেই সকল দেবগণ জগন্মাতা শিবাকে নমস্কার করিয়া দেব শঙ্করকে পুনঃপুনঃ নমস্কার করত বলিলেন,—হে ভগবন্ শিব! আপনিই জগতের পিতা, অতএব অদ্য হইতে এই দেবীও জগতের মাতা হইলেন। সেই সময় দেব, গন্ধর্ব্ব ও অপ্সরো-গণ পরম প্রমোদে নৃত্য গান বাদ্য করিতে লাগিল। আর গিরিরাজ হিমালয়ও সেইস্থলে উত্তম কর্ত্তব্য-বিধি অনুষ্ঠান করিয়া আপনাকে ও গৃহ-আশ্রম সকলকে কৃতার্থ বলিয়া বহুমান করিতে লাগিলেন। পরে সেই দম্পতী পার্ব্বতী-পরমেশ্বর কুলদেবতা পূজা করিয়া

ঋষীন্‌ প্রণম্য সর্ব্বাংস্তাংশ্চকারানুগ্রহং শিবঃ।
হিমবানপি তত্রৈব যথাযোগ্যমপূজয়ৎ ॥ ৭৬
সর্ব্বান্‌ দেবগণাংস্তত্র সেবার্থং যে সমাগতাঃ।
যথা চ মেনিরে দেবা বয়ং কে পর্ব্বতাগ্রতঃ ॥ ৭৭
তথা পূজা চ সেবা চ কৃতা তেন মহাত্মনা।
যথা তে মনসি গ্লানিং গতাস্তে দেবসত্তমাঃ ॥ ৭৮
সমাগতেষু সর্ব্বেষু ন কশ্চিদ্দুঃখমাগতঃ।
অহং ধন্যঃ শিবেনৈব গিরিণা চানুমানিতঃ ॥ ৭৯
তথা ন কোঽপি তত্রৈব মানিতশ্চ পরস্পরম্‌।
তে দেবাশ্চ তথা সর্ব্বে বদন্তশ্চ তপোধনাঃ ॥ ৮০
গিরিরাজস্তদা তত্র প্রার্থয়ামাস তাংস্তথা।
মমাদ্য সফলং জাতং জীবিতং ধন্যমেব চ * ॥৮১
মেনা চাপি পুনস্তত্র স্তুতিং চক্রে শুভাননা।
নিন্দাং নিবর্ত্তয়ামাস সর্ব্বেষাং প্রাঞ্জলিস্তদা ॥ ৮২
ধন্যাহং কৃতকৃত্যাহং যস্যাশ্চ পুত্রিকা শুভা।
জাতা মম কুলং ধন্যং পাবিতন্তনয়া ধ্রুবম্‌ ॥ ৮৩
যদি ন পুত্রিকা চেয়ং যূয়ং বা শিব এব বা।
কুতস্তে ঋষয়ো দেবা বিষ্ণুশ্চৈব সনাতনঃ ॥ ৮৪
ইয়ং বৈ পুত্রিকা ধন্যা সর্ব্বপাপাপনুত্তয়ে।
মদীয়ং দুষ্ট কৃত্যঞ্চ ক্ষন্তব্যং জগদীশ্বরাঃ ॥ ৮৫
এবং সম্প্রার্থ্য তান্‌ সর্ব্বান্‌ নমস্কৃত্যাক্ষমাপয়ৎ।
গিরিরাজোঽপি তান্‌ সর্ব্বান্‌ নমস্কৃত্য তথাবদৎ ॥
তে দেবাঃ পূজিতাস্তেন প্রসন্নাশ্চেদমব্রুবন্‌।
ধন্যোঽসি কৃতকৃত্যোঽসি জীবিতং সফলীকৃতম্‌ ॥
যেনৈব কন্যকাদানং শিবায়ৈব সমর্পিতম্‌।
ইত্যুক্ত্বা চ পুনর্মেনামূচুস্তে বিনয়ান্বিতাঃ ॥ ৮৮
ধন্যা ত্বং গিরিরাজস্য পত্নী মেনেতি বিশ্রুতা।

মণ্ডপদেবতাগণকে "উত্তিষ্ঠ ব্রহ্মণস্পতে" ইত্যাদি মন্ত্রে বিসর্জ্জন করত কৌতুকসূত্র মোচন করিলেন। তাহার পর ঋষিগণকে প্রণাম করিয়া তাঁহাদিগের সকলকে অনুগ্রহ বিতরণ করিলেন। পরে হিমালয়ও, যাঁহারা শিবসেবার নিমিত্ত আগমন করিয়াছিলেন, সেই সকল দেবগণকে সেইরূপ ভাবে যথাযোগ্যরূপে পূজা করিলেন— যাহাতে সেই দেবগণ মনে করিতে লাগিলেন যে, আমরা কেমন করিয়া গিরিরাজ হিমালয় অপেক্ষা শ্রেষ্ঠ হইলাম? মহাত্মা হিমালয় তাঁহাদিগকে সেইরূপ পূজা করিয়াছিলেন,—যাহাতে সেই দেবগণ লজ্জা বশতঃ অধোমুখ হইয়া অবস্থান করিতে লাগিলেন। ৭১—৭৮। সেই সমাগত দেব ঋষি প্রভৃতির মধ্যে কেহই দুঃখিত হন নাই, প্রত্যুত সকলেই পরস্পর বলিতে লাগিল যে, শিব ও গিরিরাজ আমার নিকটে যেমন 'আমি ধন্য হইলাম' বলিয়া প্রার্থনা করিলেন, এরূপ আর কাহারও নিকট করেন নাই। পরে গিরিরাজ সেই সকল দেব-ঋষিগণের নিকটে আগত হইয়া বলিতে লাগিলেন,—আজ আমার জীবন সার্থক হইল, আজ হইতে ধন্য আমার জীবন-ধারণ। শুভাননা মেনকাও সেই স্থলে আগমন করিয়া স্তব করিতে লাগিলেন এবং কৃতাঞ্জলিপুটে পূর্ব্বকৃত শিবনিন্দার ক্ষমা প্রার্থনা করিতে লাগিলেন,—আজ আমি ধন্যা, আজ আমি কৃতকৃত্যা হইলাম, যেহেতু আমার এহেন কন্যা বিদ্যমানা রহিয়াছে। আর ঐ কন্যা কর্তৃক আমার কুল ধন্য ও পবিত্র হইল; কেননা, যদি আমার এই কন্যা না জন্মিত, তাহা হইলে কেমন করিয়া আপনাদিগের, শিবের, সনাতন বিষ্ণুর এবং ঋষিগণের এই আমার বাটীতে আগমন হইত? ধন্য এই আমার সর্ব্বপাপ-বিনাশ-নিদান কন্যা। হে জগদীশ্বরগণ! আমি যাহা যাহা দুষ্কর্ম্ম অনুষ্ঠান করিয়াছি, তাহা ক্ষমা করুন। এইরূপ প্রার্থনা করত নমস্কার করিয়া মেনকা তাঁহাদিগের সকাশে ক্ষমা প্রার্থনা করিলেন। গিরিরাজ হিমালয়ও তাঁহাদিগকে নমস্কার করত সেইরূপ প্রার্থনা করিলেন। এইরূপে সেই দেবগণ পূজিত হইয়া প্রসন্ন হইলেন ও গিরিপতিকে বলিলেন,—হে গিরিচূড়ামণে! তুমিই ধন্য, তুমিই কৃতকৃত্য ও তোমারই জীবন সফল হইয়াছে; যেহেতু তুমি ভগবান্‌ শিবকে কন্যা সম্প্রদান করিতে সক্ষম হইয়াছ। এই কথা বলিয়া দেবগণ বিনয়ান্বিত হইয়া পুনর্ব্বার মেনকাকে বলিলেন,—হে গিরিরাজপত্নি মেনকে!

---

* ধনমেব চেতি পাঠান্তরম্‌।

বহুদরাং সমুৎপন্নং শিবারত্নং শুভাননে ॥ ৮৯
তৃতীয়শ্চ তিরস্কারঃ সুখরূপোঽনুমানিতঃ।
সৌভাগ্যং বর্দ্ধতাং তেঽদ্য গচ্ছামঃ সুখমস্তু তে ॥
গিরিরাজং তথৈবাত্র সম্প্রার্থ্য দেবতাগণাঃ।
দত্ত্বা চ হ্যাশিষস্তস্মৈ বন্দিতাস্তে যযুর্মুদা ॥ ৯১
হিমবৎপুত্রিকাং সর্ব্বে বাদ্য-গানপরায়ণাঃ।
অন্বগচ্ছন্তু তে তত্র গিরিরাজাদয়শ্চ যে ॥ ৯২
মেনাদ্যাশ্চৈব তৎপত্ন্যো গচ্ছন্তি স্ম শিবাং প্রতি।
গন্ধমাদনপর্য্যন্তং গত্বানুজ্ঞামবাপ্য চ ॥ ৯৩
সোৎসুকাশ্চ পরাজগ্মুঃ স্বস্থানং তে গিরীশ্বরাঃ।
তদ্দিনং হি সমারভ্য কৃতার্থাঃ পর্ব্বতা ইমে ॥ ৯৪
সুখঞ্চ পরিবৃদ্ধঞ্চ বর্ণিতুং নৈব শক্যতে।
অচ্যুতাদ্যাশ্চ যে দেবা ঋষয়ো নির্ম্মলাশয়াঃ ॥ ৯৫
সমাগতাশ্চ তে তত্র বাদ্য-নৃত্যপরায়ণাঃ।
সমাগত্য তু কৈলাসং সংস্থাপ্য মন্দিরে শিবম্ ॥ ৯৬
উপস্থা যুক্তঞ্চ সম্প্রার্থ্য দত্তানুজ্ঞা যযুশ্চ তে।
প্রশংসন্তো বিবাহঞ্চ কৃপাঞ্চৈব শিবস্য চ ॥ ৯৭
স্বপদঞ্চ তথা সর্ব্বে য এতেঽত্র সমাগতাঃ।
দৃষ্ট্বা চ শিবয়োর্যোগং দেবানাং প্রীতিরুত্তমা ॥ ৯৮
বর্ণিতুং নৈব শক্যেত বর্ষাণাঞ্চ শতৈর্ন চ।
এতচ্চৈব সমাখ্যাতং যৎপৃষ্টোঽহং মুনীশ্বরাঃ ॥ ৯৯
বিবাহস্য বিধিং সম্যগ্দেবস্য পরমাত্মনঃ।
য এবং শৃণুয়ান্নিত্যং শ্লোকং শ্লোকার্দ্ধমেব বা ॥ ১০০
তস্য বৈ বিপুলা লক্ষ্মীর্জায়তে নাত্র সংশয়ঃ।
অজ্ঞানং নাশমায়াতি বর্দ্ধন্তে সুখসম্পদঃ ॥ ১০১
আরোগ্যং জায়তে তস্য কল্যাণতো ভবেদিহ ॥ ১০২

ইতি শ্রীশৈবে মহাপুরাণে জ্ঞানসংহিতায়াং
পার্ব্বতীবিবাহবর্ণনং নাম অষ্টা-
দশোঽধ্যায়ঃ ॥ ১৮ ॥

শুভাননে! তুমিই ধন্যা, যেহেতু তোমার গর্ভে পার্ব্বতীরূপ রত্ন উৎপন্ন হইয়াছে। হে সৌভাগ্য-বতি! তোমার তিরস্কার আমরা সুখ বলিয়া অনুমান করিয়াছি। হে গিরীন্দ্রপত্নি! তোমার দিন দিন সৌভাগ্যলক্ষ্মী বৃদ্ধি পাইতে থাকুক। আমরা চলিলাম, তোমার মঙ্গল হইক। ৭৯—৯০। সেই দেবগণ গিরিরাজের নিকট এইরূপ প্রার্থনা করিয়া আশীর্ব্বাদ প্রদান করত তাঁহাকে বন্দনাপূর্ব্বক হর্ষোৎফুল্ললোচনে গমন করিলেন। সকলে বাদ্যগান-পরায়ণ হইয়া পার্ব্বতীর অনুগমন করিতে লাগিলেন এবং গিরিবর হিমালয় প্রভৃতি ও মেনাদি তৎপত্নীগণও পার্ব্বতীর অনুগমনে প্রবৃত্ত হইলেন। পরে গিরিরাজ হিমালয় প্রভৃতি পর্ব্বতগণ, গন্ধমাদন পর্ব্বত পর্য্যন্ত অনুগমন করিয়া তাঁহাদিগের অনুজ্ঞায় উৎকণ্ঠিতচিত্তে স্বস্থানে প্রত্যাগমন করিলেন। সেই দিন অবধিই এই হিমালয় প্রভৃতি পর্ব্বতগণ কৃতার্থ হইলেন এবং বর্ণনাতীত সুখ ও বৃদ্ধি পাইতে লাগিলেন। পরে অচ্যুতাদি দেবগণ ও নির্ম্মলাশয় ঋষিগণ ঐরূপ বাদ্যনৃত্য-পরায়ণ হইয়া অনুগমন করিতে করিতে কৈলাসে আসিয়া উপস্থিত হইলেন। তাঁহারা কৈলাসে উপস্থিত হইয়া শিব-পার্ব্বতী উভয়কে মিলিত করিয়া মন্দিরে অধিষ্ঠিত করাইলেন ও প্রার্থনা-পূর্ব্বক গমনে অনুমতি পাইয়া শিববিবাহ ও তাঁহার অনুগ্রহ বিষয়ে প্রশংসা করিতে করিতে সকলে স্ব স্ব স্থানে গমন করিলেন। ঐ সকল দেবগণ এই শিব-পার্ব্বতীর মিলন দর্শনে যে কিরূপ প্রীতি লাভ করিয়াছিলেন, তাহা শত বৎ-সরেও বর্ণনা করা যায় না। হে মুনীশ্বরগণ! আপ-নারা আমাকে যে বিষয় জিজ্ঞাসা করিয়াছিলেন, এই সেই পরমাত্মা শিবের বিবাহবিধি কীর্ত্তন করিলাম। যে এই কথার একটীও শ্লোক শ্রবণ করে, কিংবা যে শ্লোকার্দ্ধও শ্রবণ করে, তাহার বিপুলা লক্ষ্মী লাভ হইয়া থাকে; তাহার অজ্ঞানান্ধকার দূরীভূত হইয়া নিয়ত সুখ-সম্পদ্ বৃদ্ধি পাইতে থাকে এবং সেজন্য আরোগ্য লাভ করিয়া অসীম আনন্দ ভোগ করিতে সমর্থ হয়। ৯১—১০২।

অষ্টাদশ অধ্যায় সমাপ্ত।

একোনবিংশোঽধ্যায়ঃ।

ঋষয় উচুঃ।

সূত সূত মহাভাগ কিং জাতন্তু ততঃ পরম্।
তারকস্য বধশ্চৈব কথ্যতাস্তু ত্বয়ানঘ॥ ১

সূত উবাচ।

শ্রূয়তাং কথয়াম্যদ্য কথাং পাপপ্রণাশিনীম্।
যচ্ছ্রুত্বা সর্ব্বপাপেভ্যো মুচ্যন্তে মানবাঃ কলৌ॥২
কৈলাসমাসাদ্য শিবাং সমেতো
শোভাং প্রপেদেঽতিতরাং শিবোঽপি।
বিচারয়ামাস চ দেবকৃত্যং
পীড়াং জনস্যাপি স দেবদেবঃ॥ ৩
বিচার্য্য চ কৃতং তেন শ্রূয়তামৃষিসত্তমাঃ।
শিবোঽপি ভগবান্ সাক্ষাৎ কৈলাসমগমদ্‌যদা॥৪
গণাশ্চ সর্ব্বে তত্রাসন্ প্রমথাদ্যা মহাবলাঃ।
বাদ্যঞ্চ বিবিধং চক্রুর্হর্ষনির্ভরমানসাঃ॥ ৫
দেবা অপি চ যে তত্রাগতাস্তে হর্ষমাগতাঃ।
অতঃ পরং শিবোঽস্মাকং কৃপাঞ্চৈব করিষ্যতি॥৬

একোনবিংশ অধ্যায়।

ঋষিগণ বলিলেন,—হে মহাভাগ সূত! তাহার পর কি হইয়াছিল এবং কি করিয়াই বা তারকাসুর-বধ হয়, তাহা বর্ণনা কর। সূত কহিলেন,—হে ঋষিগণ! যে কথা শ্রবণে কলিযুগে মনুষ্যগণ সর্ব্বপাপ হইতে মুক্ত হয়, সেই প্রধান ঘটনাসূচিকা সর্ব্বপাপ-প্রণাশিনী কথা বলিতেছি, শ্রবণ করুন। দেবদেব শিব এইরূপে পার্ব্বতীকে বিবাহ করিয়া কৈলাসে আগমন করত গিরিসুতার সহিত মিলনে অতিশয় শোভা পাইতে লাগিলেন। পরে দেবকার্য্য ও লোকের তারকাসুরকৃত পীড়ার বিষয় বিচার করিতে লাগিলেন। বিচার করিয়া পরে যে কি করিলেন, তাহা বলিতেছি, শ্রবণ করুন। ভগবান্ শিব যখন পার্ব্বতীর সহিত কৈলাসে আগমন করিলেন, তখন মহাবল প্রমথগণ হর্ষ-নির্ভরচিত্তে সেই স্থানে বিবিধ বাদ্য করিতে লাগিলেন। যে সকল দেবগণ তথায় উপস্থিত ছিলেন, তাঁহারা "ইহার পর শিব আমা-

শিবস্তত্র শিবাসার্দ্ধং নানারঙ্গমথাকরোৎ।
দেবাশ্চ পীড়িতাস্তেন * শিবঃ কিং নু করিষ্যতি॥
বিলম্বঃ ক্রিয়তে তেন কথঞ্চাগ্নিং সমীরয়ন্।
অগ্নির্ধৃত্বা কপোতস্য রূপং তত্র জগাম হ॥ ৮
গত্বা শিবসমীপঞ্চ যদা চাগ্নির্নিরীক্ষয়েৎ।
তাবদগ্নিং শিবো দৃষ্ট্বা ভোগাদুপরতঃ স্বয়ম্॥ ৯
কস্ত্বং কপটরূপোঽসি গৃহ্যতাং শুক্রমেব মে।
ইত্যুক্ত্বাপ্যগ্নয়ে বীর্য্যং দত্তং তেন মহাত্মনা॥ ১০
কপোতো বীর্য্যমাদায় চঞ্চুপুটগতং যদা।
বহির্গতো মহাবীর্য্যং ধর্ত্তুমক্ষম এব সঃ॥ ১১
তদ্‌বীর্য্যঞ্চৈব গঙ্গায়াং প্রাক্ষিপদ্দুঃখপীড়িতঃ।
গঙ্গয়াপি চ তদ্‌বীর্য্যং দুঃসহং পরমাত্মনঃ॥ ১২

দিগের প্রতি কৃপা প্রকাশ করিবেন" ইহা বিবেচনা করিয়া হর্ষান্বিত হইলেন। সেই সময় শিব সেই স্থলে পার্ব্বতীর সহিত নানাবিধ ক্রীড়া করিতে লাগিলেন। তারকাসুর-পীড়িত সেই দেবগণ বিবেচনা করিতে লাগিলেন,—কৈ দেবদেব শিব আমাদিগের ত কিছুই করিলেন না? এখন তিনি কি করিতেছেন? কেনই বা তিনি বিলম্ব করিতেছেন? এইরূপ চিন্তা করিয়া তাহার তত্ত্ব জানিবার নিমিত্ত অগ্নিকে প্রেরণ করিলেন। পরে অগ্নি কপোতরূপ ধারণ করিয়া সেই স্থলে আগমন করিলেন। কপোতরূপধারী অগ্নি, শিবসমীপে আগমন করিয়া দেবদেবকে যেমন নিরীক্ষণ করিলেন, অমনি শিব অগ্নিকে আগত দেখিয়া, ভোগ হইতে নিবৃত্ত হইলেন। পরে "কপটরূপধারী তুমি কে? আমার এই শুক্র গ্রহণ কর" মহাত্মা দেবদেব এই কথা বলিয়া সেই কপোতরূপী অগ্নিকে বীর্য্য প্রদান করিলেন। ১—১০। কপোতরূপী অগ্নি সেই চঞ্চুপুটগত মহাবীর্য্যকে ধারণ করিতে অসমর্থ হইয়া, বাহিরে আগমন করিলেন এবং দুঃখে পীড়িত হইয়া সেই মহাবীর্য্য গঙ্গাতে নিক্ষেপ করিলেন। গঙ্গাও সেই পরমাত্মার দুঃসহ বীর্য্য ধারণে অসমর্থ হইয়া শরবণে

* পীড়িতাশ্চাস্য ইতি বা পাঠঃ।

নিক্ষিপ্তঞ্চ শরস্তম্বে তত্র বালো ব্যজায়ত।
সুন্দরঃ সুভগঃ শ্রীমান্ দর্শনাৎ সুখদায়কঃ॥ ১৩
এতস্মিন্নন্তরে তত্র রাজকন্যাঃ সমাগতাঃ।
ষট্‌সংখ্যাশ্চৈব স্নানার্থং তাভির্দৃষ্টস্তু বালকঃ॥ ১৪
মদীয়োঽয়ং মদীয়শ্চ বদন্ত্যশ্চ পরস্পরম্।
সম্পাদ্য ষণ্মুখানীহ পীতং স্তন্যং স্বয়ং তদা॥ ১৫
ষাণ্মাতুরস্তদা নাম প্রসিদ্ধস্তু মহাত্মনঃ।
পার্ব্বতীনন্দনো নাম প্রথমঞ্চাভবৎ তদা॥ ১৬
অগ্নিভূশ্চ ততঃ পশ্চাৎ ততঃ স্কন্দোঽভবৎ পুনঃ।
গঙ্গাপুত্রস্তদা নাম শরজন্মা ততঃ পরম্॥ ১৭
ষাণ্মাতুরস্ততশ্চৈব নামানি বহুধাভবন্।
তাঃ কন্যাস্তু ততো গৃহ্য পুত্রং কৃত্বা সুহর্ষিতাঃ॥ ১৮
সর্ব্বঞ্চ নারদাজ্জ্ঞাত্বা শিবানুজ্ঞামবাপ্য চ।
তে দেবাশ্চ ততো নীত্বা সেনাং দেবময়ীং তদা॥ ১৯
স্কন্দঞ্চ তৎপতিং কৃত্বা যযুর্দেবাস্ততশ্চ তে।
শোণিতাখ্যং পুরং গত্বা যুদ্ধং চক্রুঃ সুদারুণম্॥ ২০
দশাহন্তু তদা জাতং সম্মর্দ্দং কষ্টমুৎকটম্।
ততো দৈত্যাধিপশ্চৈব হতস্তেন মহাত্মনা॥ ২১
কিয়ন্তোঽপি পলায়ন্ত কিয়ন্তশ্চূর্ণমাগতাঃ *।
পাতালঞ্চ গতাঃ কেচিৎ সর্ব্বে তে চ ক্ষয়ং গতাঃ॥
শোণিতাখ্যে পুরে তৈশ্চ যুদ্ধমেবাভবৎ তদা॥
সর্ব্বং নিষ্কণ্টকং হ্যাসীত্ততে তস্মিন্ দুরাত্মনি॥ ২৩
তে দেবাঃ সুখমাপন্নাঃ স্বং স্বং রাজ্যমকুর্ব্বত।
আনন্দং পরমং গত্বা নীত্বা স্কন্দং শিবাগ্রতঃ॥ ২৪
আরোপ্য প্রণিপাতঞ্চ স্তুতিং কৃত্বা পুরঃ স্থিতাঃ।
অস্তুবন্ পুনরেবাত্র প্রফুল্লমুখপঙ্কজাঃ॥ ২৫

দেবা ঊচুঃ।

দেবদেব মহাদেব ভক্তানামভয়প্রদ।
তব রূপং ন জানীমো গতিং নৈব চ নৈব চ॥ ২৬
বিশ্বেশ্বর পরো দেব যোঽসি সোঽসি নমোঽস্তু তে

নিক্ষেপ করিলেন। পরে সেইস্থলে সুন্দর শ্রীমান্ দর্শন-সুখকর এক বালক উৎপন্ন হইল। এই সময় ছয়জন রাজকন্যা সেই স্থলে স্নান করিতে আগমন করিলেন। তাঁহারা সেই বালককে দেখিতে পাইয়া "এই শিশু আমার, এই শিশু আমার" বলিয়া সকলে স্নেহভরে ক্রোড়ে লইতে যাইলেন। ঐ সুকুমার ছয় মুখ সম্পাদনে সেই ছয় রাজকন্যার স্তন্যদুগ্ধ পান করিলেন; সেই জন্যই মহাত্মা শরজন্মা "ষাণ্মাতুর" নামে কীর্ত্তিত হন। তাঁহার প্রথম নাম পার্ব্বতীনন্দন, দ্বিতীয় নাম অগ্নিভূ হইল। পরে তাঁহার নাম স্কন্দ হইল, তাহার পর গঙ্গাপুত্র, তাহার পর শরজন্মা ও তাহার পর ষাণ্মাতুর নাম; এইরূপ তাঁহার বহু নাম হইল। তাহার পর সেই রাজকন্যাগণ তাঁহাকে গ্রহণ করত পুত্র করিয়া অতিশয় আনন্দিত হইলেন। দেবগণ নারদমুখে এই সকল বৃত্তান্ত অবগত হইয়া, দেবদেবের আজ্ঞা লাভ করত সকল দেবগণকে সেনা ও তাঁহাকে সেনাপতি করিয়া, তাঁহাকে সমভিব্যাহারে লইয়া গমন করিলেন। পরে তাঁহারা শোণিতপুরে গমন করিয়া সুদারুণ যুদ্ধ করিতে প্রবৃত্ত হইলেন। সেই সময় দশদিন নিরত ঘোর তুমুল সংগ্রাম হইল। পরে সেই মহাত্মা সকল অসুরগণের সহিত দৈত্যাধিপতিকে নিহত করিলেন। সেই অসুরগণের মধ্যে কতক কতক পলায়ন করিল ও কতক কতক চূর্ণ হইয়া যাইল; কেহ কেহ বা পাতালে পলায়ন করিল, অবশিষ্ট সকলেই বিনষ্ট হইল। ঐ যুদ্ধ শোণিতপুরেই হয়। সেই দুরাত্মা তারকাসুর বিনষ্ট হইলে, সকল নিষ্কণ্টক হইল। তখন দেবগণ স্ব স্ব রাজ্যে গমন করিয়া সুখে রাজ্য করিতে লাগিলেন। দেবগণ এইরূপে পরম আনন্দ লাভ করিয়া, সেই সেনাপতি স্কন্দকে শিব-সমীপে লইয়া যাইলেন ও তাঁহার সম্মুখে অধিষ্ঠিত করাইয়া ভূয়োভূয়ঃ নমস্কার ও স্তুতি করত কৃতাঞ্জলিপুটে সম্মুখে অবস্থান করিতে লাগিলেন। পরে পুনর্ব্বার সেই দেবগণ আনন্দে প্রফুল্ল-মুখকমল হইয়া স্তব করিতে লাগিলেন। ১১—২৫। দেবগণ কহিলেন,—হে ভক্তগণের অভয়প্রদ দেবদেব মহাদেব! আপনার প্রকারাদি গতি, কি স্বরূপ, আমরা কিছুই অবগত নহি।

* কিয়ন্তশ্চ হতাস্তত্র কিয়ন্তো বৈ পলায়িতাঃ ইতি কচিৎ পাঠঃ।

বরদ ত্বাং মহাদেব দেবদেবং মহেশ্বরম্ ॥ ২৭
নমো ভবায় ভব্যায় ভুবনায়োদ্ভবায় চ।
অনন্তবলবীর্য্যায় ভূতানাং পতয়ে নমঃ ॥ ২৮
সংহর্ত্রে কপিশাঙ্গায় অব্যয়ায় ব্যয়ায় চ।
গঙ্গাসলিলধত্রোয় আধারায় সুগাত্মনে * ॥ ২৯
ত্র্যম্বকায় ত্রিনেত্রায় ত্রিশূলবরধারিণে।
কন্দর্পায় হুতাশায় নমো বৈ পরমাত্মনে ॥ ৩০
শঙ্করায় বৃষাঙ্কায় গণানাং পতয়ে নমঃ।
দণ্ডহস্তায় কালায় পাশহস্তায় বৈ নমঃ ॥ ৩১
বেদমন্ত্রপ্রধানায় শতজিহ্বায় তে নমঃ।
ভূতং ভব্যং ভবিষ্যঞ্চ স্থাবরং জঙ্গমঞ্চ যৎ ॥ ৩২
তব দেহাৎ সমুৎপন্নং দেব সর্ব্বমিদং জগৎ।
পাসি হংসি চ ভদ্রং তে প্রসীদ ভগবংস্ততঃ * ॥

ঋষয় উচুঃ।

নমো দিগ্বাসসে তুভ্যং কৃতান্তায় ত্রিশূলিনে।
বিকটায় করালায় করালবদনায় চ ॥ ৩৪
অরূপায় স্বরূপায় বিশ্বরূপায় তে নমঃ।
বষট্কারায় রুদ্রায় স্বাহাকারায় তে নমঃ ॥ ৩৫
সর্ব্বপ্রণতদেহায় স্বয়মপ্রণতায় চ।
নিত্যং নীলশিখণ্ডায় শ্রীকণ্ঠায় নমো নমঃ ॥
নীলকণ্ঠায় দেবায় চিতাভস্মাঙ্গধারিণে।
ত্বং ব্রহ্মা সর্ব্বদেবানাং রুদ্রাণাং নীললোহিতঃ ॥৩৭
আত্মা চ সর্ব্বভূতানাং সাংখ্যঃ পুরুষঃ উচ্যতে
পর্ব্বতানাং মহামেরুর্নক্ষত্রাণাঞ্চ চন্দ্রমাঃ ॥ ৩৮
ঋষীণাঞ্চ বশিষ্ঠস্ত্বং দেবানাং বাসবস্তথা।

হে বিশ্বেশ্বর! আপনি যিনিই হউন না কেন, আপনিই সর্ব্বশ্রেষ্ঠ দেব; আপনাকে আমাদিগের অসংখ্য নমস্কার। হে বরদ মহাদেব দেবদেব মহেশ্বর! আপনাকে নমস্কার করি। যিনি ভব, যিনি ভব্য; যিনিই চতুর্দ্দশ ভুবন ও যিনি এই চতুর্দ্দশ ভুবনের নিমিত্ত উদ্ভূত হইয়া "উদ্ভব" নাম ধারণ করেন, এবং যিনি অনন্ত বলবীর্য্য ও ভূতপতি, সেই দেব-উদ্দেশে আমাদিগের নমস্কার। যিনি সংহর্ত্তা, যিনি কপিশাঙ্গ, যিনি গঙ্গাসলিলধারক, যিনি আধার ও যিনি ব্যয় হইয়াও অব্যয় সেই ধ্রুবাত্মাকে আমরা নমস্কার করি। যিনি ত্র্যম্বক, যিনি ত্রিনেত্র, যিনি ত্রিশূলবরধারী, *যিনি কন্দর্পের হুতাশন* (অর্থাৎ যিনি মদন-ভস্মকারী), সেই পরমাত্মা উদ্দেশে আমাদিগের নমস্কার। যিনি শঙ্কর, যিনি বৃষাঙ্ক, যিনি গণপতি, যিনি দণ্ডহস্ত, যিনি কাল ও যিনি পাশপাণি, তাঁহাকে আমরা নমস্কার করি। যিনি বেদমন্ত্রপ্রধান ও শতজিহ্ব, সেই দেব উদ্দেশে আমাদিগের কোটি কোটি নমস্কার! হে ভগবন! যাহা ভূত ভবিষ্য, বর্ত্তমান ও যাহা স্থাবর জঙ্গম বলিয়া প্রসিদ্ধ, এই সেই সকল জগৎ আপনার দেহ হইতে উৎপন্ন হইয়াছে। হে দেব! আপনিই পালন করিতেছেন, আপনিই নিধন করিতেছেন, আপনারই মঙ্গল, অতএব হে ভগবন! প্রসন্ন হইয়া এই দেবগণকে অভয় দান করুন। ২৬—৩৩। ঋষিগণ বলিলেন,—হে ত্রিশূলিন! আপনিই দিগম্বর, আপনিই কৃতান্ত, আপনিই বিকট, আপনিই করাল, আপনিই করাল-বদন, আপনিই অরূপ, আপনিই স্বরূপ এবং আপনি বিশ্বরূপ, আপনাকে আমরা নমস্কার করি। হে শ্রীকণ্ঠ! আপনি সর্ব্বপ্রণতদেহ (অর্থাৎ আপনাকে সকলে নমস্কার করে), কিন্তু আপনি স্বয়ং অপ্রণত (অর্থাৎ আপনার নমস্য কেহ নাই) এবং আপনিই নীলশিখণ্ড, আপনার উদ্দেশে আমাদিগের অসংখ্য নমস্কার। হে নীলকণ্ঠ! আপনি অঙ্গে চিতাভস্ম ধারণ করেন বলিয়া চিতাভস্মাঙ্গধারী হইয়াছেন, আপনাকে আমরা মুহুর্মুহুঃ নমস্কার করি। হে দেব! আপনিই সকল দেবগণের মধ্যে ব্রহ্মার স্বরূপ, রুদ্রের মধ্যে নীললোহিত, সর্ব্বভূতের মধ্যে সাংখ্যপুরুষ আত্মা, পর্ব্বতের মধ্যে সুমেরু, নক্ষত্রের মধ্যে চন্দ্র, ঋষিগণের মধ্যে বশিষ্ঠ, দেবগণের মধ্যে

---

* ধ্রুবাত্মনে ইতি বা পাঠঃ।

* ভগবন্ ভবেৎিতি পাঠান্তরম্।

তেষাং পিতামহঃ প্রীতো বরদঃ প্রদদৌ বরম্‌।
প্রসন্নোঽস্মি বরং ব্রূত দানবা বলদর্পিতাঃ ॥ ৫৪

দানবা উচুঃ।

যদি প্রসন্নো দেবেশ যদি দেয়ো বরস্তদা।
অবধ্যত্বঞ্চ সর্ব্বেষাং সর্ব্বভূতেষু সর্ব্বদা * ॥ ৫৫
তে সর্ব্বে বরয়ামাসুঃ সর্ব্বলোকপিতামহম্‌।
তানব্রবীৎ তদা দেবো লোকানাং প্রভুরব্যয়ঃ ॥৫৬
নাস্তি সর্ব্বামরত্বং বৈ নিবর্ত্তধ্বমতোঽসুরাঃ।
অন্যং বরং বৃণীধ্বং বৈ যাদৃশঃ সম্প্ররোচতে ॥ ৫৭
ততস্তে সহিতাঃ সর্ব্বে সম্প্রধার্য্য পরস্পরম্‌।
ব্রহ্মাণমব্রুবন্‌ দৈত্যাঃ প্রণিপত্য জগদ্‌গুরুম্‌ ॥৫৮
বরং পুরাণি ত্রীণ্যেব সমাস্থায় মহীমিমাম্‌।
চরিষ্যামো হি লোকেশ ত্বৎপ্রসাদাজ্জগদ্‌গুরো ॥৫৯

দানবত্রয় এইরূপে অতিশয় দুঃখ ভোগ করিতে লাগিল। পরে ভগবান পিতামহ তাহাদিগের এইরূপ তপস্যায় সন্তুষ্ট হইয়া তাহাদিগকে বরদানোন্মুখ হইয়া বলিলেন,—হে বলদর্পিত দানবগণ! তোমাদিগের তপস্যায় আমি সন্তুষ্ট হইয়াছি, এক্ষণে বর প্রার্থনা কর। ৪৭—৫৪। দানবগণ কহিল,—হে দেবেশ! যদি প্রসন্ন হইয়া বরদান করিতে ইচ্ছা করিয়াছেন, তাহা হইলে আমাদিগের এই প্রার্থনা,—"সকল প্রাণীর মধ্যে আমাদিগকে অবধ্য করুন।" সেই দানবোত্তমগণ পিতামহ-সকাশে এইরূপ বর প্রার্থনা করিল। তাহাদিগের এইরূপ প্রার্থনা শ্রবণে লোকপ্রভু অব্যয় দেব পিতামহ কহিলেন,—হে অসুরগণ! সর্ব্বামরত্ব বরদানে আমার শক্তি নাই, অতএব তাহা হইতে নিবৃত্ত হও। এতদ্ভিন্ন তোমাদিগের যাহা অভিরুচি হয়, তাহাই প্রার্থনা কর; আমি তাহা প্রদানে অঙ্গীকৃত আছি। পিতামহের তাদৃশ বাক্য শ্রবণে তাহারা সকলে পরস্পর যুক্তি করিয়া জগদ্‌গুরু ব্রহ্মাকে প্রণাম করত বলিল,—হে লোকেশ! আপনার সকাশে, আমরা তিনজনে

* অবধ্যত্বঞ্চ দেবানাং সর্ব্বভূতেষু সংযতীতি ক্বচিৎ পাঠঃ। অত্র সংযতি যুদ্ধে।

ততো বর্ষসহস্রান্তে সমেষ্যামঃ পরস্পরম্‌।
একীভাবং গমিষ্যন্তি পুরাণ্যেতানি চানঘ ॥ ৬০
যদা সমানি চৈতানি যো হন্যাদ্ভগবংস্তদা।
একেনৈবেষুণা দেব স নো মৃত্যুর্ভবিষ্যতি ॥ ৬১
এবমস্ত্বিতি তান্‌ দেবঃ প্রত্যুক্ত্বা প্রাবিশদ্দিবম্‌
আজ্ঞাং দত্ত্বা ময়স্যাপি কুরু ত্বং নগরত্রয়ম্‌ ॥ ৬২
কাঞ্চনং রাজতঞ্চৈব আয়সঞ্চ তথা কুরু।
ইত্যুক্ত্বা চ ততো ব্রহ্মা জগাম স্বয়মেব চ ॥ ৬৩
ততো ময়শ্চ তরসা চক্রে ধীরঃ পুরাণ্যথ।
কাঞ্চনং দিবি তত্রাসীদন্তরীক্ষে চ রাজতম্‌ ॥ ৬৪
আয়সঞ্চাভবদ্ভূমৌ পুরং তেষাং মহাত্মনাম্‌।
একৈকং যোজনায়ামং সুন্দরং সুভগং পুনঃ ॥ ৬৫
কাঞ্চনং তারকাক্ষস্য কমলাক্ষস্য রাজতম্‌।
বিদ্যুন্মালেশ্চায়সঞ্চ ত্রিবিধং দুর্গমুত্তমম্‌ ॥ ৬৬

কাঞ্চন, রজত ও অয়োময় দুর্গরূপ পুরত্রয়ে বরলাভ করিয়া আপনার প্রসাদে এই ভূমণ্ডলে বিচরণ করিব, এইরূপ সহস্র বৎসর বিচরণের পর, আমরা সকলে পরস্পর মিলিত হইব। হে অনঘ! সেই সময় ঐ পুরত্রয় পরস্পরে এক হইয়া যাইবে। যে সময় সেই পুরত্রয় সমভাব প্রাপ্ত হইবে, হে ভগবন্‌! তখন সেই মিলিত ত্রিপুরকে একবাণে যে হনন করিতে পারিবে, সেই আমাদিগের নিহন্তা হইবে। ইহাই আমাদিগের প্রার্থনা। দেব ব্রহ্মা তাহাদিগের তাদৃশ প্রার্থনা শ্রবণ করিয়া "তথাস্তু বলিয়া অঙ্গীকার করিলেন ও ময়দানবকে "তুমি এই কাঞ্চন, রজত ও লৌহময় পুরত্রয় নির্ম্মাণ কর" এইরূপ আজ্ঞা দান করিয়া তাহাদিগের সম্মুখেই অদৃশ্য হইয়া স্বর্গে গমন করিলেন। এইরূপ আজ্ঞা দানপূর্ব্বক ব্রহ্মা গমন করিলে পর, ধীর ময়দানব সত্বর ত্রিপুর নির্ম্মাণ করিতে লাগিল। স্বর্গে কাঞ্চনময়, অন্তরীক্ষে রজতময়, পৃথিবীতে লৌহময় পুর নির্ম্মাণ করিল। এইরূপে ময় কর্ত্তৃক সেই মহাত্মগণের সুভগ-সুন্দর ত্রিপুর নির্ম্মিত হইল। সেই পুরত্রয় এক যোজন বিস্তৃত। তাহার মধ্যে তারকাক্ষের কাঞ্চনময় পুর, কমলাক্ষের রজতময় ও বিদ্যুন্মালীর লৌহময়

বিংশোঽধ্যায়ঃ ।

সূত উবাচ ।

ত্রিপুরস্থ চ তদ্দুঃখং শ্রুত্বোবাচ পিতামহঃ ।
মত্তো হি বর্দ্ধিতো দৈত্যো বধং মত্তো ন চার্হতি ॥
তথাপি পুণ্যং বর্ত্তেত নগরে ত্রিপুরে পুনঃ ।
শিবঞ্চ প্রার্থয়ধ্বং বৈ স বঃ কার্য্যং করিষ্যতি ॥ ২
উচুকোস্তে যযুস্তত্র যত্রাস্তে বৃষভধ্বজঃ ।
অত্র গত্বা চ তদ্দুঃখং নিবেদ্য সংস্থিতাঃ পুরঃ ॥ ৩
শিবোঽপি তদ্বচঃ শ্রুত্বা বচনঞ্চেদমব্রবীৎ ।
অয়ং বৈ ত্রিপুরাধ্যক্ষঃ পুণ্যবান্ বর্ত্ততেঽধুনা ॥ ৪
যত্র পুণ্যং প্রবর্ত্তেত ন হন্তব্যং বুধৈঃ পুনঃ ।
তাবৎ স বৈ ন হন্তব্যো যাবৎ পুণ্যং বিবর্দ্ধতে ॥৫
তথা চ বিষ্ণবে দেবা নিবেদ্য কারণন্ত্বিদম্ ।
তদীয়ং তদ্বচঃ শ্রুত্বা দেবা বিষ্ণুং ন্যবেদয়ন্ ॥ ৬
জ্ঞাত্বা বৃত্তঞ্চ তেষাং বৈ বিষ্ণুর্বচনমব্রবীৎ
ইদং সত্যং বচশ্চৈব যত্র ধর্ম্মঃ সনাতনঃ ॥ ৭
তত্র দুঃখং ন জায়েত সূর্য্যে দৃষ্টে যথা তমঃ ।
ইত্যেতদ্বচনং শ্রুত্বা দেবা দুঃখমুপাগতাঃ ॥ ৮
পুনরূচুস্তদা বিষ্ণুং পরিম্লানমুখাম্বুজাঃ ।
কথঞ্চৈব প্রকর্ত্তব্যং কথং স্থাস্যামহে বয়ম্ ॥ ৯
কথং ধর্ম্মা ভবিষ্যন্তি ত্রিপুরে জীবিতে সতি ।
নো চেদকালিকী দেব সংহৃতিঃ ক্রিয়তাং ধ্রুব
অথবা ত্রিপুরস্যেহ বধশ্চৈব বিধীয়তাম্ ॥ ১১
ইত্যুক্ত্বা তে তদা দেবা দুঃখং কৃত্বা পুনঃ পুনঃ
স্থিতা নৈব গতিং তেঽদ্য চক্রুর্দৈববরাদিহ ॥ ১
তাংস্তাংস্তথাবিধান দৃষ্ট্বা বিষ্ণুর্বিনয়সংযুতান ।
সোঽপি নারায়ণঃ শ্রীমান্ চিন্তয়ামাস চেতসা ॥
কিং কার্য্যং দেবকার্য্যেষু ভগবানিতি সুব্রতঃ ।
ততো যজ্ঞাঃ স্মৃতাস্তেন দেবকার্য্যার্থমক্ষয়াঃ ॥ ১
যজ্ঞাস্তং পুরুষং দিব্যং প্রণম্য তুষ্টুবুস্তদা ।

বিংশ অধ্যায় ।

সূত কহিলেন,—ভগবান্ পিতামহ, দেবগণের ত্রিপুরজাত দুঃখ শ্রবণ করিয়া বলিলেন,—দৈত্যগণ যখন আমা কর্ত্তৃকই বর্দ্ধিত হইয়াছে, তখন আমা দ্বারা তাহাদের বিনাশ সম্ভবপর নহে। আর তাহা কর্ত্তব্য হইলেও আমি কিছুতেই এবিষয়ে সক্ষম হইতে পারিতেছি না, যেহেতু ঐ ত্রিপুরে পুণ্য প্রবর্ত্তিত হইতেছে; অতএব তোমরা শিবসকাশে গমন করিয়া এ বিষয় প্রার্থনা কর; তিনি সকল কার্য্য করিবেন। ব্রহ্মার তাদৃশ বাক্য শ্রবণে দেবগণ যেখানে বৃষধ্বজ আসীন রহিয়াছেন, তথায় গমন করিয়া সকলে আপন আপন দুঃখ নিবেদন করত কৃতাঞ্জলিপুটে সম্মুখে অবস্থান করিতে লাগিলেন। তাঁহাদিগের তাদৃশ দুঃখ কথা শ্রবণে শিবও বলিলেন,—এখন ঐ ত্রিপুরাধ্যক্ষগণ পুণ্য অর্জ্জন করিতেছে, যেখানে যেখানে পুণ্য প্রবর্ত্তিত হয় তাহাদিগকে পণ্ডিতগণের সংহার করা অনুচিত; অতএব যে পর্য্যন্ত তাহাতে পুণ্য বৃদ্ধি পাইতেছে, সে পর্য্যন্ত সেই ত্রিপুরকে হনন করা কর্ত্তব্য নহে। তবে হে দেবগণ! তোমরা এই ঘটনা বিষ্ণুকে নিবেদন করিয়া সুস্থ হও। দেবগণ শিবের তাদৃশ বাক্য শ্রবণে বিষ্ণুসমী আগমন করিয়া সকল বৃত্তান্ত নিবেদন করিলে তাঁহাদিগের এইরূপ বৃত্তান্ত অবগত হইয়া বি কহিলেন,—ইহা যথার্থ কথা যে, যেখানে সনা ধর্ম্ম বিদ্যমান, সূর্য্য বিদ্যমানে যেমন তমোন হয়, সেইরূপ সেখানেও দুঃখ নাশ হইয়া থাবে বিষ্ণুরও এতাদৃশ বাক্য শ্রবণে দেবগণ অতি বিষণ্ণ হইলেন। পরে সেই মলিন-বদনাম্বু দেবগণ পুনরায় বলিলেন,—হে দেব! ত আমরা কি করিয়া কার্য্য করিব, কি করিয়াই আমরা অবস্থান করিব, আর ঐ ত্রিপুর বিদ্যমা কেমন করিয়াই বা ধর্ম্মানুষ্ঠান করিব? হে দেব হয় অকালে সমস্ত সংহার করিতে প্রবৃত্ত হউন, হয় সেই ত্রিপুরকে বিনাশ করুন! ১—১১। এ কথা বলিয়া দেবগণ পুনঃপুনঃ দুঃখ প্রকাশ কর বলিতে লাগিলেন,—হে ত্রিপুর! ব্রহ্মার বর বশতঃ তোমার আর বিনাশোপায় পাইলাম না শ্রীমান্ ভগবান বিষ্ণু সেই বিনয়ান্বিত দেবগণে অতিশয় বিষণ্ণ দেখিয়া "এক্ষণে কি কর্ত্তব্য" চি করিতে লাগিলেন। পরে "যজ্ঞগণই এই ত্রিপুর বধের উপায়" ইহা বিবেচনা করিয়া তাঁহাদিগকে

দগ্ধা ভিত্ত্বা চ ভঙ্‌ক্ত্বা চ গত্বা দৈত্যপুরত্রয়ম্।
পুনর্যথাগতং ভূত্বা গন্তুমর্হথ ভূতয়ে॥ ৩০
ততঃ প্রণম্য দেবেশং পরমাত্মানমীশ্বরম্।
তান্ দৃষ্ট্বা চিন্তয়ামাস ভগবান্ পুরুষোত্তমঃ॥ ৩১
কিং কৃতামিতি সন্তপ্তঃ সন্তপ্তান্ সেন্দ্রকান্ ক্ষণাৎ।
কথঞ্চ তেষাং দৈত্যানাং বলং হত্বা প্রযত্নতঃ॥ ৩২
দেবকার্য্যং করিষ্যামি প্রসাদাৎ পরমেষ্ঠিনঃ।
নাশোঽভিচারতো নাস্তি ধর্ম্মিষ্ঠানাং ন সংশয়ঃ॥ ৩৩
দৈত্যাশ্চ তে হি ধর্ম্মিষ্ঠাঃ সর্ব্বে ত্রিপুরবাসিনঃ।
তস্মাদবধ্যতাং প্রাপ্তা নান্যথা সুরপুঙ্গবাঃ॥ ৩৪
কৃত্বাপি সুমহৎ পাপং রুদ্রমভ্যর্চ্চয়ন্তি যে।
মুচ্যন্তে পাতকৈঃ সর্ব্বৈঃ পদ্মপত্রমিবাম্ভসা॥ ৩৫
পূজয়া ভোগসম্পত্তিরবশ্যং জায়তে ভুবি।
তস্মাৎ তে ভোগিনো দৈত্যা লিঙ্গার্চ্চনপরায়ণাঃ॥
অত্র কৃত্বা ধর্ম্মবিঘ্নং ক্ষণাদেবাত্মমায়য়া।
দৈত্যানাং দেহনাশার্থং হনিষ্যে ত্রিপুরং ক্ষণাৎ॥
বিচার্য্যৈবং ততস্তেষাং ভগবান্ পুরুষোত্তমঃ।
কর্ত্তুং ব্যবসিতঃ পশ্চাদ্ধর্ম্মবিঘ্নং সুরারিণাম্॥ ৩৭
যাবচ্চ বেদধর্ম্মাস্তু যাবচ্চ শঙ্করার্চ্চনম্।
যাবচ্চ শুচিকৃত্যাদি * তাবন্নাশো ভবেন্ন হি॥ ৩৮
তস্মাদেবং প্রকর্ত্তব্যং বেদধর্ম্মস্ততো ব্রজেৎ।
ইতি নিশ্চিত্য তে বিষ্ণুর্বিঘ্নার্থমকরোৎ তদা॥ ৩৯
দত্ত্বা দেবান্ স্বয়ং তত্র আজ্ঞাং মহ্যং গতা হরেঃ।
ততশ্চৈবাকরোদ্বিষ্ণুর্দৈত্যার্থং বিধিমুত্তমম্।
তদেব প্রকৃতং সম্যক্ সর্ব্বপাপপ্রণাশনম্॥ ৪১

ইতি শ্রী শৈবে মহাপুরাণে জ্ঞানসংহিতায়াং ত্রি...
বর্ণনং নাম বিংশোঽধ্যায়ঃ॥ ২০॥

সেই ভূতগণ আসিয়া বিষ্ণু প্রভৃতি দেবগণকে প্রণাম করিল, তাহার পর বিষ্ণু সেই সকল প্রণত ভূতগণকে বলিলেন,—হে ভূতগণ! তোমরা লোককল্যাণের নিমিত্ত দৈত্যগণের পুরত্রয়কে দগ্ধ, ভগ্ন ও বিদীর্ণ করিয়া ছারখার করত স্ব স্ব স্থানে গমন কর। তৎপরে ভগবান পুরুষোত্তম, পরমাত্মা দেবদেব ঈশ্বরকে প্রণাম করত ভূতগণকে অবলোকন করিয়া চিন্তা করিতে লাগিলেন। এইরূপ ক্ষণকাল চিন্তার পর বিষ্ণু সন্তপ্তচিত্ত হইয়া দুঃখিত দেবগণকে বলিলেন,—দেবদেবের প্রসাদে কিরূপে সেই দৈত্যগণের বলনাশ করিয়া দেবকার্য্য সাধন করিব? যেহেতু অভিচার উপায়ে ধর্ম্মিষ্ঠগণের নাশ-সম্ভাবনা নাই; সেই ত্রিপুরবাসী দৈত্যগণও ধর্ম্মপরায়ণ বলিয়াই অবধ্যত্ব লাভ করিয়াছে, তদ্ব্যতীত তাহাদিগের অবধ্যতায় আর কোন কারণ নাই। ৩১—৩৪। যদি কোন ব্যক্তি মহৎ পাপ করিয়াও রুদ্রকে অর্চ্চনা করে, পদ্মপত্রের উপর জল পড়িলে, তাহা যেমন মুক্ত অর্থাৎ নির্লিপ্ত থাকে, সেইরূপ সে ব্যক্তি সকল পাপ হইতে মুক্তি পাইয়া থাকে; শিব-পূজাবলে এ ভূমণ্ডলে ভোগসম্পত্তিও জন্মিয়া থাকে। সেইজন্যই সেই দৈত্যগণ লিঙ্গার্চ্চন-পরায়ণ হইয়া এত ভোগী হইয়াছে। দেব-কার্য্যের নিমিত্ত আমি ক্ষণকাল মধ্যেই স্বা-মায়াবলে দৈত্যগণের ধর্ম্মবিঘ্ন করিয়া অবিলম্বে ত্রিপুরকে বিনাশ করিতেছি এইরূপ বিচা-করিয়া ভগবান্ পুরুষোত্তম সুররিপুগণের ধর্ম্ম-বিঘ্ন নিমিত্ত উদ্যুক্ত হইলেন। যে পর্য্যা-বেদধর্ম্ম বিদ্যমান থাকে, যে পর্য্যন্ত শিবপূ-থাকে ও যে পর্য্যন্ত স্নান দান জপাদি পবি-কার্য্য অনুষ্ঠিত হইতে থাকে, সে পর্য্যন্ত কা-রও বিনাশ করিবার ক্ষমতা থাকে না, অতএ-যাহাতে সেই দৈত্যগণ হইতে ধর্ম্ম বিচলি-হন, এইরূপ অনুষ্ঠান করিতে হইবে। ইহ-নিশ্চয় করিয়া বিষ্ণু দেবগণের প্রতি আজ্ঞ-দান করত দৈত্যগণের বিঘ্ন করিতে যত্নবা-হইলেন এবং দেবগণও সেই বিষ্ণুর আজ্ঞ-লাভ করিয়া স্ব স্ব স্থানে গমন করিলেন। তাহা-পর বিষ্ণু দেবগণের কার্য্যসিদ্ধি নিমিত্ত (উত্তম অনুষ্ঠান করিলেন, সেই সর্ব্ব-পাপ-নাশন বিধি সম্যক্‌রূপে বলিতেছি, শ্রব-করুন। ৩৫—৪১।

বিংশ অধ্যায় সমাপ্ত॥

* শুচিকৃত্যাদিরিতি পাঠান্তরম্।

দমুবাচ পুনস্তত্র মোহনীয়া ইমে ত্বয়া।
এতে দৈত্যাস্ত্বয়া সর্ব্বে পাঠনীয়া মদাজ্ঞয়া॥ ১০
ধর্ম্মস্তত্র প্রকাশস্তে শ্রৌত-স্মার্ত্তো ন সংশয়ঃ।
অনয়া বিদ্যয়া সর্ব্বং স্ফোটনীয়ং ন সংশয়ঃ॥ ১৫
পুরত্রয়বিনাশার্থং প্রাহ তং পুরুষং হরিঃ।
গন্তুমর্হসি নাশার্থং ভো তূর্ণং পুরবাসিনাম্॥১৬
ততো ধর্ম্মং প্রকাশ্যৈব নাশয়িত্বা পুরত্রয়ম্।
ততশ্চৈব পুনর্গত্বা মরুস্থল্যাং ত্বয়া পুনঃ॥ ১৭
স্থাতব্যঞ্চ স্বধর্ম্মেণ কলির্যাবং সমাব্রজেৎ।
প্রবৃত্তে চ যুগে তস্মিন্ স্বীয়ো ধর্ম্মঃ প্রকাশ্যতাম্॥
শিষ্যৈঃ প্রশিষ্যৈস্তচ্ছিষ্যৈর্বর্দ্ধনীয়স্ত্বয়া পুনঃ।
মদাজ্ঞয়াভবদ্ধর্ম্মো বিস্তারং যাস্যতি ধ্রুবম্॥ ১৯
মদনুজ্ঞাপরো নিত্যং গতিং প্রাপ্স্যথ মামকীম্।
এবমাজ্ঞা তদা দত্তা বিষ্ণুনা প্রভবিষ্ণুনা॥ ২০
ততঃ স মুণ্ডী পরিপালয়ন্ হরে-
রাজ্ঞাং তদা নির্ম্মিতবাংশ্চ শিষ্যান্।
যথাস্বরূপং চতুরশ্চ তাংস্তদা
মায়াময়ং শাস্ত্রমপাঠয়ং স্বয়ম্॥ ২১
যথা স্বয়ং তথা তে চ চত্বারো মুণ্ডিনঃ শুভাঃ
নমস্কৃত্য স্থিতাস্তত্র হরয়ে পরমাত্মনে॥ ২২
হরিশ্চাপি পুনস্তত্র চতুরস্তাংস্তদা স্বয়ম্।
উবাচ পরমপ্রীতো ধন্যাঃ স্থ ইতি সংস্তুবন্॥ [illegible]
যথা গুরুস্তথা যূয়ং ভবিষ্যথ মদাজ্ঞয়া।
চত্বারো মুণ্ডিনস্তে চ ধর্ম্মং পাষণ্ডমাশ্রিতাঃ॥
হস্তে পাত্রং দধানাশ্চ তুণ্ডে বস্ত্রস্য ধারকাঃ।
মলিনান্যেব বাসাংসি ধারয়ন্তোঽল্পভাষিণঃ॥ [illegible]
ধর্ম্মো লাভঃ পরং তত্ত্বং বদন্তস্তে তথা স্বয়ম্।
মার্জ্জনীং ধারয়মাণাস্তে বস্ত্রখণ্ডবিনির্ম্মিতাম্॥
তে সর্ব্বে চ তদা দেবং ভগবন্তং মুদান্বিতাঃ
নমস্কৃত্য পুনস্তত্র [illegible]নি ভবমানসাঃ॥ ২৭
হরিণা চ তদা হস্তে ধৃত্বা চ গুরবে হ্যর্পিতাঃ
যথা ত্বঞ্চ তথৈতে [illegible] নৈব সংশয়ঃ।
আদিরূপঞ্চ তন্নাম পূজ্যা[illegible] পূজ্য উচ্যতে।
ঋষির্যতিস্তথাচার্য্য উপাধ্যায় ইতি স্বয়ম্॥ ২[illegible]

বান্ বিষ্ণু তাঁহাকে বলিলেন,—আমার আজ্ঞায় তুমি ত্রিপুরে গমনপূর্ব্বক দৈত্যগণকে মোহিত করিয়া তাহাদিগকে এই শাস্ত্র পাঠ করাও; সেস্থলে শ্রৌত স্মার্ত্ত ধর্ম্ম প্রচলিত হইতেছে, তুমি ঐ বিদ্যাবলে সেই সকল শ্রৌত স্মার্ত্ত ধর্ম্মাদিকে বিচলিত কর। শীঘ্র পুরত্রয়কে বিনাশ করিবার নিমিত্ত হরি সেই পুরুষকে আরও বলিলেন,—হে মায়িন্! তুমি শীঘ্র সেই স্থলে গমন কর। পরে সেইখানে ত্বদীয় ঐ ধর্ম্ম প্রকাশ করিয়া পুরত্রয়কে বিনাশিত করত তাহার পর মরুভূমিতে অবস্থান করিবে। পরে যে পর্য্যন্ত না কলিযুগ আগত হইবে, সে পর্য্যন্ত আপন জৈনধর্ম্মে থাকিবে। সেই কলিযুগ প্রবৃত্ত হইলে পর আপন ধর্ম্ম প্রকাশ করিবে; শিষ্য প্রশিষ্য এবং সেই প্রশিষ্যেরও শিষ্য দ্বারা ঐ আপন ধর্ম্মকে বর্দ্ধিত করিবে। আমার আজ্ঞাক্রমে তোমার ঐ ধর্ম্ম নিশ্চয় বৃদ্ধি পাইয়া বিস্তীর্ণ হইবে, তাহাতে কোন সন্দেহ করিও না। প্রভু বিষ্ণুর এইরূপ আজ্ঞা পাইয়া সেই মুণ্ডিতমস্তক যতি হরির আজ্ঞা পালন করত চারিজন শিষ্যকে সংগ্রহ করিলেন। পরে তাহাদিগকে সম্প্রদায় অনুসারে মায়াময় শাস্ত্র পাঠ করাইলেন। [illegible] ঐ পুরুষ, তাহারাও সেইরূপ মুণ্ডিত[illegible] হইল। অনন্তর তাহারা আসিয়া পর[illegible] হরিকে নমস্কার করিল। ভগবান্ হরি শিষ্যচতুষ্টয় অবলোকনে পরম প্রীত [illegible] "তোমরাই ধন্য" এইরূপ প্রশংসা করত [illegible]দিগকে বলিলেন,—আমার আজ্ঞায় তো[illegible] তোমাদের গুরুর ন্যায় হইবে। সেই মু[illegible] মস্তক শিষ্যগণ ঐ জৈন ধর্ম্ম আশ্রয় করিয়া [illegible]ভাষী হইল, হাতে কমণ্ডলু ও বস্ত্রখণ্ড [illegible] কুচ্চিকা ধারণ করিল, মস্তকে বস্ত্র বন্ধন [illegible] মলিন বসন পরিধান করিল এবং "লাভ [illegible] পরম তত্ত্ব" এইরূপ বলিতে লাগিল। পর তাহারা দেব ভগবান্‌কে হর্ষনির্ভ[illegible] প্রণাম করিল। তৎপরে হরি তাহাদিগকে গ্রহণ করিয়া তাহাদিগের গুরুর হস্তে [illegible] করিয়া বলিলেন,—তুমি যেমন মদীয়, [illegible] ইহারাও আমার জানিবে, ইহাতে কোন [illegible] নাই। ১২—২৮। তোমরা লোক-সুখাব[illegible]

আগচ্ছ ব্যাঘ্রশার্দ্দূল মন্ত্রমেনং গৃহাণ চ।
ইত্যুক্ত্বা তং মহারাজং বিদ্যুন্মালিনমস্তুতঃ॥ ৪৫
কথয়ামাস স্বং তত্ত্বং যেন ধর্ম্মো বিনশ্যতি।
দীক্ষিতাং বচনং শ্রুত্বা দীক্ষিতস্তৎক্ষণাদপি॥ ৪৬
সর্ব্বে চ দীক্ষিতাস্তত্র যে বৈ ত্রিপুরবাসিনঃ।
মুনেঃ শিষ্যৈঃ প্রশিষ্যৈশ্চ ব্যাপিতং ত্রিপুরং মহৎ

ইতি শ্রীশৈবে মহাপুরাণে জ্ঞানসংহিতায়াং ত্রিপুরদীক্ষাবিধানং নামৈকবিংশোঽধ্যায়ঃ॥২১॥

দ্বাবিংশোঽধ্যায়ঃ।

সূত উবাচ।
স্ত্রীধর্ম্মং খণ্ডয়ামাস শ্রাদ্ধধর্ম্মাংস্তথৈব চ।
শিবপূজাং তথা বিষ্ণোর্যজ্ঞভাগাননেকশঃ॥ ১
স্নান-দানাদিকং তীর্থং সর্ব্বকালে * সুশোভনম্।
বেদধর্ম্মাশ্চ যে কেচিৎ তে সর্ব্বে নবতঃ কৃতাঃ॥২

মায়া চ দেবদেবস্য বিষ্ণোরাজ্ঞয়া প্রভোঃ।
অলক্ষ্মীশ্চ স্বয়ং তস্য নিয়োগাৎ ত্রিপুরং গতা
যা লক্ষ্মীস্তপসা তেষাং লব্ধা দেবেশ্বরাজ্ঞয়া।
বহির্গতা পরিত্যজ্য নিয়োগাদ্ব্রহ্মণঃ প্রভোঃ।
বুদ্ধিমোহং তথাভূতং বিষ্ণোর্মায়াবিনির্ম্মিতম্।
তেষাং দত্ত্বা ক্ষণাদেব তেষাং মায়ী চ নারদঃ।
নারদোঽপি তথা রূপো যথামায়ী তথৈব সঃ।
এবং নষ্টে তদা ধর্ম্মে শ্রৌত-স্মার্ত্তে সুশোভনে।
পাষণ্ডঃ স্থাপিতস্তেন বিষ্ণুনা বিশ্বযোনিনা।
ত্যক্তে মহেশ্বরে দৈত্যৈস্ত্যক্তে লিঙ্গার্চ্চনে তথা
স্ত্রীধর্ম্মে নিখিলে নষ্টে দুরাচারে ব্যবস্থিতে।
কৃতার্থ ইব দেবেশো দেবৈঃ সার্দ্ধমুমাপতিম্॥ ৮
তরসা প্রাপ্য সর্ব্বজ্ঞং তুষ্টাব পুরুষোত্তমঃ॥ ৯
মহেশ্বরায় দেবায় নমস্তে পরমাত্মনে।
নারায়ণায় রুদ্রায় ব্রহ্মণে ব্রহ্মরূপিণে
এবং স্তুত্বা মহাদেবং দণ্ডবৎ প্রণিপত্য হ॥ ১১

শার্দ্দূল! আসুন! এই মন্ত্র দিতেছি, তাহাতে দীক্ষিত হউন। এই বলিয়া সেই পুরুষ দৈত্যকে একান্তে লইয়া যাইয়া, যাহাতে ধর্ম্ম বিনষ্ট হয়, সেই তত্ত্ব-উপদেশ প্রদান করিলেন এবং "দীক্ষিত হউন" এই বাক্য শ্রবণমাত্র তৎক্ষণাৎ রাজা বিদ্যুন্মালী দীক্ষিত হইলেন; পরে ত্রিপুরবাসী সকলেই দীক্ষিত হইল। এইরূপে ক্রমশঃ সেই ত্রিপুর, মায়ীর শিষ্যপ্রশিষ্যে পরিপূর্ণ হইল। ২৭—৪৭।

একবিংশ অধ্যায় সমাপ্ত॥

দ্বাবিংশ অধ্যায়।

সূত কহিলেন,—পরে মায়াবী পুরুষের প্রভাবে স্ত্রীধর্ম্ম, শ্রাদ্ধধর্ম্ম, শিবপূজা, যজ্ঞ ও পর্ব্বকালে স্নানদানাদি কার্য্য সকল দূর হইল, আর বেদধর্ম্মের প্রসঙ্গও রহিল না। তখন দেবদেব প্রভু বিষ্ণুর আজ্ঞায় মায়া আসিয়া, সেই পুরে অধিষ্ঠান করিলেন। অলক্ষ্মীও প্রভু বিষ্ণুর নিয়োগে ঐ ত্রিপুরে আসিয়া স্বপ্রভাব বিস্তার করিলেন। প্রভু ব্রহ্মার আজ্ঞায় সেই দৈত্যগণ যে লক্ষ্মী লাভ করিয়াছিল, দেবেশ্বর বিষ্ণুর আজ্ঞায় সেই লক্ষ্মীও তথা হইতে প্রস্থান করিলেন তখন মায়াবী নারদ, মুণ্ডিরাজের ধর্ম্মসম্পন্ন হইয়া, তাহাদিগের সেইরূপ ধর্ম্মনাশক বিষ্ণুমায়া-বিনির্ম্মিত বুদ্ধিমোহ উৎপাদনপূর্ব্বক সেই স্থল হইতে গমন করিলেন। এইরূপে সুশোভন শ্রৌত স্মার্ত্ত ধর্ম্ম বিনষ্ট হইলে, সেই সময়ে বিশ্বনিদান বিষ্ণু কর্ত্তৃক পাষণ্ডধর্ম্ম (বেদ-বিরুদ্ধ ধর্ম্ম) সংস্থাপিত হইল। তখন দৈত্যগণ মহেশ্বরকে পরিত্যাগ করিল, অর্থাৎ তাঁহাকে আর মানিত না; লিঙ্গার্চ্চনা পরিত্যাগ করিয়া কেবল দুরাচার অবলম্বন করিল। এইরূপে বিনষ্ট হইয়া দুরাচার ধর্ম্ম ব্যবস্থিত হইলে, পুরুষোত্তম দেবেশ বিষ্ণু আপনাকে কৃতার্থ স্বরূপ জ্ঞান করিয়া, সত্বর-গতিতে সর্ব্বজ্ঞ উমাপতি সকাশে আগমন করত স্তব করিতে লাগিলেন। ১—৯। যিনি মহেশ্বর দেব, নারায়ণ ও রুদ্র; যিনি ব্রহ্মা ও ব্রহ্মরূপী, সেই পরমপুরুষ আপনাকে নমস্কার

---

* পর্ব্বকালে ইতি পাঠঃ ক্বাচিৎকঃ।

পাহি নান্যা গতিঃ শম্ভো বিনিহত্যাসুরান্ ক্ষণাৎ।
মায়য়া মোহিতাঃ সর্ব্বে ভবতঃ পরমাত্মনঃ ॥ ২৪
স্তুতশ্চৈবং সুরেন্দ্রাদ্যৈর্বিষ্ণোর্জাপ্যেন চেশ্বরঃ।
বিষ্ণুমালিঙ্গ্য তত্রৈব প্রগৃহীতকরঃ স্বয়ম্ ॥ ২৫
প্রাহ গম্ভীরয়া বাচা দেবানালোক্য শঙ্করঃ।
জ্ঞাতং ময়েদমধুনা দেবকার্য্যং সুরেশ্বর ॥ ২৬
বিষ্ণো মায়াবলঞ্চৈব নারদস্য চ ধীমতঃ।
তেষামধর্ম্মনিষ্ঠানাং দৈত্যানাং দেবসত্তম ॥ ২৭
পুরত্রয়বিনাশঞ্চ করিষ্যেঽহং সুরোত্তম।
অথ সব্রহ্মকা দেবাঃ সেন্দ্রোপেন্দ্রাঃ সমাগতাঃ ॥২৮
শ্রুত্বা প্রভোস্তদা বাক্যং প্রণেমুস্তষ্টুবুশ্চ তে।
য ইদং কীর্ত্তয়েৎ স্তোত্রং শুচির্ভূত্বা সদা নরঃ ॥২৯
শৃণুয়াদ্বা মহাপুণ্যং সর্ব্বান্ কামানবাপ্নুয়াৎ ॥ ৩০

ইতি শ্রীশৈবে মহাপুরাণে জ্ঞানসংহি-
তায়াং ত্রিপুরোপাখ্যানে
দ্বাবিংশোঽধ্যায়ঃ ॥১২॥

ত্রয়োবিংশোঽধ্যায়ঃ।

সূত উবাচ।

অথৈতদন্তরে দেবাঃ পুত্রৈঃ সহ সমন্বিতাঃ।
ব্যাজহার প্রিয়ং বাক্যং জয়েতি শুভলক্ষণম্ ॥ ১
ততঃ স নন্দী সহ ষণ্মুখেন
তয়া চ সার্দ্ধং গিরিরাজপুত্র্যা।
বিবেশ ভব্যং ভবনং নতোঽপি
সুরৈঃ সমস্তৈরভিবন্দ্যমানঃ ॥ ২
দ্বারস্য পার্শ্বতস্তস্থুর্দেবদেবস্য ধীমতঃ।
কিং কর্ত্তব্যং ক্ব গন্তব্যং হা হতাঃ স্মেতিবাদিনঃ
কিন্তু কিম্বিতি চান্যোন্যং প্রেক্ষ্য চাত্যন্তমাকুলাঃ
পাপা বয়মিতীহান্যে অভাগ্যাশ্চেতি চাপরে ॥ ৪
তে ভাগ্যবন্তো দৈত্যেন্দ্রা ইতি চান্যে সুরেশ্বরা
ইত্যুক্ত্বা তু পুনর্যাবদ্গন্তুমীষুঃ শিবালয়ম্ ॥ ৫
এতস্মিন্নন্তরে তেষাং শ্রুত্বা শব্দমনেকশঃ।
কুম্ভোদরো মহাতেজা দণ্ডেনাতাড়য়ৎ সুরান্ ॥

আপনার স্তব করিয়া থাকে। হে শম্ভো! ক্ষণকাল মধ্যে অসুরগণকে নিহত করিয়া আমাদিগকে পরিত্রাণ করুন। আমাদিগের আপনি ব্যতীত আর গতি নাই। মহেশ্বর শঙ্কর এইরূপে বিষ্ণু ও দেবগণ কর্ত্তৃক স্তুত হইয়া বিষ্ণুকে আলিঙ্গন করত তাঁহার হস্তগ্রহণ করিয়া, দেবগণকে নিরীক্ষণপূর্ব্বক গম্ভীর বাক্যে বিষ্ণুকে বলিলেন,—হে সুরেশ্বর বিষ্ণো! আমি দেবকার্য্য অবগত হইয়াছি ও ধীমান্ নারদের মায়াবলও জ্ঞাত হইয়াছি। হে দেবসত্তম! আমি অবিলম্বেই সেই অধর্ম্মনিষ্ঠ দৈত্যগণের পুরত্রয় বিনাশ করিব। প্রভু দেবদেবের তাদৃশ বাক্য শ্রবণে সেই সকল সমাগত ব্রহ্মা, বিষ্ণু, শচীপতি প্রভৃতি দেবগণ প্রণাম করিলেন ও হর্ষগদ্গদবচনে স্তব করিলেন। যে ব্যক্তি শুচি হইয়া এই মহাপুণ্য স্তব পাঠ করে বা শ্রবণ করে, সে সকল অভীষ্ট লাভ করিতে সমর্থ হয়। ১৬—৩০।

দ্বাবিংশ অধ্যায় সমাপ্ত ॥

ত্রয়োবিংশ অধ্যায়।

সূত কহিলেন,—অনন্তর দেবগণ, পুত্রগণের সহিত "জয় হউক, জয় হউক" এই শুভ শব্দ সমন্বিত বাক্য বলিলেন। তাহার পর নন্দী স্বয়ং প্রণত হইয়া এবং দেবগণ কর্ত্তৃক নমস্কৃত হইয়া, পার্ব্বতী ও কার্ত্তিকেয়ের সহিত সর্ব্বমনোরম শিবভবনে প্রবেশ করিলেন। সেই সময় দেবগণ "কি করি, কোথায় যাই, হায়! আমরা হত হইলাম" এই বলিতে বলিতে ধীমান্ দেবদেবের দ্বারপার্শ্বে উপস্থিত হইলেন। সেই স্থলে উপস্থিত হইয়া অত্যন্ত সমাকুলচিত্তে পরস্পর পরস্পরের মুখাবলোকন করিয়া, কেহ কেহ বা "আমরা অতিশয় পাপী," কেহ কেহ বা "আমরা অতিশয় অভাগ্যবান্" ও কেহ কেহ বা "দৈত্যগণ অতিশয় সৌভাগ্যবান্" এইরূপ বলিতে লাগিলেন। এইরূপ দুঃখ প্রকাশ করিয়া দেবগণ শিবালয়ে গমন করিতে প্রবৃত্ত হইলেন। সেই সময় কুম্ভোদর নামে এক মহাতেজা শিবসেবক, দেবগণের শব্দ শ্রবণে তথায় আসিয়া তাঁহাদিগকে দণ্ডাঘাতে তাড়ন

কার্য্যকারণরূপায় মূলপ্রকৃতিহেতবে।
ব্যাপ্যায় চ নমস্তুভ্যং ব্যাপকায় নমো নমঃ॥ ২১
এবং স্তুতস্তদা দেবৈঃ প্রসন্নো জগদীশ্বরঃ।
যদি প্রসন্নো দেবেশ হন্যতং ত্রিপুরাণি চ॥ ২২
ইত্যুক্তং বচনং তেষাং শ্রুত্বা চ পুনরব্রবীৎ।
রথঞ্চ সারথিং শম্ভোঃ কার্ম্মুকং শরমুত্তমম্॥ ২৩
কর্ত্তুমর্হসি যত্নেন নষ্টং মত্বা পুরত্রয়ম্।
ইতি শ্রুত্বা বচস্তস্য কল্পনস্তু রথস্য চ॥ ২৪
সর্ব্বদেবময়ং দিব্যং রথং পরমশোভনম্।
রচয়ামাস বিশ্বার্থে বিশ্বকর্ম্মা স্বয়ং তথা॥ ২৫

ইতি শ্রীশৈবে মহাপুরাণে জ্ঞানসংহিতায়াং ত্রিপুরোপাখ্যানে ত্রয়োবিংশোঽধ্যায়ঃ॥২৩॥

আপনাকে আমাদের কোটি কোটি নমস্কার। হে প্রভো! আপনিই এ জগতের কারণ, আবার আপনিই কার্য্যরূপী; হে মূলপ্রকৃতিহেতো! আপনিই এ জগতে ব্যাপক, আবার আপনিই ব্যাপ্য, এহেন আপনাকে আমরা সদা অসংখ্য নমস্কার করি। দেবগণের এইরূপ স্তব শ্রবণে জগদীশ্বর শিব আরও প্রসন্ন হইলেন। তখন দেবকে প্রসন্ন দেখিয়া সকল সুরপতিগণ কহিলেন,—হে দেবেশ! যদি প্রসন্ন হইয়াছেন, তাহা হইলে এই দেবগণের প্রতি কৃপাকটাক্ষদানে ত্রিপুরকে বিনাশ করুন। দেবগণের এইরূপ প্রার্থনা শ্রবণ করিয়া ভগবান্ পিনাকী পুনর্ব্বার বলিলেন,—হে বিশ্বকর্ম্মন্! তুমি "ত্রিপুর বিনষ্ট হইয়াছে" এইরূপ ভাবিয়া আমার নিমিত্ত উত্তম উত্তম রথ, সারথি, কার্ম্মুক, শর এই সকল যত্নপূর্ব্বক নির্ম্মাণ কর। বিশ্বকর্ম্মা শম্ভুর এতাদৃশ আজ্ঞা পাইয়া বিশ্বহিতের নিমিত্ত সর্ব্বদেবময় সুশোভন দিব্যরথ স্বয়ং নির্ম্মাণ করিলেন। ১৯—২৪।

ত্রয়োবিংশ অধ্যায় সমাপ্ত॥

চতুর্ব্বিংশোঽধ্যায়ঃ।

সূত উবাচ।
অথ রুদ্রস্য দেবস্য নির্ম্মিতো বিশ্বকর্ম্মণা।
সর্ব্বলোকময়ো দিব্যো রথো যত্নেন সাদরম্॥
সর্ব্বভূতময়শ্চৈব সৌবর্ণঃ সর্ব্বতঃ স্মৃতঃ।
রথাঙ্গং দক্ষিণং সূর্য্যো বামাঙ্গং সোম উচ্যতে
দক্ষিণং দ্বাদশারং হি ষোড়শারং তথোত্তরম্
অরেষু তেষু বিপ্রেন্দ্রা আদিত্যা দ্বাদশৈব তু॥
শশিনঃ ষোড়শারাস্তু কলা বামস্য সুব্রতাঃ।
ঋক্ষাণি চ তথা তস্য বামস্যৈব বিভূষণম্॥ ৪
তেভ্যঃ ষড়ৃতবশ্চৈব তয়োর্বৈ বিপ্রপুঙ্গবাঃ
পুষ্করং চান্তরীক্ষঞ্চ রথনীডঞ্চ মন্দরঃ॥ ৫
অস্তাদিরুদয়াদ্রিস্তু উভৌ তৌ কূবরৌ স্মৃতৌ
বেগঃ সংবৎসরস্তস্য অয়নে লোকধারকে॥ ৬
সমুদ্রাস্তস্য চত্বারো রথগুলিকাঃ স্মৃতাঃ।
গঙ্গাদ্যাঃ সরিতঃ শ্রেষ্ঠাঃ সর্ব্বাভরণভূষিতাঃ॥

চতুর্ব্বিংশ অধ্যায়।

সূত কহিলেন,—বিশ্বকর্ম্মা দেব রু[illegible] নিমিত্ত যত্নপূর্ব্বক সাদরে যে দিব্য সর্ব্বোত্তম [illegible] নির্ম্মাণ করিলেন, সেই রথ চতুর্দ্দশভুবন[illegible] সর্ব্বপ্রাণিময় ও সকল সুবর্ণ-নির্ম্মিত। [illegible] রথের দক্ষিণদিকের অবয়ব (চক্র) সূর্য্য ও [illegible] অবয়ব (চক্র) চন্দ্র। ঐ দক্ষিণ চক্র দ্বাদশ[illegible] ও বাম চক্র ষোড়শদল। দক্ষিণ চক্রের দ্বা[illegible] দল দ্বাদশাদিত্যময় এবং বাম চক্রের ষোড়শ [illegible] ষোড়শকলাময়। ঐ বাম চক্রে নক্ষত্র স[illegible] তাহার ভূষণ স্বরূপ হইয়া বিরাজমান রহিয়াছে ঐ বাম ও দক্ষিণ ভাগে সেই সকল ন[illegible] হইতে কল্পিত ছয় ঋতু অধিষ্ঠান করিয়া আ[illegible] সেই রথের অন্তরীক্ষ রথাগ্র, মন্দরপর্ব্বত [illegible] নীড়, উদয় ও অস্ত পর্ব্বত যুগধারক কূবর[illegible] সংবৎসর বেগ এবং অয়নদ্বয় দুই লৌহধার[illegible] চারি সমুদ্র রথের পরিবেষরূপী হইয়া ঐ [illegible]

---

* যে স্থানে যুগকাষ্ঠ থাকে, তাহা কু[illegible] বলিয়া প্রসিদ্ধ।

হলৈশ্চ শালৈর্মুষলৈর্ভুশুণ্ডৈ-
গিরীন্দ্রকূটৈর্গিরিসন্নিভৈশ্চ।
যযুঃ পুরস্তাদ্ধি মহেশ্বরস্য
তদেন্দ্র-পাদোদ্ভব-বিষ্ণুমুখ্যাঃ॥ ২৩
ননৃতুর্মুনয়ঃ সর্ব্বে দণ্ডহস্তা জটাধরাঃ।
ববৃষুঃ পুষ্পবর্ষাণি খেচরাঃ সিদ্ধচারণাঃ॥ ২৪
পুরত্রয়ে চ বিপ্রেন্দ্রা ব্রজন্ সর্ব্বে গণেশ্বরাঃ।
প্রক্রন্দুঃ কুন্দদন্তশ্চ কম্পনশ্চ প্রকম্পনঃ॥ ২৫
ইন্দ্রশ্চেন্দ্রযবশ্চৈব যন্তা হিমকরস্তথা।
শতাক্ষশ্চৈব পঞ্চাক্ষঃ সহস্রাক্ষো মহোদরঃ॥ ২৬
শতজিহ্বঃ শতাস্যশ্চ কঙ্কটঃ কটপূতনঃ।
দ্বিশিরাস্ত্রিশিরাশ্চৈব তথা হ্যেকাননস্তথা॥ ২৭
অজবক্ত্রো হয়বক্ত্রো গজবক্ত্রোঽর্দ্ধবক্ত্রকঃ।
ইত্যাদ্যাঃ পরিবার্যেশং লক্ষা লক্ষণবর্জ্জিতাঃ॥২৮
সমাবৃত্য মহাদেবং তদোচুস্তে মহেশ্বরাঃ।
দগ্ধুং সমর্থো মনসা ক্ষণেন সচরাচরম্॥ ২৯
সর্ব্বং কিমর্থং ত্রিপুরং পিনাকী
স্বয়ং গতশ্চাত্র গণৈশ্চ সার্দ্ধম্।
রথেন কিঞ্চাত্র শরেণ তস্য
গণৈশ্চ কিং দেবগণৈশ্চ শম্ভোঃ॥ ৩০
কিন্ত্বত্র কারণং হেতদ্দুষ্টানাং প্রত্যয়ায় বৈ।
লোকেষু স্থাপনার্থং বৈ যশঃ পরমলাপহম্॥ ৩
অন্যচ্চ কারণং তুভ্যং বদামি ঋষিসত্তম।
সর্ব্বেষপি চ দেবেষু মন্তা * নান্যো বিশিষ্যতে
তস্মিন্ স্থিতে মহাদেবে রুদ্রে বিততকার্ম্মুকে।
পুরাণি তেন কালেন জগ্মুরেকত্বমাশু বৈ॥ ৩৩
একীভাবং গতেষ্বেব ত্রিপুরত্বমুপাগতে।
বভূব তুমুলো হর্ষো দেবানাং সুমহাত্মনাম্॥ ৩
ততো দেবগণাঃ সর্ব্বে সিদ্ধাশ্চ পরমর্ষয়ঃ।
জয়েতি বাচো মুমুচুস্তুবন্তশ্চাষ্টমূর্ত্তিনম্॥ ৩৫
অথাহ ভগবান্ ব্রহ্মা বিষ্ণুশ্চ জগতাং পতিঃ।
সময়োঽপি তদা জাত একত্বমপি চাগতম্॥ ৩
অথাধিজ্যং ধনুঃ কৃত্বা শর্ব্বঃ সন্ধায় তং শরম্

ইত্যাদি আয়ুধ গ্রহণ করিয়া হস্তী, অশ্ব, রথ, সিংহ, বৃষ প্রভৃতিতে আরোহণ করত গমন করিতে লাগিলেন। তখন দণ্ডপাণি জটাধারী মুনিগণ নৃত্য করিতে লাগিলেন, খেচর সিদ্ধ-চারণগণ পুষ্পবৃষ্টি করিতে লাগিল এবং প্রক্রন্দু, কুন্দদন্ত, কম্পন, প্রকম্পন, ইন্দ্র, ইন্দ্রযব, যন্তা, হিমকর, শতাক্ষ, পঞ্চাক্ষ, সহস্রাক্ষ, মহোদর, শতজিহ্ব, শতাস্য, কঙ্কট, কটপূতন, দ্বিশিরা, ত্রিশিরা, একানন, অজবক্ত্র, হয়বক্ত্র, গজবক্ত্র, অর্দ্ধবক্ত্র ইত্যাদি লক্ষণবর্জ্জিত অসংখ্য গণেশ্বর-গণ, ঈশ্বর দেবদেবের অনুগামী হইয়া সেই পুরত্রয়ে গমন করিতে লাগিল। পরে সেই সকল শিব-গণ মহাদেবসমীপে আগমন করিয়া পরস্পর বলিতে লাগিল,—স্বয়ং যিনি মনে করিলেই ক্ষণকাল মধ্যে এই সচরাচর জগৎ বিনাশ করিতে পারেন, আশ্চর্য্যের বিষয় যে, সেই এই পিনাকী, ত্রিপুর বিনাশের নিমিত্ত গণপরিবৃত হইয়া গমন করিতেছেন! ইহাতে উহাঁর রথেই বা কি প্রয়োজন, শরেই বা প্রয়োজন এবং এই গণ ও দেবগণেই বা প্রয়োজন? তবে যে, দেব এই রথাদি সং করিয়াছেন, ইহা কেবল দুষ্টগণের নিকট স্বমাহ দেখাইবার নিমিত্ত ও লোকে নির্ম্মল যশ বি করিবার নিমিত্তই জানা যাইতেছে। ১৫—৩ হে ঋষিসত্তম শৌনক! আপনাকে আমি আ এক কারণ বলিতেছি, শ্রবণ করুন। স দেবগণের মধ্যে দেব শিবই সর্ব্বজ্ঞ, ত আপেক্ষা আর কেহ শ্রেষ্ঠ বা সর্ব্বজ্ঞ না এহেন মহাদেব রুদ্র যখন সজ্জিতকার্ম্মুক হ রহিলেন, তখন সেই পুরত্রয় এক হইয়া যাই সেই পুরত্রয় এক হইয়া ত্রিপুর নাম ধা করিলে, সুমহাত্মা দেবগণের তুমুল হর্ষ হই পরে দেবতা, সিদ্ধ ও পরম ঋষিগণ "দেবদে জয় হউক" এইরূপ জয়ধ্বনি করত তাঁহার অষ্ট মূর্ত্তিকে স্তব করিতে লাগিলেন। তদন ব্রহ্মা ও জগৎপতি বিষ্ণু বলিলেন,—হে দে সময়ও হইয়াছে এবং পুরত্রয় মিলিতও হ য়াছে। পরে মহাদেব চাপে গুণ আরো

* যত ইতি বা পাঠঃ।

...য়া পাশুপতাস্ত্রেণ ত্রিপুরং অচিন্তয়ৎ ॥ ৩৭
...ন্নায়াস্তি দেবেশ বিপ্রয়োগং পুরাণি বৈ ।
...থ দেবো মহাদেবঃ সাবজ্ঞং তদবৈক্ষত ॥ ৩৮
...ত্রয়ং বিরূপাক্ষস্তং ক্ষণাদ্ভস্মসাৎকৃতম্ ।
...রমপাথ দেবেশ বীক্ষণেন জগন্ময়ম্ ॥ ৩৯
...মদ্যশোবিবৃদ্ধ্যর্থং শরং মোক্তুমিহার্হসি ।
...ক্ষণাৎ ত্রিপুরং দগ্ধা ত্রিপুরং তচ্ছরঃ ক্ষণাৎ ॥
...বদেবং নমস্কৃত্য সমাসাদ্য ব্যবস্থিতঃ ।
...ক্তে পুরত্রয়ং দগ্ধং দৈত্যকোটিশতৈর্বৃতম্ ॥ ৪১
...ণা তেন কল্পান্তে রুদ্রেণেব জগন্ময়ম্ ।
...পূজয়ন্তি তত্রাপি দৈত্যা রুদ্রং সবান্ধবাঃ
...গণপত্যং যযুঃ সর্ব্বে ভবপূজাবিবর্দ্ধনাৎ ॥ ৪২
কিঞ্চিদব্রুবন্ দেবাঃ সেন্দ্রোপেন্দ্রাদয়স্তদা ।
...স্থাদেবং নিরীক্ষ্যৈব দেবীং হিমবৎসুতাম্ ॥ ৪৩
...ষ্টা ভীতং তদানীকং দেবানামৃষিপুঙ্গবাঃ

কিমেতদিত্যহস্তদা দেবাঃ প্রণেমুস্তে সমন্ততঃ ॥ ৪৪
তুষ্টাব তুষ্টহৃদয়ো ব্রহ্মা দেবৈঃ সমাহিতঃ ।
বিষ্ণুনা চ ভবং দেবং ত্রিপুরারিং মহেশ্বরম্ ॥ ৪৫

পিতামহ উবাচ ।

প্রসীদ দেবদেবেশ প্রসীদ পরমেশ্বর ।
প্রসীদ জগতাং নাথ প্রসীদানন্দদায়ক ॥ ৪৬
ওঙ্কারায় নমস্তুভ্যমগুণায় নমোঽস্তু তে ।
সগুণায় নমস্তুভ্যং সর্ব্বেশায় নমোঽস্তু তে ॥ ৪৭
সর্ব্বশিবায় শান্তায় মহেশায় পিনাকিনে ।
সর্ব্বজ্ঞায় শরণ্যায় সদ্যোজাতায় তে নমঃ ॥ ৪৮
কৃত্বৈবং দেবতাঃ সর্ব্বা নমস্কারং পৃথক্ তদা ।
চক্রুস্তে পরমপ্রীতাঃ প্রার্থয়ন্তঃ সদাশিবম্ ॥ ৪৯

ব্রহ্মোবাচ ।

ভগবন্ দেবদেবেশ ত্রিপুরান্তক শঙ্কর । ৫০
যদি ভক্তিঃ পরা মেঽস্তু প্রসীদ পরমেশ্বর ।
প্রসীদ ভক্তির্দেবেশ সম্প্রত্যস্তু সর্ব্বদা ॥ ৫১
জনার্দনোঽপি ভগবান নমস্কৃত্য হরং স্বয়ম্ ।

করিয়া পাশুপত অস্ত্র যোজিত করত সেই ত্রিপুর লক্ষ্য করিয়া শরসন্ধান করিয়াই চিন্তা করিতে লাগিলেন। তখন ব্রহ্মা বলিলেন,—হে দেবেশ! এই ত্রিপুর যেন বিশ্লিষ্ট না হয়। ব্রহ্মার এতাদৃশ বাক্য শ্রবণে মহাদেব সেই ত্রিপুরে অবজ্ঞাপূর্ব্বক এইরূপে দৃষ্টিনিক্ষেপ করিলেন, যেন সেই দৃষ্টিনিক্ষেপে পুরত্রয় ভস্ম হইয়া যাইল। তাহা দেখিয়া ব্রহ্মা বলিলেন,—হে দেবেশ! কটাক্ষপাতেই এই ত্রিজগৎকে দগ্ধ করিতে সমর্থ হইয়াও কেবল আমাদিগের কীর্ত্তিবর্দ্ধনের নিমিত্ত আপনাকে ঐ ত্রিপুর উদ্দেশে শরনিক্ষেপ করিতে হইবে। সেই সময় শিবমুখ শর ত্রিপুরে আগমন করিয়া তাহাকে দগ্ধ করত দেবদেবকে নমস্কারপূর্ব্বক সেই স্থানেই অবস্থান করিতে লাগিল। সেই শতকোটি দৈত্য-পরিবৃত পুরত্রয় শিববাণে দগ্ধ হইয়া, প্রলয়কালে রুদ্রকর্তৃক দগ্ধ ত্রিজগতের ন্যায়, শোভমান হইল। তাহার মধ্যে যে সকল দৈত্য সবান্ধবে রুদ্রকে পূজা করিল, তাহারা শিবপূজার প্রভাবে গাণপত্য লাভ করিল। ৩২—৪২। বিষ্ণু পুরন্দর প্রভৃতি সুরপতিগণ, তদানীন্তন পার্ব্বতী পরমেশ্বরের রূপ অবলোকনে ভীত দেবসৈন্যগণকে দেখিয়া কিছু বলিলেন না; কিন্তু দেবগণ "একি হইল" বিস্ময়-বিহ্বলচিত্তে এইরূপ বলিয়া চতুর্দ্দিকে দেবদেবকে নমস্কার করিলেন। তৎপরে ব্রহ্মা ও বিষ্ণু, সকল দেবগণের সহিত সন্তুষ্ট-হৃদয়ে ত্রিপুরারি মহেশ্বর ভবকে স্তব করিতে লাগিলেন। পিতামহ বলিলেন,—হে পরমেশ্বর দেবদেবেশ! হে আনন্দদায়ক জগন্নাথ! আপনি প্রসন্ন হউন। হে ওঙ্কাররূপিন্! আপনাকে নমস্কার। হে সর্ব্বেশ! আপনি নির্গুণ হইয়াও সগুণ, আপনাকে নমস্কার। হে সর্ব্বশিব শান্ত! হে মহেশ! হে পিনাকিন্! সর্ব্বজ্ঞ, শরণ্য, সদ্যোজাত আপনাকে আমরা নমস্কার করি। সকল দেবগণ এইরূপ স্তব করত পরম আনন্দিত-হৃদয়ে সদাশিবকে পৃথক্ পৃথক্ প্রণাম করিয়া প্রার্থনা করিতে লাগিলেন। ব্রহ্মা বলিলেন,—হে ভগবন্ দেবদেবেশ ত্রিপুরান্তক শঙ্কর! হে পরমেশ্বর! যদি আপনাতে আমাদিগের ভক্তি থাকে, প্রসন্ন হইয়া এরূপ বর দান করুন। হে দেবেশ! কৃপাকটাক্ষ দ্বারা প্রসন্ন হইয়া এই দেবগণকে ভক্তিদান করান

কৃতাঞ্জলিপুটো ভূত্বা প্রাহ দেবঞ্চ শঙ্করম্॥ ৫২
নির্গুণায় নমস্তভ্যং পুনশ্চ সগুণায় চ।
পুনঃ প্রকৃতিরূপায় পুনশ্চ পুরুষায় চ॥ ৫৩
পশ্চাদ্‌গুণস্বরূপায় অতো বিশ্বাত্মনে নমঃ।
ভক্তিপ্রিয়ায় শান্তায় শিবায় পরমাত্মনে॥ ৫৪
সদাশিবায় রুদ্রায় জগতাং পতয়ে নমঃ।
ত্বয়ি ভক্তির্দৃঢ়া মেঽদ্য বর্দ্ধমানা ভবত্বিতি॥ ৫৫
সর্ব্বে দেবা প্রণম্যোচুস্ততশ্চ পরমেশ্বরম্।
প্রসীদ জগতাং নাথ প্রসীদ পরমেশ্বর॥ ৫৬
প্রসীদ সর্ব্বকর্ত্তা ত্বং নমামঃ শঙ্করং মুদা।
ত্বয়ি ভক্তির্দৃঢ়াস্মাকং নিত্যং স্থাদনপায়িনী॥ ৫৭
ইতি স্তুতঃ স দেবেশঃ শঙ্করো লোকশঙ্করঃ।
প্রসন্নোঽস্মি বরং ব্রূত বচনং হ্যুক্তবাংস্তদা॥৫৮

সর্ব্বদেবা উচুঃ।

যদি প্রসন্নো ভগবন্ যদি দেয়ো বরস্ত্বয়া।
যদা দুঃখন্তু দেবানাং জায়তে দেবসত্তম॥ ৫৯
তদা ত্বং প্রকটীভূত্বা দুঃখং নাশয় সর্ব্বদা।
ইত্যুক্তো ভগবান্ রুদ্রস্তথা চাস্ত্ব নিরন্তরম্॥ ৬০
স্তবেনানেন তুষ্টোঽস্মি দাস্যামি সর্ব্বদা ধ্রুবম্।
যদভীষ্টতমং লোকে তং সর্ব্বঞ্চ প্রদত্তবান॥ ৬১
এতস্মিন্নন্তরে তে বৈ মুণ্ডিনশ্চ সমাগতাঃ।
প্রণম্যোচুশ্চ তান সর্ব্বান্ বয়ং কিং করবামহে॥৬
তেষাং তদ্বচনং শ্রুত্বা বিষ্ণুব্রহ্মাদয়োঽব্রুবন্।
তাবন্মরুস্থলী সেব্যা যাবৎ কলিঃ সমাব্রজেৎ॥ ৬
নমস্কৃত্য গতাস্তত্র যথোদ্দিষ্টং সমাশ্রয়ম্।
তে সর্ব্বে চ তদাজ্ঞপ্তা দেবা ধাম স্বকং যযুঃ॥৬৪
শৃণোতীহ সদা যো বৈ সর্ব্বান্ কামানবাপ্নুয়াৎ॥

ইতি শ্রীশৈবে মহাপুরাণে জ্ঞানসংহিতায়াং
ত্রিপুরবধো নাম চতুর্ব্বিংশোঽধ্যায়ঃ॥ ২৪

প্রদান করুন। ৪৩—৫১। পরে ভগবান্ জনার্দ্দন বিষ্ণুও মহেশ্বরকে নমস্কার করিয়া কৃতাঞ্জলিপুটে স্তব করিতে লাগিলেন,—হে প্রকৃতিপুরুষরূপিন্! যিনি নির্গুণ হইয়াও সগুণস্বরূপী, সেই আপনাকে ভূয়োভূয়ঃ নমস্কার করি। হে গুণস্বরূপিন্! হে বিশ্বাত্মন্! আপনাকে আমার পুনঃপুনঃ নমস্কার। হে ভক্তিপ্রিয় শান্ত পরমাত্মন্ শিব! হে জগৎপতে সদাশিব রুদ্র! আপনাকে নমস্কার করি। প্রসন্ন হইয়া এই বর দান করুন, যেন আপনাতে আমার ভক্তি বৃদ্ধি পাইতে থাকে। তাহার পর সকল দেবগণ পরমেশ্বরকে নমস্কার করত প্রার্থনা করিলেন,—হে জগন্নাথ পরমেশ্বর! আপনি এই দেবগণের প্রতি প্রসন্ন হউন। হে শঙ্কর! আপনি সর্ব্বকর্ত্তা, হে দেবেশ! আমরা নমস্কার করিতেছি, যেন আপনাতে আমাদিগের দৃঢ়ভক্তি অবিনশ্বরী হইয়া নিয়ত অবস্থান করে। লোকশুভঙ্কর সর্ব্বদেবেশ শঙ্কর এইরূপে দেবগণ কর্তৃক স্তুত হইয়া বলিলেন,—হে দেবগণ! আমি সন্তুষ্ট হইয়াছি, তোমরা অভিলষিত বর প্রার্থনা কর। ৫২—৫৮। তখন দেবগণ বলিলেন,—হে ভগবন্! যদি প্রসন্ন হইয়া আমাদিগের প্রতি বরদানোন্মুখ হইয়াছেন, তাহা হইলে এই প্রার্থনা,—হে দেবসত্তম! যখন দেবগণের দুঃখ হইবে তখন আপনি আবির্ভূত হইয়া এই শরণাগত দেবগণের দুঃখ নাশ করিবেন। দেবগণের এই প্রার্থনা শুনিয়া ভগবান্ রুদ্র "তথাস্তু" বলিয়া অঙ্গীকার করিলেন, আর "হে দেবগণ! তোমাদিগের স্তবে আমি সন্তুষ্ট হইয়াছি, অতএব এই ত্রিলোকের মধ্যে তোমাদিগের যাহা যাহা অভিলষিত আছে, তাহা তোমাদিগকে ইহলোকেই দান করিতেছি" এই বলিয়া তিনি সকল অভিলষিত প্রদান করিলেন এই অবকাশে সেই মুণ্ডিগণ সমাগত হইয়া প্রণাম করত সেই দেবগণকে বলিল,—আমাদের এখন কি করিতে হইবে? তাহাদিগের তাদৃশ বাক্য শ্রবণ করিয়া, ব্রহ্মা বিষ্ণু প্রভৃতি দেবগণ বলিলেন,—যে পর্য্যন্ত কলিযুগ আগমন না করে, সে পর্য্যন্ত তোমরা মরুভূমিতে যাইয়া বাস কর। সেই মুণ্ডিগণ এইরূপ আদেশ পাইয়া, যথোদ্দিষ্ট স্থানে আশ্রয় গ্রহণ করিল, আর দেবগণও স্ব স্ব ধামে গমন করিলেন। যে এই ত্রিপুর-বিজয়োপাখ্যান কীর্ত্তন করে, সে

প্রসীদ দেবদেবেশ প্রসীদ পুরুষোত্তম।
প্রসীদ জগতাং নাথ প্রসীদ করুণাকর ॥ ১৩
ইতি স্তুতস্তদা দেবৈঃ প্রসন্নো জগদীশ্বরঃ।
দর্শয়ামাস রূপং স্বং দর্শয়ন্‌ ভক্তবশ্যতাম্‌ ॥ ১৪
উচুস্তে চ তদা দেবা জয়েতি চ শুভং বচঃ।
তান্‌ দৃষ্ট্বা চ তদা বিষ্ণুরব্রবীৎ পরমং বচঃ ॥ ১৫
কথং সমাগতা যূয়ং কিং কার্য্যং বিদ্যতেঽধুনা।
ইতি পৃষ্টাস্তদা তেন অব্রুবন বচনং শুভম্‌ ॥ ১৬

ব্রহ্মাদ্যা উচুঃ।

কৃপয়া তব দেবেশ সর্ব্বং দুঃখং ব্যলীয়ত।
তথাপি পৃচ্ছ্যতে ত্বঞ্চ সর্ব্বদেবহিতায় বৈ ॥ ১৭
নিত্যং সেবা তু কস্যৈব কার্য্যা দুঃখাপহা ধ্রুবম্‌।
ময়া চ দৈবতৈঃ সর্ব্বৈর্যৎ সেব্যাঃ কোপদিশ্যতাম্‌ ॥
ইত্যেতদ্বচনং শ্রুত্বা ভগবান্‌ বাক্যমব্রবীৎ ॥ ১৯

শ্রীভগবানুবাচ।

ভো ব্রহ্মন শ্রূয়তাং সম্যক্‌ শ্রুতঞ্চ ভবতা পুরা।
তথাপি কথ্যতে তুভ্যং দেবেভ্যশ্চ তথা পুনঃ
দৃশ্যঞ্চ * দৃশ্যতেঽদ্যৈব কি পুনঃ পৃচ্ছ্যতেঽধুনা
যদি সেব্যঃ সদা দেবাঃ শঙ্করঃ সর্ব্বদুঃখহা।
মমাপি কথিতং তেন ব্রহ্মণোঽপি বিশেষতঃ ॥ ২
প্রস্তুতঞ্চৈব দৃষ্টঞ্চ সর্ব্বং দৃষ্টান্তমদ্ভুতম্‌।
সন্ত্যজ্য দেবদেবেশং লিঙ্গমূর্ত্তিং মহেশ্বরম্‌ ॥ ২২
তারপুত্রাস্তথৈতে বৈ নষ্টাস্তে চৈব বান্ধবাঃ।
ময়া চ মোহিতাস্তে বৈ মায়য়া দূরতঃ কৃতাঃ ॥ ২৩
সর্ব্বে বিনষ্টাঃ প্রধ্বস্তাঃ শিবেন রহিতা যদা।
তস্মাৎ সদা পূজনীয়ো লিঙ্গমূর্ত্তিধরো হরঃ ॥ ২১
যদি সুখং সুরেশাশ্চ নৈরন্তর্য্যং ভবেদিহ।
পূজনীয়ঃ শিবো নিত্যং শ্রদ্ধয়া দেবপুঙ্গবৈঃ ॥ ২৫
সর্ব্বলিঙ্গময়ো দেবঃ সর্ব্বলিঙ্গে প্রতিষ্ঠিতঃ।
তস্মাৎ সম্পূজয়েন্নিত্যং যদীচ্ছেৎ সিদ্ধিমাত্মনঃ ॥ ২৬

বিতরণ করুন। এইরূপ স্তব করিয়া সেই দেবগণ “পুরুষোত্তমের জয় হউক” এইরূপ জয়ধ্বনি করত পুনর্ব্বার স্তব করিতে লাগিলেন,—হে দেবেশ পুরুষোত্তম! প্রসন্ন হউন। হে করুণাকর জগন্নাথ! এই সেবকগণের প্রতি প্রসন্ন হউন। দেবগণের এইরূপ স্তবে প্রসন্ন হইয়া জগদীশ্বর বিষ্ণু দেবগণকে স্বকীয় স্বরূপ দেখাইয়া, আপনার ভক্তাধীনতা প্রকাশ করিলেন। ১—১৪। সেই সময় দেবগণ ভূয়োভূয়ঃ জয়ধ্বনি করিতে লাগিলেন। বিষ্ণু সেই দেবগণকে অবলোকন করিয়া পরম শ্রুতিসুখকর বাক্যে বলিলেন,—হে দেবগণ! তোমরা কি নিমিত্ত আগমন করিয়াছ, এখন তোমাদের কি কার্য্য আছে? বিষ্ণু কর্ত্তৃক এইরূপ জিজ্ঞাসিত হইয়া ব্রহ্মাদি দেবগণ বলিলেন,—হে দেবেশ! আপনার কৃপায় আমাদিগের সকল দুঃখ বিনষ্ট হইয়াছে, তথাপি সকল দেবগণের হিতের নিমিত্ত এই জিজ্ঞাসা করিতেছি যে, নিয়ত কাহার সেবা করিলে সকল দুঃখ বিনষ্ট হয়? আর সেই দুঃখনাশের নিমিত্ত আমরা কাহাকে সেবা করিব, সেই উপদেশ প্রদান করুন। ব্রহ্মাদি দেবগণের তাদৃশ বাক্য শ্রবণে ভগবান বিষ্ণু বলিলেন, হে ব্রহ্মন্‌! আপনার প্রষ্টব্য বিষয় বলিতেছি শ্রবণ করুন। ইহা আপনিও পূর্ব্বে শুনিয়াছিলেন; তাহা হইলেও আমি পুনর্ব্বার আপনার ও দেবগণের সকাশে বলিতেছি শ্রবণ করুন সর্ব্বদুঃখ নাশের নিমিত্ত শঙ্কর যে সদা সেবনীয়. হে দেবগণ! ইহা তোমরা পূর্ব্বে দেখিয়াছ ও এখনও দেখিতেছ, তবে কেন পুনর্ব্বার জিজ্ঞাসা করিতেছ? এ বিষয় সেই দেবেশ্বর মহাদেব, আমার ও ব্রহ্মার সমক্ষে বিশেষরূপে বলিয়াছেন। আর তোমরা ইহার অদ্ভুত প্রকৃত দৃষ্টান্তও দেখিতে পাইয়াছ, তাহার শেষে যে কি হইল, তাহাও দেখিয়াছ,—এই তারকপুত্রগণ লিঙ্গমূর্ত্তি দেবেশ মহেশ্বরকে অনাদর করিয়া সবান্ধবে বিনষ্ট হইল। আমি প্রথমতঃ তাহাদিগকে মায়ায় মোহিত করিয়া দূর করিয়া দিলাম; পরে যখন ইহারা শিবকে অবজ্ঞা করিতে লাগিল তখন সকলে বিনষ্ট হইল। অতএব হে সুরেশ্বরগণ! যদি নিরন্তর সুখলাভ বাসনা থাকে, তাহা হইলে সর্ব্বদা লিঙ্গমূর্ত্তিধর হরকে পূজা করা উচিত। এক্ষণে এই দেবপুঙ্গবগণেরও

* দৃষ্টমিতি চ পাঠঃ কচিদ্দৃশ্যতে।

আরকূটময়ং বায়ুরশ্বিনৌ পার্থিবং তদা ॥ ৪১
লক্ষ্মীশ্চ স্ফাটিকং দেবী আদিত্যাস্তাম্রনির্ম্মিতম্।
মৌক্তিকং সোমরাজো বৈ বজ্রলিঙ্গং বিভাবসুঃ॥৪২
মৃন্ময়ঞ্চৈব বিপ্রেন্দ্রা বিপ্রপত্ন্যস্তথৈব চ।
চন্দনেন কৃতং যত্নৈ ময়ঃ পূজয়তে শিবম্ ॥৪৩
অনন্তাদ্যাস্তথা নাগাঃ প্রবালকময়ং শিবম্।
দৈত্যাশ্চ গোময়ং লিঙ্গং রাক্ষসাশ্চ মহাবলাঃ ॥৪৪
লোহময়ং তথা লিঙ্গং পিশাচাঃ পূজয়ন্তি হি।
শিবা দেবী সদা পূজ্যা নবনীতবিনির্ম্মিতম্ ॥ ৪৫
দারুজং নির্ঋতির্ভক্ত্যা যোগী ভস্মময়ং তথা।
সূর্য্যপত্নী পিষ্টময়ং ব্রহ্মাণী রত্নসম্ভবম্ ॥ ৪৬
দধিময়ং তথা যক্ষাঃ পূজয়ন্তি নিরন্তরম্।
এবংবিধানি লিঙ্গানি দত্তানি বিশ্বকর্ম্মণা ॥ ৪৭
তে পূজয়ন্তি সর্ব্বে বৈ দেবা ঋষিগণাস্তথা।
ব্রহ্মা চৈব তথা বিষ্ণুরন্যে দেবাশ্চ যে পুনঃ ॥ ৪৮
পূজয়ন্তি তদা দেবং নিত্যং সিদ্ধিসমীহয়া।

ইন্দ্রনীল মণিময়, ব্রহ্মা স্বর্ণময়, বিশ্বদেব ও বসুগণ রৌপ্যময়, বায়ু আরকূটময় (পিত্তলময়), অশ্বিনীকুমার মৃত্তিকাময়, লক্ষ্মী স্ফটিকময়, আদিত্যগণ তাম্রময়, চন্দ্র মুক্তাময়, অগ্নি হীরকময়, বিপ্র ও বিপ্রপত্নীগণ মৃত্তিকাময়, ময়দানব চন্দনময়, অনন্তাদি নাগগণ প্রবালময়, পিশাচগণ লৌহময় এবং দৈত্য ও রাক্ষসগণ গোময় নির্ম্মিত লিঙ্গের পূজা করিয়া থাকে। আর শচী প্রভৃতি দেবীগণ-পূজিতা পার্ব্বতী, নবনীত-নির্ম্মিত লিঙ্গের পূজা করিয়া থাকেন, নিঋতি দারুনির্ম্মিত লিঙ্গের পূজা করিয়া থাকেন, যোগী ভস্মনির্ম্মিত লিঙ্গের পূজা করেন এবং সূর্য্যপত্নী ছায়া পিষ্টকময়, ব্রহ্মাণী রত্নময় ও যক্ষগণ দধিময় লিঙ্গের পূজা করেন। বিশ্বকর্ম্মা এইরূপ অধিকারানুসারে সকলকে লিঙ্গমূর্ত্তি প্রদান করেন। ২৯—৪৭। সেই অবধি সকল দেব ও ঋষিগণ বিশ্বকর্ম্ম-সকাশে সেই লিঙ্গমূর্ত্তি প্রাপ্ত হইয়া তাঁহার পূজা করিয়া থাকেন এবং ব্রহ্মা, বিষ্ণু ও অন্যান্য দেবগণ সিদ্ধিলাভের বাসনায় সেই অবধি বিশ্বকর্ম্ম-সকাশে প্রাপ্ত লিঙ্গমূর্ত্তির নিয়ত পূজা করেন।

তথা কৃত্বা চ লিঙ্গানি দেবানাং হিতকাম্যয়া ॥ ৪৯
পূজাবিধিং সমাচখ্যৌ ব্রহ্মণেঽনন্তশক্তয়ে।
তচ্ছ্রুত্বা বচনং বিষ্ণোর্ব্রহ্মা দেবগণৈঃ সহ ॥ ৫০
জগাম চ স্বকং ধাম হর্ষনির্ভরমানসঃ।
বিষ্ণুশ্চান্তর্হিতস্তত্র হ্যুপদিশ্য তথাবিধম্ ॥ ৫১
তত্রাগত্য ঋষীন্ সর্ব্বান্ দেবাংশ্চৈব তথা পুনঃ
শিবপূজাবিধিং সম্যক্ কথয়ামাস নিশ্চলঃ ॥ ৫২
যং বিধিঞ্চ তথা কৃত্বা লোকানাং ফলমুত্তমম্।
ভবতীতি সুনিশ্চিত্য তস্মাৎ পূজ্যো হরঃ সদা ॥

ইতি শ্রীশৈবে মহাপুরাণে জ্ঞানসংহিতায়াং পূ
বিধানং নাম পঞ্চবিংশোঽধ্যায়ঃ ॥ ২৫ ॥

ষড়্বিংশোঽধ্যায়ঃ।

ঋষয় ঊচুঃ।

সূত সূত মহাভাগ কিং জাতং তদনন্তরম্।
ব্রহ্মণা চ কথং প্রোক্তঃ পূজাবিধিঃ শিবস্য চ

বিষ্ণু এইরূপে দেবগণের হিতের নিমিত্ত লি মূর্ত্তি নির্ম্মাণ করিয়া অনন্তশক্তি ব্রহ্মাকে শি পূজা বিধি বলিলেন। ব্রহ্মা, বিষ্ণু সক সেই শিবপূজা বিধি শ্রবণ করিয়া হর্ষনি মানসে দেবগণের সহিত স্ব স্ব ধামে গ করিলেন। বিষ্ণুও এইরূপ শিবপূজাবি উপদেশ দান করিয়া অন্তর্হিত হইলেন ব্রহ্মাও, "যে পূজাবিধি অনুষ্ঠান করিলে উ ফল লাভ হয়, সেই পূজাবিধি সকলকে উপদে দান করিব" এইরূপ কৃতনিশ্চয় হইয়া স্ব আগমন করত সমাহিতচিত্তে সকল দেব ও ঋ গণকে শিবপূজা বিধি উপদেশ করিলেন অতএব হে ঋষিসত্তমগণ! সকলের সর্ব্ব শিবপূজা করা অবশ্য কর্ত্তব্য। ৪৮—৫৩।

পঞ্চবিংশ অধ্যায় সমাপ্ত ॥ ২৫ ॥

ষড়্বিংশ অধ্যায়।

ঋষিগণ বলিলেন,—হে মহাভাগ সূত ইহার পর কি কি ঘটনা হইয়াছিল এ

নিষ্কলং সর্ব্বগং জ্ঞেয়ং যোগিনাং হৃদি সংস্থিতম্ ॥
লিঙ্গন্তু দ্বিবিধং প্রোক্তং বাহ্যমাভ্যন্তরং দ্বিজাঃ।
বাহ্যং স্থূলং মুনিশ্রেষ্ঠাঃ সূক্ষ্মমভ্যন্তরং শুভম্ ॥১৫
কর্ম্মযজ্ঞরতা যে চ স্থূললিঙ্গার্চ্চনে রতাঃ।
অসতাং ভাবনার্থায় সূক্ষ্মে তু স্থূলবিগ্রহম্ ॥ ১৬
আধ্যাত্মিকন্তু যল্লিঙ্গং প্রত্যক্ষং যস্য নো ভবেৎ।
তস্য লিঙ্গে তথা স্থূলে কল্পয়েচ্চ ন চান্যথা ॥ ১৭
জ্ঞানিনাং সূক্ষ্মমমলং ভবেৎ প্রত্যক্ষমব্যয়ম্।
যস্মাৎ স্থূলমযুক্তানাং মৃৎকাষ্ঠাদৌ প্রকল্পিতম্ ॥১৮
অহো বিচারতো নাস্তীত্যন্যে তত্ত্বার্থবাদিনঃ।
নিষ্কলং সকলং চিত্তে সর্ব্বং শিবময়ং জগৎ ॥১৯
এবং জ্ঞানবিমুক্তানাং নাস্তি দোষবিকল্পনা।
বিধিশ্চৈব তথা নাস্তি বিহিতাবিহিতে তথা ॥ ২০
যথা জলে চ কমলং জলেন চ ন লিপ্যতে।
তথা জ্ঞানী গৃহে তিষ্ঠন কর্ম্মণা ন স বধ্যতে ॥২১
ইতি জ্ঞানং সমুৎপন্নং যাবন্নৈব নরস্য চ।
তাবচ্চ কর্ম্মণা দেবং শিবমারাধয়েন্নরঃ ॥ ২২
প্রত্যয়ার্থঞ্চ জগতামেকস্থোঽপি দিবাকরঃ।
একোঽপি বহুধা দৃষ্টো জলাধারেষু সুব্রতাঃ ॥ ২৩
দৃশ্যতে শ্রূয়তে যদ্যৎ তত্তদ্বিদ্ধি শিবাত্মকম্।
ভেদো জনানাং লোকেঽস্মিন্ প্রতিভাসো বিচারে
এবমাহুস্তদা চান্যে সর্ব্বে বেদার্থতত্ত্বগাঃ।
হৃদি সংসারিণাং সাক্ষাৎ সকলঃ পরমেশ্বরঃ ॥ ২৫
ইতি বিজ্ঞানযুক্তস্য কিং তস্য প্রতিমাদিভিঃ।
ইতি বিজ্ঞানহীনস্য প্রতিমাকল্পনা শুভা ॥২৬
পদমুচ্চৈঃ সমারোঢ়ুং পুংসো নালম্বনং স্মৃতম্।
নালম্বনং বিনা তস্য পদমুচ্চৈঃ সুদুষ্করম্ ॥ ২৭
নির্গুণপ্রাপ্তয়ে নৃণাং প্রতিমালম্বনং স্মৃতম্।
সগুণান্নির্গুণপ্রাপ্তির্ভবতীতি সুনিশ্চিতম্ ॥ ২৮

বিচার থাকে না। অতএব ধ্যানযোগকেই জ্ঞাননিধি বলিয়া জানিবে ঐ যে যোগিগণের হৃদয়ে পরম আনন্দকর বিশুদ্ধ কূটস্থ নিরবয়ব সর্ব্বব্যাপী শিবলিঙ্গ অধিষ্ঠিত থাকেন লিঙ্গ দুই প্রকার বলিয়া কথিত,—বাহ্যলিঙ্গ ও আভ্যন্তর লিঙ্গ। বাহ্যলিঙ্গ স্থূল; আভ্যন্তর লিঙ্গ সূক্ষ্ম ও স্থূল অপেক্ষা শ্রেষ্ঠতর। যাহারা কর্ম্মযজ্ঞ-রত, তাহারা স্থূললিঙ্গের অর্চ্চনা করিয়া থাকে; অজ্ঞানী লোকের সূক্ষ্ম-লিঙ্গে ভক্তি-উদয়ের নিমিত্ত লিঙ্গের স্থূল বিগ্রহ জানিবে। যে অজ্ঞানী ব্যক্তির আধ্যাত্মিক লিঙ্গ প্রত্যক্ষ হন না, সেই পুরুষের আভ্যন্তর লিঙ্গে ভক্তির নিমিত্ত স্থূললিঙ্গ দ্বারা আভ্যন্তরিক লিঙ্গের কল্পনা করিবে; তদ্ব্যতিরিক্ত স্থূল-লিঙ্গের আবশ্যকতা নাই। জ্ঞানীদিগেরই সূক্ষ্ম অমল অব্যয় লিঙ্গ প্রত্যক্ষ হইয়া থাকে; কারণ অজ্ঞানীদিগের স্থূল-লিঙ্গ মৃৎকাষ্ঠাদিতেই কল্পিত হইয়াছে। তত্ত্বার্থবাদীরা বলেন যে, বিচার করিয়া দেখিলে এ জগতে আর কিছুই নাই, কেবল সেই জ্ঞানীদিগের হৃদয়ে "জগৎ সকল নিষ্কল শিবময়" ইহাই ভাসমান থাকে। জ্ঞান-বিমুক্তগণের এই প্রকার বিধি, নিষেধ, দোষবিকল্পনা প্রভৃতি কিছুই নাই, যেরূপ জলস্থিত পদ্ম জলের সহিত লি[illegible] থাকে না, সেইরূপ জ্ঞানী ব্যক্তি গৃহে থাকিয়া কর্ম্মে লিপ্ত হন না। অতএব যে পর্য্যন্ত এ[illegible] জ্ঞান উৎপন্ন না হয়, সে পর্য্যন্ত কর্ম্ম দ্বা[illegible] শিবকে আরাধনা করিবে ১১—২২। [illegible] সুব্রতগণ। দেখুন, জগতের এই প্রত্যয় জন্মা[illegible] বার নিমিত্ত এক দিবাকর এক স্থানে থাকিয়া জলাধার-নিকরে বিম্ব-প্রতিবিম্ব ভাবে নানাবি[illegible] দৃষ্ট হইয়া থাকেন। এ জগতে যাহা যা[illegible] দেখা যায় ও যাহা যাহা শুনিতে পাও[illegible] যায়, সে সকলই শিবময় জানিবে। [illegible] জগতে লোকের ভেদজ্ঞান বিচার করি[illegible] দেখিলে কেবল বিম্ব-প্রতিবিম্বের জ্ঞান জানিবে। বেদার্থ-তত্ত্ববেত্তা পণ্ডিতগণ ইহা বলিয়া থাকেন যে, সংসারিগণের হৃদয়ে সগু[illegible] পরমেশ্বর বিরাজমান থাকেন। যাঁহারা এইরূ[illegible] বিজ্ঞানী, তাঁহাদিগের আর প্রতিমাদিতে [illegible] প্রয়োজন? আর যাহারা বিজ্ঞানহীন, তাহা[illegible] দিগের প্রতিমাকল্পনাই শুভকরী। যাহা[illegible] উচ্চ স্বর্গাদি পদে আরোহণাভিলাষী, তাহ[illegible] দিগের লিঙ্গ ব্যতীত আর কিছুই অবলম্বন নাই। সেই উচ্চ পদে আরুরুক্ষুগণের আলম্বন ব্যতীত উচ্চ পদে আরোহণ করা দুষ্কর

যদি ভবতি লোকেঽস্মিন্ দর্শনাং পাপহারকঃ।
তীর্থানি শ্লাঘয়ন্তীহ তাদৃশমৃষিসত্তমাঃ॥ ৪৪
তাদৃশান্যেব তীর্থানি ন দেবা মৃচ্ছিলাময়াঃ।
তে পুনন্ত্যুরুকালেন বিজ্ঞানী দর্শনাদপি॥ ৪৫
যাবদ্‌গৃহাশ্রমে তিষ্ঠেৎ তাবদাকারপূজনম্।
শিবস্য প্রতিমা বাপি শিবায়াঃ প্রতিমা তথা॥ ৪৬
বিষ্ণোশ্চৈব প্রযত্নেন সূর্য্যস্যৈবাথ বা পুনঃ।
গণপতের্বা পুনস্তত্র পঞ্চায়তনমুত্তমম্॥ ৪৭
অথবা চ শিবঃ পূজ্যো মূলমেব বিশিষ্যতে।
মূলে সিক্তে যথা শাখাস্তৃপ্তাঃ সন্তি মুনীশ্বরাঃ॥৪৮
শাখাস্বেব তৃপ্তায়াং মূলং তৃপ্তং ন কর্হিচিৎ।
শিবে চ পূজিতে দেবাঃ পূজিতাঃ সর্ব্ব এব হি॥৪৯
তস্মাচ্চ পূজয়েদ্দেবং ত্র্যম্বকং লোকশঙ্করম্।
সর্ব্বকামফলাবাপ্ত্যৈ সর্ব্বভূতহিতে রতম্॥ ৫০

ইতি শ্রীশৈবে মহাপুরাণে জ্ঞানসংহিতায়াং পূজা-প্রকরণং নাম ষড়্‌বিংশোঽধ্যায়ঃ॥ ২৬॥

গৃহাশ্রমস্থিত ব্যক্তির মধ্যে দুর্লভ। যদিচ কখনও দেখা যায়, তাহা হইলে তাঁহার দর্শনে অখিল পাপ নাশ হয়। হে ঋষিসত্তমগণ! তীর্থ অপেক্ষা তাদৃশ পুরুষ শ্লাঘনীয় জানিবে। কি জলময় তীর্থ, কি শিলা-মৃন্ময় দেবতা, কেহই তাদৃশ পুরুষের সদৃশ হইতে সক্ষম হন না। কেননা, সেই তীর্থ ও দেবতা দীর্ঘকালে পবিত্রতাসাধন করেন, আর ঐ বিজ্ঞানী পুরুষ দর্শনমাত্রেই পবিত্রতাসাধক। যে পর্য্যন্ত গৃহস্থাশ্রমে থাকিবে, সে পর্য্যন্ত প্রতিমাপূজায় রত থাকিবে। ঐ প্রতিমা শিবের বা দেবী শর্ব্বাণীরই হইবে বা দেব বিষ্ণুর কিংবা সূর্য্যেরই হইবে, অথবা দেব গণপতিরই হইবে, কারণ এই পাঁচ আয়তনই শ্রেষ্ঠ। কিংবা মাত্র মূল শিবকে পূজা করিবে, যেহেতু মূলই সর্ব্বাপেক্ষা শ্রেষ্ঠতম। দেখ, যেমন মূলে, জল-সেচন করিলে সকল শাখার পর্য্যন্ত তৃপ্তি হইয়া থাকে, কিন্তু শাখায় সেচন করিলে মূলের তৃপ্তি হয় না, সেই প্রকার শিবকে পূজা করিলে সকল দেবতাই পূজিত হ[illegible] কিন্তু অন্য দেবতাকে পূজা করিলে শিব পূজিত হন না। অতএব সর্ব্বকামপ্রাপ্তির নিমিত্ত সর্ব্বভূতহিতসাধন লোকসুখকর ত্র্যম্বক দেব শঙ্করের পূজা করিবে, কদাচ অন্যথা করিবে না। ৪৩—৫০।

ষড়্‌বিংশ অধ্যায় সমাপ্ত॥ ২৬॥

সপ্তবিংশোঽধ্যায়ঃ।

সূত উবাচ।

অতঃ পরং প্রবক্ষ্যামি পূজাবিধিংসুখাবহাম্।
শ্রূয়তামৃষয়ঃ শ্রেষ্ঠাঃ কথাং পাপপ্রণাশিনীম্॥ ১
ব্রাহ্মে মুহূর্ত্ত উত্থায় স্মৃত্বা দেবং গদাধরম্।
উত্তিষ্ঠোত্তিষ্ঠ দেবেশ উত্তিষ্ঠ হৃদয়েশয়॥ ২
উত্তিষ্ঠ কমলাস্বামিন্ ব্রহ্মাণ্ডে মঙ্গলং কুরু।
ইত্যেবং বচনং ত্যক্ত্বা স্মৃত্বা চ গুরুপাদকৌ॥ ৩
দেহশুদ্ধিং তথা কৃত্বা প্রক্ষাল্য চরণৌ মুদা।
হস্তৌ চ বিধিবৎ ক্ষাল্য দন্তধাবনমাচরেৎ॥ ৪
অনুদিতে দিবানাথে কৃত্বা তু দন্তধাবনম্।
মুখং ষোড়শবারন্তু প্রক্ষাল্যাঞ্জলিভিস্তথা॥ ৫
যথাবকাশং সুস্নায়ান্নদ্যাদিষথবা গৃহে।
দেশকালাবিরুদ্ধঞ্চ স্নানং কার্য্যং নরেণ চ॥ ৬

সপ্তবিংশ অধ্যায়।

সূত কহিলেন,—এখন পূজাবিধি বলিতেছি, হে ঋষিশ্রেষ্ঠগণ! আপনারা সেই পাপনাশিনী সুখাবহা কথা শ্রবণ করুন। ব্রাহ্ম মুহূর্ত্তে উঠিয়া দেব গদাধরকে স্মরণ করিয়া "উত্তিষ্ঠো-ত্তিষ্ঠ দেবেশ" এই মন্ত্র দ্বারা "হে দেবেশ হৃদয়েশয়! আপনি উঠুন। হে কমলাস্বামিন্! আপনি উঠিয়া জগতের মঙ্গল করুন" এইরূপ প্রার্থনা করিবে এবং গুরুপাদকমল স্মরণ করিবে। পরে মল-মূত্রোৎসর্গাদি দ্বারা দেহ-শুদ্ধি করিয়া পাদ প্রক্ষালন করিবে, পরে হস্ত প্রক্ষালন করিয়া দন্ত ধাবন করিবে। ঐ দন্ত-ধাবন সূর্য্য উদয় না হইতেই সমাপন করিয়া অঞ্জলি-পরিমিত জলে ষোড়শবার মুখ প্রক্ষালন করিবে। তাহার পর অবকাশ অনুসারে নদ্যাদিতেই হউক আর গৃহেই হউক, স্নান

শুষ্ককাষ্ঠসমুৎপন্নমূর্ণাস্তরিতমেব চ ॥ ২২
চিত্রাসনং তথা কুর্য্যাৎ সর্ব্বকামফলপ্রদম্।
যথাযোগ্যং পুনগ্রাহ্যং মৃগচর্ম্মাদিকঞ্চ যৎ ॥ ২৩
যত্রোপবিশ্য কুর্ব্বীত তিলকং মতিমান্ নরঃ।
তিলকং পঞ্চধা প্রোক্তং তেষেকং পরিকল্পয়েৎ॥২৪
ত্রিপুণ্ড্রঞ্চোর্দ্ধপুণ্ড্রঞ্চ হ্যর্দ্ধচন্দ্রমথাপি বা।
সদৃশং বংশপত্রেণ পঞ্চমঞ্চ নিবোধ মে ॥ ২৫
পুষ্পঞ্চ পারিজাতস্য তেনৈব সদৃশং পুনঃ।
ত্রিপুণ্ড্রঞ্চোর্দ্ধপুণ্ড্রঞ্চ শিবভক্তে বিশিষ্যতে ॥ ২৬
ব্রহ্ম-ক্ষত্র-বিশাং অত্র চত্বারি তিলকানি বৈ।
অর্দ্ধচন্দ্রং তথা শূদ্রৈরূর্দ্ধপুণ্ড্রমথাপি বা ॥ ২৭
বিষ্ণুভক্তৈর্ব্বিশেষেণ তিলকং সুপ্রতিষ্ঠিতম্।
ঊর্দ্ধপুণ্ড্রং তথা চাত্র বংশপত্রাকৃতির্য্যথা ॥ ২৮
তস্মাচ্চ তিলকং কার্য্যং কৃত্বা সিদ্ধিমবাপ্নুয়াৎ।
জপস্তপস্তথা দানং তিলকাৎ সফলং ভবেৎ ॥ ২৯
অভাবে তিলকস্যাপি জলস্যাপি প্রকীর্ত্তিতম্।

সংস্কৃত শুদ্ধ স্থানে গমন করত সুন্দর আসন রচনা করিবে। হে দ্বিজবর্গসমূহ! কম্বল দ্বারা আচ্ছাদিত, শুষ্ককাষ্ঠনির্ম্মিত, সকল-সিদ্ধি-সাধক চিত্রাসন নির্ম্মাণ করিবে, কিংবা যথোচিত মৃগচর্ম্মাদিতে উপবেশনপূর্ব্বক বুদ্ধিমান্ ব্যক্তি তিলক করিবে। শাস্ত্রকারেরা তিলকবিধি পাঁচ প্রকারে নির্ণয় করিয়াছেন,—ত্রিপুণ্ড্র, ঊর্দ্ধপুণ্ড্র, অর্দ্ধচন্দ্র, বংশপত্রসদৃশ এবং পারিজাত-পুষ্প-সদৃশ। ইহার মধ্যে যে কোন প্রকারই হউক, তিলক করিবে। শিব-ভক্তগণের ত্রিপুণ্ড্র ও ঊর্দ্ধপুণ্ড্র তিলক করা উচিত। ব্রাহ্মণ, ক্ষত্রিয় এবং বৈশ্য ইহারা অতিরিক্ত চারি প্রকার তিলক করিবে। শূদ্র অর্দ্ধচন্দ্র কিংবা ঊর্দ্ধপুণ্ড্র, এই দুই প্রকার তিলকই করিতে পারে। বিষ্ণু-ভক্তের প্রতি বিশেষ নিয়ম,—ঊর্দ্ধপুণ্ড্র কিংবা বংশপত্রাকৃতি, তিলক করা তাঁহাদের অবশ্য কর্ত্তব্য। অতএব যে কোন উপাসকই হউন, নিজ নিজ নির্দ্দিষ্ট তিলক করিয়া সকলেই সিদ্ধি লাভ করিবেন। জপ তপস্যা প্রভৃতি সকল পুণ্যকর্ম্ম তিলক দ্বারা সফল হয়। ২১—২৯। তিলকের অন্য উপায় উপস্থিত না থাকিলে অন্ততঃ

কৃত্বা তিলকং বর্ণোক্তং বিধিং সম্পাদয়েন্নরঃ ॥
সম্পাদ্য চ স্বকং কর্ম্ম পুনরারাধয়েচ্ছিবম্।
পুনরাচমনং কৃত্বা ত্রিবারং মন্ত্রপূর্ব্বকম্ ॥ ৩
একং বাথ প্রকুর্ব্বীত গঙ্গাং বিন্দুং ক্রবন্নিতি
আত্মতত্ত্বং শিবতত্ত্বং বিদ্যাতত্ত্বং তথৈব চ ॥
চতুর্থ্যন্তপদং গ্রাহ্যমাচমনে বিধৌ নরৈঃ।
অর্ঘোদকং তথা তত্র পূজার্থঞ্চ সমাহরেৎ ॥
অন্যদ্রব্যঞ্চ যৎ কিঞ্চিদ্যথাশক্তি সমীপগম্
কৃত্বা স্থেয়ঞ্চ তত্রৈব ধৈর্য্যমাস্থায় বৈ নরঃ ॥ ৩
অর্ঘ্যপাত্রং তথা চৈকং জলাক্ষতৈর্যুতম্।
দক্ষিণাংশে তথা স্থাপ্যো পচারকল্পনায় বৈ ॥ ৩
গুরোশ্চ স্মরণং কৃত্বা তস্য নত্বা বিশেষতঃ।
ধ্যানং পূজাং তথা কৃত্বা তদনুজ্ঞামবাপ্য চ ॥
অদ্যাদি পুনরুচ্চার্য্য কামনাং নিপ্রযুজ্য চ
পূজয়েৎ পরয়া ভক্ত্যা শিবং সপরিবারকম্ ॥
মুদ্রামেকাং প্রদর্শ্যৈব পূজয়েদ্বিঘ্নহারকম্।
সিন্দূরৈঃ কুসুমৈর্শ্চৈবং সিদ্ধি-বুদ্ধিসমন্বিতম্ ॥

জল দ্বারাও তিলক করিবে। স্বকীয় বর্ণানুস তিলকবিধি সম্পাদন করত অন্যান্য কর্ম্ম স শেষ করিবে, অনন্তর পুনর্ব্বার শিবপূজা করি গঙ্গা বিন্দু এই নাম তিনবার, অন্ততঃ এ বার উচ্চারণ করত আচমন করিবে। ম আচমনকালে "আত্মতত্ত্বায় স্বাহা, শিব স্বাহা, বিদ্যাতত্ত্বায় স্বাহা" এই মন্ত্র উ করিবে। পূজার নিমিত্ত সেই স্থানে অ আনয়ন করিবে এবং পূজোপযোগী অন্যা সকল যথাশক্তি তথায় উপস্থিত করিয়া অবলম্বনপূর্ব্বক অবস্থান করিবে। জ এবং অক্ষতযুক্ত এক অর্ঘ্যপাত্র দক্ষি স্থাপন করিয়া উপচার কল্পনার নিমিত্ত দেবকে স্মরণপূর্ব্বক বিশেষরূপে তাঁহাকে করিবে। অনন্তর তাঁহার আজ্ঞানুসারে ধ্যান প্রভৃতি সম্পাদন করিয়া "অদ্য" ই মন্ত্র উচ্চারণপূর্ব্বক কামনা জানাইবে। ভক্তিপূর্ব্বক গণের সহিত মহাদেবের করিয়া শঙ্খ কিংবা ধেনুমুদ্রা প্রদর্শন কা অনন্তর সিন্দূর ও কুসুমাদি দ্বারা সিদ্ধি

অনন্যমানসো ভূত্বা পূজাং কৃত্বা যথাবিধি ॥ ৫৫
পশ্চাদাবাহয়েদ্দেবং মন্ত্রেণানেন বৈ নরঃ।
কৈলাসশিখরস্থঞ্চ পার্ব্বতীপতিমুত্তমম্ ॥ ৫৬
যথোক্তরূপিণং দেবং নির্গুণং গুণরূপিণম্।
পঞ্চবক্ত্রং দশভুজং ত্রিনেত্রং বৃষভধ্বজম্ ॥ ৫৭
কর্পূরগৌরকং দিব্যং চন্দ্রমৌলিং কপর্দ্দিনম্।
ব্যাঘ্রচর্ম্মোত্তরীয়ঞ্চ গজচর্ম্মাম্বরং শুভম্ ॥ ৫৮
বাসুক্যাদিপরীতাঙ্গং পিনাকাদিবিভূষিতম্।
কপাল-ডমরুযুক্তং কণ্ঠে গরলশোভিতম্ ॥ ৫৯
সিদ্ধয়োঽষ্টৌ চ যস্যাগ্রে নৃত্যন্তীহ নিরন্তরম্।
জয় জয়েতি শব্দৈশ্চ সেবিতং নিজভক্তকৈঃ ॥ ৬০
তেজসা দুঃসহেনৈব সম্বদ্ধং দেবসেবিতম্।
শরণ্যং সর্ব্বসত্ত্বানাং প্রসন্নমুখপঙ্কজম্।
বেদশাস্ত্রৈর্যথা গীতং শিবমাবাহয়াম্যহম্ ॥ ৬১

ইতি শ্রীশৈবে মহাপুরাণে জ্ঞানসংহিতায়াং পূজাবিধানবর্ণনং নাম সপ্তবিংশোঽধ্যায়ঃ ॥ ২৭ ॥

ক্ষালন করিয়া অনন্যমানসে যথাবিধি পূজা করিবে। অনন্তর মনুষ্য এই মন্ত্র উচ্চারণপূর্ব্বক দেবের আবাহন করিবে,—"সর্ব্বোত্তম যে দেব প্রিয়তমা পার্ব্বতীর সহিত পর্ব্বতশ্রেষ্ঠ কৈলাসে অধিষ্ঠান করেন; যিনি নির্গুণ হইলেও গুণস্বরূপী অনির্ব্বচনীয়; যে পুরুষের রূপ সর্ব্বত্র নির্ব্বাচিত হইয়াছে; যাঁহার পাঁচটী মুখ, দশটী হস্ত ও তিনটী চক্ষু; যিনি বৃষভধ্বজ; যাহার বর্ণ কর্পূরের ন্যায় শুভ্র; দিব্যমূর্ত্তি, কপর্দ্দধারী যে পুরুষ মস্তকে অর্দ্ধচন্দ্র ধারণ করিয়াছেন; শুভনিলয় যে পুরুষ গজচর্ম্ম পরিধানপূর্ব্বক ব্যাঘ্রচর্ম্ম উত্তরীয়রূপে ধারণ করিয়াছেন; যাঁহার অঙ্গসমূহ বিষধর বাসুকিবংশীয়গণ কর্তৃক বিরাজিত; হস্তে পিনাক, কপাল ও ডমরু ধারণ করিয়া যে পুরুষ কণ্ঠে বিষপানসূচক গরল ধারণ করিতেছেন; আটজন প্রসিদ্ধ সিদ্ধ যাহার অগ্রে এই স্থানে নিরন্তর নৃত্য করিতেছেন; নিজ ভক্তগণ "জয় জয়" শব্দে যাঁহার উপাসনা করেন; দেববৃন্দ-বন্দিত যে পুরুষ দুঃসহ তেজঃপুঞ্জের আধার; যাঁহার মুখপদ্ম প্রফুল্লকমল-

অষ্টাবিংশোঽধ্যায়ঃ।

সূত উবাচ।

অর্ঘপাত্রজলেনৈব সেচয়েল্লিঙ্গমুত্তমম্।
অথবা চ তৎপার্শ্বে হি জলেনৈব ক্ষিপেদিতি ॥
এবং ধ্যানেঽপ্যশক্তো হি সূক্ষ্মমন্ত্রমুদীরয়েৎ।
যথোক্তরূপিণং শম্ভুং শিবমাবাহয়াম্যহম্ ॥ ২
ইত্যুক্ত্বা উপচারাদীন্ কল্পয়েদ্বিধিবৎ তদা।
পূর্ব্বোক্তেনৈব ধ্যানেন হ্যাসনং পরিকল্পয়েৎ ॥
চতুর্থ্যন্তপদেনৈব সর্ব্বং কুর্য্যাদ্যথাক্রমম্।
পশ্চাৎ পাদ্যং প্রদদ্যাদ্বৈ শিবায় পরমাত্মনে ॥
ততশ্চাচমনং দত্ত্বা শম্ভবে গুণরূপিণে।
পশ্চাচ্চ পঞ্চভির্দ্রব্যৈঃ স্নাপয়েচ্ছঙ্করং মুদা ॥
বেদমন্ত্রৈর্যথাযোগ্যং নামভির্বা স্বমন্ত্রকৈঃ।
চতুর্থ্যন্তপদেনৈব দ্রব্যাণ্যেবার্পয়েৎ তদা ॥

সদৃশ এবং যিনি সকল জন্তুর শরণ্য;—বেদ ও শাস্ত্রে তাঁহাকে যে প্রকারে গান করিয়াছে সেই পরমাত্মা শিবকে সেইরূপে আবাহন করি"। ৫২—৬১।

সপ্তবিংশ অধ্যায় সমাপ্ত ॥ ২৭ ॥

অষ্টাবিংশ অধ্যায়।

সূত কহিলেন,—অর্ঘ্যপাত্রস্থিত জল দ্বারা উত্তম শিবলিঙ্গ প্রক্ষালন করিবে কিংবা তাঁহার পার্শ্বে অর্ঘ্যপাত্রস্থ জলক্ষেপ করিবে। এই প্রকার ধ্যান বিষয়ে অসমর্থ ব্যক্তি "শাস্ত্রোক্ত রূপসম্পন্ন মহাদেবকে আবাহন করি" এই সূক্ষ্ম মন্ত্র উচ্চারণ করিবে। এই প্রকারে আবাহন করত বিধিপূর্ব্বক উপচার কল্পনা করিবে। পূর্ব্বোক্ত ধ্যান দ্বারা আসনশুদ্ধি করিবে। "ওঁ নমঃ শিবায়" এই মন্ত্র দ্বারা যথাক্রমে সকল কর্ম্ম সমাধান করিবে। তদনন্তর পরমাত্মা শিবের উদ্দেশে পাদ্য প্রদান করিয়া গুণবান্ মহাদেবের মন্ত্র উচ্চারণপূর্ব্বক আচমনীয় দিবে। অনন্তর আনন্দিতচিত্তে পঞ্চগব্য দ্বারা বেদমন্ত্র কিংবা স্বকীয় মন্ত্রে শঙ্করের স্নান সম্পাদন

কুর্য্যাচ্চ মতিমাংস্তত্র সঙ্কল্পং পুনরেব চ ।
কর্ত্তব্যশ্চ বিধিস্তত্র নৈরাজন ইতি ক্রমাৎ ॥ ২৪
পুনশ্চ তাম্বূলং দদ্যাৎ তস্মৈ চ পরমাত্মনে * ।
পুনঃ প্রদক্ষিণং তত্র শিবায় শিবরূপিণে ॥ ২৫
নমস্কারং ততঃ কুর্য্যাচ্চ স্তবৈ শঙ্করায় চ ।
ততো ধ্যানং যথোক্তঞ্চ কৃত্বা মন্ত্রমুদীরয়েৎ ॥ ২৬
যথাসংখ্যং যথাজ্ঞানং কুর্য্যান্মন্ত্রবিধিং নরঃ
গুরূপদিষ্টমার্গেণ কৃত্বা জপমনুত্তমম্ ॥ ২৭
স্তোত্রৈর্নানাবিধৈস্তত্র স্তবীত বৃষভধ্বজম্ ।
ততশ্চৈব তু যৎ কার্য্যং শ্রূয়তামৃষিসত্তমাঃ ॥ ২৮
পুষ্পাঞ্জলিঃ প্রদাতব্যো মন্ত্রেণানেন বৈ তদা ।
অজ্ঞানাদ্‌যদি বা জ্ঞানাজ্জপপূজাদিকং ময়া ॥ ২৯
কৃতং তদস্তু সফলং কৃপয়া তব শঙ্কর ।
তাবকস্ত্বদ্গতপ্রাণস্ত্বচ্চিত্তোঽহং সদা মৃড় ॥ ৩০
কৃপানিধ ইতি জ্ঞাত্বা ভূতনাথ প্রসীদ মে ।
পুষ্পাঞ্জলিং সমর্প্যৈবং ক্ষমাপ্য বিধিপূর্ব্বকম্ ॥৩১

নির্দ্দিষ্ট পাঁচ বর্ত্তিকাযুক্ত আবাত্রিক করিয়া পুনর্ব্বার সঙ্কল্প করিবে। উক্ত ক্রমে নীরাজনবিধি সম্পাদন করত পরমাত্মাকে তাম্বূল প্রদান করিবে এবং শিবরূপী শিবকর শম্ভুকে প্রদক্ষিণ করিয়া নমস্কার করিবে। অনন্তর যথোক্তরূপে ধ্যান করিয়া সংখ্যানুসারে যথাজ্ঞানে মন্ত্র জপ করিবে। মনুষ্য গুরূপদেশানুসারে উৎকৃষ্ট মন্ত্র জপ করিয়া নানাবিধ স্তব দ্বারা মহাদেবকে সন্তোষিত করিবে। হে ঋষিবরগণ! তদনন্তর কর্ত্তব্য কার্য্য বলিতেছি, শ্রবণ করুন। তখন এই মন্ত্রে পুষ্পাঞ্জলি প্রদান করিবে যে, হে শঙ্কর। অজ্ঞানপূর্ব্বকই হউক, কিম্বা জ্ঞান পূর্ব্বকই হউক, আমি যে কিছু জপপূজাদি করিলাম, সে সমস্তই আপনার অনুগ্রহে সফল হউক। হে কৃপানিধে মহাদেব! আমি আপনারই; আপনিই আমার প্রাণসমূহের একমাত্র পরিত্রাতা; আপনিই আমাকে পালন করিতেছেন;—এই প্রকার জ্ঞান করত হে ভূতনাথ! আমার প্রতি প্রসন্ন হউন। এই

* এলাযুক্তং মহাত্মনে ইতি চ পাঠঃ ক্বচিৎ।

পূজাকালে পুনর্দেব হ্যাগন্তব্যমেব হি ।
বিসর্জ্জয়েৎ ততস্তং বৈ যথোক্তরূপিণং শিবম্ ॥
ইতি শ্রীশৈবে মহাপুরাণে জ্ঞানসংহিতায়াং পূজাবিধিবর্ণনং নামাষ্টাবিংশোঽধ্যায়ঃ ॥ ২৮ ॥

একোনত্রিংশোঽধ্যায়ঃ ।

ঋষয় উচুঃ ।
ব্যাসশিষ্য মহাভাগ কথয় ত্বং প্রমাণতঃ ।
কেন বৈ পূজিতঃ শম্ভুঃ কিং কিং যচ্ছতি বৈ ফলম্
সূত উবাচ ।
সর্ব্বং বৈ কথয়াম্যদ্য শ্রূয়তামৃষিসত্তমাঃ ।
কমলৈর্বিল্বপত্রৈশ্চ শতপত্রৈস্তথা পুনঃ ॥ ২
শঙ্খপুষ্পৈস্তথা দেবং লক্ষ্মীকামো ভবেদ্যদি
এতৈশ্চ লক্ষসংখ্যাকৈর্লক্ষ্মীঃ স্যান্নাত্র সংশয়ঃ ॥ ৩
বিংশতিঃ কমলানাস্তু প্রস্থমেকমুদাহৃতম্ ।

প্রকারে পুষ্পাঞ্জলি প্রদানপূর্ব্বক "আমি অপরাধী আমার প্রতি প্রসন্ন হউন" এইরূপ বাক্য দ্বারা আত্মনম্রতা প্রকাশ করিয়া, "হে দেব! পূজাকালে পুনর্ব্বার আপনাকে আসিতে হইবে" এই প্রকারে যথোক্তরূপী শিবকে বিসর্জ্জন করিবে। ২১—৩২।

অষ্টাবিংশ অধ্যায় সমাপ্ত ॥ ২৮ ॥

একোনত্রিংশ অধ্যায়।

ঋষিগণ বলিলেন,—হে মহাত্মন ব্যাসশিষ্য! শিব কোন্ কোন্ উপায় দ্বারা পূজিত হইয়া কি কি ফল প্রদান করেন, সেই বিষয় শাস্ত্রানুসারে আমাদের নিকট বলুন। সূত কহিলেন,—হে ঋষিবর্য্যগণ! আপনাদের প্রশ্ন সকলের যথোচিত উত্তর প্রদান করিতেছি, শ্রবণ করুন। শ্রীকাম ব্যক্তি বিল্বপত্র, শতপত্র (পদ্মবিশেষ) এবং শঙ্খপুষ্পদ্বারা মহাদেবের পূজা করিবে। লক্ষসংখ্যক ঐ পুষ্প দ্বারা মহাদেবের পূজা করিলে নিশ্চয়ই লক্ষ্মী লাভ হইবে। পুরাতন পণ্ডিতগণ

তৃতীয়ে কামনাজ্ঞানং চতুর্থে স্বপ্নদর্শনম্।
পঞ্চমে তু শিবঃ সাক্ষাদাবির্ভবতি চাগ্রতঃ * ॥ ২১
অনেনৈব তু মন্ত্রেণ দশলক্ষে ফলং ভবেৎ।
মুক্তিকামো ভবেদ্‌যো বৈ দর্ভৈশ্চ পূজনং চরেৎ ॥
লক্ষসংখ্যা তু সর্বত্র জ্ঞাতব্যা ঋষিসত্তমাঃ।
আয়ুষ্কামো ভবেদ্‌যো বৈ দর্ব্বাভিঃ পূজনং চরেৎ ॥
পুত্রকামো ভবেদ্‌যো বৈ ধত্তুরকুসুমৈর্নরঃ।
রক্তদণ্ডশ্চ ধত্তুরঃ পূজনে শুভদঃ স্মৃতঃ ॥ ২৪
অগস্ত্যকুসুমৈর্যশ্চ তস্য বৈ বিপুলং যশঃ।
ভুক্তি-মুক্তিফলং তস্য তুলসীপূজনং চরেৎ ॥২৫
অর্কপুষ্পৈঃ প্রতাপৈশ্চ কুব্জকহ্লারকৈস্তথা।
জপাকুসুমপূজা তু শত্রূণাং মৃত্যুদা স্মৃতা ॥ ২৬
রোগোচ্চাটনকানীহ করবীরাণি বৈ ক্রমাৎ।
বন্ধুকৈর্ভূষণাবাপ্তির্জাত্যা বাহনসম্ভবঃ ॥ ২৭

অতসীপুষ্পকৈর্দেবো বিষ্ণুর্বল্লভতামিয়াৎ।
শমীপত্রৈস্তথা মুক্তিঃ প্রাপ্যতে পুরুষেণ চ ॥ ২
মল্লিকাকুসুমৈর্দেবঃ স্ত্রিয়ং শুভতরাং শিবঃ।
যূথিকাকুসুমৈঃ শস্যং গৃহং নৈব বিমুঞ্চতি ॥ ২
কর্ণিকারৈস্তথা বস্ত্র-সম্পত্তির্জায়তে নৃণাম্।
নির্গুণ্ডীকুসুমৈর্লোকে মনো নির্ম্মলতাং ব্রজেৎ
তৎ কুসুমং ন বিদ্যেত যচ্চৈব শিববল্লভম্।
চম্পকং কেতকং হিত্বা অন্যৎ সর্ব্বং শিবেঽর্পয়েৎ
এতৎ তে কথয়িষ্যামি কারণং দুষ্করং নৃণাম্।
যদা লক্ষং শিবে দদ্যাৎ তদা চ বিপুলং ফলম্ ॥
পুষ্পাণি তিলজাতানি মুক্তিদানি ন সংশয়ঃ।
রাজিকাকুসুমানীহ শত্রূণাং মৃত্যুদানি চ ॥ ৩৩
অতঃ পরঞ্চ ধান্যানাং ফলং শৃণুত সত্তমাঃ।
তণ্ডুলারোপণে নৃণাং লক্ষ্মীবৃদ্ধিঃ প্রজায়তে ৩
প্রস্থানাং ষটকেনৈব তদর্দ্ধেন তথা পুনঃ।
পলদ্বয়ং তথা তত্র লক্ষমানমুদাহৃতম্ ॥ ৩৫

দুই লক্ষ জপ দ্বারা জাতিস্মরত্ব লাভ করে। তিনলক্ষ বার জপ করিলে কামনা লাভ হয়; চারিলক্ষ বার জপ দ্বারা স্বপ্নে সেই দেবাদিদেবের দর্শন পায়; পাঁচলক্ষ জপ করিলে তাহার অগ্রে মহাদেব স্বয়ং আবির্ভূত হন। ১২—২১। দশলক্ষ বার জপ করিলে সকল ফলই লাভ করে। মুমুক্ষু ব্যক্তি কুশ দ্বারা পূজা করিবে এবং হে ঋষিসত্তমগণ! লক্ষবার জপ সর্ব্বত্রই জানিবে। আয়ুষ্কামী ব্যক্তি দূর্ব্বা এবং পুত্রকামী ব্যক্তি ধুস্তূর-পুষ্প দ্বারা শিবপূজা করিবে। যাহার নাল রক্তবর্ণ, সেই ধুস্তূর-পুষ্পই শুভকর এবং শিবপূজায় প্রসিদ্ধ। বক-কুসুম দ্বারা শিবপূজা করিলে বিপুল যশ বৃদ্ধি পায়। তুলসী পত্র দ্বারা পূজা করিলে ভোগ ও মোক্ষফল লাভ হয়। যে ব্যক্তি অর্ক (আকন্দ), প্রতাপ, কুব্জ, কহ্লার এবং জবাকুসুম দ্বারা শিবপূজা করে, অবশ্যই তাহার শত্রুসমূহ বিনষ্ট হয়। করবীর পুষ্প দ্বারা পূজা করিলে রোগ হইতে মুক্ত হয়। বন্ধুক-পুষ্প দ্বারা পূজা করিলে ভূষণ এবং জাতি-পুষ্প দ্বারা শিবপূজা করিলে বাহনসম্পৎ লাভ হয়। অতসীপুষ্প দ্বারা শিবপূজা করিলে বিষ্ণুর ভক্ত হয়। পুরুষ শমীপত্র দ্বারা শিবপূজা করিলে মুক্তিলাভ করে। মল্লিকা-কুসুম দ্বারা শিবপূজা করিলে কল্যাণকরী পত্নী লাভ করে। যূথিকা পুষ্প দ্বারা শিবের আরাধনা করিলে গৃহ শস্যহীন হয় না। কর্ণিকার দ্বারা মনুষ্য শিবপূজা করিলে বিবিধ বসনসমূহ লাভ করে। নির্গুণ্ডীপুষ্পে শিবপূজা করিলে মন প্রসন্ন হয়। চম্পক এবং কেতকপুষ্প ব্যতীত সকল পুষ্পই শিবের প্রিয়; উক্ত দুই পুষ্প ব্যতীত অপর সকল পুষ্পই শিবকে অর্পণ করিবে। মহাদেবকে মনুষ্যগণ চম্পক ও কেতক পুষ্প যে সমর্পণ করিবে না, তাহার গূঢ় কারণ বর্ণন করিব। লক্ষপুষ্প ভক্তিপূর্ব্বক শিবকে সমর্পণ করিলে, মহৎ ফল সম্পন্ন হয়। তিল-পুষ্প দ্বারা শিব পূজিত হইলে নিশ্চয়ই মুক্তি প্রদান করেন। রাজিকা পুষ্প দ্বারা শিব পূজিত হইলে শত্রুগণের মৃত্যু সাধন করেন। হে ঋষিসত্তমগণ! অনন্তর ধান্য দ্বারা পূজার ফল বলিতেছি, শ্রবণ করুন। শিবোদ্দেশে তণ্ডুল সমর্পণ করিলে মনুষ্যগণের শ্রীবৃদ্ধি হয়।

* পঞ্চমন্ত্র যদা লক্ষং ফলং বক্ষ্যত্যসংশয়-মিতি ক্বচিৎ পাঠঃ।

প্রস্থেন পলযুক্তেন লক্ষমেকং তথা স্মৃতম্‌॥ ৫২
সর্ষপাণাং তথা লক্ষং পলৈর্বিংশতিসংখ্যয়া।
তেষাঞ্চ পূজনাদেব শত্রোর্মৃত্যুরুদাহৃতা॥ ৫৩
দ্বিপ্রাণাং ভোজনং তত্র শতমেকোত্তরং স্মৃতম্‌।
একা গৌশ্চ প্রদাতব্যা বলিবর্দ্দস্তথৈব চ॥ ৫৪
মরীচিসম্ভবা পূজা শত্রোর্নাশকরী স্মৃতা।
অতোঽপি বিবিধৈর্ধান্যৈঃ পূজনং শঙ্করস্য চ॥ ৫৫
আঢ়কীনাং দলৈশ্চৈব রঞ্জয়িত্বার্চ্চয়েচ্ছিবম্‌।
নানাসুখকরী পূজা হ্যেষা চ ঋষিসত্তমাঃ॥ ৫৬
ইত্যেতদ্বচনং শ্রুত্বা পুনরূচুর্ঋষীশ্বরাঃ।
লক্ষমানন্তু পুষ্পাণাং বদ ত্বং হি হিতাবহম্‌॥ ৫৭
ইতি শ্রুত্বা বচস্তেষাং পুনর্বচনমাদদে।

সূত উবাচ।

শ্রূয়তামৃষয়ঃ শ্রেষ্ঠাঃ কথয়ামি কথামিতি *॥ ৫৮
প্রস্থমানন্তু লক্ষাণাং শঙ্খীপুষ্পসমুদ্ভবম্‌।
লক্ষং প্রোক্তন্তু ব্যাসেন সূক্ষ্মমানদিদৃক্ষুণা॥ ৫৯

একাদশভিস্তথা প্রস্থৈর্জাতিমানমুদাহৃতম্‌।
যূথিক্যাশ্চ তথা মানং রাজিকায়াস্তদর্দ্ধকম্‌॥
প্রস্থৈর্বিংশতিকৈশ্চৈব মল্লিকামানমুত্তমম্‌।
তিলপুষ্পে তথা মানং প্রস্থন্যূনং তথৈব চ॥
ততশ্চ দ্বিগুণং মানং করবীরভবে স্মৃতম্‌।
নির্গুণ্ডীকুসুমে মানং তথৈব কথিতং বুধৈঃ॥
কর্ণিকারে তথা মানং শিরীষকুসুমে পুনঃ।
বন্ধুজীবে তথা মানং প্রস্থানাং দশকেন চ॥
ইত্যাদিবিবিধৈর্মানৈর্দৃষ্ট্বা চ পূজনং চরেৎ।
সর্ব্বকামসমৃদ্ধ্যর্থং পূজয়েৎ পরমেশ্বরম্‌॥ ৬৪
অতঃ পরং প্রবক্ষ্যামি ধারাপূজাফলং শুভম্‌।
যস্য শ্রবণমাত্রেণ কল্যাণং জায়তে নৃণাম্‌॥
বিধানপূর্ব্বকং পূজাং কৃত্বা চৈব শিবস্য চ।
পশ্চাচ্চ জলধারা হি কর্ত্তব্যাশ্চ মুনীশ্বরাঃ॥
জ্বরপ্রতাপশান্ত্যর্থং জলধারা শুভাবহা।
শতরুদ্রীয়মন্ত্রেণ রুদ্রমেকাদশেন তু॥ ৬৭
রুদ্রজাপ্যেন বা তত্র পুরুষসূক্তেন বা পুনঃ।
ষড়ঙ্গেনাথবা তত্র সহ মৃত্যুঞ্জয়েন চ॥ ৬৮

পূজা করিলে শত্রু নাশ হয়। এক প্রস্থ একপলে লক্ষ পরিমাণ হয়। বিংশতি পলে এক লক্ষ সর্ষপ হয়, সেই সর্ষপ দ্বারা পূজা করিলে অবশ্যই শত্রুমরণ হইয়া থাকে। পূজান্তে এক শত এক ব্রাহ্মণ ভোজন করাইবে এবং সংকুলপ্রসূত সচ্চরিত্র ব্রাহ্মণকে এক গো এবং এক বলীবর্দ্দ (বলদ) প্রদান করিবে। মরীচ দ্বারা শিব-পূজা করিলে শত্রু বিনষ্ট হয়। অন্যান্য নানা-প্রকার ধান্য দ্বারা শিবপূজা করিলেও শত্রু নাশ হয়। হে ঋষিসত্তমগণ! আঢ়কীপত্র দ্বারা শিবকে রঞ্জিত করিয়া পূজা করিলে নানা সুখ হয়। ৪৬—৫৬। এই সকল কথা শ্রবণ করিয়া ঋষিবরগণ পুনর্ব্বার জিজ্ঞাসা করিলেন। লক্ষ পুষ্প কত পরিমাণে হয়, এই হিতকর কথা বলুন। সূত তাঁহাদের এইরূপ বাক্য শ্রবণ করিয়া পুনর্ব্বার বলিলেন,—হে ঋষিবর্য্যগণ! শ্রবণ করুন। আপনাদের জিজ্ঞাসিত বিষয়ের উত্তর প্রদান করিতেছি। এক প্রস্থ শঙ্খী-পুষ্পে এক লক্ষ হয়। বেদব্যাস সূক্ষ্ম-দর্শনাভি-লাষী হইয়া এইরূপ লক্ষমান কীর্ত্তন করি[illegible]ছেন। জাতীপুষ্পের একাদশ প্রস্থে [illegible] পরিমাণ হয় এবং যূথিকা-পরিমাণও ঐ প্রকা[illegible] উক্ত পরিমাণের অর্দ্ধেক রাজিকা পুষ্প ল[illegible] সংখ্যক, বিংশতিপ্রস্থে মল্লিকা-কুসুম এক ল[illegible] হয় এবং তিলপুষ্প উনবিংশতি প্রস্থে এক ল[illegible] হয়। করবীর-পুষ্প তদপেক্ষা দ্বিগুণ পরিমা[illegible] এক লক্ষ হয়। পণ্ডিতগণ বলিয়াছেন,—নির্গুণ্ডীকুসুমও ঐরূপ পরিমাণে এক লক্ষ হ[illegible] কর্ণিকার এবং বন্ধুজীব পুষ্পের ঐ প্রকার প[illegible]মাণ। বন্ধুজীব পুষ্প দশপ্রস্থে এক লক্ষ হ[illegible] এইরূপ নানাপ্রকার পরিমাণ আলোচনাপূর্ব্ব[illegible] সকল সমৃদ্ধি সাধনের নিমিত্ত পরমেশ্বর শিবে[illegible] পূজা করিবে। অনন্তর ধারাপূজা-ফল বলিতে[illegible] মনুষ্যগণ ইহা শ্রবণ মাত্রে কল্যাণরাশি লা[illegible] করে। হে মুনিবরগণ! বিধিপূর্ব্বক শিবপূ[illegible] করত জলধারা অর্পণ করিবে। প্রবল জ্ব[illegible] প্রশমের পক্ষে জলধারা শুভকরী। শতরুদ্রী[illegible] মন্ত্র, একাদশ রুদ্রীয়, রুদ্রজাপ্য, পুরুষসূ[illegible]

* যথামতীতি পাঠান্তরং ক্বচিৎ।

এতদ্বৈ সকলং * লোকে সর্ব্বকামহিতায় বৈ ॥৮৩
স্কন্দোমাসহিতং লোকে সম্পূজ্য বিধিনা সকৃৎ।
যৎ ফলং লভতে মর্ত্ত্যস্তদ্বদামি যথাক্রমম্ ॥ ৮৪
অত্র সম্ভোগজাতং বৈ ভুক্ত্বা পুত্রাদিকং শুভম্।
অন্তে চ জায়তে যচ্চ শ্রূয়তামৃষিসত্তমাঃ ॥ ৮৫
সূর্য্যকোটিপ্রতীকাশৈর্বিমানৈঃ সর্ব্বকামিকৈঃ।
রুদ্রকন্যাসমাকীর্ণৈর্গেয়বাদ্যসমন্বিতৈঃ।
শিববৎ ক্রীড়তে ভোগী যাবদাভূতসংপ্লবম্ ॥ ৮৬

ইতি শ্রীশৈবে মহাপুরাণে জ্ঞানসংহিতায়াং পূজাবিধিবর্ণনং নামৈকোন-ত্রিংশোঽধ্যায়ঃ ॥ ২৯ ॥

ত্রিংশোঽধ্যায়ঃ।

ঋষয় উচুঃ।

ধন্যোঽসি কৃতকৃত্যোঽসি মহাপুণ্যোঽসি বৈ পুনঃ
ত্বয়া চ কথিতং সর্ব্বং মাহাত্ম্যং শঙ্করস্য চ ॥ ১

মুক্তি লাভ করে। এই শিবপূজা-বিধি লোকের সকল অভিলাষ পূর্ণ করত সুখসাধন করেন। মনুষ্য কার্ত্তিকেয় এবং পার্ব্বতীর সহিত পরমেশ্বর মহাদেবের একবার পূজা করিয়া যে ফল লাভ করে, তাহা ক্রমশ বলিতেছি। ইহলোকে পরম ঐশ্বর্য্যবান্ হইয়া পুত্র-কলত্রাদির সহিত বিবিধ ভোগ উপভোগ করত অন্তে যাহা লাভ করে, তাহা শ্রবণ করুন ;—হে মুনিমণ্ডলাগ্রগণ্যগণ! কোটি সূর্য্য সদৃশ কান্তিশালী সকল কামনা-সাধক বিমানে আরূঢ় হইয়া গান ও বাদ্য পরায়ণ রুদ্রকন্যাগণের সহিত প্রলয়কাল পর্য্যন্ত মহাদেবের ন্যায় সুখে ক্রীড়া করে। ৮১—৮৬।

একোনত্রিংশ অধ্যায় সমাপ্ত ॥২৯॥

ত্রিংশ অধ্যায়।

ঋষিগণ কহিলেন, হে প্রভো! আপনি ধন্য, কৃতকৃত্য ও পরমপবিত্র ; আপনি শঙ্করের

* সকলমিতি পাঠান্তরং ক্বচিৎ।

তত্রৈবং কথিতং যচ্চ চম্পকং কেতকং তথা।
ন যোগ্যঞ্চ শিবায়ৈব কিমত্র কারণং বদ ॥ ২

সূত উবাচ।

শ্রূয়তামৃষয়ঃ শ্রেষ্ঠাঃ কারণং কথয়ামি চ।
কদাচিদ্রাঘবো যাতঃ ফল্গুতীরে সলক্ষ্মণঃ ॥ ৩
সীতয়া সহিতস্তত্র তস্থৌ পিত্রাজ্ঞয়া ধ্রুবম্।
শ্রাদ্ধকালং কদাচিদ্বৈ জ্ঞাত্বাদ্য করবাম কিম্ ॥ ৪
গ্রামে চ প্রেষয়ামাস লক্ষ্মণং শস্যকাম্যয়া।
কিঞ্চিদ্রেকাদিকং গৃহ্য লজ্জিতো গতবাংস্তদা ॥ ৫
ততশ্চৈবাজ্ঞয়া তত্র বিলম্বং কৃতবাংস্তদা।
অতিকালং তদা জ্ঞাত্বা রামোঽপি গতবাংস্তদা ॥
জানকোকাকিনী তত্র দিবাকৃত্যং কথং পুনঃ।
বিচারতৎপরা হ্যাসীৎপ্রায়াতি দেবরঃ কথম্ ॥ ৭
প্রাণনাথোঽপি তত্রৈব গতো নায়াতি বৈ কথম্।
শ্রাদ্ধকালো গতশ্চাত্র আয়রং সম্ভবিষ্যতি ॥ ৮

যে সকল মাহাত্ম্য বর্ণন করিলেন, তাহাতে কহিলেন,—চম্পক ও কেতক পুষ্প শিবপূজার অযোগ্য ; ইহার কারণ কি বলুন। সূত কহিলেন, হে ঋষিবরগণ! আমি উহার কারণ কহিতেছি, শ্রবণ করুন। কোন সময়ে রঘুনাথ রামচন্দ্র পিতার আদেশে লক্ষ্মণ ও সীতার সহিত ফল্গুনদীর তীরে যাইয়া তথায় কিছুকাল অবস্থান করিয়াছিলেন। তখন তাঁহার পিতৃশ্রাদ্ধের কাল উপস্থিত হইয়াছে দেখিয়া "অদ্য কি করিব" এইরূপ ক্ষণেক বিবেচনা করিয়া তিনি শ্রাদ্ধীয়দ্রব্যের সংগ্রহার্থ লক্ষ্মণকে নিকটস্থিত গ্রামে প্রেরণ করিলেন। তখন লক্ষ্মণ, লজ্জিত হইয়া একখানি পাত্র হস্তে গ্রহণপূর্ব্বক রামের আজ্ঞানুসারে গমন করিলেন, কিন্তু বিলম্ব হইতে লাগিল। তাঁহার কালবিলম্ব দেখিয়া শ্রাদ্ধের কালও অতীত হয় জানিয়া, রামচন্দ্র স্বয়ং গমন করিলেন। তখন তথায় জানকী একাকিনী থাকিয়া চিন্তা করিতে লাগিলেন,—মধ্যাহ্ন প্রায় অতীত হইতেছে, দিবা-করণীয় শ্রাদ্ধ কিরূপে হইবে? দেবর লক্ষ্মণ কেন এখন না আসিলেন প্রাণনাথও তথায় যাইলেন, এখনও কেন না আসিলেন?

অস্মাভির্বিধিনা নৈব দৃষ্টশ্চৈবাধুনা ত্বয়া।
কার্য্যার্থে ব্যাকুলা সা বৈ ব্যলীকং হ্যুচ্যতে ত্বয়া॥
এবমুক্তে তদা তেন ব্রীড়িতা সাব্রবীদিদম্।
ময়া চ স্থাপিতা হ্যেতে সাক্ষিত্বে রঘুনন্দন॥ ২৪
এবমস্ত্বিতি সত্যং ব যদ্যেতে বচনং মম।
কথয়িষ্যন্তি তে সুভ্রু মন্যে সত্যং বচস্তথা॥ ২৫
ইত্যুক্তে চ তদা পৃষ্টাশ্চত্বারঃ সাক্ষিণস্তদা।
তে সর্ব্বে মোহমাপন্না ন জানীমো বয়ন্ত্বিদম্॥২৬
ইতি শ্রুত্বা বচস্তেষাং রামশ্চ লক্ষ্মণস্তদা।
ঊচতুর্ভ্রাতরৌ তত্র হাস্যং কৃত্বা পরস্পরম্॥ ২৭
কার্য্যঞ্চ করণীয়ং তে দিবারূঢ়ং বুভুক্ষতা।
জানকী দুঃখমাপন্না কিং জাতং কিং কৃতন্ত্বিহ॥২৮
পাকং কৃতবতী তত্র রামঃ শ্রাদ্ধং তদা স্বয়ম্।
আবাহনে কৃতে তত্র বাণী সূর্য্যসমীপতঃ॥ ২৯
কিমর্থং হূয়তে পুত্র হনয়া তার্পিতা বয়ম্।

অত্রত্যঞ্চ বচঃ শ্রুত্বা ন মন্তেঽহং বচো বিভো॥
কৃতং শ্রাদ্ধং পুনর্নৈব কর্ত্তব্যং হি ত্বয়ানঘ।
তথাপি রাঘবস্তত্র ন মেনে পরমং বচঃ॥ ৩১
সূর্য্যশ্চ সাক্ষিতাং যাতঃ কিমর্থং ক্রিয়তে ত্বয়া।
জয়েতি চ তদা তাং বৈ রামশ্চ লক্ষ্মণস্তদা॥ ৩২
ধন্যা বয়ং যথাস্মাকং সাধ্বী কুলবধূরিতি।
পাকং কৃত্বা তদা ভুক্ত্বা রামো লক্ষ্মণমব্রবীৎ॥৩৩
এতে তু সাক্ষিতাং প্রাপ্তাঃ কিং কৃতং দুষ্টবৎ ত্বং
এতস্মিন্নন্তরে দেবী শাপং তেভ্যোঽদদাৎ পুনঃ॥
নদি ত্বয়া শ্রুতং যচ্চ দৃষ্টং যচ্চ তথা পুনঃ।
সত্যং নিবেদিতং নৈব পাতালে ত্বং বহাধুনা॥৩৫
কেতকি ত্বং শিবায়েহ ন যোগ্যা ভব সর্ব্বদা।
ন সত্যং কথিতঞ্চাদ্য তথা ত্বং ফলমাপ্নুহি॥ ৩৬
সন্নিকৃষ্টে তথা গাঞ্চ উবাচ জনকাত্মজা।
যদি সত্যং ত্বয়া নোক্তমীদৃশী ত্বং ভবাধুনা॥ ৩৭
পুচ্ছে শুদ্ধা মুখেঽযোগ্যা ভব ত্বং সর্ব্বদানঘে।

যাঁহার দর্শন পাই না, তিনি এক্ষণে অযথা আহ্বানে দর্শন দিলেন, ইহা বড় আশ্চর্য্য। নিশ্চয়ই কার্য্য করিতে ব্যাকুল হইয়া সীতা মিথ্যা কহিয়াছে। রামের ঈদৃশ বচনে লজ্জিতা হইয়া সীতা কহিলেন, হে রঘুনন্দন! এ বিষয়ে এই ফল্গুনদী প্রভৃতি ইঁহারা সাক্ষী আছেন। রাম কহিলেন, হে সুভ্রু। যদি ইহারা তোমার বাক্য সত্য বলিয়া কহেন, তবে গ্রাহ্য করিব। অনন্তর ফল্গু প্রভৃতি সাক্ষিচতুষ্টয়কে জিজ্ঞাসা করিলে তাঁহারা মোহে আক্রান্ত হইয়া কহিলেন, আমরা ইহার কিছুই জানি না। তাঁহাদিগের বাক্য শ্রবণ করিয়া রাম ও লক্ষ্মণ উভয় ভ্রাতায় পরস্পর হাস্য করিলেন, পরে রাম বলিলেন, শ্রাদ্ধ অবশ্য কর্ত্তব্য, অথচ মধ্যাহ্ন অতীত-প্রায়; তুমি এখনও অভুক্ত এবং ক্ষুধার্ত্ত; জানকীর বড়ই কষ্ট হইয়াছে; উদ্‌যোগ হইবে কি করিয়া? এক্ষণে করি কি? অনন্তর সীতা পাক করিলেন, রামচন্দ্র শ্রাদ্ধ করিতে আরম্ভ করিয়া পিতৃগণকে আবাহন করিলে, সূর্য্যমণ্ডল হইতে বক্ষ্যমাণ বাক্য নির্গত হইল,—"হে বৎস! কিজন্য পুনরায় আহ্বান করিতেছ? জানকী আমাদিগের তৃপ্তিসাধন করিয়াছেন।" এই বাক্য শ্রবণ করিয়াও রা[ম] কহিলেন, "হে প্রভো! আমি এই বাক[্য] মানিলাম না।" পুনরায় আকাশবাণী হইল "হে রাম! জানকী শ্রাদ্ধ করিয়াছেন, পুনরা[য়] শ্রাদ্ধ করিও না। ইহাতেও রাম গ্রাহ্য ন[া] করিলে সূর্য্যদেব স্বয়ং সাক্ষী হইয়া কহিলেন কেন তুমি পুনরায় শ্রাদ্ধ করিতেছ? তখন রা[ম] ও লক্ষ্মণ উভয়ে সীতার প্রতি "জয়" "জীব" ইত্যাকার শব্দ প্রয়োগ করিয়া কহিলেন, আমর[া] ধন্য হইলাম যে, আমাদিগের কুলের ঈদৃশী পবিত্রা-বধূ। পাক হইলে, ভোজন করিবা[র] পর, শ্রীরাম লক্ষ্মণকে কহিলেন, ভ্রাতঃ! ইহার[া] সাক্ষী থাকিয়াও কি দুষ্টবৎ আচরণই করিল[।] এমন সময়ে জানকী তাহাদিগকে শা[প] দিলেন। ২২—৩৪। হে ফল্গুনদি! তু[মি] যাহা শুনিয়াছ, যাহা দেখিয়াছ, তাহা সত[্য] নিবেদন করিলে না, এজন্য পাতালে প্রবাহি[ত] হও। হে কেতকি! আজ তুমি সত্য কহি[লে] না, ইহার ফলভোগ কর; তুমি সকল সময়ে[ই] শিবের অগ্রাহ্য হইবে এবং সমীপস্থিতা গো[কে] কহিলেন, হে নিষ্পাপে। তুমি যে মিথ্[যা]

স দ্বিজোঽপি তদা কার্য্যং কৃত্বাচ্ছাদ্য চ পাত্রকম্ ॥
মিলিতশ্চ তদা মার্গে পুনঃ পৃষ্টঃ কুতো গতঃ।
এবং শ্রুত্বা পুনস্তত্র ব্যলীকং পরিভাষিতম্ ॥ ১১
ন লব্ধা চ ময়া ভিক্ষা গচ্ছামি চ যথাগতম্।
তচ্ছ্রুত্বা নারদঃ সর্ব্বং রহস্যঞ্চ জগাম হ ॥ ১২
চম্পকস্য সমীপে চ আগতো নারদঃ স্বয়ম্।
আগত্য চ তদা পৃষ্টো ব্রাহ্মণশ্চ কুতো গতঃ ॥ ১৩
গৃহীতানি চ পুষ্পাণি কিয়ন্তি ঋষিসত্তমঃ
তমুবাচ তদা বৃক্ষো নিষিদ্ধো দ্বিজন্মনা ॥ ১৪
কো বা দ্বিজশ্চ কিং পুষ্পং কো বা ত্বং পরিপৃচ্ছসি
ততশ্চ নারদো জ্ঞাত্বা পরাবৃত্য শিবং গতঃ ॥ ১৫
সর্ব্বাণ্যপি চ পুষ্পাণি শতমেকোত্তরাণি চ।
গণিতানি তদা তেন নারদেন মহাত্মনা ॥ ১৬
অন্যেন কেনচিৎ তত্র কৃতা পূজা মহাত্মনা।
তং পপ্রচ্ছ পুনস্তত্র কো বা কিং ত্বং সমীহসে ॥ ১৭
কেনানীতানি পুষ্পাণি কথমুত্তারিতানি চ।
ইতি শ্রুত্বা বচস্তস্য ব্রাহ্মণোঽহং সদাশিবম্
পূজয়িত্বাঽর্থয়ে মুক্তিং সত্যমেতদ্‌ব্রবীমি তে
অয়ং বৈ ব্রাহ্মণঃ কশ্চিৎ প্রত্যহং পরমেশ্বরম্
চম্পকৈঃ পূজয়িত্বা তু রাজ্ঞো মোহং দদাতি
অতো ধনং গৃহীত্বা তু বহূন্ পীড়য়তে দ্বিজান্
রাজ্ঞোঽধিকারং প্রাপ্য পক্ষাবিধিবলেন চ
অন্যো ভূত্বা দ্বিজশ্চায়ং গণয়েন্ন পরান্ স্বকান্
পুষ্পাণ্যুত্তারিতানীহ পূজার্থে চ ময়া প্রভো
ইতি শ্রুত্বা বচস্তস্মৈ মুক্তিস্তে হ্যনপায়িনী ॥
ভবিষ্যতি ন সন্দেহ ইতি সত্যং বচো মম
চম্পকৈস্তোষিতঃ শম্ভুস্তস্য রাজ্ঞো বশং নয়
রাজানঞ্চ বশে নীত্বা দ্বিজানন্যান্ প্রপীড়য়েৎ।
দানাধ্যক্ষং তথা লব্ধা ব্রাহ্মণান্ পীড়য়ত্যসৌ
এতৎ সর্ব্বং চম্পকেভ্যঃ ফলং লব্ধং তথা পুন
চম্পকৈস্তোষিতঃ শম্ভুর্বাঞ্ছিতঞ্চ প্রযচ্ছতি ॥ ২
নারদঃ কথয়ামাস শিবায় পরমাত্মনে।

প্রত্যাবৃত্ত হইলেন ১—১০। তখন ব্রাহ্মণ প্রকৃত-কার্য্য পুষ্পাচয়ন করিয়া পুষ্পপাত্র আচ্ছাদন করত পথে গমন করিতেছিলেন, নারদ পুনরায় দেখিতে পাইয়া জিজ্ঞাসা করিলেন, কোথায় যাইতেছ? তৎশ্রবণে ব্রাহ্মণ পুনরায় মিথ্যা কহিল;—"আমি ভিক্ষার্থ যাইয়াছিলাম, কিন্তু তাহা না পাইয়া প্রতিনিবৃত্ত হইয়াছি। নারদ উহা শুনিয়া সকল রহস্যই জানিতে পারিলেন এবং পূর্ব্বদৃষ্ট চম্পকবৃক্ষ-সন্নিধানে সমাগত হইয়া জিজ্ঞাসা করিলেন, হে পাদপশ্রেষ্ঠ! ঐ ব্রাহ্মণশ্রেষ্ঠ কোথায় যাইল ও কতকগুলি পুষ্প গ্রহণ করিয়াছে? বৃক্ষ, পূর্ব্বে ব্রাহ্মণ কর্তৃক ইহার যথার্থ উত্তর দিতে নিষিদ্ধ আছে, একারণ এইরূপ কহিল,—ব্রাহ্মণ কে? তুমি কে? পুষ্প কি? তুমি কে? কিবা জিজ্ঞাসা করিতেছ? অনন্তর মহাত্মা নারদ সকল বুঝিতে পারিয়া, শিবসন্নিধানে প্রত্যাবৃত্ত হইলেন এবং সংখ্যায় দেখিলেন, এক শত এক চম্পকপুষ্প শিবলিঙ্গে অর্পিত আছে। অন্য এক মহাত্মা ব্রাহ্মণ শিবপূজা করিতেছেন দেখিয়া জিজ্ঞাসা করিলেন,—তুমি কে? কি প্রার্থনা করিতেছ? এই পুষ্প-সমূহ কোন ব্যক্তি আনিয়া শিবকে সম করিয়াছে? ইহা শ্রবণে অত্রত্য ব্রাহ্মণ স কহিল,—আমি ভগবান শিবকে পূজা করি মুক্তিপ্রার্থনা করিতেছি এবং এই একটী ব্রা চম্পকপুষ্প দ্বারা পরমেশ্বরকে প্রত্যহ পূ করিয়া রাজাকে মুগ্ধ করিতেছে। সে ঐ রা সকাশে প্রচুর অর্থ গ্রহণ করিয়া বহু ব্রাহ্মণ পীড়া দিতেছে এবং শিবপূজাবলে রা দানাধ্যক্ষতা লাভ করিয়া ধনমদে অ হইয়া, আত্মীয় ও পর বিবেচনা করে ন হে প্রভো! আমি পূজার্থে এই পু সমর্পণ করিয়াছি। নারদ তাঁহার ঈদৃ বাক্য শ্রবণ করিয়া বলিলেন, তোমার অক্ষয় মুক্তি হইবে, ইহাতে সন্দেহ নাই; ই আমি সত্য বলিতেছি। আর ভাবিলে "ঐ মিথ্যাবাদী ব্রাহ্মণ শম্ভুকে পুষ্প দ্বা সন্তুষ্ট রাখিয়া রাজাকে বশে আনিয়াছে; ব্রাহ্মণগণকে পীড়া দিতেছে এবং রাজার দানাধ্য হইয়া, ব্রাহ্মণদিগকে কষ্ট দিতেছে। ১১—২৪ এ সকল ফল চম্পক হইতেই লাভ করিয়াছে কারণ ভগবান্ চম্পকপুষ্প দ্বারাই পূজিত হই

তস্যাস্তদ্বচনং শ্রুত্বা নারদো বাক্যমব্রবীৎ ।
শঙ্করন্তু নমস্কৃত্য শ্রূয়তাং হি ত্বয়া প্রভো ॥ ৪১
ঈদৃশো যো ভবেৎ স্বামিন্ তদ্ধস্তাৎ পূজনং কথম্
গৃহ্যতে চ ত্বয়া দেব দুষ্টঃ কো বা হ্যতঃপরম্ ॥ ৪২
রাজপ্রতিগ্রহশ্চৈব দুষ্করং প্রথমং ভবেৎ ।
ততশ্চৈব বিভাগশ্চ কিং পুনর্গোবিভাগভুক্ ॥ ৪৩
এতস্মাচ্চ পরো দুষ্টঃ কোঽন্যো ভবিতুমর্হতি ।
যস্যাশ্চ দক্ষিণে শৃঙ্গে গঙ্গা চ পরিতিষ্ঠতি ॥ ৪৪
বামে চ যমুনা দেবী মধ্যে চৈব সরস্বতী ।
স্কন্ধে ব্রহ্মা তথা মধ্যে রুদ্রঃ সপরিবারকঃ ॥ ৪৫
কট্যাং বিষ্ণুঃ সদা তিষ্ঠেৎ পৃষ্ঠে তীর্থান্যনেকশঃ
ঋষয়ো দক্ষিণে কুক্ষৌ বামে সর্ব্বাশ্চ দেবতাঃ ॥ ৪৬
নদ্যঃ সর্ব্বা হ্যধোভাগে বেদা খুরনিবাসিনঃ
ঊধসি চ সমুদ্রাশ্চ জগৎ তস্যাং প্রতিষ্ঠিতম্ ॥ ৪৭
ঈদৃশীঞ্চৈব গাং যো বৈ পূজয়িত্বা চ প্রক্রমেৎ ।
পৃথ্বীপ্রক্রমণাজ্জাতং ফলং তস্য সুনিশ্চিতম্ ॥ ৪৮

আসমুদ্রাং তাং যশ্চৈব সুবর্ণপূরিতাং যদা ।
দদাতি পুরুষো যশ্চ গাঞ্চৈবাত্র দদাতি বঃ ॥ ৪৯
তয়োঃ সমফলং প্রোক্তং নাত্র কার্য্যা বিচারণা
যস্যা দুগ্ধং নরঃ পীত্বা গঙ্গোদকফলং লভেৎ ॥ ৫০
শকৃন্মূত্রঞ্চ যস্যাশ্চ পীতং পুনাতি পাতকাৎ ।
কিমপুণ্যং হি তস্যা গোঃ স্পর্শনাৎ পাপহারিকা
পৃথিব্যাং ত্রীণি দানানি গাবঃ পৃথ্বী সরস্বতী ।
নরকাদুদ্ধরন্ত্যেতে পূর্ব্বানেকোত্তরং শতম্ ॥ ৫২
যস্য পাপস্য প্রায়শ্চিত্তং নিঃসরেৎ তু ন কুত্রচিৎ
তস্য পাপস্য শুদ্ধিঃ স্যাৎ নাদ্যযস্যাঃ সুরেশ্বর ॥ ৫৩
কিং পুনর্বর্ণ্যতে তস্যা দানং স্পর্শনং দর্শনম্
সুবর্ণং শৃঙ্গয়োশ্চৈব খুরেষু রূপ্যমেব চ ॥ ৫৪
পৃষ্ঠং তাম্রময়ং কৃত্বা প্রবালং নেত্রয়োস্তথা ।
কণ্ঠে চ ভূষণং যস্য বস্ত্রং সর্ব্বাঙ্গকে তথা ॥ ৫৫
কাংস্যদোহনপাত্রেণ সুশীলাং বৎসসংযুতাম্
তরুণীং রূপসম্পন্নাং বহুদুগ্ধবতীং যদা ॥ ৫৬

আমরা গো বিভাগ করিয়া সঞ্চিত পাপের কোথায় ক্ষালন করিব ? ২৬—৪০ নারদ এইরূপ উঁহার বাক্য শ্রবণ করিয়া মহাদেবকে প্রণাম করত কহিতে লাগিলেন, হে প্রভো ! আপনি শুনুন । হে দেব ! যে ব্যক্তি এতাদৃশ অসাধু, তাহার হস্তে কেন পূজা গ্রহণ করেন ? ইহার তুল্য দুষ্ট, পরদ্রব্যাপহারী আর কে আছে ? দেখুন, প্রথমতঃ রাজসন্নিধানে প্রতিগ্রহাদি অতি দুষ্কার্য্য, তাহাতে বিভাগ, তন্মধ্যে আবার যে গোবিভাগ করিয়া লয়, সে মহাপাপী । ইহার পর দুষ্ট অন্য কেহ নাই । দেখুন, যাঁহার দক্ষিণ শৃঙ্গে গঙ্গা, বাম শৃঙ্গে যমুনা ও শৃঙ্গমধ্যে দেবী সরস্বতী অবস্থান করেন ; যাঁহার স্কন্ধে ব্রহ্মা, মধ্যদেশে নন্দিপ্রভৃতি স্বানুচরসমবেত ভগবান্ রুদ্র, কটিদেশে বিষ্ণু, পৃষ্ঠভাগে তীর্থ সকল, দক্ষিণ-কুক্ষিতে ঋষিগণ, বামকুক্ষিতে দেবগণ, অধোভাগে নদী সকল, খুরদেশে বেদচয়, দুগ্ধধারাশয়ে সমুদ্রগণ অবস্থিত ; অতএব ত্রিজগৎ গোরুতে প্রতিষ্ঠিত । ঈদৃশী গোরুকে যে ব্যক্তি পূজা করিয়া প্রদক্ষিণ করে, সে নিশ্চয় পৃথিবীপ্রদক্ষিণ জন্য পুণ্য লাভ করে ।

আর যে ব্যক্তি সমুদ্র পর্য্যন্ত পৃথিবীকে সুবর্ণপূরিত করিয়া প্রদান বা একটী ধেনু প্রদান করে, সে উভয় দানে তুল্য ফললাভ করে, ইহাতে সন্দেহ নাই । মানব যাহার দুগ্ধ পান করিয়া গঙ্গোদকপানের ফল প্রাপ্ত হয় এবং যাহার বিষ্ঠা বা মূত্র পান করিলে সকল পাপ হইতে মুক্ত হয়, সেই গোরুর সকল অঙ্গই পবিত্র ; উহা স্পর্শমাত্রেই পাপ সকল বিনষ্ট হয় । পৃথিবীমধ্যে গোদান পৃথিবীদান ও বিদ্যাদান করিলে শতসংখ্যক পূর্ব্বপুরুষগণ নরকযন্ত্রণা হইতে মুক্ত হন । হে দেবদেব । যে সকল পাপের প্রায়শ্চিত্ত কোন শাস্ত্রে নাই, ঐ গো প্রদান করিলে সেই সকল মহাপাতকেরও শুদ্ধি হয় ; সেই ধেনুর দান, স্পর্শ ও দর্শনের বিষয় অধিক আর কি কহিব । যে ব্যক্তি সুরূপা, বহু পয়স্বিনী, সৎস্বভাবা, সবৎসা ধেনুর শৃঙ্গদ্বয়ে সুবর্ণ, খুরে রৌপ্য, নয়নে প্রবাল, কণ্ঠে অলঙ্কার, সর্ব্বাঙ্গে বস্ত্র ও পৃষ্ঠে তাম্র দিয়া এবং উহাকে কাংস্যদোহন-পাত্রসমন্বিতা করিয়া, তীর্থাদি পবিত্রস্থানে শুভ সময়ে সদ্ব্রাহ্মণকে অর্পণ করে,

তস্মাম্মদ্বচনাদ্বিপ্র রাক্ষসত্বং গমিষ্যসি ॥ ৭৩
বিরাধো নাম যস্ত্বাসীদ্রাক্ষসত্বং গতঃ ক্ষণাৎ।
অনুগৃহীতস্তদা তত্র দত্তেন মহাত্মনঃ ॥ ৭৪
রামস্য দর্শনং প্রাপ্য তদ্ধস্তান্মরণং ধ্রুবম্।
লব্ধা যাস্যসি তদ্রূপং প্রভাবাচ্ছঙ্করস্য চ ॥ ৭৫
ইত্যুক্তো নারদেনৈব সোঽপি রক্ষোঽভবৎ ক্ষণাৎ
বিরাধো নাম বিপ্রেন্দ্রাঃ সর্ব্বপ্রাণিভয়ঙ্করঃ ॥ ৭৬
দৃষ্ট্বা তং রাক্ষসং তত্র নারদঃ প্রাহ শঙ্করম্।
নমস্কৃত্য পুনস্তত্র গোকর্ণেশং তদা শুভম্ ॥ ৭৭
চম্পকস্য মহিমানং বর্ণয়িত্বা পুনঃ পুনঃ
ঈদৃশশ্চ ভবেল্লোকে সর্ব্বং বশ্যং নয়েদিহ ॥ ৭৮
ইত্যুক্ত্বা নারদস্তস্মৈ যযৌ স্বৈরগতির্ম্মুনিঃ।
এতৎ সর্ব্বং সমাখ্যাতং যৎ পৃষ্টোঽহং মুনীশ্বরাঃ
যচ্ছ্রুত্বা সর্ব্বপাপেভ্যো মুচ্যতে মানবঃ ক্ষণাৎ ॥ ৮০

ইতি শ্রীশৈবে মহাপুরাণে জ্ঞানসংহিতায়াং চম্পকশাপনিরূপণং নামৈকত্রিংশোঽধ্যায়ঃ ॥ ৩১ ॥

দয়াপূর্ণ-হৃদয়ে কহিলেন, হে দ্বিজ! আমি কখন শত্রুর প্রতিও ভ্রমে মিথ্যা কহি না, একারণ আমার বচনে রাক্ষসত্ব লাভ করিবে। অনন্তর ঐ বিপ্র বিরাধ নামে রাক্ষস হইয়াছিল। তবে মহাত্মা নারদ তাঁহার প্রতি অনুগ্রহ করিয়া এই বলিলেন যে, তুমি শ্রীরামকে দর্শন করিয়া তাঁহার হস্তেই নিহত হইয়া শঙ্করের প্রভাবে পুনরায় সুন্দর রূপ লাভ করিবে। হে দ্বিজগণ! সেই ব্রাহ্মণ নারদ কর্তৃক এইরূপ উক্ত হইয়া সেইক্ষণেই সর্ব্বপ্রাণীর ভয়ঙ্কর বিরাধ নামে রাক্ষস হইল। নারদ সেই রাক্ষসকে অবলোকন করিয়া গোকর্ণনাথ শঙ্করকে পুনরায় প্রণাম করিয়া ও তাঁহার নিকট চম্পকের মহিমা বারংবার বর্ণনা করিয়া স্বৈরগমনে স্বস্থানে গমন করিলেন। হে মুনিগণ! আপনারা যাহা জিজ্ঞাসা করিয়াছেন, সে সকলই

দ্বাত্রিংশোঽধ্যায়ঃ।

ঋষয় ঊচুঃ।

সূত সূত মহাভাগ ত্বয়া ভাগবতোত্তম।
যৎ পৃষ্টঞ্চৈব তৎ সর্ব্বং নিবেদিতমতন্দ্রিতম্
অস্মাকং সংশয়ঃ সর্ব্বঃ কৃতবান্ দূরতো ভবান্
ধন্যস্ত্বং কৃতকৃত্যোঽসি কিং পুনর্বর্ণয়ামহে ॥ ২
ব্যাসো বৈ যস্য তে যস্য গুরুঃ শিরসি রাজতে
কিং তস্য দুর্লভং লোকেঽসংশয়াত্মস্বরূপিণ।
ত্বয়া চ কথিতং যচ্চ পঞ্চায়তনমুত্তমম্
পূজনং শুভদং লোকে সর্ব্বকামফলপ্রদম্ ॥ ৩
বিষ্ণুর্দেবঃ শ্রুতঃ পূর্ব্বং প্রকৃতিঃ পরমা শুভা
শঙ্করস্তু পরো দেবঃ সূর্য্যশ্চ ত্রিগুণাত্মকঃ ॥ ৪
গণেশস্তত্র পঞ্চস্থো হি পূজ্যো জগতঃ কথং প্র
কো বা গণপতিস্ত্বাসৌ কস্য পুত্রঃ কুতো বলম্
মহাপতিত্বং কথং প্রাপ্তঃ সর্ব্বং কথয় শোভন

কহিলাম; মানব ইহা শ্রবণ করিলে ক্ষণকাল মধ্যে সকল পাপ হইতে মুক্ত হয়। ৬৮—৮০

একত্রিংশ অধ্যায় সমাপ্ত।

দ্বাত্রিংশ অধ্যায়।

ঋষিগণ কহিলেন, হে ভাগবতোত্তম সূত! হে মহাভাগ সূত! আমরা যাহা জিজ্ঞাসা করিয়াছিলাম, তুমি অনলস হইয়া সে সকলের যথার্থ উত্তর দিয়াছ; তুমি আমাদিগের সংশয় দূর করিয়াছ, তুমি ধন্য ও কৃতকৃত্য;—আমরা কি বর্ণনা করিব! হে সূত! যাহার গুরু বেদব্যাস মস্তকোপরি অবস্থিত, সেই আত্মতত্ত্বজ্ঞ তোমার ত্রিলোকমধ্যে কিছুই দুর্লভ নাই। তুমি যে কল্যাণময় সর্ব্বোত্তম সর্ব্বাভীষ্টদায়ী পঞ্চায়তন অর্চ্চনাবিধি কহিয়াছ, হে প্রভো! ঐ পঞ্চায়তন-শ্রেণীতে আদিদেব বিষ্ণু, প্রকৃতিদেবী, দেবদেব শঙ্কর, সত্ত্বরজস্তমোগুণাত্মা সূর্য্য ও গণেশ ইঁহারা পূজনীয়; ইহার ভিতর ঐ গণেশ কিজন্য পূজনীয় হইয়াছেন? উনি কে? কাহার পুত্র? কিহেতু ঐরূপ বলবান এবং বিজয়ী বা

তদ্রূপং সুন্দরং তস্য বিলোক্য হর্ষমাগতা।
মুখমাচুম্ব্য সা তত্র হ্যালিঙ্গ্যাপ্যাপরং তদা ॥ ২৩
স্থিতো দ্বারি সদা তত্র পার্ব্বতীহিতকাম্যয়া
স্বয়ঞ্চ মজ্জনার্থং সা স্থিতা চ সখিসংযুতা ॥ ২৪
এতস্মিন্নেব কালে তু শিবো দ্বারি সমাগতঃ।
গণৈঃ সার্দ্ধং সমায়ান্তৌ দ্বারি চ প্রাবিশদ্যদা ॥ ২৫
তদা নিষিদ্ধস্তেনৈব গম্যতে চ ত্বয়াধুনা
মজ্জনার্থং স্থিতা মাতা ক্ব যাসি মা ব্রজাধুনা ॥ ২৬
ইত্যুক্ত্বা যষ্টিকাং তত্র রোধনায় সমাদধে।
তদ্দৃষ্ট্বা তু শিবঃ প্রাহ শিবোঽহমিতি নান্যথা ॥ ২৭
ইত্যুক্ত্বা গম্যমানং তং যষ্ট্যা চৈবাপ্যতাড়য়ৎ।
কঃ শিবঃ কুত্র যাসি ত্বং কিমর্থং গম্যতেঽধুনা ॥ ২৮

শিব উবাচ।

মূর্খোঽসি ত্বং ন জানাসি শিবোঽহং গিরিজাপতিঃ।
ইত্যুক্ত্বা প্রবিশন্তং তং দণ্ডেনতাড়য়ৎ পুনঃ ॥ ২৯

ততঃ শিবশ্চ সংক্রুদ্ধো গণানাজ্ঞাপয়ৎ ত্ব
কো বায়ং বর্ত্ততে কিঞ্চ ক্রিয়তে পশ্যতং পু
ইত্যুক্ত্বা তু শিবস্তত্র স্থিতঃ ক্রোধসমন্বিতঃ।
গণাস্তে ক্রোধমাপন্নাঃ পপ্রচ্ছুর্দ্বারপালকম্।
কোঽসি ত্বং কুত আয়াতঃ কিং বা ত্বঞ্চ চি
তদীয়ং বচনং শ্রুত্বা দ্বারপালোঽব্রবীদিদম্।
যূয়ং কে কুত আয়াতা ভবন্তঃ সুন্দরা ইয়
যাত দূরং কিমর্থং বৈ স্থিতা যূয়ং বিরোধিনঃ
এবং শ্রুত্বা বচস্তস্য হাস্যং কৃত্বা পরস্পরম্
কথয়ং বদন্তে কিঞ্চ বদীতি শত্রুবৎ পুনঃ
তমূচুস্তে সমাগম্য দ্বারপালক
বয়ং শিবগণাঃ সর্ব্বে শিবাজ্ঞাপরিপালকাঃ
ত্বাঞ্চৈব তু গণং মত্বা ন হন্মোঽদ্য হ
তিষ্ঠ দূরে হতশ্চৈব কিমর্থং মৃত্যুমীহসে
ইত্যুক্তেঽপি গণেশস্য দ্বারং ন মুক্তবান্ স্থ
তে সর্ব্বেঽপি গণাস্তত্র শিবাগ্রে তৎক্র

"তুমি এক্ষণে আমার দ্বারপাল হও" এই-রূপ কহিয়া গণেশকে যষ্টি ধারণ করাইয়া দ্বারে সংস্থাপিত করিলেন ;—তাঁহার সুন্দর রূপ সন্দর্শনে আনন্দিতা হইয়া পুনঃপুনঃ তাঁহার মুখচুম্বন ও আলিঙ্গন করিয়া স্থাপন করিলেন। তিনিও পার্ব্বতীর হিতার্থী হইয়া দ্বারে থাকি-লেন। তখন পার্ব্বতী সখীসমেতা হইয়া স্নানার্থ স্বয়ং গমন করিলেন ; এমত সময়ে ভগবান্ স্বানুচর প্রমথগণের সহিত ঐ দ্বারে উপস্থিত হইলেন ও প্রবেশ করিতে উদ্যত হইলেন। তখন গণেশ তাঁহাকে "তুমি কোথায় যাইতেছ ? এক্ষণে মা আমার স্নান করিতেছেন ; তুমি যাইও না" এইরূপ কহিয়া তাঁহাদিগের প্রবেশ-রোধের জন্য যষ্টিকা গ্রহণ করিলেন। তাহা দেখিয়া শিব কহিলেন, আমি শিব, অন্য কেহ নহি। ১৪—২৭। ভগবান্ এইরূপ কহিয়া প্রবেশ করিতে উদ্যোগ করিলে, গণেশ তাঁহাকে কহিলেন, কে শিব ? তুমি কোথায় যাইতেছ ? কি জন্য যাইতেছ ? এই বলিয়া যষ্টি দ্বারা তাঁহাকে তাড়না করিলেন। "তুমি মূর্খ, কিছুই জান না ; আমি পার্ব্বতীর স্বামী" এই কহিয়া

শিব প্রবেশ করিতে যাইলে, গণেশ পু
তাঁহাকে দণ্ড দ্বারা তাড়না করিলেন তখ
ক্রুদ্ধ হইয়া "এ কোন ব্যক্তি রহিয়াছে ?
করিতেছে দেখ" প্রমথগণকে এইরূপ
অতি ক্রোধে একান্ত অবস্থান করিলেন।
তর প্রমথেরা অতি ক্রুদ্ধ হইয়া দ্বারপা
জিজ্ঞাসা করিল, তুমি কে ? কোথা হই
আসিয়াছ ? কি করিতে বাসনা করিয়াছ ? দ্ব
পাল উহাদিগের বাক্য শ্রবণ করিয়া কহি
লাগিলেন, তোমরা কাহার ? কোথা হই
আসিয়াছ ? তোমাদিগকে বড়ই রূপবান্ দে
তেছি ! তোমরা দূরে গমন কর, কিজন্য এ
বিরোধী হইয়াছ ? প্রমথগণ তাঁহার
বাক্য শ্রবণে পরস্পর হাস্যপরায়ণ হইয়া বলি
লাগিল, এ ব্যক্তি শত্রুর মত কি বলিতে
এই কহিয়া তাঁহাকে কহিল, "হে দ্বারপা
শ্রবণ কর। আমরা শিবানুচর প্রমথ, শি
আজ্ঞাবহ ; তোমাকে কেবল পার্ব্বতীপুত্র বি
চনায় নিধন করিতেছি না, অন্যথা তুমি এ
বিনষ্ট হইতে। অতএব দূরে অবস্থান
কিজন্য নিজ মৃত্যু কামনা করিতেছ ?" এই

শিবশ্চৈব গণাঃ সর্ব্বে নিবাসাবাসয়ঃ কথম্‌ ॥ ৫৩
প্রবিশন্তি হঠাদেব নৈতচ্ছুভতরং তব ।
সম্যক্‌ কৃতং হনেনৈব কোঽপি প্রবেশিতো ন হি
দুঃখঞ্চৈবানুভূয়াপি তিরস্কারাদিকং তথা ।
অতঃ পরন্তু বাগ্‌বাদঃ ক্রিয়তে চ পরস্পরম্‌ ॥ ৫৪
বাগ্বাদশ্চ কৃতো নৈব তর্হ্যায়ান্ত সুখেন বৈ ।
কৃতে চৈবাত্র বাগ্বাদে জিত্বা চ বিনয়েন চ ॥ ৫৫
প্রবিশন্তু তদা সর্ব্বে নান্যথা কর্হিচিং প্রিয়ে ।
অস্মৈবাস্মদীয়ো বৈ ভর্ৎসিতে ভর্ৎসিতা বয়ম্‌ ॥৫৬
তস্মাদ্দেবি ত্বয়া ভদ্রে ন ত্যাজ্যো মান উত্তমঃ ।
শিবো মর্কটবং তেঽদ্য বর্ত্ততে কিং করিষ্যতি ॥৫৭
তদীয়ং তদ্বচঃ শ্রুত্বা পার্ব্বতী মানিনী তদা ।
অহো স্থিতং ক্ষণং নৈব হঠাংকারঃ কথং কৃতঃ ॥৫৮
কথঞ্চৈবাত্র কর্ত্তব্যো বিনয়ো বাথবা পুনঃ ।
ভবিষ্যতি ভবত্বেব কৃতং নৈবান্যথা পুনঃ ॥ ৫৯
ইত্যুক্ত্বা তু সখী তত্র প্রেষিতা প্রিয়য়া তদা ।
সমাগত্য সখী সা চ প্রিয়য়া কথিতং শৃণু ॥ ৬০
সম্যক্‌ কৃতং ত্বয়া ভদ্র বলাং প্রবিশতা ন হি ।
ভবদগ্রে গণা এতে জয়ন্তি কিং ভবান্‌ পুনঃ ॥৬১
কৃতং চেদ্বৈ কৃতঞ্চৈব কর্ত্তব্যং ক্রিয়তাং ত্বয়া ।
জিত্বা যান্তু পুনর্ব্বাপি বিনয়ৈরথবা ধ্রুবম্‌ ॥ ৬২
ইতি শ্রুত্বা বচস্তস্যা মাতুশ্চৈব গণস্তথা ।
বদ্ধকচ্ছস্তথোষ্ণীষং বধ্বা জঙ্ঘোরূ নাদয়ন্‌ ॥ ৬৩
উবাচ স গণান্‌ সর্ব্বান্‌ শ্রূয়তাং গণসত্তমাঃ ।
অহঞ্চ গিরিজাপুত্রো যূয়ং শিবগণাস্তথা ॥ ৬৪
উভয়ে সমতাং প্রাপ্তাঃ কর্ত্তব্যং ক্রিয়তাং পুনঃ
ভবন্তো দ্বারপালাশ্চ অহঞ্চৈব কথং ন হি ॥ ৬৫
ভবন্তিশ্চ স্থিতং হ্যত্র যদা ভবতি নিশ্চিতম্‌ ।
তদা ভবন্তিঃ কর্ত্তব্যং শিবাজ্ঞাপরিপালনম্‌ ॥ ৬৬
ইদানীন্তু ময়া চাত্র শিবাজ্ঞাপরিপালনম্‌ ।
হত্বাথবা বিনয়েনাপি গন্তব্যং মন্দিরে পুনঃ ॥ ৬৭

গণেশ যদি না থাকিত, তবে শিব ও প্রমথগণ সকলেই বাড়ীর ভিতরে আসিত। তাহা হইলে কিরূপে আমাদিগের সুখে বাস হইত। যদি উহারা হঠাং প্রবেশ করিত, তাহা তোমার পক্ষে শুভতর হইত না। গণেশ উত্তম করিয়াছে, তিরস্কারাদি নানা দুঃখ অনুভব করিয়াও কাহাকেও প্রবেশ করিতে দেয় নাই। এক্ষণে পরস্পর বাক্‌কলহ করিতেছে। ৪৪—৫৪। যদি বাক্‌কলহ না করিত, তাহা হইলে সকলেই অক্লেশে আসিত। এক্ষণে উহারা বাগ্‌যুদ্ধে পরাভূত হইয়া বিনয় করিলে পরে প্রবেশ করিতে দিউক। হে সখি! গণেশ অস্মদীয়; একারণ উহাকে ভর্ৎসনা করিলে আমরা সকলে ভর্ৎসিত হই। হে ভদ্রে! তুমি মান পরিত্যাগ করিও না। শিব তোমার নিকট বানরের ন্যায় বর্ত্তমান। উনি আজ কি করিবেন? পার্ব্বতী সখীবাক্য-শ্রবণ করিয়া মানিনী হইলেন এবং কহিলেন, অহো! শিব, সানুচরে ক্ষণকাল স্থির হইতে পারিলেন না, বল প্রয়োগ করিলেন কি না! এক্ষেত্রে বিনয় করি কিরূপে? অতএব যাহা হইবে, তাহা হউক; যাহা হইয়াছে, তাহার আর অন্য হয় না। অনন্তর গণেশসমীপে সখী প্রেরণ করিলেন। সেই সখী আসি গণেশকে কহিল, তুমি বলপূর্ব্বক ইহাদিগ প্রবেশ করিতে না দিয়া ভাল করিয়াছ। কি এখনও প্রমথগণ তোমার সম্মুখে সগর্ব্বে র য়াছে; অবে তুমি কি করিয়াছ! যাহা করিয় তাহার আর অন্যথা হয় না; এক্ষণে য কর্ত্তব্য, তাহা কর। উহারা তোমাকে করিয়া অথবা তোমার নিকট নত হইয়া প্র করুক। জননীর তাদৃশ বাক্য শ্রবণ কর্ গণেশ কবচ ও উষ্ণীষ বাঁধিলেন এবং জঙ্ঘা উরুদ্বয় হস্ত দ্বারা তাড়িত করিয়া গণ সক কহিতে লাগিলেন, হে প্রমথগণ! তোমরা শ কর; আমি পার্ব্বতীর পুত্র, শিবের অনুচ উভয়েই সমান; এক্ষণে যাহা কর্ত্তব্য হয়, তে কর। তোমরা দ্বারপাল, আমিও দ্বারপা যখন তোমরা এখানে থাকিবে, তখন তো দিগের শিবের আজ্ঞা প্রতিপালন করা অ কর্ত্তব্য; এক্ষণে আমিও শিবার আদেশ প্র পালন করিব। তোমরা যুদ্ধে আমাকে পর করিয়া অথবা আমার নিকট নত হইয়া

ত্যক্তাশ্চ গণাঃ সর্ব্বে যযুস্তে শিবসন্নিধৌ।
জ্জিতং লজ্জিতং গত্বা নমস্কৃত্য পুরঃ স্থিতাঃ ॥৬৮
ত্বা নিবেদিতং সর্ব্বং শিবাগ্রে গণসত্তমৈঃ।
সর্ব্বন্তু তদা শ্রুত্বা শঙ্করো বাক্যমব্রবীৎ ॥৬৯
যতাশ্চ গণাঃ সর্ব্বে যুদ্ধযোগ্যাঃ ভবেন্ন হি।
হশ্চৈবাত্র পুত্রশ্চ তত্র গৌরীগণস্তথা ॥ ৭০
নয়ঃ ক্রিয়তে চেদৈ্ব বক্তো বৈ শঙ্করঃ স্ত্রিয়াঃ।
তশ্চৈবাত্র কর্ত্তব্যমেকাকী কিং করিষ্যতি ॥ ৭১
যূয়ঞ্চ গণা লোকে যুদ্ধে চৈব বিশারদাঃ।
দীয়াশ্চ কথং যুদ্ধং হিত্বা যাস্যথ লাঘবম্ ॥ ৭২
স্ত্রিয়াগ্রহঃ কথং কার্য্যঃ কৃত্বা ন লমবাপ্স্যতি
র্ত্তব্যং সর্ব্বথা যুদ্ধং যদ্ভাবি তদ্ভবিষ্যতি ॥ ৭৩

ইতি শ্রীশৈবে মহাপুরাণে জ্ঞানসংহিতায়াং গণ-
যুদ্ধং নাম দ্বাত্রিংশোঽধ্যায়ঃ ॥ ৩২ ॥

গৃহে প্রবেশ কর। উহারা গণেশ কর্তৃক এইরূপ উক্ত হইয়া শিবসন্নিধানে গমন করিল এবং অতি লজ্জিতভাবে তাঁহাকে নমস্কার করিয়া সম্মুখে অবস্থান করিল। পরে তাঁহাকে সকল বৃত্তান্ত নিবেদন করিলে তিনি তাহা শ্রবণ করিয়া উহাদিগকে বলিতে লাগিলেন, হে প্রমথগণ! শ্রবণ কর, এস্থলে যুদ্ধ আমাদিগের যোগ্য নহে। আমাদিগের পক্ষে আমি ও তোমরা; উহার পক্ষে গৌরী ও গণেশ; কিরূপে যুদ্ধ হইবে? কিন্তু যদি বিনয় প্রকাশ করি, তবে লোকে কহিবে, মহাদেব স্ত্রীর বশ্য। অতএব যাহা আরব্ধ হইয়াছে, তাহা কর্ত্তব্য; গণেশ একাকী কি করিবে? তোমরা প্রমথগণ, যুদ্ধদক্ষ বলিয়া লোকে বিখ্যাত আছ এবং আমার আত্মীয় হইয়া যুদ্ধ পরিত্যাগ করিয়া কেন লঘুতা স্বীকার করিতেছ? পার্ব্বতী স্ত্রীলোক; ও কিরূপে যুদ্ধ করিবে এবং করিলেও উচিত ফল পাইবে। একণে সর্ব্বতোভাবে যুদ্ধ করা উচিত। যাহা হইবে, তাহা হউক। ৫৫—৭৩।

দ্বাত্রিংশ অধ্যায় সমাপ্ত ॥ ৩২ ॥

ত্রয়স্ত্রিংশোঽধ্যায়ঃ।

সূত উবাচ।

ইত্যুক্তাস্তে গণাস্তেন নিশ্চয়ং পরমং গতাঃ।
সন্নদ্ধাস্তে তদা জগ্মুঃ সর্ব্বেঽপি শিবমন্দিরম্ ॥ ১
গণেশোঽপি চ তান্ দৃষ্ট্বা আয়াতান্ গণসত্তমান্।
যুদ্ধাটোপং বিধায়ৈব স্থিতঃ সোঽব্রবীদিদম্ ॥ ২
আয়াস্তু গণপাঃ সর্ব্বে শিবাজ্ঞাপরিপালকাঃ
অহমেকশ্চ বালশ্চ শিবাজ্ঞাপরিপালকঃ ॥ ৩
তথাপি পশ্যতাং দেবী পার্ব্বতী স্বসুতং বলম্।
শিবশ্চৈব গণানাঞ্চ বলং পশ্যতু বৈ পুনঃ ॥ ৪
বলবদ্বলযুদ্ধঞ্চ মানিনী-শিবপক্ষয়োঃ।
ভবদ্ভিশ্চ কৃতং পূর্ব্বং যুদ্ধং যুদ্ধবিশারদাঃ ॥ ৫
ময়া পূর্ব্বং কৃতং নৈব বালোঽস্মি ক্রিয়তেঽধুনা
তথাপি ভবতাং লজ্জা ভবিষ্যতি জয়াজয়ে ॥ ৬
মমৈবন্তু ভবেন্নৈব বৈপরীত্যং ভবিষ্যতি
মমৈবং ভবতাং নৈব গিরিজা-শিবয়োরপি ॥ ৭

ত্রয়স্ত্রিংশ অধ্যায়।

সূত কহিলেন, অনন্তর প্রমথগণ শিবকর্তৃক ঐরূপ উক্ত হইয়া যুদ্ধসজ্জা করিয়া গণেশ সান্নিধানে গমন করিল। গণেশ তাহাদিগকে যুদ্ধার্থ সমাগত দেখিয়া নিজেও যুদ্ধোদ্যোগ করিয়া কহিতে লাগিলেন, মহাদেবের আজ্ঞাকারী প্রমথগণ যুদ্ধার্থ আগমন করুক; আমিও শিবের আজ্ঞাকারী একাকী বালক হইলেও তাহাদিগের সহিত যুদ্ধ করিব। আজ দেবী পার্ব্বতী পুত্রের বল অবলোকন করুন; মহাদেবও স্বগণের বলাবল পরীক্ষা করুন। পার্ব্বতী ও পরমেশ্বর এই উভয় পক্ষের মধ্যে সংকৃত যুদ্ধই প্রবল হইবে। হে সংগ্রাম-কুশল প্রমথগণ! পূর্ব্বে তোমরা অনেকবার যুদ্ধ করিয়াছ; কিন্তু আমি বালক, পূর্ব্বে কখন যুদ্ধ করি নাই; এই সর্ব্বপ্রথম যুদ্ধ করিব। এই যুদ্ধে তোমাদিগের পরাজয় অথবা জয় হইলেও লজ্জা আছে, কিন্তু এ বিষয়ে আমার কোনপ্রকারেই লজ্জা নাই। কিন্তু ইহাতে জয় বা পরাজয় হইলে, তোমাদিগের বা আমার নহে, সকলই সেই পার্ব্বতী

এবং জ্ঞাত্বা চ কর্ত্তব্যং যুদ্ধঞ্চৈব গণেশ্বরাঃ।
ভবদ্ভিঃ স্বামিনং দৃষ্ট্বা ময়া চ মাতরং পুনঃ॥ ৮
ক্রিয়তে কীদৃশং যুদ্ধং ভবিতব্যং ভবত্বিতি।
ইত্যেবং ভংসিতাস্তে তু ক্রুদ্ধা লোহিতচক্ষুষঃ॥৯
বিবিধান্যায়ুধান্যেবং ধৃত্বা তে চ সমুদ্যযুঃ।
বর্ষয়ন্তস্তথা দন্তান্ হুঙ্কৃত্য চ পুনঃ পুনঃ॥ ১০
পশ্য পশ্য ব্রুবন্তশ্চ গণাস্তে সমুপাতাঃ।
নন্দী প্রথমমাগত্য ধৃত্বা পাদং ব্যকর্ষয়ৎ॥ ১১
ধাবন্ ভৃঙ্গী দ্বিতীয়ঞ্চ পাদং ধৃত্বা তথৈব চ।
যাবৎ পাদং ব্যকৃষতাং তাবত্তস্তেন বৈ গণঃ॥ ১২
অহত্য তৌ তু হস্তাভ্যামুত্রোট্য পাদকৌ স্বয়ম্।
দ্বারস্থং পরিঘং গৃহ্য সর্ব্বানাপোথয়ৎ তদা॥ ১৩
কেষাঞ্চিৎ তু শিরাংস্যেব কেষাঞ্চিৎ পৃষ্ঠকানি চ।
কেষাঞ্চিৎ তু শিরাংস্যেব কেষাঞ্চিন্মস্তকানি চ॥১৪
কেষাঞ্চিজ্জানুনী তত্র কেষাঞ্চিৎ কন্ধরাংস্তথা।
সমুখঞ্চাগতা যে বৈ তে সর্ব্বে হৃদয়ে হতাঃ॥ ১৫

কেচিচ্চ পতিতা ভূমৌ কেচিচ্চ বিদিশো গ...
কেচিচ্চ চরণৌ নত্বা কেচিচ্ছিবান্তিকং গতা...
তেষাং মধ্যে তু কশ্চিদ্বৈ সংগ্রামে সম্মুখো ন...
সিংহং দৃষ্ট্বা যথা যান্তি মৃগাশ্চৈব দিশো দশ...
তথা তে চ গণাঃ সর্ব্বে গতাশ্চৈব সহস্রশঃ।
পরাবৃত্য তদা সোঽপি দ্বারি চ সমুপস্থিতঃ॥
কল্পান্তকরণে কালো দৃশ্যতে চ তথা হি সঃ
এতস্মিন্ সময়ে তত্র ব্রহ্মা ইন্দ্রশ্চ দেবতাঃ॥
প্রেরিতা নারদেনাথ দেবাঃ সর্ব্বে সমাগমন...
বিষ্ণুশ্চাপি সমায়াতঃ শিবস্য হিতকাম্যয়া॥ ...
সমাগতাস্তদা সর্ব্বে সমাধায় পুরঃ স্থিতাঃ।
ঋষয়শ্চ তথা সর্ব্বে অপ্সরসাং গণস্তথা॥ ২...
শিবঞ্চৈব নমস্কৃত্য আজ্ঞাং দেহি প্রভো ইতি...
গণান্ ভিন্নাংস্তদা দৃষ্ট্বা তেভ্যঃ সর্ব্বং নিবেদিত...
তেভ্যঃ সর্ব্বং নিবেদ্যৈব ব্রহ্মাণং সমুবাচ হ...
ব্রহ্মংস্ত্বয়া চ গন্তব্যং প্রসাদ্যোঽয়ং মহাবলঃ॥২...

ও শিবের হইবে; ইহা বিবেচনা করিয়া তোমা-দিগের যুদ্ধ করা উচিত। তোমরা নিজ প্রভুর সম্মুখে ও আমি জননীর সম্মুখে যুদ্ধ করিব; ন্যায় অন্যায় তাঁহারা বিবেচনা করিবেন যাহা হইবার তাহা হইবে। প্রমথগণ, গণেশের ঈদৃশ কটূক্তিতে অতিশয় ক্রুদ্ধ ও আরক্তনয়ন হইয়া বিবিধ অস্ত্র ধারণ পূর্ব্বক যুদ্ধার্থ উদ্যুক্ত হইল। তাহারা দন্তে দন্ত ঘর্ষণ করিয়া পুনঃ-পুনঃ হুঙ্কার করিতে লাগিল ও "দেখ দেখ" বলিতে বলিতে সকলে সমাগত হইল। প্রথমে নন্দী আসিয়া গণেশের একপাদ গ্রহণপূর্ব্বক আকর্ষণ করিলে, পরে ভৃঙ্গী আসিয়া তাহার অপর পাদ গ্রহণ করিয়া সেইরূপ আকর্ষণ করিল; এমত সময়ে গণেশ বাহু দ্বারা উভয়কে আঘাত করিয়া নিজ চরণ আকর্ষণ করিয়া লইলেন এবং দ্বারস্থিত অর্গল গ্রহণ করিয়া ঐ শিবসেবকগণকে তাড়িত করিলেন। ১—১৩। গণেশ কাহাদিগের কটি, কাহারও পৃষ্ঠ, কাহারও শিরঃ, কাহাদিগেরও মস্তক, কাহারও জানু, কাহারও বা কন্ধরা বিষম আহত করিলেন এবং যাহারা সম্মুখে আসিল, তাহাদিগের হৃদয়স্থানে আঘাত করিলেন। তন্মধ্যে কেহ কেহ ভূমি... পতিত হইল, কেহ বা দিক্‌দিগন্তে গমন করি... এবং কেহ কেহ গণেশচরণে নমস্কার করি... কেহ কেহ শিবসন্নিধানে গমন করিল। এইরূ... উহাদিগের মধ্যে কেহই যুদ্ধে অগ্রসর হই... না। যেরূপ মৃগগণ সিংহকে দেখিলে দশদিকে পলায়ন করে, সেইরূপ প্রমথগণ নানাদিকে পলায়ন করিল। তখন গণেশ প্রত্যাবৃত্ত হইয়া দ্বারে উপস্থিত হইলে সকলে তাঁহাকে, জগৎ গ্রাস করিতে উদ্যত প্রলয়কালীন মহাকালের ন্যায়, ভয়ঙ্কর দেখিয়াছিল; এমত সময়ে নারদ মুখে অবগত হইয়া ইন্দ্রাদি দেবগণ ও ব্রহ্ম... তথায় আগমন করিলেন, বিষ্ণুও শিবের হিতার্থ... হইয়া সমাগত হইলেন এবং ঋষিগণ, অপ্সরো-গণ, সকলে সমাগত হইয়া সকলকে আশ্বা... দান করিলেন। তৎপরে তাঁহারা সকলে শিবকে নমস্কার করিয়া "হে প্রভো আজ্ঞা প্রদান করুন, কি করিতে হইবে" এইরূপ কহি-লেন। তখন ভগবান্ শিব, প্রমথদিগকে আহত ও নানাস্থানগত দেখিয়া দেবগণকে সকল কথা বলিয়া ব্রাহ্মণকে কহিলেন, হে ব্রহ্মন্

রম্ভা চ মেনকা চৈব উর্ব্বশী চ তিলোত্তমা।
ইত্যাদ্যপ্সরসাং শ্রেষ্ঠাঃ পুষ্পচন্দনপাণয়ঃ॥ ৪০
ঋষয়ো নারদাদ্যাশ্চ যে চ যুদ্ধেহভিলালসাঃ।
তে সর্ব্বে চ সমাজগ্মু র্যুদ্ধস্য দর্শনায় বৈ॥ ৪১
তেহপি বিস্ময়মাপন্না ঈদৃশং ন কদাপি হ।
গুণরূপং তদা দৃষ্টং কালোহয়মপরঃ কৃতঃ॥ ৪২
পৃথিবী কম্পিতা দেবী সমুদ্রসহিতা তদা।
পর্ব্বতাঃ প্রতিনাদং বৈ চক্রুঃ সংগ্রামসম্ভবম্॥ ৪৩
দ্যৌশ্চৈব সগ্রহা চীর্ণা সর্ব্বে ব্যাকুলতাং গতাঃ।
দেবাঃ পলায়িতাঃ সর্ব্বে গণাশ্চৈব পলায়িতাঃ॥ ৪৪
ষণ্মুখশ্চ তদা সর্ব্বানাবার্য্য পুরতঃ স্থিতঃ।
শক্তিদ্বয়েন তদ্‌যুদ্ধং সর্ব্বঞ্চ নিষ্ফলীকৃতম্॥ ৪৫
যেহবস্থিতাশ্চ সর্ব্বেহপি শিবস্যান্তিকমাগতাঃ।
তে সর্ব্বে মিলিতাশ্চৈব নমস্কৃত্য শিবং তদা॥ ৪৬
অব্রুবন্ বচনং সর্ব্বে কোহয়ং প্রণবরঃ প্রভো।
পুরা চৈব শ্রুতং যুদ্ধমিদানীং বহুধা পুনঃ॥ ৪৭
দৃশ্যতে ন শ্রুতং দৃষ্টমীদৃশং ন কদাচন।
কিঞ্চিদ্বিচার্য্যতাং দেব স্বস্বর্ধী প্রলয়ো ভবেৎ।
ইত্যেবং বচনং শ্রুত্বা শিবঃ পরমকোপনঃ।
কোপং জগাম তত্রৈব গম্যতাঞ্চ ময়াধুনা॥ ৪৯
দেবসৈন্যঞ্চ তং সর্ব্বং শিবস্যানুজগাম হ।
এতস্মিন্নন্তরে দেবং নমস্কৃত্যাথ নারদঃ॥ ৫০
অয়ঞ্চ জীবিতশ্চেৎ স্যাৎ প্রলয়ঞ্চ করিষ্যতি।
যথা তথোপায়ং দেব হন্তব্যঃ সর্ব্বথা ত্বয়া॥ ৫১
ইত্যুক্ত্বা নারদস্তত্র হস্তর্দ্ধানং গতস্তদা।
শিবোহপি সহ সৈন্যেন যুদ্ধং চক্রে সুদারুণম্।
মহাদেবোহপি তং দৃষ্ট্বা বিস্ময়ং পরমং গতঃ।
ছলেনৈব চ হন্তব্যো নান্যথা হন্যতে পুনঃ॥ ৫২
ইতি বুদ্ধিং সমাস্থায় সৈন্যমধ্যে ব্যবস্থিতঃ।
শিবে দৃষ্টে তদা দেবে নির্গুণে গুণরূপিণি॥ ৫৩
বিষ্ণৌ চৈবাপি সংগ্রাম আয়াতে সর্ব্বদেবতাঃ।
গণাশ্চৈব তথা হর্ষং জগ্মুঃ সর্ব্বে পরস্পরম্।
প্রথমং প্রেরযামাস বিষ্ণুঃ সর্ব্বসুখাবহঃ।

ঘুরাইতে লাগিলেন, ঐ যুদ্ধ দেখিবার জন্য রম্ভা, মেনকা, উর্ব্বশী, তিলোত্তমা প্রভৃতি অপ্সরোগণ পুষ্প ও চন্দন লইয়া এবং নারদাদি ঋষিগণ, যে কেহ যুদ্ধ দর্শনে চুক, সকলেই আগমন করিলেন। গণেশের ন্যায় রূপ গুণ তাঁহারা কখন দেখেন নাই; গণেশকে দ্বিতীয় কাল মনে করিয়া বিস্ময়াপন্ন হইলেন। সসাগরা সদ্বীপা ধরা কম্পমানা হইলেন, পর্ব্বত সকলেই যুদ্ধের প্রতিধ্বনি হইতে লাগিল, অন্তরীক্ষ গ্রহনক্ষত্রের সহিত চঞ্চল হইয়া পড়িল এবং দেবগণ ও প্রমথগণ সকলে অতি ব্যাকুল হইয়া পলায়ন করিতে লাগিলেন। ৩২—৪৪। তখন ষণ্মুখ, সকলকে বেষ্টন করিয়া স্বয়ং সম্মুখ-যুদ্ধ করিতে লাগিলেন; গণেশ তাঁহার সকল অস্ত্র পূর্ব্বোক্ত শক্তিদ্বয় দ্বারা বিফল করিলেন। অনন্তর সকলে শিবসন্নিধানে গমন করিলেন ও শিবকে নমস্কার করিয়া কহিতে লাগিলেন, হে দেব! আমরা পূর্ব্বে কত যুদ্ধের কথা শুনিয়াছি, এক্ষণেও কত যুদ্ধ দেখিতেছি, কিন্তু এরূপ যুদ্ধ কখন শ্রবণ করি নাই ও দেখি নাই। ঐ শুভ গণশ্রেষ্ঠ কে?—কিছুই জানি পারিতেছি না। এক্ষণে আপনি স্বয়ং উদ্যো হউন, নচেৎ মহাপ্রলয় হইবে। ভগবান্ সে বাক্য শ্রবণ করিয়া অতি ক্রুদ্ধ হইলেন এ অতিবেগে তথায় গমন করিলেন। দেবসেনা তাঁহার অনুগমন করিল। এমত সময়ে না আসিয়া ভগবানকে নমস্কার করিয়া কহি লাগিলেন, হে দেব! এই গণেশ জীবি থাকিলে জগৎ ধ্বংস করিবে; অতএব উহা যে কোন উপায়ে সর্ব্বতোভাবে নিধন করু এই বলিয়া নারদ অন্তর্হিত হইলে শিব, সৈ গণের সহিত মিলিত হইয়া দারুণ যুদ্ধ করি উদ্যোগ করিলেন। তিনিও গণেশকে দেখি অতিশয় বিস্মিত হইলেন এবং "ইহাকে কে ছলে বিনাশ করিতে হইবে, নচেৎ নিহত হই না" এইরূপ বিবেচনা করিয়া সৈন্যমধ্যে অবস্থা করিলেন। গুণাতীত গুণময় ভগবান্ শিব বিষ্ণুকে যুদ্ধস্থলে আসিতে দেখিয়া দেব ও প্রমথগণ সকলে পরস্পর আনন্দ প্রকা করিতে লাগিলেন। তখন সর্ব্বানন্দদায়ী বি

জয় জয়েতি ভাষন্তো দেবাঃ সুখমুপস্থিতাঃ।
যচ্চকার তদা দেবী শ্রূয়তামৃষিসত্তমাঃ॥ ৭২

ইতি শ্রীশৈবে মহাপুরাণে জ্ঞানসংহিতায়াং গণযুদ্ধভঙ্গো নাম ত্রয়স্ত্রিংশোঽধ্যায়ঃ॥ ৩৩॥

চতুস্ত্রিংশোঽধ্যায়ঃ।

সূত উবাচ।

শ্রূয়তাং কথয়াম্যদ্য যজ্জাতং তদনন্তরম্।
কোপযুক্তা যথা দেবী চকার শ্রূয়তাং তথা॥ ১
শিবোঽপি তচ্ছিরশ্ছিত্ত্বা যাবদ্দুঃখমুপাদদে।
তাবচ্চ গিরিজা দেবী ক্রোধমানা চ হা কথম্॥ ২
কিং করোমি ক্ব গচ্ছামি প্রলয়ং কিং করোম্যহম্
ইত্যেবং দুঃখিতা সা চ শক্তীঃ সহস্রশস্তদা॥ ৩
নির্ম্মমে নির্ম্মিতাস্তাশ্চ নমস্কৃত্য শিবাং তদা
জাজ্বল্যমানাস্তাঃ সর্ব্বা মাতর্দিশতামিতি॥ ৪

পার্ব্বত্যুবাচ।

প্রলয়ঃ শক্তয়ঃ কর্ত্তব্যো নাত্র কার্য্যা বিচারণা।
দেবানাঞ্চৈব গণানাঞ্চৈব যক্ষরাক্ষসকানথ॥ ৫
অস্মদীয়ঃ পরশ্চৈব বিদ্যতে ন মমাপি হ।
তদাজ্ঞপ্তাশ্চ তাঃ সর্ব্বাঃ সংহারং চক্রিরে তদা॥
কল্পান্তকালে সম্প্রাপ্তে সংহরণার্থমুদ্যতাঃ।
যথা চাগ্নিস্তৃণানীহ অর্চ্চিঃ সংহরতে তথা॥ ৭
এবং তাঃ শক্তয়ঃ সর্ব্বাঃ সংহারং কর্ত্তুমুদ্যতাঃ।
ন গণয়ন্তি দেবং বা ব্রহ্মাণং বাথ শঙ্করম্॥ ৮
ইন্দ্রং বা যক্ষরাজং বা স্কন্দং বা সূর্য্যমেব বা
সর্ব্বাংস্তাংশ্চৈব সংহর্ত্রী বর্ত্তন্তি হ নিরন্তরম্॥ ৯
যত্র যত্রানুপশ্যন্তি তত্র তত্রাপি শক্তয়ঃ।
করালাঃ কুব্জিকাঃ খঞ্জা লম্বশীর্ষা হ্যনেকশঃ॥ ১০
হস্তে গৃহীত্বা দেবাংশ্চ মুখেনৈবাক্ষিপংস্তদা।
[illegible] সংহারং তদা দৃষ্ট্বা হরো হরিস্তথৈব চ॥ ১১
[illegible] চ এবমন্যে দেবা ইন্দ্রাদয়স্তদা
কিং করিষ্যতি দেবী সা সংহারকালাকালতঃ॥ ১২
সর্ব্বে সংশয়মাপন্না জীবনায় হিতায় বা।

তিনি অন্তর্হিত হইলেন। দেবগণও জয় জয় শব্দোচ্চারণপূর্ব্বক আনন্দ প্রকাশ করিলেন। তাহার পর দেবী পার্ব্বতী যাহা করিয়াছিলেন, হে ঋষিগণ! আপনারা তাহা শ্রবণ করুন। ৬২—৭২।

ত্রয়স্ত্রিংশ অধ্যায় সমাপ্ত॥ ৩৩॥

চতুস্ত্রিংশ অধ্যায়।

সূত কহিলেন, হে ঋষিগণ! অনন্তর যাহা হইয়াছিল—দেবী কুপিত হইয়া যাহা করিয়াছিলেন, অদ্য তাহা কহিতেছি, শ্রবণ করুন। শিব, গণেশের মস্তক ছেদন করিয়া দেবীর মর্ম্মে ব্যথা দিলে, তিনি কুপিতা হইয়া "হা আমি কোথায় যাইব, কি করিব? আমি তবে কি জগৎ সংহার করিব" এইরূপ চিন্তা করিতে করিতে সহস্র শক্তি নির্ম্মাণ করিলেন। ঐ উৎপন্ন শক্তি সকল তেজে দেদীপ্যমান হইয়া জননীকে প্রণাম করিয়া কহিলেন, মাতঃ! আজ্ঞা কর, কি করিতে হইবে? পার্ব্বতী কহিলেন, "তোমরা জগৎ সংহার কর, ইহার মধ্যে দেব, দানব, যক্ষ, রাক্ষস, গন্ধর্ব্ব ও প্রমথ বলিয়া কিছু বিচার করিও না, আমার আত্মীয় পর বলিয়াও মনে করিও না।" পার্ব্বতীর এইরূপ আদেশে শক্তিগণ সংহার করিতে লাগিলে, বোধ হইতে লাগিল, যেন কল্পান্তকাল উপস্থিত বলিয়া উঁহার সংহারার্থ নিযুক্ত হইয়াছেন। তাঁহারা ব্রহ্মা, শিব, ইন্দ্র, কুবের, কার্ত্তিক, সূর্য্য অথবা অন্য কোন দেবতা বলিয়া বিচার না করত কেবল নিরন্তর প্রপঞ্চ সংহার করিতে উদ্যত হইলেন। যেদিকে দৃষ্টিপাত করিবে, সেই দিকেই দেখিবে, কুব্জ, খঞ্জ, দীর্ঘশিরা শক্তিগণ ভীষণ রূপ ধারণ করিয়া অনুগমন করিতেছেন। ১—১০। তাঁহারা এক এক করিয়া দেবতাদিগকে হস্তে তুলিয়া বদনবিবরে নিক্ষেপ করিতে লাগিলেন। ব্রহ্মা, বিষ্ণু, মহেশ্বর, ইন্দ্রাদি দেবগণ ও ঋষিগণ অকালে ভগবতীকৃত সংহারোদ্যোগ সন্দর্শন করিয়া নিজ নিজ জীবনের এবং মঙ্গলের প্রাপ্তিও

সর্ব্বাধ্যক্ষো ভবেদদ্য নান্যথা সুখমাপ্স্যথ।
ইত্যুক্তাস্তে তদা তেভ্যো গত্বা সর্ব্বে ন্যবেদয়ন্॥
তে সর্ব্বে চ বচঃ শ্রুত্বা শিবশ্চায়ং তথা পুনঃ।
কর্ত্তব্যঞ্চ তথা সর্ব্বং লোকস্বাস্থ্যং ভবেদিহ॥ ৩১
এতচ্ছিরঃ কুতো যাতমপ্সরোভিশ্চ তদ্ধৃতম্।
এতং কলেবরঞ্চাত্র প্রক্ষাল্য সম্প্রপূজ্য চ॥ ৩২
উত্তরস্যাং পুনর্যাত প্রথমং য ইহাগচ্ছেৎ।
পচ্ছিরশ্চ সমাহৃত্য যোজনীয়ং কলেবরে॥ ৩৩
ততস্তৈস্তু কৃতং সর্ব্বং শিবাজ্ঞাপরিপালকৈঃ।
কলেবরং সমানীয় প্রক্ষাল্য বিধিবচ্চ তং॥ ৩৪
পূজয়িত্বা পুনস্তে বৈ গতাশ্চোদঙ্মুখাস্তদা॥
প্রথমং মিলিতস্তত্র হস্তী চাপ্যেকদন্তকঃ॥ ৩৫
তচ্ছিরশ্চ তথা ছিত্ত্বা নীত্বা তেনাপ্যযোজয়ন্।
সংযোজ্য দেবতাঃ সর্ব্বাঃ শিবং বিষ্ণুং বিধিং তথা
উচুরনন্তরং কর্ম্ম ভবতামবশেষিতম্।
ততস্তে তু বচঃ শ্রুত্বা শিবাজ্ঞাপরিকালকাঃ॥ ৩৭

উচুস্তে চ ততঃ সর্ব্বে শিবো বিষ্ণুর্বিধিস্ত
যস্মাচ্চ তেজসঃ সর্ব্বে বয়ং জাতা মহাত্ম
অস্তেজশ্চ সমায়াতু বেদমন্ত্রাভিযোগতঃ।
ইত্যেবমভিমন্ত্রেণ মন্ত্রিতঞ্চ যদা পুনঃ॥
তদোত্তস্থৌ পুনশ্চায়ং শুভাঙ্গঃ সুন্দরস্তদ
অভিষিক্তস্তদা দেবৈর্গণাধ্যক্ষৈর্গজাননঃ॥
তস্মৈ চ দর্শয়ামাস দৃষ্ট্বা হর্ষসমন্বিতা।
বস্ত্রৈশ্চ বিবিধৈশ্চৈব নানালঙ্করণৈস্তথা॥
পূজয়িত্বা তয়া দেব্যা সিদ্ধিভিশ্চাপ্যনেক
করেণ স্পর্শিতঃ সো বৈ দুঃখিতোঽসীহ
ধন্যোঽসি কৃতকৃত্যোঽসি সর্ব্বপূজ্যো ভ
আননে তব সিন্দূরং দৃশ্যতে সাম্প্রতং য
তস্মাং ত্বং পূজনীয়োঽসি সিন্দূরেণ সদা
পুষ্পৈর্বা চন্দনৈর্বাপি গন্ধেনৈব শুভেন চ
নৈবেদ্যেন পুনস্তঞ্চ কৃত্বা নীরাজনাবিধিম্
তাম্বূলৈরর্থদানৈশ্চ কৃত্বা প্রক্রমণং তথা॥
নমস্কারবিধানেন পূজাঞ্চৈব বিধাস্যতি।
তস্য বৈ সকলা সিদ্ধির্ভবিষ্যতি ন সংশয়ঃ॥

তোমাদিগের মধ্যে পূজনীয় ও সকলের শ্রেষ্ঠ হয়, তবেই তোমরা সুখ পাইবে। পার্ব্বতীর এই বাক্য তাঁহারা শিবাদি দেবগণকে নিবেদন করিলেন। ২১—৩০। তাহা সকলের শ্রুতিগোচর হইলে, ভগবান্ শিব, অনুচরদিগের প্রতি আজ্ঞা করিলেন, পার্ব্বতী যাহা কহিলেন, তাহা অবশ্য কর্ত্তব্য ; নচেৎ কোন মতেই কুশল হইবে না ; গণেশের মস্তক ছিন্ন হইয়া কোথায় পতিত হইয়াছে! অপ্সরোগণ তাহা ধরিয়াছিল বটে। সে যাহা হউক, এক্ষণে উহার শরীর ধৌত করিয়া পূজা কর ; পরে তোমরা উত্তরদিকে গমন কর ও প্রথমেই যে ব্যক্তির দর্শন পাইবে, তাহার মস্তক ছেদন করিয়া গণেশ-দেহে সংযোজিত করিবে। অনন্তর তাঁহারা শিবের আজ্ঞা প্রতিপালন করিতে লাগিলেন। প্রথমতঃ গণেশের ছিন্ন দেহ যথা-বিধি ধৌত করিয়া পূজা করিলেন এবং উত্তরদিকে গমন করিয়া প্রথমেই একটী একদন্ত হস্তীকে দেখিতে পাইয়া, তাহার মস্তক ছেদন করত গণেশদেহে সংযোজিত করিলেন। অনন্তর দেবতারা সকলে ব্রহ্মা

বিষ্ণু মহেশ্বরকে কহিলেন, ইহার পর ক আপনারা করুন। অনন্তর ব্রহ্মা বিষ্ণু ম শ্বর ইহাঁরা বক্ষ্যমাণ মন্ত্র দ্বারা গণেশে তে সঞ্চার করিলেন,—"আমরা সকলে যে হইতে উৎপন্ন হইয়াছি, বেদমন্ত্রবলে তেজ গণেশদেহে আবির্ভূত হউন।" সুন্দর গজানন গণেশ, অন্যান্য গণনায়ক প্র গণের সহিত গাত্রোত্থান করিয়া পার্ব্ব নিজ রূপ দেখাইলে, দেবী পরমানন্দিতা হ বিবিধ বস্ত্র অলঙ্কার প্রদানে গণেশকে করিয়া কর দ্বারা স্পর্শ করত কহিতে ল লেন, হে পুত্র! দুঃখিত হইয়াছ ; তা এক্ষণে তুমিই ধন্য, কৃতকৃত্য। এখন তুমি সকলের পূজ্য হইলে। সম্প্রতি তে মুখে যেহেতু সিন্দূর দেখা যাইতেছে, এ মানবগণ সর্ব্বদা সিন্দূর দ্বারাই তোমার করিবে। যে ব্যক্তি গন্ধপুষ্প-নৈবেদ্যাদি তোমার পূজা করিয়া নীরাজনা কার্য্য প্রদক্ষিণ করে, অথবা কেবল নমস্কার

তাবদ্‌ব্রতঞ্চ কর্ত্তব্যং তব চৈব মমাজ্ঞয়া।
সংসারে সুখমিচ্ছন্তি হ্যতুলঞ্চাপ্যনেকশঃ॥ ৬৫
তে পূজয়ন্তু ত্বাং ভক্ত্যা চতুর্থ্যাং বিধিপূর্ব্বকম্।
মার্গশীর্ষে তথা মাসেঽসিতা যা বৈ চতুর্থিকা॥৬৬
প্রাতঃস্নানং তদা কৃত্বা বিপ্রং নিমন্ত্রয়েৎ ততঃ।
দূর্ব্বাভিঃ পূজনং কার্য্যমুপবাসস্তথাবিধঃ॥ ৬৭
রাত্রেশ্চ প্রহরে জাতে সুস্নাত্বা পূজনং নরঃ।
মূর্ত্তিং ধাতুময়ীং কৃত্বা প্রবালসম্ভবাং তথা॥ ৬৮
শ্বেতার্কসম্ভবাং বাপি নির্ম্মিতাং মার্দ্দবীং পুনঃ।
প্রতিষ্ঠাপ্য তদা তত্র পূজয়েৎ প্রয়তঃ পুমান্॥৬৯
গন্ধৈর্নানাবিধৈর্দিব্যৈশ্চন্দনৈঃ পুষ্পকৈরপি।
বিতস্তিমাত্রাং দূর্ব্বাঞ্চ ত্র্যগ্রাং মূলবিবর্জ্জিতম্॥ ৭০
ঈদৃশানাং দলানান্তু শতমেকোত্তরং তথা।
একবিংশতির্বা দেবং পূজয়েৎ পরমার্থতঃ॥ ৭১
ধূপৈর্দীপৈশ্চ নৈবেদ্যৈঃ পূজয়েৎ পরমেশ্বরম্।
তাম্বূলাদ্যর্ঘকৈশ্চৈব প্রণিপাতৈঃ স্তবৈস্তথা॥ ৭২
পূজয়িত্বা চ তং তত্র বালচন্দ্রঞ্চ পূজয়েৎ।
পশ্চাচ্চ ব্রাহ্মণং পূজ্য ভোজয়েন্মধুরং মুদা॥ ৭৩
স্বয়ঞ্চৈব তদা ভোজ্যং মধুরং লবণং বিনা।
বিসর্জ্জয়েৎ ততঃ পশ্চাদেবং পূজ্যঃ সদা নরৈঃ॥৭৪

পুনরায় বর্ষান্তে ঐ চতুর্থী পর্য্যন্ত ত্বদীয় ব্রত হইবে। ৪৮—৬৪। যাহারা সংসারে অসীম সুখ বাসনা করে, তাহারা চতুর্থী তিথিতে ভক্তিপূর্ব্বক যথাবিধি তোমার পূজা করুক। অগ্রহায়ণ মাসের যে কৃষ্ণা চতুর্থী, ঐ দিনে, মানব প্রাতঃস্নায়ী হইয়া, ব্রাহ্মণকে নিমন্ত্রণ করিবে ও উপবাসী থাকিয়া রাত্রির প্রথম প্রহরে পুনরায় স্নান করত গণেশের ধাতুময়ী কি প্রবালসম্ভূতা বা শ্বেত অর্কনির্ম্মিতা অথবা মৃন্ময়ী মূর্ত্তি নির্ম্মাণ করিয়া প্রতিষ্ঠা করিবে; পরে গন্ধ, পুষ্প, ধূপ, দীপ, নৈবেদ্য, অর্ঘ্য তাম্বূল প্রভৃতি প্রদানে এবং বিতস্তি পরিমিত অগ্রশালী ত্রিপত্র একশত এক অথবা একবিংশতি দূর্ব্বাদল দিয়া ঐ পরমেশ্বর গণেশকে পূজা করিবে। অনন্তর স্তব ও নমস্কারাদি দ্বারা সন্তুষ্ট করিয়া উহার কিরীটস্থিত বালচন্দ্রকে পূজা করিবে। পরে ব্রাহ্মণকে পূজা [illegible]য়া, অকপটচিত্তে মিষ্টান্ন ভোজন করাইয়া

এবং ব্রতে চ সম্পূর্ণে বর্ষে জাতে নরস্তদা।
উদ্‌যাপনবিধিং কুর্য্যাদ্‌ব্রতসম্পূর্ণহেতবে॥ ৭৫
দ্বাদশ ব্রাহ্মণাস্তত্র ভোজনীয়া মদাজ্ঞয়া।
কুম্ভ একশ্চ সম্পূজ্যঃ স্থাপ্যা মূর্ত্তিঃ স্বদীয়িকা॥
অষ্টদলং তদা কৃত্বা দীপং কৃত্বা বিধানতঃ।
হোমশ্চৈবাত্র কর্ত্তব্যো বিত্তশাঠ্যং ন কারয়েৎ॥
স্ত্রীদ্বয়ঞ্চ তদা চাত্র বটুদ্বয়মথাপি চ।
ভোজয়িত্বা পূজয়িত্বা মূর্ত্ত্যগ্রে বিধিপূর্ব্বকম্॥ [illegible]
জাগরণং ততঃ কার্য্যং পুনঃ প্রাতশ্চ পূজয়েৎ
বিসর্জ্জয়েৎ ততশ্চৈব পুনরাগমনায় চ॥ ৭৯
তিলকঞ্চাশিষো গ্রাহ্যাঃ স্বস্তিবাচনমেব চ।
পুষ্পাঞ্জলিং প্রদদ্যাচ্চ ব্রতসম্পূর্ণহেতবে॥ ৮০
নমস্কারং ততঃ কুর্য্যান্নানাকার্য্যং প্রকল্পয়েৎ।
এবং ব্রতং কৃতং যেন যথেপ্সিতফলং লভেৎ॥
যো বৈ নিত্যং ত্বদীয়াঞ্চ পূজাঞ্চৈব স্বভক্তিতঃ
সিন্দূর-চন্দনৈশ্চৈব তণ্ডুলৈঃ শ্বেতকৈস্তথা॥ ৮২
উপচারৈরনেকৈশ্চ পূজয়ন্তি চ যে নরাঃ।

স্বয়ং মধুর ও লবণ রস ব্যতিরিক্ত ভোজ[illegible] করিবে; তৎপরে প্রতিমা বিসর্জ্জন করিবে। এইরূপে গণেশের ব্রত করিবে। এই ব্রত [illegible] বৎসর করিয়া, ব্রত সম্পূর্ণ হইলে, উহার উ[illegible]যাপন করিবে। ঐ উদ্‌যাপনকার্য্যে আমার আজ্ঞায় দ্বাদশ ব্রাহ্মণ ভোজন করাইবে ও একটী ঘ[illegible] তাহার মূর্ত্তি বিবেচনা করিয়া পূজা করিবে; তখন অগ্নি প্রজ্বলিত করিয়া, পদ্ম দ্বারা যথাবিধি হোম করিবে। এ বিষয়ে অর্থ থাকিতে কার্পণ্য করিবে না। ঐ মূর্ত্তিসন্নিধানে নারীদ্বয় ও বালকদ্বয়কে পূজা করিয়া ভোজন করাইবে এবং সেই রাত্রি জাগ্রৎ থাকিয়া প্রাতঃকালে পুনরায় পূজা করিয়া, পুনরাগমনার্থ বিসর্জ্জন করিবে। পরে ব্রতসম্পূরণার্থ পুষ্পাঞ্জলি দিয়া স্বস্তিবাচন করিয়া ব্রাহ্মণ-সন্নিধানে আশীর্ব্বাদ ও হোমতিলক গ্রহণ করিবে এবং নমস্কার করিয়া মনে নানা অভীষ্ট প্রার্থনা করিবে। এইরূপ ব্রত করিলে অভীষ্টফল লাভ হয়। যে, যে মানব, সিন্দূর শ্বেতচন্দন, অক্ষত ও নানা উপচার প্রদান করিয়া, নিত্য গণেশের পূজা

তষাং সিদ্ধির্ভবেন্নিত্যং বিঘ্ননাশো ভবেদিহ ॥ ৮৩
র্ব্ববর্ণৈঃ প্রকর্ত্তব্যং স্ত্রীভিশ্চ বিবিধেচ্ছয়া।
দয়াভিমুখৈশ্চৈব রাজভিশ্চ তথৈব চ ॥ ৮৪
যং যং কাময়তে যো বৈ তেন সেব্যঃ সদা ভবান্।
বেনৈবং সদা প্রোক্তং গণেশায় মহাত্মনে ॥৮৫
দানাং দেবতৈশ্চৈব সর্ব্বৈশ্চ ঋষিসত্তমৈঃ।
থেত্যুক্তা তু তৈঃ সর্ব্বৈর্গাণপত্যং প্রকল্পিতম্ ॥
তং ব গণাঃ সর্ব্বে প্রণেমুস্তং গণেশ্বরম্।
রিজায়াঃ সমুৎপন্নো যো বৈ হর্ষস্তদা ভৃশম্ ॥ ৮৭
থং ক্রুবেঽহং তং হর্ষং মুখেনৈকেন ভো দ্বিজাঃ
বদুন্দুভয়ো নেদুঃ পুষ্পবর্ষং পপাত হ।
গৎ স্বাস্থ্যং তদা প্রাপ দেবে তস্মিন প্রতিষ্ঠিতে

তি শ্রীশৈবে মহাপুরাণে জ্ঞানসংহিতায়াং গণে-
শোপাখ্যানং নাম চতুস্ত্রিংশোঽধ্যায়ঃ ॥৩৪॥

রে, তাহাদিগের অভীষ্টসিদ্ধি ও বিঘ্নন শ
য। ৮২—৮৩। এই গণেশপূজা বিপ্রাদি
র্ণেই করিবে। বিবিধ কামসিদ্ধির জন্য
লোকে এবং উন্নতিপ্রার্থী রাজারাও এই রূপ
রবে "হে গণেশ! যে ব্যক্তি যে কামনা করুক
সকলেরই সকল কামনায় তোমার সেব
ব্য" মহাত্মা গণেশকে ভগবান শিব এইরূপ
হলে, তখন দেবগণ, বসুগণ ও ঋষিগণ সকল
হাতে সম্মতি প্রকাশ করিয়া গণেশকে গাণ
ত্য নিয়োজিত করিলেন; প্রমথগণ তাঁহাকে
স্কার করিল। হে দ্বিজগণ! তখন দেবী-
র্ব্বতীর যে আনন্দাতিশয় হইয়াছিল, আমি
হা একমুখে কিরূপে বর্ণনা করিব? অনন্তর
ণেশ গাণপত্যে নিযুক্ত হইলে আকাশ হইতে
ষ্পবৃষ্টি ও দেবদুন্দুভি শব্দিত হইতে লাগিল
বং জগৎ নিরুপদ্রব হইল। ৮৪—৮৮।

চতুস্ত্রিংশ অধ্যায় সমাপ্ত ॥ ৩৪ ॥

পঞ্চত্রিংশোঽধ্যায়।

সূত উবাচ।

শ্রূয়তামৃষয়ঃ শ্রেষ্ঠাঃ কিং জাতন্তু ততঃ পরম্।
যেন শ্রবণমাত্রেণ সর্ব্বপাপক্ষয়ো ভবেৎ ॥ ১
ততো দেবগণাঃ সর্ব্বে ঋষীণাঞ্চ গণাস্তথা।
সমাগতাশ্চ যে তত্র জগ্মুস্তে তু শিবাজ্ঞয়া ॥ ২
প্রশংসন্তঃ শিবাং তত্র গণেশঞ্চ ততঃ পুনঃ।
শিবঞ্চৈব তথা প্রীতং কীদৃশং যুদ্ধমেব চ ॥ ৩
জগৎ স্বাস্থ্যং তদা লেভে শিবোঽপি চ গণাস্তদা।
যদা চ গিরিজা দেবী কোপহীনা বভূব হ ॥ ৪
শিবোঽপি গিরিজাং তত্র প্রসন্নাং পূর্ব্ববৎ তদা।
চকার বিবিধাং শোভাং লোকানাং হিতকাম্যয়া ॥ ৫
বিষ্ণুশ্চ শিবসম্পূজ্য ব্রহ্মাপি চ তথৈব চ।
জগাম ভবনং স্বং স্বং কৃত্বা সুদুষ্করম্ ॥ ৬
নারদো ভগবাংস্তত্র প্রশস্য গিরিজাং তদা।
জগাম ভগবাংস্তত্র গায়ন্ যশ অনুত্তমম্ ॥ ৭
এতদ্বঃ সর্ব্বমাখ্যাতং যৎ পৃষ্টোঽহং মুনীশ্বরাঃ
এতস্মিন্নন্তরে তত্র পপ্রচ্ছুর্ ঋষয়স্তদা ॥ ৮

পঞ্চত্রিংশ অধ্যায়।

সূত কহিলেন, হে ঋষিগণ! অনন্তর কি হইয়াছিল শ্রবণ করুন, ইহা শ্রবণমাত্রে সকল পাপ নষ্ট হয়। তখন দেবগণ, ঋষিগণ ও যাঁহারা তথায় সমাগত হইয়াছিলেন, সকলেই পার্ব্বতী, গণেশ, গণেশকৃত যুদ্ধ এবং অনন্দিত-হৃদয় শিবের প্রশংসা করিতে করিতে শিবের আদেশে স্ব স্ব স্থানে গমন করিলেন। যখন পার্ব্বতী দেবী কোপশূন্য হইলেন, তখন শিব, প্রমথগণ ও ত্রিজগৎ সমস্তই স্বাস্থ্য লাভ করিল এবং ভগবানও পুনরায় পূর্ব্বের মত পার্ব্বতীকে প্রসন্ন করিয়া লোককে শিক্ষা দিবার জন্য অসীম আনন্দ লাভ করিলেন। ব্রহ্মা বিষ্ণু উভয়ে এই অতি দুষ্কর কার্য্য করিয়া শিবের আদেশে নিজ ভবনে গমন করিলে, ভগবান্ নারদও পার্ব্বতীকে প্রশংসা করিয়া অতুল যশ গান করিতে করিতে স্বস্থানে গমন করিলেন। ১—৭। হে মুনিগণ! আপনারা যাহা

ঋষয় উচুঃ।
গণেশস্য শ্রুতং বৃত্তং পুনঃ কিঞ্চিন্নিবেদ্যতাম্।
সূত উবাচ।
সাধু পৃষ্টং ভবদ্ভিশ্চ শ্রূয়তামৃষিসত্তমাঃ॥ ৯
শিবা চৈব শিবশ্চৈব পরং প্রেম সমাবহৎ।
পিত্রোর্লালয়তোস্তত্র সুখঞ্চৈব বিবর্দ্ধিতম্॥ ১০
তাবপি চ তয়োস্তত্র পরিচর্য্যাং পরাং গতৌ।
ষণ্মুখশ্চ গণেশশ্চ পিত্রোরধিতরং তথা॥ ১১
স্নেহশ্চৈব ব্যবর্দ্ধেতাং শুক্লপক্ষে যথা শশী।
কদাচিৎ তৌ স্থিতৌ তত্র বিচারে চ পরায়ণৌ॥১২
বিবাহশ্চ কথং কার্য্য উভয়োঃ পুত্রয়োঃ শুভঃ।
ষণ্মুখশ্চ প্রিয়তমো গণেশশ্চ তথৈব চ॥ ১৩
অহঞ্চ পরিণেষ্যামি অহঞ্চৈব পুনঃ পুনঃ।
পরস্পরঞ্চ নিত্যং বৈ বাদে চ তৎপরাবুভৌ॥ ১৪
তচ্ছ্রুত্বা বচনং তৌ চ বিস্ময়ং পরমং গতৌ।
কিং কর্ত্তব্যং কথং কার্য্যো বিবাহবিধিরেতয়োঃ॥১৫
ইতি নিশ্চিত্য বৈ তত্র যুক্তিশ্চ রচিতা তদা।
কদাচিৎ সময়ে স্থিত্বা সমাহূয় স্বপুত্রকৌ॥ ১৬
কথয়ামাসতুস্তত্র পুত্রয়োঃ পিতরৌ তদা।
অস্মাভির্নিয়মঃ পূর্ব্বং কৃতশ্চ শ্রূয়তাং পুনঃ॥ ১৭
যুবাবপি চ সমৌ পুত্রৌ বিশেষো নাত্র লভ্যতে।
তস্মাচ্চৈবং কৃতং যেন পুত্রয়োরুভয়োরপি॥ ১৮
তস্যৈব প্রথমং কার্য্যো বিবাহঃ শুভলক্ষণঃ।
যশ্চৈব পৃথিবীং সর্ব্বাং ক্রান্ত্বা শীঘ্রমুপাব্রজেৎ।
তয়োরেবং বচঃ শ্রুত্বা শরজন্মা স্বয়ং তদা।
জগাম মন্দিরাৎ তূর্ণং পৃথিবীক্রমণায় বৈ॥ ২০
গণপতিশ্চ তত্রৈব বিচার্য্য চ পুনঃ পুনঃ।
কিং কর্ত্তব্যং ক গন্তব্যং লঙ্ঘিতুং নৈব শক্যতে।
ক্রোশমাত্রং গতং স্যাদ্বৈ ন গম্যেত ময়া পুনঃ।
কিং পুনঃ পৃথিবীমেতাং ক্রান্ত্বা সুখমচিন্ত্যকম্।
ইতি বিচার্য্য বিপ্রেন্দ্রাঃ শ্রূয়তাং তদনন্তরম্।
বিচার্য্যৈবং গণেশস্য যচ্চকার পরং শুভম্॥ ২৩
স্নানং কৃত্বা যথান্যায়ং সমাগত্য স্বয়ং গৃহম্।
উবাচ পিতরং তত্র মাতরং পুনরেব চ॥ ২৪

জিজ্ঞাসা করিয়াছিলেন, এই তৎসমস্তই আপনাদিগকে বলিলাম। সূতবাক্য শ্রবণ করিয়া ঋষিগণ কহিলেন, হে সূত! আমরা গণেশের বৃত্তান্ত শ্রবণ করিলাম, পুনরায় কিছু কীর্ত্তন করুন। সূত কহিলেন, হে ঋষিবরগণ! আপনারা উত্তম জিজ্ঞাসা করিয়াছেন, কহিতেছি, শ্রবণ করুন। তখন শিব ও শিবার, গণেশের প্রতি অসাধারণ প্রেম হইল; গণেশও উঁহাদিগকে সুখী করিতে লাগিলেন। গণেশ এবং কার্ত্তিক উভয়েই পিতামাতার অধিকতর শুশ্রূষা করিতে লাগিলে, পিতামাতার পুত্রদ্বয়ের প্রতি শুক্লপক্ষের চন্দ্রের মত স্নেহ দিন দিন বৰ্দ্ধিত হইতে লাগিল। কোন সময়ে জগদম্বা ও জগদীশ্বর উভয়ে চিন্তা করিতে লাগিলেন—এই পুত্রদ্বয়ের কিরূপে বিবাহ দিব? ষণ্মুখ ও গণেশ, উভয়েই আমাদের প্রিয়তম; "আমি অগ্রে বিবাহ করিব, আমি অগ্রে বিবাহ করিব" বলিয়া উহারা পরস্পর নিত্য বিবাদ করে; ইহাতে আমরা অতি বিস্মিত হইয়াছি। কিন্তু কি কর্ত্তব্য, কিরূপে কাহার প্রথমে বিবাহকার্য্য নিষ্পন্ন করিব, এইরূপ চিন্তা করিয়া এক যুক্তি স্থির করিলেন এবং এক সময়ে পুত্রদ্বয়কে আহ্বান করিয়া কহিতে লাগিলেন, "হে পুত্রদ্বয়! আমরা একটী নিয়ম করিয়াছি, শ্রবণ কর; তোমরা উভয়েই সমান, কিছুই ইতর বিশেষ নাই? এ কারণ এইরূপ করিয়াছি, তোমাদিগের উভয়ের মধ্যে তাহারই শুভবিবাহ প্রথমে দিব,—যিনি এই সমগ্র পৃথিবী পরিক্রমণ করিয়া অগ্রে আগমন করিবেন।" উঁহাদের এই বাক্য শ্রবণ করিয়া কার্ত্তিক পৃথিবী পরিক্রমণার্থ মন্দির হইতে শীঘ্র বহির্গত হইলেন। তৎপরে গণেশ, বারংবার বিচার করিতে লাগিলেন, কি করিব, কোথায় যাইব; পৃথিবী লঙ্ঘন করিতে পারিব না; কারণ ক্রোশমাত্র পথ যাইলে আর যাইতে পারি না; সেই আমি সমস্ত পৃথিবী পরিক্রমণ করিয়া সুখ লাভ করিব, ইহা অতি অসম্ভব। ৮—২২। হে দ্বিজগণ! গণেশ, এইরূপ বিচার করিয়া যাহা করিয়াছিলেন, তাহা শ্রবণ করুন; তিনি যথাবিধি স্নান করিয়া গৃহে প্রত্যাগত হইয়া নিজ পিতা ও মাতার

নে স্থাপিতে হ্যত্র পূজার্থং ভবতোরিহ।
শ্রুত্বা বচস্তস্য পার্ব্বতী-পরমেশ্বরৌ ॥ ২৫
তামাসনে তত্র পূজায়া গ্রহণায় বৈ।
রে পূজিতৌ তৌ চ প্রক্রান্তৌ চ পুনঃ পুনঃ।
কৃতবান্ সপ্তকৃত্বঃ প্রক্রমণস্ত সঃ।
লিরুদোবাচ পিতরৌ প্রেমলালসৌ ॥ ২৭
মাতর্ভো পিতস্ত্বঞ্চ শৃণু মে পরমং বচঃ।
ঞ্চৈবাত্র কর্ত্তব্যো বিবাহঃ শোভনো মম ॥ ২৮
বং বচনং শ্রুত্বা পিতরাবূচতুস্তদা।
ক্রমেত ভবান্ সম্যক্ পৃথিবীঞ্চ সসাগরাম্ ॥ ২৯
রা গতবাংস্তত্র ত্বঞ্চাপি পুনরেব চ।
শীঘ্রং তথা কৃত্বাগচ্ছ পূর্ব্বং তবৈব হি ॥ ৩০
বং বচনং শ্রুত্বা বচনং ক্রোধসংযুতঃ
গ্যং শ্রয়তাং সম্যক্ বচনং মম সত্তমৌ ॥ ৩১
তু পৃথিবী ক্রান্তা সপ্তবারং পুনঃ পুনঃ।
কথং সমুচ্যেতাং পুনশ্চ পিতরাবিহ ॥ ৩২
স্য তদা শ্রুত্বা পিতরাবূচতুস্তদা ॥
ক্রান্তা ত্বয়া পুত্র পৃথিবী গহনৈর্যুতা ॥ ৩৩

ভয়োরেবং বচঃ শ্রুত্বা গণেশো বাক্যমব্রবীৎ ॥
ভবতোঃ পূজনং কৃত্বা প্রক্রান্তৌ চ ময়া পুনঃ ॥ ৩৪
সপ্তবারস্তু যচ্চৈব কিং তৎ প্রক্রমণং ন হি
ইত্যেবং বচনং বেদে শাস্ত্রে বা ধর্ম্মসঞ্চয়ে ॥ ৩৫
বর্ত্ততে কিঞ্চ তথ্যং ন ভাতি কিং সত্যমেব চ।
পিত্রোশ্চ পূজনং কৃত্বা প্রক্রান্তিঞ্চ করোতি চ ॥ ৩৬
তস্য বৈ পৃথিবীজন্যং ফলং ভবতি নিশ্চিতম্
অপহায় গৃহে যো বৈ পিতরৌ তীর্থমাব্রজেৎ ॥ ৩৭
তস্য পাপং তথা প্রোক্তং হননে চ তয়োরিহ।
পুত্রস্য চ মহৎ তীর্থং পিত্রোশ্চরণপঙ্কজম্ ॥ ৩৮
অন্যৎ তীর্থন্তু দূরে বৈ গত্বা প্রাপ্যেত বৈ পুনঃ।
ইদং সন্নিহিতং তীর্থং সুলভং ধর্ম্মসাধনম্ ॥ ৩৯
পুত্রস্য চ স্ত্রিয়াশ্চৈব তীর্থং গেহে সুশোভনম্
পুত্রস্য পিতরৌ প্রোক্তৌ স্ত্রিয়া ভর্ত্তা উদাহৃতঃ ॥৪০
ইতি শাস্ত্রং তথা বেদো জগতে বর্ত্তিবহুরম্
ভবদ্ভ্যাঞ্চ প্রকর্ত্তব্যমসত্যং পুনরেব চ ॥ ৪১
ভবদীয়ং তথা রূপমসত্যঞ্চ ভবেদিহ
তদা বেদো হ্যসত্যো বৈ ভবেদিতি ন সংশয়ঃ ॥৪২

লেন,—"হে পিতঃ! হে মাতঃ! আপনা-দের পূজার্থ এই আসনদ্বয় স্থাপিত করিয়াছি" শ্রবণে পার্ব্বতী ও পরমেশ্বর, পূজা গ্রহণের আসনে উপবেশন করিলেন। গণেশ তাঁহাদিগের পূজা করিয়া প্রদক্ষিণ করিলেন; রূপ সপ্তবার প্রদক্ষিণ করিয়া প্রেমার্দ্র হৃদয়ে তাঁহাদিগকে কৃতাঞ্জলিপুটে কহিতে লাগিলেন? হে মাতঃ! ভো পিতঃ! আপনারা শ্রবণ করুন, শীঘ্রই আমার শুভবিবাহ দিন" ইহা শ্রবণে পিতামাতা কহিলেন, তুমি সসাগরা পৃথিবীকে প্রদক্ষিণ কর; কার্ত্তিক যাইয়াছে, তুমিও শীঘ্র গমন কর; যদি অগ্রে আসিতে পার, তোমারই বিবাহ হইবে। ইহা শ্রবণে গণেশ ক্রোধভরে কহিতে লাগিলেন, আপনারা আমার বাক্য শ্রবণ করুন, আমি সপ্তবার পৃথিবী প্রদক্ষিণ করিলাম, তবে কেন পুনরায় এইরূপ কহিতেছেন? তখন উঁহারা কহিলেন, হে পুত্র! এই অরণ্যসঙ্কুলা পৃথিবীকে তুমি কখন্ প্রদক্ষিণ করিলে? ইহা শ্রবণে গণেশ উত্তর করিলেন, আমি যে আপনাদের পূজা করিয়া সপ্তবার প্রদক্ষিণ করিয়াছি, উহা কি পৃথিবী প্রদক্ষিণ নহে? ধর্ম্মপ্রবর্ত্তক বেদশাস্ত্রে ঐরূপ কথাই আছে, তবে উহা কি সত্য নহে?—"যে ব্যক্তি পিতামাতার পূজা করিয়া প্রদক্ষিণ করে, তাহার পৃথিবীপ্রদক্ষিণ জন্য ফল হয়; ইহাতে সংশয় নাই। যে ব্যক্তি গৃহে পিতামাতাকে ত্যাগ করিয়া তীর্থে গমন করে, পিতামাতার বধ জন্য পাপ তাহার হয়। পিতামাতার পাদপদ্মই পুত্রের প্রধান তীর্থ, দূরে যাইলে অন্যান্য তীর্থ পাওয়া যায়, কিন্তু ঐ তীর্থ সমীপস্থিত, সুলভ ও ধর্ম্মের সাধন। পুত্র ও ভার্য্যার তীর্থ গৃহেই আছে, পুত্রের পিতামাতা এবং স্ত্রীর স্বামীই সকল তীর্থ" ৩৩—৪০। শাস্ত্র ও বেদ নিরন্তর ঐ কথাই বলিয়া থাকেন, যদি ইহা পৃথিবীপ্রদক্ষিণ না হইয়া থাকে, তবে ঐ বেদবাক্যকে মিথ্যা বলুন। বেদবাক্য মিথ্যা হইলে, আপনার স্বরূপও মিথ্যা হইবে; অতএব

অমাগতং স বিজ্ঞায় ততো গন্তুং সমুৎসুকঃ।
দেবৈশ্চ প্রার্থিতঃ সোঽপি দূরতো যোজনত্রয়ম্॥
পর্ব্বণি পর্ব্বণি তত্র দর্শনার্থঞ্চ গচ্ছতি।
অমাবাস্যাদিনে শম্ভুঃ স্বয়ং গচ্ছতি তত্র হ॥ ৩০
পার্ব্বতী গচ্ছতে তত্র পূর্ণমাসীদিনে শুভে।
এতং তস্য চ বৃত্তান্তং পৃষ্টঞ্চ কথিতং ময়া
যচ্ছ্রুত্বা সর্ব্বপাপেভ্যো মুচ্যতে সর্ব্বথা নরঃ॥ ৩১

ইতি শ্রীশৈবে মহাপুরাণে জ্ঞানসংহিতায়াং গণপতিপরিণয়নং নাম ষট্‌ত্রিংশোঽধ্যায়ঃ॥

সপ্তত্রিংশোঽধ্যায়ঃ।

ঋষয় ঊচুঃ।

সূত জানাসি সকলং নাজ্ঞাতং বিদ্যতে তব।
শিবমাহাত্ম্যং বিশেষেণ কথনীয়ং ত্বযাধুনা॥ ১
ধন্যোঽসি কৃতকৃত্যোঽসি সার্থকং দেহধারণম্
জাতং তবৈব সংযোগাৎ কিং পুনর্বর্ণয়ামহে॥ ২

ইত্যেবং বচনং তেষাং শ্রুত্বা সূতোঽব্রবীদিদম্।

সূত উবাচ।

সাধু পৃষ্টং ভবদ্ভিশ্চ লোকানাং হিতকাম্যয়া॥ ৩
ভবন্তশ্চ তথা ধন্যাঃ পবিত্রাঃ কুলভূষণাঃ।
যেষামেব শিবঃ সাক্ষাদ্দৈবতং পরমং শুভম্॥ ৪
সদাশিবকথা লোকে বল্লভা ভবতাং সদা।
তে ধন্যাঃ কৃতার্থাশ্চ সফলং দেহধারণম্॥ ৫
উদ্ধৃতঞ্চ কুলং তেষাং যে শিবং সমুপাসতে।
যস্য মুখে শুভং নাম সদা শিবশিবেতি চ॥ ৬
পাপানি ন স্পৃশন্তীহ খদিরাঙ্গারকং যথা।
শ্রীশিবায় নমস্তুভ্যং মুখাদ্ব্যাহরতে যদা॥ ৭
তন্মুখঞ্চ তদা যো বৈ পশ্যতি তৎক্ষণে নরঃ।
তীর্থজন্যং ফলং তস্য ভবতীতি সুনিশ্চিতম্॥ ৮
যত্র ত্রয়ং সদা তিষ্ঠেদেতচ্ছুভতরং নরে।
তস্য দর্শনমাত্রেণ বেণীস্নানফলং লভেৎ॥ ৯
শিবনাম বিভূতিশ্চ রুদ্রাক্ষস্ত্রীণি শুভা।
এতৎ ত্রয়ং শরীরে চ যস্য তিষ্ঠতি নিত্যশঃ॥ ১০
তস্যৈব দর্শনং লোকে দুর্লভং পাপহারকম্।

দেখিতে পাওয়া যায়। কার্ত্তিক, শিবকে সমাগত জানিয়া অন্যত্র গমনেচ্ছুক হইলে, দেবগণের প্রার্থনায় সেই স্থান হইতে তিন যোজন দূরে অবস্থান করিলেন। লোক প্রতি পর্ব্বে তাঁহার দর্শনার্থ গমন করে, শম্ভু অমাবস্যা দিনে ও পার্ব্বতী পূর্ণিমা দিনে স্বয়ং তথায় গমন করেন। হে ঋষিগণ! আপনারা যাহা জিজ্ঞাসা করিয়াছিলেন, সে সকল বৃত্তান্তই আমি বলিলাম, মানব ইহা শ্রবণ করিয়া সকল পাপ হইতে মুক্ত হয়। ২১—৩১।

ষট্‌ত্রিংশ অধ্যায় সমাপ্ত ।৩৬।

সপ্তত্রিংশ অধ্যায়।

ঋষিগণ কহিলেন, হে সূত! তুমি সকলই জান, তোমার কিছুই অবিদিত নাই, এক্ষণে শিবের মাহাত্ম্য বিশেষরূপে বর্ণনা কর। তুমি ধন্য ও কৃতকৃত্য; তোমার সহিত সর্ব্বদা বাস করায়, আমাদিগের দেহ-ধারণ সার্থক হইয়াছে, অধিক আর কি বলিব? ঋষিগণের এই বাক্য শ্রবণ করিয়া সূত কহিতে লাগিলেন, আপনারা লোকহিতার্থী হইয়া উত্তম জিজ্ঞাসা করিয়াছেন; আপনারা ধন্য, অতি পবিত্র ও কুলভূষণ। সাক্ষাৎ ভগবান্ শিব যাঁহাদিগের পরম দেবতা ও শিবকথাই যাঁহাদিগের প্রিয়, সেই আপনারা ধন্য; আপনাদের দেহধারণ সফল। যাঁহারা শিবের উপাসনা করে, তাঁহাদের অনন্তকুল উদ্ধার হয়; যাহার মুখে 'শিব শিব' এই নাম সর্ব্বদা আছে, যেরূপ খদিরাঙ্গারকে লোক স্পর্শ করে না, তদ্রূপ পাপ সকলও তাহাকে স্পর্শ করে না। যখন যাহার মুখ হইতে "শ্রীশিবায় তুভ্যং নমঃ" এই বাক্য উচ্চারিত হয়, তৎকালে সেই মুখ, যে মনুষ্য দর্শন করে, তীর্থদর্শন জন্য ফল তাহার হয়। যে মানবে শিবনাম, ভস্ম ও রুদ্রাক্ষ এই তিনটী বস্তু আছে, তাহাকে দর্শন করিবামাত্র, গঙ্গাস্নানের ফল হয়। ঐ তিনটী যাহার দেহে নিত্য আছে, তাহার দর্শ

ধ্যানং কৃত্বা যদা তেন স্থিতং স্বাদাসনে শুভে।
শিবেতি ব্যাহরন্তঞ্চ দৃষ্ট্বা পাপৈঃ প্রমুচ্যতে॥ ২৮
একাসনে যদা তেন লক্ষাণাং পঞ্চকং ধ্রুবম্।
মন্ত্রজাপ্যং যথোক্তঞ্চ শাপানুগ্রহতাং ব্রজেৎ॥ ২৯
তদ্দর্শনং তদা কৃত্বা গঙ্গাস্নানফলং লভেৎ।
ত্রিপুণ্ড্রকেণ যুক্তঞ্চ রুদ্রাক্ষাভিঃ সমন্বিতম্॥ ৩০
মৃত্যুঞ্জয়ং জপন্তঞ্চ দৃষ্ট্বা রুদ্রফলং লভেৎ।
কণ্ঠে চাপি তথা ধৃত্বা সর্ব্বপাপৈঃ প্রমুচ্যতে॥ ৩১
রুদ্রাক্ষমালয়া যো বৈ মন্ত্রং স্মরতি নিত্যশঃ।
তস্য নাম্নাং শতেনৈব সহস্রস্য ফলং লভেৎ॥ ৩২
শিবস্যৈব তথা বিষ্ণোঃ সূর্য্যস্যৈবাথবা পুনঃ।
শক্তের্গণপতের্জাপ্যে রুদ্রাক্ষাঃ শুভদাঃ স্মৃতাঃ॥ ৩৩
সর্ব্বেষাঞ্চৈব দেবানাং জাপ্যে হেতোঃ প্রকীর্ত্তিতাঃ
যস্য কস্যাপি ভক্তোঽপি রুদ্রাক্ষাভিঃ ফলং লভেৎ
মুক্তিকামী ভবেদ্‌যো বৈ ভুক্তিকামস্তথা পুনঃ।
পুত্রার্থী চ ধনার্থী চ বিদ্যার্থী চ বিশেষতঃ॥ ৩৫
কন্যাকামো ভবেদ্‌যো বৈ যশস্কামস্তথা পুনঃ।
যং যং কামমপেক্ষ্যৈব জপং কুর্য্যান্নিরন্তরম্॥ ৩৬
তং তং কামঞ্চ রুদ্রাক্ষা যচ্ছন্তি নাত্র সংশয়ঃ।
রুদ্রভক্তো বিশেষেণ ধারয়েন্মালিকাং সদা॥ ৩৭
বিষ্ণোরপি চ ভক্তশ্চ জপং কুর্য্যাৎ তথৈব চ।
বস্তুতঃ সর্ব্বদেবানাং জাপ্যে মুখ্যা উদাহৃতাঃ॥ ৩৮
কামতোঽকামতশ্চৈব রুদ্রাক্ষাভিঃ ফলং লভেৎ।
তস্মাচ্ছ্রেষ্ঠতমা লোকে রুদ্রাক্ষাশ্চ প্রকীর্ত্তিতাঃ॥ ৩৯
সুবর্ণগুলিকাভিস্তু লক্ষ্মীকামো জপেন্নরঃ।
মুক্তাভিস্তু যশস্কামঃ কুর্য্যাজ্জপমনুত্তমম্॥ ৪০
স্ফাটিকৈঃ পুত্রকামস্তু প্রবালৈর্বশ্যতাং ব্রজেৎ।
বাহনার্থং জপেদ্রৌপ্যৈ রুদ্রাক্ষা মুক্তিদাঃ স্মৃতাঃ।
ভুক্তিদাশ্চ তথা প্রোক্তাঃ সর্ব্বকামফলপ্রদাঃ।
দেবতান্তরভেদেন মালা নানাবিধাঃ স্মৃতাঃ॥ ৪২
শিবস্যৈব তথা বিষ্ণো রুদ্রাক্ষা মালিকা শুভা।
সূর্য্যস্য স্ফাটিকা প্রোক্তা জাপ্যে শ্রেষ্ঠা পুরাতনৈঃ
মুক্তাভিশ্চ প্রবালৈশ্চ চণ্ডী তুষ্টিমবাপ্নুয়াৎ।
গণেশশ্চ তথা ভক্ত সন্তুষ্টো ভবতি ধ্রুবাং॥ ৪৪
রুদ্রাক্ষাশ্চ বিশেষেণ হরতুষ্টিকরাঃ স্মৃতাঃ।

যখন তিনি সুচারু আসনে উপবেশন করিয়া 'শিব শিব' কহিতে কহিতে ধ্যানমগ্ন হন, তখন তাঁহাকে দেখিলে, সকল পাপ হইতে মুক্ত হওয়া যায় এবং যখন তিনি একাসনে উপবিষ্ট থাকিয়া, পঞ্চলক্ষ শিবমন্ত্র জপ করেন, তখন তাঁহাকে দেখিলে গঙ্গাস্নানের ফল হয় এবং যখন তিনি কৃতত্রিপুণ্ড্রক হইয়া রুদ্রাক্ষমালায় মৃত্যুঞ্জয় নাম জপ করেন, তখন তাঁহার দর্শনে রুদ্রদর্শনের ফল হয়। রুদ্রাক্ষমালা কণ্ঠে ধারণ করিলে, সকল পাপ বিমুক্ত হয়। ২৮—৩০। যে ব্যক্তি ঐ মালায় নিত্য জপ করে, তাহার শত নাম জপে সহস্র নাম জপের ফল হয়। রুদ্রাক্ষ সকল শিব, বিষ্ণু, সূর্য্য, গণেশ ও শক্তির জপ বিষয়েই অধিক ফলপ্রদ; উহা সকল দেবতার জপেই নির্দিষ্ট আছে। যে কোন দেবের ভক্ত হইলেও রুদ্রাক্ষমালায় ফললাভ করিবে; ভোগার্থী, পুত্রার্থী, বিদ্যার্থী, ধনার্থী, কন্যার্থী, যশোর্থী, কি মুক্তিকামীর যে কোন বিষয়প্রার্থী হইবেন, তিনি নিরন্তর রুদ্রাক্ষে ইষ্টমন্ত্র জপ করিলে, রুদ্রাক্ষগণ তাঁহার তত্তদভীষ্ট পূর্ণ করেন, ইহাতে সন্দেহ নাই। সর্ব্বাপেক্ষা বিশেষতঃ রুদ্রভক্ত ঐ মালা ধারণ করিবে এবং বৈষ্ণব উহা দ্বারা জপ করিবে; বাস্তবিক রুদ্রাক্ষ সকল দেবতার জপবিষয়ে ফলপ্রদ বলিয়া কথিত আছে। ইচ্ছা বা অনিচ্ছায় জপ করিলে রুদ্রাক্ষ দ্বারা ফললাভ করা যায়। অতএব জগতে রুদ্রাক্ষ শ্রেষ্ঠতম। লক্ষ্মীপ্রার্থী, মনুষ্য সুবর্ণগুলিকা দ্বারা জপ করিবে। যশোর্থী, মুক্তা দ্বারা অনুত্তম জপ করিবে। ৩২—৪০। পুত্রকাম, স্ফাটিকগুলিকা দ্বারা জপ করিবে। প্রবালগুলিকা দ্বারা জপ করিলে, বশ করা যায়। বাহনের নিমিত্ত, রৌপ্যগুলিকা দ্বারা জপ করিবে। রুদ্রাক্ষ দ্বারা জপ করিলে ভোগমোক্ষ হয় ও সকল বাঞ্ছা পূর্ণ হয়। দেবতাবিশেষে মালা নানাপ্রকার। শিব এবং বিষ্ণু রুদ্রাক্ষমালা প্রীতিজনক। সূর্য্যের জপে স্ফাটিকমালা শ্রেষ্ঠ। চণ্ডী, মুক্তা ও প্রবালমালায় প্রীত হন। গণেশ প্রবালমালায় সন্তুষ্ট হন। রুদ্রাক্ষ মহাদেবের বিশেষ প্রীতিজনক। হরি-

মুক্তাভির্বাথ মুক্তাভৌ রুদ্রাক্ষাভির্হরিঃ স্বয়ম্ ॥ ৪৫
নানোপাসনভেদেন ফলং নানাবিধং স্মৃতম্।
ঈদৃশং তৎ ফলঞ্চৈব রুদ্রাক্ষাভিরবাপ্যতে ॥ ৪৬
সুবর্ণমালিকা প্রোক্তা লক্ষ্মীজাপ্যে সুখাবহা।
সর্ব্বৈশ্চ ঋষিভিশ্চৈব ব্যাসাদিভিঃ পুরাতনৈঃ ॥ ৪৭
শাস্ত্রাণি চ বিচার্য্যৈব রুদ্রাক্ষাঃ শুভদাঃ স্মৃতাঃ।
রুদ্রাক্ষা বিবিধাঃ প্রোক্তাস্তাসাং ভেদং বদাম্যহম্ ॥
একমুখী ভবেদ্‌যা বৈ সর্ব্বসিদ্ধিবিধায়িনী।
সিদ্ধয়োঽষ্টৌ চ তত্রৈব যত্র স্যাচ্ছুভদা চ সা ॥৪৯
দ্বিমুখী চ ভবেদ্‌যা বৈ লক্ষ্মীদূরতরা ন হি।
ত্রিমুখী চ ভবেদ্‌যত্র বিদ্যাঃ সর্ব্বাঃ প্রতিষ্ঠিতাঃ ॥৫০
চতুর্ম্মুখী চ যা স্যাদ্বৈ চতুর্ব্বর্গফলপ্রদা।
পঞ্চমুখী চ যত্রৈব তত্র স্যাৎ পাপনাশনম্ ॥ ৫১
একমুখী চ রুদ্রাক্ষা দুর্লভা ঋষিসত্তমাঃ।
বদরীফলমাত্রা সা স্যাচ্চৈব ঋষিসত্তমাঃ ॥ ৫২
স্যাপি সর্ব্বদা লোকে সুখসৌভাগ্যবর্দ্ধিনী।
আমলকসদৃশী যা তু সর্ব্বারিষ্টবিনাশিনী ॥ ৫৩
চণকেন সমা যা তু বর্ত্তুলা চ শুভাকৃতিঃ।
স মাপর্বহুমূল্যঃ স্যাৎ কিং পুনর্ম্মালিকা ততঃ ॥৫৪
প্রত্যেকঞ্চ স্বয়ং শম্ভুর্নাত্র কার্য্যা বিচারণা।
সার্ব্বভৌমমিদং রাজ্যং ন তেন তুল্যমর্হতি ॥ ৫৫
দত্ত্বা তু হেমরাশিঞ্চ শতং বা মৌক্তিকোত্তমান্।
ধার্য্যা সা তু তদা মালা নান্যথা ঋষিসত্তমাঃ ॥ ৫৬
মূল্যাভাবে তু সা মালা বিপরীতং ফলং দিশেৎ।
পুণ্যদত্তা তু সা গ্রাহ্যা মূল্যাভাবেঽপি মালিকা ॥৫৭
চণকেন সমা যা হি রুদ্রাক্ষা বহুপুণ্যদা।
পাপঘ্নী ঋদ্ধিদা চৈব ভোগ-মোক্ষপ্রদায়িনী ॥ ৫৮
সর্ব্বস্বস্ব প্রদত্ত্বা চ গ্রাহ্যা সা মালিকোত্তমা।
গুঞ্জয়া সদৃশী যা স্যাৎ সর্ব্বার্থফলসাধনী ॥ ৫৯
যথা যথা লঘুঃ স্যাদ্বৈ তথা তথাধিকপ্রদা।
একৈকস্য ফলং প্রোক্তং দশাংশৈরধিকং বুধৈঃ ॥৬
যথা চ দৃশ্যতে লোকে রুদ্রাক্ষা ফলদা শুভা।
তথা ন দৃশ্যতেঽন্যা চ মালিকা ঋষিসত্তমাঃ ॥ ৬১
রুদ্রাক্ষাধারণং প্রোক্তং পাপনাশনহেতবে।
তস্মাচ্চ ধারণীয়া বৈ সর্ব্বার্থসাধনী চ সা ॥ ৬২
যস্যাঙ্গে নৈব রুদ্রাক্ষা জাপ্যং বা কুরুতে ন চ।

রুদ্রাক্ষে বিশেষ সন্তুষ্ট। নানা উপা-
সনভেদে ফল নানাপ্রকার। ঐ প্রকার পূর্ব্বোক্ত
ফল রুদ্রাক্ষ দ্বারা পাওয়া যায়। লক্ষ্মীমন্ত্র জপে
সুবর্ণমালা সুখদায়ক। পূর্ব্বতন ব্যাসাদি ঋষিরা
শাস্ত্রবিচার করিয়া রুদ্রাক্ষকেই শুভদায়ক বলিয়া-
ছেন এবং বিবিধ রুদ্রাক্ষের কথা বলিয়াছেন,
তাহার ভেদ কহিতেছি, শ্রবণ করুন। একমুখী
রুদ্রাক্ষ সকল সিদ্ধিদায়ক। যে স্থানে ঐ
রুদ্রাক্ষ অবস্থিতি করে, সেখানে অষ্টসিদ্ধি
সর্ব্বদা বিরাজমান। দ্বিমুখী রুদ্রাক্ষ থাকিলে
লক্ষ্মী নিকটবর্ত্তিনী হন। যে স্থানে ত্রিমুখ
রুদ্রাক্ষ, সেখানে বিদ্যা সকল অধিষ্ঠিতা হন।
৪৯—৫০। চতুর্ম্মুখী রুদ্রাক্ষ চতুর্ব্বর্গ ফল দান
করেন। যেখানে পঞ্চমুখী রুদ্রাক্ষ সেখানে
পাপ ধ্বংস হয়। হে ঋষিসত্তমগণ! একমুখী
রুদ্রাক্ষ দুর্লভ, তাহা যদি বদরীফলাকৃতি হয়,
তাহা হইলে সুখ-সৌভাগ্য-ফল-বিবর্দ্ধিনী হইয়া
থাকে। যে রুদ্রাক্ষ আমলকসদৃশ, সে সকল বিঘ্ন
নাশ করে। চণকপ্রমাণ বর্ত্তুল-রুদ্রাক্ষ, শুভ-
দায়ক ও বহুমূল্য, তাহার মালার কথা কি কহিব,
প্রত্যেকটী শম্ভুস্বরূপ। এ বিষয়ে কোন সংশয়
নাই। সার্ব্বভৌম-রাজ্যও ইহার তুল্য নহে।
হে ঋষিসত্তমগণ! সুবর্ণরাশি অথবা একশত
উৎকৃষ্ট মুক্তা দান করিয়া সেই মালা ধারণ
করিবে, নচেৎ ধারণ করিবে না, মূল্য দান না
করিলে সেই মালা বিপরীত ফল দান করে;
পুণ্যার্জ্জিত দত্ত হইলে মূল্য অভাবেও গ্রহণ
করিতে পারিবে। চণকসদৃশ রুদ্রাক্ষ বহুপুণ্যদ,
পাপনাশক ও ভোগমোক্ষদায়ক। সর্ব্বস্ব দান
করিয়া সেই মালা গ্রহণ করিবে। গুঞ্জাফল-
প্রমাণ রুদ্রাক্ষ সর্ব্বার্থসাধন। পণ্ডিতেরা কহি-
য়াছেন, রুদ্রাক্ষ যত ক্ষুদ্র হইবে, পূর্ব্বাপেক্ষা
ততই উহা দশগুণ ফলদায়ক। ৫১—৬০।
রুদ্রাক্ষ যেরূপ শুভফলদায়ক, হে ঋষিসত্তমগণ!
অন্য মালা সেরূপ ফলদায়ক দেখা যায় না।
রুদ্রাক্ষ ধারণ করিলে পাপনাশ হয়। অতএব
সর্ব্বার্থসাধক রুদ্রাক্ষকে ধারণ করিবে। যাহার
অঙ্গে রুদ্রাক্ষ নাই, অথবা রুদ্রাক্ষ দ্বারা যে

তদঙ্গং ন স্পৃশেৎ প্রাজ্ঞো দৃষ্ট্বা দূরতরো ব্রজেৎ
রুদ্রভক্তৈর্বিশেষেণ ধারণীয়া শুভায় বৈ ।
যশ্চ ব্রুবন ভবেচ্চৈব ধারয়েদ্ভক্তিমান্ সদা ॥ ৬৫
সর্ব্বেষপি চ বীজেষু দৃশ্যতে বিবিধাঙ্কুরঃ ।
রুদ্রাক্ষবীজকে স্পষ্টা দৃশ্যতে মুক্তিরুত্তমা ॥ ৬৫
অন্যানি চাপি দৃশ্যন্তে ফলানি ঋষিসত্তমাঃ ।
তদহং কথয়াম্যদ্য ধারকাণাং হিতায় বৈ ॥ ৬৬
রুদ্রাক্ষমালিনং দৃষ্ট্বা ভূত-প্রেত-পিশাচকাঃ ।
ডাকিনী শাকিনী চৈব যে চান্যে দ্রোহকারকাঃ ॥ ৬৭
কৃত্রিমঞ্চৈব যৎ কিঞ্চিদভিচারাদিকঞ্চ যৎ ।
রুদ্রাক্ষমালিকাং দৃষ্ট্বা শিবো বিষ্ণুঃ প্রসীদতি ॥ ৬৮
চিহ্নৈরেতৈঃ শুভা জ্ঞেয়া প্রেক্ষাবদ্ভির্মুনীশ্বরাঃ ।
একমুখী চ যা স্যাদ্বৈ প্রতিপূরং ব্রজেদিহ ॥ ৬৯
দ্বিমুখী চ তথা জ্ঞেয়া ধারকো নৈব দহ্যতে ।
ত্রিমুখী চ যদা স্যাদ্বৈ শস্ত্রঘাতাদিকং ন হি ॥ ৭০
চতুর্মুখী তদা জ্ঞেয়া চোরাশঙ্কা ভবন্তি হি ।
জলে তু মুচ্যমানা সা মজ্জতি ন তরেদিহ ॥ ৭১

পঞ্চমুখী তু যা প্রোক্তা সর্ব্বানর্থনিবর্ত্তিনী ।
জলে ন মজ্জতি সা চ সর্ব্বদা শুভদায়িনী ॥
এবং জ্ঞাত্বা ফলং সম্যগ্ধার্য্যা ধর্ম্মবিবৃদ্ধয়ে ॥
সূতকে মৃতকে বাপি মল-মূত্রবিসর্জ্জনে ।
ভোজনে রতিকালে চ রুদ্রাক্ষন্তু বিবর্জ্জয়েৎ
স্নানে দানে জপে হোমে স্বাধ্যায়ে পিতৃতর্পণে
বিষ্ণু-শিবাদি পূজায়াং শ্রাদ্ধকালেঽক্ষধারণম্ ।
এতৎ সর্ব্বং সমাখ্যাতং যৎ পৃষ্টো হি মুনীশ্বরাঃ
এবং যঃ শৃণুয়ান্নিত্যং মাহাত্ম্যং পরমং শুভম্
রুদ্রাক্ষমালিকায়াশ্চ শিবস্যাতিপ্রিয়ো ভবেৎ ।

ইতি শ্রীশৈবে মহাপুরাণে জ্ঞানসংহিতায়াং
রুদ্রাক্ষমাহাত্ম্যং নাম সপ্ত-
ত্রিংশোঽধ্যায়ঃ ॥৩৭॥

জপ না করে, তাহার অঙ্গ স্পর্শ করিবে না এবং তাহাকে দেখিলে দূরে গমন করিবে। শিবভক্ত-দিগের বিশেষতঃ ধারণ করা উচিত এবং যে ব্যক্তি রুদ্রাক্ষধারণফল বলিবে ও ভক্তিমান হইয়া ধারণ করাইবে, এতদুভয়ের শুভ হইবে। সকল বীজে অঙ্কুর দেখা যায়, রুদ্রাক্ষবীজে মুক্তিরূপ অঙ্কুর নিহিত আছে। হে ঋষিসত্তম-গণ! রুদ্রাক্ষের অন্য অনেক ফল দেখা যায়, তাহা অদ্য আমি ধারণকারীদের হিতের নিমিত্ত কহিব। রুদ্রাক্ষমালাধারীকে দেখিলে ভূত, প্রেত, পিশাচ, ডাকিনী, শাকিনী ও অন্যান্য যাহারা হিংসাকারক তাহারা এবং কৃত্রিম অভিচারাদি নষ্ট হয়। রুদ্রাক্ষমাল দেখিলে, শিব ও বিষ্ণু প্রসন্ন হয়। হে মুনীশ্বরগণ! পণ্ডিতেরা নিম্নলিখিত চিহ্ন সকল দ্বারা শুভ নির্ণয় করিবেন। যে এক-মুখী রুদ্রাক্ষ ধারণ করে, তাহার জলমজ্জনে ভয় থাকে না। যে দ্বিমুখী রুদ্রাক্ষ ধারণ করে, তাহার অগ্নিভয় থাকে না। ত্রিমুখী রুদ্রাক্ষ ধারণ করিলে শস্ত্রঘাতাদির ভয় নিবারণ হয়। চতুর্মুখী রুদ্রাক্ষধারীর গৃহে চোর প্রবিষ্ট হই[illegible] সে অন্ধ হয় এবং সেই চতুর্মুখী রুদ্রাক্ষ[illegible] জলে ত্যাগ করিলে মগ্ন হয়, ভাসে না। পঞ্চমুখী রুদ্রাক্ষধারীর অনর্থ সকল নষ্ট হ[illegible] এবং তাহা জলে মগ্ন হয়। এই প্রকার ফল জানিয়া ধর্ম্মবৃদ্ধির নিমিত্ত রুদ্রাক্ষ-মাল ধা[illegible] করিবে। কেবল জননমরণাশৌচে, মল-মূ[illegible] ত্যাগের সময়ে, ভোজনকালে ও রতিকা[illegible] উহা ধারণ করিবে না। স্নানসময়ে দানকা[illegible] জপ-হোমে, স্বাধ্যায়ে, পিতৃতর্পণকালে, বিষ্ণু[illegible] শিবপূজায় এবং শ্রাদ্ধকালে উহা ধারণ করিবে[illegible] হে মুনীশ্বরগণ! আপনাদের প্রশ্নের এই উত্ত[illegible] কহিলাম। রুদ্রাক্ষের পরম শুভ মাহাত্ম্য [illegible] শ্রবণ করে, সে শিবের প্রিয় হয়। ৬১—৭৬

সপ্তত্রিংশ অধ্যায় সমাপ্ত ॥ ৩৭ ॥

অষ্টত্রিংশোঽধ্যায়ঃ।

ঋষয় উচুঃ।

...ত্বয়া সূত লোকানাং হিতকাম্যয়া।
...কথ্যতাং হেতচ্ছিবমাহাত্ম্যমুত্তমম্॥ ১
...মুখাম্ভোজাদ্ধ তৃপ্তাঃ স্ম বয়ং প্রভো।
...থিব্যাং যানি লিঙ্গানি তীর্থে তীর্থে ভবন্তি হি॥২
...ত্র বা স্থলে যানি প্রসিদ্ধানি যথা প্রভো।
...যত্র ভবেল্লিঙ্গং তৎ তৎ সর্ব্বং নিবেদ্যতাম্॥৩
...তি শ্রুত্বা বচস্তেষাং বচনঞ্চেদমব্রবীৎ॥ ৪

সূত উবাচ।

...পৃষ্টং হি ঋষিশ্রেষ্ঠা লিঙ্গানি কথয়েঽধুনা।
...র্ব্বেষাঞ্চৈব লিঙ্গানাং সংখ্যানং বিদ্যতে কুতঃ॥৫
...লিঙ্গময়ী ভূমিঃ সর্ব্বং লিঙ্গময়ং জগৎ।
...লিঙ্গময়ানি তীর্থানি সর্ব্বং লিঙ্গে প্রতিষ্ঠিতম্॥ ৬
...সংখ্যা ন বিদ্যতে তেষাং কিঞ্চৈব তদ্ ব্রবীমি হ।
...কিঞ্চিদ্দৃশ্যতে দৃশ্যং বর্ণ্যতে স্মর্য্যতে চ যৎ
...সর্ব্বং শিবরূপঞ্চ নাস্তদস্তীতি কিঞ্চন॥ ৭
...পি শ্রূয়তাং হেতৎ কথয়ামি যথাশ্রুতম্।
...নি চ ঋষিশ্রেষ্ঠাঃ পৃথিব্যাং যানি তানি হ॥৮
পাতালে চাপি বর্ত্তন্তে স্বর্গে চাপি তথৈব হ।
সর্ব্বৈশ্চ পূজ্যতে শম্ভুঃ সদেবাসুরমানুষৈঃ॥ ৯
তথাপি শম্ভুনা ব্যাপ্তং সদেবাসুরমানুষম্।
অনুগ্রহায় লোকানাং লিঙ্গানি চ মহেশ্বরঃ॥ ১০
দধাতি বিবিধান্যত্র তীর্থে চৈব স্থলে পুনঃ।
যত্র যত্র যদা শম্ভুর্ভক্ত্যা ভক্তৈশ্চ সংস্মৃতঃ॥ ১১
তত্র তত্রাবতীর্য্যাথ কার্য্যং কৃত্বা চ সংস্থিতঃ।
লোকানামুপকারার্থং লিঙ্গঞ্চৈবাপ্যকল্পয়ৎ॥ ১২
তল্লিঙ্গং পূজয়িত্বা চ সিদ্ধিং সমধিগচ্ছতি।
তেষাঞ্চাপি ন বিদ্যেত সংখ্যা চ ঋষিসত্তমাঃ॥১৩
তথাপি শ্রূয়তাং সম্যগ্‌যথাজ্ঞানং যথাশ্রুতম্।
পৃথিব্যাং যানি লিঙ্গানি তেষাং সংখ্যা ন বিদ্যতে।
তথাপি চ প্রধানানি কথ্যন্তে চ ময়া পুনঃ।
যচ্ছ্রুত্বা সর্ব্বপাপেভ্যো মুচ্যতে মানবঃ ক্ষণাৎ॥১৪
প্রধানেষু চ যানীহ মুখ্যাঞ্চৈব বদাম্যহম্।
লিঙ্গানি জ্যোতিষাঞ্চাত্র বিদ্যন্তে ঋষিসত্তমাঃ॥ ১৬
তান্যহং কথয়াম্যদ্য শ্রুত্বা পাপং ব্যপোহতি।
সৌরাষ্ট্রে সোমনাথঞ্চ শ্রীশৈলে মল্লিকার্জ্জুনম্॥১৭

অষ্টত্রিংশ অধ্যায়।

ঋষির কহিলেন, হে সূত! লোকহিতকাম... তুমি উত্তম কহিয়াছ। পুনরপি ঐ উত্তম ...মহাত্ম্য বল। হে প্রভো! তোমার মুখ ...তে এই শিবকথা শুনিয়া আমাদিগের আশা ...টিতেছে না, পৃথিবীতে তীর্থে তীর্থে যে সকল ...ঙ্গ আছে, অথবা অন্যস্থলে প্রসিদ্ধ যাহা ...ছে, সেই সকল লিঙ্গের কথা তুমি বল। ...ত এই বাক্য শুনিয়া কহিলেন, হে ঋষিশ্রেষ্ঠ...! "লিঙ্গের কথা বল" এই যে আপনারা ...করিয়াছেন, সেই লিঙ্গের সংখ্যা আমি ...তে অক্ষম। এই সকল ভূমিই লিঙ্গময়ী; ...জগৎ লিঙ্গময়; লিঙ্গময় তীর্থ সকল; ...সকলই অধিষ্ঠিত। সেই লিঙ্গের সংখ্যা ...থা হইতে হইবে? যাহা কিছু দৃষ্ট দেখা..., বর্ণনা করা যায়, অথবা স্মরণ করা যায়, ...ই সকলই শিব স্বরূপ; শিব ব্যতীত অন্য কিছুই নাই। হে ঋষিশ্রেষ্ঠগণ! তথাপি আমি যথাশ্রুত লিঙ্গ সকল কহিব, শ্রবণ করুন। পৃথিবীতে, পাতালে ও স্বর্গে যে সকল লিঙ্গ আছে, —দেবতা অসুর মনুষ্য সেই শম্ভুরূপী লিঙ্গকে পূজা করিয়া থাকেন। ১—৯। শম্ভু—দেবতা, অসুর ও মনুষ্যগণকে ব্যাপিয়া আছেন। মহেশ্বর লোকানুগ্রহার্থ তীর্থে ও স্থলে বিবিধ লিঙ্গাকারে অবস্থিতি করিতেছেন। যেখানে যেখানে ভক্ত, ভক্তির সহিত মহাদেবকে স্মরণ করে, তিনি সেখানে সেখানেই অবতীর্ণ হইয়া তাহাদের কার্য্য করিয়া অবস্থিত আছেন। লোকোপকারের নিমিত্ত লিঙ্গরূপ অনুষ্ঠিত হইয়াছে। সেই লিঙ্গপূজা করিলে অভীষ্ট সিদ্ধ হয়। হে ঋষিসত্তমগণ! তাহাদের সংখ্যা কিরূপে হইবে? তথাপি পূর্ব্বে যেরূপ শুনিয়াছি, যথাজ্ঞানে তাহা কহিব। প্রধান প্রধান লিঙ্গের কথা কহিতেছি, যাহা শ্রবণ করিলে মানব ক্ষণকাল মধ্যে পাপমুক্ত হয়। তার মধ্যে সর্ব্বপ্রধান দ্বাদশ জ্যোতির্লিঙ্গ, এখন তাহা বলিতেছি, ইহা

উজ্জয়িন্যাং মহাকালমোঙ্কারপরমেশ্বরম্।
কেদারং হিমবৎপৃষ্ঠে ডাকিন্যাং ভীমশঙ্করম্ ॥১৮
বারাণস্যাঞ্চ বিশ্বেশং ত্র্যম্বকং গৌতমীতটে।
বৈদ্যনাথং চিতাভূমৌ নাগেশং দারুকাননে॥ ১৯
সেতুবন্ধে চ রামেশং ঘুশ্মেশঞ্চ * শিবালয়ে।
দ্বাদশৈতানি নামানি প্রাতরুত্থায় যঃ পঠেৎ॥ ২০
সর্ব্বপাপবিনির্ম্মুক্তো সর্ব্বসিদ্ধিফলো ভবেৎ।
যং যং কামমপেক্ষ্যৈব পঠিষ্যন্তি নরোত্তমাঃ॥ ২১
তস্য তস্য ফলপ্রাপ্তির্ভবিষ্যতি ন সংশয়ঃ।
এতেষাং দর্শনাদেব পাতকং নৈব তিষ্ঠতি॥ ২২
কর্ম্মক্ষয়ো ভবেৎ তস্য যস্য তুষ্টো মহেশ্বরঃ।
জ্যোতিষাঞ্চৈব লিঙ্গানি দৃষ্টানি ঋষিসত্তমাঃ॥ ২৩
তেষাঞ্চ জননীগর্ভে বাসো নৈব ভবেৎ পুনঃ।
এতেষাং পূজনে নৈব বর্ণানাং দূষণং স্মৃতম্॥ ২৪
নৈবেদ্যঞ্চৈব সংগ্রাহ্যং ভোজনীয়ং প্রযত্নতঃ।
ভুক্তে সর্ব্বাণি পাপানি ভস্মসাদ্যান্তি তৎক্ষণা
জ্যোতিষাঞ্চৈব লিঙ্গানাং ফলং বক্তুং ন শক্যা
একঞ্চ পূজিতং যেন ষণ্মাসঞ্চ নিরন্তরম্॥ ২৬
তস্য দুঃখং ন জায়েত মাতৃগর্ভসমুদ্ভবম্।
হীনযোনৌ যদা জাতো জ্যোতির্লিঙ্গঞ্চ পশ্যতি॥
তস্য জন্ম ভবেৎ তত্র বিমলে সংকুলে পুনঃ।
সংকুলে জন্ম সম্প্রাপ্য ধনাঢ্যো বেদপারগঃ॥ ২৮
শুভকর্ম্ম তদা কৃত্বা মুক্তিং যাত্যনপায়িনীম্।
ম্লেচ্ছো বাপ্যন্ত্যজো বাপি ষণ্ডো বাথ মুনীশ্বরাঃ॥
দ্বিজো ভূত্বা লভেন্মুক্তিং তস্মাচ্ছ দর্শনং চরেৎ।
অতঃ পরঞ্চ তীর্থেষু স্থলে চৈবাথবা পুনঃ॥ ৩০
প্রধানানি চ বর্ত্তন্তে তেষাং নামানি ৈব তথা।
জ্যোতিষাঞ্চোপলিঙ্গানি শৃণুতামৃষিসত্তমাঃ॥ ৩১
সোমেশ্বরস্য যল্লিঙ্গমন্তকেশমুদাহৃতম্।
মহ্যাং সাগরসংযোগে তল্লিঙ্গমুপলিঙ্গকম্॥ ৩২
মল্লিকার্জ্জুনসম্ভূতং ভৃগুকচ্ছেহথ রুদ্রকম্।
মহাকালস্য যল্লিঙ্গং দুগ্ধেশমিতি বিশ্রুতম্॥ ৩৩

শুনিলে পাপ নষ্ট হয়। সৌরাষ্ট্রদেশে সোমনাথ, শ্রীশৈলে মল্লিকার্জ্জুন নামক লিঙ্গ আছেন। উজ্জয়িনীতে মহাকাল ও ওঙ্কাররূপী লিঙ্গ আছেন। হিমালয়-পার্শ্বে কেদারলিঙ্গ, ডাকিনীপুরে ভীমশঙ্কর লিঙ্গ অধিষ্ঠিত। বারাণসীপুরীতে বিশ্বনাথ নামক লিঙ্গ, গোদাবরী-তীরে ত্র্যম্বকলিঙ্গ, চিতাভূমিতে বৈদ্যনাথলিঙ্গ, দারুকাবনে নাগেশলিঙ্গ, সেতুবন্ধে রামেশ্বরলিঙ্গ. শিবালয়ে ঘুশ্মেশ নামক লিঙ্গ। ঐ দ্বাদশ নাম প্রাতঃকালে উঠিয়া যে পাঠ করে, সে সকল পাপ হইতে মুক্ত হয় এবং তাহার সকল কার্য্য সিদ্ধ হয়। যে মনুষ্য যে অভিলাষ করিয়া ইহা পাঠ করে, তাহার তাহাই সিদ্ধ হয় এবং ইহাঁদের দর্শনে পাতকনাশ হয়। ১০—২২। যাহার প্রতি মহেশ্বর তুষ্ট হন, তাহার কর্ম্মক্ষয় হয়। যে জ্যোতির্লিঙ্গ দর্শন করিয়াছে, তাহাকে আর জননী-গর্ভে বাস করিতে হয় না। ব্রাহ্মণ, ক্ষত্রিয়, বৈশ্য, শূদ্র চতুর্ব্বর্ণ তাহাদের পূজা করিতে পারে, কোন দোষ নাই। ইহাঁদিগের নৈবেদ্য গ্রহণ ও ভোজন অতি যত্নের সহিত করিবে। নৈবেদ্য ভোজন করিলে তৎক্ষণাৎ পাপ সকল ভস্ম হইয়া যায়। জ্যোতির্লিঙ্গ-গণের পূজা করিলে যে ফল হয়, তাহার সীমা নাই। একটী জ্যোতির্লিঙ্গ যে ছয় মাস নিরন্তর পূজা করে, তাহার মাতৃগর্ভযন্ত্রণা ভোগ করিতে হয় না। হীনবর্ণোদ্ভব ব্যক্তি যদি জ্যোতির্লিঙ্গ দর্শন করে, তাহার নির্ম্মল সংকুলে জন্ম হয়, সে সংকুলে জন্মগ্রহণ করিয়া ধনাঢ্য ও বেদপারগ হয় এবং শুভকর্ম্ম করিয়া শেষে অনপায়িনী মুক্তি লাভ করে। ম্লেচ্ছ, অন্ত্যজ অথবা ষণ্ড (ক্লীব) যদি তাহাকে দর্শন করে, সে দ্বিজ হইয়া মুক্তি লাভ করে। হে ঋষিসত্তমগণ! অতঃপর তীর্থে ও স্থলে যে সকল প্রধান লিঙ্গ আছেন, তাঁহাদের নাম ও জ্যোতির্লিঙ্গের উপলিঙ্গ সকল কহিব শ্রবণ কর। ২৩—৩১। পৃথিবীতে সাগর-সঙ্গমস্থলে সোমেশ্বর লিঙ্গের উপলিঙ্গ অন্তকেশ নামে খ্যাত। পর্ব্বতভটে ভৃগুকচ্ছ প্রদেশে মল্লিকার্জ্জুন লিঙ্গ হইতে উৎপন্ন রুদ্রক নামে উপলিঙ্গ আছেন। মহাকালের উপলিঙ্গ

[illegible]সম্ভবং লিঙ্গং কর্দ্দমেশমিতি স্মৃতম্।
কেদারেশ্বরসঞ্জাতং ভূতেশং যমুনাতটে॥ ৩৪
ভীমশঙ্করসম্ভূতং ভীমেশ্বর ইতি স্মৃতম্।
বিশ্বেশ্বরাচ্চ সঞ্জাতং শরণেশ্বরবিশ্রুতম্॥ ৩৫
ত্র্যম্বকস্য চ যৎ প্রোক্তং সিদ্ধেশ্বর ইতি শ্রুতম্।
বৈদ্যনাথেশ্বরাজ্জাতং বৈজনাথ ইতি শ্রুতম্॥ ৩৬
নাগেশ্বরসমুদ্ভূতং ভূতেশ্বরমুদাহৃতম্।
[illegible]-সরস্বতীতীরে দর্শনাৎ পাপহারকম্॥ ৩৭
রামেশ্বরাচ্চ সঞ্জাতং গুপ্তেশ্বরমুদাহৃতম্।
ঘুশ্মেশাচ্চৈব সঞ্জাতং ব্যাঘ্রেশ্বর ইতি স্মৃতম্॥ ৩৮
এতানি চ প্রধানানি মুখ্যাতঃ [illegible] চ।
অন্যান্যপি চ মুখ্যানি [illegible]॥ ৩৯
গঙ্গাতীরে চ মুখ্যং [illegible] যেন বিমুক্তিদম্
[illegible] সাক্ষাৎ তত্তুল্যো [illegible]॥ ৪০
[illegible] এব চ
[illegible] ইতি স্মৃতঃ॥ ৪১
[illegible] এব চ

নীলেশ্বর ইতি খ্যাতো বৃন্দাবনসমীপগঃ॥ ৪২
ভূতেশ্বর ইতি প্রোক্তঃ সর্ব্বার্থসাধকো নৃণাম্।
নারীশ্বর ইতি খ্যাতঃ কৌশিক্যাস্তু সমীপতঃ॥ ৪৩
কটকেশ্বরনামাসীদ্বর্ত্ততে গন্ডকীতটে।
পুরেশ্বর ইতি খ্যাতঃ পুষ্করস্য সমীপতঃ॥ ৪৪
মণ্ডকেশ ইতি খ্যাতঃ ফল্গুতীরে সদাশিবঃ।
সিদ্ধনাথেশ্বরশ্চৈব দর্শনাৎ সিদ্ধিদো নৃণাম্ *॥৪৫
নরেশ্বর ইতি খ্যাতঃ পত্তনে চোত্তরে তথা।
মৃগেশ্বরশ্চ নাম্না বৈ জননাথস্তথৈব চ॥ ৪৬
নর্ম্মদাতীরকে সান্তি তেষাং সংখ্যা ন বিদ্যতে।
সা চ রুদ্রস্বরূপা হি বর্ত্ততে পাপহারিকা॥ ৪৭
তস্যাং স্থিতাশ্চ যে কেচিৎ পাষাণাঃ শিবরূপিণঃ।
তথাপি চ প্রবক্ষ্যামি নামানি চ মুনীশ্বরাঃ॥ ৪৮
অধমেশ্বরনামাপি বর্ত্ততে পাপহারকঃ।
পারেশ্বর ইতি খ্যাতঃ সিদ্ধেশ্বরস্তথৈব চ॥ ৪৯

[illegible] নামে প্রসিদ্ধ [illegible] কর্দ্দমেশ নামক উপলিঙ্গ, যমুনাতটে কেদারেশ্বরলিঙ্গ হইতে উৎপন্ন ভূতেশ নামক উপলিঙ্গ আছেন। ভীমশঙ্কর লিঙ্গের উপলিঙ্গ ভীমেশ্বর নামে খ্যাত। বিশ্বেশ্বর হইতে যাঁহার উৎপত্তি হইয়াছে, তিনি শরণেশ্বর নামে খ্যাত। ত্র্যম্বকের উপলিঙ্গ সিদ্ধেশ্বর নামে খ্যাত, বৈদ্যনাথ হইতে জাত উপলিঙ্গ বৈজনাথ নামে বিখ্যাত। নাগেশ্বর সম্ভূত উপলিঙ্গ ভূতেশ্বর নামে প্রসিদ্ধ, মল্লিকা-নদী ও সরস্বতীনদীতীরে অবস্থিত গুপ্তেশ্বর নামে লিঙ্গ রামেশ্বর হইতে জাত উপলিঙ্গ। তাহার দর্শনে পাপ নষ্ট হয়। ঘুশ্মেশ মহাদেব হইতে জাত উপলিঙ্গ ব্যাঘ্রেশ্বর নামে কথিত। ঐ সকল লিঙ্গ প্রধান ও মুখ্যরূপে পরিগণিত। অন্যান্য মুখ্য লিঙ্গের কথাও কহিতেছি, শ্রবণ কর। গঙ্গাতীরে যিনি মুখ্যরূপে পরিগণিত, সেই মুক্তিদাতা লিঙ্গের নাম কৃত্তিবাসেশ্বর; বৃদ্ধকাল লিঙ্গও সাক্ষাৎ মুক্তিদাতা কৃত্তিবাসেশ্বরের সদৃশ। ৩২—৪০। বারাণসীতে তিলভাণ্ডেশ্বর দশাশ্বমেধেশ্বর এবং গঙ্গাসাগর-সঙ্গমে সঙ্গমেশ্বর নামক লিঙ্গ আছেন। যমুনাতীরে স্থিত লিঙ্গ সোমেশ্বর নামে খ্যাত। বৃন্দাবন সমীপে নীলেশ্বর নামক মহাদেব আছেন। কৌশিকী নদী-সমীপে ভূতেশ্বর এবং নারীশ্বর নামক মহাদেব আছেন, ভূতেশ্বর মনুষ্যদের সর্ব্বার্থ সাধন করিয়া থাকেন। গন্ড(ণ্ড)কী নদীতটে কটকেশ্বর নামক লিঙ্গ বিদ্যমান রহিয়াছেন, পুষ্কর সমীপে পুরেশ্বর লিঙ্গ অবস্থিত। ফল্গুনদীতীরে মণ্ডকেশ সদাশিব ও দর্শনমাত্রে সর্ব্বসিদ্ধিদ সিদ্ধনাথেশ্বর লিঙ্গ আছেন। উত্তর পত্তনে নরেশ্বর লিঙ্গ, তাহার উত্তরে মৃগেশ্বর ও জননাথ লিঙ্গ অবস্থিত। নর্ম্মদা নদীতীরে যত লিঙ্গ আছেন, তাহার সংখ্যা নাই, সেই নর্ম্মদা রুদ্রস্বরূপা হইয়া পাপ হরণ করিতেছেন। সেই নর্ম্মদায় যে সব পাষাণ আছে, তৎসমস্তই শিবস্বরূপ, এতন্মধ্যে যে সকল মুখ্য লিঙ্গ, তাহা বলিতেছি। পাপ-হারক অধমেশ্বর লিঙ্গ, পারেশ্বর লিঙ্গ ও

* অত্র শ্লোকান্তরম্।—
"সিদ্ধনাথেশ্বরশ্চৈব সোমেশঃ ক্ষীরসাগরে।
দর্শনাৎ সিদ্ধিদো নৃণাং ভুক্তি-মুক্তিপ্রদায়ক" ইতি

সুমেশ্বরস্তথা চাত্র কুমারেশ্বর এব চ।
পুণ্ডরীকেশ ইতি খ্যাতো মণ্ডপেশ্বর এব চ॥ ৫০
তীক্ষ্ণেশনামা অত্রাসীদ্দর্শনাৎ পাপহারকঃ।
ধুন্ধুরেশ্বরনাম্নাপি বর্ত্ততে নর্ম্মদাতটে॥ ৫১
শূলেশ্বর ইতি খ্যাতঃ কুম্ভেশ্বরস্তথাপি চ।
কুবেরেশ্বরনাম্না বৈ বিখ্যাতো ভুবনত্রয়ে॥ ৫২
ততঃ সোমেশ্বরো দেবো নীলকণ্ঠ ইতি স্বয়ম্।
মঙ্গলেশ ইতি প্রোক্তো মঙ্গলায়তনং মহৎ॥ ৫৩
ততশ্চ নন্দিকো দেবো হত্যাকোটিনিবারকঃ।
নন্দিকেশঞ্চ যশ্চৈব পূজয়েৎ পরয়া মুদা॥ ৫৪
তস্য তস্যাখিলা সিদ্ধির্ভবিষ্যতি ন সংশয়ঃ।
অত্র তীরে চ যঃ স্নাতি তস্য পাপং বিনশ্যতি॥ ৫৫

ইতি শ্রীশৈবে মহাপুরাণে জ্ঞানসংহিতায়াং জ্যোতির্লিঙ্গনিরূপণং নামাষ্টত্রিংশোঽধ্যায়ঃ॥ ৩৮॥

সিংহেশ্বর নামক লিঙ্গ, সুমেশ্বর মহাদেব, কুমারেশ্বর মহাদেব, পুণ্ডরীক লিঙ্গ, মণ্ডপেশ্বর নামক লিঙ্গ তথায় আছেন। ৪১—৫০। সেই নর্ম্মদাতীরে তীক্ষ্ণেশ নামক লিঙ্গ আছেন, তাঁহাকে দর্শন করিলেই পাপ নষ্ট হয়। ধুন্ধুরেশ্বর লিঙ্গও সেইখানে আছেন। তথায় শূলেশ্বর ও কুম্ভেশ্বর লিঙ্গ বিদ্যমান রহিয়াছেন, ত্রিভুবনে বিখ্যাত কুবেরেশ্বর নামে প্রসিদ্ধ লিঙ্গ তথায় অবস্থিত। সেস্থানে সোমেশ্বর নামক লিঙ্গ ও নীলকণ্ঠ লিঙ্গ আছেন। মঙ্গলায়তন মঙ্গলেশ্বর লিঙ্গ সেস্থানে আছেন। কোটিহত্যা-নিবারক নন্দিকদেব, সেখানে আছেন। নন্দিকেশ্বরকে যে আনন্দযুক্ত হইয়া পূজা করে, তাহার সকল কার্য্য সিদ্ধ হয় এবং সেই তীরে যে স্নান করে, তাহার পাপনাশ হয়। ৫১—৫৫।

অষ্টত্রিংশ অধ্যায় সমাপ্ত॥ ৩৮॥

একোনচত্বারিংশোঽধ্যায়ঃ।

ঋষয় ঊচুঃ।
এবং মাহাত্ম্যকং অত্র কথ্যতাঞ্চ ত্বয়াধুনা।
অতঃ পরঞ্চ যজ্জাতং তত্ত্বতঃ বক্তুমর্হসি॥ ১
সূত উবাচ।
সম্যগুক্তং ভবদ্ভিশ্চ কথয়ামি যথাক্রমম্।
পুরা যুধিষ্ঠিরেণৈব পৃষ্টশ্চ ঋষিসত্তমঃ॥ ২
রেবায়াঃ পশ্চিমে তীরে কর্ণকী নাম বৈ পুরী।
অত্র দ্বিজবরঃ কশ্চিদুতথ্যকুলসম্ভবঃ॥ ৩
কাশ্যাং গতশ্চ পুত্রাভ্যামর্পয়িত্বা স্বপত্নিকাম্।
কদাচিৎ স মৃতস্তত্র পুত্রাভ্যাঞ্চ শ্রুতং তদা॥ ৪
তদীয়ঞ্চৈব যৎ কৃত্যং সম্পাদ্য পুত্রকাবুভৌ।
পত্নী চ পালয়ামাস পুত্রৌ পুত্রহিতৈষিণী॥ ৫
পুত্রৌ পরিণয়িত্বা তৌ বিভক্তঞ্চ ধনং তয়া।
স্বীয়ঞ্চ রক্ষিতং কিঞ্চিৎ কিয়ৎকালং স্থিতা তদা॥
কদাচিন্ম্রিয়মাণা সা পুণ্যঞ্চ বিবিধং তথা।
কৃত্বা প্রাণান্ ন মুচ্যেত কষ্টং দৃষ্ট্বাথ পুত্রকৌ॥ ৭

একোনচত্বারিংশ অধ্যায়।

ঋষিরা কহিলেন, এক্ষণে তুমি শিবমাহাত্ম্য কীর্ত্তন কর, অতঃপর যাহা বক্তব্য, তাহাও যথার্থতঃ বল। সূত কহিলেন, আপনারা ভাল প্রশ্ন করিয়াছেন, যাহা শুনিয়াছি, তাহা কহিব। পুরাকালে যুধিষ্ঠিরও নারদ ঋষিকে ইহা জিজ্ঞাসা করিয়াছিলেন। রেবানদীর পশ্চিম তীরে কর্ণকী নামে পুরী আছে, তাহাতে উতথ্য-কুলসম্ভূত কোন দ্বিজবর বাস করিতেন। তিনি নিজ পত্নীকে পুত্রদ্বয়ের নিকটে রাখিয়া কাশীতে গমন করিলেন, পরে তাঁহার মৃত্যুসংবাদ পুত্রেরা শ্রবণ করিল। উভয় পুত্র তাঁহার ঔর্দ্ধদেহিক ক্রিয়া সম্পন্ন করিল। মৃতের পত্নী পুত্রহিতৈষিণী হইয়া পুত্র পালন করিতে লাগিলেন এবং পুত্রদ্বয়ের বিবাহ দেওয়াইলেন। তাহাদিগকে ধন বিভাগ করিয়া দিলেন, নিজেও কিছু রাখিলেন। এরূপ অবস্থায় তিনি কিছুকাল
বিবিধ পুণ্যকার্য্য করিলেন। কালক্রমে তাঁহার

চতুর্মাতরং তত্র কিং ন্যূনং বিদ্যতে তব।
ন্যূনং ম্রিয়তাং মাতস্তদাবাং করবাবহে ॥ ৮
ত্যুক্তশ্চ তয়া তত্র ন্যূনঞ্চ বিদ্যতে বহু।
দেব ক্রিয়তে চেদ্ধি সুখেন মরণং ভবেৎ ॥ ৯
জ্যেষ্ঠপুত্রশ্চ যশাসীৎ তেনোক্তং কথ্যতাং ত্বয়া।
য়া চ প্রার্থিতং হ্যেতৎ পুরা মে মনসঃ স্পৃহা ॥
কাশ্যাং গন্তুং তথা নাসীদিদানীং ম্রিয়তে পুনঃ।
মাস্থীনি ত্বয়া পুত্র ক্ষেপণীয়াঙ্গতজ্ঞিতম্ ॥ ১১
গঙ্গাজলে শুভং তেষাং ভবিষ্যতি ন সংশয়ঃ।
ত্যুক্তে চ তয়া পুত্রো বচনঞ্চেদমব্রবীৎ ॥ ১২
তত্ত্বয়া সুখেনৈব প্রাণাস্ত্যাজ্যা ন সংশয়ঃ।
ব কার্য্যং পুরা কৃত্বা পশ্চাৎ কার্য্যং মদীয়কম্ ॥
তি হস্তে বচো * দত্ত্বা যাবৎ পুত্রো গৃহং গতঃ
বং সা চ মৃত তত্র হরিস্মরণতৎপরা ॥ ১৪
ধ্বংশ্চৈব চ যৎ কৃত্যং তৎ সর্ব্বং সংবিধায় বৈ।
সিকঞ্চৈব কৃত্বা তু গমনায়োপচক্রমে ॥ ১৫

তয়োঃ শ্রেষ্ঠতমো যো বৈ সুবাদী নাম বিশ্রুতঃ।
তদস্থীনি সমাদায় নিঃসৃতস্তীর্থকাম্যয়া ॥ ১৬
সংগৃহ্য সেবকং কঞ্চিৎ তেনৈব সহিতস্তদা।
আবাস্য ভার্য্যাং পুত্রাংশ্চ মাতুঃ প্রিয়চিকীর্ষয়া ॥ ১৭
শ্রাদ্ধং দানাদিকং ভোজ্যং কৃত্বা বিধিমদুত্তমম্।
মঙ্গলস্মরণং কৃত্বা নির্জগাম দ্বিজঃ স্বয়ম্ ॥ ১৮
তদ্দিনে যোজনং গত্বা বসতিং গ্রামকে শুভে।
দ্বিজগেহে তদা কৃত্বা সন্ধ্যাদি বিধিপূর্ব্বকম্ ॥ ১৯
যামিনী চ গতা তত্র মুহূর্ত্তদ্বয়সম্মিতা।
সেবকেন তদা যুক্তো ব্রাহ্মণঃ সংস্থিতস্তদা ॥ ২০
স্মরনঃ কৃতবাংস্তত্র হরেরদ্ভুতকর্ম্মণঃ।
এতস্মিন্নেব সময়ে হ্যাশ্চর্য্যাখ্যানকং তদা ॥ ২১
গৌশ্চৈব চাঙ্গনং তত্র স্তম্ভনে বদ্ধিতা শুভা।
এবং বৈ ব্রাহ্মণস্তত্র স্থানান্তরাদ্‌ বহির্গতঃ ॥ ২২
গৌর্নৈব চ প্রিয়ে দুগ্ধা ইত্যুক্ত্বা বৎসমানয়ৎ।
দোহনার্থং সমাহূয় স্ত্রিয়ং শীঘ্রতরং তদা ॥ ২৩
বৎসং কোলে স্বয়ং বদ্ধুং যত্নঞ্চৈবাকরোৎ তদা।
বৎসোঽপি কর্দ্দমাপশ্চ পাদেন পাদপীড়নম্ ॥ ২৪
চকার ব্রাহ্মণস্যৈব ব্রাহ্মণঃ ক্রোধমূর্চ্ছিতঃ।

মৃত্যুসময় উপস্থিত হইল. মরণোন্মুখী মাতার মৃত্যু না হওয়ায় কষ্ট দেখিয়া পুত্রেরা মাতাকে কহিল, আপনার কোন্ কার্য্য অবশিষ্ট আছে যাহার জন্য আপনি এরূপ কষ্ট পাইতেছেন, আমাদিগকে তাহা বলুন, আমরা সম্পন্ন করিব। মাতা কহিলেন, আমার অনেক কার্য্য অবশিষ্ট আছে, তাহা যদি তোমরা কর তবে, আমার সুখে মৃত্যু হয়। জ্যেষ্ঠপুত্র কহিল, আপনি বলুন। মাতা কহিলেন, আমার কাশীগমন করিতে মানস ছিল, এখন তো মৃত্যুসময় উপস্থিত। আমার অস্থি যদি গঙ্গাজলে তোমরা নিক্ষেপ কর, তাহা হইলে, তোমাদের শুভ হইবে আশীর্ব্বাদ করিতেছি। পুত্র কহিল, আপনি সুখে প্রাণত্যাগ করুন. আপনার কার্য্য অগ্রে সম্পন্ন করিব, পরে আমার কার্য্য করিব। ১—১৩। এবংবিধ বাক্য কহিয়া পুত্র গৃহে আসিলে. সেই সময়ে মাতা হরিস্মরণ করত মৃতা হইলেন। তাঁহার আবশ্যকীয় কৃত্য এবং মাসিক সম্পন্ন করিয়া, পুত্র গমনের উপক্রম করিলেন। তন্মধ্যে জ্যেষ্ঠ সুবাদী, মাতার প্রিয়-করণেচ্ছায় পত্নী পুত্রকে আশ্বস্ত করিয়া. মাতার অস্থি গ্রহণপূর্ব্বক ভৃত্যের সহিত গৃহ হইতে নির্গত হইলেন। তীর্থযাত্রা-কালীন যথাবিধি শ্রাদ্ধ দানাদি সমাপন ও মঙ্গল-স্মরণ করিলেন। বহির্গত হইয়া তিনি সেই দিনে যোজন পরিমিত পথ অতিক্রম করিয়া শুভগ্রামে দ্বিজগৃহে আশ্রয় লইলেন। যথাবিধি সন্ধ্যাদি করিতে দুই মুহূর্ত্ত রাত্রি হইল, সেবকের সহিত সেই দ্বিজ তথায় রহিলেন এবং অদ্ভুত-কর্ম্মা হরির স্তব করিতে লাগিলেন। এই সময়ে একটী আশ্চর্য্য ঘটনা হইল। ১৪—২৬। সেই অঙ্গনে একটী গোরু বদ্ধ ছিল। তখন, গৃহ-স্বামী ব্রাহ্মণ স্থানান্তর হইতে গৃহে আসিয়া, "প্রিয়ে! এখনও গোদোহন হয় নাই" এই কথা বলিয়া বৎস আনয়ন করিল ও দোহনের নিমিত্ত নিজ পত্নীকে শীঘ্র আহ্বান করিল। ব্রাহ্মণ, বৎসকে বন্ধনস্তম্ভে বন্ধন করিবার

* জলমিতি পাঠান্তরম্।

বৎসঞ্চ তাড়য়ামাস কূর্পরেণ দৃঢ়ং তদা ॥ ২৫
বৎসোঽপি পীড়িতস্তেন শান্তশ্চৈবাভবৎ তদা ।
দুগ্ধা তু মোচিতো নৈব ক্রোধেন চ দ্বিজন্মনা ॥ ২৬
গৌর্দুঃখঞ্চ মহৎ প্রাপ্য রোদনঞ্চাকরোৎ তদা ।
দৃষ্ট্বা চ রোদনং তস্যা বৎসো বাক্যমথাব্রবীৎ ॥ ২৭
কথঞ্চ রুদ্যতে মাতঃ কিং দুঃখং তে হ্যুপস্থিতম্ ।
পুত্রস্য বচনং শ্রুত্বা গৌশ্চ বাক্যমুবাদ দে ॥ ২৮
শ্রূয়তাং পুত্র মে দুঃখং বক্তুং শক্নোমি্যহং ন হি ।
দুষ্টেন তাড়িতস্ত্বঞ্চ তেন দুঃখং সমাগতম্ ॥ ২৯
তদ্বচস্তু তদা শ্রুত্বা বৎসশ্চ বচনং পুনঃ ।
কিং কর্ত্তব্যং ক্ব গন্তব্যং কর্ম্মবদ্ধা বয়ং হ্ৰতঃ ॥ ৩০
কৃতঞ্চৈব যথাপূর্ব্বং ভুজ্যতে চ তথা পুনঃ ।
এতদ্বশে যদা জাতা যদি জসি তথা কুরু ॥ ৩১
হসতা ক্রিয়তে কর্ম্ম রুদতা পরিভুজ্যতে
সুখঞ্চ জায়তে তেন দুঃখং তেনাপি সম্ভবেৎ ॥ ৩২
তস্মাচ্চ পূজ্যতে কর্ম্ম সর্ব্বঞ্চ কর্ম্মণি স্থিতম্ ।
ত্বঞ্চৈবাথাপ্যহঞ্চৈব ইমে জীবাদয়শ্চ যে ॥ ৩৩
তে সর্ব্বে কর্ম্মণা বদ্ধা ন শোচ্যাঃ কর্হিচিৎ ত্বয়া
এবং বচস্তু পুত্রস্য শ্রুত্বা গৌরিদমব্রবীৎ ॥ ৩৪
বৎস সর্ব্বং বিজানামি কর্ম্মাধীনাঃ প্রজাঃ স্বয়ম্
তথাপি মায়য়া গ্রস্তা দুঃখং প্রাপ্নোম্যহং পুনঃ ॥ ৩৫
রোদনঞ্চ তদা কৃত্বা দুঃখশান্তির্ভবেন্ন হি ।
ইত্যেতদ্বচনং শ্রুত্বা মাতরং বাক্যমব্রবীৎ ॥ ৩৬
যদেবঞ্চ বিজানাসি পুনশ্চ রোদনং কথম্ ।
কৃত্বা চ সাধ্যসে কিঞ্চ তস্মাদ্দুঃখং ত্যজাধুনা ॥ ৩৭
এবং পুত্রবচঃ শ্রুত্বা মাতা চৈবাব্রবীদিদম্ ।
মম দুঃখং তদা গচ্ছেদ্যদা দুঃখং তথাবিধম্ ॥ ৩৮
ভবেচ্চ ব্রাহ্মণস্যৈব দুঃখং দাস্যামি বৈ সুখম্
তথা চ ব্রাহ্মণস্যৈব মনসি জ্ঞাস্যতি স্বয়ম্ ॥ ৩৯
পুত্রজন্মঞ্চ যদ্দুঃখমীদৃশং তস্যুবৈৎ পুনশ্চ
প্রাতশ্চৈব ময়া পুত্র শৃঙ্গেণৈব হনিষ্যতে ॥ ৪০
হতস্য জীবিতং সদ্যো যাস্যতি নাত্র সংশয়ঃ ।
ইত্যুক্তস্য পুনর্বৎসো মাতরং বাক্যমব্রবীৎ ॥ ৪১
প্রথমঞ্চ কৃতং কর্ম্ম তৎ ফলং ভুজ্যতেঽধুনা

নিমিত্ত আকর্ষণ করিতে লাগিল। বৎস অসন্তুষ্ট হইয়া নিজ পাদ দ্বারা ব্রাহ্মণের চরণে আঘাত করিল; ব্রাহ্মণ সেই আঘাতে অত্যন্ত ক্রুদ্ধ হইয়া কূর্পর দ্বারা বৎসকে অতিশয় তাড়ন করিল; বৎস পীড়িত হইয়া শান্ত হইল, কিন্তু ব্রাহ্মণ দোহন করিয়া বৎসকে বন্ধনমুক্ত করিল না। ইহাতে গাভী অত্যন্ত দুঃখবোধ করিল এবং রোদন করিল। মাতার রোদন দেখিয়া বৎস বলিল "হে মাতঃ! তুমি কেন রোদন করিতেছ? কি দুঃখ আপনার উপস্থিত হইয়াছে?" পুত্রের বাক্য শুনিয়া মাতা বলিল, হে পুত্র! আমার দুঃখ শ্রবণ কর, যাহা বলিতে বড় কষ্ট হয়। দুষ্ট ব্রাহ্মণ তোমাকে তাড়না করিয়াছে, তজ্জন্য আমার দুঃখ উপস্থিত। ২২—২৯। তখন মাতার দুঃখের কারণ শুনিয়া, বৎস কহিল, কি করিব কোথায় যাব, যেহেতু জীব কর্ম্মবদ্ধ। যেমন কর্ম্ম পূর্ব্বে করিয়াছি, তেমনি ফল ভোগ করিতেছি, এখন এই ব্যক্তির অধীনে আছি, তখন যাহা ইচ্ছা করিতে পারে। কর্ম্ম হাসিতে হাসিতে করা যায়, কিন্তু ভোগ করিবার সময় কাঁদিতে হয়। সেই কর্ম্ম হইতেই সুখও হয় দুঃখও হয়। সেই জন্য কর্ম্ম এবিষয়ে মূলাধার। কর্ম্মাধীন সকলেই, তুমি, আমি, আর ঐ সকল জীব সকলেই কর্ম্মবদ্ধ। বৃথা শোক করিও না এই প্রকার পুত্রের বাক্য শুনিয়া গাভী বলিল বৎস! জীব মাত্রেই কর্ম্মাধীন, রোদন করিলেও দুঃখ নিবৃত্ত হইবে না, ইহা জানিয়াও মায়াপাশে বদ্ধ হইয়া ক্লেশ পাইতেছি। এই প্রকার মাতার বাক্য শুনিয়া বৎস বলিল, যদি এই প্রকার জানেন, তবে কেন রোদন করিতেছেন, রোদন করিলেই বা কি হইবে? দুঃখ ত্যাগ করুন এই প্রকার পুত্রের বাক্য শুনিয়া মাতা বলিলেন আমার দুঃখশান্তি তখন হইবে, যখন এই প্রকার দুঃখ ব্রাহ্মণের হইবে। আমি অবশ্য এইপ্রকার পুত্রমরণদুঃখ ব্রাহ্মণকে দিব, দিলে ব্রাহ্মণ মনে জানিতে পারিবে। আমি কাল প্রাতঃকালে উহার পুত্রকে শৃঙ্গ দ্বারা আঘাত করিব, সেই আঘাতে সে প্রাণত্যাগ করিবে, ইহা নিশ্চয়। গাভী এইরূপ বলিলে বৎস মাতাকে বলিল

দোহনস্থ তদা কালে ব্রাহ্মণঃ পুত্রকং প্রতি ॥ ৩
ময়া তু গম্যতে পুত্র কার্য্যার্থে কুত্রচিং পুনঃ।
পুত্রঃ সমুত্থিতস্তত্র বৎসঞ্চ মুক্তবাংস্তদা ॥ ৪
মাতা চ তস্থ দোহার্থমাজগাম স্বয়ং তদা।
দ্বিজপুত্রস্তদা বৎসং বধ্নন্ কীলেন তাড়য়ন্ ॥ ৫
বন্ধনার্থং যদা নীচৈর্জাতো হি দ্বিজবালকঃ।
পুনর্গৌশ্চ তদা ক্রুদ্ধা শৃঙ্গেণাতাড়য়চ্চ তম্ ॥ ৬
মর্ম্মণি তাড়িতঃ সোঽপি মূর্চ্ছাং প্রাপ্য পপাত হ।
লোকাশ্চ মিলিতাস্তত্র গবা বালো বিহিংসিতঃ ॥৭
জলং জলং বদন্তস্তে পিত্রাদ্যা যে চ সংস্থিতাঃ।
যত্নশ্চ ক্রিয়তে সর্বৈস্তাবদ্বালো মৃতস্ততঃ ॥ ৮
মৃতে চ বালকে তত্র হাহাকারো মহানভূৎ।
কিঙ্করোঽস্য তদা গাঞ্চ তাড়য়িত্বা ব্যমোচয়ৎ ॥ ৯
সা গৌশ্চ শ্বেতবর্ণাভূৎ তদা শ্যামা ব্যদৃশ্যত।
অহো চ দৃশ্যতাং লোকা দৃষ্ট্বা চৈব পরস্পরম্ ॥১০
ব্রাহ্মণশ্চ তদা পান্থো দৃষ্ট্বাশ্চর্য্যং বিনির্গতঃ।
যত্র গৌশ্চ গতা তত্র তামনু ব্রাহ্মণো গতঃ ॥১১

শয়ন করিয়া রহিলেন। ব্রাহ্মণ দোহনের কাল উপস্থিত হইলে, পুত্রকে কহিল,—আমি কার্য্যার্থে স্থানান্তরে চলিলাম। তখন দ্বিজপুত্র উঠিয়া, বৎসকে বন্ধনমুক্ত করিল, তাহার মাতা দোহনের নিমিত্ত সেখানে আনীত হইল। দ্বিজ-পুত্র বন্ধনশঙ্কু দ্বারা বৎসকে আঘাত করিয়া, বন্ধনের নিমিত্ত নিম্নমুখ হইলে, ক্রুদ্ধা গাভী শৃঙ্গ দ্বারা তাহাকে আঘাত করিল। সে মর্ম্মে তাড়িত হইয়া মূর্চ্ছিত হইল। গাভীতে বালক নষ্ট করিয়াছে, এই ধ্বনিতে অনেক লোক আসিল এবং তাহারা "জল জল" এই কথা কহিল; অনেক যত্নও করিল, কিন্তু দ্বিজপুত্র আর বাঁচিল না। বালক মৃত হইলে, হাহাকার ধ্বনি উঠিল। অনন্তর ব্রাহ্মণের কিঙ্কর, গাভীকে প্রহার করিয়া ছাড়িয়া দিল। তাহার বর্ণ শুভ্র ছিল; এই হত্যার পর, শ্যামবর্ণ দেখা যাইতে লাগিল। সমাগত লোকেরা বলিতে লাগিল,—গোরুতে মানুষ মারিয়াছে, আপনারা কি কখন দেখিয়াছেন? ১—১০। পথিক ব্রাহ্মণ, এই আশ্চর্য্য দর্শন করিয়া, বহির্গত হইলেন। যেখানে গাভী

ঊর্দ্ধং পুচ্ছং তদা কৃত্বা শীঘ্রং গৌর্নর্ম্মদাং প্রতি
আগত্য নন্দিকেশস্য সমীপে বিমলে জলে ॥ ১২
ত্রিবারং মজ্জয়িত্বা তু শ্বেতত্বঞ্চ গতা হি সা।
যথা গতাগতা সা চ ব্রাহ্মণো বিস্ময়ং গতঃ ॥ ১৩
অহো মহত্তমং তীর্থং ব্রহ্মহত্যানিবারকম্।
স্বয়ঞ্চ মজ্জিতস্তত্র ব্রাহ্মণঃ সেবকস্তথা ॥ ১৪
মজ্জয়িত্বা গতৌ তৌ চ প্রশংসন্তৌ নদীং তদা।
মার্গে চ মিলিতা কাচিৎ সুন্দরী ভূষণান্বিতা ॥১৫
তয়োক্তং ত্বং কুতো যাসি সত্যং ব্রূহি মমাগ্রতঃ।
এবং বচস্তদা শ্রুত্বা দ্বিজেনোক্তং যথাতথম্ ॥ ১৬
পুনশ্চায়ং দ্বিজস্তত্র তয়োক্তঃ স্থীয়তাং ত্বয়া
তয়োক্তঞ্চ সমাকর্ণ্য স্থিতঃ কিং কথ্যতে বদ ॥ ১৭
সা চাহ পুনরেবাত্র নিবর্ত্তস্ব দ্বিজোত্তম।
যো দৃষ্টং স্থলং যচ্চ তত্রাস্থীনি ক্ষিপাধুনা ॥ ১৮
সাক্ষাদ্বিবাময়ং দেহং ধৃত্বা যাস্যসি সত্যমিম্।

যাইতে লাগিল, তাহার অনুগমন করিলেন। সেই সময়ে গাভী পুচ্ছ ঊর্দ্ধে করিয়া, নর্ম্মদা উদ্দেশে ধাবিত হইল। নর্ম্মদায় নন্দিকেশতীর্থে নির্ম্মল জলে তিনবার স্নান করিল। পুনর্ব্বার তাহার শ্বেতবর্ণ হইল এবং যে যে পথে আসিয়াছিল, সেই সেই পথে প্রত্যাবৃত্ত হইল। এই সকল দেখিয়া, ব্রাহ্মণ অত্যন্ত বিস্ময়ান্বিত হইলেন ও মনে মনে চিন্তা করিতে লাগিলেন,—ওঃ কি আশ্চর্য্য! এই মহাতীর্থ ব্রহ্মহত্যা-নিবারক! সেই তীর্থে নিজে স্নান করিলেন, তাঁহার ভৃত্যও স্নান করিল। তাঁহারা মজ্জন করিয়া, নদীর প্রশংসা করিতে করিতে গমন করিলেন। এমন সময়ে পথে, সালঙ্কারা কোন সুন্দরী স্ত্রী তাঁহাকে জিজ্ঞাসা করিলেন, তুমি কোথা যাইতেছ, আমার নিকট সত্য বল। দ্বিজ তাহার বাক্য শুনিয়া, যথাবৃত্তান্ত সত্য কহিলেন। ১১—১৬। পুনরপি সেই স্ত্রী দ্বিজকে কহিলেন,—"স্থির হও।" তাহার বাক্য শুনিয়া, ব্রাহ্মণ কহিলেন,—আমি অবস্থিতি করিতেছি, বলুন। সেই স্ত্রী কহিলেন, হে দ্বিজোত্তম! তুমি প্রতিনিবৃত্ত হও। তুমি যে স্থল দেখিয়াছ, এখন তাহাতে অস্থি নিক্ষেপ

শাখে চৈব সম্প্রাপ্তে সপ্তম্যাঞ্চ দিনে শুভে ॥১৯
ক্লে পক্ষে সদা গঙ্গা আয়াতি দ্বিজসত্তম।
দ্যৈব সপ্তমী সা চ গঙ্গাহং যামি তত্র বৈ ॥ ২০
তুক্কান্তর্দ্দধে দেবী দ্বিজোঽপি পরিবর্ত্তিতঃ।
াগতাস্থি ক্ষিপেদ্যাবৎ তাবন্মাতাপ্যদৃশ্যত ॥ ২১
ব্যদেহত্বমাপন্না দত্ত্বাশিষং দিবং গতা।
ন্যোঽসি কৃতকৃত্যোঽসি পাবিতঞ্চ কুলং ত্বয়া ॥২২
নং ধান্যং তথা চায়ুর্বংশশ্চ বর্দ্ধতাং তব।
ইত্যাশিষং পুনর্দত্ত্বা গতা সা হ্যুত্তমাং গতিম্ ॥২৩
ব্রাহ্মণশ্চ পুনস্তত্র ক্ষিপ্ত্বাস্থীনি গৃহং গতঃ।
তদ্দিনং হি সমারভ্য প্রসিদ্ধং তীর্থমুত্তমম্ ॥ ২৪
নন্দিকেশসমীপে তু কৃত্বা স্নানন্তু তৎফলম্।
প্রাপ্যতে নাত্র সন্দেহো মহতাং বচনাদিহ ॥ ২৫
ব্রাহ্মণী ঋষিকা নাম বালবৈধব্যমাগতা।
পার্থিবং পূজয়িত্বা তু তপস্তেপে সুদারুণম্ ॥ ২৬
মূঢ়ো নাম মহাদৈত্যো পাতয়ামাস তাং তদা।

ন মানিতং তয়া চৈব পশ্চাচ্ছলমদর্শয়ৎ ॥ ২৭
তদা সা ভয়সন্ত্রস্তা শিবশিবেতিভাষিণী।
শরণাগতরক্ষার্থং কর্ত্তব্যং ব্রতমাহিতম্ ॥ ২৮
আনন্দার্থে সমায়াতং নন্দীশেন মহাত্মনা।
লোকানামুপকারার্থং স্থিতশ্চ শঙ্করস্তদা ॥ ২৯
তদানীং তীর্থমায়াতং পার্থিবং শঙ্করঃ স্বয়ম্।
প্রসন্নশ্চ তয়া তত্র স্বংশেন স্থাপিতস্তদা ॥ ৩০
গঙ্গাপি চ প্রসন্না তাং প্রাহ সাধ্বি বরাধুনা।
মদর্থং দৈব বৈশাখে দিনমেকং ত্বয়া পুনঃ ॥ ৩১
সামীপ্যং করণীয়ং বৈ তথেতি চ স্বয়ং বচঃ।
তদ্দিনং হি সমারভ্য ঈদৃশং তীর্থমুত্তমম্ ॥৩২
সহর্ষে শিবকে প্রণাম করিয়া, সেই তীর্থ প্রদক্ষিণ করিলেন এবং প্রশংসা করিতে করিতে স্বস্থানে গমন করিলেন। চন্দ্রও নিজ পূর্ব্বকার্য্য করিতে লাগিলেন। ৪৫—৫২। হে মুনীশ্বরগণ! এই সোমেশ্বরের কথা কহিলাম। সোমেশ্বর লিঙ্গ এই প্রকারে উৎপন্ন। যে তাঁহার উৎপত্তি শ্রবণ করে, সে পাপমুক্ত হয়। অতঃপর মল্লিকার্জ্জুন লিঙ্গের উৎপত্তি কহিব। পূর্ব্বে যাহার প্রস্তাব হইয়াছে, অদ্য তাহা কহিব। কুমারের বিয়োগে গিরিজাকে দুঃখিতা দেখিয়া শম্ভু কহিলেন, হে প্রিয়ে! উৎকট দুঃখ ত্যাগ কর, তোমার পুত্র আসিবে। যখন গিরিজা, সে কথায় শান্ত হইলেন না, তখন দেবতা, ঋষি, গন্ধর্ব্ব, অপ্সরোগণকে কুমারসমীপে পাঠাইলেন। তাঁহারা সকলে হর্ষান্বিত হইয়া কুমারকে আনিতে গমন করিলেন। গমন করিয়া কুমারের আগমনের নিমিত্ত বিস্তর চেষ্টা করিলেন, তিনি যখন আগমন করিলেন না, তাঁহারা তখন প্রত্যাবৃত্ত হইলেন। তাহাতে গিরিজা ও শম্ভু অতি দুঃখিত হইয়া শীঘ্র কার্ত্তিকের সমীপে গমন করিলেন। পুত্র, তথা হইতে আরও তিন যোজন দূরে ক্রৌঞ্চ পর্ব্বতে গমন করিলেন। ৫৩—৬০। তাঁহারা (শিবশিবা) তখন সেখানে আসীন হইয়া জ্যোতীরূপ ধারণ করিলেন। সেই দিন হইতে মল্লিকার্জ্জুন নামে শিবের লিঙ্গ ত্রিভুবনে প্রসিদ্ধ হইল। সেস্থানে সনাতন মহাদেব জ্যোতীরূপে অবস্থান করিলেন। সেই লিঙ্গ দেখিলে সকল পাপ হইতে মুক্ত হওয়া যায়, দুঃখ দূরে যায় এবং অত্যন্ত সুখ হয়। পুনর্ব্বার তাহাকে জননীগর্ভযন্ত্রণা ভোগ করিতে হয় না। ধন, ধান্য, প্রতিষ্ঠা, আরোগ্য সকল অভীষ্ট সম্পূর্ণ হয়, এ বিষয়ে সন্দেহ নাই। এই দ্বিতীয় জ্যোতির্লিঙ্গের কথা কহিলাম। ৬১—৬৫।

পঞ্চচত্বারিংশ অধ্যায় সমাপ্ত ॥ ৪৫ ॥

ষট্চত্বারিংশোঽধ্যায়ঃ।

ঋষয় উচুঃ।

ত্বং সর্ব্বং বিজানাসি ব্রহ্ম ব্যাসপ্রসাদতঃ।
জ্যোতির্লিঙ্গ কথাং শ্রুত্বা তৃপ্তির্নৈব বিজায়তে ॥ ১
যাং ত্বয়া বিশেষেণ তদেব কথ্যতাং পুনঃ।

সূত উবাচ।

ধন্যোঽহং কৃতকৃত্যোঽহং শ্রীমতাং সঙ্গযোগতঃ ॥
ইতাং কথয়িষ্যামি কথাং পাপপ্রণাশিনীম্।
অবন্তী নগরী রম্যা মুক্তিদা সর্ব্বদেহিনাম্ ॥ ৩
শিপ্রা চৈব মহাপুণ্যা বর্ত্ততে লোকপাবনী।
আসীদ্‌ব্রাহ্মণশ্রেষ্ঠঃ সর্ব্বকর্ম্মপরায়ণঃ ॥ ৪
বেদাধ্যয়নকর্ত্তা চ দেবকর্ম্মরতঃ সদা।
আধানসমাযুক্তঃ শিবপূজারতঃ সদা ॥ ৫
পার্থিবীং প্রত্যহং মূর্ত্তিং পূজয়ামাস বৈ দ্বিজঃ।
সর্ব্বকর্ম্মফলং প্রাপ্য বেদপ্রিয়দ্বিজন্মনা ॥ ৬
গতিং সমালেভে সম্যগ্‌জ্ঞানপরায়ণঃ।
পুত্রাস্তস্য হ্যাসংশ্চত্বার ঋষিসত্তমাঃ ॥ ৭
দেবপ্রিয়শ্চ শ্রেষ্ঠো বৈ প্রিয়মেধস্ততঃ পরঃ।
তৃতীয়ঃ সুকৃতো নাম ধর্ম্মবাদী চ সুব্রতঃ ॥ ৮
তে ধর্ম্মধারকা হ্যাসন্ শিবপূজাপরায়ণাঃ।
পিতুরনবমা নিত্যং ধর্ম্মাশ্রয়াস্তথা শুভাঃ ॥ ৯
তেষাং পুণ্যপ্রতাপাচ্চ পৃথিব্যাং সুখমৈধত।
শুক্লপক্ষে যথা চন্দ্রো বর্দ্ধতে চ নিরন্তরম্ ॥ ১০
তথা তেষাং গুণাস্তত্র বর্দ্ধন্তে স্ম সুখাবহাঃ।
ব্রহ্মতেজোময়ী সা বৈ নগরী যাভবং তদা ॥ ১১
এতস্মিন্নন্তরে তত্র যজ্জাতং শ্রূয়তাং পুনঃ।
পর্ব্বতে রত্নমালে চ দূষণো বৈ মহাসুরঃ ॥ ১২
বলবান্ দৈত্যরাজশ্চ ধর্ম্মদ্বেষী নিরন্তরম্।
ব্রহ্মণো বরদানাচ্চ জগৎ তৃণীকরোতি চ ॥ ১৩
পৃথিব্যাং বেদধর্ম্মাংশ্চ স্মৃতিধর্ম্মাংশ্চ সর্ব্বশঃ।
কোটিতস্তেন দুষ্টেন সিংহেন চ পশু ইব ॥ ১৪
যাবন্তো বেদধর্ম্মাশ্চ তাবন্তো নষ্টতাং কৃতাঃ।
তীর্থে তীর্থে তথা ক্ষেত্রে অরণ্যে চৈব যে পুনঃ ॥
তে সর্ব্বে নষ্টতাং নীতাস্তেনৈকেন দুরাত্মনা।

ষট্চত্বারিংশ অধ্যায়।

ঋষিরা কহিলেন, হে সূত! তুমি ব্যাস-প্রসাদে সকল পদার্থই অবগত হইয়াছ। জ্যোতির্লিঙ্গের উপাখ্যান শুনিয়াও তৃপ্তি হইতেছে না। সেইজন্য জ্যোতির্লিঙ্গের কথা বিশেষরূপে কীর্ত্তন কর। সূত কহিলেন, আপনাদের সঙ্গলাভে আমি ধন্য হইয়াছি, কৃতার্থ হইয়াছি; এই পাপনাশিনী কথা কীর্ত্তন করিতেছি, শ্রবণ করুন। সকল দেহীর মুক্তি-দাত্রী অবন্তী নাম্নী নগরী আছে। সেই নগরী-প্রান্তে মহাপুণ্যা লোকপাবনী শিপ্রা (শিপ্রা) নদী প্রবাহিতা। সেই নগরীতে আহিতাগ্নি সর্ব্বকর্ম্মপরায়ণ বেদপ্রিয় নামক এক ব্রাহ্মণ-শ্রেষ্ঠ বাস করিতেন। তিনি বেদপাঠ ও বেদোক্ত কর্ম্ম করিতেন এবং সতত শিবপূজাপরায়ণ ছিলেন। সেই দ্বিজ প্রত্যহ পার্থিব লিঙ্গ পূজা করিতেন। সম্যক্‌জ্ঞানী সেই বিপ্র তখন সকল কর্ম্মের ফললাভ করিয়া, সদ্গতি লাভ করিলেন। হে ঋষিগণ! ইঁহার চারিটী উত্তম পুত্র ছিল। জ্যেষ্ঠের নাম দেবপ্রিয়, দ্বিতীয় প্রিয়মেধ, তৃতীয় সুকৃত, চতুর্থ ধর্ম্মবাদী সুব্রত। ইঁহারাও বেদোক্ত কর্ম্মকর্ত্তা ও শিব-পূজাপরায়ণ হইয়াছিলেন, ধর্ম্মই তাঁহাদের একমাত্র আশ্রয়; পিতা যেরূপ ছিলেন, ইঁহারাও সেইরূপ হইয়াছিলেন। ইঁহাদের পুণ্যবলে পৃথিবীতে সুখ বর্দ্ধিত হইতে লাগিল। শুক্ল-পক্ষীয় চন্দ্রের ন্যায় ইঁহাদের গুণ ক্রমশঃ বাড়িতে লাগিল। সেই অবন্তী নগরী যেন ব্রহ্মতেজোময়ী হইল। ঐ সময়ে সেখানে যাহা হইয়াছিল, শুনুন। রত্নমাল পর্ব্বতে দূষণ নামে মহাসুর ছিল। সেই বলবান্ দৈত্যরাজ নিরন্তর ধর্ম্মদ্বেষ করিত এবং ব্রহ্মার বর পাইয়া সে, জগৎকে তৃণজ্ঞান করিত। সেই অসুর, পৃথিবীতে বেদোক্ত ও স্মৃত্যুক্ত ধর্ম্ম সকলকে নষ্ট করিতে লাগিল। যেরূপ সিংহ পশুক সকল নষ্ট করে তদ্রূপ সেই দুষ্ট, যত বেদধর্ম্ম ছিল, সব নষ্ট করিয়া দিল। সকল তীর্থস্থানে অরণ্যে যে যে ধর্ম্ম ছিল, সেই এক

ন দৃষ্টঃ কাপি ধর্ম্মো বৈ বেদসম্ভব এব চ ॥ ১৬
অবন্তী নগরী রম্যা তত্রাদৃশ্যত বৈ পুনঃ।
ইতি বিচার্য্য তেনেহ যৎ কৃতং শ্রূয়তামতঃ ॥ ১৭
বহুসৈন্যসমাযুক্তো ব্রাহ্মণান্ সমুপাযযৌ।
কিমেতে ব্রাহ্মণাঃ পৃষ্টা ন কুর্ব্বন্তি বচো মম ॥ ১৮
সর্ব্বে দেবা ময়া লোকে রাজানশ্চ বশীকৃতাঃ।
বশে কিং ব্রাহ্মণাঃ শক্যা ন জেতুং দৈত্যসত্তমাঃ ॥
যদি জীবিতুমিচ্ছা স্যাং তদা ধর্ম্মং শিবস্য চ।
দেবাদ্যাশ্চৈব ধর্ম্মঞ্চ ত্যক্ত্বা সুখবিভাগিনঃ ॥ ২০
অন্যথা জীবনে বাসে সংশয়শ্চ ভবিষ্যতি।
ইতি নিশ্চিত্য তে দৈত্যাশ্চত্বারো বৈ মহাবলাঃ ॥
চতুর্দ্দিক্ষু তথা যাতাঃ প্রলয়ে চ যথা পুরঃ।
তে ব্রাহ্মণাস্তথা শ্রুত্বা বচনং রক্ষসাঞ্চ হি ॥ ২২
ন দুঃখং লেভিরে তত্র শিবধ্যানপরায়ণাঃ।
ধৈর্য্যং সমাশ্রিতাস্তে চ রেখামাত্রং ততো দ্বিজাঃ ॥
ন চেলুঃ পরমাত্মানাদ্বরাকাঃ কে শিবাগ্রতঃ।
এতস্মিন্নন্তরে দৈত্যৈ ব্যাপ্তা সা নগরী শুভা ॥
লোকাশ্চ পীড়িতাস্তেন ব্রাহ্মণান্ সমুপাযযুঃ।
স্বামিনঃ কিঞ্চ কর্ত্তব্যং দুষ্টাশ্চ সমুপাগতাঃ ॥ ২
হিংসিতা বহবো লোকা আগতাশ্চ সমীপতঃ।
তেষাঞ্চ বচনং শ্রুত্বা হ্যূচুস্তে ব্রাহ্মণাঃ পরাঃ ॥
শ্রূয়তাং বিদ্যতে নৈব বলং পরভয়াবহম্।
ন শস্ত্রাণি তথা সন্তি যৈস্তে বৈ বিমুখাঃ পুনঃ ॥
সামান্যস্যাপি মানো বৈ আশ্রয়স্য ভবেদিহ।
কিং পুনশ্চ সমর্থস্য শিবস্যৈব ভবেন্ন হি ॥ ২৮
শিবো রক্ষাং করোত্বদ্য নান্যথা শরণং শিবাৎ।
ইতি ধৈর্য্যং সমাস্থায় পূজাঞ্চ পার্থিবস্য চ ॥ ২
কৃত্বা চেতস্তথা সম্যক্ স্থিতা ধ্যানপরায়ণাঃ।
প্রাণায়ামপরাস্তে চ কুম্ভ-পূরক-রেচকৈঃ ॥ ৩০

দুরাত্মা তৎসমুদয় নষ্ট করিল। কোথায়ও আর বেদোক্ত ধর্ম্ম রহিল না। ১—১৬। সে দেখিল, এখন এই দেশে এক রম্য অবন্তী নগর আছে; এইরূপে চিন্তা করিয়া যাহা করিয়াছিল; অতঃপর তাহাই শ্রবণ করুন। সেই অসুর বহুসৈন্যপরিবৃত হইয়া ব্রাহ্মণগণের নিকটে উপস্থিত হইল এবং নিজ সৈন্যগণকে বলিল, এই হৃষ্টপুষ্ট ব্রাহ্মণগণ কি আমার কথা রাখিবে না? হে দৈত্যসত্তমগণ! আমি জগতের সকল দেবগণ ও রাজগণকে বশীভূত করিয়াছি; ব্রাহ্মণগণকে কি জয় করিতে পারিব না? যদি বাঁচিতে ইচ্ছা থাকে, তাহা হইলে, শৈবধর্ম্ম এবং যাগযজ্ঞাদি পরিত্যাগ করিয়া সুখভাগী হও; নচেৎ তোমাদিগের জীবন থাকিবে কি না ও সুখে বাস রহিবে কি না সন্দেহ। তখন চারজন মহাবল দৈত্য ব্রাহ্মণদিগকে এই কথা বলিতে নিশ্চয় করিয়া, চতুর্দ্দিকে গমন করিল। তাহাতে বোধ হইল, যেন প্রলয়কাল উপস্থিত হইয়াছে। অবন্তীবাসী ব্রাহ্মণগণ, দৈত্যগণের তাদৃশ বাক্য শ্রবণ করিয়া দুঃখিত হইলেন না; কারণ তাঁহারা শিবধ্যানে তৎপর। সেই ধৈর্য্যসম্পন্ন ঋষিগণ, পরম চিন্তা হইতে অণুমাত্রও বিচ[illegible] হইলেন না; মনে করিলেন, এ সকল দু[illegible] দৈত্যগণ শিবের নিকটে অতি সামান্য। ইত[illegible] সরে অবন্তীনগরী দৈত্যগণে পরিব্যাপ্ত হই[illegible] লোক সকল দূষণপীড়িত হইয়া ব্রাহ্মণগণে[illegible] শরণাপন্ন হইল এবং বলিতে লাগিল, হে স্বা[illegible] গণ! দুষ্ট দৈত্যগণ উপস্থিত হইয়াছে, বহ[illegible] লোকের সংহারও করিয়াছে, ক্রমে আ[illegible] আসন্নতর হইতেছে; এখন কর্ত্তব্য কি? উ[illegible] কৃষ্ট ব্রাহ্মণগণ, তাহাদিগের সেই কথা শ্র[illegible] করিয়া বলিতে লাগিলেন, শুন, শত্রুদি[illegible] ভয়াবহ পরাক্রম বা সৈন্য আমাদিগের নাই[illegible] অস্ত্রশস্ত্রও নাই যে, ইহারা পরাঙ্মুখ হইবে[illegible] তবে সাহসের মধ্যে এই যে রক্ষক-ব্যক্তি [illegible] সামান্য ব্যক্তিও হয়, তথাপি রক্ষিতদিগের পী[illegible] নিরাকরণে তাহাদিগের অভিমান হয়, সর্ব্বো[illegible] সর্ব্বসমর্থ শিবের কি তাহা হইবে না[illegible] ১৭—২৮। শিব আজ আমাদিগের র[illegible] করুন; শিব ভিন্ন আমাদিগের আর রক্ষাক[illegible] নাই। এইরূপ ধীরতা অবলম্বনপুরঃসর শিব[illegible] পূজা ও প্রণিধান করিয়া শিবধ্যান করি[illegible] লাগিলেন। তখন তাঁহারা পূরক, কুম্ভক [illegible]

দৈত্যেন তাবচ্চ হন্তুং বধ্যতামিতি।
ক্ষুভক্ত তদা নৈব ধ্যানমার্গপরায়ণৈঃ ॥ ৩১
বচ্চ পার্থিবে স্থানে গর্ত্তমাসীং সশব্দকম্।
হাকালঃ সমুৎপন্নো দৃষ্ট্বা তাং তাদৃশীং গতিম্ ॥৩২
যাহ্য ব্রাহ্মণানাং হি সমীপং দূরতো ব্রজ।
ত্যুক্ত্বা হুঙ্কতেনৈব ভস্মসাং কৃতবাংস্তদা ॥ ৩৩
সং সৈন্যং হতস্তেন কিঞ্চিং সৈন্যং পলায়িতম্।
ষণশ্চ হতং তেন শিবেন পরমাত্মনা ॥ ৩৪
র্য্যং দৃষ্ট্বা যথা যাতি তমশ্চ সংক্ষয়ং পুনঃ।
থৈব চ শিবং দৃষ্ট্বা সৈন্যং নাশমুপাগমং ॥ ৩৫
বদুন্দুভয়ো নেদুঃ পুষ্পবৃষ্টিঃ পপাত হ
াহ্মণাংশ্চ সমাশ্বাস্য প্রসন্নো হি শিবঃ স্বয়ম্ ॥ ৩৬
ভ্যপি দেবং শিবং প্রোচুর্মুক্তিং দেব প্রযচ্ছ নঃ।
াত্রৈব লোকরক্ষার্থং স্থাতব্যং হি শিব ত্বয়া ॥ ৩৭
ভ্যুক্তস্তু শিবস্তত্র তস্থৌ গর্ত্তে সুশোভনে

তত্রোনাস্থৈব রক্ষার্থং দত্ত্বা মুক্তিং দ্বিজাং দা ॥ ৩
দ্বিজাস্তে মুক্তিমাপন্নাশ্চতুর্দিক্ষু শিবাদনু।
ক্রোশমাত্রং তদা জাতা লিঙ্গরূপিণ এব চ ॥ ৩৯
মহাকালেশ্বরো নাম খ্যাতশ্চ ভুবনত্রয়ে।
তং দৃষ্ট্বা দুঃখকং স্বপ্নে নায়াতি ঋষিসত্তমাঃ ॥ ৪০
যং যং কামমপেক্ষ্যৈব সেবতে তং ফলং লভেৎ।
এতং সর্ব্বং সমাখ্যাতং শৃণুতাং পরমং বচঃ ॥ ৪১
ওঙ্কারশ্চ যথা হ্যাসীং তথা চ শৃণুতাং পুনঃ।
কস্মিংশ্চ সময়ে চারু নারদো ভগবাংস্তদা ॥ ৪২
গোকর্ণাখ্যং শিবং গত্বা আগতো বিন্ধ্যকে যম্।
তত্রৈব পূজিতস্তেন বহুমানপুরঃসরম্ ॥ ৪৩
মম সর্ব্বঞ্চ বিদ্যেত ন ন্যূনং হি কদাচন।
ইতি মানং তদা শ্রুত্বা নারদো মানদো তদা ॥ ৪৪
নিশ্বস্য সংস্থিতস্তত্র শ্রুত্বা বিন্ধ্যোহব্রবীদিদম্।
কিং ন্যূনঞ্চ ত্বয়া দৃষ্টং মম নিশ্বাসকারণম্ ॥ ৪৫
তচ্ছ্রুত্বা নারদো বাক্যমুবাচ শৃণুতাং পুনঃ।

চকরূপ প্রাণায়ামে রত হইলেন। দূষণ-
ত্য তাঁহাদিগকে দেখিয়া "ইহাদিগকে বধ
র, বন্ধন কর" এইরূপ বলিল; কিন্তু তাঁহারা
ধ্যানে আসক্তচিত্ত হওয়াতে তাহা শুনিতে
াইলেন না। এমন সময়ে পার্থিব-শিবলিঙ্গ-
পূজনস্থানে শব্দযুক্ত এক গর্ত্ত হইল; দীনজনের
ুরবস্থা দর্শনে মহাকাল, তথা হইতে প্রাদুর্ভূত
হইলেন। "ব্রাহ্মণগণের নিকটে আসিস না,
ূরে গমন কর" এই কথা বলিয়া দেবদেব
হুঙ্কার মাত্রে দূষণাসুরকে ভস্মসাৎ করিলেন।
কিঞ্চিং সৈন্যকে তিনি স্বয়ং নষ্ট করিলেন,
কিঞ্চিং সৈন্য পলাইয়া গেল, আর দূষণকে ও
সেই পরমাত্মা শিব সংহার করেন। যেমন
অন্ধকার সূর্য্যদর্শনে বিনষ্ট হয়, তদ্রূপ অসুর
সৈন্য শিবদর্শনে নষ্ট হইয়া গেল। স্বর্গে
দুন্দুভিধ্বনি হইতে লাগিল, পুষ্পবৃষ্টি হইল।
তখন শিব, প্রসন্নভাবে ব্রাহ্মণগণকে আশ্বাস
প্রদান করিলেন। তাঁহারা দেবদেব শিবকে
বলিলেন, দেব! আমাদিগকে মুক্তি প্রদান
করুন এবং হে শিব! লোকরক্ষার জন্য আপ-
নাকে এখানে থাকিতে হইবে। ব্রাহ্মণগণ
এই কথা বলিলে, শিব, দ্বিজগণকে মুক্তি প্রদান
করিয়া তত্রস্থদিগের জন্য সেই সুশোভন গর্ত্তে
অবস্থিতি করিতে লাগিলেন। সেই দ্বিজগণ,
মুক্তিলাভ করিয়া শিবসমীপে ক্রোশমধ্যে লিঙ্গ-
স্বরূপী হইয়া রহিলেন। সেই গর্ত্তস্থিত শিব,
ত্রিভুবনে মহাকালেশ্বর নামে বিখ্যাত। হে
ঋষিবরগণ! ইঁহাকে অবলোকন করিলে
স্বপ্নেও আর দুঃখলাভ হয় না। যে, যে কামনা
করিয়া সেই মহাকালেশ্বরের সেবা করিবে, সে
সেই ফল প্রাপ্ত হয়; এই সমস্ত বিষয় বলিলাম,
এক্ষণে পরম কথা শ্রবণ করুন। পূর্ব্বে ওঙ্কার-
যন্ত্র যেরূপ ছিল, তাহা শ্রবণ করুন। কোন
সময়ে স্বয়ং ভগবান্ নারদ, গোকর্ণ শিবের
নিকট গমন করিয়া বিন্ধ্য পর্ব্বতে প্রত্যাগমন করেন।
তথায় তিনি বহুমানপুরঃসর বিন্ধ্যকর্ত্তৃক পূজিত
হইলেন। তখন বিন্ধ্য বলিলেন, আমাতে সকল
বস্তু সর্ব্বদা সম্পূর্ণভাবে বিদ্যমান আছে।
দর্পহারী নারদ, এইরূপ অহঙ্কার সহকারে বাক্য
শ্রবণ করিয়া দীর্ঘশ্বাস পরিত্যাগপূর্ব্বক অবস্থিতি
করিলেন। তাঁহার দীর্ঘনিশ্বাসত্যাগ শ্রবণে বিন্ধ্য
বলিলেন, আপনি আমাতে কিসের ন্যূনতা দেখি-
লেন যে, নিশ্বাস পরিত্যাগ করিলেন? তচ্-

ত্বয়ি তু বিদ্যতে সর্ব্বং মেরুরুচ্চতরঃ পুনঃ॥ ৪৬
দেবেষ্বপি বিভাগোঽস্ত ন তবাস্তি কদাচন।
ইত্যুক্ত্বা নারদস্তত্র জগাম চ যথাগতম্॥ ৪৭
বিন্ধ্যশ্চ পরিতপ্তো বৈ ধিগেব জীবিতাদিকম্।
বিশ্বেশ্বরং তথা শম্ভুমারাধ্য চ জয়াম্যমুম্॥ ৪৮
ইতি নিশ্চিত্য তত্রৈব ওঙ্কারযন্ত্রকে স্বয়ম্।
কৃত্বা চৈব পুনস্তত্র পার্থিবীং শিবমূর্ত্তিকাম্॥ ৪৯
আরাধ্য চ তদা শম্ভুং ষণ্মাসঞ্চ নিরন্তরম্।
ন চচাল তদা স্থানাচ্ছিবধ্যানপরায়ণঃ॥ ৫০
তস্মৈ চ দর্শয়ামাস দুর্লভং যোগিনামপি।
রূপং যথোক্তং বেদেষু ভক্তানামীপ্সিতঞ্চ যৎ॥ ৫১
প্রসন্নশ্চ তদা শম্ভুর্ব্রূহি ত্বঞ্চ মমেপ্সিতম্।

বিন্ধ্য উবাচ।

যদি প্রসন্নো দেবেশ বুদ্ধিং দেহি যথেপ্সিতম্॥ ৫২
কিং করোমি যদৈতেন প্রিয়তে দীয়তে ময়া।
ন যুক্তং পরদুঃখায় বরদানং ময়া শুভম্॥ ৫৩
তথাপি দত্তবাংস্তত্র যথেচ্ছসি তথা কুরু।
এবঞ্চ সময়ে দেবা ঋষয়শ্চ তথামলাঃ॥ ৫৪
সম্পূজ্য শঙ্করং তত্র স্থাতব্যমিতি চাব্রুবন্।
তথৈব কৃতবান্ দেবো লোকানাং সুখহেতবে॥
ওঙ্কারে চৈব যন্ত্রে বৈ লিঙ্গমেকং তথা পুনঃ।
পার্থিবে চ তদা লোকে লিঙ্গমেকং তথা পুনঃ।
এবং স্বয়ং সমুৎপন্নং লিঙ্গমেকং দ্বিধাকৃতম্।
প্রণবে চোঙ্কারশ্চ নামাসীৎ স সদাশিবঃ॥ ৫৭
পার্থিবে চৈব যজ্জাতং তদাসীদমরেশ্বরঃ।
সম্পূজ্য চ তদা দেবাঃ সন্তুষ্য বৃষভধ্বজম্॥ ৫৮
বরান্ দত্ত্বা হ্যনেকাংশ্চ ঋষয়ো দেবতাস্তদা।
য এনং পূজয়েদ্দেবং ন গর্ভে বসতে নরঃ॥ ৫
যদভীষ্টং ফলং তচ্চ প্রাপ্নুয়ান্নাত্র সংশয়ঃ।
ইত্যুক্ত্বা চ তদা দেবা হ্যন্তর্দ্ধানং গতা হি তে
এতৎ তে হি সমাখ্যাতমোঙ্কারসম্ভবং ফলম্।
অতঃ পরং প্রবক্ষ্যামি কেদারং পাপনাশনম্।

ইতি শ্রীশৈবে মহাপুরাণে জ্যোতির্লিঙ্গোৎপ
বর্ণনং নাম ষট্চত্বারিংশোঽধ্যায়ঃ॥ ৪৬

শ্রবণে নারদ বলিলেন, শুন; তোমাতে সকল বস্তু আছে বটে, তথাপি সুমেরুই সর্ব্বপ্রধান; কেনন', সুমেরু দেবগণের মধ্যে গণ্য, আর তুমি কদাচ তাহা নহ। তথায় নারদ এই কথা বলিয়া যথাস্থানে গমন করিলেন। ২৯—৪৭। বিন্ধ্য, অনুতপ্ত হইয়া আপনার জীবনাদির প্রতি ধিক্কার প্রদানপূর্ব্বক বিশ্বেশ্বর শম্ভুকে আরাধনা করিয়া "এই সুমেরুকে জয় করিব" এরূপ নিশ্চয় করিলেন। অনন্তর তিনি তথাতেই ওঙ্কারযন্ত্রে পার্থিব শিবমূর্ত্তি নির্ম্মাণপূর্ব্বক, ছয়মাস নিরন্তর শিবারাধনা করিলেন। কেবল শিবধ্যানপরায়ণ হইয়া রহিলেন, আসন হইতে বিচলিত হন নাই। অনন্তর শম্ভু প্রসন্ন হইয়া যোগিগণের দুর্লভ ভক্তগণের অভিলষিত বেদবর্ণিত রূপ তাঁহাকে দেখাইয়া বলিলেন, আমার নিকট তোমার অভিলষিত বিষয় ব্যক্ত কর। বিন্ধ্য বলিলেন, হে দেবেশ! যদি আমার প্রতি প্রসন্ন হইয়া থাকেন, তাহা হইলে আমার অভিলাষানুরূপ বুদ্ধিশক্তি প্রদান করুন। তখন শিব ভাবিলেন, কি করি? যখন এ ব্যক্তি এই বর আমার নিকট প্রার্থনা করিতেছে, অতএব প্রদান করিতে হইয়াছে। কিন্তু এই অশুভ বরদান পরের দুঃখার্থ সুতরাং অনুচিত কার্য্য হইতেছে। এ হইলেও শিব সেই বর তাহাকে প্রদান ক বলিলেন, যেরূপ ইচ্ছা, তাহাই হইবে। এ সময়ে দেবগণ এবং পবিত্র ঋষিগণ, শঙ্কর পূজা করিয়া বলিলেন, এই স্থানে আপনা থাকিতে হইবে। লোকসুখের জন্য দেবে তাহাই করিলেন। ওঙ্কারযন্ত্রে এক লিঙ্গ এ পার্থিব মূর্ত্তিতে এক লিঙ্গ এই প্রকারে লিঙ্গই দুইরূপে উদ্ভূত হইলেন। ওঙ্কারযন্ত্রাবি সদাশিবের নাম ওঙ্কার। আর পার্থিব মূর্ত্তি আবির্ভূত লিঙ্গের নাম অমরেশ্বর। তখন দে গণ ও ঋষিগণ, সেই শিবের পূজা করিয়া সন্ সাধনপূর্ব্বক এই সমস্ত বরপ্রদান করিলেন। যে মানব, ইঁহার পূজা করিবে, তাহার গ বাস হইবে না এবং যাহা অভীষ্ট ফল, ত লাভ করা যাইবে, এই কথা বলিয়া সেই স দেবগণ, অন্তর্হিত হইলেন। এই

সপ্তচত্বারিংশোঽধ্যায়ঃ।

সূত উবাচ।

ব্রহ্মণঃ সম্ভূতো মনুঃ স্বায়ম্ভুবঃ পুরা।
তস্য মহাতেজা নাম্না প্রিয়ব্রতস্তদা॥ ১
সন্ পুত্রকাঃ সপ্ত পুত্রার্থে চ স্বয়ং তদা।
ভ্রাময়ামাস মেরোরনু পুনঃ পুনঃ॥ ২
ক্রমণং কৃত্বা সপ্ত দ্বীপানকল্পয়ৎ।
সংখ্যাস্তদা জাতাঃ সমুদ্রাঃ সপ্ত এব চ॥ ৩
নামপি পুত্রাণাং দ্বীপমেকমদাৎ পুনঃ।
তাবক তদা দত্তং রাজ্ঞা তেন মহাত্মনা॥ ৪
র্ষিমুনীনাঞ্চ বিস্তার্য্য বংশমুত্তমম্।
ব্রশৈব তৎপুত্রো জ্যেষ্ঠঃ প্রিয়ব্রতস্য চ॥ ৫
পি তদা তেন কৃতং রাজ্যং যথাসুখম্।
ত্রস্য তদা নাভির্নাম লোকসুখাবহঃ॥ ৬
চাপি তথা রাজ্যং পিতৃবৎ পরিপালিতম্।
তস্য পুত্রাস্তথা জাতা ঋষভাদ্যা মুনীশ্বরাঃ॥ ৭
তস্য পুত্রশতং হ্যাসীদৃষভস্য মহাত্মনঃ।
সর্ব্বেষাঞ্চৈব পুত্রাণাং জ্যেষ্ঠো ভরত এব চ॥ ৮
নব যোগীশ্বরাঃ প্রাপ্তা বীতরাগাস্তথাভবন্।
জনকস্য চ বিজ্ঞানং তৈর্দত্তং সুমহাত্মভিঃ॥ ৯
একাশীতিস্তদা জাতাঃ কর্ম্মমার্গপরায়ণাঃ।
কর্ম্মিয়াণাং যথা কর্ম্ম কৃত্বা মোক্ষপরায়ণাঃ॥ ১০
ঋষভঃ সোঽর্দ্ধবিভিতানাং হিতায় ঋষিসত্তমাঃ।
খণ্ডানি কল্পয়ামাস নব নব হিতায় চ॥ ১১
তত্রাপি ভরতং জ্যেষ্ঠং খণ্ডেঽস্মিন্ স্পৃহণীয়কে।
তন্নাম্না চৈব বিখ্যাতং খণ্ডঞ্চ ভারতং তদা॥ ১২
সর্ব্বেষ্বপি চ খণ্ডেষু শ্রেষ্ঠং ভারতমুচ্যতে।
অমরা অত্র ইচ্ছন্তি সর্ব্বকর্ম্মসুখাবহম্॥ ১৩
সর্ব্বেষ্বপি চ খণ্ডেষু স্তবতারাঃ প্রকীর্ত্তিতাঃ।
বিষ্ণুনা লোকরক্ষার্থং খণ্ডে খণ্ডে মুনীশ্বরাঃ॥ ১৪
তত্রাপি ভারতে খণ্ডে বর্ণাশ্রমসংজ্ঞকে।
নূনরূপধররূপেণ তিষ্ঠতি পরমেশ্বরঃ॥ ১৫

ম্যদের নিকট ফলজনক ওঙ্কারলিঙ্গবিভাগ-
য় বর্ণন করিলাম। অতঃপর পাপনাশক
ারবিবরণ বলিব। ৩৮—৬১।

ষট্চত্বারিংশ অধ্যায় সমাপ্ত॥ ৪৬॥

সপ্তচত্বারিংশ অধ্যায়।

সূত বলিলেন।—পূর্ব্বকালে ব্রহ্মা হইতে
ভুব মনু উৎপন্ন হন। প্রিয়ব্রত নামে
র অতি তেজস্বী এক পুত্র ছিলেন। তাঁহার
পুত্র; তিনি স্বয়ং তাহাদিগের বাসস্থান
সুমেরু পর্ব্বতের চতুর্দ্দিকে পুনঃপুনঃ রথ
ণ করাইয়া ঐ পর্ব্বত সাতবার প্রদক্ষিণ
রয়া সপ্তদ্বীপ সৃষ্টি করিলেন। তৎকালে
চক্রঘর্ষণ বশতঃ যে গর্ত্ত হইয়াছিল, তাহাই
সমুদ্ররূপে পরিণত হয়। সেই মহাত্মা,
রূপে সসাগর সপ্তদ্বীপ সৃষ্টি করিয়া প্রত্যেক
কে এক একটী দ্বীপের আধিপত্যে স্থাপন-
ক উত্তম বংশ বিস্তার করিয়া সুরলোকগত
। তাঁহার জ্যেষ্ঠ পুত্র আগ্নীধ্র জম্বুদ্বীপে
র রাজত্ব করেন। তৎপরে লোকসুখাবহ
তৎপুত্র নাভি পিতার ন্যায় রাজ্যপরিপালন
করেন। হে মুনীন্দ্রগণ! ঋষভ প্রভৃতি
তাঁহার পুত্ররূপে জন্মগ্রহণ করে। মহাত্মা ঋষভের
একশত পুত্র ছিল; তন্মধ্যে ভরতই সর্ব্বজ্যেষ্ঠ।
তাঁহার নয়জন পুত্র বৈরাগ্য বশতঃ মহাযোগী
হইয়াছিলেন। রাজা জনক এই মহাত্মাদিগের
নিকটই জ্ঞানোপদেশ প্রাপ্ত হন। অপর একা-
শীতি পুত্র কর্ম্মযোগোচিত প্রজাপালনাদি কর্ম্ম অনু-
ষ্ঠান করিয়া মোক্ষমার্গের পথিক হন। ১—১০।
হে ঋষিশ্রেষ্ঠগণ! মহাত্মা ঋষভ অবশিষ্ট নব
পুত্রের হিতার্থে জম্বুদ্বীপকে নয় খণ্ড বিভক্ত
করিয়া জ্যেষ্ঠ পুত্র ভরতকে সর্ব্বাধিপত্যে যেব-
স্থাপিত এই খণ্ডে স্থাপন করেন। অতএব
তাঁহার নামে এই খণ্ডের নাম ভারত হইল
হইল। এই ভারত, সকল খণ্ডের মধ্যে
শ্রেষ্ঠ; এমন কি, দেবগণও সকল সুখপ্রদ
এই ভারতে জন্মগ্রহণে ইচ্ছা করেন। মুনীশ্ব-
রগণ! ভগবান্ বিষ্ণু লোকরক্ষার্থ উক্ত সমুদয়ের
যে যে খণ্ডে যে যে রূপে অবতীর্ণ হইয়াছেন,
তাহা কীর্ত্তিত আছে। তন্মধ্যে এই ভারত

তপস্তপ্যাতি নিত্যং বৈ লোকানাং হিতকাম্যয়া।
তত্র কেদারসংজ্ঞং বৈ শৃঙ্গং হিমসমুদ্ভবম্ ॥ ১৬
নরো নারায়ণশ্চৈব যত্রাস্তে চ নিরন্তরম্।
তাভ্যাং সম্প্রার্থিতো দেবঃ পার্থিবে পূজনায় বৈ ॥
আয়াতি চ ঋষিশ্রেষ্ঠাঃ ভক্ত্যাধীনতয়া শিবঃ।
কস্মিংশ্চিৎ সময়ে তত্র প্রসন্নঃ পরমেশ্বরঃ ॥ ১৮
সম্যক্ কৃতং ভবদ্ভ্যাস্তু পূজাভ্যাং পূজিতো হ্যহম্।
কিং কার্য্যং বিদ্যতে লোকে ভবতোস্তপসঃ ফলম্ ॥
অবাপ্তকামৌ শ্রেষ্ঠৌ চ কিং কার্য্যং ভবতোঃ পুনঃ
তথাপি পূজিতশ্চাহং প্রসন্নো ব্রিয়তামিতি ॥ ২০
ইত্যুক্তে চ তদা তেন নরো নারায়ণঃ স্বয়ম্।
উবাচ বচনং তত্র লোকানাং হিতকাম্যয়া ॥ ২১
যদি প্রসন্নো দেবেশ যদি দেয়ো বরস্ত্বয়া।
স্বীয়তাং স্বেন রূপেণ পূজার্থং শঙ্কর স্বয়ম্ ॥ ২২
ইত্যুক্তস্তু তদা তাভ্যাং কেদারে হিমসংজ্ঞকে।
স্বয়ঞ্চ শঙ্করস্তস্থৌ জ্যোতীরূপী মহেশ্বরঃ ॥ ২৩
তাভ্যাঞ্চ পূজিতশ্চৈব সর্ব্বদুঃখভয়াপহঃ।
লোকানামুপকারার্থং ভক্তানাং দর্শনায় বৈ ॥
স্বয়ং স্থিতস্তদা শম্ভুঃ কেদারেশ্বরসংজ্ঞকঃ।
দেবাশ্চ পূজয়ন্তীহ ঋষয়শ্চ সনাতনাঃ ॥ ২৫
তবস্তু পূজনান্নিত্যং বদর্য্যাশ্রমবাসিনঃ।
পবিত্রিতাঃ সদা যো বৈ নাম্না শিব উদাহৃতঃ
তদ্দিনং হি সমারভ্য কেদারেশ্বর এব চ।
পূজিতো যেন ভক্ত্যা বৈ দুঃখং স্বপ্নেঽপি দু
তত্রত্যং বলয়ং যো বৈ দধাতি হরিবল্লভঃ।
হরিরূপাঙ্কিতং তচ্চ হররূপসমন্বিতঃ ॥ ২৮
তস্যৈব রূপং দৃষ্ট্বা চ সর্ব্বপাপৈঃ প্রমুচ্যতে
জীবন্মুক্তো ভবেৎ সো বৈ যো গতো বদরী
দৃষ্ট্বা রূপং নরস্যৈব তথা নারায়ণস্য চ।
কেদারেশ্বরনাম্নশ্চ মুক্তিভাজী ন সংশয়ঃ ॥ ৩
এতশ্চ সমাখ্যাতং যৎ পৃষ্টমৃষিসত্তমাঃ।
ক্রুদ্ধ্য পাপং হরেৎ সর্ব্বং নাত্র কার্য্যা বিচা
অতঃ পরং প্রবক্ষ্যামি মাহাত্ম্যং ভীমশঙ্করে

ইতি শ্রীশৈবে মহাপুরাণে জ্ঞানসংহিতা
জ্যোতির্লিঙ্গমহিমবর্ণনং নাম সপ্ত-
চত্বারিংশোঽধ্যায়ঃ ॥ ৪৭ ॥

খণ্ডে বদরিকাশ্রমে ভগবান্ বিষ্ণু নরনারায়ণরূপে অবস্থান করিয়া লোকহিতের জন্য নিয়ত তপস্যা করিতেছেন। উক্ত বদরিকাশ্রমে কেদার নামক হিমালয়ের একশৃঙ্গ আছে। ভক্তবৎসল শিব তাঁহাদিগের প্রার্থনায় পূজাসময়ে পার্থিব লিঙ্গে আবির্ভূত হইয়া তথায় আগমন করেন। একদা ভগবান্ শিব, তাঁহাদিগের পূজায় প্রসন্ন হইয়া বলিলেন ;—"জগতে আপনাদিগের তপস্যার কোন প্রয়োজন দেখিতেছি না, আপনি পূর্ণকাম, শ্রেষ্ঠ ও পূজ্য, তথাপি যখন আমার পূজা করিতেছেন, তখন আমি প্রসন্ন হইয়াছি; বর গ্রহণ করুন।" ১১—২০। ভগবান্ এই কথা বলিলে পর তখন স্বয়ং নরনারায়ণ বলিলেন—হে দেব-দেব শঙ্কর! যদি প্রসন্ন হইয়া বরদানে আপনার ইচ্ছা হইয়া থাকে, তাহা হইলে পূজার জন্য স্বীয় জ্যোতির্ম্মূর্ত্তিতে এই স্থানে স্বয়ং অবস্থান করুন। তাঁহারা এই বর প্রার্থনা করিলে সেই কেদার নামক হিমালয় শৃঙ্গে ভগবান্ শঙ্কর স্বয়ং জ্যোতির্ম্মূর্ত্তিতে অবস্থান করিলেন। তিনি ত্রিতাপহারী, সুতরাং নরনারায়ণ ঋষি তাঁহার পূজা করিতে লাগিলেন। এইরূপে ভগবান্ লোকের উপকারার্থ ও ভক্তগণকে আ দিবার ইচ্ছায় কেদারেশ্বর নামে স্বয়ং আবির্ভূত হইয়া রহিলেন। দেবগণ ও ঋষিগণ, বদরিকাশ্রমে আসিয়া তাঁহাকে করিতে লাগিলেন। বদরিকাশ্রমবাসী ব নিত্য তাঁহাকে পূজা করায় আপনাদিগকে বোধ করিলেন। শিবনামের এমনই মহি সেই দিন হইতে যে ব্যক্তি কেদারেশ্বরকে সহকারে পূজা করে, স্বপ্নেও সে দুঃখনা না। যে বৈষ্ণব হরিরূপাঙ্কিত তথাকার হস্তে ধারণ করে, সে হরমূর্ত্তি হয়। যে বদরিকাশ্রমে গিয়া ভগবান্ কেদারেশ্বরে দর্শন করে, সে সকল পাপ হইতে মুক্ত জীবন্মুক্ত হয়। তথায় নরনারায়ণ ও কেদারে মূর্ত্তি দেখিয়া মনুষ্য মুক্তিভাজন হয়, এ সন্দেহ নাই। হে ঋষিশ্রেষ্ঠগণ!

ইতি শ্রুত্বা বচস্তস্যা ভীমো ভীমপরাক্রমঃ ॥ ১৫
ক্রুদ্ধঃ সঞ্চিন্তয়ামাস কিং করোমি হরিং প্রতি।
পিতা মে চ হতস্তেন মাতামহস্তথা পুনঃ ॥ ১৬
বিরাধশ্চ হতো হত্র দুঃখং বহুতরং কৃতম্।
তৎপুত্রোঽহং ভবেয়ং চেদ্ধরিকা পীড়য়াম্যহম্ ॥ ১৭
ইতি কৃত্বা মতিং তত্র তপস্তেপে সুদারুণম্।
ব্রহ্মাণঞ্চ সমুদ্দিশ্য বর্ষসাহস্রকং তদা ॥ ১৮
ঊর্দ্ধবাহুশ্চৈকপাদঃ সূর্য্যে দৃষ্টিং দধৎ পুরঃ।
মনসা ধ্যানমাশ্রিত্য তপশ্চক্রে মহৎ তদা ॥ ১৯
শিরসস্তস্য সঞ্জাতং তেজঃ পরমদারুণম্
তেন দগ্ধাস্তদা দেবা ব্রহ্মাণং শরণং গতাঃ ॥ ২০
হে ব্রহ্মন্ রক্ষসস্তেজো লোকান্ পীড়িতুমুদ্যতম্।
যং প্রার্থ্যং তেন দুষ্টেন তং ত্বং দেহি পিতামহ ॥ ২১
নো চেদদ্য বয়ং দগ্ধাস্তেনৈব সুমহাত্মনা।
যাস্যামঃ সংক্ষয়ং সর্ব্বে তস্মাদ্দেহি পিতামহ ॥ ২২
ইতি তেষাং বচঃ শ্রুত্বা ব্রহ্মা লোকপিতামহঃ।
জগাম বরদানার্থং রাক্ষসায় দুরাত্মনে ॥ ২৩

তদগ্রে চ তদা যাতো হংসবাহনসংযুতঃ।
প্রসন্নোঽস্মি বরং ব্রূহি যৎ তে মনসি বর্ত্ততে ॥
ইতি শ্রুত্বা বচস্তস্য বচনং পুনরব্রবীৎ।

রাক্ষস উবাচ।

যদি প্রসন্নো দেবেশ যদি দেয়ো বরস্তদা ॥ ২৫
অতুলঞ্চ বলং মেঽদ্য দেহি ত্বং কমলাসন।
ইত্যুক্ত্বা তু নমশ্চক্রে ব্রহ্মণে পরমাত্মনে ॥ ২৬
ব্রহ্মা চাপি তদা তস্মৈ বরং দত্ত্বা গৃহং যযৌ।
রাক্ষসো বলবাংস্তত্র মাতরং প্রণিপত্য চ ॥ ২৭
পশ্য মাতঃ করোম্যদ্য দেবানাং প্রলয়ং হ্যহম্।
ইত্যুক্ত্বা প্রথমং তত্র কামরূপেশ্বরং শুভম্ ॥ ২৮
ববন্ধ তাড়য়ামাস ভীমো ভীমপরাক্রমঃ।
গৃহীতঞ্চ ধনং সর্ব্বং হস্ত্যশ্বরথসঙ্কুলম্ ॥ ২৯
ছত্রঞ্চ চামরঞ্চৈব সর্ব্বোপস্করণানি চ।
তেনৈব গৃহীতং রাজ্যং তদীয়ঞ্চ মুনীশ্বরাঃ ॥ ৩
রাজা চাপি শুচিঃ শ্রেষ্ঠঃ প্রিয়ধর্ম্মো হরিপ্রিয়ঃ
গৃহীতো নিগড়ে তেন দুষ্টেন সুরশত্রুণা ॥ ৩১

তেছি। ভীমপরাক্রম ভীম, মাতার এই বাক্য শুনিয়া কুপিত হইয়া চিন্তা করিল,—কিরূপে হরির অনিষ্ট করিতে পারিব। আমার পিতা, মাতামহ ও বিরাধ রাক্ষস ইহা কর্ত্তৃক নিহত হইয়াছেন, ইহাতে যৎপরনাস্তি দুঃখ দেওয়া হইয়াছে। আমি যদি বিরাধ বা কুম্ভকর্ণের পুত্র হই, তবে অবশ্যই হরির অনিষ্ট আচরণ করিব। এইরূপ নিশ্চয় করিয়া সে ব্রহ্মার উদ্দেশে তথায় সহস্র বৎসর ঘোর তপস্যা করিল। যখন সে ঊর্দ্ধবাহু একপাদে সূর্য্যের দিকে দৃষ্টিপাত করিয়া ব্রহ্মার ধ্যান করত ঘোর তপস্যা করিতে লাগিল; তখন তাহার মস্তক হইতে অতি ভীষণ তেজ বহির্গত হইয়া দেবগণকে দগ্ধ করিতে লাগিল। তখন দেবগণ ব্রহ্মার শরণাপন্ন হইয়া বলিলেন,—"হে পিতামহ! হে ব্রহ্মন্! তপস্যাকারী ভীম নামক রাক্ষসের তেজ লোকপীড়নে উদ্যত হইয়াছে, এক্ষণে সে দুরাত্মা যাহা প্রার্থনা করে, তাহাই তাহাকে দিউন। নতুবা আমরা সকলেই তাহার তেজে দগ্ধ হইয়া বিনষ্ট হইব।" লোক পিতামহ ব্রহ্মা—তাঁহাদিগের এই বাক্য শুনিয়া সেই দুরাত্মা রাক্ষসকে বরদানার্থ গমন করিলে তখন ব্রহ্মা হংসোপরি আরোহণ করিয়া তা সম্মুখে উপস্থিত হইয়া বলিলেন,—"হে ভ আমি তোমার প্রতি প্রসন্ন হইয়াছি, তুমি কি ব চাও, বল" ১১—২৪। রাক্ষস ব্রহ্মার এই বা শুনিয়া বলিল,—"হে দেব কমলাসন! য আমার প্রতি প্রসন্ন হইয়া বরদানে উদ্যত হইয়া ছেন, তবে আমাকে অতুল বল দান করুন।" সে এই কথা বলিয়া ব্রহ্মাকে নমস্কার করিল ভগবান্ ব্রহ্মাও তাহাকে বরদান করিয়া গৃহে প্রস্থান করিলেন। তখন রাক্ষস ভীম, ব্রহ্মার বরে অমিতবলশালী হইয়া মাতাকে প্রণিপাত-পূর্ব্বক বলিল,—"মাতঃ! দেখুন, অদ্য আ দেবগণের উচ্ছেদ সাধন করি।" এই কথ বলিয়া প্রবল পরাক্রান্ত ভীম প্রথমে তথাকার কামরূপ দেশের রাজাকে বন্ধন ও তাড়নপূর্ব্বক তাঁহার হস্তী, অশ্ব, রথ, ছত্র, চামর ও শিবিকাদি যান হরণ করিয়া তদীয় রাজ্য গ্রহণ করিল। হে মুনীন্দ্র! তখন ধার্ম্মিকবর পরম-বৈষ্ণব বিশুদ্ধ রাজা, সেই দুরাত্মা রাক্ষসকর্তৃক

ইত্যুক্তবন্তে তদা দেবা আনন্দং পরমং গতাঃ।
স্বং স্বমাশ্রমকং সর্ব্বে যযুস্তে চ মহর্ষয়ঃ ॥ ৪৯
শিবোঽপি স্বগণৈঃ সার্দ্ধং জগাম হিতকাম্যয়া।
এতস্মিন্নন্তরে তত্র কামরূপেশ্বরেণ চ ॥ ৫০
অত্যন্তং ধ্যানমারব্ধং পার্থিবস্য পুরস্তদা।
কৈশ্চিচ্চ তত্র গত্বা চ রাক্ষসায় নিবেদিতম্ ॥ ৫১
রাজা কিঞ্চিৎ করোত্যেবং ত্বদর্থে রাক্ষসোত্তম।
অভিচারং করোতি বৈ যথেচ্ছসি তথা কুরু ॥ ৫২
রাক্ষসোঽপি চ তচ্ছ্রুত্বা কুপিতো হননেচ্ছয়া।
গৃহীত্বা করবালঞ্চ হ্যাজগাম নৃপং প্রতি ॥ ৫৩
তং দৃষ্ট্বা রাক্ষসো হ্যত্র পার্থিবাদিস্থিতঞ্চ যৎ।
তদত্যন্তবিরূপঞ্চ দৃষ্ট্বা কিঞ্চিৎ করোত্যসৌ ॥ ৫৪
কুপিতো রাক্ষসস্তত্র হন্যাং সোপস্করং বিভুম্।
বিচার্য্যোবাচ তং তত্র ক্রিয়তে কিং ত্বয়াধুনা ॥ ৫৫
সত্যং বদ ন হন্যাং ত্বামন্যথা হন্মি নিশ্চিতম্।
ইতি শ্রুত্বা বচো হ্যস্য সত্যপাশেন যন্ত্রিতঃ ॥ ৫৬

উবাচ বচনং সত্যং ভবিষ্যন্ত ভবেদিহ।
কৃপালুঃ শঙ্করশ্চাত্র বর্ত্ততে পার্থিবে ধ্রুবম্ ॥
মদর্থে ন করোতীহ হ্যহং কিম্বান্ বরাককঃ।
স্বরূপানুপ্রতিজ্ঞাঞ্চ সত্যঞ্চৈব করিষ্যতি ॥ ৫
মদ্ভক্তঞ্চ যদা কশ্চিৎ পীড়য়ত্যতিদারুণম্।
তদাহং তস্য রক্ষার্থং দুষ্টং হন্মি ন সংশয়ঃ ॥
এবং ধৈর্য্যং সমালম্ব্য ধ্যাত্বা দেবঞ্চ শঙ্করম্।
ত্বদীয়োঽস্মি মহারাজ যথেচ্ছসি তথা কুরু ॥
এবং মনসি তং ধ্যাত্বা রাক্ষসঞ্চাবমানয়ন্।
সত্যঞ্চ বচনং হ্যত্র হ্যব্রবীৎ প্রিয়কাম্যয়া ॥ ৬
ভজামি শঙ্করং দেবং যথেচ্ছসি তথা কুরু।
ইতি তস্য বচঃ শ্রুত্বা ভীমো বচনমব্রবীৎ ॥
শঙ্করঃ মম জ্ঞাতঃ কিং করিষ্যতি মামিতি।
যো মে পিতৃব্যকেনৈব স্থাপিতঃ কিঙ্করো যথ
তদ্বলং হি সমাশ্রিতা বিজেতুং ত্বং সমীহসে

নিয়ত ক্লেশ দিতেছে; অতএব জানিও অচিরেই তোমাদিগের কার্য্য সম্পন্ন হইবে। এইরূপ আশ্বাসবাক্য শুনিয়া, তখন দেব ও মহর্ষিগণ পরমানন্দে স্ব স্ব স্থানে প্রস্থান করিলেন। ভগবান্ শিবও প্রমথগণের সহিত হিতার্থে গমন করিলেন। ইত্যবসরে কতিপয় রাক্ষসানুচর তাঁহার নিকট উপস্থিত হইয়া নিবেদন করিল,—"হে রাক্ষসরাজ! আপনা কর্ত্তৃক বন্দীকৃত কামরূপ প্রদেশের রাজা পার্থিব শিবলিঙ্গের সম্মুখে ধ্যাননিমগ্ন হইয়া আপনার অভিচার করিতেছে, এক্ষণে শুনিয়া যাহা ইচ্ছা হয় করুন।" রাক্ষস লোকমুখে এই সংবাদ শুনিয়া, ক্রুদ্ধ হইয়া তরবারি গ্রহণপূর্ব্বক রাজাকে বধ করিতে গমন করিল।" ৪৯—৫৩। সে তথায় গমনপূর্ব্বক পার্থিব শিবলিঙ্গ প্রভৃতি দেখিয়া এবং রাজা নিজ মতবিরুদ্ধ কোন কার্য্য করিতেছে দেখিতে পাইয়া, কুপিত হইয়া, পূজোপকরণ সমেত শিবলিঙ্গ চূর্ণ বিচূর্ণ করিবে ইহা মনে স্থির করিয়া, তাহাকে বলিল,—রাজন্! তুমি কি করিতেছ সত্য বল, তোমায় বধ করিব না, নতুবা নিশ্চিতই যমালয়ে প্রেরণ করিব। রাজা, রাক্ষসের এই বাক্য

শুনিয়া সত্যপাশে বদ্ধ হইয়া, যাহা হই
তাহাই হইবে, এই ভাবিয়া, বলিতে লাগি
এই পার্থিব শিবলিঙ্গে, দয়াময় শঙ্কর বিরাজ
আছেন। আমি হীন, সেবার অযোগ্য; তজ্জ
তিনি আমার শুভ সম্পাদন করিতেছেন
তাঁহার প্রতিজ্ঞা আছে,—যে আমার ভক্ত
দারুণ উৎপীড়িত করিবে, আমি তাহাকে র
করিবার জন্য সেই দুরাত্মাকে নিঃসংশয়
করিব। সেই প্রতিজ্ঞা অবশ্যই তিনি পা
করিবেন। এইরূপ বলিয়া ধৈর্য্য অবলম্বনপূর্ব
রাজা ভগবান শঙ্করের ধ্যান করিয়া রাক্ষস
পুনরায় বলিলেন;—মহারাজ! এক্ষণে আ
আপনার আয়ত্ত, অতএব যাহা ইচ্ছা হয় তাহ
করিতে পারেন। আমি ভগবান্ শঙ্করের উপাস
করিতেছিলাম, এক্ষণে আপনার যাহা ইচ্ছা
করুন। রাজা, নির্ভীকভাবে রাক্ষসরাজের অ
মাননা করত এই সত্য বাক্য শিবপ্রীতির জ
বলিয়াছিলেন। তখন রাক্ষসরাজ ভীম তাহ
এই বাক্য শুনিয়া বলিল;—আমি শঙ্কর
জানি, সে আমার কি করিবে? মদীয় পিতৃ
রাবণ যাহাকে কিঙ্করের ন্যায় স্থাপন করি
ছিলেন, সেই শঙ্করের বল-সাহায্যে তুমি

ততশ্চৈব গণানাঞ্চ রাক্ষসানাং পরস্পরম্
যুদ্ধমাসীৎ তদা ঘোরং পশ্যতাং দুঃখমাবহম্ ॥ ৮০
ততশ্চ পৃথিবী সর্ব্বা ব্যাকুলা হ্যভবৎ তদা।
সমুদ্রাশ্চ তদা সর্ব্বে চুক্ষুভুঃ সমহীধরাঃ ॥ ৮১
গ্রহ-নক্ষত্র-তারাশ্চ দ্যৌশ্চৈব চ তথাবিধা।
দেবাশ্চ ঋষয়ঃ সর্ব্বে দুঃখিতা হ্যভবংস্তদা ॥ ৮২
নারদশ্চ সমাগত্য শঙ্করং দুঃখহারকম্।
প্রার্থয়ামাস তত্রৈব ক্ষম্যতাং শঙ্কর ত্বয়া ॥ ৮৩
ত্বণে কশ্চ কুঠারো বৈ হন্যতাং শীঘ্রমেব চ।
ইতি সম্প্রার্থিতঃ শম্ভুঃ সর্ব্বান্ রক্ষোগণানিতি ॥ ৮৪
হুঙ্কারেণৈব চাস্ত্রেণ ভস্মসাৎ কৃতবাংস্তদা।
সর্ব্বে তে রাক্ষসা দগ্ধা ভস্মরাশয় এব তে ॥ ৮৫
দাবানলগতো বহ্নির্যথা চ বনমাদহেৎ।
তথা শিবেন ক্রুদ্ধেন রাক্ষসানাং বনং * ক্ষণাৎ ॥
ভীমস্যৈব চ কিং ভস্ম ন জ্ঞাতং কেনচিৎ তদা।
সপরিবারস্ততো দগ্ধো নাম ন শ্রূয়তে তদা ॥ ৮৭
ততঃ শিবস্য ক্রোধো ন শান্তিং প্রাপ মুনীশ্বরাঃ।

ক্রোধজ্বালা চ ফুৎকারাগ্নিঃসসার বনাত্মনম্ ॥ ৮
রাক্ষসানাঞ্চ যদ্ভস্ম সর্ব্বং ব্যাপ্তং বনে তদা।
ততশ্চৌষধয়ো জাতা নানাকার্য্যকরাস্তথা ॥ ৮৯
রূপান্তরং ততো যদ্বেশান্তরমথাপি বা।
ভূত-প্রেত-পিশাচাদি দূরতশ্চ ততো ব্রজেৎ
অন্তৎ কার্য্যঞ্চ যচ্চৈব ততো ন ভবতি দ্বিজাঃ
তৈর্দেবৈঃ প্রার্থিতঃ শম্ভুঃ শান্তিং সমধিগচ্ছ
স্থাতব্যং স্বামিনা অত্র লোকানাং সুখহেতবে।
অয়ং বৈ কুৎসিতো দেশ ওষধ্যো লোকদুঃখদা
ভবন্তঞ্চ তদা দৃষ্ট্বা কল্যাণং সম্ভবিষ্যতি।
ভীমশঙ্করনামা ত্বং ভবিতা সর্ব্বসাধকঃ।
ইত্যেবং প্রার্থিতঃ শম্ভুস্তত্রৈব স্থিতবাংস্তদা ॥

ইতি শ্রীশৈবে মহাপুরাণে জ্ঞানসংহিতায়াং

শঙ্করমাহাত্ম্যবর্ণনং নামাষ্টচত্বা-
রিংশোঽধ্যায়ঃ ॥ ৪৮ ॥

দুরাত্মার শস্ত্রক্ষয় হইলে প্রমথগণ ও রাক্ষসগণে তুমুল যুদ্ধ হইতে লাগিল, তাহা দর্শনকারিগণের দর্শনে ক্লেশ উৎপাদন করিল তখন সমগ্র পৃথিবী ব্যাকুল হইল। সমুদ্র, পর্ব্বত, আকাশ, গ্রহ ও নক্ষত্র ক্ষুভিত হইল এবং দেব ও ঋষিগণ সকলেই দুঃখিত হইলেন। তৎকালে দেবর্ষি নারদ তথায় সমাগত হইয়া ভগবান্ শঙ্করের নিকট প্রার্থনা করিয়া বলিলেন,—হে প্রভো! ক্ষমা করুন, অবিলম্বে এই দুষ্টগণের বধ-সম্পাদন করুন। ভগবান শম্ভু, এইরূপে প্রার্থিত হইয়া হুঙ্কার দ্বারা সকল রাক্ষসগণকে ভস্ম করিলে, তাহারা দগ্ধ হইয়া ভস্মরাশিতে পরিণত হইল। দাবানল যেরূপ বন দগ্ধ করে, সেইরূপ শিবের ক্রোধে রাক্ষসগণ মুহূর্ত্ত-মধ্যে ভস্মীকৃত হইল। ভীমের ভস্ম যে কোথায় পড়িল, তাহা কেহ জানিতে পারিল না। ভীম সপরিবারে বিনষ্ট হইল; তাহার নাম আর শ্রুতিগোচর হইল না। হে মুনীন্দ্রগণ!

তাহাতেও শিবের ক্রোধশান্তি হইল না, ত
ফুৎকার হইতে জ্বালারূপে বনে বনে নিঃ
হইতে লাগিল তখন রাক্ষসগণের যে ভ
রাশি বনব্যাপিয়া ছিল, তাহা নানা কার্য্য
ওষধিরূপে পরিণত হইল। সেই ওষধি হই
রূপান্তর, বেশান্তর, ভূত, প্রেত, পিশাচা
দূরীকরণ হয়। অধিক কি, হে ব্রাহ্মণগ
পৃথিবীতে একপ কার্য্য নাই, যাহা তাহা হই
সম্পন্ন হয় না। তখন দেবগণ আসিয়া প্রার্থ
বাক্যে বলিলেন,—হে শম্ভো! আপনি শা
অবলম্বন করিয়া লোকের মঙ্গলহেতু এই দে
অবস্থান করুন। এই দেশ অতি কুৎসিত
অত্রত্য ওষধিগণ অতি দুঃখদ; আপনা
দেখিলে সর্ব্বতোভাবে কল্যাণ হইবে ও আপ
ভীম-শঙ্কর নামে সর্ব্বসিদ্ধিদাতা হইবেন
এইরূপ প্রার্থনা করিলে ভগবান্ শঙ্কর তথা
অবস্থান করিতে লাগিলেন। ৭৭—৯৩।

অষ্টচত্বারিংশ অধ্যায় সমাপ্ত ॥ ৪৮ ॥

---

* বলমিতি বা পাঠঃ।

একোনপঞ্চাশোঽধ্যায়ঃ।

সূত উবাচ।

অতঃ পরং প্রবক্ষ্যামি শ্রূয়তামৃষিসত্তমাঃ।
বিশ্বেশ্বরস্য মাহাত্ম্যং মহাপাতকনাশনম্ ॥ ১
যদিদং দৃশ্যতে কিঞ্চিজ্জগত্যাং বস্তুমাত্রকম্।
তৎ সর্ব্বঞ্চ যদা নাসীৎ পঞ্চক্রোশী তদা শুভা ॥ ২
তদেব কথয়াম্যদ্য তন্নির্ম্মাণং মুনীশ্বরাঃ।
যদা চ নির্গুণং তেজঃ সত্যং জ্ঞানমনন্তকম্ ॥ ৩
চিদানন্দস্বরূপঞ্চ নির্ব্বিকারং সনাতনম্।
ততশ্চ প্রকৃতির্দেবী সা পুরুষসমন্বিতা ॥ ৪
তাবভ্যাং কিঞ্চ কর্ত্তব্যমাবাং কেনৈব নির্ম্মিতৌ।
ইতি সংশয়মাপন্নৌ প্রকৃতি-পুরুষৌ যদা ॥ ৫
তাভ্যাং বাণী সমুৎপন্না নির্গুণাৎ পরমাত্মনঃ।
তপশ্চৈব প্রকর্ত্তব্যং ততঃ সৃষ্টিরনুত্তমা ॥ ৬
প্রকৃতিঃ পুরুষশ্চৈব তদৈতদ্‌চতুস্তথা।
তপসঃ স্থলং নাস্তি কুত্র বা স্থাস্যতেঽধুনা ॥ ৭
ততশ্চ তেজসঃ সারং পঞ্চক্রোশাত্মকং ততম্।
সর্ব্বোপকারণৈর্যুক্তং সুন্দরং নগরং যথা ॥ ৮
নির্ম্মায় প্রেষিতং তাভ্যাং নির্গুণেন বিরাজিতম্।
অন্তরীক্ষে স্থিতং তচ্চ অধিষ্ঠায় হরিঃ স্বয়ম্ ॥ ৯
তপশ্চকার বিবিধং সৃষ্টিকামস্তদাজ্ঞয়া।
তেনৈব বহুকালঞ্চ তপস্তপ্তং সুদারুণম্ ॥ ১০
তপসঃ করণাচ্চৈব শ্রমযুক্তস্য মহাত্মনঃ।
শ্রমেণ জলধারাশ্চ বিবিধাশ্চাভবংস্তদা ॥ ১১
তাভির্ব্যাপ্তঞ্চ সর্ব্বং বৈ নান্যৎ কিঞ্চিৎ প্রদৃশ্যতে।
ততশ্চ বিষ্ণুনা দৃষ্ট্বা অহো কিমেতদদ্ভুতম্ ॥ ১২
ইত্যাশ্চর্য্যং তদা দৃষ্ট্বা শিরসঃ কম্পনং কৃতম্।
ততশ্চ পতিতঃ কর্ণান্মণিশ্চ পুরতঃ প্রভোঃ ॥ ১৩
যত্রাসৌ পতিতশ্চৈব তত্রাসীন্মণিকর্ণিকা।
জলৌঘৈঃ প্লাব্যমানা সা পঞ্চক্রোশী পুরাতনা ॥ ১৪
নির্গুণেন শিবেনৈব ত্রিশূলেন ধৃতা তদা।
বিষ্ণুরপি চ তত্রৈব সুষ্বাপ প্রকৃত্যা সহ ॥ ১৫
কিয়ৎ কালং জলে তত্র সুপ্তোঽসৌ চ জনার্দ্দনঃ।
তন্নাভিকমলাজ্জাতো ব্রহ্মা লোকপিতামহঃ ॥ ১৬

একোনপঞ্চাশ অধ্যায়।

সূত বলিলেন,—হে ঋষিশ্রেষ্ঠগণ! অতঃপর মহাপাতকনাশন বিশ্বেশ্বরের মাহাত্ম্য বলিতেছি শ্রবণ করুন। হে মুনীশ্বরগণ! এই যে কাশী নামে পুণ্য-ক্ষেত্র পঞ্চক্রোশ ব্যাপিয়া রহিয়াছেন, ইহা—যখন জগতে বস্তু সৃষ্টি হয় নাই, তখনও ছিল; ইহা কেন নির্ম্মিত হইল, তাহাই প্রথমে বলিতেছি। প্রথমে চিদানন্দস্বরূপ, নির্ব্বিকার, সনাতন, সত্য, জ্ঞান, অনন্ত, নির্গুণ ও তেজঃস্বরূপ পরমাত্মা বিদ্যমান ছিলেন। তৎপরে প্রকৃতি ও পুরুষ তাহা হইতে আবির্ভূত হইয়া, "আমাদিগের কি কার্য্য করিতে হইবে ও আমরা কাহার সৃষ্ট" যখন এইরূপ সংশয়াপন্ন হইতেছেন, এমন সময়ে নির্গুণ পরমাত্মা হইতে এই বাক্য নিঃসৃত হইলে যে, তোমরা তপস্যা ও সর্ব্বোত্তম সৃষ্টি করিবে। এই বাক্য শুনিয়া প্রকৃতি ও পুরুষ বলিলেন,—তপস্যার স্থান দেখিতেছি না, আমরা এক্ষণে কোথায় অবস্থান করিব? তৎপরে নির্গুণ পরমাত্মা স্বকীয় তেজের সারভূত, প্রাসাদাদি-উপকরণ-শোভিত, সুন্দর, পঞ্চক্রোশব্যাপী নগর নির্ম্মাণ করিয়া তাঁহাদিগকে তপস্যার্থ প্রদান করিলেন। ঐ কাশীনগর অন্তরীক্ষে অবস্থান করিয়া আছে। তথায় সেই পুরুষ নারায়ণ সৃষ্টিকামনা করিয়া, পরমপুরুষের আদেশক্রমে বহুকাল ধরিয়া, ঘোর তপস্যা করিলেন।১—১০ তপস্যাজনিত পরিশ্রমে তাঁহার গাত্র হইতে বিচিত্র জলধারা নিঃসৃত হইয়া, সমস্ত ব্যাপিয়া ফেলিল। অন্য কিছুই দৃশ্যমান হইল না। পরে ভগবান্ বিষ্ণু, তাহা দেখিয়া, "একি আশ্চর্য্য" বলিয়া মস্তক কম্পিত করিলেন। মস্তক কম্পন করিবামাত্র ভগবানের কর্ণ হইতে মণি পতিত হইল। যেখানে ঐ মণি পতিত হইল, তথায় মণি-কর্ণিকা নামে তীর্থ হইল। তখন নির্গুণ শিব জলরাশিপ্লাবিত সেই প্রাচীন পঞ্চক্রোশব্যাপিনী কাশীকে ত্রিশূলাগ্রে ধারণ করিলেন। বিষ্ণু তদুপরি প্রকৃতির সহিত নিদ্রাগত হইলেন। সেই জনার্দ্দন কিয়ৎকাল জলোপরি শয়ন করিলে তাঁহার নাভিপদ্ম হইতে

শিবাজ্ঞাঞ্চ সমাসাদ্য সৃষ্টিঞ্চ কৃতবাংস্তদা।
যৎ কিঞ্চিদ্দৃশ্যতে হ্যত্র ব্রহ্মাণ্ডে সচরাচরম্॥ ১৭
তদ্ব্যাপ্তঞ্চ বিশেষেণ শিবেন তেজসা তদা।
চেতনাচেতনং যচ্চ ব্যাপ্তমাসীন্মুনীশ্বরাঃ॥ ১৮
ততশ্চ সৃষ্টিকার্য্যঞ্চ প্রাবর্ত্তত সমন্ততঃ।
চতুর্দ্দশভুবনানীহ জাতানি গোলকে তদা॥ ১৯
যোজনানাঞ্চ পঞ্চাশৎকোটিসংখ্যাপ্রমাণতঃ।
ব্রহ্মাণ্ডস্যৈব বিস্তারো মুনিভিঃ পরিকীর্ত্তিতঃ॥ ২০
যথা চৈব জলে নৌশ্চ তথা ব্রহ্মাণ্ডকং জলে।
যথা চ মন্থনে গোলস্তক্রে চ পরিদৃশ্যতে॥ ২১
দিগ্‌গজৈশ্চ ধৃতং তচ্চ স্থিরঞ্চ পরিবর্ত্ততে।
মধ্যে প্রমাণমুক্তঞ্চ হ্যর্দ্ধঞ্চ চ ঋষীশ্বরাঃ॥ ২২
শেষস্যার্দ্ধং তথা চোর্দ্ধং তথাধঃ পরিভাবিতম্।
মধ্যে চ ভূর্লোকঃ স্যাৎ তদধঃ সপ্তকং তথা॥ ২৩
তলঞ্চৈবাতলঞ্চৈব সুতলং বিতলং তথা
মহাতলঞ্চ পাতালং রসাতলমথাপি চ॥ ২৪
ভূর্লোকাদুপরি যো বৈ ভুবর্লোকঃ প্রকীর্ত্তিতঃ
স্বর্লোকাদুপরি যো বৈ মহর্লোকঃ প্রকল্পিতঃ
ততো জনপদশ্চৈব তপশ্চৈব ততঃ পরম্।
সত্যঞ্চৈব ততঃ প্রাহুর্মর্য্যাদা পরিকীর্ত্তিতা॥
একৈকস্য চ বিস্তারো দৃশ্যতে চ মুনীশ্বরাঃ।
বহুতরস্তু ভয়েনৈব নোক্তো গ্রন্থস্য এব চ॥
কথিতশ্চ পুরা গ্রন্থে পুনঃ কিং কথয়াম্যহম্
যেষাং যত্রাধিকারোঽস্তি তত্র তে চ নিবাসিনঃ
সমুদ্রাঃ সপ্ত এবৈতে দ্বীপানি চ তথা পুনঃ।
মেরূদ্যা গিরয়শ্চান্যে নদ্যশ্চ বিবিধাস্তথা॥
বনানি চ বিচিত্রাণি বিবিধানি তথৈব চ।
ব্রহ্মাণ্ডে পরিবর্ত্তন্তে উক্তানি চ পুরা ময়া॥
ব্রহ্মণো দ্বিবিধং রূপং নির্গুণস্য পরাত্মনঃ।
একঞ্চৈবাক্ষরং ব্রহ্ম ক্ষরঞ্চ দ্বিতীয়ং মতম্॥
দৃশ্যঞ্চৈব ক্ষরং প্রোক্তং হ্যক্ষরং নির্গুণং মত
ইদং ভূতময়ং যচ্চ রূপঞ্চ ব্রহ্মণো বিভুঃ। ৩
তদেব সগুণং প্রোক্তং মুনিভিস্তত্ত্বদর্শিভিঃ
নির্গুণে সগুণঞ্চৈব সগুণে নির্গুণং তথা॥ ৩
পরস্পরং সংলগ্নং রূপদ্বয়মথাপি চ।
যথা চ মণিসূত্রেণ সংলগ্নঞ্চ পরস্পরম্। ৩৪
পুষ্পঞ্চৈব সুগন্ধশ্চ জ্যোতিস্তম্ভস্তথৈব চ

পিতামহ ব্রহ্মা প্রাদুর্ভূত হইলেন তখন তিনি শিবের আজ্ঞাক্রমে সৃজন করিতে প্রবৃত্ত হইলেন। হে মুনীন্দ্রগণ! ব্রহ্মাণ্ডে যাহা কিছু দৃশ্যমান হয়, সেই স্থাবর, জঙ্গম, চেতন, অচেতন—সমস্তই তখন বিশেষ শিবতেজে ব্যাপ্ত ছিল। তৎপরে চতুর্দিকে সৃষ্টিকার্য্য আরম্ভ হইল। তখন ব্রহ্মাণ্ডে চতুর্দ্দশ ভুবন সৃষ্ট হইল। মুনিগণ ঐ ব্রহ্মাণ্ডের বিস্তার পঞ্চাশ কোটি যোজন পরিমাণ বলিয়াছেন ১৭—২০। যেরূপ জলে নৌকা ও তক্রে (ঘোলে) নবনীত পিণ্ড দেখিতে পাওয়া যায়, সেইরূপ জলোপরি ব্রহ্মাণ্ড ভাসিতে লাগিল ঐরাবত প্রভৃতি দিগ্‌গজ উহা ধরিয়া রাখায় স্থিরভাবে পরিবর্ত্তন করিতে লাগিল হে ঋষিশ্রেষ্ঠগণ! উক্ত ব্রহ্মাণ্ডের মধ্যভাগে অর্দ্ধ অর্দ্ধভাগ কল্পিত হইল অবশিষ্টের অর্দ্ধভাগ দুইভাগে বিভক্ত হইয়া একভাগ ঊর্দ্ধে ও অপরভাগ অধোদেশে নির্দ্দিষ্ট হইল। মধ্যে ভূর্লোক ও তাহার অধোভাগে তল, অতল, সুতল, বিতল, মহাতল পাতাল এবং রসাতল; এই সপ্ত ভুবন স্থাপিত হইল। উক্ত ভূর্লোক, স্বর্লোক, মহর্লোক, জনলোক, ত লোক ও সত্যলোক উপরি উপরি বি হইল ইহাদিগের প্রত্যেকের বিস্তার সীমা নানা পুরাণে বর্ণিত আছে. লো পাওয়া যায়; অতএব গ্রন্থবিস্তারভয়ে তা নিবৃত্ত হইলাম। যে লোকে যাহাদি অধিকার, তাহারা তথাকার অধিবাসী সমুদ্র, সপ্ত দ্বীপ, সুমেরু প্রভৃতি পর্ব্বত, বি নদী ও নানাবিধ বিচিত্র বন, এই ব্রহ্মা পরিবর্ত্তিত হইতেছে, ইহা পূর্ব্বে বলিয়া নির্গুণ পরমাত্মা ব্রহ্মার দ্বিবিধ রূপ—ক্ষ অক্ষর। যাহা দৃশ্য, তাহাকে ক্ষর ও নির্গুণ, অহাকে অক্ষর কহে। তত্ত্ব মুনিগণ এই ভূতময় রূপকে, সগুণ বলি থাকেন। যেরূপ মণি ও সূত্র, পুষ্প ও গ

কাশ্যাশ্চৈব তু মহাত্ম্যং বক্তুং বর্ষশতৈরপি ॥ ৫১
ন শক্নোমি সদা সর্ব্বং তথাপি চ ব্রুবে পুনঃ ।
কৈলাসস্য পতির্যো বৈ নির্গুণো গুণবান্ ভবঃ ॥ ৫২
আজগাম কদাচিদ্বৈ কাশ্যাং দেবো মহেশ্বরঃ ।
বারাণসীমনুপ্রাপ্য দর্শয়ামাস শঙ্করঃ ॥ ৫৩
অবিমুক্তেশ্বরং লিঙ্গং দর্শনাৎ পাপহারকম্ ।
অবিমুক্তস্য মাহাত্ম্যং যথাহ ভগবান্ ভবঃ ॥ ৫৪
বিস্তরেণ ময়া বক্তুং ব্রহ্মণা চ মহাত্মনা ।
শক্যতে নৈব বিপ্রেন্দ্রা বর্ষকোটিশতৈরপি ॥ ৫৫
অবিমুক্তোঽপি তং দৃষ্ট্বা আনন্দং পরমং গতঃ ।
পূজয়ামাস তং দেবং পার্ব্বত্যা সহ শঙ্করম্ ॥ ৫৬
নমস্কারৈঃ স্তবৈর্মন্ত্রৈর্দেবদেবং জগৎপতিম্ ।
প্রণিপাতৈরনেকৈশ্চ ত্বদীয়োঽস্মি ন সংশয়ঃ ॥ ৫৭
কৃপাং ত্বং কুরু দেবেশ লোকানাং হিতকাম্যয়া ।
স্থাতব্যঞ্চ ত্বয়া দেব প্রার্থয়ামি জগৎপতে ॥ ৫৮
অবিমুক্তোঽপি হি তদা সম্প্রার্থ্য চ পুনঃ পুনঃ ।
নেত্রাশ্রূণি প্রমুচ্যৈতচ্চরণং নৈব মোচিতুম্ ॥ ৫৯
কাশ্যেব চ ত্বয়া দেব রাজধানী প্রগৃহ্যতাম্ ।

ময়া ধ্যানিতয়া স্থেয়মচিন্ত্যসুখহেতবে ॥ ৬
মুক্তিদাতা ভবান্ লোকে বর্ত্ততে নান্যথা কাচ
তস্মাৎ ত্বমুপকারায় তিষ্ঠোমাসহিতঃ সদা ॥ ৬
অখিলান্ জীবসঙ্ঘাতাংস্তারয় ত্বং সদাশিব ।
ইত্যেবং প্রার্থিতস্তেন অস্থো দেবো জগৎপ
লোকানামুপকারার্থং কপালমুক্তিহেতবে ।
ইত্যেবং বচনং শ্রুত্বা ঋষয়ো নির্ম্মলাশয়াঃ ॥ ৬
পপ্রচ্ছুঃ পরয়া ভক্ত্যা কপালং কিং ব্রবীষি ন

সূত উবাচ ।

সাধু পৃষ্টমৃষিশ্রেষ্ঠাঃ কথয়ামি যথাশ্রুতম্ ॥ ৬৪
পুরা কদাচিদ্দেবেশঃ শঙ্করপ্রিয়কাম্যয়া ।
বভ্রাম গিরিজাসার্দ্ধং ব্রহ্মলোকমুপাগতঃ ॥ ৬৫
ব্রহ্মা চাপি তদা তং বৈ বহুমানপুরঃসরম্ ।
পূজয়ামাস দেবেশমাতিথ্যোর্ধর্ম্মহেতবে ॥ ৬৬
পঞ্চাং তুষ্টাব তং দেবং চতুর্ভিশ্চ মুখৈস্তদা
একেনৈব মুখেনৈব দুঃশব্দং শ্রুতবাংস্তদা ॥ ৬
দৃষ্ট্বা চতুর্মুখনাঁহ সন্তুষ্টো ভগবান্ ভবঃ ।

অতএব ইহার সেবা সকলেই করিয়া থাকেন। এই কাশীর মাহাত্ম্য-সমুদয় শত শত বর্ষেও আমি বলিতে অক্ষম ; তথাপি কিঞ্চিৎ বলিতেছি শ্রবণ করুন। একদা নির্গুণ, গুণবান কৈলাসপতি ভগবান্ শঙ্কর, কাশী আগমন করিয়া পাপনাশন স্বকীয় অবিমুক্ত-লিঙ্গ দর্শন করিলেন। এই অবিমুক্ত-লিঙ্গের মাহাত্ম্য ভগবান্ ভব যাহা সবিস্তারে বলিয়াছিলেন, তাহা আমি, অধিক কি, মহাত্মা ব্রহ্মাও শত শত কোটি বর্ষেও বলিতে অক্ষম। তখন ঐ অবিমুক্ত-লিঙ্গ তাঁহাকে দেখিয়া পরমানন্দিত হইয়া নমস্কার, স্তব ও মন্ত্র দ্বারা দেবদেব শঙ্করকে পার্ব্বতীসহ পূজা করিয়া প্রার্থনা করিলেন, হে দেবদেব ! আমিই আপনারই, আপনি কৃপাপূর্ব্বক লোকের হিত জন্য এই স্থানে অবস্থান করুন। পুনঃপুনঃ এই প্রার্থনা করিয়া তিনি সাশ্রুপূর্ণনয়নে তাঁহার চরণ ধরিয়া রহিলেন। তিনি পুনরায় বলিলেন, হে দেব ! আপনি এই কাশী রাজধানী গ্রহণ করুন।

আমি অচিন্তনীয় সুখের জন্য ধ্যানে রত থা ৫১—৬০। এই জগতে আপনিই এক মুক্তিদাতা, অতএব আপনি লোকের উপকা পার্ব্বতীসহ এই স্থানে থাকিয়া নিখিল জী গণকে পরিত্রাণ করুন। তিনি এইর প্রার্থনা করিলে ভগবান কৈলাসপতি কপা মোচনের জন্য লোকের উপকারার্থ তথায় অ স্থান করিলেন ; নির্ম্মলান্তঃকরণ ঋষি সূতের এই বাক্য শুনিয়া পরম ভক্তি-সহকা জিজ্ঞাসা করিলেন, কপাল-মোচনের বৃত্ত কি ? আমাদিগকে বল। সূত কহিলেন, ঋষিশ্রেষ্ঠগণ ! সাধু প্রশ্ন করিয়াছেন, আ তাহা যথাশ্রুত বলিতেছি, শ্রবণ করুন। পূর্ব্ব কালে কোন সময়ে দেবদেব শঙ্কর, প্রি কামনায় পার্ব্বতীসহ ভ্রমণ করিতে করিতে ব্রহ্ম লোকে উপস্থিত হইলেন। তখন ব্রহ্মা ব সমাদরপূর্ব্বক ধর্ম্ম হেতু অতিথিসংকার দ্বা তাঁহার পূজা করিলেন। অনন্তর ব্রহ্মা পঞ্চ মুখে তাঁহার স্তব করিতে গিয়া একমুখে অপ ভ্রংশ শব্দ উচ্চারণ করিয়াছিলেন। তখন

তস্মাৎ তীর্থবরং হেতন্মহাপাতকনাশনম্ ॥ ৮৪
ইত্যেব জ্ঞাপিতং লোকে মাহাত্ম্যং তীর্থসম্ভবম্।
অথবা ঈশ্বরস্যেচ্ছাং কশ্চ জানাতি চেষ্টিতম্ ॥ ৮৫
কানঙ্গদহনঞ্চৈব কাঙ্গে যুবতিধারণম্ *।
কণ্ঠে বিষং ধৃতং যেন মৃত্যুঞ্জয় উদাহৃতঃ ॥ ৮৬
দিগম্বরঃ স্বয়ঞ্চৈব ভক্তেভ্যো হ্যচলাং শ্রিয়ম্।
স্বসৈন্যঞ্চ পিশাচাশ্চ ভক্তানাঞ্চ চতুর্ব্বিধম্ ॥ ৮৭
স্বাঙ্গে চ রুণ্ডমালা বৈ ভক্তানাং মৌক্তিকানি চ।
চিতাভস্ম নিজস্যৈব ভক্তেভ্যশ্চন্দনং দদৌ ॥ ৮৮
স্ববাহনং বৃষশ্চৈব ভক্তানাং হস্তিকানশ্চ
স্ববাদ্যঞ্চৈব গল্লাদি ভক্তানাঞ্চানকানথ ॥ ৮৯
স্বশিরসি জটা দিব্যা ভক্তানাং মুকুটাদিকম্
স্বভূষণঞ্চ সর্পাদি ভক্তানাং কুণ্ডলাদিকম্ ॥ ৯০
স্বস্য বস্ত্রঞ্চ চর্ম্মাদি ভক্তেভ্যঃ সুন্দরাম্বরম্।
স্বয়ং দধাতি চান্যচ্চ ভক্তানাঞ্চান্যদেব চ ॥ ৯১
যথাভিলাষং ভক্তেভ্যঃ শঙ্করঃ সম্প্রযচ্ছতি।
তস্মাৎ তচ্চেষ্টিতং নৈব জ্ঞাতুং শক্যং মুনীশ্বঃ
পঞ্চক্রোশ্যাঃ পরং নাস্তং ক্ষেত্রঞ্চ ভুবনত্রয়ে।
অথবা পাপিনাং পাপস্ফোটনায় স্বয়ং হরঃ ॥ ঃ
মৃত্যুলোকে শুভং ক্ষেত্রং সমাস্থায় স্থিতঃ সদ
যথাতথাপি ধন্যেয়ং পঞ্চক্রোশী মুনীশ্বরাঃ ॥ ৯
যত্র বিশ্বেশ্বরো দেবো হ্যাগত্য সংস্থিতঃ স্বয়
যদ্দিনং হি সমারভ্য হরঃ কাশ্যামুপাগতঃ ॥ ৯
তদ্দিনং হি সমারভ্য কাশী শ্রেষ্ঠতরা হ্যভূৎ।
এতদ্বঃ সমাখ্যাতং যৎ পৃষ্টোহহং মুনীশ্বরাঃ।
য ইদং শৃণুয়ান্নিত্যং সর্ব্বান কামান সমাপ্নুয়াৎ।
ইতি শ্রীশৈবে মহাপুরাণে জ্ঞানসংহিতায়াং কা
বর্ণনং নামৈকোনপঞ্চাশোঽধ্যায়ঃ ॥ ৪৯ ॥

কোন্ ছার? তীর্থস্পর্শে শিবের পৃষ্ঠ হইতে সেই সমস্ত খসিয়া পড়িয়াছিল; অতএব এই তীর্থবর মহাপাতকের নাশন; এইরূপে জগতে তাহার মাহাত্ম্য ঘোষিত হইল। অথবা ভগবানের ইচ্ছা ও চেষ্টা কে জানিতে ক্ষম? নহিলে কোথায় অনঙ্গদাহ, আবার কোথায় অঙ্গে যুবতীধারণ! তিনি কণ্ঠে বিষ ধারণ করেন, তথাপি তাঁহাকে মৃত্যুঞ্জয় বলিয়া থাকে। তিনি স্বয়ং দিগম্বর, কিন্তু ভক্তজনের স্থিরসম্পদ্‌বিধাতা। পিশাচমাত্র তাঁহার নিজ সৈন্য, কিন্তু তাঁহার ভক্তগণের চতুরঙ্গিণী সেনা। তাঁহার নিজ অঙ্গে নরমুণ্ডমালা ও তাঁহার ভক্তের গলে মুক্তামালা; তিনি স্বয়ং চিতা-ভস্ম মাখেন; কিন্তু ভক্তজনকে চন্দন মাখিতে দেন। বৃষ তাঁহার নিজ বাহন, কিন্তু ভক্তের বাহন হস্তী, অশ্ব প্রভৃতি। গল্লবাদ্য তাঁহার নিজ বাদ্য, কিন্তু ভক্তজনকে পটহবাদ্য দিয়া থাকেন। তাঁহার নিজ মস্তকে দিব্য জটা ও তাঁহার ভক্তের মস্তকে মুকুটাদি শোভা পাইয়া থাকে। তাঁহার নিজ-ভূষণ সর্প, কিন্তু ভক্তের কুণ্ডলাদি। তাঁহার নিজ পরিধেয় ব্যাঘ্রচর্ম্মাদি, কিন্তু ভক্তজনকে সুন্দর পটবস্ত্র দিয়া থাকেন তিনি নিজের জন্য একপ্রকার বিধান করে ভক্তের জন্য আর একপ্রকার করিয়া থাকে তিনি ভক্তদিগকে, যে যাহা কামনা করে, তাহা দিয়া থাকেন; অতএব ঋষিগণ! ঈশ্বরে চেষ্টা সর্ব্বতোভাবে অজ্ঞেয়, ত্রিভুবন মধ্যে এই কাশীর ন্যায় পুণ্যক্ষেত্র আর দ্বিতীয় নাই অথবা স্বয়ং হর—মর্ত্ত্যলোকে পাপিগণের পা মোচনার্থ এই শুভক্ষেত্র প্রাপ্ত হইয়া সর্ব্ব অবস্থান করিতেছেন। যে সে ভাবেই হউ যখন সাক্ষাৎ বিশ্বেশ্বর আসিয়া এখানে অবস্থা করিতেছেন, তখন এই কাশীই ধন্য। যে দি ভগবান্ কাশীক্ষেত্রে আগমন করেন, সেই দি অবধি এই ক্ষেত্র সর্ব্বোৎকৃষ্ট হইয়াছে। ঋষিগণ! এক্ষণে আপনাদিগের জিজ্ঞাস্য ব বলিলাম। যে ব্যক্তি এই আখ্যান প্রতিদি শ্রবণ করিবে, তাহার সকল অভীষ্ট সি হইবে। ৮১—৯৬।

একোনপঞ্চাশ অধ্যায় সমাপ্ত ॥ ৪৯ ॥

---

* কাঙ্গে যুবতিধারণমিতি পাঠান্তরম্।

তদ্দর্শনং হ্যহং বিষ্ণুর্ব্রহ্মা চাপি তথা পুনঃ
কাময়ন্তি চ তীর্থানি পবনাদ্যাস্তথা ॥ ১৫
সোঽন্তকালে চ যস্যৈব পার্শ্বে পরিবিবর্ত্ততে।
তস্য মুক্তির্ভবেন্নূনং স্বস্য কিং ন ভবেৎ পুনঃ ॥১৬
তস্যাপেক্ষা ন তীর্থস্য ন মমৈব হরেরপি
জীবন্মুক্তঃ স বিজ্ঞেয়ো বিহিতাবিহিতে সমঃ ॥১৭
যত্র যত্র মৃতঃ সোঽপি মোক্ষমাপ্নোতি নিশ্চিতম্
অত্র তীর্থে বিশেষোঽস্তি শৃণু তং সুন্দরি ত্বয়া ॥
ব্রাহ্মণঃ ক্ষত্রিয়ো বৈশ্যঃ শূদ্রো বা তথা পুনঃ
ব্রহ্মচারী গৃহস্থো বা বানপ্রস্থো যতিস্তথা ॥ ১৯
বালশ্চৈব কুমারো বা যৌবনান্বিত এব চ
অশুচির্বা বালাপি কুমারী পতিতা তথা ॥ ২০
বিধবা বাথ বন্ধ্যা বা রজস্বলাযুতাপি বা
সূতিকালে মৃতা বাপি সংস্কারৈর্বর্জিতা তথা ॥ ২১
অপাপো বা সপাপো বা কর্ম্মবন্ধগতোঽথবা
অত্র চেচ্চ মৃতঃ স্যাদ্বৈ মোক্ষভাগী ন সংশয়ঃ ॥২২
স্বেদজাশ্চাণ্ডজা বাপি হ্যুদ্ভিজ্জাশ্চ জরায়ুজাঃ

মৃতো মোক্ষমবাপ্নোতি যথাত্রৈব তথা কচিৎ
কর্ম্মবন্ধগতো যো বৈ দেহী মোক্ষায় কল্পতে
জ্ঞানাপেক্ষা ন চাত্রৈব ধ্যানাপেক্ষা ন কর্হি
নামাপেক্ষা ন চাত্রৈব স্বজনানাং তথা পুনঃ
যথা তথা মৃতঃ স্যাচ্চেন্মোক্ষমাপ্নোতি নিশ্চি
এতন্মম পুরং দিব্যং গুহ্যাদ্‌গুহ্যতমং মহৎ
ব্রহ্মাদয়ো হি জানন্তি যে চ সিদ্ধা মুমুক্ষবঃ
অতঃ প্রিয়মিদং ক্ষেত্রং যস্মাচ্চেহ গতিঃ
বিমুক্তং ন ময়া যস্মান্মোক্ষ্যতেঽহং ন কদাচন
মহৎ ক্ষেত্রমিদং তস্মাদবিমুক্তমিতি স্মৃতম্
নৈমিষে চ কুরুক্ষেত্রে গঙ্গাদ্বারেঽথ পুষ্করে।
স্নানাৎ সংসেবনাদ্বাপি মৃতে মোক্ষো ভবেন্ন
ইহ সম্প্রাপ্যতে যস্মাৎ তস্মাদেতদ্বিশিষ্যতে
প্রয়াগে বা ভবেন্মোক্ষ ইহ বা মৎপরিগ্রহাৎ
প্রয়াগাদপি তীর্থাগ্র্যাদিদমেব বিশিষ্যতে ॥
ধর্ম্মস্যোপনিষৎ সত্যং মোক্ষস্যোপনিষচ্ছমঃ
ক্ষেত্রতীর্থোপনিষদমবিমুক্তং বিদুর্বুধাঃ ॥ ২

আমার এত প্রিয়। অধিক কি, আমি, ব্রহ্মা ও বিষ্ণু, সকলেই আত্মশুদ্ধির নিমিত্ত উক্তরূপ পুরুষকে দর্শন ও তদধিষ্ঠিত স্থান বাঞ্ছা করিয়া থাকি। মৃত্যুকালে যে ব্যক্তির সমীপে উক্তরূপ পুরুষ অবস্থান করেন, নিশ্চয়ই সে মুক্তি পাইয়া থাকে; সুতরাং তাঁহার নিজের মুক্তিলাভ অবিসংবাদিত। তীর্থ, হরি বা আমার অপেক্ষা তাহাকে করিতে হয় না। তিনি কর্ত্তব্যাকর্ত্তব্যের অতীত জীবন্মুক্ত ইহা জানিবে। সেই পুরুষ যথায় তথায় মরিলেও মুক্তিভাজন হইবেন। সুন্দরি! এই তীর্থে কিছু বিশেষ আছে, শ্রবণ কর। ব্রাহ্মণ, ক্ষত্রিয়, বৈশ্য, শূদ্র, ব্রহ্মচারী, গৃহস্থ, বানপ্রস্থ, যতি, কুমার, বালক ও যুবা—অশুচি হউক, শুচি হউক, নিষ্পাপ হউক, পাপী হউক, অথবা কর্ম্মসূত্রে আবদ্ধই হউক, এই তীর্থে মরিলে অসংশয়ই মুক্তিভাজন হইবে। বালিকা, কুমারী, পতিতা, বিধবা, বন্ধ্যা, রজস্বলা, প্রসবকালে মৃতা, বা সংস্কারশূন্যা; যে-ই হউক, এই তীর্থে মরিলে মুক্তি পাইবে, স্বেদজ অণ্ডজ, উদ্ভিজ্জ ও জরা-

যুজ—এই সমস্তই যে এইস্থানে মরিলে পাইবে অন্যত্র কুত্রাপি পাইবে না ১— কর্ম্মসূত্রে আবদ্ধ জীব যে মুক্তি প ইহাতে তাহার জ্ঞান, ধ্যান ও নামের অ কিছু নাই, এস্থানে যে সে ভাবে ম মোক্ষ লাভ করিবে। ইহাই আমার নগর গোপনীয় হইতেও গোপনীয়তম। মুমুক্ষু ও ব্রহ্মাদি কেবল ইহার মহিমা জ ইহাতে মরিলে জীবের সদ্গতি হয় ব ইহা আমার প্রিয়ক্ষেত্র। ইহাকে আমি ত্যাগ করি নাই ও করিব না বলিয়া এই ক্ষেত্রকে অবিমুক্ত বলে। নৈমিষারণ্য, কুরু হরিদ্বার ও পুষ্করে স্নান ও নিয়ত অবস্থান ক মরিলে মুক্তিলাভ হয়, কিন্তু এখানে মর মুক্তিলাভ হইয়া থাকে—এইমাত্র বি প্রয়াগে মৃত্যু হইলে মোক্ষ হয় বটে, কিন্তু তীর্থ আমার অধিষ্ঠিত বলিয়া তদপেক্ষা যেরূপ ধর্ম্মের রহস্য সত্য ও মোক্ষের শান্তি, সেইরূপ এই অবিমুক্ত ক্ষেত্রকে প জ্ঞেয় ক্ষেত্র ও তীর্থের রহস্য বলিয়া থাকে

রুদ্ররূপঞ্চ পশ্যেমং ব্রহ্মণা চ কৃতং পুরা ।
সর্ব্বদেবৈরহং দেবি অস্মিন্ দেশে প্রসাদিতঃ ॥৪৯
আজগাম পুরা দেবি লিঙ্গরূপী ন সংশয়ঃ ।
অত্রাহং ব্রহ্মণানীতঃ স্থাপিতঃ পরমেষ্ঠিনা ॥ ৫০
ব্রহ্মণশ্চাপি সংগৃহ্য বিষ্ণুনা স্থাপিতঃ পুনঃ ।
ব্রহ্মণা সততো বিষ্ণুরুক্তঃ সংবিগ্নচেতসা ॥ ৫১
ময়ানীতমিদং লিঙ্গং ত্বং কিং স্থাপিতবানসি ।
তমুবাচ পুনর্বিষ্ণুর্ব্রহ্মাণন্তু পিতামহম্ ॥ ৫২
রুদ্রে দেবে পুরাতাস্তং মম ভক্তিমহত্তরা ।
ময়ৈব স্থাপিতং লিঙ্গং তব নাম্না ভবিষ্যতি ॥ ৫৩
হিরণ্যগর্ভ ইত্যেবমত্রাহং সমুপাগতঃ ।
দৃষ্ট্বৈনমপি দেবেশি মম লোকং ব্রজেন্নরঃ ॥ ৫৪
ততঃ পুনরপি ব্রহ্মা মম লিঙ্গমিদং শুভম্
স্থাপয়ামাস বিধিবদ্ভক্ত্যা চ পরয়া পুনঃ ॥ ৫৫
স্বর্লীলেশ্বর ইত্যেবমত্রাহং স্বয়মাস্থিতঃ
প্রাণানিহ নরস্ত্যক্ত্বা ন পুনর্জায়তে ক্বচিৎ ॥ ৫৬

অস্মিন্নেব ময়া দেশে দৈত্যো দৈবতকণ্টকঃ ।
ব্যাঘ্ররূপং সমাস্থায় নিহতো দর্পিতো বলী ॥
ব্যাঘ্রেশ্বরস্তথা খ্যাতো মহাপাতকনাশনঃ ।
পিত্রা তে শৈলরাজেন পুরা হিমবতা স্বয়ম্ ॥৫
মম প্রিয়তমং স্থানং জ্ঞাত্বা লিঙ্গং প্রতিষ্ঠিত
শৈলেশ্বর ইতি খ্যাতং দৃশ্যতামিদমাদরাৎ ॥
যদা বারাণসী চেয়ং পুণ্যা পাপবিনাশিনী ।
ক্ষেত্রমেতদলঙ্কৃত্য জাহ্নব্যা সহ সঙ্গতা ॥ ৬০
তদা চ ব্রহ্মণা অত্র স্থাপিতং লিঙ্গমুত্তমম্ ।
সঙ্গমেশ্বরবিখ্যাতং দৃশ্যতাং সুন্দরি ত্বয়া ॥ ৬১
মধ্যমেশং ততঃ পশ্য জম্বুকেশং ততঃ পুনঃ ।
শুক্রেশ্বরঞ্চ লিঙ্গঞ্চ শুক্রেণ স্থাপিতং পুরা ॥
কৃত্তিবাসেশ্বরং পশ্য বৃদ্ধকালেশ্বরং তথা ।
ইন্দ্রাদিদৈবতৈস্তত্র লিঙ্গানি স্থাপিতান্যতঃ ॥
তন্নাম্না চৈব বিখ্যাতং লিঙ্গং পাপহরং তদা ।
পশ্য লিঙ্গানি পুণ্যানি সর্ব্বকামপ্রদানি চ ॥ ৬
অনন্তেতানি পূজ্যানি সন্তি স্থানানি পার্ব্বতি ।
কথিতানি মম ক্ষেত্রে শুশ্রূষান্যদিদং শৃণু ।

দর্শনে লোকে পাপমুক্ত হয়। দেবি! ব্রহ্মার স্থাপিত এই রুদ্ররূপী কপিলা হ্রদ দর্শন কর। সকল দেবগণ এই দেশে আমায় প্রসন্ন করিয়াছেন। দেবি! পূর্ব্বে ব্রহ্মা এইস্থানে আমায় লিঙ্গরূপে আনয়ন করিয়া রক্ষা করেন। বিষ্ণু ব্রহ্মার নিকট হইতে সংগ্রহ করিয়া পুনরায় স্থাপন করেন। তাহা দেখিয়া ব্রহ্মা দুঃখিত-চিত্তে বিষ্ণুকে বলিলেন, "এই লিঙ্গ আমি আনয়ন করিয়াছি, আপনি কেন স্থাপন করিলেন ?" তাহা শ্রবণ করিয়া বিষ্ণু ব্রহ্মাকে বলিলেন, রুদ্রদেবে অতি ভক্তি বশতঃ আমি স্থাপন করিলাম বটে, কিন্তু আপনার নামে ইহার নাম হিরণ্যগর্ভেশ্বর হইবে। দেবি! তখন আমি এই হিরণ্যগর্ভেশ্বররূপে এই ক্ষেত্রে আবির্ভূত হইলাম। আমার ঐ মূর্ত্তি দেখিলে লোকে মদীয় লোক প্রাপ্ত হইয়া থাকে। পরে ব্রহ্মা পুনরায় পরম ভক্তিসহকারে স্বর্লীলেশ্বর নামে এই লিঙ্গ স্থাপন করেন। আমি সেই রূপে তথায় অবস্থান করি। এই স্বর্লীলেশ্বরক্ষেত্রে প্রাণত্যাগ করিলে মনুষ্যের পুনর্জ্জন্ম হয় না।

এই স্থানে আমি ব্যাঘ্ররূপ ধারণ করিয়া বলদ
দেবগণের একজন দৈত্যকে বধ করিয়াছি
তাহাতেই আমি ব্যাঘ্রেশ্বর নামে খ্যাত হইয়া
উহা দর্শন করিলে মহাপাতক নাশ
পার্ব্বতি! পূর্ব্বে তোমার পিতা হিমালয় আ
প্রিয়তম স্থান বোধ করিয়া এই স্থানে
শৈলেশ্বর নামে এক লিঙ্গ স্থাপন করিয়া রাখি
ছেন। ইহাকে ভক্তিসহকারে দর্শন ক
যখন পাপনাশিনী এই পবিত্র বারাণসী মহা
ভূষিত হইয়া জাহ্নবীর সহিত মিলিত
তখন ব্রহ্মা তথায় সঙ্গমেশ্বর নামে এক অ
লিঙ্গ স্থাপন করেন। ঐ সেই লিঙ্গ রহি
দেবি! দর্শন কর। তৎপরে সুন্দরি!
মেশ, জম্বুকেশ, শুক্রাচার্য্য-স্থাপিত শুক্রে
কৃত্তিবাসেশ্বর, বৃদ্ধকালেশ্বর ও ইন্দ্রাদি দেবগ
স্থাপিত তত্তৎনামে বিখ্যাত অপরাপর সর্ব্ব
প্রদ পাপহর পুণ্য লিঙ্গ সকল দর্শন কর।৪৮
এই প্রকারে পূজ্য লিঙ্গস্থান অনেক রহি
বলিলাম, এক্ষণে আমার এই ক্ষেত্রে

কৃতকর্ম্মক্ষয়ো নাস্তি কল্পকোটিশতৈরপি।
অবশ্যমেব ভোক্তব্যং কৃতং কর্ম্ম শুভাশুভম্॥ ৭
কেবলঞ্চাশুভং কর্ম্ম নরকায় ভবেদিহ
শুভং স্বর্গায় জায়েত উভাভ্যাং ক্ষিতিজন্ম চ॥ ৮
জন্ম সম্যাগসমাক্ তু পুণ্যাধিক্যো ভবেদিহ
উভয়োশ্চ ক্ষয়ে মুক্তির্ভবেৎ সুন্দরি ধ্রুবম্॥ ৯
একং ক্ষেত্রে কৃতৈস্তৈব কর্ম্মণঃ সংক্ষয়ো ভবেৎ
একস্যৈব পূর্ব্বজন্মকৃতস্য সংক্ষয়ঃ চ॥ ১০
একং সর্ব্বক্ষয়ায়ৈব ভবতীতি সুনিশ্চিতম্
কর্ম্ম চ ত্রিবিধং প্রোক্তং [illegible] পুনঃ॥
সঞ্চিতং ক্রিয়মাণঞ্চ প্রারব্ধঞ্চ ত্রিধা মতম্
পূর্ব্বজন্মসমুদ্ভূতং সঞ্চিতং সমুদাহৃতম্॥ ১২
তেন জন্মান্তরং যস্য ক্রিয়তে কর্ম্ম সাম্প্রতম্
শুভাশুভঞ্চ যচ্চৈব ক্রিয়মাণং বিদুর্বুধাঃ॥ ১৩
ভুজ্যতে চ শরীরেণ প্রারব্ধং পরিকীর্ত্তিতম্
প্রারব্ধকর্ম্মণো ভোগাৎ ক্ষয়ৈন্য ন চান্যথা॥ ১৪

পাপং বিনা শরীরস্য দুঃখং নাস্তি পদে পদে।
যৎ কিঞ্চিদ্দৃশ্যতে দুঃখং সর্ব্বং পাপসমুদ্ভবম্॥
স্থূলঞ্চৈবাথ সূক্ষ্মঞ্চ দুঃখং পাপসমুদ্ভবম্।
অপাপঞ্চ যদা স্যাদ্বৈ শরীরং সুখভাজনম্॥ ১৬
কুত্রচিচ্চ শুভং বর্দ্ধেৎ কুত্রচিৎ পাপসংক্ষয়ঃ।
সর্ব্বেষাং কর্ম্মণাং নাশো নাস্তি কাশীপুরং বিনা
সর্ব্বঞ্চ সুলভং তীর্থং দুর্লভা কাশিকা পুরী।
অহং কাশীং গমিষ্যামি শতজন্মকৃতা মতিঃ॥ ১
ততঃ কাশীদর্শনঞ্চ জায়তে নান্যথা কচিৎ।
পৃথিব্যাং যানি তীর্থানি কৃতানি পূর্ব্বজন্মনি॥ ১৯
তদা মুক্তিপুরী লভ্যাং যন্মধ্যে চৈব কাচন।
পূর্ব্বজন্মকৃতাশেষৈ মুক্তিপুর্য্যাং শুভাননে॥ ২০
তদা কাশী চ লভ্যেত নান্যথা সুলভা প্রিয়ে।
পরজন্মনি কৃতা চেদ্বৈ কাশী মুক্তিপ্রদায়িনী॥ ২
প্রাপ্য কাশীং তদা তত্র মৃতিঃ স্যান্নান্যথা কচিৎ
কাশীং প্রাপ্য নরো যস্তু গঙ্গায়াং স্নানমাচরেৎ

লেন, হে ঋষিশ্রেষ্ঠগণ! পার্ব্বতী ও শঙ্করের সংবাদ আরও বলিতেছি, শ্রবণ করুন। তিনি পার্ব্বতীকে সম্বোধন করিয়া আরও বলিলেন হে সুন্দরি! শত শত কোটি কল্পেও ভোগ বিনা অনুষ্ঠিত কর্ম্মের ক্ষয় হয় না। শুভাশুভ কর্ম্মের ফল অবশ্যই ভোগ করিতে হইবে। কেবল পাপকর্ম্মে নরক, কেবল পুণ্যকর্ম্মে স্বর্গ ও পাপ-পুণ্য উভয় কর্ম্মে পৃথিবীতে জন্মগ্রহণ হয়। তন্মধ্যে পুণ্যের আধিক্যে উত্তম জন্ম ও পাপের আধিক্যে অধম জন্ম এবং পাপ-পুণ্য উভয়-কর্ম্মক্ষয়ে মুক্তি হইয়া থাকে। পঞ্চক্রোশী-প্রদক্ষিণাদি শুভকর্ম্মে ক্ষেত্রানুষ্ঠিত অশুভ কর্ম্মের নাশ হয়। কর্ম্মবিপাক শাস্ত্রোক্ত কর্ম্মে পূর্ব্বজন্মার্জ্জিত অশুভ কর্ম্মের ক্ষয় হয়। যাব-জ্জীবন বিশ্বেশ্বরের উপাসনাদি কর্ম্মে সকল পাপকর্ম্ম ধ্বংস হইয়া থাকে। সঞ্চিত, ক্রিয়-মাণ ও প্রারব্ধ, এই তিন প্রকার কর্ম্ম কথিত আছে। তন্মধ্যে পূর্ব্বজন্মানুষ্ঠিত কর্ম্মকে সঞ্চিত বলিয়া থাকে। ইহা দ্বারা জন্মান্তর প্রাপ্ত হয়। বর্ত্তমান জন্মে যে শুভাশুভ কার্য্য করা যায়,

তাহাকে ক্রিয়মাণ কহে। যাহার ফল এ শরীরে ভোগ করা যায়, তাহাকে প্রারব্ধ বলে এই প্রারব্ধ কর্ম্মের ক্ষয় ভোগ বিনা হয় না। পাপ বিনা প্রতিক্ষণে শরীরের দুঃ হয় না। স্থূলই হউক, সূক্ষ্মই হউক, যা কিছু দুঃখ দেখা যায়, তৎসমস্তই পাপ হইতে সমুদ্ভূত। যখন শরীর অপাপ হয়, তখন সুখের ভাজন হইয়া থাকে। কোন তীর্থে শু বৃদ্ধি হয়, কোন তীর্থে বা পাপনাশ হয়; কি কাশীক্ষেত্র বিনা অন্য কোন তীর্থে সকল কর্ম্মে ক্ষয় হয় না। অন্য সকল তীর্থই সুলভ, কি কাশীতীর্থ দুর্লভ। কেননা, "আমি কাশীগ করিব" এইরূপ মতি শত জন্মে করিলে, ত কাশীদর্শন ঘটিয়া থাকে; অন্য কোনরূপেই ঘ না। পূর্ব্বজন্মে পুষ্করাদি-তীর্থে বাস করি তৎপরজন্মে অযোধ্যাদি ছয়টী মুক্তিপুরীর ম অন্যতরের লাভ হয়। তৎপরে তৃতীয় জ কাশীলাভ হয়, অন্যথা সুলভ নহে। এইরূ একজন্মে কাশী-দর্শন ঘটিলে তৎপরে কা মুক্তিদায়ী হইয়া থাকে, তখন কাশীতে মরণ হ অন্যত্র কোথাও হয় না। ১—২১। কাশী প্রা

উভয়োঃ সিদ্ধিরক্ষার্থং ক্রিয়তে হরিণা স্বয়ম্।
ইত্যুক্তা সা তদা দেবী আনন্দং পরমং গতা॥ ৪১
তদ্দিনং হি সমারভ্য হরস্তস্থৌ তয়া সহ।
ইতি বশ্চ সমাখ্যাতং কাশ্যাগমনকারণম্॥ ৪২
অতঃ পরং প্রবক্ষ্যামি ত্র্যম্বকস্য সমুদ্ভবম্।
যচ্ছ্রুত্বা সর্ব্বপাপেভ্যো মুচ্যতে মানবঃ ক্ষণাৎ॥ ৪৩

ইতি শ্রীশৈবে মহাপুরাণে জ্ঞানসংহিতায়াং বিশ্বেশ্বরবর্ণনং নামৈকপঞ্চাশো-ঽধ্যায়ঃ॥ ৫১॥

দ্বিপঞ্চাশোঽধ্যায়ঃ।

সূত উবাচ

শ্রূয়তামৃষয়ঃ শ্রেষ্ঠাঃ কথাং পাপপ্রণাশিনীম্
কথয়ামি যথা ব্যাসাচ্ছ্রুতা চ ঋষিভিঃ সহ॥ ১
পুরা ঋষিবরশ্রেষ্ঠো গৌতমো নাম বিশ্রুতঃ
যস্য পত্নী পরা সাধ্বী হ্যহল্যা নাম বিশ্রুত॥ ২
তয়া সহ ঋষিশ্রেষ্ঠস্তপশ্চক্রে সুশোভনম্
দক্ষিণস্যাং দিশি যো বৈ গিরির্ব্রহ্মেতিসংজ্ঞিতঃ
তত্র তেন তপস্তপ্তং বর্ষাণাময়ুতং প্রভুম্।
কদাচিদ্বৈ হ্যনাবৃষ্টির্বভূবং সর্ব্বদুঃখদা।
বর্ষাণাঞ্চ শতং রৌদ্রং লোকা দুঃখমুপাগতাঃ॥
আর্দ্রঞ্চ পল্লবং নৈব দৃশ্যতে পৃথিবীতলে।
জলং নৈব বিদৃশ্যেত জীবানাং প্রাণধারকম্॥ ৫
তদা তে ঋষয়শ্চৈব মনুষ্যাঃ পশবস্তথা।
পক্ষিণশ্চ মৃতাঃ সর্ব্বে গতাশ্চৈব দিশো দশ॥ ৬
তদ্দৃষ্ট্বা ঋষয়ো বিপ্রাঃ প্রাণায়ামপরায়ণাঃ।
ধ্যানেনৈব তদা কেচিৎ কালং নিন্যুঃ সুদারুণম্
গৌতমোঽপি স্বয়ং তত্র বরুণার্থে তপঃ শুভম্
চকার চৈব ষণ্মাসং প্রাণায়ামপরায়ণঃ॥ ৮
তস্মৈ তদা বরং দাতুং বরুণঃ স সমাগতঃ।
প্রসন্নোঽস্মি বরং ব্রূহি দদামি ঋষিসত্তম॥ ৯
ততশ্চ গৌতমস্তং বৈ বৃষ্টিং বৈ প্রার্থয়ং তদা
ততঃ সোঽপি বচস্তস্মা উবাচ ঋষিসত্তমাঃ॥ ১০

বরুণ উবাচ।

দৈবাজ্ঞং চ সমুল্লঙ্ঘ্য ব্রহ্মণা ন কথং ময়া

হরি তাহাই প্রদান করিয়া থাকেন উভয়ের সিদ্ধিরক্ষার নিমিত্ত স্বয়ং হরি এই কর্ম্ম করেন। তিনি এই কথা বলিলে দেবী পরম আনন্দ লাভ করিলেন। সেই দিন হইতে ভগবান্ হর সেই পার্ব্বতীর সহিত তথায় অবস্থান করিলেন। এইরূপ কাশীতে ভগবান্ কেন আগমন করিয়াছিলেন, তাহা আপনাদিগকে বলিলাম। অতঃপর ত্র্যম্বকের উৎপত্তিকথা বলিব। ইহা শুনিলে মনুষ্য তৎক্ষণাৎ পাপ-মুক্ত হইবে। ২২—৪৩

একপঞ্চাশ অধ্যায় সমাপ্ত॥ ৫১॥

দ্বিপঞ্চাশ অধ্যায়।

সূত বলিলেন, হে ঋষিগণ! ব্যাসমুখে শ্রুত পাপনাশিনী ত্র্যম্বকের উৎপত্তিকথা বলিতেছি, শ্রবণ করুন। পূর্ব্বকালে মহর্ষি গৌতম দক্ষিণ-দিকে ব্রহ্মপর্ব্বতে পতিব্রতা পত্নী অহল্যার সহিত দশ সহস্র বর্ষ কঠোর তপস্যা করেন। তাঁহার তপস্যাকালে শত বর্ষ ধরিয়া অশে[ষ] দুঃখকরী অনাবৃষ্টি ঘটিয়াছিল। তাহাতে লোকে[র] ভয়ঙ্কর দুঃখ উপস্থিত হইয়াছিল। এম[ন] কি, পৃথিবীতলে আর্দ্রপল্লবও দৃষ্টিগোচর হই[ত] না। জীবের প্রাণধারক জল কুত্রাপি দৃ[ষ্ট] পথে পতিত হইল না। তৎকালে ব[হু] শত ঋষি, মনুষ্য, পশু ও পক্ষী প[ঞ্চত্ব] প্রাপ্ত হইল। মৃতাবশিষ্টগণ দশদিকে পলা[য়ন] করিল। তখন কতিপয় ব্রহ্মর্ষি প্রাণায়াম[পরায়ণ] হইয়া ধ্যানবলে সেই নিদারুণ কাল অতিবাহি[ত] করিয়াছিলেন। স্বয়ং গৌতম মুনি প্রাণায়াম[পরায়ণ] হইয়া বরুণের উদ্দেশে ছয়মাস ধরিয়া তপ[স্যা] করিলেন। তাঁহার তপস্যায় প্রসন্ন হইয়া বরু[ণ]দেব তাঁহাকে বর দিবার উদ্দেশে আসিয়া ব[লি]লেন, হে ঋষিশ্রেষ্ঠ! কি বর প্রার্থনা কর, ব[ল]। তখন গৌতম তাঁহার নিকট বৃষ্টি প্রার্থনা করি[লে] বরুণদেব বলিলেন, হে মহর্ষে! যাহার আ[জ্ঞা] ব্রহ্মারও অলঙ্ঘনীয়, এই অনাবৃষ্টি সেই দে[বের]

ইত্যুক্তঞ্চ কৃতং তেন জলেন পূরিতং তদা।
অক্ষয়ঞ্চ জলং তেহস্তু তীর্থভূতং ভবেদিহ ॥ ২৮
তব নাম্না চ বিখ্যাতং ক্ষেত্রঞ্চৈব ভবিষ্যতি।
অত্র দত্তং হুতং জপ্তং শ্রাদ্ধঞ্চৈবাক্ষয়ং ভবেৎ
ইত্যুক্ত্বান্তর্দধে দেব স্তুতস্তেন মহাত্মনা ॥ ২৯
ততশ্চ গৌতমস্তত্র জলং প্রাপ্য সুদুর্লভম্‌
নিত্যং নৈমিত্তিকং কর্ম্ম চকার বিধিবৎ তদা ॥৩০
ব্রীহীংশ্চৈব যবাংশ্চৈব নীবারানপরানেকধা
বাপয়ামাস তত্রৈব হবনার্থং মুনীশ্বরাঃ ॥ ৩১
জলঞ্চৈবাক্ষয়ং তত্র সততঞ্চৈব ঋষীশ্বরাঃ
বৃক্ষাশ্চ বিবিধাস্তত্র পুষ্পাণি চ ফলানি চ ॥ ৩২
ধান্যানি বিবিধানীহ হ্যাসংস্তত্রাপ্যনেকশঃ
ঋষয়ো হ্যাগতাস্তত্র গৌতমানুমতাস্তদা ॥ ৩৩
পশবঃ পক্ষিণশ্চৈব সমাজগ্মুঃ সুখায় বৈ
তদ্বনং সুন্দরং হ্যাসীৎ পৃথিব্যাং মণ্ডলে পরম্‌ ॥৩৪
ঋষয়োঽপি বনে তত্র শুভকর্ম্মপরায়ণাঃ
বাসং চক্রুরনেকে চ পুত্রশিষ্যসমন্বিতাঃ ॥ ৩৫
বাপয়ামাসুর্ধান্যানি কালক্রমণহেতবে

ততশ্চৈবাত্র তে তত্র দুঃখং কালস্য নাবিদন্‌।
আনন্দং তদ্বনে হ্যাসীৎ প্রভাবাদ্গৌতমস্য চ
এবং জাতে তদা তত্র যজ্জাতং শ্রূয়তাং পুন
কদাচিদ্‌গৌতমেনৈব জলার্থে প্রেষিতা গতাঃ
শিষ্যান্‌ জলসমীপে তু গতান্‌ দৃষ্ট্বা ন্যষেধয়ন্‌
ঋষিপত্ন্যো বয়ং তত্র গ্রহীষ্যামো বিদূরতঃ।
পশ্চাচ্চৈব জলং গ্রাহ্যমিত্যেবং পর্য্যভর্ৎসয়ন্‌
পরাবৃত্তা তদা তৈশ্চ ঋষিপত্ন্যৈ নিবেদিতম্‌।
স চাপি তান্‌ সমাদায় সমাশ্বাস্য চ তাঃ স্বয়
জলং নীত্বা দদৌ তস্যৈ গৌতমায় তপস্বিনে
নিত্যং সম্পাদয়ামাস জলেন ঋষিসত্তমাঃ
তাশ্চৈব ঋষিপত্ন্যশ্চ ক্রুদ্ধাস্তাঃ পর্য্যভর্ৎসয়ন
স্বাম্যগ্রে বিপরীতঞ্চ তাভিঃ সর্ব্বং নিবেদিতম্‌
অহল্যা মানবী নাথ ভর্ৎসয়তে চৈব নিত্যশঃ

তাঁহাকে গর্ত্ত খনন করিতে বলিলেন। তিনি গর্ত্ত খনন করিলে ভগবান বরুণ তাহা জলে পূর্ণ করিয়া বলিলেন, এই জল অক্ষয় থাকিবে, এই তীর্থ তোমার নামে বিখ্যাত হইবে এবং এই তীর্থে দান, হোম, জপ ও শ্রাদ্ধ অক্ষয় ফল প্রসব করিবে। এই কথা বলিয়া বরুণদেব অন্তর্হিত হইলেন। তখন মহাত্মা গৌতম তথায় দুর্লভ জল প্রাপ্ত হইয়া নিত্য নৈমিত্তিক ক্রিয়া কলাপ যথাবিধি করিতে লাগিলেন। হে মুনীন্দ্রগণ! তখন তিনি হোমের নিমিত্ত নানা প্রকার ব্রীহি, যব ও নীবার বপন করিলেন। জল তথায় সতত‍ই অক্ষয় রহিল। তথায় বিবিধ বৃক্ষ, ফল, পুষ্প ও ধান্য হইতে লাগিল। অপরাপর ঋষিগণ, পশু ও পক্ষী সকলেই সমাগত হইয়া, তথায় সুখে অবস্থান করিয়া রহিল। পৃথিবী মণ্ডলে সেই তপোবনই পরম সৌন্দর্য্য ধারণ করিল। অনেক সৎকর্ম্মপরায়ণ ঋষিগণ পুত্র ও শিষ্য সমেত তথায় আসিয়া বাস করিয়া ধান্য বপনপূর্ব্বক কালযাপন করিতে লাগিলেন। তদ্বনবাসী কোন ব্যক্তিরই কালকৃত দুঃখ অনুভব করিতে হয় নাই। রূপে গৌতমের প্রভাবে সেই তপোবন আ পূর্ণ হইয়াছিল। এইরূপে কিছুকাল গেলে, য ঘটিয়াছিল, তাহা শ্রবণ করুন ৩৭— একদা মহর্ষি গৌতম কতিপয় শিষ্যকে জ নয়নে প্রেরণ করিলেন। তাহারা জলসম উপস্থিত হইবামাত্র কতিপয় ঋষিপত্নী বলি যে, আমরা জলগ্রহণ করিব, তোমরা এ দূরে যাও, পরে আমাদিগের জল লওয়া হই তোমরা লইও এবং তৎসঙ্গে তাহাদি ভর্ৎসনা করিলেন। তখন শিষ্যগণ ঋষিপ দিগের কথায় কুপিত হইয়া প্রত্যাগমনপূ গুরুপত্নী অহল্যাকে নিবেদন করিল। শিষ্যগণকে অনুগৃহীত করিয়া সেই ঋষিপ দিগকে বুঝাইয়া তপস্বী গৌতমকে স্বয়ং আনিয়া দিলেন। এইরূপে তিনি নিত্য আনিয়া দিতেন। মহর্ষি গৌতমও সেই জ নিত্যকর্ম্ম সম্পাদন করিতেন। তাহা দে সেই ঋষিপত্নীগণ কুপিত হইয়া স্ত্রীস্বভাবসু ঈর্ষা বশতঃ তাঁহাকে এক দিন ভর্ৎসনা করি কিন্তু তাহারা স্ব স্ব স্বামীর নিকট বিপরী করিয়া লাগাইল। বলিল, স্বামিন্‌। অহ

নিষ্পাপং কুরু মে দেব শিবে বাক্যমুপাদদে।
ধন্যোঽসি কৃতকৃত্যোঽসি নিষ্পাপোঽসি সদা মুনে
এভিস্তু দুষ্টৈঃ কিল ত্বঞ্চ ছলিতোঽসি মহামুনে।
তবৈব দর্শনাল্লোকা নিষ্পাপাশ্চ ভবন্তি চ ॥ ৭১
কৃতঘ্নাশ্চ তথা জাত নিষ্কৃত্যা নৈব শুদ্ধিতাঃ।
দর্শনাদেব শেষং যৎ * পাপকং দুষ্কৃতং গতম্ ॥ ৭২
ইত্যুক্ত্বা শঙ্করস্তস্মৈ তেষাং দুশ্চরিতং তদা।
সর্ব্বং নিবেদয়ামাস শ্রুত্বা বিস্মিতমানসঃ ॥ ৭৩
আহ পুনঃ শিবং সোঽপি উপকারঃ কৃতো মহান্
ঋষ্যেবং ন কৃতং তৈস্তু দর্শনং তে কুতো ভবেৎ ॥
ধন্যাশ্চ ঋষয়শ্চৈব মহ্যং শুভতরং কৃতম্।
ইত্যেবং বচনং শ্রুত্বা প্রসন্নঃ শঙ্করঃ পুনঃ ॥ ৭৫
ধন্যোঽসি ত্বমৃষিশ্রেষ্ঠ ব্রিয়তাং বরমুত্তমম্।
গৌতমোঽপি বিচার্য্যৈবং লোকে বিকৃতমিত্যুত ॥

অন্যথা ন ভবেদেব তস্মাত্তুক্তং সমাচরেৎ।
নিশ্চিত্যৈবং মুনিশ্রেষ্ঠঃ শঙ্করং বাক্যমব্রবীৎ
সত্যং নাথ ব্রবীষি ত্বং তথাপি পঞ্চভিঃ কৃতম্।
নান্যথা ভবতীত্যত্র যজ্জাতং জায়তাং কুতঃ।
যদি প্রসন্নো দেবেশ গঙ্গা চ দীয়তাং মম ॥ ৭৮
ইত্যুক্ত্বা বচনং তত্র ধৃত্বা চরণপঙ্কজম্।
নমশ্চকার দেবেশং গৌতমো লোককাম্যয়া ॥ ৭
ততস্তু শঙ্করো দেবঃ পৃথিব্যাশ্চ দিবশ্চ সঃ।
সারং যৎ সমুদ্ধৃত্য রক্ষিতং পূর্ব্বমেব যৎ ॥ ৮০
বিবাহে ব্রহ্মণে দত্তং হ্যবশিষ্টঞ্চ কিঞ্চন ॥ ৮১
তৎ তস্মৈ দত্তবান্ শম্ভুর্ভক্তবৎসলতাং স্বয়ম্।
খ্যাপয়ন্ ভুবনে তস্য গৌতমস্য মহাত্মনঃ ॥ ৮২
গঙ্গাজলং তদা তত্র স্ত্রীরূপমভবৎ পরম্।
তস্যাশ্চৈব ঋষিশ্রেষ্ঠঃ স্তুতিং কৃত্বা নতিং ব্যধাৎ
ধন্যাসি কৃতকৃত্যাসি পাবিতং ভুবনং ত্বয়া
মাঞ্চ পাবয় গঙ্গে ত্বং পতিতং নিরয়ে ধ্রুবম্ ॥ ৮

সেই গৌতমমুনি কৃতাঞ্জলিপুটে অবস্থান করিলেন। ৫৮—৬৯। তখন ভগবান ভবানীপতি বলিলেন, হে মহামুনে! তুমি ধন্য,—তুমি কর্ত্তব্য কার্য্যই করিয়াছ। তোমার দেহ সর্ব্বদাই নিষ্পাপ, কেবল স্বার্থপরায়ণ এই ঋষিগণ তোমায় ছলনা করিয়াছে। তুমি এত পবিত্র যে, তোমাকে দেখিলে লোকে নিষ্পাপ হইয়া থাকে। যাহারা তোমার উপর এইরূপ অত্যাচার করিয়াছে, তাহারা প্রায়শ্চিত্ত করিলেও শুদ্ধিলাভ করিতে পারিবে না। তবে যদি তোমার কোন পাপের আশঙ্কা থাকে, তাহা মদ্দর্শন মাত্রেই বিদূরিত হইয়াছে। এই কথা বলিয়া ভগবান শঙ্কর তাঁহাকে ঋষিগণের দুর্ব্ব্যবহার যথাযথ বিজ্ঞাপন করিলেন তাহা শুনিয়া গৌতম বিস্মিত মনে ভগবান্ দেবদেবকে বলিলেন—প্রভো! তাহারা আমার মহান উপকার করিয়াছে, নতুবা আমি কিরূপে আপনার দর্শন লাভ করিতাম? সেই ঋষিগণ ধন্য, তাঁহাদিগেরই কৃপায় আমি এই শুভ লাভ করিলাম তাঁহার বাক্যে ভগবান প্রসন্ন হইয়া পুনরায় বলিলেন,—মহর্ষে! তুমি ধন্য, তুমি উত্তম বর প্রার্থনা কর। তখন গৌতম মনে মনে ভাবিলেন, যখন আমার পাপ পৃথিবীতে খ্যাত হইয়াছে, তখন মাদৃশ ব্যক্তির তাহা অপনোদন করা উচিত। এই নিশ্চয় করিয়া দেবদেবকে বলিলেন ভগবন্! আপনি সত্য কথাই বলিতেছেন, তথাপি পাঁচজনের কৃত অন্যথা হয় না; সে যাহা হউক, যদি দেবদেব প্রসন্ন হইয়াছেন, তবে আমায় গঙ্গা প্রদান করুন। গৌতম এই কথা বলিয়া তাঁহার পাদপদ্ম ধরিয়া লোকহিতের জন্য দেবদেবকে প্রণাম করিলেন। তৎপরে ভগবান্ শঙ্কর আপনার ভক্তবৎসলতা খ্যাপন করিবার জন্য স্বর্গ ও পৃথিবীর সার উদ্ধার করিয়া যাহা পূর্ব্বে রক্ষা করিয়াছিলেন ও যাহা বিবাহকালে ব্রহ্মাকে দিয়া অবশিষ্ট ছিল, সেই গঙ্গাজল মহাত্মা গৌতমকে প্রদান করিলেন। তৎক্ষণাৎ সেই জল স্ত্রীরূপ ধারণ করিল। তখন মহর্ষি গৌতম তাঁহাকে স্তব ও প্রণাম করিয়া বলিলেন, হে গঙ্গে! তুমি ধন্য, তুমিই সার্থক, তুমিই জগৎ পবিত্র করিলে। তুমি, এক্ষণে নরকে পতিত এই পাপীকে উদ্ধার

* মদ্দর্শনাদশেষং যদিতি ক্বচিৎ পাঠঃ।

গঙ্গা প্রসন্না তেভ্যশ্চ গিরিশশ্চ তথৈব চ।
বরং ব্রূত ঋষিশ্রেষ্ঠা দদামঃ প্রিয়কাম্যয়া ॥ ৩

ঋষয় উচুঃ।

যদি প্রসন্নো দেবেশ প্রসন্না ত্বং সরিদ্বরে।
স্থাতব্যমত্র যুষ্মাভিঃ প্রিয়ার্থং সংকৃতা নৃণাম্‌ ॥ ৪

গঙ্গোবাচ।

যুষ্মং সর্ব্বে প্রিয়ার্থঞ্চ তিষ্ঠন্তু কিং মযা পুনঃ
গৌতমং পাবয়িত্বাহং গমিষ্যামি যথাগতম্‌ ॥ ৫
ভদ্রং বঃ সদাপ্যস্তু পবিত্রীক্রিয়তাং জগৎ ॥ ৫
ইত্যুক্তাস্তে তদা সর্ব্বে উচুঃ শুভতরং বচঃ
অস্মাকং পাবনায়ৈব স্থাতব্যং ভুবনে ইহ ॥ ৬

গঙ্গোবাচ

ভবৎসু মে বিশেষোঽত্র জ্ঞেয়শ্চৈব কথং ভবেৎ

সূত উবাচ

ইত্যুক্তাস্তে তদা দেবা ঋষয়ঃ সরিতস্তথা
ক্ষেত্রাণি তীর্থমুখ্যানি প্রণিপত্যাব্রুবন্মুদা ॥ ৮

সর্ব্বে দেবা উচুঃ

সিংহরাশৌ যদি স্যাৎ গুরুঃ সর্ব্বসুরেশ্বরঃ
তদা বয়ঞ্চ সর্ব্বে বৈ আগমিষ্যাম্যস্মাকং পুনঃ ॥
একাদশ চ বর্ষাণি লোকানাং পাতকম্বিত
ক্ষালিতং যদ্যুষ্মাকেব মলিনাঃ স্ম সরিদ্বরে ॥ ১০
তস্যৈব ক্ষালনার্থঞ্চ যাস্যামঃ সর্ব্বথা প্রিয়ে
অনুগ্রহায় লোকানামস্মাকং প্রিয়কাম্যয়া ॥ ১১
স্থাতব্যং শঙ্করেণৈব ত্বয়া চৈব সরিদ্বরে
যাবৎ সিংহে গুরুশ্চৈব স্থাস্যামস্তাবদেব হি ॥
তস্মি স্নানং ত্রিকালঞ্চ শঙ্করস্য চ দর্শনম্‌
তেন পাপং বিমোক্ষ্যামো নাত্র কার্য্যা বিচারণা।
ইত্যেবং প্রার্থিতা তৈস্তু গৌতমেন মহর্ষিণা
স্থিতোঽসৌ শঙ্করশ্চৈব স্থিতা সা চ সরিদ্বরা
তদ্দিনং হি সমারভ্য সিংহস্থে চ বৃহস্পতৌ
আযান্তি সর্ব্বতীর্থানি ক্ষেত্রাণি দেবতানি চ ॥
পুষ্করাদ্যানি তীর্থানি গঙ্গাদ্যাঃ সরিতস্তথা
বাসুদেবাদয়ো দেবা বসন্তি গৌতমীতটে ॥ ১
যাবৎ তত্র স্থিতানীহ তাবৎ তেষাং ফলং ন।

গঙ্গাদেবী ও ভগবান্‌ শঙ্কর প্রসন্ন হইয়া ঋষি-দিগকে বর প্রার্থনা করিতে বলিলেন। তাহা শুনিয়া ঋষিগণ বলিলেন, হে দেবদেব! হে গঙ্গে! আপনারা যদি প্রসন্ন হইয়া থাকেন তবে সংকর্ম্মশালী মনুষ্যগণের হিতের জন্য আপনারা এই স্থানে অবস্থান করুন, এই বর আমরা প্রার্থনা করি। গঙ্গা বলিলেন, তোমরা থাকিতে আমার অবস্থানে প্রয়োজন কি? আমি গৌতমমুনিকে পবিত্র করিয়া যথাস্থানে গমন করিব, তোমাদিগের মঙ্গল হউক, তোমরাই এই জগৎ পবিত্র করিতে থাক। তিনি এই কথা বলিলে তাঁহারা সকলে "আমাদিগকে পবিত্র করিবার জন্য এই পৃথিবীতে আপনাকে অবস্থান করিতে হইবে" এই মঙ্গলময় বাক্য বলিলেন। তখন গঙ্গা বলিলেন, তোমাদিগের অপেক্ষা আমার বিশেষত্ব কিরূপে জানা যাইবে? সূত কহিলেন, গঙ্গা এই কথা বলিলে দেবগণ, ঋষিগণ, সাক্ষাৎ নদী, পুণ্যক্ষেত্র ও তীর্থ সকল তাঁহাকে প্রণাম করিয়া বলিলেন, অয়ি সরিদ্বরে গঙ্গে। আমরা একাদশবর্ষ ধরিয়া লোকের পাপ ক্ষালনে মলিন হইয়া থাকি, সেই মলিন পাপক্ষালনের জন্য সুরগুরু বৃহস্পতি সিংহ রাশিতে গত হইলে সকলেই আপনার নিকট আসিব। লোকের অনুগ্রহ জন্য ও আমা-দিগের হিতের জন্য আপনার ও ভগবান শঙ্করের এই স্থানে থাকিতে হইবে। বৃহস্পতি যতদিন সিংহরাশিতে থাকিবেন, ততদিন আমরা আপনাতে ত্রিসন্ধ্যা স্নান করিয়া ও ভগবান্‌ শঙ্করকে দর্শন করিয়া পাপ মোচন করিব, এবিষয়ে সন্দেহ নাই। তাঁহারা ও গৌতম মুনি এইরূপ প্রার্থনা করিলে সরিদ্বরা গঙ্গা ও ভগবান শঙ্কর তথায় অবস্থান করিতে লাগিলেন ১—১৪। সেই দিন হইতে বৃহস্পতি সিংহরাশিস্থ হইলে সকল তীর্থ, পুণ্যক্ষেত্র, দেবগণ তথায় আগমন করিয়া থাকেন। পুষ্করাদি তীর্থনিচয়, গঙ্গা প্রভৃতি নদী ও বাসুদেবাদি দেবগণ গৌতমীতটে তাবৎ বাস করিয়া থাকেন; যাবৎ তাঁহারা তথায় অবস্থান করেন, তাবৎ তাঁহাদিগের স্নান ও দর্শনাদি জন্য

মাতশ্চ শ্রূয়তামেতন্মহতাং রীতিরেব চ । ৩৩
অপকারিষু যে লোকে উপকারং চরন্তি বৈ ।
তেন প্রোক্তা ভবামাত্র ভগবদ্বাক্যতঃ শ্রুতম্ । ৩৪
তস্মাং ত্বয়া চ তং কার্য্যং সত্যঞ্চ ভগবদ্বচঃ ।
পুনর্বাণী সমুৎপন্না সত্যঞ্চ কথ্যতে ত্বয়া । ৩৫
তথাপি সংগ্রহার্থঞ্চ প্রায়শ্চিত্তং চরন্তি চেৎ
শতমেকোত্তরঞ্চাত্র কার্য্যং প্রক্রমণং গিরেঃ । ৩৬
তদা সেবাধিকারশ্চ জায়তে দুষ্টকর্ম্মণাম্ ।
ইতি শ্রুত্বা বচস্তস্যাশ্চক্রুস্তে তথা পুনঃ । ৩৭
গৌতমশ্চ ততঃ শ্রুত্বা ক্ষমুবাংশ্চাপরাধকং ।
এবং কৃতে তদা তেন গৌতমেন তদাজ্ঞয়া । ৩৮
কুশাবর্ত্তং তদা চক্রে গঙ্গাদ্বারাদধোগতম্ ।
ততঃ প্রাদুরভূৎ তত্র তত্রৈব প্রীতমে পুনঃ । ৩৯
কুশাবর্ত্তঞ্চ বিখ্যাতং তীর্থমাসীদনুত্তমম্ ।
তত্র স্নাতো নরো যস্য মোক্ষঃ প্রবিকল্পতে । ৪০
তত্রৈব ঋষয়ো দিব্যাং স্তুতিং কৃত্বা পুনঃপুনঃ
অহল্যায়াঃ পুনঃ কৃত্বা ঋষিপত্ন্যাস্তথা পুনঃ । ৪
চক্রুস্তে তু তদা স্নানং কৃতার্থা অভবংস্তদা ।
শিবস্য দর্শনং কৃত্বা আনন্দং পরমং গতাঃ ।
গঙ্গাদ্বারে কুশাবর্ত্তে শিবস্য ত্র্যম্বকস্য চ ।
নিকটে কোটিতীর্থে চ স্নাত্বা গর্ভং ন গচ্ছতি
গঙ্গাঞ্চ সেবতে বিষ্ণুর্গঙ্গাঞ্চ সেবতে হরঃ ।
গঙ্গাঞ্চ সেবতে ব্রহ্মা কো বা গঙ্গাং ন সেব[illegible]
সামান্যো যো ভবেচ্চৈব সেবয়িত্বা সুখী ভব[illegible]
মুক্তিমাপ্নোতি নিকটে যশ্চৈব চ ব্যবস্থিতঃ ।
গঙ্গাঞ্চৈব তদা দৃষ্ট্বা পঞ্চবট্যাং হরিঃ স্বয়[illegible]
পালনার্থঞ্চ জগতাং স্থিতোহসৌ রঘুনন্দনঃ ।
[illegible] গঙ্গা তত্র বিষ্ণু স্থিতঃ কিং [illegible]
[illegible] মরণ [illegible] বারাণস্যাঞ্চ [illegible]
তৎ ফলং যামমাত্রেণ পঞ্চবট্যাং নিবাসিনঃ ।
পূর্ব্বং রামং ততো দেবং ত্র্যম্বকং লোকশঙ্ক[illegible]
গঙ্গাদ্বারঞ্চ তদ্দৃষ্ট্বা কঃ পাপো ন প্রমুচ্যতে ।
যে স্নাতাস্তত্র তত্রৈব জীবন্মুক্তা ভবন্তি তে

করিয়া বলিলেন, মাতঃ! আমার কথা শুনুন, অপকারীর উপকার করাই মহতের রীতি। ভগবান্ দেবদেব আপনাকে এইমাত্র বলিলেন যে, 'তুমি এইস্থানে থাকিয়া সকলকে পবিত্র কর।' এক্ষণে তাঁহার বাক্য আপনার পালন করা উচিত। মহর্ষি গৌতম এই কথা বলিলে তৎক্ষণাং পুনরায় দেববাণী হইল, মহর্ষে! তুমি সত্য কথাই বলিতেছ বটে; কিন্তু উহারা তোমার সহিত ব্যবহারের জন্য একশত একবার ব্রহ্মগিরি প্রদক্ষিণ করিয়া প্রায়শ্চিত্ত না করিলে আমার অনুগ্রহভাজন হইবে না। তখন গৌতমমুখে গঙ্গাদেবীর এই বাক্য শুনিয়া সেই দুষ্ট ঋষিগণ তাঁহার কথানুযায়িক প্রায়শ্চিত্ত করিল। তৎপরে সদাশয় গৌতম তাহাদিগকে নিজের অপরাধ মার্জ্জনা করিতে বলিলেন। অনন্তর মহর্ষি গৌতম, দেবীর আদেশক্রমে গঙ্গাদ্বারের নিম্ন-ভাগে কুশাবর্ত্ত নামে সর্ব্বোৎকৃষ্ট তীর্থ নির্ম্মাণ করিলেন। তথায় স্বয়ং গঙ্গাদেবী, প্রীতিবশে আবির্ভূতা হইলেন। ঐ কুশাবর্ত্ত তীর্থে স্নান করিলে মনুষ্য মুক্তিলাভ করে। মহর্ষি গৌতমের এই এইরূপ প্রভাব দেখিয়া ঋষি ও তৎপ[illegible] [illegible]হার ও তৎপত্নী অহল্যা দেবীর পুন পুনঃ করিয়া তথায় স্নানপূর্ব্বক কৃতার্থ হইলেন ও [illegible]বান ত্র্যম্বকেশ্বরকে দর্শন করিয়া পরম আ[illegible] লাভ করিলেন ৩৮—৪২। গঙ্গাদ্বার, কুশ[illegible] ও ত্র্যম্বকেশ্বরের নিকট কোটিতীর্থে স্নান ক[illegible] মনুষ্যের গর্ভযন্ত্রণা ভোগ করিতে হয় [illegible] ভগবতী গঙ্গা, ব্রহ্মা, বিষ্ণু ও হরেরও আ[illegible] দেবতা। সামান্য লোকেও তাঁহার সেবা ক[illegible] অথবা তাঁহার নিকটে অবস্থান করিলে মো[illegible] ভাজন হয়। এমন কি, বিষ্ণুরূপী স্বয়ং র[illegible]চন্দ্র পঞ্চবটী বনে গঙ্গা দেখিয়া জগৎ পা[illegible] করিতে অবস্থান করিয়াছিলেন। সেখানে [illegible] ও বিষ্ণু উভয়েই বর্ত্তমান আছেন, তথায় কি [illegible] দুর্লভ নহে। আ-মরণ বারাণসীবাসে যে [illegible] প্রহরমাত্র পঞ্চবটীতে বাস করিলে সেই [illegible] লাভ হয়। প্রথমে রামচন্দ্র, পরে কল্যাণ[illegible] ত্র্যম্বকেশ্বর, তৎপরে গঙ্গাদ্বার দেখিয়া কে [illegible] পাপী না মুক্ত হইয়া থাকে? ঐ সকল তী[illegible] স্নান করিলে লোকে জীবন্মুক্ত হইয়া থা[illegible]

ইতো গত্বা পুনশ্চৈব কুরু ত্বঞ্চ হিতায় বৈ।
কৈলাসোদ্ধরণে যত্নঃ কর্ত্তব্যশ্চ ত্বয়া পুরঃ॥ ৪
যদি চৈব ধৃতশ্চায়মুৎক্ষেপশ্চৈব ভবিষ্যতি।
তদা বৈ সফলং সর্ব্বং ভবিষ্যতি ন সংশয়ঃ॥ ৫
পূর্ব্ববৎ স্থাপয়িত্বা তং পুনরাগচ্ছ বৈ সুখম্।
নিশ্চয়ং পরমং গত্বা যথেচ্ছসি তথা কুরু॥ ৬
ইত্যুক্তঃ স হিতং মেনে রাবণো বলদর্পিতঃ।
সত্যং মত্বা মুনের্বাক্যং কৈলাসমগমৎ তদা॥ ৭
গত্বা তত্র সমুদ্ধারং চক্রে তস্য গিরেরপি।
তত্রস্থঞ্চৈব তৎ সর্ব্বং বিপর্য্যস্তং পরস্পরম্॥ ৮
গিরীশোঽপি তদা দৃষ্ট্বা কিং জাতমিত্যুবাচ বৈ।
গিরিজা চ তদা শম্ভুং প্রত্যুবাচ বিহস্য তম্॥ ৯
শিষ্যস্য ফলং প্রাপ্তং সম্যক্ তৎ সুশিষ্যতঃ।
পশ্চাচ্ছিবেন শপ্তশ্চ রাবণো বলদর্পিতঃ
ত্বদ্ভুজানাং হন্তা ন চ দর্পঘ্নশ্চ ভবিষ্যতি॥ ১০
ইতি তস্য তদা জাতং নারদঃ কৃতবান্ যদা

কৈলাসং পূর্ব্ববৎ স্থাপ্য যথাগতং তথা যযৌ
নিশ্চয়ং পরমং গত্বা বলে বলবিমোহিতঃ।
জগদ্বশে তদা চক্রে রাবণো লোকরাবণঃ॥
ইতোঽতশ্চ সমাখ্যাতং বৈদ্যনাথেশ্বরস্য চ।
মাহাত্ম্যং শৃন্বতাং পাপং গচ্ছতি ভস্মসাৎ্
অতঃ পরং প্রবক্ষ্যামি নাগেশং পরমাত্মনঃ
জ্যোতীরূপং যথাজাতং তথা চ বিনিবেদয়ে
দারুকা রাক্ষসী কাচিৎ পার্ব্বত্যা বলদর্পিত
দারুকশ্চ তদা তস্যাঃ স্বামী চ বলবত্তরঃ॥
বহুভী রাক্ষসৈস্তত্র চকার কদনং মহৎ।
যজ্ঞধ্বংসঞ্চ লোকানাং ধর্ম্মধ্বংসং তথাকরো
পশ্চিমে সাগরে তস্য বনং সর্ব্বসমৃদ্ধিমৎ
যোজনানাং ষোড়শৈব বিস্তৃতং সর্ব্বতোদিশ
দারুকায়ৈ তদা দেবী বনস্য চলনে বলম্
দারুকা যত্র সা যাতি তত্র গচ্ছতি তদ্বনম্॥

তুমি আমার প্রিয়পাত্র, আমার কথায় বিশ্বাস করিও। এক্ষণে এই স্থান হইতে ফিরিয়া গিয়া নিজ হিতের জন্য কৈলাস পর্ব্বত উত্তোলন করিবার যত্ন কর। যদি উত্তোলন করিতে পার, তবে তোমার সকলই সফল হইবে। পরে সেই পর্ব্বত পূর্ব্ববৎ স্থাপন করিয়া সুখে আগমন করিও। তোমার যদি ইহাতে বিশ্বাস ও ইচ্ছা হইয়া থাকে, তবে এইরূপ কার্য্য কর। নারদ এই কথা বলিলে বলদর্পিত রাবণ, মুনির সেই বাক্য হিতজনক এবং সত্য বিবেচনা করিয়া কৈলাসে গমন করিল। তথায় গিয়া রাবণ কৈলাস-পর্ব্বতকে উত্তোলন করে, তাহাতে পর্ব্বতে অবস্থিত যাবৎ বস্তুই পরস্পর বিপর্য্যস্ত হইয়া পড়িল। তখন শিবও, তাহা দেখিয়া বলিলেন, "কি হইল!" তৎকালে, পার্ব্বতী হাস্য করিয়া তাঁহাকে বলিলেন, "এই ফল আপনি, আপনার শিষ্যের নিকটেই পাইলেন; যাহা হউক, সুশিষ্য করিয়া উত্তম হইয়াছে!" শিব জানিতে পারিয়া সেই বলদর্পিত রাবণকে অভিশাপ প্রদান করেন, "তোর বাহুগর্ব্বখর্ব্বকারী পুরুষ শীঘ্রই উৎপন্ন

হইবে।" শিব এই প্রকার অভি দিলে, নারদ তাহা শুনিতে পাইলে বল-বিমোহিত রাবণও আত্মবলে বিশ্বাস হইয়া, কৈলাস-পর্ব্বতকে পূর্ব্ববৎ স্থাপনপূ যথাগত প্রস্থান করিল। ১—১১। রাবণ, তখন ক্রমে ক্রমে ত্রৈলোক্য করিল। বৈদ্যনাথেশ্বরের এই সমস্ত মা কীর্ত্তন করিলাম, ইহা শ্রবণ করিলে মানবগ পাপরাশি ভস্মীভূত হয়। পরমাত্মা শি নাগেশনামক জ্যোতির্লিঙ্গমূর্ত্তি যেরূপে অতঃপর তাহা বলিতেছি। দারুকানাম্নী পা তার বলে বলদর্পিতা কোন রাক্ষসী ছি তাহার স্বামীর নাম ছিল দারুক, দারুকও অ শয় বলশালী ছিল। বহুতর রাক্ষসের স মিলিত হইয়া দারুক, যজ্ঞধ্বংস ও ধর্ম্মধ্ব করত লোকসমূহের মহাপীড়ন করিতে লাগি পশ্চিম সাগরের সমীপে দারুকের সর্ব্বসমৃ সম্পন্ন বন ছিল। চতুর্দ্দিকে ষোড়শ যো তাহার পরিমাণ। দেবী পার্ব্বতী, দারুকা রা সীকে বর দিয়াছিলেন, "দারুকে! তুমি, বৃ রাজি এবং সমুদয় উপকরণের সহিত এই ব তোমার ইচ্ছানুসারে, তোমার সহিত প্রয়া

সুদেহা তাবদপ্যস্য স্পর্দ্ধাঞ্চৈব চকার সা।
প্রথমং শীতলং তস্যা হৃদয়ং হসিবং পুনঃ ॥ ৪২
তদন্তরঞ্চ যজ্জাতং শৃণ্বতামৃষিসত্তমাঃ।
পুত্রং দৃষ্ট্বা কনিষ্ঠায়া জ্যেষ্ঠা দুঃখমুপাগতা ॥ ৪৩

সূত উবাচ।

সর্ব্বে পুত্রপ্রশংসাঞ্চৈব প্রশংসন্তি নিরন্তরম্
ন সহতে তয়া তস্য রূপস্যৈব শিশোরথ ॥ ৪৪
সুদেহা তনয়ং দৃষ্ট্বা হৃদয়ব্যাধিসংযুতম্।
এতস্মিন্নন্তরে বিপ্রাঃ কন্যাং দাতুং সমাগতাঃ ॥ ৪৫
বিবাহং তস্য চাত্রৈব চকার বিধিবৎ পুনঃ
সুধর্ম্মা ঘুশ্ময়া সার্দ্ধমানন্দং পরমং গতঃ ॥ ৪৬
সর্ব্বে সম্বন্ধিনস্তস্যা ঘুশ্মায়া মানমাদধুঃ
তদ্দৃষ্ট্বা চ সুদেহা বৈ মনসি জ্বলিতা তদা ॥ ৪৭
গৃহমাগত্য সুধর্ম্মা স বধূং পুত্রং মুনীশ্বরাঃ
উৎসঙ্গে দর্শয়ামাস প্রিয়াভ্যাং হর্ষিতস্তদা ॥ ৪৮
মনসি হর্ষিতা ঘুশ্মা সুদেহা দুঃখমাগতা

গৃহে চলন্তীং সংলোক্য বধূং পুত্রং সুদেহিকা
অত্যন্তং দুঃখমাপন্না হা হতাস্মি তদাপতৎ।
ঘুশ্মাবদনবধূশ্চেয়ং মদীয়া ন মদীয়িকা ॥ ৫০
পুত্রশ্চৈব বধূশ্চৈব শ্বশুরং জ্যেষ্ঠামমন্যত
ভর্ত্তা চৈব তথা জ্যেষ্ঠাং মেনে নৈব কনিষ্ঠিকাম্
তথাপি চ তদা জ্যেষ্ঠা হৃচ্ছূলবতী হ্যভূৎ।
তদা বিচারয়ামাস দুঃখশান্তিঃ কথং ভবেৎ ॥
মদীয়ং হৃদয়াগ্নিঃ ঘুশ্মানেত্রজলেন চ।
শান্তা ভবিষ্যতি নূনং নান্যথা শান্তিমাপ্নুয়াৎ
এবং মনস্যমান্যা সুপ্রিয়ং প্রিয়বাদিনম্।
যদ্ভাবি ভবেদেব নিশ্চয়ং পরমং গতা।
কদর্য্যাণাং বিচারশ্চ কৃত্যাকৃত্যে ভবেন্ন হি
একস্মিন্ দিবসে জ্যেষ্ঠা সুপ্তং পুত্রং বধূযুতম্
ছেদয়ামাস চাঙ্গেষু গৃহীত্বা ছুরিকাং স
সর্ব্বাঙ্গখণ্ডমাদায় রাত্রৌ সরসি প্রাক্ষিপৎ
যত্র ক্ষিপ্তানি লিঙ্গানি ঘুশ্ময়া নিত্যমেব চ
তত্র ক্ষিপ্তা সমাগত্য সুষ্বাপ সুখতঃ গৃহে
প্রাতশ্চৈব সমুত্থায় ঘুশ্মা নিত্যং তদাকরোৎ

সন্তুষ্ট হইলেন এবং বিষয়ে অনাসক্ত না হইয়া সুখভোগ করিতে লাগিলেন। কিন্তু সুদেহা তদবধি তাহার প্রতি স্পর্দ্ধা করিতে লাগিল; পূর্ব্বে তাহার হৃদয় কোমল ছিল, পুত্র হওয়া অবধি শাণিত অস্ত্রের ন্যায় হইল। হে ঋষিগণ! অনন্তর যাহা হইয়াছিল, শ্রবণ করুন; দাম্ভিকের জ্যেষ্ঠা পত্নী, কনিষ্ঠার পুত্র দর্শনে দুঃখিত হইল এবং সকলের মুখে পুত্রপ্রসবিনীর নিরন্তর প্রশংসা ও তদীয় শিশুর রূপের নিরন্তর প্রশংসা তাহার অসহ্য হইয়া উঠিল; তজ্জন্য দুঃখাগ্নি তাহার হৃদয়কে দগ্ধ করিতে লাগিল। একদা কতকগুলি ব্রাহ্মণ, সুধর্ম্মার পুত্রকে কন্যা দিবার জন্য উপস্থিত হইলে, সুধর্ম্মা পুত্রের যথাবিধি বিবাহকার্য্য সম্পন্ন করিয়া ঘুশ্মার সহিত পরমানন্দ ভোগ করিতে লাগিলেন; কুটুম্বগণ, ঘুশ্মার সম্মান করিতে লাগিল; তাহা দেখিয়া সুদেহা অন্তরে দগ্ধা হইতে লাগিল। সুধর্ম্মা গৃহে আসিয়া পুত্র ও পুত্রবধূকে ক্রোড়ে করিয়া আহ্লাদিত মনে পত্নীদ্বয়কে দেখাইতে লাগিলেন। তদ্দর্শনে ঘুশ্মা আনন্দিতা ও সুদেহা অন্তরে দুঃখিতা হইয়া গমন করিতে লাগিলে

দুঃখভরে 'হা হতাস্মি' বলিয়া পতিত তখন দুঃখে কহিল, আর্য্যে! এই বধূ আ আমার নহে অনন্তর পুত্র, জ্যেষ্ঠ মা পুত্রবধূ জ্যেষ্ঠা শ্বশ্রূর সম্মান করিল। কনিষ্ঠ পত্নীর আদর না করিয়া জ্যেষ্ঠা আদর করিলেন ৩৮—৫১। তথাপি দু অন্তরের শূলত না যাওয়ায় সে বিচার ক লাগিল, "এই দুঃখ কিরূপে যাইবে, অ অন্তর্দাহ ঘুশ্মার নেত্রজলেই শান্ত হইতে পা অন্যথা ইহার শান্তি দেখিতেছি না। এ উহার ঐ প্রিয়বাদী প্রিয়তম পুত্রকে বি করিব; যাহা ভবিতব্য, তাহা হইবে" সু এইরূপ স্থির সঙ্কল্প করিল। কদর্য্য ব্য দিগের কার্য্যাকার্য্য বিচার থাকে ন সুদেহা, একদিন পত্নীর সহিত সুখসু তনয়কে ছুরিকা দ্বারা ছেদন করিল তাহার ছিন্নদেহ রাত্রিমধ্যেই সেই স নিক্ষেপ করিল;—যাহাতে ঘুশ্মা প্রত্যহ শিবলিঙ্গ নিক্ষেপ করে। পরে বাটী জ

...ক কোটিরে কৃত্বা চ জলসেচনম্ ॥ ২৬
...চ তয়োঃ শ্রেষ্ঠং তৎসুখঞ্চ নিরন্তরম্।
...ন সমাযুক্তৌ ভুঞ্জানৌ প্রীতমানসৌ ॥ ২৭
...সময়ে স্বামারাধনার্থং গতো যদা।
...ন্তরে কশ্চিদ্‌যতির্জটিল আগতঃ ॥ ২৮
...ং দর্শনং কৃত্বা শঙ্করস্য স্বলেচ্ছয়া।
রাত্রিং সমা কথা প্রাতর্গচ্ছেব যথাগতম্ ॥ ২৯
...মি চ তত্রৈব বিচৈর্য্যেবমুপাগতঃ ॥ ৩০
...কনীং তদা দৃষ্ট্বা ভয়ব্যস্তবিলোচনঃ।
...চ পিত্রা ... ত্যক্তশ্চ স্থিরতাং গতঃ ॥ ৩১
...নে সময়ে সো...ব স্বাগমাৎ গৃহাধিপঃ।
...ং তস্য কৃত্বা চ ব্রতি কার্য্যং প্রভো ইতি ॥ ৩২

যতিরুবাচ।

...মস্য মধ্যে বৈ দীয়তাং প্রাতরেব হি।
...য়া সর্ব্বং ভিন্ন ইত্যাক্তেহস্তদনু প্রভো ॥ ৩৩
স্বয়ঞ্চৈব গন্তুং যোগ্যা বর্ত্ততে নান্যথা কথম্।
ইত্যুক্তশ্চ তদা সো বৈ গমনায় মতিং দধে ॥ ৩৪
তাবদ্বিপ্রো বচঃ প্রোক্তং ধর্ম্মশ্চৈব গমিষ্যতি।
স্বামিনঞ্চ তদা ব্রূতে যুবাভ্যাং স্থীয়তাং গৃহে।
অহং বহিঃস্থিতিং কুর্য্যামাদ্যযামি যথাপি ॥ ৩৫
তদ্বচশ্চ শ্রুতং তেন স্বামিনা চ বিচারিতম্।
স্ত্রিয়ং বহিশ্চ নিষ্ক্রাম্য কথং স্থেয়ং ময়া গৃহে ॥ ৩৬
যদ্ভাবি তদ্ভবেদেব ময়া স্থেয়ং বহিঃ স্বয়ম্।
ইত্যাগ্রহং তদা কৃত্ব গৃহে তৌ চ সুরক্ষিতৌ ॥ ৩৭
স্বয়ঞ্চৈবায়ুধাক্রান্ত দ্বারস্থিতো বনেচরঃ।
যোগীন্দ্রে ধ্যানযোগেন স্থিতঃ কোণান্তরে তদা ॥
সাপি নিদ্রাং করোতি স্ম স্থিতো বহির্বনেচরঃ।
রাত্রৌ চ পশবস্তং স্ম পীড়য়ামাসুরক্ষতাঃ ॥ ৩৯
তেনৈব চ যথাশক্তি কৃতো যত্নশ্চ নিশ্চলঃ।

...দির নামক শিবলিঙ্গে জলসেচন করত ...দুর শিবপূজা করিত। তাহারা উভয়ে ঐ পূজাফলে সুন্দর যৌবন প্রাপ্ত হইয়া নিরন্তর ...ন-সুখ ভোগপূর্ব্বক পরমানন্দে প্রীতি লাভ ...ম নানারূপ ভোগ করিত ।২৬—২৭।
...ন সময়ে স্বামী আহুক, শিবের আরাধন ...র্থ গমন করিয়াছে, এমন সময়ে এক জটা-ধারী যতি আগমন করিলেন। তিনি মনে ...রিয়াছিলেন, আমি সন্ধ্যা সময়ে শঙ্করকে দর্শন ...রিয়া এই রাত্রি এই স্থানে থাকিব; পরে ...কালে যে স্থান হইতে আসিয়াছি, সেই ...। গমন করিব। কিন্তু তিনি তৎকালে ...ত্রীকে একাকিনী দর্শন করত ভীত হইলেন।
আহুকপত্নী তাঁহাকে ভীত দেখিয়া 'তুমি ...র পিতা' এই কথা বলিলে তিনি স্থির ...লেন। এমন সময়ে সেই গৃহস্বামী আগমন ...লেন। পরে আহুক তাঁহাকে পূজা করিয়া ...লেন, হে প্রভো! আপনার কি আবশ্যক, ...বলুন। যতি কহিলেন, অদ্য আমাকে ...নে থাকিতে স্থান প্রদান কর, প্রাতঃ-...ই গমন করিব। যতি তিনকে এই কথা ...লে আহুক কহিল, হে প্রভো! আপনি শ্রবণ করুন। আমার স্থান অল্প, তাহা না হইলে আপনাকে স্থান দিতে কোন বাধা ছিল না। আহুক এই কথা বলিলে যতি গমন করিতে ইচ্ছা করিলেন। ভিল্লপত্নী আহুকী কহিল, আপনি গমন করিলে আমাদিগের ধর্ম্ম নষ্ট হইবে। পরে স্বামীকে বলিল, তোমরা দুই জনে গৃহের মধ্যে অবস্থান কর; আমি অস্ত্র গ্রহণ করত বাহিরে অবস্থান করিব ।২৮—৩৫।
স্বামী আহুক, পত্নীর এই বাক্য শ্রবণে বিবেচনা করিলেন, আমি স্ত্রীকে বাহিরে রাখিয়া কিরূপে গৃহ মধ্যে অবস্থান করিব? অতএব যাহা হইবার হইবে, আমি আপনিই বাহিরে থাকিব, মনে মনে এইরূপ স্থির করিয়া পত্নীকে এবং যতীকে গৃহ মধ্যে রক্ষা করিলেন। বনেচর আহুক স্বয়ং অস্ত্র ধারণপূর্ব্বক গৃহের বাহিরে অবস্থান করিতে লাগিলেন। যোগিশ্রেষ্ঠ যতি ধ্যানাবলম্বন করত গৃহের এককোণে অবস্থান করিলেন। আহুকপত্নী নিদ্রা যাইল; আহুক, গৃহের বাহিরে রহিল। পরে রাত্রিকালে ব্যাঘ্র প্রভৃতি সকল হিংস্র জন্তু আহুককে অতিশয় পীড়া দিতে লাগিল; আহুক, যথাশক্তি নিবা-রণের চেষ্টা করিলেন, তাহা নিষ্ফল হইল।

ধর্ম্মরাজ উবাচ।

শৃণু ত্বঞ্চ ঋষিশ্রেষ্ঠ দুঃখশান্তির্মতা মম॥
পৃচ্ছামি ত্বাং মহাবাহো কথনীয়ং ত্বয়া প্রভো।
ঈদৃশঞ্চৈব দুঃখং হি পুরা প্রাপ্তস্তু কশ্চন॥ ৩৯
বয়মেব পরং দুঃখভাজনং নাপি কশ্চন।
ইতি পৃষ্টঃ ঋষিশ্রেষ্ঠঃ প্রত্যুবাচ পুনস্তদা॥ ৪০
শ্রূয়তাং ধর্ম্মরাজ ত্বং তব দুঃখং ন কিঞ্চন।
পূর্ব্বঞ্চ নলরাজেন বৈ জাতং তস্য মহাত্মনঃ॥ ৪১
হরিশ্চন্দ্রে তথা রাজন্ রামে চৈবাথ পাণ্ডব।
যজ্জাতং বর্ণিতুঞ্চৈব শক্যতে ন মম পুনঃ॥ ৪২
শরীরং দুঃখরাশিঞ্চ মত্বা ত্যাজ্যং [illegible]।
কেনেদঞ্চ ধৃতং তেন প্রাপ্তমেব ন সংশয়ঃ॥ ৪৩
প্রথমং মাতৃগর্ভে বৈ চ তস্য দুঃখসম্ভবঃ।
অতোঽপি যৌবনে কামান্ ভুঙ্‌ক্তে দুঃখরূপিণঃ।
গতাগতৈর্দিনৈশ্চৈব কাথাভাবৈরনেকশঃ
আয়ুশ্চ ক্ষীয়তে নিত্যং ন জানাতি হি তং [illegible]
অন্তে চ মরণঞ্চৈব হ্যতো দুঃখমতঃ পরম্।
তস্মাদিদমসত্যঞ্চ ত্যক্ত্বা সত্যং সমাচর॥ ৪৬
যেনৈব তুষ্যতে শম্ভুস্তথা কার্য্যং নরেণ চ।
তস্যৈব ভজনেনৈব সর্ব্বং দুঃখং বিলীয়তে॥ [illegible]
এবঞ্চ বিধিধৈর্জ্ঞানৈর্দিনাতিবাহনং তদা।
চক্রুস্তে ভ্রাতরঃ সর্ব্বে মনোরথপথৈঃ পুনঃ॥ [illegible]
অর্জ্জুনোঽপি স্বয়ং গচ্ছন্ দুর্গাদি-শকুনানথ।
ক্বয়ং বুদ্ধ্বা চ তেনৈব পশ্যন্ রম্যাণ্যনেকশঃ॥ [illegible]
মনসা হর্ষযুক্তো বৈ জগামাচলমুত্তমম্।
তত্র গত্বা চ গঙ্গায়াঃ সমীপং সুন্দরং স্থলম্॥ [illegible]
অশোককাননং যত্র তিষ্ঠতি স্বর্গসন্নিভম্।
তত্র স্নাত্বা স্বয়ং জ্ঞাত্বা নত্বা চ গুরুসত্তমম্॥
যথোপদিষ্টং বেশাদি তথা চৈবাকরোৎ স্বয়ম্
পূর্বঞ্চ পার্থিবং কৃত্বা সুন্দরং সমস্[illegible]ক্রমম্॥ [illegible]

লেন। এই প্রশ্নের অবোপকথন শুনে ধর্ম্ম-রাজ যুধিষ্ঠির কহিলেন, হে ঋষিশ্রেষ্ঠ! আপনি শ্রবণ করুন, দুঃখশান্তি হউক, ইহা আমার ইচ্ছা; কিন্তু হে প্রভো! হে মহাবাহো! আপনাকে জিজ্ঞাসা করি, আপনি বলুন, পূর্ব্বকালে কোনও ব্যক্তি আমাদিগের ন্যায় দুঃখ পাইয়াছে কি? বোধ করি, আমরা যেরূপ দুঃখভাজন হইয়াছি, আর কোন ব্যক্তিই এরূপ হয় নাই। পাণ্ডব-গণ এই কথা জিজ্ঞাসা করিলে, ঋষিশ্রেষ্ঠ ব্যাস পুনর্ব্বার কহিতে লাগিলেন, হে ধর্ম্মরাজ! তুমি শ্রবণ কর। তোমার দুঃখ অতি অল্প, কিছুই নহে। হে রাজন! হে পাণ্ডব! পূর্ব্বকালে সেই মহাত্মা নলরাজ, হরিশ্চন্দ্র এবং শ্রীরাম-চন্দ্রের যেরূপ দুঃখ হইয়াছিল, আমি তাহা বর্ণন করিতে সক্ষম নহি ৩৯—৪২। হে ধর্ম্মরাজ! তুমি এই শরীরকে দুঃখময় বিবেচনা করিয়া একণে দুঃখ ত্যাগ কর। যে ব্যক্তি এই শরীর ধারণ করিয়াছে, সেই ব্যক্তিই দুঃখ পাইয়াছে, তাহাতে সংশয় নাই। প্রথমে মাতৃগর্ভে অব-স্থানে নানা ক্লেশ হয়, তৎপরে যৌবনাবস্থায় দুঃখরূপী বহু প্রকার বিষয় ভোগে নানা দুঃখ উপস্থিত হয়। দিন আসিতেছে, যাইতেছে; তথাপি লোক সকল আপনার জীবিকা-নির্ব্বা[illegible] চেষ্টায় আসক্ত হইয়া, দিন দিন যে আয়ু[illegible] হইতেছে, তাহা জানিতে পারিতেছে [illegible] শেষাবস্থায় মরণ, ইহাতে অতিশয় দুঃখ, ই[illegible] হইতে আর কি দুঃখ হইতে পারে? অত[illegible] এই অসত্য বিষয় পরিত্যাগ করিয়া সত্য [illegible] অনুষ্ঠান কর। যেরূপে শম্ভুর পরিতোষ [illegible] মনুষ্যের সেইরূপ করা উচিত। শম্ভু[illegible] আরাধনা করিলে সমস্ত দুঃখই নষ্ট হয় ৪৩— তৎকালে যুধিষ্ঠিরাদি ভ্রাতৃগণ এইরূপ বি[illegible] জ্ঞানের আলোচনা এবং স্বীয় স্বীয় অভীষ্টসি[illegible] উপায় চিন্তা করত দিনযাপন করিতে লাগিলে[illegible] অর্জ্জুন গমনকালে শুভসূচক চিহ্ন স[illegible] অবলোকন করত তাহা দ্বারাই শত্রুগণের [illegible] হইবে, এইরূপ বিবেচনা করিয়া অতি র[illegible] স্থান অবলোকন করত, হর্ষযুক্ত হইয়া [illegible] উত্তম ইন্দ্রকীল পর্ব্বতে গমন করিলে[illegible] সেই পর্ব্বতে গঙ্গার তীরস্থ সুন্দর স্থানে গ[illegible] করিয়া তথায় স্বর্গসদৃশ অশোককাননে অব[illegible] করিলেন। পরে গুরুর উপদেশ স্মরণ ক[illegible] তাঁহাকে প্রণাম করত তিনি যেরূপ আ[illegible] করিয়াছিলেন, আপনি সেইরূপ বেশ-ভূষা ক[illegible]

গ্র চ জপং কুর্ব্বংস্তেজসো রাশিমুত্তমম্।
কৈব সংস্নাতঃ পূজনং বিবিধং তথা।
রোপাসনং তত্র তপস্তপ্ত্বা সুদারুণম্ ॥ ৫৩
স্ব শিরসস্তেজো নিঃসৃতঞ্চ তদা সুরাঃ।
ভয়ং সমাপন্নাঃ প্রবিষ্টাশ্চ কদা স্বয়ম্ ॥ ৫৪
স্তে চ বিচার্য্যৈব কথনীয়ং বিড়ৌজসে।
ক্ষণং গতাস্তত্র কথয়ামাসুরৈব তদা ॥ ৫৫
ব বাথ ঋষিশ্চৈব সূর্য্যো বাথ বিভাবসুঃ ॥ ৫৬
পাগতি দেব ন জানীমো বনে তব।
স্ব তেজসা দগ্ধা হ্যাগতাস্তব সন্নিধিম্ ॥ ৫৭
ত্বৈঃ সুরৈ সর্ব্বৈর্জ্ঞাত্বা পুত্রচিকীর্ষিতম্।
প্য তান বিসৃজ্যৈব স্বয়ং রূপমদ্ভুতম্ ॥ ৫৮
জগাম তত্রৈব বৃদ্ধশ্চ জটিলো যথা।
ব বষ্টিকং ধৃত্বা বৃদ্ধো অর্জ্জুনতাং গতঃ ॥ ৫৯

মৃগচর্ম্মোত্তরীয়ঞ্চ পতন্ পতন্ পদে পদে।
আগতং তদা দৃষ্ট্বা পূজাঞ্চ কৃতবান্ স্বয়ম্ ॥ ৬০
স্থিতোঽগ্রে চ স্তুতিং কৃত্বা কাগতোঽসি বদাধুনা।
ইত্যুক্তস্তু হরিঃ সো বৈ ধৈর্য্যার্থঞ্চ বচোঽব্রবীৎ ॥
নবে চ বয়সি স্বামিন্ কিং তপস্তসি সাম্প্রতম্।
মুক্ত্যর্থং ন জয়ার্থং হি সর্ব্বথা তপ এব তে ॥৬২
ইতি পৃষ্টস্তদা তেন সর্ব্বং সংবেদিতং পুনঃ।
ইন্দ্রঃ স্তুত্বা পুনর্ব্বাক্যমুবাচ শ্রূয়তাং ত্বয়া ॥ ৬২
যুক্তং ন ক্রিয়তেঽদ্যৈব সুখং স্বপ্নসমং মতম্।
তদর্থে ন তপো যুক্তং মুক্ত্যর্থং কুরু সাম্প্রতম্ ॥৬৪
ইন্দ্রশ্চ সুখদাতা বৈ মুক্তিদাতা জবেন্দ্র হি।
তস্মাৎ ত্বং সর্ব্বথা শ্রেষ্ঠ কর্ত্তুমর্হসি সুব্রত ॥ ৬৫

পরে সম্মুখে সমস্ত্র-নির্ম্মিত পার্থিব স্থাপন করিলেন তৎসমীপে অনুপম রাশি ধ্যান করত জপ এবং ত্রিকালীন পূর্ব্বক তাঁহার নানারূপ পূজা করিতে লেন এবং সেই স্থানে ঘোরতর তপোনু-পূর্ব্বক উপাসনা করিতে লাগিলেন। তৎ-। তাঁহার মস্তক হইতে তেজ নিঃসৃত । দেবতাগণ তাহা অবলোকন করত হইয়া কহিতে লাগিলেন, এই তপস্বী কোন এখানে আগমন করিল? এই সংবাদ নিকট ব্যক্ত করা উচিত; এইরূপ রিয়া তৎক্ষণাৎ ইন্দ্রের নিকটে গমন-তাঁহারা কহিতে লাগিলেন, হে ! আপনার অশোক-কাননে দেবতা, কি সূর্য্য, কিংবা অগ্নি তপস্যা করিতে-তাহা আমরা জানিতে পারিতেছি না। তাঁহার তেজে দগ্ধ হইয়া আপনার নিকট ন করিয়াছি। দেবতাগণ ইন্দ্রকে এই লিলে ইন্দ্র স্বীয় পুত্র অর্জ্জুনের অভিপ্রায় হইয়া দেবগণের নিকট তাহা গোপন দেবগণকে বিদায় করিয়া আপনি আশ্চর্য্য গ করত অর্জ্জুনের নিকটে গমন করি-ইন্দ্র যষ্টি ধারণ করিয়া অতিবৃদ্ধ জটা-গ্রস্ত জটাধারিরূপে মৃগচর্ম্মের উত্তরীয় বস্ত্র ধারণ করত যেন প্রতি পদক্ষেপে পড়িতে পড়িতে সেই স্থানে গমন করিলেন তৎকালে অর্জ্জুন তাঁহাকে আগত দেখিয়া আপনি পূজা করিলেন এবং তাঁহার অগ্রে দণ্ডায়মান হইয়া স্তব করত জিজ্ঞাসা করিলেন, আপনি কোন্ স্থান হইতে আগমন করিলেন, তাহা বলুন! অর্জ্জুন ইন্দ্রকে এই কথা বলিলে ইন্দ্র অর্জ্জুনের ধৈর্য্যবৃদ্ধির নিমিত্ত কহিতে লাগিলেন, হে স্বামিন্! তুমি এক্ষণে এ নবীন বয়সে কিজন্য তপস্যা করিতেছ? তোমার এই তপস্যা মুক্তির নিমিত্ত নহে, নিশ্চয়ই জয়ের নিমিত্ত, হইবে। [৫৮—৬২। তৎকালে ইন্দ্র অর্জ্জুনকে এইরূপ জিজ্ঞাসা করিলে অর্জ্জুন সমস্তই আবেদন করিলেন। ইন্দ্র অর্জ্জুনের অভিপ্রায় অবগত হইয়া তাঁহাকে প্রশংসা করত পুনর্ব্বার কহিতে লাগিলেন, আমি যাহা বলি, তুমি তাহা শ্রবণ কর। তুমি এক্ষণে সুখের নিমিত্ত তপস্যা করিতেছ, কিন্তু তাহা যুক্ত নহে; কারণ লৌকিক সুখ স্বপ্নতুল্য, অতএব ঐ সুখের নিমিত্ত কদাচই তপস্যা করা উচিত নহে। যদ্যপি মুক্তির নিমিত্ত [illegible] করিতে তোমার ইচ্ছা হয়, কর। ইন্দ্র [illegible] সুখদান করিতে সমর্থ, কদাচই মুক্তি[illegible] দিতে পারেন না। হে শ্রেষ্ঠ! হে সুব্রত! অতএব তুমি [illegible]

ইত্যেতদ্বচনং শ্রুত্বা ক্রোধং চক্রেঽর্জ্জুনস্তদা।
রাজ্যার্থী ন চ মুক্ত্যর্থী কিমর্থং ভাষসে ত্বিদম্ ॥৬৬
ব্যাসস্য বচনেনৈব ক্রিয়তে তপ ঈদৃশম্
ইতো গচ্ছ কিমর্থং মাং পাতয়িতুং ত্বমিচ্ছসি ॥৬৭
ইত্যুক্তশ্চ প্রসন্নো বৈ রূপমদ্ভুতসুন্দরম্
স্বোপকল্পনসংযুক্তং দর্শয়ামাস বৈ তদা ॥ ৬৮
ইত্যেবঞ্চ তদা দৃষ্ট্বা লজ্জিতশ্চার্জ্জুনস্তদা।
ইন্দ্রস্তঞ্চ সমাশ্বাস্য পুনরেব বচোঽব্রবীৎ ॥ ৬৯
ধন্যোঽসি কৃতকৃত্যোঽসি সুস্থিরং হি মনস্তব
বলিষ্ঠাঃ শত্রবস্তে চ দুর্য্যোধনপুরঃসরাঃ ॥ ৭০
দ্রোণো ভীষ্মশ্চ কর্ণশ্চ সর্ব্বে তে দুর্জ্জয়াঃ স্মৃতম্
মমাসাধ্যা ভবেয়ুস্তৈঃ সহৈব চ স্থিতং পুনঃ ॥ ৭১
এতজ্জয়স্তু কর্তুং বৈ সমর্থঃ কঃ কদাচন
বর্ত্ততে চ শিবঃ কর্ত্তা তস্মাচ্ছম্ভুং ভজার্জ্জুন ॥ ৭২
সর্ব্বং কর্ত্তুং সমর্থোঽস্তি ভুক্তিমুক্তিফলপ্রদঃ
অহমন্যে চ ব্রহ্মাদ্যা বিষ্ণুঃ সর্ব্ববরপ্রদঃ ॥
অন্যে জিগীষবো যে চ তে সর্ব্বে শিবপূজ
অদ্যপ্রভৃতি মন্মন্ত্রং হিত্বা চৈব শিবং ভজ।
পার্থিবেন বিধানেন ধ্যানেনৈব শিবস্য চ।
উপচারৈরনেকৈশ্চ সর্ব্বভাবেণ ভারত ॥ ৭৪
সিদ্ধিঃ স্থিরাচলা তেঽদ্য নাত্র কার্য্যা বিচারণ
ইত্যুক্ত্বা চ বরান্ সর্ব্বান্ সমাহূয়াব্রবীদিদম্
সাবধানতয়া স্থেয়মেতস্য রক্ষণে ধ্রুবম্।
রাজ্যং ত্বয়া প্রমাদো বৈ ন কর্ত্তব্যঃ কদাচন ॥
শ্রেয়সাং বহবো বিঘ্না ভবন্তি রাজসত্তম।
ধৈর্য্যঞ্চ বর্ত্ততে দেব তথৈব রক্ষ্যতাং ত্ব
শিবঃ সম্যক্ করিষ্যতি ভুক্তিং দাস্যতি নাত্র সং
ইতি দত্ত্বা বরং তস্মৈ জগাম ভবনং স্বকম্
অর্জ্জুনোঽপি তপস্তেপে শিবমুদ্দিশ্য বৈ তদ

ইতি শ্রীশিবে মহাপুরাণে জ্ঞানসংহিতা
অর্জ্জুনতপঃকরণং নাম চতুঃষষ্টিতমো
ঽধ্যায়ঃ ॥ ৬৪ ॥

তবে মুক্তির নিমিত্ত তপস্যা করিতে প্রবৃত্ত হও। তৎকালে অর্জ্জুন ইন্দ্রের এই বাক্য শ্রবণ করিয়া ক্রোধ প্রকাশ করত কহিলেন, আমি রাজ্য মাত্র ইচ্ছা করি, মুক্তি ইচ্ছা করি না। আপনি কিজন্য এরূপ বলিতেছেন? আমি বেদব্যাসের বাক্যানুসারে এতাদৃশ তপস্যা করিতেছি। আপনি এস্থান হইতে গমন করুন। কিজন্য আমার তপস্যা নষ্ট করিতে ইচ্ছা করিতেছেন? অর্জ্জুন এই কথা বলিলে ইন্দ্র প্রসন্ন হইয়া পরিচ্ছদের সহিত আপনার আশ্চর্য্য সুন্দর রূপ দর্শন করাইলেন। তৎকালে অর্জ্জুন ঐ রূপ দর্শন করিয়া অতিশয় লজ্জিত হইলেন। ইন্দ্র অর্জ্জুনকে আশ্বাসযুক্ত করত পুনর্ব্বার কহিতে লাগিলেন, তুমি ধন্য, তুমি কৃতার্থ, তোমার মন নিশ্চল। তোমার দুর্য্যোধন প্রভৃতি শত্রুগণ অতি বলিষ্ঠ। দ্রোণ, ভীষ্ম, কর্ণ, ইহারা সকলেই অজেয়; অধিক কি, আমাদিগের [illegible] আমারও সাধ্য নহে; [illegible] তোমার হিত-বাক্য বলিতেছি, [illegible]। শিব ব্যতি-রেকে কোন ব্যক্তিই ইহাদিগকে জয় করিতে সমর্থ নহে, [illegible] শম্ভুকে ভজনা কর। ভোগফল এবং মুক্তিফলদাতা শঙ্কর কার্য্যই করিতে পারেন। আমি ও ব্র অন্যান্য দেবগণ সকল বর প্রদানে সমর্থ এবং অন্যান্য জয়াকাঙ্ক্ষী ব্যক্তি সব শিবের পূজক; অতএব অদ্য হইতে ম মন্ত্র পরিত্যাগপূর্ব্বক তুমি শিবকে ভজনা ৬৩—৭৪ হে ভারত। তুমি পার্থিব পূজাবিধানে ধ্যান এবং নানাবিধ উপচ সর্ব্বতোভাবে শিবের ভজনা কর হইলে তুমি স্থির সিদ্ধিলাভ করিবে, বিচার করিবে না। ইন্দ্র এই কথ নানারূপ বর প্রদানপূর্ব্বক অর্জ্জুনকে ব করিয়া কহিলেন, হে রাজন! তুমি সা তপোনুষ্ঠান করত অবস্থান করিবে। ক অনবধানে থাকিবে না। কারণ, হে রাজ মঙ্গল কার্য্যে নানা বিঘ্ন উপস্থিত হয়। যেরূপ ধৈর্য্য আছে, তুমি সেইরূপ রক্ষা ক তাহা হইলে শিব তোমাকে সম্যক্ রক্ষা করিবেন, তাহাতে সংশয় নাই। ইন্দ্র তাঁহাকে এইরূপ বরদানপূর্ব্বক স্বীয় ভবনে

পঞ্চষষ্টিতমোঽধ্যায়ঃ।

সূত উবাচ।

স্নানঞ্চ বিধিবৎ কৃত্বা ন্যাসাদি বিধিবৎ তথা।
ধ্যানঞ্চৈব যথোক্তঞ্চ ব্যাসোক্তং যৎ তথাকরোৎ ॥
একপাদতলেনৈব তিষ্ঠন্ মুনিবরো যথা।
সূর্য্যে দৃষ্টিং নিবেশ্যৈব মন্ত্রমাবর্ত্তয়ন্ স্থিতঃ ॥ ২
তপসস্তেজসা ব্যাপ্তা দেবাশ্চ বিস্ময়ং যযুঃ।
গত্বাশ্চ শিবং ধাতাস্তদর্থে তপ আস্থিতম্ ॥ ৩
ইচ্ছতি নরঃ সোঽযং কিং ন যচ্ছসি বৈ প্রভো
স্তুত্বা চ স্তুতিং চক্রুর্বিবিধাং দেবতাস্তদা ॥ ৪
তুষ্টস্তু বচঃ শ্রুত্বা শিবো বচনমব্রবীৎ।
যাতঃ কার্য্যং করিষ্যামি ন সংশয়ঃ ॥৫
পরাবৃত্যা গতাস্তে বৈ নিশ্চয়ং পরমং গতাঃ।
এতস্মিন্নন্তরে দৈত্যো মূকনামা সমাগতঃ ॥ ৬
শৌকরং রূপমাস্থায় প্রেষিতশ্চ দুরাত্মনা।
দুর্য্যোধনেন বিপ্রেন্দ্রো মায়িনা চার্জ্জুনং তদা ॥৭
যত্রার্জ্জুনশ্চ তিষ্ঠেত তেন মার্গেণ বৈ তদা।
শৃঙ্গঞ্চ পর্ব্বতস্যৈব ছিন্দন্ বৃক্ষাননেকশঃ ॥ ৮
শব্দঞ্চ বিবিধং কুর্ব্বন্ শীঘ্রবেগেণ সংযুতঃ।
অর্জ্জুনোঽপি চ তং দৃষ্ট্বা বিচারে তৎপরো হ্যভূৎ
কোঽযঞ্চ কুত আযাতঃ ক্রূরকর্ম্মা চ দৃশ্যতে।
মমানিষ্টং ধ্রুবং কর্ত্তুং সমাগচ্ছত্যসংশয়ম্ ॥ ১০
মমৈবং মন আখ্যাতি শত্রুরেব ন সংশয়ঃ।
ইত্যুক্ত্বা মনসি পার্থো বিচারপরমানসঃ ॥ ১১
বহবো মে হতাঃ পূর্ব্বং দৈত্যাশ্চ দানবাস্তদা।
তদীয়ঃ কশ্চিদায়াতি বৈরং শোধয়িতুং পুনঃ ॥ ১২

রিলেন। অর্জ্জুনও তৎকালে শিবের উদ্দেশে করিতে লাগিলেন। ৭২—৭৯।

চতুঃষষ্টিতম অধ্যায় সমাপ্ত ॥ ৬৪ ॥

পঞ্চষষ্টিতম অধ্যায়।

ন করিলেন, অর্জ্জুন যথাবিধি স্নান, ধ্যান-ন্যাসাদি করিয়া, ব্যাস যেরূপ আদেশ ছিলেন, সেইরূপে শাস্ত্রসম্মত ধ্যান করিতে লন এবং পরম যোগীর ন্যায় একপাদে মান হইয়া সূর্য্যে দৃষ্টি নিক্ষেপ করত বার মন্ত্রজপপূর্ব্বক অবস্থান করিতে লাগি-। তৎকালে দেবগণ অর্জ্জুনের তপস্যা-। ব্যাপ্ত হইয়া বিস্ময় প্রাপ্ত হইলেন। দেবগণ শিবের নিকটে গমন করিয়া কহি-, হে প্রভো! এই মনুষ্য আপনার নিমিত্ত গা করিতেছে, অতএব সে যাহা ইচ্ছা তেছে, কিজন্য আপনি তাহা প্রদান করিতে-না? দেবতারা তৎকালে শিবকে এই বলিয়া নানা প্রকার স্তব করিতে লাগি-। তখন ভগবান শিব দেবগণের বাক্য করিয়া কহিতে লাগিলেন, তোমরা গমন তোমাদিগের কার্য্য করিব, তাহাতে সংশয় নাই। দেবগণ আপনাদিগের কার্য্যসিদ্ধি হইবে, এইরূপ নিশ্চয় করিয়া প্রত্যাগমন করিলেন। এমন সময়ে মূক নামে দৈত্য, শূকর রূপ ধারণ করিয়া অর্জ্জুনের নিকটে আগমন করিল। হে বিপ্রেন্দ্রগণ! দুরাত্মা মায়াবী দুর্য্যোধনই ঐ দৈত্যকে অর্জ্জুনের নিকট প্রেরণ করিয়াছিল শূকররূপী দৈত্য, যে স্থানে অর্জ্জুন অবস্থান করিতেছেন, সেই পথ অবলম্বনপূর্ব্বক পর্ব্বতের শৃঙ্গ এবং বহুতর বৃক্ষচ্ছেদন করত নানারূপ শব্দ করিতে করিতে শীঘ্র বেগে আগমন করিল। অর্জ্জুনও ঐ শূকররূপী দৈত্যকে দর্শন করিয়া মনে মনে তর্ক করিতে লাগিলেন, এ ব্যক্তি কে, কোথা হইতেই বা আগমন করিল? এই ব্যক্তিকে অতি ক্রূরকর্ম্মা বলিয়া বোধ হইতেছে। নিশ্চয় আমার ঘোরতর অনিষ্ট করিবার নিমিত্ত আসিতেছে, আমার মন এইরূপ বলিতেছে; অতএব এ যে শত্রু তাহাতে সন্দেহ নাই। ১—১০। বিচারকুশল পার্থ [illegible] মনে করিলেন, পূর্ব্বে [illegible] এবং দানবগণকে বধ করিয়াছি; [illegible] তাহাদিগের আত্মীয় কোন দৈত্য বৈরনির্য্যাতন নিমিত্ত পুনর্ব্বার আগমন করিয়াছে; ইহাতে সন্দেহ নাই, আমা

সর্ব্বারাতি ন সন্দেহো নাত্র কার্য্যা বিচারণা
অথবা চ সখা কশ্চিদ্দুর্য্যোধনহিতাবহঃ ॥ ১৩
যস্মিন্ দৃষ্টে প্রসীদেত মনঃ স হিতমাবহেৎ
যস্মিন্ দৃষ্টে ভবেদেব কলুষং শত্রুরেব চ ॥ ১৪
আচারঃ কুলমাখ্যাতি বপুরাখ্যাতি ভোজনম্।
বচনং শ্রুতমাখ্যাতি স্নেহমাখ্যাতি লোচনম্ ॥ ১৫
আকারেণ তথা গত্যা চেষ্টয়া ভাষিতৈরপি।
মনসশ্চ তথা বৃত্ত্যা জ্ঞায়তেঽন্তর্গতং মনঃ ॥ ১৬
উজ্জ্বলং সরসঞ্চৈব বক্রমারক্তমেব চ।
নেত্রং চতুর্ব্বিধং প্রোক্তং তস্য ভাবাঃ পৃথগ্বিধাঃ ॥
উজ্জ্বলং মিত্রসংযোগে সরসং পুত্রদর্শনে।
বক্রঞ্চ কামিনীযোগে চারক্তং শত্রুদর্শনে ॥ ১৮
ত্বয়ি মম তু সর্ব্বাণি কলুষাণীন্দ্রিয়াণি চ
অয়ং শত্রুর্ভবেদেব মারণীয়ো ন সংশয়ঃ ॥ ১৯
গুরোশ্চ বচনং স্নেহাৎ বক্তুতে দুঃখদস্তব
হন্তব্যঃ সর্ব্বথা রাজন্নাত্র কার্য্যা বিচারণা ॥ ২০
এতদর্থে স্বায়ুধানি ময়া চৈব ন সংশয়ঃ।
ইতি বিচার্য্য তত্রৈব বাণঞ্চ সন্ধরন্ স্থিতঃ ॥ ২১
শিবোঽপি স্বগণৈঃ সার্দ্ধং ভিল্লরূপং বিধায় চ।
অর্জ্জুনস্য চ রক্ষার্থং পরীক্ষার্থং সমাগতঃ ॥ ২২
বদ্ধকচ্ছশ্চ বল্লীভির্বদ্ধা কেশান্ হরস্তদা।
শরীরে শ্বেতরেখাশ্চ ধনুর্ব্বাণযুতঃ স্বয়ম্ ॥ ২৩
বাণানাং তূণকং পৃষ্ঠে ধৃত্বা সোঽরং জগাম হ।
গণাশ্চৈব তথা জাতা ভিল্লরাজোঽভবচ্ছিবঃ।
শব্দাংশ্চ বিবিধান্ কৃত্বা জগাম বাহিনীপতিঃ ॥
শব্দরশ্চ চ সেনায়াঃ শব্দশ্চ প্রদিশো দিশঃ।
বাদনেন বনশব্দেন ব্যাকুলশ্চার্জ্জুনস্তদা ॥ ২৪
পর্ব্বতস্থাশ্চ যে সর্পাস্তে সর্ব্বে ব্যাকুলাস্তদা
[illegible] কিঞ্চ ভবেদেব শিবঃ শুভং করোতু চ।

বিচার করিতে হইবে না। অথবা দুর্য্যোধনের হিতাকাঙ্ক্ষী তাঁহার কোন সখা আগমন করিয়াছে। যে ব্যক্তিকে দর্শন করিলে মন প্রসন্ন হয়, সেই ব্যক্তিই সখা এবং হিত সাধন করিয়া থাকে, যাহাকে দর্শন করিলে মন কলুষিত হয়, সেই ব্যক্তিই শত্রু। আচার দেখিলে সৎকুলোৎপন্ন বা অসৎকুলোৎপন্ন ইহা নিশ্চয় করা যায়। শরীর দেখিয়া কিরূপ ভোজন করে তাহা নিশ্চয় হয়। বাক্য শুনিলে শাস্ত্রজ্ঞান আছে কিনা স্থির করা যায়। লোচন, কাহার কিরূপ স্নেহ তাহা প্রকাশ করিয়া দেয়। আকার, গমন, চেষ্টা, বাক্য, এবং মনোবৃত্তি এই সকল দ্বারা পরের অন্তর্গত অভিপ্রায় জানা যায়। উজ্জ্বল, প্রীতিযুক্ত, বক্র এবং রক্তবর্ণ, এইরূপে নেত্র চারি প্রকার। সেই নেত্রের চেষ্টা পৃথক্ পৃথক্। দেখ, মিত্র দর্শনে উজ্জ্বল, পুত্র দর্শনে প্রীতিযুক্ত, কামিনী দর্শনে বক্র এবং শত্রু দর্শনে আরক্ত হইয়া থাকে। বর্ত্তমান এই [illegible] আমার সমস্ত ইন্দ্রিয় কলুষিত হইতেছে, [illegible] এই ব্যক্তি আমার শত্রুই হইবে, ইহাকে বিনষ্ট করা উচিত, ইহাতে সংশয় নাই। [illegible]

ব্যাসও আদেশ করিয়াছেন যে, হে রাজন্ যে ব্যক্তি তোমাকে দুঃখ প্রদান করিবে তাহাকে সর্ব্বতোভাবে বধ করিবে, ইহাতে কোন বিচার করিবে না। আমি এই নিমিত্তই স্বীয় অস্ত্র গ্রহণ করিয়া আছি, তাহাতে সংশয় নাই। অর্জ্জুন মনে মনে এইরূপ বিচার করিয়া সেই স্থানে অবস্থান করত ধনুকে বাণ যোজন করিলেন ॥ ১১—২১ ॥ শিবও গণগণের সহিত ব্যাধের আকার ধারণপূর্ব্বক অর্জ্জুনের রক্ষা এবং পরীক্ষার্থে তথায় আগমন করিলেন। তৎকালে হর, কৌপীন ধারণপূর্ব্বক লতা দ্বারা কেশ আবদ্ধ করিয়া শরীরে মৃত্তিকাদি দ্বারা শুক্ল বর্ণ রেখা করত স্বয়ং ধনুর্ব্বাণ ও পৃষ্ঠদেশে বাণপূর্ণ তূণীর ধারণ করিয়া আগমন করিলেন। তাঁহার পারিষদবর্গও সেইরূপ বেশ ধারণ করিল। তখন শিব ব্যাধগণের রাজা হইলেন। সেই কিরাত-সেনাপতিরূপী শিবের গমন সময় বিবিধ শব্দ হইতে লাগিল [illegible] নেতা এবং সেনা উভয়ের শব্দে দিক্ বিদিক্ সমস্ত ব্যাপ্ত হইল। তৎকালে অর্জ্জুন [illegible] শব্দে ব্যাকুল হইলেন এবং পর্ব্বতবাসী সমস্ত প্রাণী ব্যাকুল হইয়া উঠিল। অর্জ্জুন চিন্তা করিতে লাগিলেন, অহো!

তথাপি ব্রিয়তে মেহদ্য প্রয়তাঞ্চ প্রভো ত্বয়া।
শত্রূণাং সঙ্কটং যচ্চ তন্নাশং দর্শনাৎ তব ॥ ৩৭
ঐহিকীঞ্চ পরাং সিদ্ধিং প্রাপ্নুয়াঞ্চ তথা কুরু।
ইত্যুক্ত্বা তং নমস্কৃত্য বদ্ধাঞ্জলিপুটঃ স্থিতঃ ॥ ৩৮
শিবোহপি চ তথাভূতং জ্ঞাত্বা স্বীয়ং তদা হ্যদাৎ
অস্ত্রং পাশুপতং নাম রক্ষণে দুর্দ্ধরং পরং ॥
তস্মৈ দদৌ তদা শম্ভুর্দ্দুর্জ্জয়স্ত্বং ভবিষ্যসি।
অনেন সর্ব্বশত্রূণাং জয়ং কৃত্বা শুভং কুরু।
কৃষ্ণঞ্চ কথয়িষ্যামি সাহায্যং তে করিষ্যতি ॥ ৪০
সো বৈ মমাংশভূতশ্চ স তে কার্য্যং করিষ্যতি।
রাজ্যং নিষ্কণ্টকং প্রাপ্য ধর্ম্মান্নানাবিধান্ কুরু ॥ ৪১
হস্তঞ্চ শিরসি দত্ত্বা পূজয়িত্বার্জ্জুনং তদা।
হৃদয়ালিঙ্গনং কৃত্বা ভক্তবৎসলতাং পুনঃ ॥ ৪২
দর্শয়িত্বা অভয়ং দত্ত্বা পূজিতোঽন্তরধীয়ত।
শিবশ্চান্তর্দধে অত্র অর্জ্জুনোহপি স্বমাশ্রমম্ ॥
গত্বা হর্ষসমাযুক্তঃ প্রণনাম যুধিষ্ঠিরম্।
দেবদুন্দুভয়ো নেদুঃ পুষ্পবৃষ্টিঃ পপাত হ ॥ ৪৪
অপ্সরসাং তথা নৃত্যং জাতং অত্র ঋষীশ্বরাঃ।
দেবাশ্চৈব তদা সর্ব্বে হ্যায়ুধানি দদুঃ স্বয়ম্ ॥
পূজিতশ্চ বরং প্রাপ্য ভ্রাতৃনেবাগমং তদা।
সর্ব্বে তে ভ্রাতরশ্চৈব তথাঃ প্রাণমিবাগতম্।
মিলিত্বা চ সুখং প্রাপুর্দ্রৌপদী সুখমালভৎ।
আশ্রমে পুষ্পবৃষ্টিশ্চ চন্দনেন সমন্বিতা ॥ ৪৭
পপাত শকুনার্থং বৈ তেষাঞ্চৈব মহাত্মনাম্।
তেঽপৃচ্ছন সর্ব্ববৃত্তান্তং শ্রুত্বা হর্ষমুপাগমন্।
শিবং পরঞ্চ সন্তুষ্টং পাণ্ডবাঃ সর্ব্ব এব হি
ধন্যাশ্চ শঙ্করশ্চৈব নমস্কৃত্য শিবং মুদা ॥ ৪৯

২৩—৩৫। মহাদেব অর্জ্জুনকে এই কথা বলিলে অর্জ্জুন তৎক্ষণাৎ সদাশিবকে প্রণাম করিয়া কহিলেন, আপনি প্রসন্ন হউন। হে প্রভো! যদিও আপনি সকলের অন্তর্যামিরূপে অবস্থান করিতেছেন, তথাপি আপনার আদেশে আমি প্রার্থনা করিতেছি শ্রবণ করুন। আমাদিগের শত্রু হইতে যে ভয়, তাহা আপনার দর্শনে দূরীভূত হইয়াছে, এক্ষণে যাহাতে ইহলোকে বিশেষ যশঃপ্রাপ্ত হই, আপনি তাহা সম্পাদন করুন। অর্জ্জুন এই কথা বলিয়া তাঁহাকে নমস্কার করত বদ্ধাঞ্জলিপুটে দণ্ডায়মান হইলেন। শিব অর্জ্জুনকে পরমভক্ত জানিয়া তাঁহাকে স্বীয় পাশুপত নামে অস্ত্র প্রদান করিলেন এবং তুমি রক্ষাও মধ্যে শত্রুগণের অজেয় হইবে এই বর প্রদানপূর্ব্বক অর্জ্জুনকে কহিলেন, তুমি এই পাশুপত অস্ত্র দ্বারা শত্রুদিগকে জয় করিয়া শুভফল ভোগ কর। আমি কৃষ্ণকে বলিয়া দিব, তিনি তোমার সাহায্য করিবেন। সেই কৃষ্ণ, আমার অংশ, তিনি তোমার কার্য্য করিবেন। তুমি নিষ্কণ্টকে রাজ্য প্রাপ্ত হইয়া নানাবিধ ধর্ম্মাচরণ কর। শিব আপনার হস্ত অর্জ্জুনের মস্তকে ধারণ করিয়া অর্জ্জুনকে সম্মানিত করিলেন। পরে অর্জ্জুনের সহিত [illegible] (কোলা-কুলি) করিয়া আপনার ভক্তবৎসলতা প্রদ[illegible] পূর্ব্বক অভয় দান করত অর্জ্জুন কর্ত্তৃক পূ[illegible] হইয়া অন্তর্হিত হইলেন। শিব অন্ত[illegible] হইলে অর্জ্জুন আপনাদিগের আশ্রমে গ[illegible] পূর্ব্বক, হর্ষযুক্ত হইয়া যুধিষ্ঠিরকে প্র[illegible] করিয়াছিলেন। শিব অস্ত্র প্রদান করিলে [illegible] তারা দুন্দুভিধ্বনি করিতে লাগিলেন। [illegible] বৃষ্টি হইতে লাগিল। ৩৬—৪৪। হে [illegible] কাদি ঋষিগণ। অপ্সরোগণ তৎকালে [illegible] করিতে লাগিল। দেবতারা স্বয়ং তৎ[illegible] অর্জ্জুনকে স্বীয় স্বীয় অস্ত্র প্রদান করিতে [illegible] লেন। অর্জ্জুন দেবগণ কর্ত্তৃক পূজিত [illegible] ভ্রাতৃগণের নিকট আগমন করিলেন। [illegible] আগমন করিলে সমস্ত ভ্রাতৃগণ, যেন [illegible] প্রাণ আসিল, এইরূপ বিবেচনা করি[illegible] সকলে মিলিত হইয়া সুখলাভ করিলেন। [illegible] দীও সুখলাভ করিলেন। তৎকালে [illegible] মহাত্মাদিগের আশ্রমে শুভফল-সূচক [illegible] যুক্ত পুষ্পবৃষ্টি হইতে লাগিল। তখন [illegible] অর্জ্জুনকে সমস্ত বৃত্তান্ত জিজ্ঞাসা ক[illegible] পরে অর্জ্জুনের নিকট সমস্ত শ্রবণ করিয়[illegible] যুক্ত হইলেন। পরে পাণ্ডবগণ 'শিব[illegible] [illegible]

মন্ত্রেণানেন তৎ সর্ব্বং সম্পাদ্য ঋষিসত্তমাঃ ॥ ৯
জ্যোতীরূপস্তদা শম্ভুর্হৃদয়ে তিষ্ঠতে মম।
হৃদয়স্থঃ শরীরং মে পুনাতু জপসিদ্ধয়ে ॥ ১০
এবং কৃত্বা শিবস্যৈব কৃত্যঞ্চৈব সমাচরেৎ।
পিতৃকার্য্যঞ্চ প্রথমং স্বধাধ্যঞ্চ ততঃ পরম্ ॥ ১১
গণপস্য ততঃ পূজাং পশ্চাদ্বিষ্ণোস্তথৈব চ
ভবানীপূজনঞ্চৈব কারয়েদ্বিধিবৎ পুমান্ ॥ ১২
পশ্চাচ্চ পার্থিবস্যৈব বিধানং বিধিবচ্চরেৎ।
শুদ্ধদেশসমুদ্ভূতাং মৃন্ময়ীং মৃদং ততঃ ॥ ১৩
ওঁ শ্রী অষ্টমূর্ত্তয়ে নমঃ।
ইত্যনেনৈব মন্ত্রেণ মৃদমাদায় যত্নতঃ
সংশোধ্য মৃত্তিকাং তত্র স্থাপয়েদ্বিধিবৎ পুমান্ ॥
অথবা কৃষ্ণপক্ষস্য চতুর্দ্দশ্যাং সমানয়েৎ
পুনশ্চ মাসমাত্রেণ হ্যাহরেৎ তথৈব চ ॥ ১৫
আচমনং বিধায়ৈব প্রয়োগং তিথিপূর্ব্বকম্
কৃত্বা ন্যাসবিধিং কুর্য্যাৎ ধ্যানং কুর্য্যাৎ ততঃ পরম্। ১৬
তত্র—শিবায় অঙ্গুষ্ঠাভ্যাং নমঃ। ভবায় তর্জ্জনীভ্যাং নমঃ। শর্ব্বায় মধ্যমাভ্যাং নমঃ
পশুপতয়ে অনামিকাভ্যাং নমঃ। মহাদেব[illegible]
কনিষ্ঠিকাভ্যাং নমঃ। ঈশানায় করতল-কর
পৃষ্ঠাভ্যাং নমঃ। এবং হৃদয়াদিন্যাসঃ। শিব[ায়]
হৃদয়ায় নমঃ। ভবায় শিরসে স্বাহা। শর্ব্ব[ায়]
শিখায়ৈ বষট্। পশুপতয়ে কবচায় হুঁ[ম্]।
মহাদেবায় নেত্রত্রয়ায় বৌষট্। ঈশানায় অস্ত্[রায়]
ফট্ ॥ অতো ধ্যানম্—

ওঁং ধ্যায়েন্নিত্যং মহেশং রজতগিরিনিভং
চারুচন্দ্রাবতংসং
রত্নাকল্পোজ্জ্বলাঙ্গং পরশু-মৃগ-বরা-
ভীতিহস্তং প্রসন্নম্।
পদ্মাসীনং সমন্তাৎ স্তুতমমরগণৈ-
র্ব্যাঘ্রকৃত্তিং বসানং
বিশ্বাদ্যং বিশ্ববন্দ্যং * নিখিলভয়হরং
পঞ্চবক্ত্রং ত্রিনেত্রম্ ॥
কর্পূরগৌরং করুণাবতারং
সংসারসারং ভুজগেন্দ্রহারম্।

হে প্রধানতম ঋষিগণ! 'সেই জ্যোতিঃস্বরূপ শম্ভু আমার হৃদয়ে অবস্থান করিতেছেন, অতএব হৃদয়স্থ শম্ভু জপসিদ্ধির নিমিত্ত আমার শরীর পবিত্র করুন' এই অর্থের মন্ত্র দ্বারা পূর্ব্বোক্ত সমস্ত কার্য্য সম্পাদন করিয়া শিবের পূজাদি করিবে। প্রথমে পিতৃকার্য্য, তৎপরে স্বধাদি প্রদান, তৎপরে গণেশের পূজা, তৎপরে বিষ্ণুপূজা, তৎপরে যথাবিধি ভবানীর পূজা করিয়া যথা-বিধি পার্থিব শিবলিঙ্গ পূজা করিবে। পবিত্র স্থান হইতে মৃত্তিকা আহরণ করিবে। ৯—১৩। "ওঁ শ্রী অষ্টমূর্ত্তয়ে নমঃ" এই মন্ত্র পাঠপূর্ব্বক সযত্নে মৃত্তিকা সংগ্রহ করত ঐ মৃত্তিকা যথাবিধি শোধন করিয়া পবিত্র স্থানে রক্ষা করিবে। প্রতিদিন সংগ্রহে অশক্ত হইলে কৃষ্ণপক্ষের চতুর্দ্দশীতে সংগ্রহ করিবে। ঐ মৃত্তিকায় এক-মাস পর্য্যন্ত কার্য্য হইবে। পরে পুনর্ব্বার মৃত্তিকা-সংগ্রহ করিবে। পরে আচমনানন্তর মাস-পক্ষ তিথ্যাদির উল্লেখপূর্ব্বক সঙ্কল্প করিবে। অনন্তর 'শিবায় অঙ্গুষ্ঠাভ্যাং নমঃ' 'ভবায় তর্জ্জনীভ্যাং নমঃ' 'সর্ব্বায় মধ্যমা[ভ্যাং] নমঃ' 'পশুপতয়ে অনামিকাভ্যাং ন[মঃ]' 'মহাদেবায় কনিষ্ঠাভ্যাং নমঃ' এবং 'ঈ[শা]নায় করতলপৃষ্ঠাভ্যাং নমঃ' এই মন্ত্র[ে] করন্যাস করিবে এবং 'শিবায় হৃদয়ায় [নমঃ]' 'ভবায় শিরসে স্বাহা' 'সর্ব্বায় শিখায়ৈ ব[ষট্]' 'পশুপতয়ে কবচায় হুং' 'মহাদেবায় নেত্[রত্রয়ায়] বৌষট্' 'ঈশানায় অস্ত্রায় ফট্' এই মন্ত্র[ে] অঙ্গন্যাস করিবে। পরে যিনি রজত পর্ব্ব[তের] ন্যায় শোভা-সম্পন্ন; মনোহর চন্দ্রখণ্ড য[াঁহার] শিরোভূষণ, যাঁহার শরীর রত্নালঙ্কার সমুজ্জ্বল; যিনি স্বহস্তে কুঠার, মৃগমুদ্রা, [বর]মুদ্রা এবং অভয়মুদ্রা ধারণ করিতেছেন, [যিনি] সর্ব্বদা সন্তুষ্ট; যিনি পদ্মাসনে আসীন; [দেবগণ] যাঁহাকে চতুর্দ্দিকে স্তব করিতেছেন; ব্যা[ঘ্রচর্ম্ম] যাঁহার পরিধান, যিনি বিশ্ব-সংসারের কারণ; যিনি ত্রিজগতের পূজ্য এবং সমস্ত ভয় নষ্ট করেন; সেই পঞ্চবক্ত্র ত্রি[নেত্র]

* বিশ্ববীজমিতি প্রামাণিক পাঠঃ।

পূর্ব্বোক্তঞ্চ পুনর্ধ্যানং কৃত্বা তু জপমারভেৎ ॥২৮

ওঁ অস্য শ্রীসদাশিবমন্ত্রস্য বামদেব ঋষি-র্দেবীপঙ্‌ক্তিশ্ছন্দঃ শ্রীশিবো দেবতা মম ভুক্তি-মুক্তিপ্রাপ্তয়ে জপে বিনিয়োগঃ

যথোক্তং গুরুণা মন্ত্রং জপেচ্চ শিবসন্নিধৌ।
অনন্তফলসিদ্ধ্যর্থং জপেচ্চ বিধিবৎ পুমান্ ॥ ২৯
অনন্যমনসা তত্র ধ্যায়েদ্দেবঞ্চ ত্র্যম্বকম্।
যথাশক্তি জপং কৃত্বা তর্পণং তদ্দশাংশকম্ ॥ ৩০
মার্জ্জনঞ্চ দশাংশঞ্চ কুর্যাচ্ছিবফলেচ্ছয়া।
অষ্টমূর্ত্তিশ্চ পূজ্যোত সাঙ্গপূজাফলায় চ ॥ ৩১

সর্ব্বায় ক্ষিতিমূর্ত্তয়ে নমঃ। ভবায় জল-মূর্ত্তয়ে নমঃ। রুদ্রায় তেজোমূর্ত্তয়ে নমঃ উগ্রায় বায়ুমূর্ত্তয়ে নমঃ। ভীমায়াকাশমূর্ত্তয়ে নমঃ। পশু-পতয়ে যজমানমূর্ত্তয়ে নমঃ। মহাদেবায় সোম-মূর্ত্তয়ে নমঃ। ঈশানায় সূর্য্যমূর্ত্তয়ে নমঃ

অক্ষতৈশ্চন্দনৈর্ব্বাপি পূজাং কুর্য্যাৎ সদা বুধঃ।
পশ্চান্নৃত্যঞ্চ গীতঞ্চ গল্লনাদাদিকং তথা ॥ ৩২
পুনশ্চাক্ষতপুষ্পং বা গৃহীত্বাঞ্জলিনা তদা।
প্রার্থয়েচ্ছঙ্করং তত্র মন্ত্রৈরেতৈর্ম্মুনীশ্বরাঃ ॥ ৩৩
তাবকস্ত্বদ্গতপ্রাণস্ত্বচ্চিত্তোহহং সদা মৃড়।
কৃপানিধে ইতি জ্ঞাত্বা ভূতনাথ প্রসীদ মে ॥ ৩
অজ্ঞানাদ্‌যদি বা জ্ঞানাজ্জপপূজাদিকং ময়া।
কৃতং তদস্তু সফলং কৃপয়া তব শঙ্কর ॥ ৩৫
অহং পাপী মহানদ্য পাবনশ্চ মহান্ ভবান্।
ইতি বিজ্ঞায় দেবেশ যদিচ্ছসি তথা কুরু ॥ ৩৬
বেদৈঃ পুরাণৈঃ সিদ্ধান্তৈর্ঋষিভির্বিবিধৈরপি।
ন জ্ঞাতোঽসি মহাদেব কুতোঽহং ত্বাং সদাশি
যথা তথা ত্বদীয়োঽস্মি সর্ব্বভাবৈর্ম্মহেশ্বর।
ইত্যেবঞ্চাক্ষতান পুষ্পাণ্যাবোপ্য চ শিবোপরি
প্রার্থনং বিবিধাং কৃত্বা বিসৃজেচ্চ শিবং তদা
যথেদানীং দেবেশ কৃপার্থং সমুপাগতঃ

পুনর্ব্বার 'ধ্যায়েন্নিত্যং' ইত্যাদি পূর্ব্বোক্ত ধ্যান করিয়া জপ আরম্ভ করিবে ;—এই শ্রীসদাশিব মন্ত্রের বামদেব ঋষি, দেবীপংক্তি ছন্দঃ, শ্রীশিব দেবতা, আমার ভুক্তি এবং মুক্তি প্রাপ্তিনিমিত্ত-জপে বিনিয়োগ ; ইহা পাঠ করিয়া অনন্ত ফলসিদ্ধির নিমিত্ত গুরু যে মন্ত্র উপদেশ করিয়া-ছেন, ঐ মন্ত্র শিবের নিকট যথাবিধি জপ করিবে। জপ সময়ে একাগ্রচিত্ত হইয়া ভগবান্ ত্র্যম্বকের ধ্যান করিবে। শিবফলা-কাঙ্ক্ষী নর যথাশক্তি জপ করিয়া তাহার দশাংশ তর্পণ করিবে এবং তাহার দশাংশ মার্জ্জন করিবে। সাঙ্গপূজাফল নিমিত্ত অষ্টমূর্ত্তির পূজা করিবে। পণ্ডিত ব্যক্তি "সর্ব্বায় ক্ষিতি-মূর্ত্তয়ে নমঃ" "ভবায় জলমূর্ত্তয়ে নমঃ" "রুদ্রায় তেজোমূর্ত্তয়ে নমঃ" * "উগ্রায় বায়ু-মূর্ত্তয়ে নমঃ" "ভীমায়াকাশমূর্ত্তয়ে নমঃ" "পশুপতয়ে যজমানমূর্ত্তয়ে নমঃ" "মহা-দেবায় সোমমূর্ত্তয়ে নমঃ" "ঈশানায় সূর্য্যমূর্ত্তয়ে নমঃ" যথাক্রমে এই মন্ত্র পাঠপূর্ব্বক অক্ষত অথবা চন্দন দ্বারা পূজা করিবে। তৎপ নৃত্য, গীত, গল্লবাদ্যাদি করিবে। হে শৌনক ঋষিগণ! পুনর্ব্বার একাঞ্জলি পরিমিত অক্ষ এবং পুষ্প গ্রহণ করিয়া বক্ষ্যমাণ মন্ত্রপা পূর্ব্বক শঙ্করের নিকটে প্রার্থনা করিবে,— মৃড়! আমি তোমার ; আমার প্রাণ এবং উভয়ই তোমাতে রহিয়াছে। হে কৃপানি হে অনঘ! তুমি ইহা অবগত হইয়া আম প্রতি প্রসন্ন হও। হে শঙ্কর! আমি অজ্ঞা পূর্ব্বক অথবা জ্ঞানপূর্ব্বক যে যে পূজ করিয়াছি, তোমার কৃপায় তাহা সফল হউ আমি এক্ষণে মহাপাপী, তুমি মহাপবিত্রকা হে দেবেশ! ইহা অবগত হইয়া যেরূপ ই হয়, তাহা কর। ঋষিগণ,—বেদ, পুরা মীমাংসা প্রভৃতি নানাবিধ শাস্ত্র দ্বারাও তোমা জানিতে পারে না ; হে মহাদেব! হে সদাশি আমি তোমাকে কিরূপে জানিব ? হে মহেশ্ব তুমি যাহাই হও, আমি সর্ব্বতোভা তোমারই। এই অর্থের মন্ত্র পাঠপূর্ব্ব শিবের মস্তকে অক্ষত এবং পুষ্প ক্ষেপ কর নানাপ্রকার প্রার্থনা করিয়া শিবের বিসর্জ্জ করিবে। ২৮—৩৮। হে দেবেশ! এক্

---

* অগ্নিমূর্ত্তয়ে নমঃ ইতি মতান্তরে পাঠ।

রাজ্যঞ্চৈবোগ্রসেনায় দত্ত্বা কৃষ্ণঃ শশাস বৈ।
উপবীতং পিতুঃ প্রাপ্য হবন্তীং গতবাংস্তদা ॥ ৫
সান্দীপনিং সমাসাদ্য ততশ্চ শিবমন্ত্রকম্।
সম্প্রাপ্য তৎপ্রভাবেণ বিদ্যাঃ সর্ব্বাঃ স্বয়ং প্রভুঃ
স্বল্পেনৈব চ কালেন পূজাং দত্ত্বা গুরোরথ।
মথুরাঞ্চ সমায়াতো দৈত্যৈর্যুদ্ধং চকার সঃ।
দৈত্যৈশ্চ সর্ব্বতো ব্যাপ্তা নগরী ঋষিসত্তমাঃ ॥ ৭
এতস্মিন্নন্তরে তেন কারিতা নগরী শুভা
সমুদ্রে যোজনানাস্তু সংখ্যায়া দ্বাদশাবধি ॥ ৮
তত্র তান্ যোগমায়য়াঃ প্রভাবাৎ পরমেশ্বরঃ ॥ ৯
গৃহকার্য্যঞ্চ তত্রত্যান সর্ব্বোপকরণৈঃ সহ।
আরোপ্যানুগ্রহং কৃত্বা মুচুকুন্দং স্বয়ং গতঃ। ১০
দৈত্যৈশ্চ পীড়িতঃ সোঽপি তত্রৈব বলবত্তরৈঃ
কদাচিৎ পর্ব্বতে তত্র নাম্না বৈ রৈবতে ততঃ ॥ ১১

উপমন্যুং শিবগণং ভক্তঞ্চৈব শিবস্য চ।
পপ্রচ্ছ পরমং প্রীত্যা কথং লোকে জয়াম্যহ
ইতি শ্রুত্বা তু তস্যৈব বচনং গণসত্তমঃ।
ত্বমপি বিষ্ণুরূপোঽসি কথং ন সেবসে শিব
সদা সহায়ঃ শর্ব্বশ্চ বিদ্যতে তব নিশ্চিতম্
সর্ব্বং ত্বং প্রাপ্স্যসে তস্মাৎ পূজাং কুরু নির
ইত্যেবঞ্চ ততঃ প্রাপ্য মন্ত্রমারাধনং হরিঃ।
সেবয়ামাস বিপ্রেন্দ্রাঃ সপ্তমাসাবধি স্বয়ম্ ॥
কুসুমৈর্বিবিধৈস্তং বৈ সেবয়ামাস শঙ্করম্।
কমলৈর্ব্বিল্বপত্রৈশ্চ শতপত্রৈঃ কুশৈস্তথা ॥
করবীরৈশ্চ দূর্ব্বাভিরর্কপুষ্পৈঃ কুশেশয়ৈঃ।
শঙ্খীপুষ্পৈস্তথা দেবং সন্তোষ্য পুরুষোত্তম
আসনৈর্বিবিধৈর্ধ্যানৈঃ প্রসন্নঃ শঙ্করস্তদা ॥
উবাচ কৃষ্ণং তত্রৈব ব্রিয়তাং বরমুত্তমম্।
ততঃ প্রসন্নমনসা বাসুদেবো জগাদ চ ॥ ১

শ্রীভগবানুবাচ।

সাম্প্রতং সকলং যেহদ্য প্রভাবাৎ তব শ

কংসের পিতা উগ্রসেনকে রাজ্য প্রদানপূর্ব্বক তাঁহা দ্বারা রাজ্য শাসন করাইতে লাগিলেন পরে পিতার নিকট হইতে যজ্ঞোপবীত গ্রহণ করিয়া অবন্তীনগরে গমন করত সেই স্থানে সান্দীপনি নামে গুরু প্রাপ্ত হইয়া তাঁহার নিকট হইতে শিবমন্ত্র গ্রহণ করিলেন। প্রভু কৃষ্ণ স্বয়ং ঐ শিবমন্ত্র-প্রভাবে অল্পকাল মধ্যে সমস্ত বিদ্যা শিক্ষা করত গুরুদক্ষিণা প্রদানপূর্ব্বক পুনর্ব্বার মথুরায় আগমন করিয়া অসুরগণের সহিত যুদ্ধ করিতে লাগিলেন। হে শৌনকাদি ঋষিগণ। অসুরেরা তৎকালে তাঁহার মথুরানগরী আক্রমণ করিয়াছিল। ইত্যবসরে কৃষ্ণ সমুদ্র মধ্যে দ্বাদশ যোজন পরিমিত দ্বারকা নামে সুন্দর নগরী নির্ম্মাণ করাইলেন। পরে ভগবান্ কৃষ্ণ মথুরাতে বসুদেব প্রভৃতি যাদবগণকে বাস করাইয়া তাঁহাদিগের উপর যোগমায়া-প্রভাবে সমস্ত উপকরণের সহিত গৃহকার্য্যের ভারার্পণ করিলেন। পরে কালযবন প্রভৃতি মহা-পরাক্রমশালী অসুরগণ কর্ত্তৃক পীড়িত হইয়া অনুগ্রহপূর্ব্বক মুচুকুন্দ রাজার নিকট স্বয়ং গমন করিলেন। তৎপরে কৃষ্ণ, কোন সময়ে রৈবত নামক পর্ব্বতে গমন করিয়া উপমন্যু নামক শিবভক্ত শিব-গণকে জিজ্ঞাসা করিলেন

হে, আমি ইহলোকে পরম সন্তোষ কিরূপে জয়লাভ করিতে পারি। — গণশ্রেষ্ঠ উপমন্যু তাঁহার এই বাক্য শুনিয়া কৃষ্ণকে কহিলেন, আপনি ত বিষ্ণু তবে কিজন্য শিবের সেবা করিতেছেন না? তাঁহার সেবা করিলে তিনি নিশ্চয় সকল আপনার সাহায্য করিবেন আপনি তাঁহা হইতে সমস্ত প্রাপ্ত হইবেন, অতএব তাঁহার পূজা করুন। হে ব্রাহ্মণগণ। উপমন্যুর নিকটে শিবপূজার উপদেশ প্রাপ্ত হইয়া নিরন্তর সাতমাস পর্য্যন্ত নানাবিধ পুষ্প দ্বারা শঙ্করের পূজা করিলেন পরে সহস্রপত্র, বিল্বপত্র, শতপত্র, কুশ, করবী দূর্ব্বা, অর্কপুষ্প, রক্তপদ্ম ও শঙ্খীপুষ্প দ্বারা এবং বিবিধ আসন দান ও ধ্যান পুরুষপ্রধান দেবদেব শঙ্করকে সন্তুষ্ট করিলে শঙ্কর প্রসন্ন হইয়া কৃষ্ণকে কহিলেন, তুমি বর প্রার্থনা কর। তৎপরে বাসুদেব সন্তুষ্ট হইয়া কহিলেন, হে শঙ্কর! আপনার প্রভাবে আমার সমস্তই হইয়াছে; এক্ষণে

সপ্ততিতমোঽধ্যায়ঃ।

ঋষয় উচুঃ।

সূত ত্বং সর্ব্বং জানাসি পুনঃ পৃচ্ছামহে শৃণু।
কথং সুদর্শনং প্রাপ্তং বিষ্ণুনা প্রভবিষ্ণুনা ॥ ১
কথং তুষ্টস্তদা শম্ভুশ্চক্রঞ্চ দত্তবান্ যদা।
ইত্যেবং বচনং শ্রুত্বা সূতো বচনমব্রবীৎ ॥ ২

সূত উবাচ

শ্রূয়তাঞ্চ ঋষিশ্রেষ্ঠাঃ কথয়ামি যথা শ্রুতম্
কস্মিংশ্চিৎ সময়ে দৈত্যাঃ সঞ্জাতা বলবত্তরাঃ ॥৩
পীড়য়ামাসুস্তু লোকান্ ধর্ম্মলোপং তথা পুনঃ।
তে দেবাঃ পীড়িতা বিষ্ণুং প্রার্থয়ামাসুরৈ তদা ॥ ৪
কৃপাং কুরু প্রভো চ্চ মারিতা দৈত্যকৈর্বয়ম্।
কুত্র যামশ্চ কিং কুর্ম্মঃ শরণং ত্বং সমাগতাঃ ॥৫
ইত্যেবং বচনং শ্রুত্বা বিষ্ণুর্বচনমাদদে।
করিষ্যামি বচঃ কাযামারাধ্য শঙ্করং পুনঃ ॥ ৬
বলিষ্ঠাঃ শত্রবো হ্যেতে বিজেতব্যাঃ প্রযত্নতঃ।
ইত্যুক্তাস্তে তদা তেন যযুর্ধাম স্বকং স্বকম্ ॥
বিষ্ণুরপি সুরাণান্তু জয়ার্থকাভজচ্ছিবম্।
কৈলাসনিকটে গত্বা তপস্তেপে স্বয়ং হরিঃ ॥ ৮
কৃত্বা কুণ্ডঞ্চ সংস্থাপ্য জাতবেদসমগ্রতঃ।
পার্থিবেন বিধানেন মন্ত্রৈর্নানাবিধৈরপি ॥ ৯
স্তোত্রৈঃ নানাপানৈকৈশ্চ ভেজে চ শঙ্করং মু
কমলৈঃ সরসো জাতৈর্মানসাখ্যান্মুনীশ্বরাঃ ॥
যন্তু চৈবাসনং তত্র ন চচাল হরিঃ স্বয়ম্।
প্রসন্নাবধিমেবাত্র স্থেয়ঞ্চ সর্ব্বথা ময়া।
ইত্যেবং নিশ্চয়ং কৃত্বা পূজয়ামাস বৈ হরিঃ
যদা নৈব হরস্তুষ্টো বিচারে তৎপরো হরিঃ
বিচার্য্যৈবং তপঃকষ্টং যেনৈব বহুধা কৃতম্
সেবনং বহুবিধং কৃত্বা পূজনং বহুধা কৃতম্।

সপ্ততিতম অধ্যায়।

লিঙ্গ প্রকাশ করিলেন। সেই অবধি ত্রিলোকের মধ্যে পরমেশ্বর শঙ্করের নির্গুণ লিঙ্গ ও সগুণ কলেবর পূজা বিষয়ে কল্পিত হইতেছে, অন্যান্য দেবগণের মূর্ত্তিমাত্রেরই কল্পনা হইয়া থাকে। ফলতঃ অন্যান্য সমুদয় দেবতার কেবল মূর্ত্তি নিয়মিত ভোগ ও শুভদায়ক, কিন্তু শঙ্করের লিঙ্গ ও মূর্ত্তি উভয়ই সমুদয় ভোগ, মোক্ষ শুভপ্রদ। ২৫—৩২।

তৃতীয় অধ্যায় সমাপ্ত ॥ ৩ ॥

চতুর্থ অধ্যায়।

নন্দিকেশ্বর বলিলেন, হে যোগীন্দ্র! পূর্ব্বকালে কোন সময়ে ভগবান্ বিষ্ণু, গরুড় অনুচরবর্গে পরিবৃত ও পরম ঐশ্বর্য্যান্বিত হইয়া অনন্তশয্যায় শয়ান আছেন, এমত সময়ে ব্রহ্মবিদ্গণের অগ্রগণ্য ব্রহ্মা, যদৃচ্ছাক্রমে সমাগত হইয়া সেই পরম সুন্দর অনন্তশায়ী পুণ্ডরীকাক্ষকে বলিলেন, কে হে তুমি আমাকে দেখিয়াও উদ্ধত পুরুষের ন্যায় শয়ান রহি

অতীন্দ্রিয়মিদং স্তম্ভমগ্নিরূপং কিমুত্থিতম্।
অস্যোর্দ্ধমপি চাধশ্চ আবয়োর্লক্ষ্যমেব হি ॥ ১৪
ইতি ব্যবস্থিতৌ বীরৌ মিলিতৌ বীরমানিনৌ।
তৎপরৌ তৎপরীক্ষার্থং প্রতস্থাতেহথ সত্বরম্ ॥ ১৫
আবয়োর্মিশ্রয়োস্তত্র কার্য্যমেকং ন সম্ভবেৎ।
ইত্যুক্ত্বা শূকরতনুর্বিষ্ণুস্তম্ভাদিমাযিবান ॥ ১৬
তথা ব্রহ্মা হংসতনুস্তদন্তং বীক্ষিতুং যযৌ।
ভিত্ত্বা পাতালনিলয়ং গত্বা দূরতরং হরিঃ ॥ ১৭
নাপশ্যং তস্য সংস্থানং স্তম্ভস্যানলবর্চ্চসঃ
শ্রান্তঃ স শূকরহরিঃ প্রাপ পূর্ব্বং রণাঙ্গনম্ ॥ ১৮
অথ গচ্ছংস্তু ব্যোম্নি চ বিধিস্তাতে পিতা তব
দদর্শ কেতকীপুষ্পং কিঞ্চিদ্বিচ্যুতমদ্ভুতম্ ॥ ১৯
অতিসৌরভ্যসম্পন্নং বহুবর্ষচ্যুতং তথা।
অবীক্ষ্য চ তয়োঃ কৃত্যং ভগবান পরমেশ্বরঃ ॥ ২০
পরিহাসন্তু কৃতবান কম্পনং স্ফাবিতং শিরঃ

তস্মাৎ তাবদুপাদাত্তু চ্যুতং কেতকমুত্তমম্ ॥ [illegible]
কিং ত্বং পতসি পুষ্পেশ পুষ্পরাট্ কেন বা [illegible]
আদিমস্যাপ্রমেয়স্য স্তম্ভমধ্যাচ্যুতশ্চিরম্ ॥ ২[illegible]
ন পশ্যামি ততো'হং তদাশামত্ত্বদর্শনেঃ
অস্মাত্তস্য চ সেবার্থং হংসমূর্ত্তিরিহাগতঃ ॥ [illegible]
ইতঃ পরং সখে মেহদ্য ত্বয়া কর্ত্তব্যমীপ্সিত[illegible]
ময়া সহ ত্বয়া বাচ্যমেতদ্বিষ্ণোশ্চ সন্নিধৌ ॥
স্তম্ভান্তো বীক্ষিতো ধাতা তত্র সাক্ষ্যহমচ্যু[illegible]
ইত্যুক্ত্বা কেতকং তত্র প্রণনাম পুনঃপুনঃ
অসত্যমপি শস্তং স্যাদাপদীত্যনুশাসনম্ ॥
সমাক্ষ্য তত্রাচ্যুতমায়ত্তশ্রমং
প্রনষ্টহর্ষস্য ননর্ত্ত হর্ষাৎ

বিষ্ণু বলিলেন, "এ কি! এই অতীন্দ্রিয় অগ্নি-ময় স্তম্ভ কি প্রকারে সমুত্থিত হইল? যাহা হউক আমাদিগের ইহার ঊর্দ্ধ ও মূলদেশের অনুসন্ধান লওয়া কর্ত্তব্য" সেই বীরদ্বয় পরস্পর এইরূপ পরামর্শ করিয়া তাহার অনুসন্ধানার্থ সত্বর উদ্যুক্ত হইলেন ৯—১৫। পুনরায় ভগবান বিষ্ণু বলিলেন, কিন্তু উভয়ে মিলিত হইয়া এক কার্য্য করা আমাদের সঙ্গত নহে। এই বলিয়া তিনি বরাহমূর্ত্তি ধারণপূর্ব্বক স্তম্ভের মূলদেশে গমন করিতে লাগিলে, ভগবান ব্রহ্মাও হংসরূপী হইয়া অগ্রানুসন্ধানে প্রবৃত্ত হই-লেন। পরে বরাহরূপী হরি, পাতালতল ভেদ করত বহুদূর গমন করিয়াও যখন সেই অনল-স্তম্ভের মূলদেশ প্রাপ্ত হইতে পারিলেন না, তখন নিরতিশয় পরিশ্রান্ত হইয়া পুনরায় সেই সমরাঙ্গনে উপস্থিত হইলেন। হে তাত! এদিকে ত্বদীয় পিতা বিধাতা আকাশমার্গে গমন করিতে করিতে নিরতিশয় সৌগন্ধ্যময় কিঞ্চিৎ বিচ্যুত অদ্ভুত এক কেতকীকুসুম সন্দ-র্শন করিলেন। উহা দেখিলে বোধ হয় যেন বহুবর্ষ হইতে পতিত হইতেছে। ভগবান চন্দ্রশেখর, ব্রহ্ম-বিষ্ণুর অধ্যবসায় দর্শনে পরি-হাস করায় তাঁহার শিরঃকম্পন হয়। [illegible] কালে ঐ উৎকৃষ্ট কেতক "যখন [illegible] শিরঃকম্পন হইয়াছে, তখন ব্রহ্মা[illegible] অনুগৃহীত করুন এই ভাবিয়াই যেন [illegible] মস্তক হইতে পতিত হইতেছিল ১৯ [illegible] পরে ব্রহ্মা কেতককে বলিলেন, পু[illegible] তুমি কোন স্থান হইতে পতিত হইতে[illegible] কোন ব্যক্তিই বা তোমাকে ধারণ [illegible] ছিলেন? তখন কেতক বলিল [illegible] এই স্তম্ভমধ্য হইতে বহুকাল পতিত হ[illegible] কিন্তু অদ্যাপি ইহার আদি দর্শনে সমর্থ[illegible] এবং তুমি এই অপ্রমেয় স্তম্ভের অগ্র[illegible] পরিত্যাগ কর। কেতক এইরূপ বলিলে[illegible] কহিলেন, সখে! আমি ইহার অন্তবলো[illegible] হংসরূপে এই স্থানে আসিয়াছি [illegible] যাহাই হউক, এক্ষণে তোমাকে আ[illegible] উপকার সাধন করিতে হইবে,—বিষ্ণু[illegible] আমার সহিত তোমাকে এই কথা [illegible] হইবে যে, "হে অচ্যুত! বিধাতা এই[illegible] অগ্র দর্শন করিয়াছেন, আমি তাহা[illegible] আছি" ব্রহ্মা কেতককে এই কথা বলি[illegible] পুনঃ প্রণাম করিলেন। মুনে! [illegible] এইরূপ অসত্য-পথ আশ্রয় করিলে[illegible] কারণ, 'আপদ্‌কালে অসত্যও প্রশ[illegible] থাকে' এই প্রকার অনুশাসন আ[illegible]

তথা লিঙ্গমিদং পীঠং যস্মা তিষ্ঠতি সন্ততম্ ॥ ২৩
এবং স্থাপ্য মহালিঙ্গং পূজয়েদুপচারকৈঃ।
নিত্যপূজা যথাশক্তি ধ্বজাদিকরণং তথা ॥ ২৪
ইতি সংস্থাপয়োল্লিঙ্গং সাক্ষাচ্ছিবপদপ্রদম্।
অথবা চরলিঙ্গে তু ষোড়শৈরুপচারকৈঃ ॥ ২৫
পূজয়েচ্চ যথান্যায়ং ক্রমাচ্ছিবপদপ্রদম্।
আবাহনঞ্চাসনঞ্চ অর্ঘ্যং পাদ্যং তথৈব চ ॥ ২৬
তদঙ্গাচমনঞ্চৈব স্নানমভ্যঙ্গপূর্ব্বকম্।
বস্ত্রং গন্ধং তথা পুষ্পং ধূপং দীপং নিবেদনম্ ॥ ২৭
নীরাজঞ্চ তাম্বূলং নমস্কারো বিসর্জ্জনম্
অথবার্ঘ্যাদিকং কৃত্বা নৈবেদ্যান্তং যথাবিধি ॥ ২৮
অথাভিষেকং নৈবেদ্যং নমস্কারঞ্চ তর্পণম্
যথাশক্তি সদা কুর্য্যাৎ ক্রমাচ্ছিবপদপ্রদম্ ॥ ২৯
অথবা মানুষে লিঙ্গেহপ্যার্ষে দৈবে স্বয়ম্ভুবি।
স্থাপিতেহপূর্ব্বকে লিঙ্গে সোপচারং যথা তথা ॥ ৩০
পূজোপকরণে দত্তে যৎ কিঞ্চিৎ ফলমশ্নুতে।
প্রদক্ষিণনমস্কারৈঃ ক্রমাচ্ছিবপদপ্রদম্ ॥ ৩১
লিঙ্গদর্শনমাত্রং বা নিয়মেন শিবপ্রদম্।
মৃৎপিষ্টগোশকৃৎপুষ্পৈঃ করবীরেণ বা ফলৈঃ
গুড়েন নবনীতেন ভস্মনান্নৈর্যথারুচি।
লিঙ্গং যত্নেন কৃত্বান্তে যজেৎ তদনুসারতঃ ॥
অঙ্গুষ্ঠাদাবপি তথা পূজামিচ্ছন্তি কেচন।
লিঙ্গকর্ম্মণি সর্ব্বত্র নিষেধোহস্তি ন কর্হিচিৎ
সর্ব্বত্র ফলদাতা হি প্রযাসানুগুণং শিবঃ।
অথবা লিঙ্গদানং বা লিঙ্গমৌল্যমথাপি বা।
শ্রদ্ধয়া শিবভক্তায় দত্তং শিবপদপ্রদম্
অথবা প্রণবং নিত্যং জপেদ্দশসহস্রকম্ ॥
সন্ধ্যয়োশ্চ সহস্রং বা জ্ঞেয়ং শিবপদপ্রদম্
জপকালে মকারান্তং * মনঃশুদ্ধিকরং ভবেৎ
সমাধৌ মানসঃ প্রোক্তমুপাংশু সার্ব্বকালি

অবলম্বন করিয়া নিরন্তর অবস্থিতি করিয়া থাকেন। ১০—২৩ পূর্ব্বোক্ত প্রকারে মহালিঙ্গ স্থাপনপূর্ব্বক উপচারসমূহে পূজা করিবে এবং যথাশক্তি নিত্য তাঁহার পূজা ও ধ্বজাদি দান করা বিধেয়। ঐরূপ করিলে সাক্ষাৎ শিবপদ লাভ হইয়া থাকে। অথবা প্রত্যহ আবাহন, আসন, অর্ঘ্য পাদ্য পাদ্যাঙ্গ, আচমনীয়, অভ্যঙ্গপূর্ব্বক স্নানীয়, বস্ত্র, গন্ধপুষ্প, ধূপ, দীপ, নৈবেদ্য, নীরাজন, তাম্বূল, নমস্কার ও বিসর্জ্জন এই ষোড়শোপচারে যথাবিধি চরলিঙ্গের পূজা করিলেও ক্রমে শিবপদ প্রাপ্ত হইতে পারা যায়। কিংবা নিত্য অর্ঘ্য হইতে নৈবেদ্য পর্য্যন্ত দান করিয়া পরে পুনরায় যথাশক্তি অভিষেক, নৈবেদ্য, নমস্কার ও তর্পণ করিলেও ক্রমে তাহা শিবপদ-প্রাপক হইয়া থাকে। অথবা যে কোন মনুষ্য, ঋষি বা দেবতাস্থাপিত কিংবা স্বয়ং উদ্ভূত বা যাহার স্থাপনের আদি নির্ণয় হয় না, এ সকল লিঙ্গের প্রত্যহ যথাশক্তি প্রদক্ষিণ ও নমস্কারের সহিত উপচার দানে পূজা করিলেও কিঞ্চিৎ কিঞ্চিৎ

ফললাভ হয়। তাহা হইলেই ক্রমে শিব[illegible] গ্রহণে সমর্থ হইতে পারা যায়। আর [illegible] নিয়মরূপে লিঙ্গ দর্শন করিলেও শিবপদ [illegible] হয়। সাধকগণ যত্নের সহিত যথারুচি মৃত্তি[illegible] গোময় পুষ্প, ফল, গুড়, নবনীত, ভস্ম [illegible] দ্বারাও শিবলিঙ্গ নির্ম্মাণপূর্ব্বক যথাবিধি [illegible] করিতে পারেন এবং কেহ কেহ অঙ্গুষ্ঠাদি[illegible] শিবপূজা বিহিত বলিয়াছেন। ফলতঃ [illegible] প্রকার লিঙ্গকল্পনাতেই নিষেধ নাই। ভগবান শঙ্কর সর্ব্বত্র পরিশ্রমানুরূপ [illegible] করিয়া থাকেন। আর শ্রদ্ধার সহিত লিঙ্গ বা তৎপ্রাপ্তিযোগ্য মূল্য শিবভ[illegible] দান করিলে, তাহাতেও শিবপদ লাভ[illegible] কিংবা নিত্য দশ সহস্র সংখ্যক [illegible] সন্ধ্যাতেই সহস্রসংখ্যক করিয়া প্রণব[illegible] করিলে, তাহাও শিবপদপ্রদ হইয়া [illegible] উক্ত প্রণব মন্ত্রের জপকালে মনের [illegible] সম্পাদন আবশ্যক। সমাধি হইলে [illegible] জপ ও অপর সমুদয় কালে অপরিস্ফু[illegible] বিহিত হইয়াছে, কিন্তু যে কোন প্রকা[illegible] করিতে হইলেই এরূপে করিতে হই[illegible]

* প্রণবাখ্যং ব্রহ্মেত্যর্থঃ।

শিবক্ষেত্রে তথা বাসঃ নিত্যং কুর্য্যাচ্চ ভক্তিতঃ ॥
জড়ানামজড়ানাঞ্চ সর্ব্বেষাং ভুক্তি-মুক্তিদম্।
তস্মাদ্বাসং শিবক্ষেত্রে কুর্য্যাদামরণং বুধঃ ॥ ৫৪
লিঙ্গাদ্ধস্তশতং পুণ্যং ক্ষেত্রে মানুষকে বিদুঃ।
সহস্রারত্নিমাত্রন্তু পুণ্যং ক্ষেত্রে তথার্ষকে ॥ ৫৫
দৈবলিঙ্গে তথা জ্ঞেয়ং সহস্রারত্নিমানতঃ।
ধনুঃপ্রমাণসাহস্রং পুণ্যং ক্ষেত্রে স্বয়ম্ভুবি ॥ ৫৬
পুণ্যক্ষেত্রে স্থিতা বাপী কূপাদ্যং পুষ্করাণি চ
শিবগঙ্গেতি বিজ্ঞেয়ং শিবস্য বচনং যথা ॥ ৫৭
তত্র স্নাত্বা তথা দত্ত্বা জপিত্বা হি শিবং ব্রজেৎ
শিবক্ষেত্রং সমাশ্রিত্য বসেদামরণং তথা ॥ ৫৮
দাহং দশাহং মাস্যং বা সপিণ্ডীকরণন্তু বা
আব্দিকং বা শিবক্ষেত্রে ক্ষেত্রে পিণ্ডমথাপি বা ॥
সর্ব্বপাপবিনির্ম্মুক্তঃ সদ্যঃ শিবপদং লভেৎ।
অথবা সপ্তরাত্রং বা বসেদ্বা পঞ্চরাত্রকম্ ॥ ৬০
ত্রিরাত্রমেকরাত্রং বা ক্রমাচ্ছিবপদং লভেৎ।
স্ববর্ণানুগুণং লোকে স্বাচারাৎ প্রাপ্নুতে নরঃ ॥ ৬
বর্ণোদ্ধারেণ ভক্ত্যা চ তৎফলাতিশয়ং নরঃ।
সর্ব্বং কৃতং কামনয়া সদ্যঃ ফলমবাপ্নুয়াৎ॥ ৬২
সর্ব্বং কৃতমকামেন সাক্ষাচ্ছিবপদপ্রদম্।
প্রাতর্মধ্যাহ্নসায়াহ্নমহস্ত্রিষ্বেকতঃ ক্রমাৎ ॥ ৬৩
প্রাতর্বিধিকরং জ্ঞেয়ং মধ্যাহ্নং কামিকং তথা।
সায়াহ্নং শান্তিকং জ্ঞেয়ং রাত্রাবপি তথৈব হি ॥
কালো নিশীথো বৈ প্রোক্তো মধ্যযামদ্বয়ং নিশি।
শিবপূজা বিশেষেণ তৎকালেঽভীষ্টসিদ্ধিদা ॥ ৬৫
এবং জ্ঞাত্বা নরঃ কুর্ব্বন যথোক্তফলভাগ্ভবেৎ।
কলৌ যুগে বিশেষেণ ফলসিদ্ধিস্তু কর্ম্মণা ॥ ৬৬
উক্তেন কেনচিদ্বাপি অধিকারবিভেদতঃ।
সদ্বৃত্তিঃ পাপভীরুশ্চেৎ তত্তৎফলমবাপ্নুয়াৎ ॥৬৭

ঋষয় উচুঃ।

অথ ক্ষেত্রাণি পুণ্যানি সমাসাৎ কথয়স্ব নঃ।

শিবপদলাভ হয়। সকলেরই ভক্তিভাবে নিত্য শিবক্ষেত্রে বাস করা কর্ত্তব্য, কারণ তাহাতে স্থাবর জঙ্গম প্রভৃতি সকলেরই সর্ব্বপ্রকার ভোগ ও মুক্তি লাভ হইয়া থাকে। এজন্য সুবুদ্ধি জীবগণের মরণ পর্য্যন্ত শিবক্ষেত্রে বাস সর্ব্বতো-ভাবে বিধেয়। যে স্থানে মনুষ্য কর্তৃক শিব-লিঙ্গ স্থাপিত হয়, এরূপ শিবক্ষেত্রের উক্ত শিবলিঙ্গ হইতে শতহস্ত পর্য্যন্ত স্থান পুণ্যজনক হইয়া থাকে, আর দেবতা বা ঋষি-স্থাপিত শিবলিঙ্গযুক্ত ক্ষেত্রে সহস্র অরত্নি পর্য্যন্ত স্থান পুণ্যপ্রদ এবং যে ক্ষেত্রে স্বয়ম্ভু-লিঙ্গ উৎপন্ন হয়, তথায় উক্ত লিঙ্গ হইতে সহস্র-ধনুঃ পরি-মাণ পর্য্যন্ত ভূমি পুণ্য হইয়া থাকে। ভগবান্ শঙ্কর কহিয়াছেন, পুণ্যক্ষেত্রস্থিত বাপী, পুষ্করিণী ও কূপাদি সকল শিবগঙ্গা বলিয়া জানিবে; সেই স্থানে স্নান, দান ও হোমাদি কার্য্য করিলে শিবপদ লাভ করা যায়, একারণ সকলেই মরণ পর্য্যন্ত শিবক্ষেত্রে বাস করিবে। ৪৫—৫৭। উক্ত ক্ষেত্রে যাঁহার দাহ, দশাহকৃত্য, মাসিক, সপিণ্ডীকরণ বা বার্ষিককৃত্য হয় এবং যদুদ্দেশে ক্ষেত্রপ্রাপ্তি নিমিত্ত পিণ্ডদান করা যায়, সে তৎ-ক্ষণাৎ শিবপদ লাভ করিয়া থাকে। অথবা ঐ

স্থানে সপ্তরাত্র, পঞ্চরাত্র, ত্রিরাত্র বা একরাত্র বাস করিলেও ক্রমে শিবপদ প্রাপ্ত হওয়া যায় মানবগণ বিশুদ্ধ আচার ও ভক্তিবলে ক্রমে উচ্চোচ্চতর বর্ণে জন্মগ্রহণ করত স্ববর্ণানু-রূপ ফলাতিশয্য লাভ করে। সকোত কার্য্য সকল কামনাকৃত হইলে সদ্যঃ ফলজনক এবং অকামকৃত হইলে সাক্ষাৎ শিবপদপ্রা হইয়া থাকে। শিবারাধন-কার্য্য কি প্রাত কাল, কি মধ্যাহ্নকাল, কি সায়াহ্নকাল সর্ব্বসময়েই বিহিত আছে, তন্মধ্যে প্রাতঃকা নিত্য-বিধির সম্পাদক, মধ্যাহ্নকাল কাম্যফলে সম্পাদক এবং সায়াহ্ন ও রাত্রিকাল বৈরাগ্যে সম্পাদক বলিয়া জানিবে। আর রাত্রি মধ্যম যামদ্বয়রূপ নিশীথকালে শিবপূজা করি তাহা বিশেষরূপে অভীষ্টসিদ্ধিদায়ক হয় মানবগণ, এইরূপ পরিজ্ঞাত হইয়া কার্য্য করি যথোক্ত ফলভাগী হইতে পারে; বিশেষ কলি যুগে অধিকারিভেদে উক্ত যে কোন কা দ্বারাই বিশিষ্ট ফলসিদ্ধি হইয়া থাকে। কি যে ব্যক্তি সদ্বৃত্তি ও পাপভীরু, সে-ই উক্ত কার্য্যের যথার্থ ফল প্রাপ্ত হয়। সূতো এ

সর্ব্বাঃ স্ত্রিয়শ্চ পুরুষা যান্যাশ্রিত্য পদং লভেৎ ॥৬৮
সূত যোগিবরশ্রেষ্ঠ শিবক্ষেত্রাগমাংস্তথা ॥ ৬৯

সূত উবাচ।

শৃণুত শ্রদ্ধয়া সর্ব্বং ক্ষেত্রাণি চ তদাগমান্ ॥ ৭০

ইতি শ্রীশৈবে মহাপুরাণে বিদ্যেশ্বরসংহিতায়াং
ক্ষেত্রবিশেষাখ্যক-লিঙ্গমাহাত্ম্যকথনং
নাম নবমোঽধ্যায়ঃ ॥ ৯ ॥

দশমোঽধ্যায়ঃ।

সূত উবাচ

শৃণ্বন্তু ঋষয়ঃ প্রাজ্ঞাঃ শিবক্ষেত্রং বিমুক্তিদম্
তদাগমাংস্ততো বক্ষ্যে লোকরক্ষার্থমেব হি ॥ ১
পঞ্চাশৎকোটিবিস্তীর্ণা সশৈলবনকাননা
শিবাজ্ঞয়া হি পৃথিবী লোকং ধৃত্বা চ তিষ্ঠতি ॥ ২

সূতের বাক্য শ্রবণ করিয়া ঋষিগণ বলিলেন, হে যোগিবরশ্রেষ্ঠ সূত! সমুদয় স্ত্রীপুরুষগণ যাহাকে অবলম্বন করিয়া অনায়াসে শিবপদ লাভ করিতে পারে, সংক্ষেপে সেই সকল শিব-ক্ষেত্র ও শিবমাহাত্ম্যপ্রকাশক বেদভাগ আমাদিগের নিকট ব্যক্ত করুন। তখন সূত বলিলেন মুনিগণ! আপনাদিগের জিজ্ঞাসানু-রূপ ক্ষেত্র ও বেদভাগ বর্ণন করিতেছি, আপনারা শ্রদ্ধান্বিত হইয়া তৎসমুদয় শ্রবণ করুন ৬৮—৭০

নবম অধ্যায় সমাপ্ত। ৯ ॥

দশম অধ্যায়।

সূত কহিলেন, হে জ্ঞানী ঋষিগণ! অগ্রে মুক্তিপ্রদ শিবক্ষেত্রের বিষয় বর্ণন করিতেছি, শ্রবণ করুন, পরে লোকরক্ষার্থ শিবমাহাত্ম্য-প্রকাশক বেদভাগ কীর্ত্তন করিব। পঞ্চাশৎ-কোটি-যোজন-বিস্তীর্ণা, শৈলকাননান্বিতা এই পৃথিবী শিবাজ্ঞায় সকলের আধাররূপে অবস্থিত

তত্র তত্র শিবক্ষেত্রং তত্র তত্র নিবাসিনাম্।
মোক্ষার্থং কৃপয়া দেবঃ ক্ষেত্রং কল্পিতবান্ প্রভুঃ ॥
পরিগ্রহাদৃষীণাঞ্চ দেবানাঞ্চ পরিগ্রহাৎ।
স্বয়ম্ভুতান্যথান্যানি লোকরক্ষার্থমেব হি ॥ ৪
তীর্থে ক্ষেত্রে সদা কার্য্যং স্নান-দান-জপাদিকম্।
অন্যথা রোগ-দারিদ্র্য-মূকত্বাদ্যাপ্নুয়ান্নরঃ ॥ ৫
অথাস্মিন্ ভারতে বর্ষে প্রাপ্নোতি মরণং নরঃ।
স্বয়ম্ভুস্থানবাসেন পুনর্মানুষ্যমাপ্নুয়াৎ ॥ ৬
ক্ষেত্রে পাপস্য করণং দৃঢ়ং ভবতি ভূসুরাঃ।
পুণ্যক্ষেত্রে নিবাসে হি পাপমণ্বপি নাচরেৎ ॥ ৭
যেন কেনাপ্যুপায়েন পুণ্যক্ষেত্রে বসেন্নরঃ।
সিন্ধোঃ শতনদীতীরে সন্তি ক্ষেত্রাণ্যনেকশঃ ॥ ৮
সরস্বতী নদী পুণ্যা প্রোক্তা ষষ্টিমুখা তথা।
তত্তীরে বসেৎ প্রাজ্ঞঃ ক্রমাদ্ব্রহ্মপদং লভেৎ ॥
হিমবদ্গিরিজা গঙ্গা পুণ্যা শতমুখা নদী
তত্তীরে চৈব কাশ্যাদি পুণ্যক্ষেত্রাণ্যনেকশঃ ॥ ১০

আছে ইহার স্থানে স্থানে ক্ষেত্রনিবাসী ব্যক্তিগণের মুক্তির নিমিত্ত ভগবান্ শঙ্কর, ক্ষেত্র সকল কল্পনা করিয়াছেন এবং ঋষিগণ ও দেবগণের পরিগ্রহ নিবন্ধন কতিপয় ক্ষেত্র সমুদ্ভূত হইয়াছে আর স্বত-উৎপন্নও কতিপয় ক্ষেত্র দেখা যায়। তীর্থ ও ক্ষেত্রে মানবগণের সদা স্নান, দান ও জপাদি কার্য্য করা কর্ত্তব্য। তাহা না হইলে রোগ, দারিদ্র্য ও মূকত্বাদি জন্য দুঃখ ভোগ করিতে হয়। মানবগণ এই ভারতবর্ষে মৃত হইলে পুনর্ব্বার মনুষ্য-যোনিতেই জন্মগ্রহণ করিয়া থাকে। হে ভূদেবগণ! পুণ্য-ক্ষেত্রে পাপাচরণ করিলে তাহা গুরুতর হয়, এজন্য তথায় বসতিকালে কোনরূপ বৎসামান্যও পাপ করা অকর্ত্তব্য। যে কোন উপায়ে মানবের পুণ্যক্ষেত্রে বাস করা সর্ব্বোতোভাবে বিধেয় সমুদ্রের নিকট শতনদীতীরে বহুতর পুণ্যক্ষেত্র আছে, তন্মধ্যে পবিত্রা সরস্বতী নদী ষষ্টিমুখা বলিয়া প্রসিদ্ধা। বুদ্ধিমান্ ব্যক্তির তত্তীরে বাস করা উচিত; কারণ, তাহা হইলে ক্রমে ব্রহ্মপদ লাভ হইয়া থাকে। হিমালয়-সম্ভূতা পুণ্যভাগীরথী শতমুখা নামে অভিহিতা,

অত্র তীরং প্রশস্তং হি মৃগে মৃগ-বৃহস্পতৌ।
শোণভদ্রো দশমুখঃ পুণ্যোঽভীষ্টফলপ্রদঃ॥ ১১
অত্র স্নানোপবাসেন পদং বৈনায়কং লভেৎ।
চতুর্ব্বিংশমুখা পুণ্যা নর্ম্মদা চ মহানদী॥ ১২
তস্যাং স্নানেন বাসেন পদং বৈষ্ণবমাপ্নুয়াৎ।
তমসা দ্বাদশমুখা রেবা দশমুখা নদী॥ ১৩
গোদাবরী মহাপুণ্যা ব্রহ্ম-গোবধনাশিনী
একবিংশমুখা প্রোক্তা রুদ্রলোকপ্রদায়িনী॥ ১৪
কৃষ্ণবেণী পুণ্যনদী সর্ব্বপাপক্ষয়াবহা।
সাষ্টাদশমুখা প্রোক্তা বিষ্ণুলোকপ্রদায়িনী॥ ১৫
তুঙ্গভদ্রা দশমুখা ব্রহ্মলোকপ্রদায়িনী
সুবর্ণমুখরী পুণ্যা প্রোক্তা নবমুখা তথা॥ ১৬
তত্রৈব সুপ্রজায়ন্তে ব্রহ্মলোকচ্যুতাস্তথা
সরস্বতী চ পম্পা চ কন্যা শ্বেতনদী শুভা।
এতাসাং তীরবাসেন ইন্দ্রলোকমবাপ্নুয়াৎ।
সহ্যাদ্রিজা মহাপুণ্যা কাবেরীতি মহানদী॥ ১৮

সপ্তবিংশমুখা প্রোক্তা সর্ব্বাভীষ্টপ্রদায়িনী।
তত্তীরাঃ স্বর্গদাশ্চৈব ব্রহ্ম-বিষ্ণুপদপ্রদাঃ॥ ১৯
শিবলোকপ্রদাঃ শৈবাস্তথাভীষ্টফলপ্রদাঃ।
নৈমিষে বদরে স্নায়ান্মেষগে চ গুরৌ রবৌ॥ ২০
ব্রহ্মলোকপ্রদং বিদ্যাৎ তপঃপূজাদিকং তথা
সিন্ধুনদ্যাং তথা স্নানং সিংহে কর্কটগে রবৌ॥ ২১
কেদারোদকপানঞ্চ স্নানঞ্চ জ্ঞানদং বিদুঃ।
গোদাবর্য্যাং সিংহমাসে স্নায়াৎ সিংহ-বৃহস্পতৌ
শিবলোকপ্রদমিতি শিবেনোক্তং তথা পুরা।
যমুনা-শোণয়োঃ স্নায়াদ্গুরৌ কন্যাগতে রবৌ॥
ধর্ম্মলোকে দন্তিলোকে মহাভোগপ্রদং বিদুঃ
কাবেয্যাঞ্চ তথা স্নায়াৎ তুলাগে তু রবৌ গুরৌ।
বিষ্ণোর্ব্বচনমাহাত্ম্যাৎ সর্ব্বাভীষ্টপ্রদং বিদুঃ

কাশ্যাদি বহুতর পুণ্যক্ষেত্র তাহারই তীরে অবস্থিত। ১—১০ যৎকালে বৃহস্পতি মকরস্থ হন, সেই সময় ঐ গঙ্গাতীর অতি প্রশংসনীয় হইয়া থাকে। অভীষ্টপ্রদ পবিত্র শোণভদ্রা নদী দশমুখ বলিয়া বিখ্যাত; তথায় স্নান ও উপবাসাদি ব্রতাচরণ করিলে গণেশ-লোক লাভ করা যায়। পবিত্রা মহানদী নর্ম্মদা চতুর্ব্বিংশতিমুখ, তথায় স্নান ও তত্তীরে বাস করিলে বিষ্ণুলোকে গমন হয়। তমসানদী দ্বাদশমুখা ও রেবানদী দশমুখা এবং ব্রহ্মহত্যা ও গোহত্যা-নিবারিণী মহাপুণ্যা গোদাবরীনদী একবিংশতিমুখ; তাহাতে স্নানাদি করিলে রুদ্রলোকপ্রাপ্তি হয়। সর্ব্বপাপ-নিবারিণী বিষ্ণু-লোকপ্রদা পুণ্যনদী কৃষ্ণবেণী অষ্টাদশমুখা বলিয়া অভিহিত হইয়াছে। ব্রহ্মলোকপ্রদায়িনী তুঙ্গ-ভদ্রানদী দশমুখা এবং পুণ্যা সুবর্ণমুখরী-নদী নবমুখা নামে অভিহিতা। ব্রহ্মলোকচ্যুত জীব সকল তাহার তীরে জন্মগ্রহণ করিয়া থাকে। শুভদায়িনী সরস্বতী, পম্পা, কন্যা ও শ্বেতনদী-তীরে বাস করিলে ইন্দ্রলোক-প্রাপ্তি হয়। সহ্যপর্ব্বতসম্ভূতা মহাপুণ্যা মহানদী কাবেরী, সপ্তবিংশতিমুখা ও সর্ব্বাভীষ্ট-প্রদায়িনী বলিয়া কথিত আছে। তত্তীরে অবস্থানাদি করিলে স্বর্গবাস, ব্রহ্ম-বিষ্ণুপদ লাভ, সর্ব্বাভীষ্ট সিদ্ধি এবং অন্তে শিবলোকে গমন হইয়া থাকে। রবি ও বৃহস্পতির মেষরাশিতে অবস্থানকালে নৈমিষারণ্য বা বদরিকাশ্রমে স্নান ও তপঃ পূজাদি করিলে ব্রহ্মলোক লাভ করা যায়। সূর্য্য সিংহ ও কর্কট রাশিতে অবস্থিতি করিলে সিন্ধু নদীতে স্নানও ঐরূপ ফলপ্রদ হইয়া থাকে। ১১—২১ কেদার-নদীর জলপান ও তাহাতে স্নান করিলে জ্ঞানলাভ হয়, ইহা বিদ্বদ্গণ বলিয়া থাকেন। পূর্ব্বে স্বয়ং শি[ব] বলিয়াছেন, যে ব্যক্তি সৌর-ভাদ্রে বৃহস্পতি সিংহস্থ হইলে গোদাবরীতে স্নান করে, [সে] শিবলোকে গমন করিয়া থাকে। বৃহস্পতি [ও] সূর্য্যের কন্যারাশিতে অবস্থিতিকালে যে ম[নুষ্য] যমুনায় স্নান করে, তাহার ধর্ম্মলোক প্রাপ্তি [এবং] শোণনদীতে স্নান করে, তাহার গণেশলো[ক] লাভ হয় এবং উভয় স্থানেই মহৎ ঐশ্ব[র্য্য] ভোগ হইয়া থাকে। বৃহস্পতি ও সূর্য্য তু[লা] রাশিস্থ হইলে যে ব্যক্তি, কাবেরী নদীতে স্[নান] করিতে পারে, বিষ্ণু-বাক্যানুসারে তাহার সর্ব্বা[ভী]ষ্ট সিদ্ধ হয়, ইহা পণ্ডিতগণ বলিয়া থাকে[ন]।

পাদে মূর্দ্ধ্নি হৃদি চৈব মূর্দ্ধ্নি হৃৎপাদ এব চ ।
হৃৎপাদমূর্দ্ধ্নি সম্প্রোক্ষ্য মন্ত্রস্নানং বিদুর্বুধাঃ ॥ ২৩
ঈষৎস্পর্শে চ দৌঃস্বাস্থ্যে রাজরাষ্ট্রভয়েঽপি চ ।
অগত্যাগতিকালে চ মন্ত্রস্নানং সমাচরেৎ ॥ ২৪
প্রাতঃসূর্য্যানুবাকেন সায়মগ্ন্যনুবাকতঃ ।
অপঃ পীত্বা তথা মধ্যে পুনঃ প্রোক্ষণমাচরেৎ ॥ ২৫
গায়ত্র্যা জপমন্ত্রান্তে ত্রিরূর্দ্ধং প্রাক্ নিক্ষিপেৎ
মন্ত্রেণ সহ চৈকং বৈ মধ্যেঽহ্নস্তু রবেঃ কৃতা ॥ ২৬
অথ জাতে চ সায়াহ্নে ভুবি পশ্চিমদিঙ্মুখঃ
উদ্ধৃত্য দদ্যাৎ প্রাতশ্চ মধ্যাহ্নেঽঞ্জলিভিস্তথা ॥ ২৭
অঙ্গুলীনাঞ্চ রন্ধ্রেণ লম্বং পশ্যেদ্দিবাকরম্
আত্মপ্রদক্ষিণং কৃত্বা শুদ্ধাচমনমাচরেৎ ॥ ২৮
সায়ং মুহূর্ত্তাদর্বাক্ তু কৃতা সন্ধ্যা বৃথা ভবেৎ ।
অকালাৎ কাল ইত্যুক্তো দিনেঽতীতে যথাক্রমম্
দিবাতীতে চ গায়ত্রীং শতং নিত্যে ক্রমাজ্জপেৎ
আদশাহাৎ পরাতীতে গায়ত্রীং লক্ষমভ্যসেৎ ॥ ৩০
মাসাতীতে তু নিত্যে হি পুনশ্চোপনয়ং চরেৎ ।
ঈশো গৌরী গুহো বিষ্ণুর্ব্রহ্মা চেন্দ্রশ্চ বৈ যমঃ ॥
এবংরূপাংশ্চ বৈ দেবাংস্তর্পয়েদর্থসিদ্ধয়ে ।
ব্রহ্মার্পণং ততঃ কৃত্বা শুদ্ধাচমনমাচরেৎ ॥ ৩২
তীর্থদক্ষিণতঃ শস্তে মঠে মন্ত্রালয়ে বুধঃ ।
তত্র দেবালয়ে বাপি গৃহে বা নিয়তস্থলে ॥ ৩৩
সর্ব্বান দেবান নমস্কৃত্য স্থিরবুদ্ধিঃ স্থিরাসনঃ ।
প্রণবং পূর্ব্বমভ্যস্য গায়ত্রীমভ্যসেৎ ততঃ ॥ ৩৪
জীবব্রহ্মৈক্যবিষয়ং বুদ্ধ্বা প্রণবমভ্যসেৎ
ত্রৈলোক্যসৃষ্টিকর্ত্তারং স্থিতিকর্ত্তারমচ্যুতম্ ॥ ৩৫
সংহর্ত্তারং তথা রুদ্রং স্বপ্রকাশমুপাস্মহে ।
জ্ঞানকর্ম্মেন্দ্রিয়াণাঞ্চ মনোবৃত্তীর্ধিয়স্তথা ॥ ৩৬
ভোগমোক্ষপ্রদে ধর্ম্মে জ্ঞানে চ প্রেরয়েৎ সদা
ইত্যমর্থং বিশ্ব ধ্যায়ন্ ব্রহ্ম প্রাপ্নোতি নিশ্চয়ঃ ॥ ৩৭

এবং হৃদয়, পাদ ও মস্তকে যে প্রোক্ষণ, পণ্ডিতগণ তাহাকে মন্ত্রস্নান বলিয়া নির্দ্দেশ করেন। সাধারণ অমেধ্য-বস্তুর স্পর্শে, শরীরের অস্বাস্থ্যে, রাজভয়ে, রাষ্ট্রভয়ে এবং পথগমনকালে অগত্যা ঐরূপ মন্ত্রস্নান করিবে ১৩—২৪। সন্ধ্যাবন্দন মধ্যে প্রাতঃকালে "সূর্য্যশ্চ মামন্যুশ্চ" ইত্যাদি মন্ত্রের ও সায়ংকালে "অগ্নিশ্চ মামন্যুশ্চ" ইত্যাদি মন্ত্রের পাঠান্তে আচমন করিয়া পুনরায় পূর্ব্ববৎ মার্জ্জন করিতে হয়। হে দ্বিজগণ! প্রাতঃকালে গায়ত্রী-জপের পর উর্দ্ধে তিনবার, মধ্যাহ্নে মধ্যভাগে একবার এবং সায়ংকালে পশ্চিমাস্য হইয়া জলোত্তোলনপূর্ব্বক ভূমিতে একবার সূর্য্য উদ্দেশে সমন্ত্রক অর্ঘ্যদান করিবে। প্রাতঃকাল ও মধ্যাহ্নকালে দেবতীর্থ ও সায়ংকালে অঙ্গুলি-নিচয়ের রন্ধ্র দ্বারা গগন-বিলম্বী দিবাকরকে অবলোকনপূর্ব্বক আত্ম-প্রদক্ষিণ করিয়া শুদ্ধাচমন করিবে। মুহূর্ত্তাত্মক সায়ংকালের পূর্ব্বে সায়ংসন্ধ্যা করিলে, অকালে করণ নিবন্ধন তাহা নিষ্ফল হয়; কারণ, যথাকালেই তাহার বিধি আছে। আর একদিন সন্ধ্যাবন্দনরূপ নিত্যকর্ম্মের বাধ হইলে পরদিন যথাক্রমে শত গায়ত্রীজপ ও দশদিন অতীত হইলে, লক্ষ গায়ত্রী জপ করিবে। আর একমাস অতীত হইলে পুনরায় উপনয়ন দান করিবে। মানবগণ অভিলষিত-সিদ্ধির জন্য জল দ্বারা মহেশ্বর, গৌরী, কার্ত্তিকেয়, বিষ্ণু, ব্রহ্মা, ইন্দ্র ও যমরাজের তর্পণ করিবে। পরে ব্রহ্মে কর্ম্মফল অর্পণ করিয়া আচমন করিবে। জ্ঞানিব্যক্তি তীর্থের দক্ষিণস্থ প্রশস্ত মঠ, মন্ত্রালয়, প্রসিদ্ধ দেবালয়, গৃহ বা নিয়মিত স্থানে স্থিরমতি ও স্থিরাসন হইয়া সমুদয় দেবগণকে প্রণাম-পূর্ব্বক প্রণব উচ্চারণ করত গায়ত্রী জপ করিবে। জীব-ব্রহ্মের অভেদ জ্ঞান করিয়া উক্ত প্রণব উচ্চারণ করিতে হয় এবং গায়ত্রী জপকালে এইরূপ চিন্তা করিবে যে, "যাহারা জ্ঞানেন্দ্রিয় ও কর্ম্মেন্দ্রিয় হইতে আমাদিগের মনোবৃত্তি ও বুদ্ধিকে নিরন্তর ভোগ-মোক্ষপ্রদ ধর্ম্ম এবং জ্ঞানমার্গে প্রেরণ করিতেছেন, সেই ত্রিলোকীর সৃষ্টিকর্ত্তা ব্রহ্মা, পালনকর্ত্তা নারায়ণ ও সংহারকারী রুদ্রদেবকে উপাসনা করি।" গায়ত্রীর এবংবিধ অর্থ মনোমধ্যে চিন্তা করত জপ করিলে নিশ্চয়ই ব্রহ্মলা

কেবলং বা জপেন্নিত্যং ব্রাহ্মণ্যস্য চ পূর্ত্তয়ে।
সহস্রমভ্যসেন্নিত্যং প্রাতর্ব্রাহ্মণপুঙ্গবঃ ॥ ৩৮
অন্যেষাঞ্চ যথাশক্তি মধ্যাহ্নে চ শতং জপেৎ।
সায়ং দ্বিশতকং জ্ঞেয়ং শিখাষ্টকসমন্বিতম্ ॥ ৩৯
মূলাধারং সমারভ্য দ্বাদশান্তস্থিতাংস্তথা।
বিদ্যেশব্রহ্মবিষ্ণ্বীশ-জীবাত্মপরমেশ্বরান্ ॥ ৪০
ব্রহ্মবুদ্ধ্যা তদৈক্যঞ্চ সোঽহংভাবনয়া জপেৎ।
তানেব ব্রহ্মরন্ধ্রাদৌ কায়াদ্বাহ্যে চ ভাবয়েৎ ॥ ৪১
মহত্তত্ত্বং সমারভ্য শরীরাণি সহস্রকম্
একৈকস্মাজ্জপাদেকমতিক্রম্য শনৈঃ শনৈঃ ॥ ৪২
পরস্মিন্ যোজয়েজ্জীবং জপতত্ত্বমুদাহৃতম্
শতদ্বিশতকং দেহং শিখাষ্টকসমন্বিতম্ ॥ ৪৩
মন্ত্রাণাং জপ এবং হি জপমাদিক্রমাদ্বিদুঃ।
সহস্রং ব্রাহ্মদং বিদ্যাচ্ছতমৈন্দ্রং পদং বিদুঃ ॥ ৪৪
ইতরৎ ত্বাত্মরক্ষার্থং ব্রহ্মযোনিষু জায়তে।
দিবাকরমুপস্থায় নিত্যমিত্থং সমাচরেৎ ॥ ৪৫
লক্ষদ্বাদশযুক্তস্তু পূর্ণব্রাহ্মণ ঈরিতঃ।
গায়ত্র্যা লক্ষহীনস্তু বেদকার্য্যে ন যোজয়েৎ ॥ ৪৬
আ সপ্ততেস্তু নিয়মং পশ্চাৎ প্রব্রাজনং চরেৎ।
প্রাতর্দ্বাদশসাহস্রং প্রব্রাজী প্রণবং জপেৎ ॥ ৪৭
দিনে দিনে ত্বতিক্রান্তে নিত্যমেবং ক্রমাজ্জপেৎ
মাসাদৌ ক্রমশোঽতীতে সার্দ্ধলক্ষজপেন হি ॥ ৪৮
তত ঊর্দ্ধমতিক্রান্তে পুনঃ প্রৈষং সমাচরেৎ।
এবং কৃতে দোষশান্তিরন্যথা রৌরবং ব্রজেৎ ॥ ৪৯
ধর্ম্মার্থয়োস্ততো যত্নং কুর্য্যাৎ কামী ন চেতরঃ।
ব্রাহ্মণো মুক্তিকামঃ স্যাদ্ব্রহ্মজ্ঞানং সদাভ্যসেৎ ॥ ৫০
ধর্ম্মাদর্থোঽর্থতো ভোগো ভোগাদ্বৈরাগ্যসম্ভবঃ।
ধর্ম্মার্জ্জিতার্থভোগেন বৈরাগ্যমুপজায়তে ॥ ৫১

হইয়া থাকে ২৭—৩৭। আর রক্ষণার্থীর জন্য এতদ্দেশে অর্থদান না করিয়াও জপ করিতে পারে। ব্রাহ্মণপুঙ্গবের প্রত্যহ প্রাতঃকালে অষ্টাধিক সহস্র, মধ্যাহ্নে অষ্টাধিক শত এবং সায়াহ্নে অষ্টাধিক দ্বিশত গায়ত্রী জপ করা কর্ত্তব্য। আর অন্যান্য ব্যক্তির পক্ষে সাধ্যানুসারে জপের আবশ্যকতা। মূলাধার প্রভৃতি ব্রহ্মরন্ধ্র পর্য্যন্ত ষট্চক্রে যথাক্রমে অবস্থিত বিদ্যেশ্বর, ব্রহ্মা, বিষ্ণু, ঈশ জীবাত্মা ও পরমাত্মাতে ব্রহ্মবোধে অভেদ জ্ঞান ও "সোঽহং" এইরূপ ভাবনা করত উক্ত জপ করিতে হইবে। উল্লিখিত বিদ্যেশ্বরাদি দেবগণকে ব্রহ্মরন্ধ্রাদিতে ও শরীরের বহির্দ্দেশে ভাবনা করত এক একবার জপ দ্বারা মহত্তত্ত্ব প্রভৃতি অনন্ত শরীরের এক একটীকে অতিক্রমপূর্ব্বক ক্রমে ক্রমে পরমাত্মাতে জীবাত্মার সম্মিলন সাধিত করিতে হয়, এইরূপ জপতত্ত্ব কথিত হইয়াছে। অষ্টাধিক শত ও দ্বিশত প্রভৃতি জপসংখ্যাবিশেষই ঐ জপতত্ত্বের দেহস্বরূপ। যে কোন প্রকার মন্ত্র জপ করিতে গেলেই এতাদৃশ ক্রমের আবশ্যক, ইহা বিবুধগণ বলিয়া থাকেন। সহস্র জপে ব্রহ্মলোক ও শতজপে ইন্দ্রলোকপ্রাপ্তি এবং দ্বিশতাদি জপে আত্মরক্ষা ও ব্রাহ্মণকুলে জন্ম লাভ হইয়া থাকে। প্রতিদিন অগ্রে দিবাকরকে অর্চ্চনা করিয়া জপকার্য্যের অনুষ্ঠান করিবে। যিনি এইরূপ দ্বাদশলক্ষ জপ করেন, তিনিই সম্পূর্ণ ব্রাহ্মণ-পদবাচ্য, আর যে ব্যক্তি লক্ষ গায়ত্রী জপ না করিয়াছে, তাহাকে বৈদিক কার্য্যে নিয়োজিত করা অবিধি। মানবগণের উক্ত নিয়ম সপ্ততিবর্ষ পর্য্যন্তই বিহিত। সপ্ততিবর্ষ অতীত হইলে সন্ন্যাসাশ্রম গ্রহণ করা কর্ত্তব্য। সন্ন্যাসী ব্যক্তির, প্রতিদিন প্রাতঃকালে দ্বাদশ সহস্র প্রণব জপ করা কর্ত্তব্য; কিন্তু এক এক দিন পতিত হইলে দ্বাদশ সহস্র ও মাসাদি অতিক্রান্ত হইলে সার্দ্ধলক্ষ জপরূপ প্রায়শ্চিত্ত দ্বারা অপরাধ জনিত পাপের শান্তি করিতে হয়, নতুবা রৌরব নরকে অবস্থিতি হইয়া থাকে। আর যদি পূর্ব্বোক্তের অধিককাল জপের বাধ হয়, তাহা হইলে পুনর্ব্বার সন্ন্যাসাশ্রম গ্রহণ করিতে হইবে ৩৮—৪৯। যতি ব্যতীত সকলেরই ধর্ম্ম ও অর্থের প্রতি অনুরাগী হওয়া বিধেয়। ব্রাহ্মণ মুক্তিবাসনায় নিরন্তর ব্রহ্মজ্ঞান অভ্যাস করিবেন। ধর্ম্ম হইতে যে অর্থ ও সেই অর্থ হইতে যে ভোগ লাভ হয়, তাহা হইতেই বৈরাগ্যের উৎপত্তি

বিপরীতার্থভোগেন রাগ এব প্রজায়তে।
ধর্ম্মশ্চ দ্বিবিধঃ প্রোক্তো দ্রব্য-দেহদ্বয়েন চ ॥ ৫২
দ্রব্যমিজ্যাদিরূপং স্যাৎ তীর্থস্নানাদি দৈহিকম্
ধনেন ধনমাপ্নোতি তপসা দিব্যরূপতাম্ ॥ ৫৩
নিষ্কামঃ শুদ্ধিমাপ্নোতি শুদ্ধ্যা জ্ঞানং ন সংশয়ঃ।
কৃতাদৌ হি তপঃ শ্লাঘ্যং দ্রব্যধর্ম্মঃ কলৌ যুগে ॥
কৃতে ধ্যানাজ্জ্ঞানসিদ্ধিস্ত্রেতায়াং তপসা তথা।
দ্বাপরে যজনাজ্জ্ঞানং প্রতিমাপূজয়া কলৌ ॥ ৫৫
যাদৃশং পুণ্যং পাপং বা তাদৃশং ফলমেব হি।
দ্রব্য-দেহাঙ্গভেদেন ন্যূন-বৃদ্ধি-ক্ষয়াদিকম্ ॥ ৫৬
অধর্ম্মো হিংসিকারূপো ধর্ম্মস্তু সুখরূপকঃ
অধর্ম্মাদ্দুঃখমাপ্নোতি ধর্ম্মাৎ স্বসুখমেধতে ॥ ৫৭
বিদ্যাদ্দুর্বৃত্তিতো দুঃখং সুখং বিদ্যাৎ সুবৃত্তিতঃ
ধর্ম্মার্জ্জনমতঃ কুর্য্যাদ্ভোগ-মোক্ষপ্রসিদ্ধয়ে ॥ ৫
সকুটুম্বস্য বিপ্রস্য চতুর্জ্জনযুতস্য চ।
শতবর্ষস্য বৃত্তিস্তু দদ্যাৎ তদ্‌ব্রহ্মলোকদম্ ॥ ৫
চান্দ্রায়ণসহস্রস্তু ব্রহ্মলোকপ্রদং বিদুঃ।
সহস্রস্য কুটুম্বস্য প্রতিষ্ঠাং ক্ষত্রিয়শ্চরেৎ ॥ ৬
ইন্দ্রলোকপ্রদং বিদ্যাদযুতং ব্রহ্মলোকদম্।
যাং দেবতাং পুরস্কৃত্য দানমাচরতে নরঃ ॥ ৬১
তত্তল্লোকমবাপ্নোতি ইতি বেদবিদো বিদুঃ।
অর্থহীনঃ সদা কুর্য্যাৎ তপসামর্জ্জনং তথা ॥ ৬
তীর্থাচ্চ তপসা প্রাপ্যং সুখমক্ষয়মশ্নুতে।
অর্থার্জ্জনমথো বক্ষ্যে ন্যায়তঃ সুসমাহিতঃ ॥ ৬
কৃতাৎ প্রতিগ্রহাচ্চৈব যাজনাচ্চ বিশুদ্ধতঃ
অদৈন্যাদনতিক্লেশাদ্‌ব্রাহ্মণো ধনমর্জ্জয়েৎ ॥ ৬৪
ক্ষত্রিয়ো বাহুবীর্য্যেণ কৃষিগোরক্ষণাদ্বিশঃ।
ন্যায়ার্জ্জিতস্য বিত্তস্য দানাৎ সিদ্ধিং সমশ্নুতে ॥ ৬৫

হইয়া থাকে আর অধর্ম্মাচরণোপার্জ্জিত অর্থ হইতে যে ভোগপ্রাপ্তি হয় তদ্দ্বারা বৈরাগ্যের পরিবর্ত্তে বিষয়ানুরাগই বর্দ্ধিত হইতে থাকে। পূর্ব্বোক্ত ধর্ম্ম—দ্রব্য ও দেহ সম্বন্ধ-বশে দ্বিবিধ বলিয়া পরিগণিত তন্মধ্যে যাগাদিরূপ ধর্ম্ম-কার্য্য দ্রব্যজনিত ও তীর্থ-স্নানাদিরূপ ধর্ম্ম-কার্য্য দৈহিক বলিয়া নির্দ্দিষ্ট ঐ ধর্ম্মকার্য্য দ্বারা ধন ও তপস্যা দ্বারা দিব্যরূপত্ব লাভ হইয়া থাকে যে ব্যক্তি নিষ্কাম হইয়া কার্য্যানুষ্ঠান করে, তাহার প্রথমে শুদ্ধিলাভ এবং সেই চিত্তশুদ্ধি হইতেই জ্ঞানলাভ হয়, তাহাতে কিছুমাত্র সংশয় নাই। সত্যাদি যুগত্রয়ে তপোনুষ্ঠান, আর কলিযুগে দ্রব্যধর্ম্মই প্রশংসনীয়। সত্য-যুগে ধ্যানবল, ত্রেতায় তপোনুষ্ঠান, দ্বাপরে যজনকার্য্য ও কলিযুগে প্রতিমাপূজা দ্বারাই জ্ঞানলাভ হয়। পাপ-পুণ্যের সাধন দ্রব্য ও দেহ দ্বারা যাদৃশ পাপ বা পুণ্যসঞ্চয় করা যায়, তাহাতে বৃদ্ধি-ক্ষয়াদি বিকারশূন্য তাদৃশ ফলই লাভ হইয়া থাকে। এই ভূমণ্ডলে অবৈধ কুৎসিত হিংসা হইতে অধর্ম্ম ও সুখকর যাগ-যজ্ঞাদি হইতে ধর্ম্মের উৎপত্তি হয়; তন্মধ্যে অধর্ম্ম হইতে দুঃখ ও ধর্ম্ম হইতে সুখলাভ হইয়া থাকে। এইরূপ দুর্বৃত্তি ও সুবৃত্তি যথাক্রমে দুঃখ ও সুখের সম্পাদক বলিয়া প্রসিদ্ধ আছে। মানব এই কারণেই নিরন্তর ভোগ-মোক্ষপ্রদ ধর্ম্ম-কার্য্যের অনুষ্ঠানেই ব্যাপৃত থাকিবে। যে ব্রাহ্মণের বহুতর পরিবারবর্গ বা যাহার অনেক আত্মীয় আছে তাহাকে শতবর্ষ-ব্যাপিনী বৃত্তি দান করিলে ব্রহ্মলোক লাভ হইয়া থাকে এবং পণ্ডিতগণ সহস্র চান্দ্রায়ণকেও ব্রহ্মলোক-প্রদ বলিয়া নির্দ্দেশ করেন। যে ক্ষত্রিয় সহস্র কুটুম্বের ভরণ পোষণ করে, তাহার ইন্দ্রলোক ও যে অযুত কুটুম্বের প্রতিষ্ঠাকারী, তাহার ব্রহ্মলোক লাভ হয় বেদবিদ্‌গণ বলিয়া থাকেন. মানব যে দেবতার সম্মুখে দান করে, তাহার সেই দেবলোকেই গমন হইয়া থাকে। যে ব্যক্তি অর্থহীন, সে তপোনুষ্ঠানেই ধর্ম্মার্জ্জন করিবে। তীর্থস্থান হইতে তপস্যা দ্বারা যে সুখলাভ হয়, তাহার আর ক্ষয় হয় না। এক্ষণে ন্যায়সঙ্গত অর্থোপার্জ্জনের বিষয় বলিতেছি, শ্রবণ করুন ৫০—৬৩। ব্রাহ্মণ দৈন্যজ্ঞাপন না করিয়া সৎপ্রতিগ্রহ বা অনতিক্লেশে যাজন কার্য্য দ্বারা ধন উপার্জ্জন করিবে এবং ক্ষত্রিয়ের বাহুবীর্য্যে ও বৈশ্যের কৃষি-গোরক্ষাদি-কার্য্যে অর্থোপার্জ্জন বিধেয়। এই প্রকার ন্যায়োপার্জ্জিত ধনের দান

ন বদেৎ সর্ব্বজন্তূনাং হৃদি রোষকরং বুধঃ।
সন্ধ্যয়োরগ্নিকার্য্যঞ্চ কুর্য্যাদৈশ্বর্য্যসিদ্ধয়ে॥ ৮০
অশক্তস্ত্বেককালে বা যথাগ্নৌ চ যথাবিধি
তণ্ডুলং ধান্যমাজ্যং বা ফলং কন্দং হবিস্তথা॥ ৮১
স্থালীপাকং তথা কুর্য্যাদ্যথান্যায়ং যথাবিধি।
প্রধানহোমমাত্রং বা হব্যাভাবে সমাচরেৎ॥ ৮২
নিত্যসন্ধানমিত্যুক্তং তমজস্রং বিদুর্বুধাঃ।
অথবা জপমাত্রং বা সূর্য্যবন্দনমেব চ॥ ৮৩
এবমাত্মার্থিনঃ কুর্য্যুরর্থার্থী চ যথাবিধি।
ব্রহ্মযজ্ঞরতা নিত্যং দেবপূজারতাস্তথা॥ ৮৪
অগ্নিপূজাপরা নিত্যং গুরুপূজারতাস্তথা
ব্রাহ্মণানাং তৃপ্তিকরাঃ সর্ব্বে স্বর্গস্য ভাগিনঃ॥ ৮৫

ইতি শ্রীশৈবে মহাপুরাণে বিদ্যেশ্বরসংহি-
তায়াং বিবিধদানবিবরণং নামৈকা
দশোঽধ্যায়ঃ॥ ১১॥

করিবে না এবং যে কোন জীবের হৃদয়সন্তাপ কর বাক্য-প্রয়োগ পণ্ডিতের পক্ষে নিতান্ত অকর্ত্তব্য। সাধক যথাবিধি তণ্ডুল, ধান্য, ঘৃত, ফল, কন্দ, হবিঃ ও স্থালীপাক অন্ন এই সকল হোমায় দ্রব্য সংগ্রহ করত ঐশ্বর্য্য-সিদ্ধির জন্য প্রাতঃকাল ও সায়ংকালে কিংবা অশক্তিনিবন্ধন এক কালেও যথাশাস্ত্র হোম এবং সূর্য্য ও অগ্নির আরাধনা করিবে। অথবা হব্যের অভাব হইলে মাত্র প্রধান হোমও করিতে পারে। বুধগণ সদাসংস্থিত ঐ অগ্নিকে 'অজস্র' বলিয়া কীর্ত্তন করিয়াছেন। উপাসকগণ অশক্তিবশতঃ কেবল হোমমন্ত্রের জপ বা সূর্য্যের বন্দনও করিতে পারে। কিন্তু আমি যে বিধি বলিলাম, এরূপ কার্য্য আত্মার্থী ব্যক্তিগণই করিবেন। আর যে অর্থার্থী, তাহাকে যথাবিধি করিতে হইবে। যে সকল মানব নিত্য ব্রহ্মযজ্ঞ, দেবপূজা, অগ্নিবন্দন, গুরুর অর্চ্চনা এবং প্রতিদিন ব্রাহ্মণগণের তৃপ্তিসাধন করিয়া থাকেন, তাঁহারা স্বর্গবাসে সক্ষম হন। ৭৪—৮৫।

একাদশ অধ্যায় সমাপ্ত॥ ১১॥

দ্বাদশোঽধ্যায়ঃ।

ঋষয় ঊচুঃ।

অগ্নিযজ্ঞং দেবযজ্ঞং ব্রহ্মযজ্ঞং তথৈব চ।
গুরুপূজাং ব্রহ্মতৃপ্তিং ক্রমেণ ব্রূহি নঃ প্রভো॥ ১

সূত উবাচ।

অগ্নৌ জুহোতি যদ্দ্রব্যমগ্নিযজ্ঞঃ স উচ্যতে।
ব্রহ্মচর্য্যাশ্রমস্থানাং সমিদাধানমেব হি॥ ২
সমিদগ্নৌ ব্রতাদ্যঞ্চ বিশেষযজনাদিকম্।
প্রথমাশ্রমিণামেবং যাবদৌপাসনং দ্বিজাঃ॥ ৩
আত্মন্যারোপিতাগ্নীনাং বনিনাং যতিনাং দ্বিজাঃ।
হিতঞ্চ মিতমেধ্যান্নং স্বকালে ভোজনং হুতিঃ॥ ৪
ঔপাসনাগ্নিসন্ধানং সমারভ্য সুরক্ষিতম্।
কুণ্ডে বাপ্যথ ভাণ্ডে বা তদজস্রং সমাবিতম্॥ ৫
অগ্নিমাত্মন্যরণ্যাং বা রাজদৈববশাদ্ভয়াৎ।
অগ্নিত্যাগভয়াদুক্তং সমারোপিতমুচ্যতে॥ ৬
সন্ধ্যাকর্ত্রী তথা দেয়া সায়মগ্ন্যাহুতির্দ্বিজাঃ

দ্বাদশ অধ্যায়।

ঋষিগণ কহিলেন,—হে প্রভো! এক্ষ[ণে] ক্রমে অগ্নিযজ্ঞ, দেবযজ্ঞ, ব্রহ্মযজ্ঞ, গুরুপূ[জা] ও ব্রহ্মতৃপ্তি বিষয় কীর্ত্তন করুন। সূত বলি[লেন], তপোধনগণ! অগ্নিতে তণ্ডুলাদির [যে] আহুতি দান তাহাকেই অগ্নিযজ্ঞ বলে। অ[ন্যান্য] ব্রহ্মচর্য্যাশ্রমীদিগের পক্ষে জাতাগ্নিতে সমি[ৎ] প্রক্ষেপই অগ্নিযজ্ঞ। দ্বিজগণ! ব্রহ্মচারিগণে[র] সমাবর্ত্তন পর্য্যন্ত পূর্ব্বোক্ত সমিৎসংরক্ষি[ত] জাতাগ্নিতেই ব্রতাদি ও বিশেষ যজনাদি স[ম্পা]দন করাই নিষ্পন্ন হয় এবং আত্মাতে অ[গ্নি] সমারোপণকারী বানপ্রস্থাশ্রমী ও যতিগণে[র] যথাসময়ে পরিমিত ও পবিত্র অন্নের ভোজ[ন] হোম বলিয়া নির্দ্দিষ্ট। নিত্যহোমার্থ কুণ্ডম[ধ্যে] অথবা ভাণ্ডমধ্যে সুরক্ষিত সমাবর্ত্তনাগ্নি[কে] মনীষিগণ 'অজস্র' নামে অভিহিত করিয়াছে[ন]। রাজোপদ্রব বা দৈবব্যাঘাতবশতঃ অগ্নিত্যা[গ] ভয়ে আত্মাতে ও অরণিতে সংস্থাপিত অগ্নি, তাহাকে 'সমারোপিত' কহে। দ্বিজগ[ণ] সায়ংকালে অগ্নিতে আহুতি দান করি[বে]

তত্তন্মন্ত্রজপো হোমো দানঞ্চৈব তপস্তথা ॥ ২৩
স্থণ্ডিলে প্রতিমায়াঞ্চ হুত্মৌ ব্রাহ্মণবিগ্রহে ।
সমারাধনমিত্যেবং ষোড়শৈরুপচারকৈঃ ॥ ২৪
উত্তরোত্তরবৈশিষ্ট্যাৎ পূর্ব্বাভাবে তথোত্তরম্ ।
নেত্রয়োঃ শিরসো রোগে তথা কুষ্ঠস্য শান্তয়ে ॥২৫
আদিত্যং পূজয়িত্বা তু ব্রাহ্মণান্ ভোজয়েৎ ততঃ
দিনং মাসং তথা বর্ষং বর্ষত্রয়মথাপি বা ॥ ২৬
প্রারব্ধং প্রবলঞ্চেৎ স্যাদ্রোগদোষজরাদিকম্
জপাদ্যমিষ্টদেবস্য বারাদীনাং ফলং বিদুঃ ॥ ২৭
পাপশান্তিবিশেষেণ হ্যাদিবারে নিবেদয়েৎ ।
আদিত্যস্যৈব দেবানাং ব্রাহ্মণানাং বিশিষ্টদম্ ॥২৮
সোমবারে চ লক্ষ্ম্যাদীন সম্পদর্থং যজেদ্বুধঃ ।
আজ্যান্নেন তথা বিপ্রান্ সপত্নীকাংশ্চ ভোজয়েৎ
কাল্যাদীন ভৌমবারে তু যজেদ্রোগপ্রশান্তয়ে ।
মাসমুদ্গাঢ়কান্নেনং ব্রাহ্মণাংশ্চৈব ভোজয়েৎ ॥
সৌম্যবারে তথা বিষ্ণুং দধ্যন্নেন যজেদ্বুধঃ ।
পুত্র-মিত্র-কলত্রাদি-পুষ্টির্ভবতি সর্ব্বদা ॥ ৩১
আয়ুষ্কামো গুরোর্বারে দেবানাং পুষ্টিসিদ্ধয়ে ।
উপবীতেন বস্ত্রেণ ক্ষীরাজ্যেন যজেদ্বুধঃ ॥ ৩২
ভোগার্থং ভৃগুবারে তু যজেদ্দেবান সমাহিতঃ ।
ষড়্‌রসোপেতমন্নঞ্চ দদ্যাদ্ব্রাহ্মণতুষ্টয়ে ॥ ৩৩
স্ত্রীণাঞ্চ তুষ্টয়ে তদ্বদ্দেয়ং বস্ত্রাদিকং শুভম্ ।
অপমৃত্যুহরে মন্দে রুদ্রাদীংশ্চ যজেদ্বুধঃ ॥ ৩৪
তিলহোমেন দানেন তিলান্নেন চ ভোজয়েৎ ।
ইত্থং যজেচ্চ বিবুধানারোগ্যাদিফলং লভেৎ ॥৩৫
দেবানাং নিত্যযজনে বিশেষযজনেঽপি চ ।
স্নানে দানে জপে হোমে ব্রাহ্মণানাঞ্চ তর্পণে ॥ ৩৬
তিথি-নক্ষত্র-যোগে চ তত্তদ্দেবপ্রপূজনে ।
আদিবারাদিবারেষু সর্ব্বজ্ঞো জগদীশ্বরঃ ॥ ৩৭
তত্তদ্রূপেণ সর্ব্বেষামারোগ্যাদিফলপ্রদঃ ।

প্রীত্যর্থে তত্তন্মন্ত্রের জপ, হোম, দান, তপস্যা স্থণ্ডিল, প্রতিমা, অগ্নি, কিংবা ব্রাহ্মণশরীরে ষোড়শোপচারে আরাধনা, এই পঞ্চবিধ পূজা বিহিত করিয়াছেন। তন্মধ্যে উত্তরোত্তর হইতে পূর্ব্ব পূর্ব্ব প্রকার ফলজনক বলিয়া পূর্ব্ব-বিধিতে অসামর্থ্য হইলেই পর প্রকারে প্রবৃত্ত হইবে। মানব নেত্ররোগ, শিরোরোগ ও কুষ্ঠব্যাধির শান্তির নিমিত্ত একদিন, একমাস, একবর্ষ কিংবা প্রাক্তন দুরদৃষ্ট যদি নিরতিশয় বলবৎ হয়, তবে ত্রিবর্ষকাল প্রত্যহ আদিত্য-দেবকে অর্চ্চনাপূর্ব্বক বহুল ব্রাহ্মণকে ভোজন করাইবে; তাহা হইলে রোগ ও জরাদি সকল বিনষ্ট হইয়া থাকে। মনীষিগণ বলিয়াছেন, তত্তৎবারে অভীষ্ট দেবতার জপাদি-কার্য্য করিলে তাহা তত্তদ্বারফলের সম্পাদক হয়। মানবগণ বিশেষ যত্নসহকারে উত্তমোত্তম বস্তু সকল রবিবারে আদিত্যাদি দেবতা ও ব্রাহ্মণ-গণকে অর্পণ করিলে, তাহাদিগের সমুদয় পাপের শান্তি হইয়া থাকে। জ্ঞানী ব্যক্তি সম্পদ্ নিমিত্ত সোমবারে লক্ষ্ম্যাদিকে অর্চ্চনা পূর্ব্বক আজ্যান্ন দ্বারা সস্ত্রীক বিপ্রসমূহকে ভোজন করাইবে। যে মানব রোগশান্তির কামনা করে, তাহার মঙ্গলবারে কালী প্রভৃতি দেবতাকে পূজা করিয়া আঢ়ক-পরিমিত মাষমুদ্গান্নে ব্রাহ্মণগণকে পরিতৃপ্ত করা কর্ত্তব্য। যে ব্যক্তি বুধবারে দধ্যন্ন-দানে বিষ্ণুর আরাধনা করে, তাহার সর্ব্বদা পুত্র, মিত্র ও কলত্রাদির পুষ্টি হইতে থাকে। বিচক্ষণ ব্যক্তি আয়ুষ্কাম হইলে পুষ্টিসিদ্ধির নিমিত্ত উপবীত, বস্ত্র, ক্ষীর ও আজ্য দ্বারা বৃহস্পতিবারে দেবগণকে পূজা করিবে এবং ভোগার্থী হইলে শুক্রবারে সমাহিতচিত্তে ঐরূপ দেবগণের অর্চ্চনা, ষড়্‌রসযুক্ত অন্নদানে দ্বিজগণের তৃপ্তিসম্পাদন ও উৎকৃষ্ট বস্ত্রাদি দ্বারা রমণীদিগকে পরিতৃপ্ত করা আবশ্যক। আর যে মানব অপমৃত্যু হরণে অভিলাষী, সে শনিবারে রুদ্রাদি দেবতার পূজা, তিলহোম, তিল দান ও তিলান্নদানে ব্রাহ্মণগণের ক্ষুধা দূর করিবে। যে ব্যক্তি এইরূপে দেবগণের আরাধনা করেন, তিনি আরোগ্যাদি ফললাভে সমর্থ হইতে পারেন। ২২—৩৫। নিত্য দেবপূজা কিংবা একদা সমধিক পূজা এবং স্নান, দান, জপ, হোম, দ্বিজগণের সন্তোষসাধন, আর তিথি নক্ষত্রযোগে ও আদিত্যাদিবারে আদিত্যাদি অর্চ্চনা করিলে, সেই সর্ব্বজ্ঞ জগদীশ্বর তত্তদ্রূপে

গঙ্গা গোদাবরী চৈব কাবেরী তাম্রপর্ণিকা ॥ ৪
সিন্ধুশ্চ সরযূ রেবা সপ্তগঙ্গাঃ প্রকীর্ত্তিতাঃ।
অতোঽব্ধিতীরং দশ চ পর্ব্বতাগ্রে ততো দশ ॥ ৫
সর্ব্বস্মাদধিকং জ্ঞেয়ং যত্র বা রোচতে মনঃ।
কৃতে পূর্ণফলং জ্ঞেয়ং যজ্ঞদানাদিকং তথা ॥ ৬
ত্রেতাযুগে ত্রিপাদঞ্চ দ্বাপরেঽর্দ্ধং সদা স্মৃতম্।
কলৌ পাদস্তু বিজ্ঞেয়ং তৎপাদোনং ততোঽধিকে
শুদ্ধাত্মনঃ শুদ্ধদিনং পুণ্যং সমফলং বিদুঃ।
তস্মাদ্দশগুণং জ্ঞেয়ং রবিসংক্রমণে বুধাঃ ॥ ৮
বিষুবে তদ্দশগুণময়নে তদ্দশ স্মৃতম্।
তদ্দশ মৃগসংক্রান্তৌ তচ্চন্দ্রগ্রহণে দশ ॥ ৯
ততশ্চ সূর্য্যগ্রহণে পূর্ণং কালোত্তমে বিদুঃ
জগদ্রূপস্য সূর্য্যস্য বিষযোগাচ্চ রোগদম্ ॥ ১০
অতস্তদ্বিষশান্ত্যর্থং স্নান-দান-জপংশ্চরেৎ।
বিষশান্ত্যর্থকালত্বাৎ স কালঃ পুণ্যদঃ স্মৃতঃ ॥ ১১
জন্মর্ক্ষে চ ব্রতান্তে চ সূর্য্যরাগোপমং বিদুঃ

মহতাং সঙ্গকালঞ্চ কোট্যর্কগ্রহণং বিদুঃ ॥ ১২
তপোনিষ্ঠা জ্ঞাননিষ্ঠা যোগিনো যতয়স্তথা।
পূজায়াঃ পাত্রমেতে হি পাপসংক্ষয়কারণম্ ॥
চতুর্ব্বিংশতিলক্ষং বা গায়ত্র্যা জপসংযুতঃ।
ব্রাহ্মণশ্চ ভবেৎ পাত্রং সম্পূর্ণফলভোগদম্ ॥
পতনাৎ ত্রায়ত ইতি পাত্রং শাস্ত্রে প্রযুজ্যতে
দাতুশ্চ পাতকাৎ ত্রাণাৎ পাত্রমিত্যভিধীয়তে ॥
গায়কং ত্রায়তে পাতাদ্গায়ত্রীত্যুচ্যতে হি সা।
যথার্থহীনো লোকেঽস্মিন্ পরস্যার্থং ন যচ্ছতি
অর্থবানিহ যো লোকে পরস্যার্থং প্রযচ্ছতি।
স্বয়ং শুদ্ধো হি পূতাত্মা নরান্ সন্ত্রাতুমর্হতি।
গায়ত্রীজপশুদ্ধো হি শুদ্ধব্রাহ্মণ উচ্যতে।
তস্মাদ্দানে জপে হোমে পূজায়াং সর্ব্বকর্ম্মণি
দানং কর্ত্তুং তথা ত্রাতুং পাত্রন্তু ব্রাহ্মণোঽর্হতি

জানিবেন। গঙ্গা, গোদাবরী, কাবেরী, তাম্রপর্ণিকা, সিন্ধু ও সরযূ এই সপ্ত নদীই সপ্তগঙ্গা বলিয়া প্রসিদ্ধ। আবার এই সপ্তগঙ্গা অপেক্ষা সমুদ্রতীর ও তদপেক্ষা পর্ব্বতাগ্র দশগুণ অধিক ফলজনক এবং যে স্থলে কার্য্য করিতে সম্পূর্ণ অভিরুচি হয়, তাহা পূর্ব্বোক্ত সর্ব্বাপেক্ষা অধিক ফলদায়ক। সত্যযুগে যজ্ঞ-দানাদি কার্য্যের পূর্ণফল, ত্রেতায় ত্রিভাগ, দ্বাপরে অর্দ্ধ, কলিতে একপাদ এবং কলির কিয়দ্দিন গত হইলে সেই একপাদ ফলেরও একপাদ হীন হইয়া থাকে। পণ্ডিতগণ বলেন, শুদ্ধাত্মা ব্যক্তি শুদ্ধদিনে পুণ্যকার্য্য করিলে সমান ফল, রবিসংক্রমণে দশগুণ অধিক এবং বিষব সংক্রান্তিতে, অয়নসংক্রান্তিতে, মকর-সংক্রান্তিতে ও চন্দ্রগ্রহণে ক্রমে ক্রমে দশগুণ অতিরিক্ত ফললাভ করে; আর কালোত্তম সূর্য্যগ্রহণে সম্পূর্ণ ফল জানিবেন। জগদাত্মা সূর্য্যদেবের রাহুগ্রাসরূপ বিষযোগ সকলেরই রোগপ্রদ, এজন্য সেই বিষশান্তির নিমিত্ত স্নান, দান ও জপাদি করা কর্ত্তব্য এবং সেই কালে বিষশান্তি

হয় বলিয়াই তাহা পুণ্যজনক। আর জন্ম নক্ষত্রে ও ব্রতান্তে যে কার্য্য করা যায়, তাহা সূর্য্যগ্রহণকালীন কর্ম্মের ন্যায় ফলপ্রদ হই[য়া] থাকে। যে কালে মহতের সহিত সঙ্গ হ[য়,] বিদ্বদ্গণ সেই কালকে কোটিসূর্য্যগ্রহণের তু[ল্য] বলিয়া নির্দ্দেশ করেন ১—১২। তপো[নিষ্ঠ,] জ্ঞাননিষ্ঠ যোগী এবং যতি-ব্যক্তিই যথার্থ পূ[জা] পাত্র ও পাপক্ষয়ের কারণ, অথবা যে ব্রা[হ্মণ] চতুর্ব্বিংশতি লক্ষ গায়ত্রী জপ করিয়াছে[ন,] তিনিও সম্পূর্ণ ফলপ্রদ পাত্র হইয়া থাকে[ন।] দাতাকে পতন হইতে ও পাতক হইতে ত্রা[ণ] করেন বলিয়াই শাস্ত্রে উঁহারা 'পাত্র' ব[লিয়া] কথিত এবং গায়ত্রী-গানকারীকে ত্রাণ করে[ন,] এজন্য ইঁহার নাম 'গায়ত্রী' হইয়াছে। যে[মন] ইহজগতে অর্থহীন ব্যক্তি অপরকে অর্থদা[নে] সমর্থ নহে, কিন্তু ধনবান্ হইলে ত[াহা] সম্পাদনে সক্ষম হয়, সেইপ্রকার স্ব[য়ং] শুদ্ধ ও পূতাত্মা হইলেই অনায়াসে অপর[কে] ত্রাণ করিতে পারেন। যে ব্রাহ্মণ গায়ত্রী[জপ] দ্বারা আত্মশুদ্ধি লাভ করিয়াছেন, তিনিই শু[দ্ধ] ব্রাহ্মণ-পদবাচ্য। সেই নিমিত্ত দান, জ[প,] হোম ও পূজাদি সমুদয় কার্য্যে ব্রাহ্ম[ণ] পাত্রই দানাদিগ্রহণে ও পরিত্রাণে সমর্থ হ[ন।]

বালানাং ব্রহ্মবুদ্ধ্যা হি দেয়ং বিদ্যার্থিভির্নরৈঃ।
যূনাঞ্চ বিষ্ণুবুদ্ধ্যা হি পুত্রকামার্থিভির্নরৈঃ॥ ৩৬
বৃদ্ধানাং রুদ্রবুদ্ধ্যা হি দেয়ং জ্ঞানার্থিভির্নরৈঃ।
বালস্ত্রী ভারতীবুদ্ধ্যা বুদ্ধিকামৈর্নরোত্তমৈঃ॥ ৩৭
লক্ষ্মীবুদ্ধ্যা যুবস্ত্রীষু ভোগকামৈর্নরোত্তমৈঃ।
বৃদ্ধাসু পার্ব্বতীবুদ্ধ্যা দেয়মাত্মার্থিভির্নরৈঃ॥ ৩৮
শিলবৃত্ত্যোঞ্ছবৃত্ত্যা চ গুরুদক্ষিণয়ার্জ্জিতম্।
শুদ্ধদ্রব্যমিতি প্রাহুস্তৎ পূর্ণফলদং বিদুঃ॥ ৩৯
শুক্লপ্রতিগ্রহাদ্দত্তং মধ্যমং দ্রব্যমুচ্যতে।
কৃষি-বাণিজ্যকোপেতমধমং দ্রব্যমুচ্যতে॥ ৪০
ক্ষত্রিয়াণাং বিশাঞ্চৈব শৌর্য্যবাণিজ্যকার্জ্জিতম্॥
উত্তমং দ্রব্যমিত্যাহুঃ শূদ্রাণাং ভৃতকার্জ্জিতম্॥ ৪১
স্ত্রীণাং ধর্ম্মার্থিনাং দ্রব্যং পৈতৃকং ভর্তৃকং তথা
গবাদীনাং দ্বাদশানাং চৈত্রাদিষু যথাক্রমম্॥ ৪২
সম্ভূয় বা পুণ্যকালে দদ্যাদিষ্টসমৃদ্ধয়ে।
গো-ভূ-তিল-হিরণ্যাজ্য-বাসো-ধান্য-গুড়ানি চ।
রৌপ্যং লবণকুষ্মাণ্ডে কন্যা দ্বাদশকং তথা।
গোদানাদ্দত্তগব্যেন গোময়েনোপকারিণা॥ ৪৪
ধনধান্যাদ্যাশ্রিতানাং দুরিতানাং নিবারণম্।
জলস্নেহাদ্যাশ্রিতানাং দুরিতানান্তু গোজলৈঃ॥ ৪৫
কায়িকাদিত্রয়াণাস্তু ক্ষীরদধ্যাজ্যকৈস্তথা।
তথা তেষাঞ্চ পুষ্টিশ্চ বিজ্ঞেয়া হি বিপশ্চিতা॥ ৪৬
ভূদানস্তু প্রতিষ্ঠার্থমিহ চামুত্র চ দ্বিজাঃ।
তিলদানং বলার্থং হি সদা মৃত্যুজয়ং বিদুঃ॥ ৪৭
হিরণ্যং জাঠরাগ্নেস্তু বৃদ্ধিদং বীর্য্যদং তথা।
আজ্যং পুষ্টিকরং বিদ্যাদ্বস্ত্রমায়ুষ্করং বিদুঃ॥ ৪৮
ধান্যমন্নং সমৃদ্ধ্যর্থং মধুরাহারদং গুড়ম্।
রৌপ্যং রেতোহভিবৃদ্ধ্যর্থং ষড়রসার্থঞ্চ লবণম্
সর্ব্বং সর্ব্বসমৃদ্ধ্যর্থং কুষ্মাণ্ডং পুষ্টিদং বিদুঃ।
প্রাপ্তিদং সর্ব্বভোগানামিহ চামুত্র চ দ্বিজাঃ॥ ৫০
যাবজ্জীবনমুক্তং হি কন্যাদানঞ্চ ভোগদম্।
পনসাম্রকপিত্থানাং বৃক্ষাণাং ফলমেব চ॥ ৫১
কদল্যাদ্যোষধীনাঞ্চ ফলং গুল্মোদ্ভবং তথা।

পারিলে, রুদ্রলোকে আরোগ্যাদি লাভ করা যায়। ২৬—৩৫। যে সকল মানবগণ বিদ্যার্থী, তাহারা ব্রহ্মবুদ্ধিতে বালকগণকে,—যাহারা পুত্রার্থী, তাহারা বিষ্ণুবুদ্ধিতে যুবকগণকে,—যাহারা জ্ঞানার্থী, তাহারা রুদ্রবুদ্ধিতে বৃদ্ধদিগকে,—যাহারা বুদ্ধিপ্রার্থী, তাহারা সরস্বতী-বুদ্ধিতে বালিকাদিগকে—যাহারা ভোগাভিলাষী, তাহারা লক্ষ্মীবুদ্ধিতে যুবতী স্ত্রীদিগকে এবং আত্মজ্ঞানার্থী সাধু মানবগণ পার্ব্বতীজ্ঞানে বৃদ্ধা রমণীদিগকে অন্নদান করিবে। শীলবৃত্তি ও উঞ্ছ-বৃত্তি দ্বারা অর্জ্জিত যে বস্তু হইতে গুরুর প্রাপ্য দক্ষিণা দান করা হয়, সেই বস্তুই পবিত্র ও সম্পূর্ণ ফলজনক যে ধান্যাদি বস্তু দ্বিজাদি হইতে গৃহীত, তাহা মধ্যম এবং কৃষি বা বাণিজ্য-লব্ধ দ্রব্য অধম বলিয়া পরিগণিত আছে। পণ্ডিতগণ ক্ষত্রিয়ের বীরতার্জ্জিত, বৈশ্যের বাণিজ্যার্জ্জিত ও শূদ্রের বেতনলব্ধ বস্তুই উৎকৃষ্ট বলিয়াছেন। মানবগণ চৈত্রাদি দ্বা[দশ] মাসে অভীষ্টসিদ্ধির নিমিত্ত যথাক্রমে গো, ভূ[মি], তিল, হিরণ্য, আজ্য, বস্ত্র, ধান্য, গুড়, রৌপ্য, লবণ, কুষ্মাণ্ড ও কন্যা এই দ্বাদশ ব[স্তু] দান করিবে, অথবা বসন্তকালে এই সমুদ[য়] একত্র দান করিতে পারে। গো দান ক[রিলে] সেই গোরুর উপকারী গোময় দ্বারা ধনধান্য বিষয়ক পাপ; গোজল দ্বারা জল ও অন্য স্নেহবস্তু বিষয়ক পাপ এবং ক্ষীর দধি ও ঘৃ[ত] দ্বারা কায়িকাদি ত্রিবিধ পাপেরই শান্তি লাভ [ও] পুষ্টি লাভ হয়, ইহা জ্ঞানিগণের জ্ঞে[য়]। দ্বিজগণ! ভূমিদান-ফলে ইহকাল ও পরক[ালে] প্রতিষ্ঠা লাভ এবং তিলদানে বল ও মৃত্যুকে ব[শ] করা যায়, ইহা বিদ্বদ্‌গণ বলিয়া থাকেন। ৩৬—৪৭। হিরণ্যদানে জঠরাগ্নির বৃদ্ধি ও বল[া]ধান, আজ্যদানে পুষ্টি, বস্ত্রদানে আয়ুবৃদ্ধি, ধান্যদা[নে] অন্ন ও সমৃদ্ধি লাভ, গুড়দানে মধুর ভোজ্য প্রা[প্তি], রৌপ্যদানে শুক্রবৃদ্ধি, লবণদানে ষড়বিধ র[স] স্বাদন, সর্ব্বপ্রকার বস্তুদানে সর্ব্বপ্রকার সম্[পদ] লাভ, কুষ্মাণ্ডদানে পুষ্টি এবং কন্যাদানে যাবজ্জী[বন] উভয় লোকেই সর্ব্ববিধ ভোগপ্রাপ্তি হ[ইয়া] থাকে। পণ্ডিতগণ! পনস, আম্র, কপি[ত্থ] কদল্যাদ্যোষধিজাত ও গুল্মজাত ফল এবং

সদ্যঃ কলত্র-পুত্রাদি ধন-ধান্যপ্রদং দ্বিজাঃ ॥ ৩
অন্নাদিভোজ্যং বস্ত্রাদি সর্ব্বমুৎপদ্যতে যতঃ।
অতো মৃদাদিপ্রতিমা-পূজাভীষ্টপ্রদা ভুবি ॥ ৪
পুরুষাণাঞ্চ নারীণামধিকারোহত্র নিশ্চিতম্।
নদ্যাং তড়াগে কূপে বা জলান্তর্মৃদমাহরেৎ ॥ ৫
সংশোধ্য গন্ধচূর্ণেন পেষয়িত্বা সুমণ্ডপে।
হস্তেন প্রতিমাং কুর্য্যাৎ ক্ষীরেণ চ সুসংস্কৃতম্ ॥ ৬
অঙ্গপ্রত্যঙ্গকোপেতামায়ুধৈশ্চ সমন্বিতাম্।
পদ্মাসনস্থিতাং কৃত্বা পূজয়েদাদরেণ হি ॥ ৭
বিঘ্নেশাদিত্যবিষ্ণূনামম্বায়াশ্চ শিবস্য চ
শিবস্য শিবলিঙ্গঞ্চ সর্ব্বদা পূজয়েদ্দ্বিজঃ ॥ ৮
ষোড়শৈরুপচারৈশ্চ কুর্য্যাৎ তৎফলসিদ্ধয়ে
পুষ্পেণ প্রোক্ষণং কুর্য্যাদভিষেকং সমন্ত্রকম্ ॥ ৯
শাল্যন্নেনৈব নৈবেদ্যং সর্ব্বং কুড়বমানতঃ
গৃহে তু কুড়বং জ্ঞেয়ং মানুষে প্রস্থমিষ্যতে ॥ ১০
দৈবে প্রস্থত্রয়ং যোগ্যং স্বয়ম্ভোঃ প্রস্থপঞ্চকম্।
এবং পূর্ণফলং বিদ্যাদধিকং বৈ দ্বয়ত্রয়ম্ ॥ ১১
সহস্রপূজয়া সত্যং সত্যলোকং লভেদ্দ্বিজঃ।
দ্বাদশাঙ্গুলমায়ামং দ্বিগুণঞ্চ ততোঽধিকম্ ॥ ১২
প্রমাণমঙ্গুলৈস্ত্বেকং তদূর্দ্ধং পঞ্চকত্রয়ম্।
অযোদারুকৃতং পাত্রং শিবমিত্যুচ্যতে বুধৈঃ ॥ ১৩
তদষ্টভাগঃ প্রস্থঃ স্যাৎ তচ্চতুঃ কুড়বং মতম্।
দশপ্রস্থং শতপ্রস্থং সহস্রপ্রস্থমেব চ ॥ ১৪
জল-তৈলাদি-গন্ধানাং যথাযোগ্যঞ্চ মানতঃ।
মানুষার্ষস্বয়ম্ভূনাং মহাপূজেতি কথ্যতে ॥ ১৫
অভিষেকাদাত্মশুদ্ধির্গন্ধাৎ পুণ্যমবাপ্যতে।
আয়ুস্তৃপ্তিশ্চ নৈবেদ্যাদ্ধূপাদর্থমবাপ্যতে ॥ ১৬
দীপাজ্জ্ঞানমবাপ্নোতি তাম্বূলাদ্ভোগমাপ্নুয়াৎ
তস্মাৎ স্নানাদিকং ষট্কং প্রযত্নেন প্রসাধয়েৎ
নমস্কারো জপশ্চৈব সর্ব্বাভীষ্টপ্রদাবুভৌ।
পূজান্তে চ সদা কার্য্যৌ ভোগ-মোক্ষাভিকাঙ্ক্ষিভিঃ

নিবারক, কালমৃত্যু হইতেও রক্ষা করিতে সমর্থ এবং সদ্য কলত্র-পুত্রাদি স্বজন ও ধন-ধান্য-সম্পাদক। অন্নাদি ভোজ্য এবং বস্ত্রাদি বিবিধ বস্তুও ইহার প্রভাবে পাওয়া যায়। অতএব পার্থিব প্রভৃতি শিবলিঙ্গপূজা এই ভূতলে অভীষ্ট সম্পাদন করিয়া থাকে। এ কার্য্যে পুরুষের এবং স্ত্রীলোকেরও অধিকার আছে। ইহা নিশ্চয়। নদী, তড়াগ বা কূপের জলমধ্য হইতে মৃত্তিকা আহরণ করিবে। অনন্তর কঙ্করাদি নিরাকরণ করত সেই মৃত্তিকা সংশোধনপূর্ব্বক গন্ধচূর্ণ সহ মিশ্রিত করিয়া তদ্দ্বারা উত্তম মণ্ডপে একহস্তে দুগ্ধসংস্কৃত অঙ্গপ্রত্যঙ্গযুক্ত, অস্ত্রশস্ত্র-সমন্বিত পদ্মাসনে আসীন প্রতিমা নির্ম্মাণ করিবে। অনন্তর ভক্তিপূর্ব্বক পূজা করিবে। দ্বিজ—গণেশ, সূর্য্য, বিষ্ণু, দুর্গা এবং শিবের প্রতিমা ও শিবলিঙ্গ সর্ব্বদা পূজা করিবে। সম্পূর্ণ ফল ইচ্ছা করিলে, ষোড়শোপচার দ্বারা পূজা করিতে হইবে। পুষ্প দ্বারা প্রোক্ষণ ও সমন্ত্রক অভিষেক করিবে। সকলেরই নৈবেদ্য কুড়ব পরিমাণে শাল্যন্ন দ্বারা করিবে। গৃহে প্রতিষ্ঠিত প্রতিমা পূজায় নৈবেদ্য কুড়ব পরিমাণে হইবে। ঋষিপ্রতিষ্ঠিত প্রতিমার পক্ষে প্রস্থ পরিমিত ১—১০। দেবস্থাপিত প্রতিমার পক্ষে তিন প্রস্থ এবং অনাদিমূর্ত্তির পক্ষে প্রস্থ পরিমিত নৈবেদ্য হইবে। এইরূপে সেই সম্পূর্ণ ফল হয়। ছয় প্রস্থ পরিমিত নৈবেদ্যদানে অধিক ফলপ্রদ। দ্বিজ সহস্র দ্বারা পূজা করিলে সত্যই সত্যলোক প্রাপ্ত হবে। বিস্তার দ্বাদশাঙ্গুল, দৈর্ঘ্য পঞ্চবিংশ অঙ্গুল, উচ্চে পঞ্চদশ অঙ্গুল লৌহ বা দারু নির্ম্মিত এইরূপ পাত্রকে পণ্ডিতগণ শিব বলিয়া থাকেন। সেই পাত্রের আটভাগের ভাগ প্রস্থ, প্রস্থ-চতুর্থাংশের নাম কুড়ব। জল তৈল ও গন্ধাদির পরিমাণ যথাযোগ্য প্রস্থ এবং সহস্রপ্রস্থ। মানুষ-প্রতিষ্ঠিত, ঋষিপ্রতিষ্ঠিত এবং অনাদিলিঙ্গের মহাপূজা রূপে হয়। স্নান করাইবার ফল আত্মশুদ্ধি, গন্ধদানের ফল পুণ্যলাভ, নৈবেদ্যদানের ফল আয়ু ও তৃপ্তি এবং ধূপদানের ফল ধনলাভ। দীপ দান করিলে জ্ঞানলাভ হয়। তাম্বূলদানের ফল ভোগপ্রাপ্তি। অতএব ছয়টী কার্য্য যত্নপূর্ব্বক সম্পাদনীয়। নম-

শিবাদীনাঞ্চ সর্ব্বেষাং ক্রমাদৈব সর্ব্বসিদ্ধয়ে।
শাল্যন্নস্তু হবিষ্যস্তু নৈবেদ্যং শস্তমুচ্যতে॥ ৬২
বিবিধান্নস্তু নৈবেদ্যং ধনুর্মাসে বিশিষ্যতে।
মার্গশীর্ষেঽন্নদস্যৈব সর্ব্বমিষ্টফলং ভবেৎ॥ ৬৩
পাপক্ষয়ঞ্চেষ্টসিদ্ধিঞ্চারোগ্যং ধর্ম্মমেব চ।
সম্যগ্বেদপরিজ্ঞানং সদনুষ্ঠানমেব চ॥ ৬৪
ইহামুত্র মহাভোগামন্তে যোগঞ্চ শাশ্বতম্।
বেদান্তজ্ঞানসিদ্ধিঞ্চ মার্গশীর্ষান্নদো লভেৎ॥ ৬৫
মার্গশীর্ষে তূষঃকালে দিনত্রয়মথাপি বা।
যজেদ্দেবান্ ভোগকামো নাধনুর্মাসিকো ভবেৎ॥
যাবৎসঙ্গবকালন্তু ধনুর্মাসে বিধীয়তে।
ধনুর্মাসে নিরাহারো মাসমাত্রং জিতেন্দ্রিয়ঃ॥ ৬৮
আমধ্যাহ্নং জপেদ্বিপ্রো গায়ত্রীং বেদমাতরম্।
পঞ্চাক্ষরাদিকান্ মন্ত্রান্ পশ্চান্মাসুপ্তিকং জপেৎ॥

জ্ঞানং লব্ধা চ দেহান্তে বিপ্রো মুক্তিমবাপ্নুয়াৎ।
অন্যেষাং নরনারীণাং ত্রিঃস্নানেন জপেন চ॥ ৬৯
সদা পঞ্চাক্ষরস্যৈব বিশুদ্ধং জ্ঞানমাপ্যতে।
ইষ্টমন্ত্রান্ সদা জপ্ত্বা মহাপাপক্ষয়ং লভেৎ॥ ৭০
ধনুর্মাসে বিশেষেণ মহানৈবেদ্যমাচরেৎ।
শালিতণ্ডুলভারেণ মরীচপ্রস্থকেন চ॥ ৭১
গণনাদ্ দ্বাদশং সর্ব্বং মধ্বাজ্যকুড়বেন হি।
দ্রোণযুক্তেন মুদ্গেন দ্বাদশব্যঞ্জনেন চ॥ ৭২
ঘৃতপক্বৈরপূপৈশ্চ মোদকৈঃ শালিকাদিভিঃ।
দ্বাদশৈশ্চ দধিক্ষীরৈর্দ্বাদশপ্রস্থকেন চ॥ ৭৩
নারিকেলফলাদীনাং তথা গণনয়া সহ।
দ্বাদশক্রমুকৈর্যুক্তং ষট্ত্রিংশৎপত্রকৈর্যুতম্॥ ৭৪
কর্পূরখদিরচূর্ণেন পঞ্চসৌগন্ধিকৈর্যুতম্।
তাম্বূলযুক্তস্তু যদা মহানৈবেদ্যলক্ষণম্॥ ৭৫
মহানৈবেদ্যমেতদ্ধি দেবতার্পণপূর্ব্বকম্।
বর্ণানুক্রমপার্ব্বণ তদ্ভক্তেভ্যঃ প্রদাপয়েৎ॥ ৭৬

করিলে এবং উষঃকালে পূজা করিলে স্বর্গপ্রাপ্তি হয়। শিব প্রভৃতি নিখিল দেবগণের নিকট সমুদয় সিদ্ধি প্রাপ্তির নিমিত্ত শালি-অন্ন এবং হবিষ্য দ্রব্যের নৈবেদ্য দান করিবে; কারণ, ঐরূপ নৈবেদ্য প্রশস্ত। ধনুঃসংক্রান্তিযুক্ত মাসে নানাবিধ অন্নের নৈবেদ্য বিশেষফলদায়ক। মার্গশীর্ষ অর্থাৎ অগ্রহায়ণ মাসে অন্নপ্রদান-কারীর সকল প্রকার অভিলষিত ফল লাভ, পাপক্ষয়, ইষ্টসিদ্ধি, আরোগ্য, ধর্ম্ম, সম্যকপ্রকার বেদের জ্ঞান এবং সদনুষ্ঠান লাভ হয়। মার্গশীর্ষ অর্থাৎ অগ্রহায়ণ মাসে অন্নদাতা ইহ এবং পরকালে সমুদয় ভোগের পর শাশ্বত-যোগ এবং বেদান্ত-জ্ঞান-সিদ্ধি লাভ করে। ভোগাভিলাষী ব্যক্তি অগ্রহায়ণ মাসে প্রাতঃকালে অথবা উপর্য্যুপরি তিন দিন দেবগণের পূজা করিবে এবং কখনই ধনুঃসংক্রান্তি অতিক্রম করিবে না। সূর্য্যের যাবৎকাল ধনুরাশিতে সংক্রম থাকে, তাবৎকাল ধনুর্মাস নামে অভিহিত হয়. ঐ ধনুর্মাসে একমাস বরাবর জিতেন্দ্রিয় ও নিরাহারী হইয়া মধ্যাহ্ন-কাল পর্য্যন্ত বেদমাতা গায়ত্রীর জপ করিবে; পরে নিদ্রাকাল যতক্ষণ না হয়, সেই পর্য্যন্ত পঞ্চাক্ষরাদি মন্ত্রের জপ করিবে। ব্রাহ্মণ

একবারমাত্র উক্ত কার্য্যের অনুষ্ঠান দ্বারা জ্ঞা
লাভপূর্ব্বক দেহান্তে মুক্তিলাভ করে অ
অন্যজাতীয় নরনারীর তিনবার স্নান এবং পঞ্চা
মন্ত্রের তিনবার জপ দ্বারা বিশুদ্ধ জ্ঞান প্র
হয়। সর্ব্বদা ইষ্টমন্ত্র জপ করিলে মহাপা
ক্ষয় হয়। ৬০—৭০। ধনুর্মাসে বিশেষ কা
ভারপরিমিত শালিধান্যের তণ্ডুল এবং প্র
পরিমিত মরীচ দ্বারা মহানৈবেদ্য নি
করিবে ঐ মহানৈবেদ্যে যে দ্রব্যের যে
মাপ বলা হইল, তাহা দ্বাদশগুণ বুঝিতে হ
উহাতে কুড়ব-পরিমিত মধু ও আজ্য; (
পরিমিত মুদ্গ এবং দ্বাদশ প্রকার ব্যঞ্জন
করিবে; মহানৈবেদ্যে ঘৃতপক্ব অপূপ, (
দ্বাদশবিধ শালিতণ্ডুল, দ্বাদশ-প্রস্থ-পরিমিত
ক্ষীর, দ্বাদশ প্রস্থ পরিমিত নারিকেল
প্রভৃতি, দ্বাদশ প্রস্থ সুপারি, ষট্ত্রিংশৎ
তাম্বূল-পত্র—উহা আবার কর্পূর,
(খদির), চূর্ণ (চূণ), এলাচ, লবঙ্গ প্র
পাঁচ প্রকার সুগন্ধি ফলের সহিত স
করিয়া দিবে, কারণ মহানৈবেদ্যের এ
লক্ষণই কথিত হইয়াছে। উক্তলক্ষণ

পূজিতাভ্যাং পিতৃভ্যাস্তু পরমানন্দ এব হি ।
পরমানন্দলাভার্থং শিবলিঙ্গং প্রপূজয়েৎ ॥ ৯২
সা দেবী জগতাং মাতা স শিবো জগতঃ পিতা ।
পিত্রোঃ শুশ্রূষকে নিত্যং কৃপাধিক্যং হি বর্দ্ধতে ॥
কৃপয়ান্তর্গতৈশ্বর্য্যং পুত্রকস্য দদাতি হি
তস্মাদন্তর্গতানন্দলাভার্থং মুনিপুঙ্গবাঃ । ৯৩
পিতৃমাতৃস্বরূপেণ শিবলিঙ্গং প্রপূজয়েৎ
ভর্গঃ পুরুষরূপো হি ভর্গা প্রকৃতিরুচ্যতে ॥ ৯৫
অব্যক্তান্তরধিষ্ঠানং গর্ভঃ পুরুষ উচ্যতে ।
সুব্যক্তান্তরধিষ্ঠানং গর্ভঃ প্রকৃতিরুচ্যতে ॥ ৯৬
পুরুষস্ত্বাদিগর্ভো হি গর্ভবান্ জনকো যতঃ
পুরুষাৎ প্রকৃতৌ যুক্তং প্রথমং জন্ম কথ্যতে ॥ ৯৭
প্রকৃতের্ব্যক্ততাং যাতং দ্বিতীয়ং জন্ম কথ্যতে ।
জন্ম জন্তুর্মৃত্যুজন্ম পুরুষাৎ প্রতিপদ্যতে ॥ ৯৮
অন্যতে ভাব্যতেঽবশ্যং মায়য়া জন্ম কথ্যতে

জীর্য্যতে জন্মকালাদ্‌যৎ তস্মাজ্জীব ইতি স্মৃতঃ ॥
জন্যতে তন্যতে পাশৈর্জীবশব্দার্থ এব হি ।
জন্মপাশনিবৃত্ত্যর্থং জন্মলিঙ্গং প্রপূজয়েৎ ॥ ১০০
ভং বৃদ্ধিং গচ্ছতীত্যর্থাদ্‌ভগঃ প্রকৃতিরুচ্যতে ।
প্রাকৃতৈঃ শব্দমাত্রাদ্যৈঃ প্রাকৃতেন্দ্রিয়ভোজনাৎ ।
ভগস্যেদং ভোগমিতি শব্দার্থো মুখ্যতঃ শ্রুতঃ ।
মুখ্যো ভগস্তু প্রকৃতির্ভগবান শিব উচ্যতে ॥ ১০২
ভগবান্ ভোগদাতা হি নান্যভোগপ্রদায়কঃ ।
ভগস্বামী চ ভগবান ভর্গ ইত্যুচ্যতে বুধৈঃ ॥ ১০৩
ভগেন সহিতং লিঙ্গং ভগং লিঙ্গেন সংযুতম্ ।
ইহামুত্র চ ভোগার্থং নিত্যভোগার্থমেব চ ॥ ১০[illegible]
ভগবন্তং মহাদেবং শিবলিঙ্গং প্রপূজয়েৎ ।
লোকপ্রসবিতা সূর্য্যস্তচ্চিহ্নং প্রসবাদ্ভবেৎ ॥ ১০[illegible]
লিঙ্গে প্রসূতিকর্তারং লিঙ্গিনং পুরুষো যজেৎ ।
লিঙ্গার্থগমকং চিহ্নং লিঙ্গমিত্যভিধীয়তে ॥ ১০[illegible]

শিব—পিতা । মাতা ও পিতা পূজিত হইয়া পরম আনন্দ দান করেন, অতএব পরম লাভের নিমিত্ত শিবলিঙ্গের পূজা করিবে সেই দেবী জগতের মাতা এবং শিব জগতের পিতা। সেবাকারী পুত্রের প্রতি সর্ব্বদাই পিতামাতার কৃপা বহুল পরিমাণে বর্দ্ধিত হয়। পিতামাতা, সেবানিরত পুত্রকে আপনাদের অন্তর্গত অর্থাৎ গুপ্ত ঐশ্বর্য্য প্রদান করেন. অতএব হে মুনিশ্রেষ্ঠগণ। অন্তর্গত আনন্দ লাভার্থ পিতা-মাতা স্বরূপে শিবলিঙ্গের পূজা করিবে। কারণ মহাদেব পুরুষস্বরূপ এবং পার্ব্বতী প্রকৃতি বলিয়া অভিহিত হন। যে উপাদানস্বরূপ গর্ভ সূক্ষ্মরূপে অভ্যন্তরে অবস্থান করে, তাহার নাম পুরুষ এবং যে উপাদানীভূত গর্ভ স্থূলভাবে অবস্থান করে, তাহার নাম প্রকৃতি পুরুষ আদিগর্ভ এবং প্রকৃতিরূপ গর্ভের সম্বন্ধে গর্ভবান্ হইয়া জগতের জনক হন। পুরুষ হইতে প্রকৃতিতে সংক্রমণের নাম প্রথম জন্ম প্রকৃতি হইতে ব্যক্ততা-লাভের নাম দ্বিতীয় জন্ম। জীব পুরুষ হইতে জন্ম ও মৃত্যু প্রাপ্ত হয়। মায়া দ্বারা অবশ্য প্রকটীকৃত এবং উৎপাদিত হয় বলিয়া উহাকে 'জন্ম' বলা হয়

এবং জন্মকাল হইতে জীর্ণ হইতে থাকে ব[illegible] প্রাণিগণ 'জীব' বলিয়া অভিহিত হয়। [illegible] কেহ বলেন, যাহা জন্মিয়া অবধি মায়াপা[illegible] আবদ্ধ হয়, তাহার নাম জীব জীব জন্মপা[illegible] নিবৃত্তির নিমিত্ত জন্মলিঙ্গের পূজা করি[illegible] ১১—১০০ ভগ শব্দের অর্থ—বৃদ্ধি। বৃ[illegible] প্রাপ্ত হয় বলিয়া প্রকৃতি—ভগশব্দে অভি[illegible] হয়। প্রকৃতি হইতে উৎপন্ন শব্দাদি প[illegible] তন্মাত্র এবং ইন্দ্রিয়নিচয় দ্বারাই ভোগ হ[illegible] থাকে, এই নিমিত্ত ভগ অর্থাৎ প্রকৃতির [illegible] এই কথাটী লোকে বিশ্রুত হইয়াছে। [illegible] শব্দের মুখ্য অর্থ—প্রকৃতি ; এই নিমিত্ত শি[illegible] 'ভগবান্' এই নামে অভিহিত করা [illegible] ভগবান্ শিবই ভোগদাতা, তিনি ভিন্ন [illegible] দাতা আর কেহই নাই এবং সেই ভ[illegible] ভগ অর্থাৎ প্রকৃতির স্বামী বলিয়া পণ্ডি[illegible] তাঁহাকে 'ভর্গ' এই নামে অভিহিত ক[illegible] ভগের সহিত লিঙ্গ এবং এবং লিঙ্গের [illegible] ভগ ইহলোকে ও পরলোকে নিত্য ভো[illegible] কারণ হন। শিবলিঙ্গ-স্বরূপ ভগবান্ দেবের পূজা করিবে। লোকপ্রসবিতা জগতের প্রসব হেতু সেই প্রসবিতা

পঞ্চদশোঽধ্যায়ঃ।

ঋষয় উচুঃ।

প্রণবস্য চ মাহাত্ম্যং ষড়্লিঙ্গস্য মহামুনে।
শিবভক্তস্য পূজাঞ্চ ক্রমশো ব্রূহি নঃ প্রভো॥ ১

সূত উবাচ।

তপোধনৈর্ভবদ্ভিশ্চ সম্যক্ প্রশ্নমিদং কৃতম্।
অস্যোত্তরং মহাদেবো জানাতি স্ম ন চাপরঃ॥ ২
তথাপি বক্ষ্যে তমহং শিবস্য কৃপয়ৈব হি
শিবোঽস্মাকঞ্চ যুষ্মাকং রক্ষাং গৃহ্নাতু ভূরিশঃ॥ ৩
প্রো হি প্রকৃতিজাতস্য সংসারস্য মহোদধেঃ
নবং নাবান্তরমিতি প্রণবং বৈ বিদুর্বুধাঃ॥ ৪
প্রঃ প্রপঞ্চো ন নাস্তী বো যুষ্মাকং প্রণবং বিদুঃ
প্রকর্ষেণ নয়েদ্যস্মান্মোক্ষং বঃ প্রণবং বিদুঃ॥ ৫
স্বজাপকানাং যোগিনাং স্বমন্ত্রপূজকস্য চ
সর্ব্বকর্ম্মক্ষয়ং কৃত্বা দিব্যজ্ঞানন্তু নূতনম্॥ ৬
তমেব মায়ারহিতং নূতনং পরিচক্ষতে
প্রকর্ষেণ মহাত্মানং নবং শুদ্ধস্বরূপকম্।
নূতনং বৈ করোতীতি প্রণবং তং বিদুর্বুধাঃ॥ ৭
প্রণবং দ্বিবিধং প্রোক্তং সূক্ষ্ম-স্থূলবিভেদতঃ।
সূক্ষ্মমেকাক্ষরং বিদ্যাৎ স্থূলং পঞ্চাক্ষরং বিদুঃ॥
সূক্ষ্মমব্যক্তপঞ্চার্ণং সুব্যক্তার্ণং তথেতরং॥ ৯
জীবন্মুক্তস্য সূক্ষ্মং হি সর্ব্বসারং হি তস্য হি।
মন্ত্রেণার্থানুসন্ধানং স্বদেহবিলয়াবধি॥ ১০
স্বদেহে গলিতে পূর্ণং শিবং প্রাপ্নোতি নিশ্চয়ঃ
কেবলং মন্ত্রজাপী তু যোগং প্রাপ্নোতি নিশ্চয়ঃ॥
ষট্ত্রিংশৎকোটিজাপী তু নিশ্চয়ং যোগমাপ্নুয়াৎ।
সূক্ষ্মঞ্চ দ্বিবিধং জ্ঞেয়ং হ্রস্ব-দীর্ঘবিভেদতঃ॥ ১২
অকারশ্চ উকারশ্চ মকারশ্চ ততঃ পরম্
বিন্দুনাদযুতং তদ্ধি শব্দকালকলান্বিতম্॥ ১৩
দীর্ঘপ্রণবমেবং হি যোগিনামেব হৃদ্গতম্
মকারং তং ত্রিতত্ত্বং হি হ্রস্বপ্রণব উচ্যতে॥১৪

পঞ্চদশ অধ্যায়।

ঋষিগণ বলিলেন, হে প্রভো! হে মহা-মুনে! প্রণবের মাহাত্ম্য, ষট্‌লিঙ্গের মাহাত্ম্য এবং শিবভক্তের পূজার বিষয় আমাদের নিকট ক্রমশঃ কীর্ত্তন করুন। সূত বলিলেন, হে তপো-ধনগণ! আপনারা অতি সাধু প্রশ্ন করিয়া-ছেন, ইহার উত্তর কেবল মহাদেব জানেন; আর কেহই জানেন না। তবে আমি সেই শিবের কৃপাতেই আপনাদিগের প্রশ্নের উত্তর বলি-তেছি। শিব আমাদের এবং আপনাদের ভূরি পরিমাণে রক্ষা করুন। 'প্র' এই কথাটী প্রকৃতিজাত সংসাররূপ মহোদধির নূতন নৌকা বিশেষ; সেই 'প্র'র সহিত যোগ থাকাতেই পণ্ডিতেরা প্রণবের গৌরব করেন। প্রণবযোগে, 'তোমাদিগের প্রপঞ্চ নাই,' এইজন্য প্রণব; অথবা যাঁহা দ্বারা প্রকৃষ্ট মোক্ষ প্রাপ্ত হওয়া যায়, তাহার নাম প্রণব। প্রণব-জাপক যোগী-দিগের ও প্রণবমন্ত্রের পূজকের সমুদয় কর্ম্ম ক্ষয় হইয়া যে দিব্য জ্ঞান হয়, তাহার নাম নব বা নূতন। সেই প্রণবকেই প্রকৃষ্টরূপে নূতন শুদ্ধস্বরূপ মায়ারহিত পরমাত্মা বলিয়া নির্দে[শ] করেন। ক্ষণে ক্ষণে নূতন নূতন পদার্থের প[্রকাশ] করেন বলিয়া পরমেশ্বরকে পণ্ডিতগণ প্রণ[ব] বলেন। প্রণব দুই প্রকার; সূক্ষ্ম এবং স্থূ[ল]। একাক্ষর প্রণবের নাম সূক্ষ্ম এবং পঞ্চা[ক্ষর] প্রণবের নাম স্থূল। প্রথমে পঞ্চাক্ষরের অ[ভি]ব্যক্তি না থাকায় তাহার নাম সূক্ষ্ম এবং দ্বিতী[য়] পঞ্চাক্ষর সুব্যক্ত বলিয়া উহার নাম স্থূ[ল]। জীবন্মুক্ত ব্যক্তির পক্ষে সূক্ষ্ম প্রণবই সক[ল]সার এবং হিতের জনক। যাঁহাদের স্ব[দেহ] দেহ যে পর্য্যন্ত বিলীন না হয়, সেই পর্য্যন্ত [মন্ত্র] দ্বারা অর্থের অনুসন্ধান করেন। ১—[১০] তাঁহারা স্বীয় দেহ গলিত হইলে নিশ্চয়ই পূর্ণ শিবস্বরূপ পরমাত্মাকে প্রাপ্ত হন। কেবল অর্থাৎ অর্থানুসন্ধান ব্যতিরেকে [ম]ন্ত্রজপকারী ব্যক্তি স্বদেহান্তে যোগ প্রাপ্ত [হন]। ষট্‌ত্রিংশৎ কোটি জপকারী নিশ্চয়ই [যোগ] প্রাপ্ত হয়। সূক্ষ্মও আবার হ্রস্ব-দীর্ঘ[ভেদে] দ্বিবিধ। অকার, উকার, মকার, নাদ (ধ্বনি) বিন্দু (অনুস্বার) এই পঞ্চবর্ণে নিষ্পন্ন কলা-মাত্রা-সমন্বিত প্রণবই দীর্ঘপ্রণব; যোগিগণের হৃদয়েই বিরাজিত। অকার,

প্রবৃত্তানাঞ্চ মিশ্রাণাং স্থূলপ্রণবমিষ্যতে।
ক্রিয়া-তপো-জপৈর্যুক্তাস্ত্রিবিধাঃ শিবযোগিনঃ॥২৭
ধনাদিবিভবৈশ্চৈব করাদ্যৈর্নমাদিভিঃ।
ক্রিয়যা পূজয়া যুক্তঃ ক্রিয়াযোগীতি কথ্যতে॥২৮
পূজাযুক্তস্ত মিতভুগ্বাহ্যেন্দ্রিয়জয়ান্বিতঃ।
পরদ্রোহাদিরহিতস্তপোযোগীতি কথ্যতে॥২৯
এতৈর্যুক্তঃ সদা শুদ্ধঃ সর্ব্বকামাদিবর্জ্জিতঃ।
সদাজপপরঃ শান্তো জপযোগীতি তং বিদুঃ॥৩০
উপচারৈঃ ষোড়শভিঃ পূজয়া শিবযোগিনাম্।
সালোক্যাদিক্রমেণৈব শুদ্ধো মুক্তিং লভেন্নরঃ॥
জপযোগমথো বক্ষ্যে গদতঃ শৃণুত দ্বিজাঃ।
ব্যাস কহিলেন,—হে ভগবন্! আমি পুণ্যজনক কার্য্যের মাহাত্ম্য ও রুদ্রের যে যে স্থান আছে, তাহা অনুপূর্ব্বিক যথার্থরূপে শ্রবণ করিতে ইচ্ছা করি এবং ভূরাদি ব্রহ্মলোক পর্য্যন্ত যেরূপে অণ্ডের অভ্যন্তরে উৎপন্ন হইয়াছে, তাহা আমাকে বলুন। সনৎকুমার কহিলেন,—মানব-পরিমিত লক্ষযোজন ঊর্দ্ধে ব্রহ্মলোক, তাহার দ্বিগুণ দূরে বিষ্ণুলোক, তাহার কোটি যোজন ঊর্দ্ধে শিবলোক,—যে স্থানে দেব উমাপতি বাস করেন। পঞ্চভূতাতিরিক্ত ষষ্ঠ পদার্থ ব্রহ্মলোক, সপ্তম বিষ্ণুলোক, অষ্টম রুদ্রলোক; এই লোকত্রয় লইয়া স্বর্গ ত্রিবিষ্টপ বলিয়া খ্যাত। উহা ব্রহ্মা, বিষ্ণু, শিব প্রভৃতি অসামান্য বলশালী দেবগণ ও মনুষ্যগণের আশ্রয়। হে দ্বিজ! ঐ স্বর্গ এক রুদ্রলোক, পরিমাণে ত্রিভুবনের অর্দ্ধেক উহা যোগিগণের আশ্রয়। ঐ স্থানে শতসহস্র রুদ্র, শতকোটি বিষ্ণু শিবের প্রসাদে সকলেই নিষ্পাপ হইয়া ক্রীড়া করেন, সকলেই খড্গ-যষ্টিধারী, সকলেই পুষ্পগন্ধসুরভীকৃত। শিবের প্রসাদে সকলেই শূলপাণি ও দংষ্ট্রী অপ-পরের প্রতি দ্বেষশূন্য; শিব-প্রসাদে তথাকার সকলেরই অর্দ্ধচন্দ্র-শিরোভূষণ ও বৃষ-বাহন ব্রহ্মলোক ও বিষ্ণুলোকস্থিত সকলেও ত্রিভুবনবিখ্যাত নির্ম্মল মহাত্মা; তথাকার ভূমি রত্নময় ও বালুকা স্বর্ণ-সুবর্ণময়ী। ১—১১। তথা চন্দ্রসূর্য্যের প্রকাশ নাই; বায়ুসঞ্চরণ নাই, দেবগণও তথায় গমন করিতে পারেন না। সেই স্থানের সকলেই অর্দ্ধচন্দ্রে ভূষিত ও সাক্ষাৎ বরদাতা অর্থাৎ শিব মূর্ত্তিধারী। তথায় অট্টালিকা হর্ম্ম্যশ্রেণী সকল ও পুরদ্বারে নানা চি

তত্র বৈ ব্রাহ্মণৈঃ সার্দ্ধং গৃহস্থাঃ সৎপথে স্থিতাঃ
অভ্যর্চ্চন্তি মহাদেবং জপন্তি শতরুদ্রিয়ম্ ॥ ১৪
গন্ধপুষ্পাদিভিশ্চৈব সদা যজন্তি শূলিনম্।
সর্ব্বপাপবিনির্ম্মুক্তা গৃহস্থাঃ সূর্য্যবর্চ্চসঃ ॥ ১৫
মহাদেবপ্রসাদেন রুদ্রলোকং ব্রজন্তি তে।
সর্ব্বে লোকা অবস্থাং তু দ্বিগুণেন প্রমাণতঃ ॥ ১৬
ভুবনানাং প্রভুস্থানং দ্বিতীয়ং সমুদাহৃতম্।
তৃতীয়ে তু মহাযোগী ভূতৈঃ পরিবৃতোঽরমৎ ॥ ১৭
অত্রাপি ভবনং দিব্যং মায়েশবসতিঃ স্মৃতা।
গৃহাণি চৈব দিব্যানি প্রচুরাণি মহান্তি চ ॥ ১৮
ভুবর্লোকো হরেশ্চৈব দ্বিগুণেন প্রমাণতঃ।
সর্ব্বং নাম প্রভুস্থানং চতুর্থং সমুদাহৃতম্ ॥ ১৯
অগ্নিস্থানং পরং দিব্যং পঞ্চমং সমুদাহৃতম্।
অগ্নিপ্রবেশং যঃ কুর্য্যাৎ সিদ্ধেঽগ্নৌ জুহুয়াচ্চিরম্
অগ্নিস্থানাৎ পরং যেন দ্বিগুণং তৎপ্রমাণতঃ।
উগ্রং নাম প্রভুস্থানং ষষ্ঠং তৎ সমুদাহৃতম্ ॥ ২১
তত্র পাশুপতৈঃ সার্দ্ধং যোগিভিঃ পরমেশ্বরঃ
অনুগ্রহার্থং লোকানাং ক্রীড়তে ভস্মগুণ্ঠিতঃ ॥ ২২
দম-প্রশমসংযুক্তো ভূতানামভয়প্রদাঃ।
যথোক্তকারিণো দান্তা যোগিনস্তৎপরায়ণাঃ ॥ ২৩
ভৈক্ষচর্য্যারতা নিত্যং ধ্যানতৎপরপূজকাঃ।
যান্তি পাশুপতং স্থানং পুনরাবৃত্তিদুর্লভম্ ॥ ২৪
তস্মাৎ পাশুপতাৎ স্থানাদ্দ্বিগুণেন প্রমাণতঃ।
মাহেশ্বরং পরং স্থানং সপ্তমং সমুদাহৃতম্ ॥ ২৫
তত্র দেবো মহাদেবো মহাকালো মহেশ্বরঃ।
মাহেশ্বরৈঃ পরিবৃতো বসতে ভূতভাবনঃ ॥ ২৬
তত্র বৈ সর্ব্বলোকেশ ঈশ্বরঃ কামরূপধৃক্।
আবিশ্য সর্ব্বভূতানি লোকানন্দং করোতি বৈ ॥ ২৭
ন তেষাং পরিসংখ্যানং প্রমাণং বাপি বিদ্যতে।
দেবলোকসহস্রাণি ব্রহ্মলোকশতানি চ ॥ ২৮
সৃজ্যন্তে তস্য সঙ্কল্পাৎ ভূতানামীশ্বরো যতঃ
অতঃপরং দ্বিজশ্রেষ্ঠ শিবস্থান * মিতি স্মৃতম্ ॥ ২৯

ইতি শ্রীশৈবে মহাপুরাণে সনৎকুমারসংহিতায়াং রুদ্রলোকবিবরণং নামৈকাদশোঽধ্যায়ঃ ॥ ১১ ॥

আছে। ঐ শিবলোকে ব্রাহ্মণ প্রভৃতি সকল গৃহস্থ সৎপথে থাকিয়া, মহাদেবের পূজা ও শতরুদ্রীয় পাঠ করেন এবং উঁহারা সকল পাপ হইতে মুক্ত হওয়ায় সূর্য্যের ন্যায় দীপ্তিশালী হইয়া, গন্ধ-পুষ্পাদি দ্বারা সর্ব্বদা মহাদেবকে আরাধনা করেন। উঁহার প্রসাদে রুদ্রলোকেই অবস্থান করেন। রুদ্রলোকের অধোভাগে সকল লোক আছে। সকল ভুবনের দ্বিগুণ পরিমাণ শিবের দ্বিতীয় লোক। ঐ মহাযোগী তৃতীয় স্থানে ভূতগণ-পরিবৃত হইয়া ক্রীড়া করেন। তথায় দিব্যগৃহে মায়ানাথ শিব বাস করেন। মহৎ প্রচুর দিব্য গৃহ সকল ঐ স্থানে বর্ত্তমান। ইহার নাম ভবলোক, ইহার পরিমাণ বিষ্ণুলোকের দ্বিগুণ। চতুর্থ লোক সর্ব্বনামক প্রভুর স্থান। পরম পবিত্র অগ্নির স্থান প্রভুর পঞ্চম স্থান বলিয়া কথিত। যে ব্যক্তি অগ্নিতে প্রবেশ বা অগ্নিতে আহুতি দান করে, সে ঐ স্থানে বাস করিতে পায়। এই অগ্নিস্থানের পরবর্ত্তী প্রভুর উগ্রনামে ষষ্ঠ স্থান আছে, তাহার পরিমাণ পূর্ব্বাপেক্ষা দ্বিগুণ। ঐ স্থানে পরমেশ্বর, শিবভক্ত যোগিগণের সহিত, অঙ্গে ভস্ম বিলেপন করিয়া লোকের প্রতি অনুগ্রহের জন্য ক্রীড়া করেন। ১২—২২। শম-দমাবলম্বী ভূতগণের প্রতি অভয়দাতা শিবের ধ্যান ও পূজা-তৎপর, যথাবিহিত কর্ম্মের অনুষ্ঠাতা, ভিক্ষামাত্রোপজীবী যোগিগণ ঐ পাশুপত স্থানে গমন করেন। ঐ স্থানে গমন করিলে পুনর্জ্জন্ম হয় না। ঐ স্থানের পর, পরিমাণে উহার দ্বিগুণ প্রভুর মাহেশ্বর নামে সপ্তম স্থান আছে। তথায় আদ্যা-প্রকৃতির স্বামী মহাদেব মহেশ্বর শৈবগণে পরিবৃত হইয়া বাস করেন এবং ঐ সর্ব্বভূতপতি কামরূপধারী ঈশ্বর, নিখিল ভূতের অন্তরে প্রবিষ্ট হইয়া তাহাদিগের আনন্দবর্দ্ধন করিতেছেন। ঐ সকল লোকের সংখ্যা ও পরিমাণের নির্ণয় নাই। যেহেতু ভূতনাথ মহাদেব ইচ্ছানুসারে সহস্র সহস্র ব্রহ্মলোক ও শত শত দেবলোকাদি

* শিবস্থানমিতি পাঠান্তরং কচিৎ।

দ্বাদশোঽধ্যায়ঃ।

ঋষয় ঊচুঃ।

যৎ পরং তচ্ছিবস্থানং ত্বয়া প্রোক্তং মহামুনে।
তদহং শ্রোতুমিচ্ছামি যদি গুহ্যং ন তে প্রভো॥

সনৎকুমার উবাচ

শৃণু বিপ্রা ইদং স্থানং শিবস্য পরমাত্মনঃ
যন্ন পশ্যন্তি সুরস্তা ব্রহ্মাদ্যা দেবসত্তমাঃ ২
সাংখ্যা বাপ্যথবা যোগা ন বিদুস্তদ্বিদো জনাঃ
ন চ বিন্দতি গুহ্যস্য উমা ন চ গণেশ্বরঃ॥ ৩
ন বিষ্ণুর্ন চ রুদ্রশ্চ ন চান্যে দ্বিজসত্তমাঃ
তস্যৈব চ প্রসাদেন যথা জ্ঞাতং তথা শৃণু॥ ৪
শতং কোটিসহস্রাণাং যোজনানাং প্রমাণতঃ
অত্রোপপীঠং দেবস্য যত্র যুক্তঃ শিবোঽব্যয়ঃ॥ ৫
অস্যোন্নতে শুভে নেত্রে সিতাসিতসমপ্রভে
সম্ভাবপ্রভবেণাদৌ উমা চৈব যশস্বিনী॥ ৬
বামনেত্রাদ্বিনিষ্ক্রান্তা উমা দেবী চ সুব্রতা।
বামপার্শ্বোপবিষ্টা চ তস্মাদ্বৈ বামলোচনা॥ ৭
দক্ষিণান্নয়নান্মুক্তো জলবিন্দুঃ সিতপ্রভঃ।
স সর্ব্বেষু চ লোকেষু গতো বৈ ভূর্ভুবাদিকম্।
উপস্থ্যেমাং গাং প্রাপ্তা তস্মাদ্গঙ্গেতি চোচ্যতে
নেত্রাভ্যাং প্রথমাজ্জাতা গঙ্গেতি দ্বিজসত্তমাঃ
হরস্য যোগযুক্তস্য দ্বিতীয়ং কামযোদ্ভবঃ।
ব্রহ্মণো যজ্ঞশীলস্য ঈশ্বরেণ মহাত্মনা॥ ১০
তৎ তৃতীয়স্তু বিজ্ঞেয়ং কপালবদনং মম।
বিষ্ণুচক্রং চতুর্থন্তু পঞ্চমং দক্ষসম্ভবঃ॥ ১১
ষষ্ঠকন্তু যদা দেবো হিমবন্তং মহামুনে।
তরুণাদিত্যসঙ্কাশৈ রুদ্রৈঃ পরিবৃতোঽবসৎ॥ ১২
দ্বিতীয়স্তু পরীবারং ততো দ্বিগুণবিস্তরঃ।
রুদ্রাণাং হেমবর্ণানাং ত্রিংশৎকোট্যঃ প্রকীর্ত্তিতঃ

সৃজন করিতেছেন হে দ্বিজবর! ইহার পর প্রভুর স্থিরস্থান আছে, অর্থাৎ যে স্থানে গমন করিলে লোকের পুনর্জ্জন্ম হয় না। ১—১৯।

একাদশ অধ্যায় সমাপ্ত॥ ১১॥

দ্বাদশ অধ্যায়।

ঋষিগণ কহিলেন,—হে মহামুনে! আপনি শিবের যে একটী পরম স্থান কহিলেন, হে প্রভো! যদি গোপনীয় না হয়, তবে আমি তাহা শুনিতে ইচ্ছা করিতেছি। সনৎকুমার কহিলেন,—হে বিপ্রগণ! পরমাত্মা শিবের ঐ স্থান কীর্ত্তন করিতেছি, শ্রবণ কর। ব্রহ্মাদি-দেবগণ যদি মহাদেবের অনুগ্রহ-ভাজন না হন, তবে তাঁহারাও ঐ স্থান দেখিতে পান না এবং শিবের অনুগ্রহ ব্যতীত সাংখ্যোক্ত যোগসাধকগণ ও শিবের কুটুম্ব-মধ্যবর্ত্তী উমা, গণপতি, বিষ্ণু, রুদ্র ও অন্যান্য দ্বিজবরগণ কেহই উহা লাভ করিতে পারেন না। আমি তাঁহারই অনুগ্রহে যাহা কিছু জানিয়াছি, তাহা শ্রবণ কর। ঐ শিবস্থানে শতকোটি যোজন পরিমিত প্রভুর উপপীঠ আছে, উহাতে অব্যয় শিব সমাধিসুখ অনুভব করেন। তাঁহার শ্বেত ও কৃষ্ণ উন্নত নয়নদ্বয় আছে। প্রথমতঃ তাঁহার বাম নয়ন হইতে যশস্বিনী সুব্রতা উমাদেবী নিষ্ক্রান্তা হইয়াছেন বলিয়া তাঁহার নাম বামলোচনা হইয়াছে। তিনি শিবের বাম-পার্শ্বে আসীনা। দক্ষিণ নয়ন হইতে শুক্লবর্ণ জলবিন্দু নিপতিত হইয়া ভূর্ভুবাদি সকল লোক গমনের পর গো অর্থাৎ পৃথিবীতে সমাগত হইয়াছে বলিয়া তিনিই গঙ্গানামে খ্যাত হইয়াছেন। ১—৯। হে দ্বিজবরগণ! যোগনিমগ্ন শিবের প্রথম চরিত গঙ্গোৎপত্তি, যজ্ঞশীল ব্রহ্মাকে উপেক্ষা করিয়াও কামদেবকে অশরীর করা উহার দ্বিতীয় চরিত; ব্রহ্মার বদনচ্ছেদ করিয়া কপাল ধারণ করা উহার তৃতীয় চরিত, বিষ্ণুকে সুদর্শন চক্রদান চতুর্থচরিত এবং দক্ষযজ্ঞে বীরভদ্রের আবির্ভাবন পঞ্চম চরিত। হে মহামুনে! যৎকালে দেবদেব বালার্কসদৃশ প্রভাশালী রুদ্রগণে পরিবৃত হইয়া হিমালয়ে অধিষ্ঠান করিয়াছিলেন, তখন অন্ধকাসুর ব করেন, তাহাই শিবের ষষ্ঠ চরিত। পূর্ব্বোক্ত রুদ্রগণ অপেক্ষা দ্বিগুণ উহাঁর দ্বিতীয় পরিবার ত্রিংশৎকোটি সুবর্ণবর্ণ রুদ্রগণ তৃতীয় পরিবার

রা হৃষ্টবর্ণানাং কোট্যোহশীতিদ্বিজোত্তম।
মস্থ পরীবারং ততো দ্বিগুণবিস্তরম্ ॥ ১৪
সপ্তমকৈবং যে রুদ্রাস্তান্ বিবোধত।
শিলাভা বিমলা হৃষ্টা নির্দ্দিশ্যন্তে সদা ॥ ১৫
ষ্টপরীবারং মানসস্ত মহাত্মনঃ।
কাং তস্য বিস্থানং দৃষ্টান্তে তদ্বিচারণা ॥ ১৬
ব্রহ্মপুরোগাশ্চ সর্ব্বে বিষ্ণুপুরঃসরাঃ।
স্তে মহাত্মানস্ত্রৈলোক্যস্য সুরেশ্বরাঃ ॥ ১৭
যো বদতি স্থানং শুদ্ধং পরমনাময়ম্।
পোঽথ পিতৃঘ্নো বা গোঘ্নো বা গুরুতল্পগঃ ॥
পি গচ্ছেৎ পরং স্থানং শিবং শিবমনাময়ম্
পুনঃ শুচয়ো দান্তা মহেশ্বরপরায়ণাঃ ॥ ১৯
ব্রহ্মক্রিয়াযোগী লোকানাং ভূতিবাদিনাম্ ॥ ২০

ইতি শ্রীশৈবে মহাপুরাণে সনৎকুমার-
সংহিতায়াং শিবমাহাত্ম্যে নাম
দ্বাদশোঽধ্যায়ঃ ॥ ১২ ॥

র কৃষ্ণবর্ণ অশীতিকোটি রুদ্র চতুর্থ পরি-
, তদপেক্ষা দ্বিগুণসংখ্যক পঞ্চম পরি-
, শিলাভ, বিমল এবং কৃষ্ণবর্ণ রুদ্রগণ
ক্রমে উহার ষষ্ঠ, সপ্তম ও অষ্টম পরিবার
নির্দ্দিষ্ট আছে। ঐ শিব-পরিবার রুদ্র-
কেহ কেহ ব্রহ্মপুরোগামী, কেহ কেহ
বিষ্ণুপুরঃসর অর্থাৎ সকলেই নানাদিকে
দেবের অনুচর হইয়াছে এবং ত্রৈলোক্যের
প্রভৃতি কার্য্যে সক্ষম। এই প্রকার
নন্দময় বিশুদ্ধ পরম শিবস্থান যে ব্যক্তি
র্ত্তন করে, সে মদ্যপায়ী, পিতৃহন্তা গো-ঘাতী
গুরুপত্নীগামী হইলেও ঐ পবিত্র শিবস্থানে
ন করিয়া নিত্যসুখ অনুভব করে। যাহারা
শুদ্ধ ও শিব-পরায়ণ এবং যাহারা ঐশ্বর্য্যা-
ঙ্ক্ষী লোকদিগের মধ্যে ব্রহ্মক্রিয়াযোগী,
হাদিগের ঐ স্থানে গমনেও কিছুই বাধা
। ১০—২০।

দ্বাদশ অধ্যায় সমাপ্ত ॥ ১২ ॥

ত্রয়োদশোঽধ্যায়ঃ।

ব্যাস উবাচ।

মাহাত্ম্যং সর্ব্বভূতানাং প্রভুত্বং বর্ত্ততে শিবে।
বিধিনা তুষ্যেত কেন কপর্দ্দী বৃষবাহনঃ ॥ ১
সনৎকুমার উবাচ।
শৃণু ব্যাস ইমাং বাণীং সর্ব্বপাপভয়াপহাম্।
বিধিনা যেন তুষ্যেত লোকানাং ভুবনেশ্বরঃ ॥ ২
তমহং কীর্ত্তয়িষ্যামি শৃণু তত্ত্বেন মে দ্বিজ।
মেরুপর্ব্বতমাসাদ্য দেবা যক্ষা মহোরগাঃ ॥ ৩
ঈশ্বরস্য চ মাহাত্ম্যং শ্রোতুকামাঃ স্থিতাঃ পুরা।
নমস্কৃত্য প্রবক্ষ্যামি পুরাণং ব্রহ্মনির্ম্মিতম্ ॥ ৪
তস্মিন্ বিভীষণো গত্বা সত্যশান্তো জিতেন্দ্রিয়ঃ।
বিনীতবেশো ভবনমীশানং পরিপৃচ্ছতি ॥ ৫
বিধিনা কেন ধর্ম্মেণ তুষ্যেৎ স পরমেশ্বরঃ।
এতন্মে সংশয়ং দেব ব্রূহি ত্বং বৃষভধ্বজ ॥ ৬
ঈশ্বর উবাচ।
সত্যং শৃণু মহাবাহো যস্মাৎ ত্বং পরিপৃচ্ছসি।

ত্রয়োদশ অধ্যায়।

ব্যাস কহিলেন,—হে প্রভো! মহাদেবে অলৌকিক মাহাত্ম্য ও সর্ব্বভূত-প্রভুত্ব আছে, ইহা শুনিলাম। এক্ষণে ঐ বৃষবাহন দেব কপর্দ্দী কি প্রকারে পরিতুষ্ট হন, বলুন। সনৎকুমার কহিলেন,—হে ব্যাস! সকল পাপভয়নিবারক বাক্য শ্রবণ কর। যে বিধানে ঐ ভুবনপতি পরিতুষ্ট হন, তাহা আমি ঈশ্বরকে প্রণাম করিয়া, যথার্থরূপে কীর্ত্তন করিতেছি। পূর্ব্বে দেবতা, যক্ষ ও নাগগণ, সুমেরু পর্ব্বতে গমনপূর্ব্বক মহাদেবের মাহাত্ম্য-শ্রবণ-বাসনায় অবস্থিত আছেন, এমত সময়ে সত্যাশ্রয়ী, অতিশান্ত, নম্রবেশ, জিতেন্দ্রিয়, বিভীষণ সমাগত হইয়া, সর্ব্বভূতাশ্রয় ঈশ্বরকে জিজ্ঞাসা করিলেন,—হে দেব! বৃষভধ্বজ! আপনি দেবগণোক্ত বিষয়ে আমার সন্দেহ দূর করুন। ১—৬। ঈশ্বর কহিলেন,—হে মহারাজ বিভীষণ! যাহা জিজ্ঞাসা করিতেছ, ঐ

বিভীষণ মহারাজ শৃণু গুহ্যং পরং মম ॥ ৭
ছাগলাঙ্গং ভদ্রকর্ণং গোকর্ণঞ্চ বিশেষতঃ।
অবিমুক্তঞ্চ ওঙ্কারং পঞ্চায়তনমুত্তমম্ ॥ ৮
এতান্ দৃষ্ট্বা লভেন্মোক্ষং গুহ্যমেতদুদাহৃতম্।
অবিমুক্তে বিশেষেণ সদা সন্নিহিতো হ্যহম্ ॥ ৯
ওঙ্কারং চিন্তমানস্য তস্য তুষ্টোঽস্ম্যহং সদা।
সোঽশ্বমেধফলঞ্চৈব লভতে নাত্র সংশয়ঃ ॥ ১০
যত্র সাক্ষাৎ স্থিতো দেবো বাদাবাসে তু মুক্তিদঃ
মম চৈব পুরং তত্র কুলভক্তাকৃতাত্মভিঃ ॥ ১১
অগ্নিপ্রাকারসংযুক্তং পরিক্ষিপ্তং সমন্ততঃ।
হরিশ্চন্দ্রপদে রম্যে রুদ্রকোটির্মহামুনিঃ ॥ ১২
যোগীশ্বরে সুবর্ণাখ্যো তথৈব বসতি কেশবঃ।
ভদ্রদণ্ডী মহাকালো দেবস্থবনে সদা ॥ ১৩
ভৈরবে কমলে চৈব বিল্বিকারোহণে তথা
কালঞ্জরে তথৈব কর্কটেশ্বরনামে চ ॥ ১৪
ভূতেশ্বরে বামকূটে বিশ্বস্থানেশ্বরেতি চ।
গুহ্যাতিগুহ্যকেদারে তয়োর্মধ্যে মহেশ্বরঃ ॥ ১৫
দেবদারুবনে পুণ্যো বাসো যত্র সদা মম।
গুহ্যস্থানপবিত্রাণি মমৈতানি বিভীষণ ॥ ১৬
যে তু ব্রজন্তি মচ্চিত্তা মদ্ভক্তা মৎপরায়ণাঃ।
তে শ্রেষ্ঠাঃ সর্ব্বভূতানাং ভবন্তীহ বিভীষণ ॥ ১৭
অযুতান্যর্ব্বুদান কোটীস্তথা পদ্মাযুতানি চ।
ক্রীড়ন্তি রুদ্রলোকাংস্তান্ স ধর্ম্মো যৈস্তু রাধ্যতে
তেষাং সমস্তমুক্তানাং পুরুষাণাং বিভীষণ।
ম্লেচ্ছ-স্ত্রী-নপুংসকানাস্তু ক্রূরাণাং পাপকর্ম্মণাম্
যত্র তত্র মৃতানাঞ্চ ধ্রুবং মাহেশ্বরী গতিঃ ॥ ১৮
অষ্টৌ গুহ্যপবিত্রাণি যে যজন্তি ক্ষিতৌ নরাঃ।
তেষাং তুষ্টঃ প্রযচ্ছামি গাণপত্যং বিভীষণ ॥ ২০
তে তু মাং প্রতিপদ্যন্তে মদ্ভক্তা মৎপরায়ণাঃ।
সর্ব্বপাপবিনির্ম্মুক্তা লভন্তে পরমাং গতিম্ ॥ ২১
কিং তেষাং যজ্ঞদানেন ক্রিয়াভিশ্চ বিভীষণ।
মাং প্রপদ্য লভন্ত্যেব যজ্ঞদানফলান্যপি ॥ ২২

আমার অতি গোপনীয় বিষয় যথার্থরূপে শ্রবণ কর ছাগলাঙ্গ, ভদ্রকর্ণ, গোকর্ণ, বারাণসী ও উজ্জয়িনী এই পাঁচটী মহাদেবের সর্ব্বশ্রেষ্ঠ আবাসস্থান। এই সকল স্থান অবলোকন করিয়া, লোক মোক্ষপদ লাভ করে। এই পরম রহস্য কহিলাম, বিশেষতঃ কাশীক্ষেত্রে আমি নিত্য সন্নিহিত আছি। যে ব্যক্তি ওঙ্কাররূপী মহাদেবের ধ্যান করে, তাহার প্রতি আমি সর্ব্বদা সন্তুষ্ট থাকি ও সে ব্যক্তি নিঃসন্দেহে অশ্বমেধের ফল লাভ করে। পূর্ব্বোক্ত পঞ্চস্থানের মধ্যে যে স্থানে আমি মুক্তিদান করিতে জাগ্রদ্ভাবে অবস্থিত আছি, সেই কাশীক্ষেত্রে সুকৃতিরহিত ব্যক্তিদিগের দুর্লভ, অগ্নিপ্রাচীরে পরিবৃত, চতুর্দ্দিকে দেব-নিবাস-সম্পন্ন মদীয় বসতি-মন্দির আছে। এতদ্ভিন্ন রমণীয় হরিশ্চন্দ্র-পদে মহামুনি রুদ্ররূপে অবস্থান করি। যোগীশ্বর প্রদেশে সুবর্ণপুরীতে আমি আদিকেশবরূপে; ভদ্রবনে দণ্ডের মহাকালরূপে; ভৈরবে, কমলে ও বিল্বিকারোহণে আমি সেই সেই মূর্ত্তিতে অবস্থিত। কালঞ্জর পর্ব্বতে কর্কটেশ্বর নামে অভিহিত হই। ভূতেশ্বরে বামকূট ও পরমগুহ্য কেদারে কেদারনাথ হইয়া আছি। ঐ কেদারের দেবদারুবনে সর্ব্বদাই আমি বাস করি হে বিভীষণ। এই কয়টী আমার পবিত্র গুহ্যস্থান ৭—১৬ হে বিভীষণ। আমার যে ভক্তগণ সর্ব্বদা হৃদয়ে মচ্চিন্তাপরায়ণ হইয়া ঐ পবিত্র-স্থান-সমূহে আগমন করে, তাহারা সর্ব্বজীবের শ্রেষ্ঠ হয়। যাহারা ঐ বিশুদ্ধ-স্থানে গমনরূপ ধর্ম্মের অনুষ্ঠান করে, তাহারা অযুত অর্ব্বুদ কোটি ও পদ্ম অযুত বর্ষ রুদ্রলোকে অবস্থান করে। হে বিভীষণ। পাপিষ্ঠ, ক্রূরকর্ম্মা ম্লেচ্ছ, স্ত্রীলোক বা ক্লীব, ইহারাও যদি যে-কোন সূত্রে পূর্ব্বোক্ত স্থানসমূহে গমন করিয়া থাকে পরে, তাহাদিগের যে-কোন অপবিত্র স্থানে মৃত্যু হইলেও শিবলোক-লাভ-রূপ সদ্গতি হয়। পৃথিবীতে যে সকল মানব পূর্ব্বোক্ত অষ্ট গুহ্য-স্থান স্থিত, মল্লিঙ্গের অর্চ্চনা করে, হে বিভীষণ, আমি সন্তুষ্ট হইয়া, তাহাদিগকে গণের আধিপত্য প্রদান করি ও সেই ভক্তেরা সকল পাপ হইতে মুক্ত হইয়া আমার সন্নিধানে আগমন পূর্ব্বক পরমগতি লাভ করে। তাহাদিগের য

মমার্চ্চনরতো নিত্যং যঞ্চ কাময়তে নরঃ ॥ ৪১
মম সত্যপরো যৎ লভতে তদ্‌বিভীষণ।
দীপপ্রদানং যো দদ্যাদ্বিপ্রায় শুদ্ধমানসঃ ॥ ৪২
তেন দীপপ্রদানেন মৎপুরং যাতি মানবঃ।
স্বর্ণদানন্তু যো দদ্যাদ্গাণপত্যং দদাম্যহম্‌ ॥ ৪৩
অর্ঘ্যপাত্রপ্রদানেন দপদানেন যৎ ফলম্‌।
দাস্যামি চ গতিং পুণ্যাং গাণপত্যঞ্চ দুর্লভম্‌ ॥৪৪
যজ্ঞৈর্বহুবিশিষ্টান্নৈর্যৎ ফলং লভতে দ্বিজ।
তৎ ফলং লভতে বিপ্র মম লিঙ্গাভিষেচনাৎ ॥
যথাভিলষিতং পুণ্যং ততঃ সংফলবান ভবেৎ।
এবং প্রক্ষাল্য দোষাংশ্চ নেষ্যামি পরমাং গতিম্‌
কর্ম্মণা মনসা বাচা দেহেনাপি চ যৎ কৃতম্‌
মমার্চ্চনরতানাঞ্চ তেষাং পাপং ন বিদ্যতে ॥ ৪৭
যস্তু সংবৎসরং পুণ্যং পূজয়েদেকলিঙ্গকে
তস্য তুষ্টঃ প্রযচ্ছামি গাণপত্যং ন সংশয়ঃ ॥ ৪৮
প্রভাসঞ্চ প্রয়াগঞ্চ নৈমিষং পুষ্করং তথা।
মনো যস্য ন মুঞ্চেত তস্য তীর্থং স্বকে গৃহে ॥ ৪৯
তীর্থকোটিসহস্রেষু ন কদাচিন্নরাধমাঃ।
মমার্চ্চনগতং পুণ্যং লভন্তে চ বিভীষণ ॥ ৫০
ন মাং পশ্যন্তি তে মূঢ়া মনসা যে মলীকৃতাঃ ॥ ৫১
অগ্নিপ্রবেশনং কৃত্বা তথা মাসোপবাসকম্‌।
যৎ ফলং লভতে মর্ত্ত্যো লভতে তন্মমার্চ্চনাৎ ॥৫২
কন্দরেষথবারণ্যে গৃহে বাপি সমাহিতঃ।
যো মামর্চ্চয়তে নিত্যং তস্য গাণেশ্বরী গতিঃ ॥৫৩
যশ্চৈনং পঠতে নিত্যং যশ্চৈনং কীর্ত্তয়েন্নরঃ।
সর্ব্বপাপবিনির্ম্মুক্তো রুদ্রলোকে গতিং লভেৎ ॥৫৪
যশ্চৈবং নিয়তো ভূত্বা মাহাত্ম্যং ধারয়িষ্যতি।
ন গচ্ছেন্নরকং বিদ্বান্‌ মহাঘোরং ভয়াবহম্‌ ॥ ৫৫
চন্দ্রার্কৌ ন প্রকাশেতে যস্মিন্‌ দেশে পুরা সদা।
প্রকাশন্তে হি মনুজাস্তস্মিন দেশে সুতেজসঃ ॥৫৬
এষ মন্ত্রো হি জপ্যশ্চ হব্যকব্যে বিভীষণ।
মাহাত্ম্যং সুরশ্রেষ্ঠ সর্ব্বভূতেনমস্কৃতম্‌ ॥ ৫৭
মাহাত্ম্যং যে ততঃ পুণ্যং পঠিষ্যন্তি নরাঃ শুচি।

এক অহোরাত্র, শিবপূজা-পরায়ণ হইয়া যাহা অভিলাষ করে, আমাতে সভ্যবৃত্তি আছে বলিয়া তাহার সেই সকল অভিলাষ পরিপূর্ণ হয়। যে ব্যক্তি অতি পবিত্রমনে ব্রাহ্মণকে দীপ-দান করে, তদ্দ্বারা সে শিবলোকে গমন করে। ঐরূপ সুবর্ণ-দানকারীকে আমি গণের আধিপত্য প্রদান করিয়া থাকি। অর্ঘ্যপাত্রদাতা ও দপ-দাতা আমার প্রসাদে পবিত্র গতি প্রাপ্ত হয়। ব্রাহ্মণ বহুচরুশালী যজ্ঞের অনুষ্ঠান করিয়া যে ফল লাভ করে, মদীয় লিঙ্গের অভিষেক করিলে সেই ফল প্রাপ্ত হয় ও যথাভিলষিত পুণ্যশালী হয়। উহাদের দোষক্ষালন করিয়া উত্তম গতি লাভ করাইয়া থাকি। লোক কায়-মনোবাক্যে কর্ম্ম দ্বারা যে পাপসঞ্চয় করে, তাহারা আমার পূজাপরায়ণ হইলে সেই পাপে লিপ্ত হয় না। ৩৫—৪৭। যে ব্যক্তি মদীয় লিঙ্গের বর্ষব্যাপী পূজা করে, আমি সন্তুষ্ট হইয়া তাহাকে গণাধিপত্য প্রদান করি। যাহার চিত্ত তীর্থস্থানেও শিবধ্যান-পরাঙ্মুখ হয় না, তাহার গৃহে প্রভাস, পুষ্কর, প্রয়াগ, নৈমিষাদি তীর্থ অবস্থান করে। যে নরাধমগণ শিবসেবা-বিহীন হইয়া সহস্রকোটি তীর্থে পরিভ্রমণ করিয়া বৃথা শ্রম করে, হে বিভীষণ! তাহারা মৎপূজা জন্য পুণ্য লাভ করে না। যাহাদিগের চিত্তে পাপস্পর্শ হইয়াছে, তাহারা আমার দর্শন পায় না। মানব অগ্নিপ্রবেশ ও মাসব্যাপী উপব[াস] করিয়া যে ফল লাভ করে, মদর্চ্চন করি[লে] সেই ফল তাহাকে আশ্রয় করে; যে ব্য[ক্তি] অরণ্যে, গিরিগুহায় অথবা গৃহে থাকিয়া একা[গ্র] চিত্তে আমার অর্চ্চনা করে, সে মৃত্যুর [পর] শিবের গণলোকে গণাধিপত্য লাভ করে। [যে] ব্যক্তি শিবমাহাত্ম্য-প্রকাশক এই অধ্যায় [পাঠ] বা কীর্ত্তন করে, সে সর্ব্বপাপ হইতে মু[ক্ত] হইয়া, শিবলোকে সদ্‌গতি লাভ করে। [যে] শিব-পূজাপরায়ণ হইয়া এই মাহাত্ম্য ধা[রণ] করিবে, সে ভীষণ দারুণ নরকে গমন ক[রে] না এবং চন্দ্র সূর্য্য যেদেশে পূর্ব্বে কদাপি প্রক[াশ] পান নাই, তথায় অসীম তেজঃসম্পন্ন হই[য়া] প্রকাশিত হইয়া থাকে। দেবার্চ্চনা ও শ্রাদ্ধ কার্য্যে ইহা মন্ত্রস্থানীয় এবং সর্ব্বভূতনম[স্কৃত]

রবিষ্যন্তি যে চাঙ্গে খড়্গাধারস্থবাশুচি।
তেষাং কিল্বিষং কিঞ্চিন্মম্মি তুষ্টে ভবিষ্যতি ॥৫৮
বিভীষণ উবাচ।
নমস্তে সদ্ভূতেশ সর্ব্বতো বিশ্বতোমুখ।
অপ্রমেয়শ্চ পুরাণঃ পুরুষোত্তমঃ ॥ ৫৯
বায়ুস্ত্বং হুতাশশ্চ ত্বং শিবো দক্ষিণামুখঃ।
শুচিঃ সাগরশ্চৈব ভক্তানাঞ্চ সুরেশ্বরঃ ॥ ৬০
যোঽহং তে সুরশ্রেষ্ঠ সর্ব্বভূতনমস্কৃত।
কামান্ প্রযচ্ছস্ব অক্ষহস্ত মহাপ্রভো ॥৬১
গতিঃ সর্ব্বভূতানাং শরণং ত্বং ন সংশয়ঃ।
বরদশ্রেষ্ঠং পরমোঽস্যৃষিপূজিতঃ ॥ ৬২
যোক্তা ভবানিন্দ্রো ভবানগ্নি সনাতনঃ।
পুণ্যেষু সঙ্কল্পশ্চ মনীষিণাম্ ॥ ৬৩
তুষ্টিবপুর্মেধা বুদ্ধিঃ কামো মনস্তথা।
পুরাণং প্রপশ্যন্তি দেবা ঋষিগণাস্তথা ॥ ৬৪
যোক্তা শান্তিশ্চ ভবান্ ক্ষেত্রজ্ঞ আত্মনঃ
ভবাংশ্চ সর্ব্বলোকানাং নিত্যং হর্ষবিবর্দ্ধনঃ ॥ ৬৫
ভবান্ ক্ষেত্রং বিনির্জ্জিত্য সিদ্ধত্বায় গমিষ্যতি ॥৬৬
নমস্তে ভগবন রুদ্র নমস্তে ভগবন শিব।
নমস্তে ত্রিষু লোকেষু নমস্তে পরতস্ত্রিষু ॥ ৬৭
সর্ব্বতঃ পাণিপাদান্ত সর্ব্বতোঽক্ষিশিরোমুখ।
সর্ব্বতঃ সর্ব্বতোমূর্ত্তিরপ্রমেয় নমোঽস্তু তে ॥ ৬৮
অনাগতং ন জানামি গতিং নৈব চ নৈব চ।
যোগেশ্বর মহাদেব যোঽসি সোঽসি নমোঽস্তু তে
মহেশ্বর উবাচ।
যশ্চৈনং পঠতে নিত্যং শিবপ্রোক্তমনিন্দিতঃ।
বিভীষণ কথাস্যায়ং নিত্যং বেদেন পূজিতম্।
অশ্বমেধস্য যজ্ঞস্য ফলং প্রাপ্নোতি মানবঃ ॥ ৭০
ব্রতং ব্রহ্মনমাযুক্তো লিঙ্গং যোঽভ্যর্চ্চয়েৎ সদা
পঠেদ্বা শৃণুয়াচ্চৈব চতুর্দ্দশ্যষ্টমীষু চ ॥ ৭১
যস্তু লিঙ্গে ভবেদ্ভক্তঃ শ্রদ্ধবানশ্চ যো ভবেৎ।
তস্য দেযমিদং শাস্ত্রমন্যথা ন প্রকাশয়েৎ ॥ ৭২

ইদায় প্রবেশ মাহাত্ম্য যাহারা পবিত্রভাবে অথবা কবচরূপে ধারণ করে, আমি সন্তুষ্ট বলিয়া তাহাদের কিছুই পাপ থাকে ৫৬—৫৮। বিভীষণ কহিলেন,—হে ভূপকানন! আপনি ইচ্ছামাত্রে সর্ব্বত্র সৃষ্টি, স্থিতি ও লয় করিতেছেন এবং আদি অন্তরহিত অবিচ্ছেদ্য প্রধান-পুরুষ, পনাকে নমস্কার। আপনি অগ্নি, বায়ু, ... দেব, আপনি ভক্তরূপ ক্ষুদ নদীর ... ও দেবগণের প্রভু, আপনাকে নমস্কার। সর্ব্বভূত-পূজনীয় সুরবর! আমি ভবদায় ... হে অক্ষমালিন মহাপ্রভো! আমাকে ... অভীষ্ট প্রদান করুন। একমাত্র ... নি সর্ব্বভূতের গতি ও আশ্রয়। সকল ... গণ আপনার পূজা করেন, আপনি শ্রেষ্ঠ ... দানে আমাকে রক্ষা করুন। আপনি ..., ইন্দ্র, অগ্নি ও ধর্ম্মকার্য্যে পণ্ডিতদিগের ... বাক্য; আপনি তুষ্টি, বপুঃ, মেধা, বুদ্ধি ... কাম্যকার্য্যে চিত্তাভিনিবেশস্বরূপ। দেবতা ঋষিগণই অতি বিশুদ্ধ শিবস্বরূপ আপনাকে ... করিয়া থাকেন। আপনি শান্তি ও পরমাত্মার যাথার্থ্যবিজ্ঞাতা ও নিখিল জীবের আনন্দ বর্দ্ধন করেন। আপনি দেহে আত্মাভিমান বশীকৃত করাইয়া আমাকে সিদ্ধ করিবেন। হে ভগবন রুদ্র! হে ভগবন্ ত্রিলোকবর্ত্তমান শিব! আপনাকে নমস্কার। হে বিশ্বমূর্ত্তে! সর্ব্বস্থানেই আপনার বহু চরণ, নয়ন, মস্তক, বদন; আপনি স্বয়ং অপ্রমেয়; আপনাকে নমস্কার। হে মহাদেব! আপনি যোগেশ্বর বলিয়া ইচ্ছামাত্রে যাদৃচ্ছিক দেহ ধারণ করেন, আমি আপনার অতীত ও ভবিষ্যৎরূপের কিছুই বিদিত নহি। হে প্রভো! আপনার স্বরূপ যে প্রকারই হউক, তৎস্বরূপ আপনাকে নমস্কার। মহেশ্বর কহিলেন,—হে বিভীষণ! যে ব্যক্তি অতি পবিত্র হইয়া এই দেবগণ-পূজিত মদুক্ত সংবাদ যথাবিধি নিত্য পাঠ করে, সে অশ্বমেধযজ্ঞের ফল প্রাপ্ত হয়। যে ব্যক্তি ব্রহ্ম-চিন্তাপর হইয়া সর্ব্বদা মল্লিঙ্গের অর্চ্চনা করে কিংবা চতুর্দ্দশী অষ্টমীতে শিবমাহাত্ম্য পাঠ বা শ্রবণ করে কিংবা শ্রদ্ধাবান্ হইয়া শিবলিঙ্গে ভক্তিমান্ হয়, তাহাকেই এই মদুক্ত শাস্ত্র দিবে. অন্যকে

মহেশ্বরস্তবং শ্রুত্বা স্বর্গং গচ্ছেন্ন সংশয়ঃ॥ ৭৩

ইতি শ্রীশৈবে মহাপুরাণে সনৎকুমারসংহি-
তায়াং শিবস্তোত্রকথনং নাম ত্রয়ো-
দশোঽধ্যায়ঃ॥ ১৩॥

চতুর্দ্দশোঽধ্যায়ঃ।

ব্যাস উবাচ।

দেবযজ্ঞফলানীহ দানতীর্থফলানি চ
উপবাসফলঞ্চৈব দানানাং তপসঃ ফলম্॥ ১
অকৃত্বা ফলমেতেষাং ব্রাহ্মণো বিন্দতে কথম্।
এতন্মে সংশয়ঞ্চৈব তৎ সর্ব্বং বক্তুমর্হসি॥ ২

সনৎকুমার উবাচ।

যত্র বা কৌশিকী গঙ্গা দেবী কামার্থমোক্ষদা
কুরুক্ষেত্রং প্রয়াগঞ্চ নৈমিষং পুষ্করং তথা॥ ৩
ত্রিস্রোতা চ পয়োষ্ণী চ তৃতীয়া গণ্ডকী তথা
ব্রহ্মাবর্ত্তা নদী শুভ্রা যমুনা চাতিপাবনী॥ ৪
গঙ্গাদ্বারং সহস্রাখং ভদ্রকাহ্রদস্তথা
দৃষদ্বতী করতোয়া লোহিতা চ মহানদী॥ ৫
সরযূর্গণ্ডকী চৈব সাগরঃ সরিতাং পতিঃ।
কোকা নদ্যারুণা তাম্রা রম্যাঃ শোণো মহাহ্রদঃ
গোদাবরী নর্ম্মদা চ নদী বেত্রবতী তথা।
কাবেরী কৃষ্ণবর্ণা চ বিতস্তা চ মহানদী॥ ৭
সারস্বতানি তীর্থানি কীর্ত্তিতানি মনীষিভিঃ।
শিবলিঙ্গপ্রণামস্য কলাং নার্হন্তি ষোড়শীম্॥ ৮
ষষ্টিকোটিসহস্রাণি ষষ্টিকোটিশতানি চ।
ষষ্টিতীর্থসহস্রাণি পরিসংখ্যা প্রকীর্ত্তিতা॥
বিবিধানি চ তীর্থানি ব্রাহ্মণো যোঽধিগচ্ছতি
অক্রোধনঃ শুচির্দক্ষঃ সর্ব্বং তীর্থফলং লভেৎ।
সর্ব্বেষামেব তীর্থানাং যৎ ফলং পরিকীর্ত্তিতম্
মাসেন তদবাপ্নোতি লিঙ্গং যোঽর্চ্চয়তে এবম্
মুচ্যতে বিধিনা যুক্তো মুহূর্ত্তাৎ তদবাপ্নুয়াৎ।
লিঙ্গোদ্ভবমিদং দিব্যং ত্রৈলোক্যং সচরাচরম্॥

ব্যাস উবাচ।

কথং লিঙ্গোদ্ভবং নাম ত্রৈলোক্যং সচরাচরম্
কথঞ্চ প্রলয়ং চাপি লিঙ্গে গচ্ছতি নিশ্চয়ঃ॥ ১

নিকট প্রকাশ করিবে না। এই শিবস্তব শ্রবণ করিলে স্বর্গলাভ হয়, ইহাতে সংশয় নাই। ৫৯—৭৩।

ত্রয়োদশ অধ্যায় সমাপ্ত॥ ১৩॥

চতুর্দ্দশ অধ্যায়।

ব্যাস কহিলেন,—হে প্রভো! ব্রাহ্মণ সোমাদি যাগ, তুলাপুরুষাদি মহাদান, নানা তীর্থভ্রমণ ও তপস্যা প্রভৃতি কার্য্য না করিয়াও কি প্রকারে উঁহাদিগের ফল লাভ করেন, এ বিষয়ে আমার সংশয় দূর করুন। সনৎকুমার কহিলেন,—কৌশিকী, ধর্ম্ম-অর্থ-মোক্ষদায়িনী ভগবতী গঙ্গা, কুরুক্ষেত্র, প্রয়াগ, নৈমিষারণ্য, পুষ্কর প্রভৃতি তীর্থ, ত্রিস্রোতা, পয়োষ্ণী, গণ্ডকী, ব্রহ্মাবর্ত্তা, অতিপবিত্রা যমুনা, গঙ্গাদ্বার, সহস্রাখ, [illegible] হ্রদ, দৃষদ্বতী, করতোয়া, মহানদী লোহিত, সরযূ, সরিৎপতি সাগর, কোকা অরুণা, তাম্রা নদী, মহাহ্রদ শোণ, গোদাবরী নর্ম্মদা, বেত্রবতী, কৃষ্ণা, কাবেরী ও মহানদী বিতস্তা প্রভৃতি তীর্থ সমুদয় এবং সাধুগণের সারস্বত তীর্থ, ইঁহাদিগের নিরন্তর [illegible] একবার শিবলিঙ্গ প্রণামের ষোড়শাংশের একাংশ ফললাভ হয় না। ষষ্টিকোটি সহস্র ষষ্টিকোটি শত, এবং ষষ্টি সহস্র তীর্থ আছে; এই সকল তীর্থে যে ব্রাহ্মণ ক্রোধশূন্য পবিত্র হইয়া নিপুণভাবে গমন করেন, তিনি সকল তীর্থের ফল লাভ করেন। ১—১০। বর্ষ নানা তীর্থে ভ্রমণ করিলে যে ফল হয়, এ[illegible] মাস শিবলিঙ্গের অর্চ্চনা করিলে সেই ফ[illegible] প্রাপ্ত হওয়া যায়। এই সচরাচর ত্রৈলো[illegible] শিবলিঙ্গ হইতে উৎপন্ন হইয়াছে বলিয়া শি[illegible] লিঙ্গ সর্ব্বতীর্থময়। ধ্যানযোগে শিবলিঙ্গে[illegible] অর্চ্চনায় মুহূর্ত্ত মধ্যে অসংখ্য তীর্থফল-প্রাপ্তি ও মুক্তিলাভ হয়। ব্যাস কহিলেন,—[illegible] মুনে! এই ত্রিভুবন কি প্রকারে শিবলি[illegible] হইতে সমুৎপন্ন, কিরূপেই বা উঁহাতে ল[illegible]

লিঙ্গার্চ্চনবিধিঃ কো বা গতির্বা কুত্র শাশ্বতী।
কথঞ্চ তুষ্যতে দেবো ভক্তিমান্ ভক্তিবৎসলঃ ॥
কস্মাচ্চ দক্ষিণাং মূর্ত্তিমীশ্বরস্যামিতৌজসঃ।
ঋষয়ঃ পিতরো দেবা যজন্তে সংশিতব্রতাঃ ॥ ১৫
রুদ্রলোকং নরো গত্বা পুনরাবর্ত্ততে কথম্।
কথং ন পুনরাবৃত্তির্জ্ঞাতুমিচ্ছামি তত্ত্বতঃ ॥ ১৬

সনৎকুমার উবাচ।

অহং তে কথয়িষ্যামি শ্রূয়তাং মে দ্বিজোত্তম।
যথা লিঙ্গোদ্ভবং ব্যাস ত্রৈলোক্যং সচরাচরম্ ॥ ১৭
লিঙ্গঞ্চ যাদৃশং তস্য দেবদেবস্য ধীমতঃ।
প্রলয়ঞ্চ যথা লিঙ্গে অস্মে নিগদতঃ শৃণু ॥ ১৮
যথা চ পুনরাবৃত্তির্যথা নাবর্ত্ততে পুনঃ।
যথা শ্রুতং যথাপূর্ব্বং গদতো ব্রহ্মণঃ স্বয়ম্ ॥ ১৯
মহেশ্বরশ্চ সৃষ্ট্যাদৌ প্রকৃত্যা সহ সঙ্গতঃ।
সম্ভূতো মহাবায়ুস্তস্মাদগ্নিরজায়ত ॥ ২০
ততঃ তস্মাৎ সমুদ্ভূতং সূর্য্যরাশিসমপ্রভম্।
চ সম্ভবতে লিঙ্গং কাঞ্চনং রত্নভূষিতম্ ॥ ২১
শতযোজনবিস্তীর্ণং শতসাহস্রমুচ্ছ্রিতম্।
লিঙ্গরাজং সুবিপুলং প্রশান্তাদিত্যবর্চ্চসম্ ॥ ২২
অত্র ব্রহ্মাদয়ো দেবা যক্ষাশ্চ সহ বিষ্ণুনা।
তল্লিঙ্গং সমনুপ্রাপ্তা হৃতসংজ্ঞাঃ সুদুঃখিতাঃ ॥ ২৩
উমাপতির্বিরূপাক্ষো নীলকণ্ঠো বিলোহিতঃ।
সত্ত্বং রজস্তমশ্চৈব ক্ষেত্রজ্ঞঃ প্রকৃতিস্তথা ॥ ২৪
সাংখ্যযোগস্তথা নদ্যো গিরয়ঃ সাগরা হ্রদা।
পৃথিবী হ্যন্তরিক্ষঞ্চ দিশশ্চ বিদিশস্তথা ॥ ২৫
নক্ষত্রাণি গ্রহাশ্চৈব মাসাঃ সংবৎসরাস্তথা।
লীয়ন্তে অত্র লিঙ্গে চ ঈশ্বরস্য মহাত্মনঃ ॥ ২৬
লিঙ্গাদুৎপাদয়ামাস ত্রীন্ লোকান্ সচরাচরান্।
ব্রহ্মাণমসৃজৎ পুত্রং প্রজাপত্যেঽভ্যষেচয়ৎ ॥ ২৭
কৃত্বা প্রজাপতিং দেবো দেবলোকাগ্র্যমীশ্বরম্।
পুনর্বিষ্ণুঞ্চ সৃজতে লীলয়া গর্ভসম্ভবম্ ॥ ২৮
স্মৃতিং সংক্ষিপ্য সর্ব্বেষাং তত্রৈবান্তরধীয়ত ॥ ২৯
এবং লিঙ্গোদ্ভবং সর্ব্বং ত্রৈলোক্যং সচরাচরম্।
প্রলয়ঞ্চ যথা লিঙ্গে অস্মে নিগদতঃ শৃণু ॥ ৩০
পুরা হ্যেকার্ণবে ব্যাস হরস্যামিততেজসঃ।

...য়, ঐ লিঙ্গের কিরূপ পূজাবিধি, কোন্ স্থানে ...হার নিত্য অবস্থান, কিরূপে ভক্তপ্রিয় ভগবান্ ...র প্রসন্ন হন এবং ঋষিগণ পিতৃগণ, দেবগণ ...জন্য ঐ অসামান্য তেজের আশ্রয় ঈশ্বরের ...ক্ষিণামূর্ত্তির যাগ করেন এবং জীব রুদ্রলোকে ...মন করিয়া কি হেতু প্রত্যাবৃত্ত হয় ও কি ...জন্যই বা তথায় যাইয়া প্রত্যাবৃত্ত হয় না, এই ...কল বিষয় যথার্থরূপে জানিতে ইচ্ছুক হইয়াছি, ...আপনি বলুন। সনৎকুমার কহিলেন,—হে ...জবর ব্যাস! যেরূপে এই বিশ্ব লিঙ্গ হইতে ...উৎপন্ন ও উহাতেই লীন হয়, ঐ শিবলিঙ্গের ...দৃশ আকার এবং যেরূপে শিবলোকগত ...ক্তির পুনরাবৃত্তি ও অপুনরাবৃত্তি হয়, তাহা ...ম ব্রহ্মার মুখে অবগত হইয়াছি, এক্ষণে ...মাকে কহিতেছি, শ্রবণ কর। সৃষ্টির ...ম মহেশ্বর প্রকৃতির সহিত মিলিত হইলে, ...বায়ু প্রাদুর্ভূত হয়। ঐ বায়ু হইতে অগ্নি ...পন্ন, ঐ অগ্নি হইতেই অসংখ্য সূর্য্যতুল্য ...শালী বিপুল লিঙ্গ সমুৎপন্ন হন। ঐ লিঙ্গ-রাজ শতযোজন-বিস্তীর্ণ, লক্ষযোজন-উন্নত এবং সুবর্ণরত্নাদি-বিভূষিত প্রশান্ত সূর্য্যের ন্যায় তেজসম্পন্ন। ১১—২২। তখন ব্রহ্মাদি দেবগণ ও যক্ষগণ লিঙ্গদৃষ্টে সংজ্ঞাহীন হওয়ায়, দুঃখিতান্তঃকরণে ভগবান্ বিষ্ণুর সহিত মিলিত হইয়া ঐ লিঙ্গে মিলিত হইলেন। বিরূপাক্ষ নীলকণ্ঠ বিলোহিত উমাপতি, সত্ত্বরজস্তম এই গুণত্রয়, ক্ষেত্রজ্ঞ পুরুষ, প্রকৃতি, সাংখ্যযোগ, পর্ব্বত, নদ, নদী, সাগর, হ্রদ, পৃথিবী, অন্তরীক্ষ, গ্রহ, নক্ষত্র, দিক্ বিদিক্, মাস, সংবৎসর এই সকলই ঈশানলিঙ্গে লয় প্রাপ্ত হইল। ভগবান্ প্রথমে লিঙ্গ হইতে সচরাচর ত্রিলোক উৎপাদন করিয়া, পুত্ররূপে ব্রহ্মাকে সৃজন করিলেন ও উঁহাকে প্রজাপালন-কার্য্যে নিযুক্ত করিয়া, যিনি মায়াবলে নারীগর্ভে জন্মগ্রহণ করেন, সেই দেবলোক-পূজনীয় পরমেশ্বর বিষ্ণুকে সৃজন করিলেন ও সকলেরই পূর্ব্ব-স্মৃতি বিলোপ করিয়া তথায় অন্তর্হিত হইলেন। এইরূপে লিঙ্গ হইতে ত্রৈলোক্য উৎপন্ন হই-য়াছে, যে প্রকারে ঐ সকল উহাতে লীন হয়,

প্রসূতং মধ্যবৃত্তঞ্চ জলে লিঙ্গমদৃশ্যত ॥ ৩১
জ্বালামালার্চ্চিভির্ব্যাপ্তং সর্ব্বভূতভয়ঙ্করম্।
যো হ্যগ্নিরূপমত্যর্থং বিভর্ত্ত্যপি চ রোদসী।
এবংভূতঞ্চ বিষ্টভ্য তিষ্ঠতি জ্বালমণ্ডলে ॥ ৩২
জ্বালাভিস্তস্য লিঙ্গস্য ত্রৈলোক্যং সচরাচরম্।
দহ্যন্তে সর্ব্বভূতানি রুদ্রমায়াবিমোহিতাঃ ॥ ৩৩
সসুরাসুরগন্ধর্ব্বাঃ সযক্ষোরগরাক্ষসাঃ।
পৃথিব্যাপস্তথা বায়ুরাকাশস্তেজ এব চ ॥ ৩৪
যানি যানি চ ভূতানি স্থাবরাণি চরাণি চ।
তল্লিঙ্গাক্রম্যন্ত সর্ব্বাণি চরাণি চ ভস্মস্থলে ॥ ৩৫
তেষামাক্রম্যমাণানাং বেগার্থং মূর্চ্ছিতোঽনিলঃ।
করোতি ভৈরবং নাদমাকাশং পূরয়ন্নিব ॥ ৩৬
জীবমাত্রাণি সর্ব্বাণি গন্ধানি তু যথাগ্নিনা।
সংরুদ্ধানীহ তিষ্ঠন্তি বাষ্পানি চ দহন্নিব ॥ ৩৭
ততো ব্রহ্মা সুরশ্রেষ্ঠো দেবাশ্চ সহ বিষ্ণুনা।
লিঙ্গং তে সমনুপ্রাপ্তা নষ্টসংজ্ঞাঃ সুদুঃখিতাঃ ॥ ৩৮
ভীতাশ্চৈব নিরীক্ষন্তঃ শিবমায়াবিমোহিতাঃ।
অবশাস্তত্র তে সর্ব্বে চন্দ্রাদিভির্গ্রহৈঃ সহ।
দিবৌকসশ্চ ব্রহ্মা চ রুদ্রস্যামিততেজসঃ ॥ ৩৯
ততঃ সুপ্তাশ্চ তে দেবাশ্চক্ষুষ্মন্তো যশস্বিনঃ।
উপলভ্য স্মৃতিং দেবাস্তত্রৈব শরণং গতাঃ ॥ ৪০
স্তুবন্তি চ মহাদেবং সর্ব্বভূতপতিং শিবম্।
ব্রহ্মা বিষ্ণুশ্চ শক্রশ্চ উচুস্তত্র উমাপতিম্ ॥ ৪১
ত্বং কুমারঃ কুমারস্ত্বং জাতস্ত্বং সর্ব্বতোমুখঃ।
ওঙ্কারস্ত্বং বষট্‌কারো দণ্ডনীতিস্তথৈব চ ॥ ৪২
বিশন্তি ত্বদ্‌দয়ং সর্ব্বে বৃহস্পতিপুরোগমাঃ।
ব্রহ্মা দেবাশ্চ যজ্ঞাশ্চ শক্রশ্চ সহ বিষ্ণুনা ॥ ৪৩
ত্বত্তঃ প্রসূতা দেবেশ সর্ব্বভূতভবোদ্ভব।
এবং মায়া পরা সূক্ষ্মা যয়া পশ্যাম শঙ্করম্ ॥ ৪৪

শিব উবাচ।

যোগিনশ্চ মহারূপা জ্ঞানৈশ্বর্য্যসমন্বিতাঃ

তাহা কহিতেছি, শ্রবণ কর হে ব্যাস। পূর্ব্বে নিখিল ব্রহ্মাণ্ড জলময় থাকিলে, ঐ জলে অসামান্যতেজস্বী মহাদেবের অতি বৃহৎ গোলাকৃতি লিঙ্গ দেখা গেল শিবলিঙ্গ অগ্নিশিখাতুল্য তেজোব্যাপ্ত ও সর্ব্বজীবের ভয়োৎপাদক। ঐ লিঙ্গ, অগ্নিরূপ ধারণ করায় তেজ দ্বারা স্বর্গ-মর্ত্ত্যকে অভিভব করিয়া, ঐ তেজোমণ্ডল মধ্যেই অবস্থান করিলেন। ২৩—৩২। ঐ লিঙ্গের তেজে ত্রিভুবন দগ্ধ হইতে লাগিল এবং দেব, দানব, যক্ষ, রাক্ষস, নাগ ও গন্ধর্ব্বগণ এবং ক্ষিত্যপ্‌তেজো-মরুদ্‌-ব্যোম ও এতদ্ভিন্ন যাহা কিছু স্থাবর-জঙ্গম—সর্ব্বভূতই শিবমায়ায় মোহিত হইয়া ঐ লিঙ্গে আকৃষ্ট হইতে লাগিল আর আকৃষ্যমাণ জীবগণের বেগ উৎপাদন করিতে প্রবৃত্ত হইয়া, পবনদেব প্রবৃদ্ধ হইলেও আকাশ পরিপূর্ণ করিবার মানসেই যেন ভীষণ শব্দ করিতে লাগিলেন। ঐ লিঙ্গ যৎকালে অসংখ্য জীব দগ্ধ করিয়া অন্যান্য দহন করিতে অগ্রসর হইলেন, তখন লিঙ্গদৃষ্টে চেষ্টাহীন, অতএব [illegible] ব্রহ্মা ও দেবগণ বিষ্ণুর সহিত লিঙ্গসন্নিধানে উপস্থিত হইলে সকলেই শিবমায়ায় বিমোহিত, অতএব [illegible] হইয়া পরস্পর মুখাবলোকন করিতে লাগিলে[illegible] পরে উঁহারা শিব-মায়ায় বলহীন হওয়ায় চ[illegible] সূর্য্যাদি গ্রহগণের সহিত অমিততেজা ম[illegible] দেবকে চিন্তা করিতে করিতে নিদ্রাবিষ্ট হ[illegible] লেন। অনন্তর পূর্ব্বস্মৃতিপ্রাপ্তে জ্ঞান-[illegible] লাভ করত মহাদেবের শরণাপন্ন হইয়া [illegible] সর্ব্বভূতপতি মহাদেবকে স্তব করিলে[illegible] তথায় ব্রহ্মা, বিষ্ণু ও ইন্দ্র—ভগ[illegible] উমাপতিকে কহিতে লাগিলেন,—হে প্রভো[illegible] আপনি কুমার, আপনিই কুমাররূপে জা[illegible] আপনি সর্ব্বতোমুখ অর্থাৎ নিখিল ব্র[illegible] গুই আপনার বদনবিবরে অবস্থান করিতে[illegible] হে দেবদেব! হে সর্ব্বভূতোৎপাদক! [illegible] প্রণব, বষট্‌কার ও দণ্ডনীতিস্বরূপ। ৩৩—[illegible] আপনা হইতে ব্রহ্মাদি দেবগণ, বৃহ[illegible] প্রভৃতি ঋষিগণ, যজ্ঞনিচয়, ইন্দ্র ও ভগবান্ বিষ্ণু সমুৎপন্ন হইয়া, আপন[illegible] প্রবেশ করেন। ভগবতী মায়া পরাৎ[illegible] তাঁহারই প্রসাদে আমরা আপনার দর্শন [illegible] রাছি। শিব কহিলেন,—হে দেবগণ! ঋ[illegible]

জরাশ্চামরাশ্চৈব মৎপ্রসাদাদ্ভবিষ্যথ ॥ ৪৫
ছন্দগত্বয়ে নিত্যং স্বর্গলোকে মহেশ্বরাঃ।
এবমুক্ত্বা তু ভগবাংস্তত্রৈবান্তরধীয়ত ॥ ৪৬
বমেকার্ণবে ঘোরে সর্ব্বভূতবিনাশনে।
মাস্থহাবপ্রযুক্তাংস্তু ভগবান্ ব্যথতে ধ্রুবম্ ॥ ৪৭
গান্তে প্রলয়ে বৃত্তে সর্গকাল উপস্থিতে।
পুনঃ সৃষ্টেষু লোকেষু ব্রহ্মা তত্র প্রজাপতিঃ ॥৪৮
জপেয়শতৈর্বিষ্টা যজ্ঞভেত দ্বিজোত্তম।
প্রো লিঙ্গং ত্রিরাত্রেষু রুদ্রভক্ত্যা তদশ্নুতে ॥ ৪৯
মেধসহস্রস্য সম্যগিষ্টস্য যৎ ফলম্।
সন তদবাপ্নোতি রুদ্রলিঙ্গার্চ্চনে রতঃ ॥ ৫০
সূয়সহস্রস্য সম্যগিষ্টস্য যৎ ফলম্।
র্ভির্মাসৈরবাপ্নোতি শিবলিঙ্গার্চ্চনে রতঃ ॥ ৫১
তীর্থাভিষেকশ্চ সর্ব্বদানফলানি চ।
যজ্ঞফলৈশ্চৈব উপবাসফলানি চ ॥ ৫২
ঞ্চাপি বিধিনা বাস ব্রতানি বিবিধানি চ।

সম্যগ্যষ্টৈশ্চ যৎ পুণ্যং ত্রিভির্মাসৈর্লভেন্নরঃ ॥৫৩
সম্যক্ ফলমবাপ্নোতি শিবলিঙ্গার্চ্চনে রতঃ।
সম্যগিষ্টফলাঃ সর্ব্বে শান্তা দান্তাঃ সমাহিতাঃ ॥৫৪
নব মাসান্ সমারাধ্য ব্রাহ্মণো বিজিতেন্দ্রিয়ঃ।
সর্ব্বমেব তদাপ্নোতি লিঙ্গং যোঽর্চ্চয়তে ভবম্ ॥৫৫
হিমবান্ মন্দরো মেরুঃ কৈলাসো গন্ধমাদনঃ।
বিন্ধ্যোঽর্ব্বুদঃ পুরশ্চন্দ্রো মহেন্দ্রো মলয়স্তথা ॥৫৬
বালখিল্যাশ্চ ঋষয়ো নৈমিষেয়াস্তপোধনাঃ।
যাশ্চৈবাপ্সরসো দিব্যা যে চ মাতৃগণাস্তথা ॥ ৫৭
তারাগণা গ্রহগণাঃ সর্ব্বে পিতৃগণাস্তথা।
চারণোদুম্বরাশ্চৈব বিদ্যাসিদ্ধাস্তথৈব চ ॥ ৫৮
প্রমাণং পরমং জ্ঞাত্বা লিঙ্গং যোঽর্চ্চয়তে নরঃ।
তস্মিন্ বহুগুণাং প্রীতিং করোতি বৃষভধ্বজঃ ॥৫৯
যৎ ফলং পাকযজ্ঞেষু হবির্যজ্ঞেষু যৎ ফলম্।
একাহ্নি তদবাপ্নোতি বিপ্রো লিঙ্গার্চ্চনে রতঃ ॥৬০
তীর্থাষ্টৌ যানি স্থানানি যৎ ফলং লভতে নরঃ।
একাহং তদবাপ্নোতি বিপ্রো লিঙ্গার্চ্চনে রতঃ ॥৬১

মি সন্তুষ্ট হইয়া তোমাদিগকে বর দিতেছি, প্রসাদে তোমরা অসামান্য স্থান ও র্য্যশালী এবং জরামরণ-বিরহিত হইয়া পবান্ ও যোগবলে স্বেচ্ছাগমনে সমর্থ স্বর্গলোকে পূজিত হইবে। তখন ইহা কহিয়া অন্তর্হিত হইলেন। বের সংহারকালে জগৎ একার্ণব হইলে, ঐ ভগবান অবস্থান করেন, পরে পুনরায় বিশ্ব সৃজন করেন। ঐরূপে বসানে প্রলয়, তৎপরে পুনরায় সৃষ্টি-পস্থিত হইলে জগৎ সৃষ্ট হয়। জগ-ব্রহ্মা প্রজাস্বামী হন। হে দ্বিজবর! শত বাজপেয় দ্বারা শিবলিঙ্গের যাগ যে ফল লাভ হয়, শিবের প্রতি ভক্তি-লিঙ্গের ত্রিরাত্র অর্চ্চনায় তৎফল প্রাপ্ত যায়। সহস্র অশ্বমেধ যাগ করিলে যে, এক মাস শিবলিঙ্গের পূজা করিলে ল প্রাপ্ত হওয়া যায়। সহস্র রাজসূয় লে যে ফল হয়, মাসত্রয় শিবলিঙ্গের লে সেই ফল প্রাপ্ত হওয়া যায়। হে সর্ব্বতীর্থে স্নান, সর্ব্বপ্রদান, নানা যজ্ঞের অনুষ্ঠান, বৈধ উপবাস ও বিধিপূর্ব্বক বিবিধ ব্রতাচরণ করিলে যে পুণ্য হয়, মানব মাসত্রয় শিবলিঙ্গ পূজা-পরায়ণ হইলে সেই পুণ্য প্রাপ্ত হয়। ৪৩—৫৩। যে ব্রাহ্মণ জিতেন্দ্রিয় ও শমগুণাবলম্বী হইয়া, নয়মাস শিবলিঙ্গের আরাধনা করেন, তিনি সর্ব্বাভীষ্ট লাভ করেন। হিমবান্, মন্দর, মেরু, কৈলাস, গন্ধমাদন, বিন্ধ্য, অর্ব্বুদ, পুরশ্চন্দ্র, মহেন্দ্র, মলয় প্রভৃতি পর্ব্বতসমূহ ও বালখিল্যাদি ঋষিগণ, নৈমিষারণ্যবাসী তপোধনগণ, অপ্সরোগণ, মাতৃগণ, তারাগণ, গ্রহগণ, পিতৃগণ, চারণ, উদুম্বর, সিদ্ধ ও বিদ্যাধরগণ ইহারা সকলেই স্বর্গে তাঁহার অভীষ্টসাধন করেন এবং যে মানব লিঙ্গকেই পরম প্রমাণ বিবেচনা করিয়া উঁহার অর্চ্চনা করেন; বৃষধ্বজ মহাদেব তাঁহার প্রতি পরম সন্তুষ্ট হন। পাকযজ্ঞ ও হবির্যজ্ঞের অনুষ্ঠানে যে ফল লাভ হয়, শিবলিঙ্গার্চ্চনরত হইলে এক দিবসে সেই ফল লাভ হয়। একাদশ * রুদ্রস্থানের পূজা

* মতান্তরে চতুর্ব্বিংশতি।

কুমারো ব্রহ্মণঃ পুত্রঃ পুলস্ত্যঃ পুলহঃ ক্রতুঃ।
নন্দীশ্বরো গণশ্রেষ্ঠো মহাকালশ্চ বীর্য্যবান॥ ৬২
ভৃগুরঙ্গিরা মরীচিশ্চ দধীচিশ্চ যমস্তথা
সংবর্ত্তঃ সপ্তিগীষুশ্চ তথা শুক্র-বৃহস্পতী॥ ৬৩
চ্যবনো জমদগ্নিশ্চ উতথ্যোঽগস্তিরেব চ।
দক্ষঃ প্রজাপতিঃ শ্রেষ্ঠো দক্ষপুত্রাশ্চ সপ্ত বৈ॥ ৬৪
তথা মনুশ্চ ভগবান্ প্রহ্লাদো নমুচিস্তথা।
অত্রির্বসিষ্ঠো ভগবান্ কাশ্যপশ্চ মহাতপাঃ॥ ৬৫
গৌতমশ্চ ভরদ্বাজো বিশ্বামিত্রশ্চ কোবিদঃ॥৬৬
আদিত্যা বসবো রুদ্রা মরুতশ্চ তথাশ্বিনৌ।
সাধ্যা বিদ্যাধরা নাগা ঋষয়ো বিশ্বদেবতা॥ ৬৭
অর্থো ধর্ম্মশ্চ কামশ্চ বাসুকিস্তক্ষকস্তথা।
কম্বলাশ্বতরৌ নাগ এলাপত্রস্তথৈব চ॥ ৬৮
ক্ষীরোদঃ পুষ্করো গঙ্গা শ্মশানানি চ সর্ব্বশঃ।
এবং তে কথিতো ব্যাস উদ্ভব-প্রলয়ৌ তথা॥৬৯
ক্রীড়তে ভগবান্ ভূতৈর্বালঃ ক্রীড়নকৈরিব
এবং কারয়তে কর্ম্ম তেন মে ব্যাকুলীকৃতাঃ॥৭০

যজামহে তমেবেশং তস্মাদিচ্ছাম বেদিতুম্
ব্রহ্মাদ্যা ঋষয়ো দেবাস্তন্মে নিগদতঃ শৃণু॥ ৭১
ব্রহ্মা বিষ্ণুশ্চ শক্রশ্চ চন্দ্রাদিত্যৌ সমীরণঃ।
যমঃ কালশ্চ মৃত্যুশ্চ বরুণো ধনদোঽনলঃ॥ ৭২
ঋগ্বেদঃ সামবেদশ্চ যজুর্ব্বেদস্তথৈব চ।
ইতিহাসোঽথর্ব্ববেদস্তথা গায়ত্রিরেব চ॥ ৭৩
সংবৎসরং তপো ভক্ত্যা বল্মীকমৃত্তিকাসু চ
কর্ত্তব্যমুপলেপঞ্চ শিবলিঙ্গস্য চাগ্রতঃ॥ ৭৪
শতং সম্মার্জ্জনে বিদ্ধি সহস্রমুপলেপনে।
পুষ্পোপহারবর্ণৈশ্চ তুল্যং ফলমবাপ্নুয়াৎ॥ ৭৫
দশাপরাধাংস্তোয়েন ক্ষীরেণৈব শতং ক্ষমেৎ
অপরাধসহস্রং তু সর্পিষা স্নপনং ভবেৎ॥ ৭৬
ক্ষীরস্নানং সতাভাঙ্গঃ সঘৃতং গুগ্গুলুং তথা
এতদ্দ্রব্যং দাতব্যং সদৈব বরমিচ্ছতা॥ ৭৭
দশসৌবর্ণিকং পুষ্পং যো ভবায় প্রযচ্ছতি।
যং যং কাময়তে কামং তং তং পূরয়তে শিব

করিয়া যে ফল প্রাপ্ত হয়, রক্ষণ শিক্ষা-নায় নিরত হইলে এক দিবসে সেই ফল প্রাপ্ত হন। ব্রহ্মার পুত্র সনৎকুমার, পুলস্ত্য, পুলহ, ক্রতু, গণনায়ক নন্দীশ্বর, বীর্য্যবান, মহাকাল, ভৃগু, অঙ্গিরা, মরীচি, দধীচি, যম, শুক্র, বৃহস্পতি, চ্যবন, জমদগ্নি, উতথ্য, অগস্তি, প্রজাপতিশ্রেষ্ঠ দক্ষ ও তাঁহার সপ্ত তনয়, ভগবান মনু, প্রহ্লাদ, নমুচি, অত্রি, বসিষ্ঠ, ভগবান কাশ্যপ, মহাতপা গৌতম, ভরদ্বাজ, সুপণ্ডিত বিশ্বামিত্র, দ্বাদশ আদিত্য, অষ্ট বসু, রুদ্র, মরুৎ, অশ্বিনীকুমারদ্বয়, সাধ্য, বিদ্যাধর, নাগ, ঋষি ও বিশ্বদেবগণ, ধর্ম্ম, অর্থ, কাম, বাসুকি, তক্ষক, কম্বল, অশ্বতর নাগ, এলাপত্র, ক্ষীরোদ, পুষ্কর, ভাগবতী গঙ্গা ও শ্মশানাধিষ্ঠাত্রী দেবতা, ইহাঁরা সকলেই শিব-লিঙ্গ পূজা করিয়া সর্ব্বত্র বিখ্যাত হইয়াছেন। হে ব্যাস! এই তোমাকে সৃষ্টি ও প্রলয়ের বিবর কহিলাম। ৫৪—৬৯। বালকেরা যেরূপ ক্রীড়নক লইয়া খেলা করে, সেইরূপ ভগবান্ শিব চরাচর বিশ্বকে লইয়া ক্রীড়া করিতেছেন

ও তিনিই কার্য্য করাইতেছেন। সেই দ্বারা আমরা অতিশয় ব্যাকুলিত হইয়ে আমরা শিব-যজ্ঞের অনুষ্ঠান করি সকলই জানিতে পারি। ব্রহ্মা, বিষ্ণু, চন্দ্র, সূর্য্য, বায়ু, যম, কাল, মৃত্যু, বরুণ অগ্নি, ঋগ্বেদ, সামবেদ, যজুর্ব্বেদ অথর্ব্ব ইতিহাস ও গায়ত্রী দেবী ইহাঁর স শিবের আরাধনা করিয়া শ্রেষ্ঠ পদ লাভ করেছেন। সংবৎসর বল্মীকমৃত্তিকায় স হইয়া ও ভক্তিযোগে তপোনুষ্ঠান করিয়া লিঙ্গসন্নিধানে উপলেপের বিলেপন ক শিব-গৃহে সম্মার্জ্জন করিলে শতগুণ, বি সহস্রগুণ এবং পুষ্প উপহার ও বিলেপনসদৃশ ফল হয়। জল দ্বারা স্নান করাইলে দশ অপরাধ, ক্ষীর দ্বারা করাইলে শতাপরাধ ও ঘৃত দ্বারা স্নান ক সহস্র অপরাধ মার্জ্জিত হয়। মহ নিকট বর ইচ্ছা করিলে ক্ষীর ও ঘৃত দ্বারা করাইবে ও ঘৃতযুক্ত গুগ্গুলু প্রদান ক যে ব্যক্তি শিবোদ্দেশে দশটী সুবর্ণপুষ্প করে, মহাদেব তাহার সর্ব্বাভীষ্ট পূরণ

মনোরমৈশ্চ সততং গন্ধমাল্যৈর্বিভূষিতম্ ॥ ৯৪
কুর্য্যাদ্বৈ সততং রুদ্রে যদীচ্ছেচ্ছুভমাত্মনঃ ॥ ৯৫
ধর্ম্মলুব্ধশ্চ সততং শিবমভ্যর্চ্চয়েৎ ততঃ।
পুষ্পবাসোপহারৈশ্চ সততঞ্চ নিবেদনৈঃ ॥ ৯৬
তস্মৈ প্রীতো মহাদেবঃ সর্ব্বান্ কামান্ প্রযচ্ছতি
সৌবর্ণৈ রাজতৈঃ কুম্ভৈস্তাম্রময়োদুম্বরৈস্তথা ॥ ৯৭
স্নাপয়েদ্ভগবন্তং হি নিয়তাত্মা চ যত্নবেৎ।
অর্ঘ্যৈশ্চ বিবিধৈঃ শুদ্ধৈঃ সশৃঙ্গারৈর্হিরণ্ময়ৈঃ ॥৯৮
ইন্দ্রনীলৈর্মহানীলৈর্বজ্র-বৈদূর্য্যকৈস্তথা।
সুকেতকৈঃ প্রবালৈশ্চ তথা মারকতৈরপি ॥ ৯৯
অর্চ্চয়েচ্চ সদা রুদ্রং সর্ব্বভূতসুখাবহম্।
সর্ব্ববাদিত্রনির্ঘোষৈর্গীতৈর্বা বিবিধৈস্তথা ॥ ১০০
স্তুতি-বাদ্য-নমস্কারৈর্মুখবাদ্যৈস্তথৈব চ।
পশুভির্ধনধান্যৈশ্চ ইষ্টদারৈশ্চ যৈঃ প্রিয়ৈঃ ॥১০১
প্রাপ্তভাবপ্রযত্নৈশ্চ ইষ্টদানৈর্মহেশ্বরম্
এভিশ্চান্যৈশ্চ বহুভির্বিবিধৈর্নিয়মৈস্তথা ॥ ১০২
সততঞ্চার্চ্চয়েদ্দেবং শুচিঃ প্রযতমানসঃ।
সর্ব্বপাপবিশুদ্ধাত্মা সর্ব্বদুঃখবিবর্জ্জিতঃ ॥ ১[০৩]
লোকান্ কামানিহ প্রাপ্য রুদ্রলোকে মহীয়তে[…]
এতৈশ্চান্যৈশ্চ বহুভির্বিচিত্রনিয়মব্রতৈঃ ॥ ১০[৪]
ত্রিকালমর্চ্চয়েদ্দেবং শুচিঃ প্রযতমানসঃ।
সর্ব্বপাপবিশুদ্ধাত্মা সর্ব্বদুঃখবিবর্জ্জিতঃ ॥ ১০৫
শিবেন কথিতং সর্ব্বমুপপন্নায় ব্রহ্মণে।
স তেন বিধিনা যুক্তোঽপূজয়চ্চ মহেশ্বরম্ ॥[…]
মূর্ত্তয়োঽপি শিবস্যৈতাস্তন্মে নিগদতঃ শৃণু।
যোগমূর্ত্তিশ্চ প্রথমা ঐন্দ্রী ইন্দ্রসমা স্থিতা ॥
দ্বিতীয়া দক্ষিণা মূর্ত্তির্যা সমাবৃত্য তিষ্ঠতি।
তৃতীয়া বারুণী মূর্ত্তিঃ পশ্চিমা তুষ্টিদা মম ॥[…]
চতুর্থী সাং তু বরদা ধনদা সুসুখাবহা।
অনন্তাং পঞ্চমী মূর্ত্তিশ্চার বিদিনা তপঃ ॥ ১[…]

বিশুদ্ধ জলে স্নান করাইবে ও চন্দনাদি গন্ধ-দ্রব্য দ্বারা উহার অঙ্গরাগ করিয়া সুবাসিত মাল্য দ্বারা ভূষিত করিবে। ধার্ম্মিক ব্যক্তি পুষ্প, বস্ত্র, উপহার ও নৈবেদ্য প্রদানে সর্ব্বদা মহা-দেবকে পূজা করিলে, তিনি সন্তুষ্ট হইয়া উহার সর্ব্বাভীষ্ট পূরণ করেন। ধার্ম্মিক ব্যক্তি নিয়মী হইয়া হেম, রাজত, তাম্র ও উড়ুম্বর কুম্ভপূর্ণ জল দ্বারা ভগবানকে স্নান করাইবে এবং সর্ব্ব জীবের সুখসম্পাদক ঐ শিবকে রত্ন-মাণিক্য-সুবর্ণ-মিশ্রিত অর্ঘ্য দ্বারা ইন্দ্রনীল, মহানীল, বজ্র, বৈদূর্য্য, কেতক, প্রবাল, মারকত প্রভৃতি রত্ন দ্বারা এবং সুন্দর সঙ্গীত ও বিবিধ বাদ্যধ্বনি দ্বারা সন্তুষ্ট করিয়া সর্ব্বদা অর্চ্চনা করিবে। ৮৩—১০০। যিনি শুদ্ধ ও নিয়মী হইয়া স্তব, বাদ্য, মুখবাদ্য, নমস্কার, পশু, ধন, ধান্য, দারা প্রভৃতি প্রিয় বস্তুর উৎসর্গ, আন্তরিক যত্নের সহিত আহৃত প্রিয়-বস্তু প্রদান এবং এতদ্ভিন্ন অন্যান্য বিবিধ ব্রতাদির অনুষ্ঠান দ্বারা সর্ব্বদা ভগবানের আরাধনা করেন, তিনি সর্ব্ব-পাপনির্ম্মুক্ত ও অতি পবিত্র হইয়া স্বর্গাদিলোকে গমনপূর্ব্বক অভীষ্ট লাভ করেন, পরে সর্ব্ব[…] বিবর্জ্জিত হইয়া রুদ্রলোকে অধিষ্ঠানপূ[…] সকলের নিকট পূজিত হন। পূর্ব্বোক্ত ব্র[…] ও তদ্ভিন্ন বহুতর ব্রত-নিয়মের অনুষ্ঠান[…] ত্রিসন্ধ্যা শুদ্ধভাবে মহাদেবকে অর্চ্চনা ক[…] সর্ব্বদুঃখ-বিবর্জ্জিত ও সর্ব্বপাপ-নির্ম্মুক্ত হ[…] যায়। হে মুনে! পূর্ব্বে মহাদে[…] সমস্ত নিজ পূজাবিধি, যোগাদি-সাধন[…] এক ব্রাহ্মণকে কহিলে, তিনি পূ[…] বিধানে তাঁহার আরাধনা করিয়াছি[…] হে ব্যাস! এক্ষণে শিবের মূর্ত্তি[…] কহিতেছি, শ্রবণ কর। সর্ব্বজীবের পত্তিহেতু ইহার ঐন্দ্রী নামে প্রথমা ইন্দ্রকে আশ্রয় করিয়া পূর্ব্বদিকে রহি[…] দক্ষিণা নামে দ্বিতীয় মূর্ত্তি যমকে আশ্র[…] সংহার-কার্য্যে প্রবৃত্ত হইয়া দক্ষিণদিকে[…] স্থিতি করিতেছেন। তৃতীয়া মূর্ত্তি[…] আশ্রয় করিয়া পশ্চিমদিকে অবস্থিতি[…] আমার সন্তোষ বিতরণ করিতেছেন। […] নামে চতুর্থী মূর্ত্তি কুবেরকে আশ্রয়[…] সর্ব্ব-জীবের সুখ-সম্পাদনপূর্ব্বক উ[…] অবস্থিতি করিতেছেন। পঞ্চমী মূর্ত্তি[…] মহামুনি কপিলকে আশ্রয় করিয়া তপে[…]

বদ্ধসঙ্গতিঃ ষষ্ঠো বৈষ্ণবী প্রতিরিষ্যতে।
ক্ষ্মা চ মূর্ত্তিরাগ্নেয়ী সর্ব্বভূতপ্রমর্দ্দিনী ॥ ১১০
প্রশান্তা নিষ্কলা মূর্ত্তিঃ সর্ব্বভূতসুখাবহা।
যতিভিঃ সেব্যতে ব্যাস জরামরণভীরুভিঃ ॥ ১১১
অনেন বিধিনা ব্যাস যশ্চ জানাতি ঈশ্বরম্।
তেন পাশুপতং চীর্ণং বিমলং ব্রতমব্যয়ম্ ॥১১২
শিবং সর্ব্বগতং জ্ঞাত্বা সর্ব্বদুঃখৈঃ প্রমুচ্যতে।
এবং বিজ্ঞায় মেধাবী ভৈক্ষবৃত্তিং সমাচরেৎ ॥১১৩
এব তে কথিতস্তাত সম্ভবঃ প্রলয়স্তথা।
মূর্ত্তীনাং প্রবিভাগশ্চ শিবলিঙ্গার্চ্চনং তথা।
বিধয়ো বিবিধাঃ শ্রেষ্ঠা যৈশ্চ তুষ্যতি শঙ্করঃ ॥ ১১৪
সর্ব্বাসামপি মূর্ত্তীনাং পূজার্হা দক্ষিণা পরা।
যা চ সৃজতি ভূতানি তথা সংহরতে প্রজাঃ ॥১১৫
...তিং শ্রদ্ধাং সুখং কামং মেধাঞ্চৈব প্রযচ্ছতি।
বিধান্ বিন্দতে কামান্ মুক্তিঃ সা দক্ষিণা পরা ॥
...রাপর্য্যঃ সদা যুক্তো দক্ষিণামূর্ত্তিমর্চ্চয়েৎ।
ভাবো নয়তি সর্ব্বস্বং নিষ্কলং চাক্ষয়ং দদেৎ ॥১১৭
এতৎ তে কথিতং ব্যাস শিবলিঙ্গার্চ্চনং পরম্।
শ্রদ্ধাকামসমাযুক্তাস্তে যান্তি পরমাং গতিম্ ॥ ১১৮
সর্ব্বব্যাধিপ্রশমনং সর্ব্বদুঃখবিনাশনম্ ॥ ১১৯
দর্শনাচ্ছ্রবণাদ্বাপি নামসঙ্কীর্ত্তনাদপি।
প্রমাণঞ্চৈব লিঙ্গস্য শ্রুত্বা পাপৈঃ প্রমুচ্যতে ॥১২০
স্ত্রিয়ঃ শূদ্রাশ্চ ম্লেচ্ছাশ্চ যে চান্যে পাপযোনয়ঃ।
অশ্বমেধফলং সম্যগ্লভন্তে নাত্র সংশয়ঃ।
শ্রদ্ধাকামসমাযুক্তাস্তে যান্তি পরমাং গতিম্ ॥১২১
শিবনামেতিহাসোঽয়ং ব্রহ্মণা সমুদাহৃতঃ।
ক্রোধমোহপ্রশমনো মহাপাতকনাশনঃ ॥ ১২২
সকৃদাবর্ত্তয়েদেবং ভবস্য ভবনে শুচিঃ।
অশ্বমেধফলং সম্যগ্লভতে নাত্র সংশয়ঃ ॥ ১২৩
যশ্চৈনং পঠতে নিত্যং যশ্চৈনং শৃণুয়ান্নরঃ।
বিমুক্তঃ সর্ব্বপাপেভ্যো রুদ্রলোকমবাপ্নুয়াৎ ॥১২৪

ইতি শ্রীশৈবে মহাপুরাণে সনৎকুমারসংহিতায়াং শিবলিঙ্গার্চ্চনবিধিকথনং নাম চতুর্দ্দশোঽধ্যায়ঃ ॥ ১৪ ॥

...য়িতেছেন। আর বেদ ও যজ্ঞের একমাত্র ...দশ ষষ্ঠী মূর্ত্তি বৈষ্ণবী, বিষ্ণুকে আশ্রয় ...য়া ঊর্দ্ধে অবস্থান করিতেছেন। হে ব্যাস। ...তদ্ভিন্ন সর্ব্বজীবের সুখসম্পাদিকা, উপাধি-...া জ্ঞানস্বরূপা এক অতিরিক্ত মূর্ত্তি আছেন, ...কে জরামরণ-ভীরু যতিগণ নিত্য আরাধনা ...ন। ১০১—১১১। হে ব্যাস! পূর্ব্বোক্ত ...রে ঈশ্বরকে জানিতে পারিলে অক্ষয় ...পত ব্রত আচরণ করা হয়। শিবকে ...ব্যাপিত্বরূপে জ্ঞাত হইলে সকল দুঃখ ...ন হয়, জ্ঞানী ব্যক্তি এইরূপ জানিয়া ...কান স্থানে যৎকিঞ্চিৎ লাভে সন্তুষ্ট হইয়া ...বৃত্তি অবলম্বন করিবে। হে বৎস! ...প্রলয়, মূর্ত্তিভেদ, শিবলিঙ্গের পূজাবিধান ...অন্যান্য বিবিধ শিবসন্তোষকর বিশেষ ...ধনা-বিধি,—সকল বিষয়ই তোমাকে ...াম। সকল মূর্ত্তি অপেক্ষা দক্ষিণামূর্ত্তি ...পূজনীয়া। এই দক্ষিণামূর্ত্তি জীবের ... ও সংহার করেন এবং উহাদিগকে ...া, ধর্ম্মকার্য্যে শ্রদ্ধা, সুখ-কাম ও মেধা ...করেন; আর ইনিই জীবের অভিলাষা-স্বরূপ ফল বিতরণ করেন। হে পরাশর-তনয় ব্যাস! সর্ব্বদা যোগমগ্ন হইয়া, চিত্ত-শোধনপূর্ব্বক ঐ দক্ষিণা-মূর্ত্তির পূজা করিবে; কারণ, চিত্তশুদ্ধিই সকল কামনা পূর্ণ করে। হে ব্যাস! এই সর্ব্বাতিশায়ী লিঙ্গপূজাবিধি তোমাকে কহিলাম, যাহারা শ্রদ্ধাবান হইয়া ইচ্ছাপূর্ব্বক ইহা শ্রবণ করে তাহারা পরমগতি লাভ করে এবং ইহা শ্রবণে সকল ব্যাধি ও সকল দুঃখ শান্ত হয়। শিবলিঙ্গের দর্শন বা তদ্বিষয়ক শ্রুত্যাদি ও শিবলিঙ্গ-পরিমাণ শ্রবণ কিংবা শিবনাম সংকীর্ত্তন করিলে নিষ্পাপ হওয়া যায়। স্ত্রী, শূদ্র, ম্লেচ্ছ বা যে কোন নিকৃষ্ট জাতি-সমুৎপন্ন ব্যক্তি শ্রদ্ধাপূর্ব্বক স্বেচ্ছায় পূর্ব্বোক্ত কার্য্য করিলে, অশ্বমেধযজ্ঞ-ফল লাভ করিয়া, শিবলোকে গমন করে। এই ব্রহ্মোক্ত শিব-ইতিহাস ক্রোধ-মোহের দূরীকর্ত্তা ও সর্ব্ব-মহাপাতকের সংহারক। যে ব্যক্তি শিব মন্দিরে একবার ইহা পাঠ করাই-বেন, তিনি অশ্বমেধ যজ্ঞের ফল লাভ করিবেন

পঞ্চদশোঽধ্যায়ঃ।

ব্যাস উবাচ।

ভগবন্ শ্রোতুমিচ্ছামি লোকস্য মহাত্মনঃ
স্থানানি যানি লোকেঽস্মিন্ যেষু সন্নিহিতঃ সদা॥
প্রমাণঞ্চৈব সর্ব্বেষাং তেষু যস্তদনুগ্রহম্
সতাঞ্চ ভজনে সম্যক্ তুষ্যতে বা কথং ততঃ॥২

সনৎকুমার উবাচ।

নমস্তে স্বাদিদেবায় পিঙ্গলায় কপর্দ্দিনে
ভক্তানুকম্পিনে নিত্যং সর্ব্বদেবস্বরূপ চ॥৩
শৃণু ব্যাস পরাং বাণীং সর্ব্বলোকহিতাং শুভম্
যেষু স্থানেষু ভগবান্ সান্নিধ্যং কুরুতে সদা॥৪
নানারূপধরো দেবঃ সর্ব্বভূতেষু বর্ত্ততে

এবং যে ব্যক্তি ভক্তিসহকারে নিত্য নিত্য পাঠ বা শ্রবণ করিবেন, তিনি সর্ব্বপাপ বিমুক্ত হইয়া, অন্তে শিবলোকে গমন করিবেন ১১—১২।

চতুর্দশ অধ্যায় সমাপ্ত ॥১৪॥

পঞ্চদশ অধ্যায়।

ব্যাস কহিলেন,—হে ভগবন্! ত্রিভুবনে মহাত্মা শিবের যে সকল স্থান আছে ও যে যে স্থানে তিনি সর্ব্বদা সন্নিহিত থাকেন, তত্রত্য জনগণের প্রতি অনুগ্রহ বিস্তার করেন, সেই সকল স্থানের নামাদি কি এবং ঐ সকল স্থানে ভক্তদিগের সম্যক্ আরাধনায় ভগবান শিব কিরূপে সন্তুষ্ট হন, এই সকল শ্রবণে অভিলাষী হইয়াছি আপনি বলুন। সনৎকুমার কহিলেন,—সেই সর্ব্বদেব-পূজিত ভগবান আদিদেব কপর্দ্দীকে নমস্কার করি, যিনি সর্ব্বদা ভক্তজনের প্রতি দয়া প্রকাশ করিয়া নিজ মহিমা বিস্তার করিতেছেন, হে ব্যাস! ভগবান্ যে যে স্থানে নিত্য সন্নিহিত থাকেন, সেই সর্ব্বজীবহিতকর শুভবাক্য শ্রবণ কর ঐ দেব অসংখ্য রূপ ধারণ করিয়া সকল জীবে

নামভিবিবিধৈশ্চৈব স্বয়ং বৈ প্রাপ্যতে সদা॥৫
ব্রহ্মা দিবাকরো বিষ্ণুঃ স্কন্দশ্চাগ্নিঃ পুরন্দরঃ।
অর্কঃ সোমঃ কুবেরশ্চ বরুণশ্চাপ্যুমাপতিঃ॥৬
মরুতঃ কপিলশ্চৈব অব্যক্তং বুদ্ধিরেব চ।
এতৈর্নামভিরীশস্য অর্চ্চয়ন্তি সদা ভবম্॥৭
যো হি যাং দেবতাং ভক্ত্যা আরাধয়তি সর্ব্বতঃ।
তস্য তাং মূর্ত্তিমাস্থায় মহাদেবঃ প্রসীদতি॥৮
স্থানানাং পরিসংখ্যানং বক্তুং শক্যো ন চ ক্বচিৎ
অপি বর্ষসহস্রৈর্বা সমাসেন তু মে শৃণু॥৯
ইহ লোকে তু যান্যষ্টৌ স্থানানি শৃণু তানি মে
প্রমাণঞ্চৈব সর্ব্বেষাং তেষু যো বাপ্যনুগ্রহঃ॥১০
মাহেশ্বরীমিমাং সৃষ্টিং শুচির্ভূত্বা নিশাময়।
নাম্না রুদ্রপদং শ্রেষ্ঠং তথা মাহেশ্বরং পদম্॥১১
শ্লেষ্মাতকং তথা প্রোক্তমবিমুক্তং মহালয়ম্
গোকর্ণং ভদ্রকর্ণঞ্চ স্বর্ণাখ্যং স্থানমষ্টমম্॥১২
স্থানেম্বেতেষু সততং সান্নিধ্যং কুরুতে ভবঃ।
অনুগ্রহঞ্চ কুরুতে ভক্তানাং ভক্তবৎসলঃ॥১৩
দেবৈর্দেবর্ষিভিঃ সিদ্ধৈস্তথান্যৈঃ পরমর্ষিভিঃ

রহিয়াছেন।—রূপগণ বিবিধ নামে ও বি-রূপে উহাকে প্রত্যক্ষ করেন। উপাসক ব্রহ্ম, বিষ্ণু, সূর্য্য, কার্ত্তিক, অগ্নি, ইন্দ্র, চ[illegible]কুবের, বায়ু, বরুণ, উমাপতি, মরুদ্গণ, কপি[illegible] অব্যক্ত ও বুদ্ধি এই সকল নামে মহাদেবকে উপাসনা করেন। লোকে ভক্তিপূর্ব্বক [illegible]দেবের আরাধনা করে, মহাদেব সেই দে[illegible] শরীর আশ্রয় করিয়া ভক্তের উপাসনা[illegible] প্রদান করেন। মহাদেবের স্থানসংখ্যা স[illegible] বর্ষেও বলিতে সক্ষম নহি, অতএব সং[illegible] কহিতেছি, শ্রবণ কর। ১—৯। ভূলোকস্থি[illegible] অষ্ট স্থান, তৎপরিমাণ ও তত্রত্য লোকের মহাদেবের যেরূপ অনুগ্রহ, তাহা ভক্তি[illegible] শ্রবণ কর। সর্ব্বোত্তম রুদ্রপদ, মাহেশ্ব[illegible] শ্লেষ্মাতক, বারাণসীধাম, মহালয়, গোকর্ণ, [illegible]কর্ণ ও স্বর্ণ নামে যে অষ্ট স্থান আছে, [illegible] প্রেমিক ভগবান্ ঐ অষ্ট স্থানে নিত্য অ[illegible] করিয়া ভক্তগণের প্রতি দয়া-বিস্তার ক[illegible]ছেন। মহাদেব প্রথমোক্ত মাহেশ্বরপদে

মাহেশ্বরে তু ভগবান নিত্যং পূজ্যশ্চ শঙ্করঃ ॥ ১৪
দ্বিযোজনন্তু তং ক্ষেত্রং দক্ষিণোত্তরতঃ স্মৃতম্।
বিস্তারেণ তু তাবদ্ধি এবং মাহেশ্বরং পদম্ ॥ ১৫
প্রবিশন্তি মৃতাস্তত্র পরাং মাহেশ্বরীং তনুম্।
তস্য দেবস্য তোষেণ উময়া বিহিতং পরা ॥ ১৬
অপি পাপপ্রসক্তোঽপি রুদ্রলোকং ব্রজেন্নরঃ ॥ ১৭
যক্ষৈশ্চ রাক্ষসৈশ্চৈব পিশাচৈঃ পন্নগৈস্তথা।
শ্লেষ্মাতকে চ বৈ দেবো নিত্যমেবমুপাস্যতে ॥ ১৮
চতুর্দশং যোজনঞ্চ তত্তু শ্লেষ্মাতকং স্মৃতম্।
রুদ্রস্যাঙ্গামারোতি তত্র যস্ত্যাজতে তনুম্ ॥ ১৯
দেব-দানব-গন্ধর্ব্বা ঋষয়শ্চ তপোধনাঃ।
সম্পূজ্য সততং শ্রেষ্ঠাঃ সদা রুদ্রপদে ভবম্ ॥ ২০
দ্বিযোজনঞ্চ তং ক্ষেত্রং সমন্তাং পরিকীর্ত্ততে।
প্রাণত্যাগে স লভতে মৃতো রুদ্রপদে নরঃ ॥ ২১
ত্রৈলোক্যং তত্র ভগবান্ সান্নিধ্যং কুরুতে সদা।
বায়ুঃ সোমশ্চ শক্রশ্চ আদিত্যা মরুতোঽশ্বিনৌ।
অর্চ্চয়ন্তি সুবর্ণাখ্যে মেরৌ নিত্যং ত্রিলোচনম্ ॥
অর্দ্ধযোজনবিস্তীর্ণে সুবর্ণাখ্যে গিরেস্তথা

বারাণস্যাঞ্চ ওঙ্কারগম্যো বিশ্বেশ্বরঃ সদা ॥ ২৩
পূজ্যতে ভগবান্ দেবঃ পরমাত্মা সনাতনঃ।
লিঙ্গস্তু দেবদেবস্য সর্ব্বতেজোময়ং শুভম্ ॥ ২৪
দুর্লভস্তু সুরৈঃ সিদ্ধৈস্তস্মিন্ স্থানে তু তিষ্ঠতি।
অন্তর্ভূতঃ কলৌ ব্যাস তস্মিন্নায়তনে প্রভুঃ ॥ ২৫
অনুগ্রহঞ্চ কুরুতে ভক্তানামতিবৎসলঃ।
বিশ্বেশ্বরঞ্চ ওঙ্কারং প্রণমন্তি স্তুবন্তি চ ॥ ২৬
অবিমুক্তে চ ওঙ্কারো নিত্যং সন্নিহিতো হরঃ।
দেবাশ্চ ঋষয়শ্চৈব তথা রাজর্ষয়ঃ সদা ॥ ২৭
ধ্যাননিষ্ঠা নিত্যযোগাশ্চ প্রশান্তা বীতকল্মষাঃ।
বেদবিদ্যাব্রতপরাঃ সিদ্ধাশ্চ পরমর্ষয়ঃ।
উপাসতে সদা ব্যাস পঞ্চায়তনবাসিনম্ ॥ ২৮
অচিন্ত্যা নাম তত্রস্থা তনুর্দেবস্য নির্বৃতিঃ।
বিশন্তি চ মহাত্মানঃ পরাং মাহেশ্বরীং তনুম্ ॥ ২৯
দ্বিযোজনং ততঃ ক্ষেত্রং সমন্তাং সর্ব্বতোমুখম্।
অতুলামিতি তং ক্ষেত্রমবিমুক্তং ততঃ স্মৃতম্।
ব্রহ্মা চাগ্নিশ্চ সোমশ্চ বিষ্ণুরিন্দ্রো বৃহস্পতিঃ।

দেবর্ষি, সিদ্ধ ও অন্যান্য ঋষিগণ কর্ত্তৃক নিত্য পূজিত হন। উহার উত্তর দক্ষিণে দৈর্ঘ্য দুই যোজনদ্বয়, বিস্তারও সেইরূপ। জীব ঐ স্থানে মৃত হইলে শিবদেহে লীন হইয়া পুনরাবৃত্তি-রহিত হয়। পাপিষ্ঠ ব্যক্তিও ঐ সকল স্থানে দেবের আরাধনা করিলে রুদ্রলোকে গমন করে, ইহা স্বয়ং ভগবতী বলিয়াছেন। শ্লেষ্মাতক-ক্ষেত্রে যক্ষ, রাক্ষস, নাগ ও পিশাচের সহিত ভগবান্ সর্ব্বদা বাস করেন। ঐ স্থান যোজন-পরিমিত। ১০—২০। ঐ স্থানে দেহ ত্যাগ করিলে পুরুষ মুক্ত হয়। চতুর্দ্দিকে যোজনদ্বয়-পরিমিত রুদ্রপদ-ক্ষেত্রে রুদ্রকে পূজা করিয়া দেব, দানব, গন্ধর্ব্ব ও তপোধনগণ সর্ব্বশ্রেষ্ঠ হইয়াছেন। ঐ স্থানে ভগবান সর্ব্বদা সন্নিহিত আছেন বলিয়া, মানব দেহত্যাগ করিলে রুদ্র-লোক লাভ করিয়া থাকে। ঐরূপ সুমেরু পর্ব্বতের মধ্যস্থিত অর্দ্ধযোজন-বিস্তীর্ণ সুবর্ণাখ্য-ক্ষেত্রে ভগবান্ ত্রিলোচনকে বিষ্ণু, ইন্দ্র, চন্দ্র, বায়ু, অশ্বিনীকুমারদ্বয় নিত্য আরাধনা করেন। ঐ ওঙ্কার-বাচ্য যোগ পরমাত্মা ভগবান সনাতন-পুরুষ কাশীক্ষেত্রে বিশ্বেশ্বর নামে পূজিত হইতেছেন। ঐ স্থানে সর্ব্বতেজের আধার, সুর-সিদ্ধগণেরও দুর্লভ কল্যাণময় লিঙ্গ রহিয়াছেন। হে ব্যাস! কলিতে অন্তর্গত-লিঙ্গ হইয়া কাশীতে অবস্থানপূর্ব্বক ভক্তের প্রতি দয়া প্রকাশ করিতেছেন। হে ব্যাস! ঐ কাশী-ক্ষেত্রে নিত্য-সন্নিহিত ওঙ্কাররূপী ভগবান বিশ্বেশ্বরকে দেব, ঋষি ও রাজর্ষিগণ সর্ব্বদা ধ্যাননিষ্ঠ হইয়া প্রণাম ও স্তব করেন এবং বেদাধ্যয়ন ও ব্রতানুষ্ঠানতৎপর সিদ্ধ-মহর্ষিগণ নিত্য যোগা-নুষ্ঠানে নিষ্পাপ ও প্রশান্ত-হৃদয় হইয়া তত্রত্য কর্দমেশ্বর প্রভৃতি পঞ্চস্থান-স্থিত ভগবানের নিত্য উপাসনা করেন। তন্মধ্যে চিন্তাপথাতীত ভগবানের শান্তিময় শরীর আছে। ঐ পরমদেহে জ্ঞানী মহাত্মারা লয় প্রাপ্ত হন। চতুর্দ্দিকে যোজনদ্বয়-পরিমিত ঐ কাশীকে বিশ্বেশ্বর কখনও ত্যাগ করেন না বলিয়া, উহা অনুপম অবিমুক্ত ক্ষেত্র নামে কথিত হয়। ২১—৩০। ঐরূপ অত্রকর্ণ ক্ষেত্রে ভগবান্‌কে ব্রহ্মা, অগ্নি, চন্দ্র, ইন্দ্র, বিষ্ণু

সমুদ্রাশ্চৈব সরিতো দ্বীপা ওষধয়স্তথা॥ ৩১
উপাসতে মহাভাগং ভদ্রকর্ণে সদাশিবম্॥ ৩২
উজ্জ্বলঞ্চ সুপুণ্যঞ্চ কথিতং পূর্ব্বমেব চ।
তস্মান্ন সদৃশং কিঞ্চিৎ স্থানমন্যত্র বিদ্যতে॥ ৩৩
পুণ্যত্বাদথ রম্যত্বাৎ সংযোগাচ্ছঙ্করস্য তু।
অত্রাহং নিয়তো ব্যাস গঙ্গাদ্বারে ভবপ্রিয়ে॥ ৩৪
ঈশানদৈবতে তস্মিন্ নিত্যং সিদ্ধগণৈর্বৃতে।
অধর্ম্মমনসো বাপি নাধর্ম্মা বসতে নরঃ॥ ৩৫
সিদ্ধাস্তপসনুরতা ব্রহ্মাবর্ত্তস্য দক্ষিণে।
এতন্মহাধনং নাম পুরাণং পুণ্যমুত্তমম্॥ ৩৬
তেষু স্থানেষু বৈ পূর্ব্বমৃষয়ঃ সিদ্ধিমাগতাঃ।
দিব্যা মাহেশ্বরা ভোগাঃ শক্তির্যত্রাক্ষয়া পরা॥ ৩৭
এতত্তে কথিতং ব্যাস যন্মাং ত্বং পরিপৃচ্ছসি।
স্থানমাহাত্ম্যমতুলং পুণ্যং পাপপ্রণাশনম্॥ ৩৮
অধ্যেতব্যং ব্রাহ্মণেন যো বা ভক্তো মহেশ্বরে।
যথৈব বেদাধ্যয়নং তথা চেদং প্রশস্যতে॥ ৩৯

বৃহস্পতি, সমুদ্র, নদী, দ্বীপ ও ওষধি—সকলেই সর্ব্বদা উপাসনা করেন। ঐ স্থান পূর্ব্বেই কথিত হইয়াছে, উহা অতি উজ্জ্বল ও পরম পবিত্র। উহার সদৃশ আর কোন স্থান নাই। স্থানীয় পবিত্রতা, রমণীয়তা ও ভগবানের নিত্য সন্নিধান বশতঃ প্রভুপ্রিয় গঙ্গার দ্বারস্বরূপ ঐ স্থানে নিয়মী হইয়া আমি নিত্য বাস করি। ঐ শিবাধিষ্ঠিত স্থান নিত্য সিদ্ধগণ-পরিবৃত আছে বলিয়া, অধর্ম্মাত্মা পাপিষ্ঠ মানবগণ থাকিতে সমর্থ হয় না। ব্রহ্মাবর্ত্ত-নদের দক্ষিণে অবস্থিত পরম পবিত্র পুরাতন পীঠস্থান ভদ্রকর্ণে সিদ্ধগণ নিত্য তপস্যায় সংসক্ত রহিয়াছেন। পুরাতন ঋষিগণ ঐ সকল স্থানেই তপশ্চরণ করিয়া সর্ব্বসিদ্ধি লাভ করিয়াছেন এবং দিব্য মাহেশ্বর ভোগ ও অক্ষয়া শক্তি প্রাপ্ত হইয়াছেন। হে ব্যাস! তুমি আমাকে যাহা জিজ্ঞাসা করিলে, ঐ অতুল পুণ্যজনক পাপ-বিনাশক শিবস্থানের মাহাত্ম্য কহিলাম। ব্রাহ্মণ কিংবা শিবভক্তগণ এই স্থানমাহাত্ম্য পাঠ করিবে; বেদ-পাঠের ন্যায় ইহার পাঠ অতি প্রশংসনীয় ও পুণ্যপ্রদ।

নান্যভক্তায় দাতব্যং পিশুনায় শঠায় চ।
শ্লাঘিনে শ্লাঘমানায় ইমং ধর্ম্মং প্রকাশয়েৎ॥ ৪০

ইতি শ্রীশৈবে মহাপুরাণে সনৎকুমারসংহিতায়াং ত্র্যম্বকমাহাত্ম্যকথনপ্রসঙ্গে অবিমুক্তক্ষেত্রবর্ণনং নাম পঞ্চদশোঽধ্যায়ঃ॥ ১৫॥

অন্য-দেবভক্ত বা শঠ, ক্রূর, আত্মশ্লাঘাকারী অথবা নীচজনের নিকট ইহার মাহাত্ম্য প্রকাশ করিবে না। ৩১—৪০।

পঞ্চদশ অধ্যায় সমাপ্ত॥ ১৫॥

ষোড়শোঽধ্যায়ঃ।

ব্যাস উবাচ।

ত্বত্তঃ শ্রুতং ভগবন্ সম্যক্ স্থানমাহাত্ম্যমুত্তমম্।
সর্ব্বাণি যানি তীর্থানি গুপ্তান্যায়তনানি চ॥ ১
অনুগ্রহশ্চ যং তেষাং পুণ্যঞ্চৈব হি শংস মে।
ন হি মে তৃপ্তিরস্তীহ শৃণ্বতো বাক্যমুত্তমম্॥ ২
মাহাত্ম্যং দেবদেবস্য শঙ্করস্য মহাত্মনঃ।
শুশ্রূষামি সততং ব্রহ্মন্ পরং কৌতূহলং হি মে॥ ৩
স এবমুক্তো ভগবান্ ব্যাসেনামিততেজসা।
সনৎকুমারঃ প্রোবাচ বাচা মধুরয়া তদা॥ ৪

ষোড়শ অধ্যায়।

ব্যাস কহিলেন,—হে ভগবন্! আপনার নিকট সর্ব্বোত্তম স্থানমাহাত্ম্য এবং যে যে তীর্থ দেবগৃহ অতি গোপনীয় আছে ও তত্তৎসেবায় যে পুণ্যফল হয়, তাহা আমাকে বলুন। পূর্ব্বোক্ত বাক্য শ্রবণ করিয়াও আমার তৃপ্তি হইতেছে না। হে ব্রহ্মন্! দেবদেব মহাত্মা শঙ্করের মাহাত্ম্য শ্রবণ করিলে অতি আনন্দিত হই বলিয়া উহা শ্রবণে আমার পরম কৌতূহল হইতেছে। ভগবান্ সনৎকুমার পরম-তেজা ব্যাস কর্ত্তৃক এইরূপ জিজ্ঞাসিত হইয়া মধুর বাক্যে কহিতে লাগিলেন, হে ব্যাস!

সনৎকুমার উবাচ।

শৃণু ব্যাস পরাং বাণীং বিচিত্রাং পাপনাশিনীম্।
মঙ্গলাঞ্চ পবিত্রাঞ্চ পঠেৎ পর্ব্বসু পর্ব্বসু।
ইন্দ্রলোকং স গচ্ছেত্তু ধারয়ংস্তু সদা শুচিঃ॥ ৫
যান্যুক্তানি পবিত্রাণি স্বয়ং দেবেন ধীমতা।
তানি তে কথয়িষ্যামি তস্মাদেকমনাঃ শৃণু॥ ৬
ছগলাণ্ডং কুরুণ্ডং বা মুকুটং মণ্ডলেশ্বরম্।
কালঞ্জরং বনঞ্চৈব গদগণ্ডং স্থলেশ্বরম্॥ ৭
এতেষু চ সদা ব্যাস ভূতসঙ্ঘৈর্বৃতঃ প্রভুঃ।
বসতে পরয়া প্রীত্যা পূজ্যমানো দিবৌকসৈঃ॥ ৮
চতুর্দ্দশযোজনানাং সর্ব্বেষাং হি পরিগ্রহঃ।
ঋষি-গন্ধর্ব্বজুষ্টানি সিদ্ধৈর্ব্বা চরিতানি চ॥ ৯
স্থানান্যেতানি গুহ্যানি রুদ্রেণ সগণেন বৈ।
দূষিতানি সদা ব্যাস দেবদেবেন শম্ভুনা॥ ১০
প্রথমমধিগচ্ছেত্তু শুচির্বিগতকিল্বিষঃ।
অঘোরান্তং বসেচ্চৈব রুদ্রে চৈব নিবেদয়েৎ॥ ১১
পিতৄংশ্চ তর্পয়েৎ তত্র শৃণু তস্যাপি যৎ ফলম্॥
রাজসূয়াশ্বমেধানি প্রাপ্নুবন্তি ন সংশয়ঃ
দেহান্তে হরস্তেষাং পুণ্যং বৈ মুক্তিরেব চ॥ ১৩

যো বৈ পাতয়তে প্রাণান্ শৃণু তস্যাপি যা গতিঃ।
অসুরো বাসুরো বাপি দেবেশস্য হিতশ্চ সঃ॥ ১৪
অনৌপম্যমথৈশ্বর্য্যমিহলোকে তু প্রাপ্য বৈ।
বিশন্তি তু মহাদেবং পতিতাস্ত্যক্তজীবিতাঃ॥ ১৫
মুনিগণপরিবৃতং মহাত্রিদশগণৈরভিষ্টুতং প্রিয়ম্।
সদৈব ভবমিহ শৃণ্বতো ভবেৎ সুদুর্লভা গতিঃ॥ ১৬

ইতি শ্রীশৈবে মহাপুরাণে সনৎকুমার-
সংহিতায়াং শ্রেষ্ঠাখ্যানং নাম
ষোড়শোঽধ্যায়ঃ॥ ১৬॥

সপ্তদশোঽধ্যায়ঃ।

ব্যাস উবাচ।

উক্তং ভগবতা সম্যক্ পবিত্রং স্থানমুত্তমম্
ফলভোগাঃ সকামানাং বহুশশ্চ মহাযশাঃ।
প্রোক্তানি যানি গুহ্যানি তানি বৈ বক্তুমর্হসি॥ ১
সনৎকুমার উবাচ।
গুহ্যানামপি গুহ্যানি শৃণু ব্যাস সমাহিতঃ।

…ব পরং জ্ঞানমেতদেব পরং শিবম্ ॥ ৭৪
…ব পরং ব্রহ্ম এতদেব পরং পদম্ ॥ ৭৫
…রাণসী তু ভুবনত্রয়সারভূতা
…ম্যা পুরী মম সদা গিরিরাজপুত্রি।
…ত্রাগতা বিবিধদুষ্কৃতকারিণোঽপি
…পক্ষয়াদ্বিরজসঃ প্রতিভান্তি মর্ত্ত্যাঃ ॥ ৭৬
…তং স্মৃতিং প্রিয়তমং মম দেবি নিত্যং
…ণ্যং পবিত্রতরু-গুল্মনিকায়জুষ্টম্।
…ন্ মৃতাস্তনুভৃতঃ পদমাপ্নুবন্তি
…গমেন রহিতা ন হি সংশয়োঽত্র ॥ ৭৭

সনৎকুমার উবাচ।

…ন্তরে দেবো দেবীং প্রাহ গিরীন্দ্রজাম্।
প্রসাদং যক্ষায় বরং দাতুং ভাবিতম্ ॥৭৮
মম বরারোহে তপসা হতকিল্বিষঃ।

অহো অসৌ বরং লব্ধা অযত্নো ভুবনেশ্বরি ॥ ৭৯

সনৎকুমার উবাচ।

এবমুক্ত্বা ততো দেবঃ সহ দেব্যা জগৎপতিঃ।
জগাম যক্ষো যত্রাস্তে কৃশো ধমনিসন্ততঃ ॥ ৮০
তং দৃষ্ট্বা প্রণতং ভক্ত্যা হরিকেশং বৃষধ্বজঃ।
দিব্যং চক্ষুরদাৎ তস্মৈ যেনাপশ্যত শঙ্করম্ ॥ ৮১
অথ যক্ষস্তদা তত্র শনৈরুন্মীল্য লোচনে।
অপশ্যৎ সগণং দেবং বৃষভুক্ ... ॥ ৮২

দেবদেব উবাচ।

বরং দদামি তে পুত্র ত্রৈলোক্যে দুর্লভং প্রভো।
সামগ্র্যঞ্চ শরীরস্য যাহি মাং বিগতজ্বরঃ ॥ ৮৩

সনৎকুমার উবাচ।

অতঃ স লব্ধা তু বরং শরীরেণাক্ষতেন তু।
পাদয়োঃ প্রণতস্তস্থৌ কৃত্বা শিরসি চাঞ্জলিম্ ॥ ৮৪
উবাচাথ তথা চৈনং বরদোঽস্মীতি চোদিতঃ।
ভগবন্ ভক্তিমব্যগ্রাং ত্বয্যনন্যাং বিধৎস্ব মে ॥ ৮৫
অন্নদত্বঞ্চ লোকানাং গাণপত্যং তথাক্ষয়ম্।
অবিমুক্তে বনে স্থানং পশ্যেয়ং সর্ব্বদা যদা।

ক্ষেত্রের এই পরম রহস্য সংক্ষেপে কহি-… ইহা আশ্রমিগণের অশেষ ফল-জনক। … অতিরিক্ত গুহ্য সিদ্ধি আর নাই, যোগে… ই এই যোগ বুঝিতে পারেন। ইহাই … জ্ঞান, ইহাই একান্ত মঙ্গলজনক, ইহাই … স্বরূপ এবং ইহাই পরম পদ। হে … তে! এই বারাণসী নগরী ত্রিভুবনের … ত ও পরম রমণীয়; বিবিধ পাপকারী … যদি এ স্থানে আগমন করে, তাহা … সে নিষ্পাপ হইয়া কালযাপন করে। … স্বাধ্যায়নিয়মাদিশূন্য অজ্ঞানী লোকও … পরম পদ প্রাপ্ত হয়, সেই সুন্দর তরু-… ভিত পবিত্র স্থান আমার অতি প্রিয় … দন স্মরণ করিয়া থাকি। সনৎকুমার … ,—এই সময়ে মহাদেব, ভক্তশ্রেষ্ঠ … বর দিবেন বলিয়া পার্ব্বতীকে বলি-… হে সুশ্রোণি! সেই যক্ষ আমার … ও নিরন্তর তপোনিয়মাদি দ্বারা নিষ্পাপ হইয়াছে, এজন্য আমার নিকট বর পাইবার উপযুক্ত। ৭২—৭৯। এই বলিয়া জগৎপতি মহাদেব দেবীর সহিত যক্ষের সমীপে গমন করিলেন। জীর্ণ কলেবর যক্ষ মহাদেবকে আগত দেখিয়া ভক্তিপূর্ব্বক প্রণত হইল; বৃষধ্বজ তাহাকে দিব্যচক্ষুঃ প্রদান করিলেন, তাহার প্রভাবে যক্ষ শঙ্করকে দেখিতে পাইল। সনৎকুমার বলিলেন,—অনন্তর যক্ষ তখন ক্রমে চক্ষুর্দ্বয় উন্মীলিত করিয়া দেখিল, মহাদেব বৃষারূঢ় হইয়া প্রমথগণের সহিত আগমন করিয়াছেন। মহাদেব কহিলেন,—হে বৎস! তোমাকে আমি ত্রিলোক-দুর্লভ বর দিব, তুমি সমগ্র শরীরের সহিত আমাকে প্রাপ্ত হও। সনৎকুমার কহিলেন,—অনন্তর সেই যক্ষ বর-প্রাপ্ত হইয়া প্রফুল্ল-শরীরে (দেবদেবের) পদ-তলে পতিত হইল ও স্বকীয় মস্তকে অঞ্জলি ধারণপূর্ব্বক অবস্থান করিল এবং বলিল,— ভগবন্! "আপনার প্রতি আমার [illegible] ভক্তি যেন অবিচলিত [illegible]

…নীতি বা পাঠঃ।

এতদিচ্ছামি দেবেশ বরং দত্তমনুত্তমম্ ॥ ৮৬

দেবদেব উবাচ।

জরা-মরণনির্ম্মুক্তঃ সর্ব্বশোকবিবর্জ্জিতঃ।
ভবিষ্যসি গণাধ্যক্ষো বরদঃ সর্ব্বপূজিতঃ ॥ ৮৭
অজেয়শ্চাপি লোকেভ্যঃ ক্ষেত্রপালো ভবিষ্যসি।
মহাবলো মহাসত্ত্বো ব্রহ্মণো মম চ প্রিয়ঃ ॥ ৮৯
ত্র্যক্ষশ্চ দণ্ডপাণিশ্চ মহাযোগী তথৈব চ
উদ্ভ্রমঃ সম্ভ্রমশ্চৈব গণৌ তে পরিচারকৌ।
তবাজ্ঞয়া করিষ্যেতে লোকে দ্ভ্রম-সম্ভ্রমৌ ॥৯০

সনৎকুমার উবাচ

এবং ভগবাংস্তস্য যক্ষং কৃত্বা গণেশ্বরম্।
জগাম বাসং দেবেশো রুদ্রবাসং সুরেশ্বরঃ ॥ ৯১

ইতি শ্রীশৈবে মহাপুরাণে সনৎকুমারসংহিতায়াং দণ্ডপাণিবরপ্রদানে দ্বিচত্বারিংশোঽধ্যায়ঃ ॥ ৪২ ॥

গণপতি প্রাপ্ত হইয়া যেন (আমি) লোকের অন্নদাতা হই এবং অবিমুক্ত দুস্তরবনে বাস করিয়া যেন আপনাকে দেখিতে পাই" এই বর আমাকে দিউন, এই আমার অভিলাষ। অনন্তর মহাদেব বলিলেন,—তুমি জরা, মৃত্যু ও সর্ব্বদুঃখ বিহীন হইয়া আমার গণপতি হইবে এবং সকলের পূজ্য ও বরদাতা হইবে, তোমাকে কেহ পরাভূত করিতে পারিবে না। তুমি যোগবল ও ঐশ্বর্য্যযুক্ত হইয়া লোকের অন্নদাতা ও ক্ষেত্রপাল হইবে; তুমি মহাবল পরাক্রান্ত বলিয়া ব্রহ্মার এবং আমার প্রিয়পাত্র হইবে। তুমি যক্ষ, তুমি দণ্ডপাণি এবং মহাযোগী। উদ্ভ্রম ও সম্ভ্রম নামক প্রমথদ্বয় তোমার পরিচারক হইবে, তোমার আজ্ঞায় ইহারা কার্য্য করিবে। সনৎকুমার কহিলেন,—ভগবান্ মহাদেব এই প্রকারে যক্ষকে গণাধ্যক্ষ করিয়া রুদ্রাবাসে গমন করিলেন। ৮০—৯২।

দ্বিচত্বারিংশ অধ্যায় সমাপ্ত ॥৪২ ॥

ত্রিচত্বারিংশোঽধ্যায়ঃ।

সনৎকুমার উবাচ।

আশ্চর্য্যং তত্র যদ্বৃত্তং পঙ্কায়তনমুত্তমম্
পুরা কল্পে দ্বিজশ্রেষ্ঠ তদিহৈকমনাঃ শৃণু।
চরতে তত্র মণ্ডূকী পঙ্কায়তনমুত্তমম্
নির্ম্মাল্যং দেবদেবস্য ওঙ্কারেশ্বরসন্নিধৌ ॥ ২
পঞ্চত্বমাগতা ব্রহ্মন কালেন কতিনাপ্যসৌ।
জাতিস্মরত্বং সংপ্রাপ্তা রাজ্ঞঃ সুমনসো গৃহে
যৌবনস্থ যদা জাতা তদা রাজ্ঞা সবিস্ময়ঃ
দাতুকামস্তদা রাজ্ঞা তয়া চ বিনিবারিতঃ ॥ ৪
বৈরাগ্যং মনসা গত্বা বারাণস্যামুপাগতা
ওঙ্কারং দৃষ্টবান্ দেবং পঙ্কায়তনবাসিনম্
তত্রৈব চ তনুং ত্যক্ত্বা শিবলোকমুপাগতা
মণ্ডূকী চাপি তত্রৈব সিদ্ধিকেবমুপাগতা।
এতত্তে কথিতং ব্রহ্মন যদ্বৃত্তং তত্র বৈ পু
অন্যচ্চৈব তু যদ্বৃত্তং তস্মিন্নায়তনে মহৎ।

ত্রিচত্বারিংশ অধ্যায়।

সনৎকুমার কহিলেন,—হে দ্বি পূর্ব্বকালে বারাণসীর উত্তরভাগে প নামক যে উত্তম তীর্থ ছিল, সেই স্থানের বৃত্তান্ত কহিতেছি, অনন্যচিত্ত হইয়া শ্রবণ সেই উত্তম পঙ্কায়তন তীর্থে এক ওঙ্কার-দেবের নিকট থাকিয়া নির্ম্মাল্য ভক্ষণ করে, কিয়ৎকালানন্তর সেই পঞ্চত্ব প্রাপ্ত হইয়া সুমনা নামক রা রাজকন্যারূপে জন্মগ্রহণ করিল। তাহাকে প্রাপ্তযৌবনা দেখিয়া সম্প্রদান ইচ্ছা করেন, কিন্তু সে পরিণয়ে অনিচ্ছুক হইয়া রাজাকে নিবারণ এবং মনে মনে বৈরাগ্য আশ্রয় করি বারাণসীতে উপস্থিত হইল। সে স্থানে বাসী ওঙ্কার-দেবকে দর্শন করিয়া দেহ ত্যাগপূর্ব্বক শিবলোক প্রাপ্ত হইল হইয়াও সে স্থানে সিদ্ধি প্রাপ্ত হই ব্রাহ্মণ। পূর্ব্বকালে সে স্থানে যাহা তাহা বলিলাম এবং সে স্থানে

মমত্বং যস্য নৈব স্যাৎ কিং তথা স করিষ্যতি ॥ ২১
অথবা সততং রাজন্ বনে যত্নেন জীবতঃ।
দ্রব্যে তু মমতা যস্য মৃত্যোর্বশ্যে স বর্ত্ততে ॥ ২২
বীজাঙ্কুরাণাং শত্রূণাং স্বভাবা যস্য যে মতিঃ ॥ ২৩
যস্য পশ্যতি তত্ত্বং মুচ্যতে মহতো ভয়াৎ।
কামাত্মানং প্রশংসন্তি লোকে কামা মনো জনাঃ ॥
তীর্থানি বেদাধ্যয়নং কাচিদস্তি প্রবর্ত্তনা।
কেচিত্তপশ্চ কামেন কর্ম্মণা বাহমৃত্যোঃ স্মৃকঃ ॥ ২৫
অতোহহং কাময়ে নিত্যং পঞ্চায়তনমীশ্বরম্।
অবিমুক্তে স্থিতং দেবমোঙ্কারং পরমং পদম্ ॥ ২৬
তত্র মাং প্রস্থিতং বিদ্ধি পঞ্চায়তনমীশ্বরম্।
ইতস্তুতীয়ে যদ্বৃত্তং তস্মিন্নায়তনে মম ॥ ২৭
কথয়ামি সমাসেন তীর্থমাহাত্ম্যমুত্তমম্ ॥ ২৮

অতীত্য জন্মানি বহূনি তাত
ভূদেব-গন্ধর্ব্ব-মহোরগাণাম্।
বিদ্যাধরাণাং খগ-কিন্নরাণাং
জাতোহস্ম্যহং বৈশ্যকুলে বিশুদ্ধে ॥ ২৯

ততো মমাভূদচলা চ ভক্তিঃ
শর্ব্বে শিবে শঙ্করে ত্রিপুরঘ্নে।
ব্রতোপবাসৈর্বিবিধৈঃ স্তবৈশ্চ
সন্তোষিতঃ শূলশিতাস্ত্রধারী ॥ ৩০

এবং হি সুমহৎ কালং ভ্রমতস্তীর্থকারণাৎ।
ততঃ কদাচিদ্গুহ্যং তদবিমুক্তং গতোহস্ম্যহ
ওঙ্কারং দৃষ্টবাংস্তত্র পঞ্চায়তনবাসিনম্।
রুদ্রাবাসকৃতস্থানং দেবদেবস্য চাগ্রতঃ ॥ ৩২
রাত্রিজাগরণং তত্র বৈশাখে চ কৃতং ময়া।
তং সর্ব্বঞ্চ যথা দৃষ্টং দেব-গন্ধর্ব্ব-কিন্নরৈঃ ॥ ৩
তেনৈব কর্ম্মণা জাতো ভবতোহহং গৃহে শুভে
তত্র যাস্যাম্যহং শীঘ্রং রচিতোহহং মযাঞ্জলিঃ ॥
ওঙ্কারেশ্বরদেবস্য প্রসাদেন মযা পিতঃ।
প্রাদুর্ভূতং মহাজ্ঞানং দুর্লভং যৎ সুরৈরপি ॥ ৩
সংসারে চ প্রপশ্যামি আত্মানং প্রকৃতেঃ পরম্
তত্র চৈব গমিষ্যামি অবিমুক্তে তু ঈশ্বরম্ ॥ ৩
ওঁকারং নিষ্কলং ব্রহ্ম পঞ্চায়তনবাসিনম্।

যাহার মমতা হয় না, অথবা যত্ন উপায় দ্বারা জীবন ধারণ করিয়া যে ব্যক্তি বনমধ্যে থাকে, তাহার রাজ্যে কি প্রয়োজন? ১১—২২। দ্রব্যে যাহার মমতা আছে এবং ইন্দ্রিয়ের অনু-বর্ত্তন করা যাহার স্বভাব সে মৃত্যুর বশীভূত হয়। যে ব্যক্তি সেই ব্রহ্মের সাক্ষাৎকার লাভ করিতে পারে, সে-ই কেবল মৃত্যুরূপ মহদ্ভয় হইতে পরিত্রাণ পায়। কামাত্মা লোকেরাই পৃথিবীতে কামাত্মাকে প্রশংসা করিয়া থাকে। কেহ কেহ সকাম কর্ম্ম দ্বারা তপস্যা করিয়া থাকে, কেহ বা মুক্তির নিমিত্ত করিয়া থাকে; তীর্থযাত্রা ও বেদাধ্যয়ন রূপ প্রবর্ত্তনা কিছু আমার আছে, অতএব আমি পবিত্র পঞ্চায়তন প্রার্থনা করি। সেই বারাণসী-ক্ষেত্রে ওঙ্কার-দেবের আরাধনার নিমিত্ত পূর্ব্বোক্ত পঞ্চায়তনে আমি প্রস্থান করিব। ইহার পূর্ব্ব পূর্ব্ব জন্মে সেই স্থানে আমার যাহা ঘটিয়াছে এবং সেই উত্তমতীর্থের মাহাত্ম্য কহিতেছি;—হে পিতঃ! ব্রাহ্মণ, গন্ধর্ব্ব, নাগ, বিদ্যাধর, পক্ষী ও কিন্নরগণের [illegible]

পবিত্র বৈশ্যবংশে উৎপন্ন হইয়াছিলাম। [illegible] জন্য মঙ্গলনিদান ত্রিপুরারি মহাদেবের [illegible] আমার অচলা ভক্তি ছিল, আমি ব্রত-নিয়[illegible] ও স্তবপাঠাদি দ্বারা শূলধারীকে সন্তুষ্ট করিতা[ম]। সেই বৈশ্যজন্মে বহুকাল তীর্থপর্য্যটন ক[রি]। পরে কোন সময়ে সেই গুহ্য অবি[মুক্ত] ক্ষেত্র প্রাপ্ত হই। সে স্থানে পঞ্চায়তন[বাসী] ওঙ্কার-দেবকে দর্শন করিয়া, দেবে[র] সম্মুখবর্ত্তী রুদ্রাবাসে অবস্থানপূর্ব্বক [বৈশাখ] মাসে রাত্রি জাগরণ করি। আমার [সেই] সকল কার্য্য দেবতা, গন্ধর্ব্ব ও কি[ন্নরগণ] অবলোকন করেন, আমার সেই কর্ম্ম [বলে] আপনার পবিত্র গৃহে জন্ম হইয়াছে। [আমি] এক্ষণে কৃতাঞ্জলি হইয়া বলিতেছি, [আপনি] আমাকে অনুমতি করুন, আমি শীঘ্রই [সেই] স্থানে যাই। ওঙ্কার-দেবের প্রসাদে [আমার] দিব্য জ্ঞান জন্মিয়াছে, আমি সংসারে [আ]-আমাকে মায়াধীন দেখিতেছি; [অতএব] আমি অবিমুক্ত-ক্ষেত্রে ঈশ্বর-দর্শনে [গমন] করিব। ২৩—৩৬। পঞ্চায়তনবাসী [illegible]

...মি শঙ্করং দেবং যং দৃষ্ট্বা নোদ্ভবঃ পুনঃ।
...মুক্তস্তু পুত্রেণ পিতা বচনমব্রবীৎ ॥ ৩৭

রাজোবাচ।

...ং তত্র গমিষ্যামি যত্র ত্বং প্রস্থিতোঽনঘ।
...তিস্মরত্বং সম্প্রাপ্য উদ্বিগ্নমানসো হ্যহম্ ॥ ৩৮
...সারে চ সদা পুংসাং বৈরাগ্যং জায়তে পুনঃ ॥
...গোত্রকৃতাং বৃত্তিং যথা জাতিকৃতামপি।
...প্রিয়াণি সর্ব্বাণি নির্মমো নিরহঙ্কৃতিঃ ॥ ৪০
...কর্ম্মাণি সর্ব্বাণি আত্মশুদ্ধানি ধারয়েৎ।
...সর্ব্বকর্ম্মাণি অবিমুক্তং ততো ব্রজেৎ ॥৪১
...মুক্তপ্রবিষ্টস্য বিহারো নৈব বিদ্যতে।
...পি ক্ষেত্রসন্ন্যাসমবিমুক্তমুপাসকাঃ ॥ ৪২
...দান্তা জিতক্রোধাস্তিতিক্ষাপরমায়ুধাঃ।
...ধ্যানমাধায় ওঙ্কারেশ্বরসঙ্গমম্ ॥ ৪৩
...ভূতেষু চাত্মানং পশ্যন্তি বিজিতেন্দ্রিয়াঃ।
...লিঙ্গিনশ্চৈব তস্মিন্ ক্ষেত্রে উপাসকাঃ ॥৪৪
...ভাবিতাঃ সর্ব্বে জপন্তি শতরুদ্রিয়ম্।
...স্তি পরমং দেবমোঙ্কারং পরমং পদম্ ॥ ৪৫

সর্ব্বে বেদা যৎপদমামনন্তি
তপাংসি সর্ব্বাণি চ যদ্বদন্তি
যদিচ্ছন্তো ব্রহ্মচর্য্যং চরন্তি
তৎপদমবিমুক্তে নিহিতম্ ॥ ৪৬

এবমুক্তস্তদা রাজা ওঙ্কারং মনসা স্মরন্।
রাজ্যেঽভিষেচয়ামাস পুত্রঞ্চৈব কনীয়সম্ ॥ ৪৭
সংস্মরন্ পূর্ব্বচরিতং ততো নির্ব্বেদমাগতঃ।
প্রণম্য মনসা দেবং পঞ্চায়তনবাসিনম্ ॥ ৪৮
ওঙ্কারং পরমং ব্রহ্ম বারাণস্যামুপাগতম্।
পূর্ব্বজন্মকপোতোঽসৌ তস্মিন্নায়তনে সদা ॥ ৪৯
প্রদক্ষিণাৎ প্রকুরুতে ওঙ্কারং দেবমীশ্বরম্।
স্তবৈশ্চ পরমং দেবমোঙ্কারঞ্চ স্তবেন তম্ ॥ ৫০
পঞ্চত্বমাগতস্তত্র রাজযোনিসমাগতঃ।
আরাধয়ন্তৌ দেবেশং পঞ্চায়তনমীশ্বরম্।
স্তবন্তৌ পরমং দেবমোঙ্কারং পরমেশ্বরম্ ॥ ৫১

ব্যাস উবাচ।

কীদৃশঞ্চ ব্রতং তাভ্যাং কৃতং দেবস্য শূলিনঃ।
যস্য চোচ্চারমাত্রেণ আত্মা সম্প্রকটীভবেৎ ॥৫২

...নিষ্কল ব্রহ্মস্বরূপ, তাঁহাকে দর্শন করিলে ...পুনর্জ্জন্ম হয় না। পুত্র এইরূপ বলিলে ...পিতা বলিলেন,—হে পুণ্যাত্মন্! তুমি ... গমন করিবে, আমিও সেই স্থানে ...রিব; জাতিস্মরতা বশতঃ আমার ...উদ্বিগ্ন হইতেছে। সংসারে থাকিয়া ...সর্ব্বদাই বৈরাগ্য হইয়া থাকে, তখন ...ক ও জাতিমূলক বৃত্তি ত্যাগ করিয়া ...কার প্রিয় ও অপ্রিয় বস্তুতে মায়া ... অহঙ্কার-শূন্য হইয়া এবং সকল কর্ম্ম ...রিয়া আত্মশুদ্ধি বিধান করিবে, পরে ...হইয়া অবিমুক্ত-ক্ষেত্রে যাইবে। অবি...ন করিলে আর পর্য্যটন করিতে হয় না। ...স্থিত উপাসকেরা আত্মত্যাগ করিলেও ...তিতিক্ষাদি উপায়-বিশিষ্ট হইয়া ও ...জয় করিয়া আত্মাতে আত্মা স্থাপন- ...নিখিল প্রাণিবর্গে ওঙ্কারেশ্বরকে ও ...আত্মাকে দর্শন করেন। সেই ...ব্যক্তলিঙ্গী নামক এক প্রকার সন্ন্যাসী ... করিয়া পরে পরমপদ ওঙ্কার-দেবে লীন হইয়া থাকেন। বেদ সকল যে পদ অবগত আছেন, তপস্যা যে পদের বিষয় বর্ণিয়া থাকে, যে পদ ইচ্ছা করিয়া লোকে ব্রহ্মচর্য্য আচরণ করে, সেই পদ অবিমুক্ত-ক্ষেত্রে নিহিত আছে। এই প্রকার বলিয়া তখন রাজা মনে মনে ওঙ্কার-দেবকে চিন্তা করিয়া কনিষ্ঠ পুত্রকে রাজ্যে অভিষিক্ত করিলেন এবং পূর্ব্বজন্মাচরিত কার্য্য স্মরণ করিয়া বৈরাগ্য-বলশী হইলেন। তখন মনে মনে পঞ্চায়তন-স্থিত মহাদেবকে প্রণাম করিয়া বারাণসী-ক্ষেত্রে ওঙ্কার-দেবকে প্রাপ্ত হইলেন। ৩৭—৪৮। এই রাজা পূর্ব্বজন্মে কপোত হইয়া এই আয়তনে বাসপূর্ব্বক ওঙ্কারদেবকে প্রদক্ষিণ করিতেন এবং স্তবাদি দ্বারা উপাসনা করিতেন। পরে সেই স্থানে পঞ্চত্ব পাইয়া রাজকুলে জন্মগ্রহণ করেন। এক্ষণে উভয়ে দেবদেব ওঙ্কার-দেবকে স্তবাদি দ্বারা আরাধনা করিতে লাগিলেন। ব্যাস কহিলেন,—তাঁহারা পুনরায় কিরূপ ব্রতাচরণ করিয়াছিলেন ... [illegible]

সনৎকুমার উবাচ।

শৃণু ব্যাস পরং গুহ্যং রহস্যযোগমুত্তমম্ ॥ ৫৩
মৃত্যুঞ্জয়ং পরং যোগমবিমুক্তে স্থিতং পরম্।
ওঁকারজং শিবপদমনাদিমজমব্যয়ম্ ॥ ৫৪
স্বয়ম্ভুবমনির্দ্দেশ্যং কারণং পরমং বিভুম্।
ভাবাভাবস্বভাবস্থমচিন্ত্যমচলং পদম্ ॥ ৫৫
নির্ভয়ং নির্ম্মলং নিত্যং নিরপেক্ষমনাশ্রয়ম্
নিরুক্তি নির্নমস্কারং নিঃসঙ্গং নিরুপদ্রবম্ ॥ ৫৬
নিরঞ্জনং নিরুৎপাদং নিরালম্বং নিষ্কলম্
অপবর্গমবিজ্ঞেয়মনৌপম্যমনাময়ম্ ॥ ৫৭
অনিত্যং কারণং দেবমলক্ষং সর্ব্বতোমুখম্
নমস্কৃত্য মহাদেবং বিশুদ্ধং জ্ঞাননির্ম্মলম্ ॥ ৫৮
শিবং সর্ব্বাত্মকং সূক্ষ্মমনাদিং পরদৈবতম্।
আত্মাধিকোপবিষয়ং ক্রমাচারবর্জ্জিতম্ ॥ ৫৯
শব্দাবকাশরহিতং ব্রহ্ম নির্ব্বাণকেবলম্।
শব্দাবিশেষনির্ম্মুক্তং বিদ্যাপতিত্রমোচনম্ ॥ ৬০
চিত্তং তেজো হ্যনন্তাখ্যং স্থিতং স্থাবরবর্জ্জিতম্
নিষ্ক্রম্য চাত্মনাত্মানং প্রকটং জ্ঞানদীপকম্ ॥
মুক্তোপদেশবিজ্ঞাতং প্রত্যস্তমিতবিগ্রহম্।
আত্মোপলব্ধিবিজ্ঞেয়ং চিত্তং চিত্যবলোকনম্
সমাগমবিনির্ম্মুক্তং বহিরন্তশ্চ কেবলম্।
নিত্যাবকাশরহিতং শব্দাশব্দাদ্যগোচরম্ ॥ ৬৩
সর্ব্ববিস্তীর্ণবিপুলং দেবদেবং সুরাত্মকম্।
হেতুপ্রমাণরহিতং কল্পনাজালবর্জ্জিতম্ ॥ ৬৪
চিন্তাবিলোকবিষয়ং ব্যোমবৎ প্রবলং স্থিতম্
অনিষ্পন্দং মহাত্মানং নিরানন্দাবলোকনম্।
লোকালোকনমার্গস্থমনেকাকারবর্জ্জিতম্
স্বভাবং ভাবনাগ্রাহ্যং ভাবাতীতং সুলক্ষণম্
বাক্যাপবাদরহিতং নিষ্প্রপঞ্চাত্মকং শিবম্।
জ্ঞানজ্ঞেয়াবলোকস্য হেতুং পরমকারণম্ ॥
অনাহতং সর্ব্বগতং শব্দাদিগুণসম্ভবম্।
শব্দব্রহ্মগতং শান্তং শব্দশব্দাস্তুমাস্পদম্ ॥

আত্মা প্রকাশিত হয়? সনৎকুমার কহিলেন,— অতি গোপনীয় উত্তম রহস্য যোগ শ্রবণ কর। অবিমুক্ত-ক্ষেত্রস্থ মৃত্যুঞ্জয় পরম-যোগস্বরূপ, ওঙ্কারেশ্বর, শিবপদ, অনাদি, অনুৎপন্ন ও অক্ষয়। ইনি স্বতঃ সমুৎপন্ন, ইঁহার স্বরূপ-নির্দ্দেশ হয় না। ইনি সকলের কারণ, ভাব ও অভাবের স্বরূপ। সৃষ্টি ও প্রলয়-কার্য্য যাঁহার স্বভাব, যাঁহাকে চিন্তা করা দুষ্কর; যিনি মুক্তিস্বরূপ, যাঁহার ভয় ও পাপ নাই; যিনি নিরপেক্ষ ও অনাশ্রয়, যাঁহার স্তুতি নাই, নমস্কার নাই, সঙ্গ নাই, উপদ্রব নাই, বিকাশ নাই, উদ্ভব নাই, অবলম্বন নাই, মালিন্য নাই ও উপমা নাই, যিনি মঙ্গল ও অপবর্গস্বরূপ, যাঁহা অপেক্ষা আর নিত্যবস্তু নাই, যিনি সকলের কারণ; যিনি সর্ব্বত্র সন্নিহিত অথচ কোন স্থানে আসক্ত নহেন; যিনি পবিত্র ও জ্ঞাননির্ম্মল; যিনি সকল সত্ত্ব স্বরূপ অথবা সকলের আত্মস্বরূপ, সূক্ষ্ম, অনাদি, মঙ্গলময় এবং ওঙ্কারস্বরূপ; যাঁহাতে বিদ্যাসামীপ্যও [illegible] যিনি ক্রম ও আচার-বর্জ্জিত [illegible] অনন্যগম্য ও কেবল মোক্ষের আধার, যিনি শব্দ, ভয়-রহিত জ্ঞানপাপী ও মোচন কর্ত্তা। ৪৯—৬০। ভিন্ন পদার্থ যাঁহার অনন্তাখ্য চৈতন্য ও বর্ত্তমান, যিনি স্বয়ং জীবশরীরে প্রবেশ জ্ঞান দ্বারা সমস্ত প্রকাশ করিতেছেন মুক্তির উপদেশে বিদিত ও বিনষ্টদেহ জ্ঞান দ্বারা পরিজ্ঞেয়, জ্ঞানদৃষ্টি, সন্দর্শন ও বাহিরে বিদ্যমান, নিত্য অবকাশ ও অশব্দাদি পদার্থেরও অগোচর, এ বিস্তীর্ণ ও ব্যাপক, যুক্তি ও প্রমাণের কল্পনা-জাল-রহিত, কেবল চিন্তাদৃষ্টির এবং গগনের ন্যায় বিশাল, যাঁহার বৈষয়িক-সুখ ও দর্শন নাই, যিনি প্রকাশমধ্যে অবস্থিত, অনেক আকার-রহিত, স্বভাবের স্বরূপ, [illegible] জগতের অতীত ও সুলক্ষণ, যি[illegible] বিতণ্ডার বহির্ভূত, মহাভূতের অন[illegible] জ্ঞানগম্য পদার্থেরও হেতু; যাঁহা[illegible] স্পর্শ করিতে পারে না, অথচ যি[illegible] স্থানেই বিদ্যমান আছেন; যিনি শব্দ সমূহের কারণ ও শব্দ ব্রহ্মময়, শব্দ

তিরিক্তবিষয়ং সর্ব্বজ্ঞানপদে স্থিতম্।
দিমচ্যুতং দিব্যং প্রমাণাতীতগোচরম্॥ ৬৯
র্গোর্দ্ধং গতং নিত্যং জীবাখ্যং হেতুসংস্থিতম্
দিদ্বাদশান্তস্থং প্রাণাপানোদয়াষ্টকম্॥ ৭০
ন্দ্রিয়াত্মানং নিষ্কলঙ্কাত্মকং বিভুম্।
দিব্যঞ্জনাতীতং বর্ণাদিপরিবর্জ্জিতম্॥ ৭১
মবাচ্যবিষয়ং ওঙ্কারাদর্দ্ধরূপিণম্।
তর্ক্যমতংকার্য্যং কলনাকালবর্জ্জিতম্॥ ৭২
ন্দং নিশ্চলং সৌম্যং দেহাতীতং পরাৎপরম্
বগাহরহিতং নিঃশব্দমেকধা স্থিতম্॥ ৭৩
গ্যং পরমং সূক্ষ্মং পঞ্চতত্ত্বাদিসংবৃতম্।
মেয়মনন্তাক্ষমক্ষয়ং কামরূপিণম্॥ ৭৪
বং সর্ব্বভূতানাং বীজাঙ্কুরসমুদ্ভবম্।
বং সর্ব্বকার্যব্যাপকমনং পরমং মহৎ॥ ৭৫
সূক্ষ্মবিভাগস্থং নাক্তব্যাক্তং সনাতনম্।

আদিমধ্যান্তরহিতমনাদিনিধনং মহৎ॥ ৭৬
মহাভূতং মহাকায়ং শিবং নির্ব্বাণভৈরবম্।
যোগক্রিয়াবিনির্ম্মুক্তং মৃত্যুঞ্জয়মহেশ্বরম্॥ ৭৭
সর্ব্বোপসর্গরহিতং সর্ব্বতঃ সূর্য্যসন্নিভম্।
অব্যক্তং পরতো নিত্যং কেবলং দ্বৈতবর্জ্জিতম্॥
অনন্যতেজঃসংক্রান্তমবিমুক্তনিবাসিনম্।
ভুবি সূর্য্যসমপ্রখ্যং পঞ্চায়তনমীশ্বরম্॥ ৭৯
শরণ্যং দেবমীশানমোঙ্কারং শিবরূপিণম্।
দেবদেবং মহাদেবং পঞ্চবক্ত্রং বৃষধ্বজম্॥ ৮০
সদাশিবং বিরূপাক্ষং শূলহস্তং জটাধরম্।
হৃৎপদ্মকোষমধ্যস্থং নমস্যামি শিবাত্মকম্॥ ৮১
বারাণস্যাং স্থিতং দেবমোঙ্কারং পরমং পদম্।
তারকং সর্ব্বজন্তূনাং নমস্যামি নমো নমঃ॥ ৮২

সনৎকুমার উবাচ।

এবম্ স্তুবতস্তস্য দিব্যং তেজো বভূব হ।
বহ্নিভাস্বরসঙ্কাশং সূর্য্যকোটিসমপ্রভম্॥ ৮৩
স্তোত্রমেতৎ তত্র সঙ্গতে স রাজা স স্তবস্তদা।
ওঙ্কারনির্দ্দিষ্টং স্তোত্রং শম্ভোঃ পঠিষ্যতি॥
অবিমুক্তে মহাক্ষেত্রে সর্ব্বাঃ স্নানাভিসংস্কৃতঃ।
তস্য সিদ্ধিঃ সদা ব্যাস দিব্যা করতলে স্থিতা॥ ৮৫

সকলের আশ্রয়-ভূত; যাঁহার স্বরূপ র বহির্ভূত; যিনি নিখিল জনের আশ্রয়, র আদি নাই, ক্ষয় নাই; যিনি প্রমাণের ত, যিনি ঊর্দ্ধ ও অধোদেশে বিদ্যমান; নিত্য ও জীবস্বরূপ; যিনি কারণনিরূপ, ন্দ্রিয়, মন ও অহঙ্কার মধ্যে যিনি অবস্থিত কল ইন্দ্রিয়ের অগ্রাহ্য; যিনি ইন্দ্রিয় স্বরূপ, যাঁহার আত্মা নিষ্কলঙ্ক; যিনি ঞ্জন বর্ণের অতীত, শ্বেতরক্তাদিবর্ণ- বাক্‌পথাতীত মহেশ্বর, যিনি তর্কের হন ও কার্য্য নহেন, উৎপত্তি-সময় ই ৬৯—৭২। যাঁহার শব্দ নাই স্পন্দন রীর নাই, যিনি সুন্দর ও পরাৎপর; যাঁহার অবগাহ নাই, যিনি নিশ্চল স্বরূপেই অবস্থান করিতেছেন; যিনি মগোচর; পরম সূক্ষ্ম বেদ-চতুষ্টয় ও প্রতিপাদিত, যাঁহাকে প্রমা দ্বারা অব- রা দুষ্কর, যিনি অনন্ত চক্ষু দ্বারা রন; যিনি কামরূপী, অক্ষয়, সকল উৎপত্তি-কারণ ও বীজাঙ্কুরের যিনি বিশ্বব্রহ্মাণ্ডে ব্যাপ্ত হইয়া আছেন; মের স্বরূপ অচ্যুত ও পরম মহৎ; যিনি স্থূল ও সূক্ষ্ম, প্রকৃতি ও পুরুষ এবং নিত্য; যাঁহার আদি নাই, মধ্য নাই, অন্ত নাই, বিনাশ নাই; যিনি মহাভূত-স্বরূপ, মহাকায়, নির্ব্বাণ ও মঙ্গলের নিদান, যিনি যোগক্রিয়া হইতে বিমুক্ত সকল উপাধি-রহিত, সূর্য্যের ন্যায় প্রভাবিশিষ্ট ও দ্বৈতবর্জ্জিত নিত্য পুরুষের স্বরূপ; যাঁহাতে অপরের তেজ নাই, সেই পঞ্চবক্ত্র, বৃষারূঢ়, সকলের আশ্রয়, সর্ব্বদা মঙ্গলদাতা, বিরূপ-লোচন, শূল ও জটাধারী, অবিমুক্ত-ক্ষেত্রস্থিত ওঙ্কারেশ্বর মহাদেবকে নমস্কার। সকল জন্তুর উদ্ধারক বারাণসীস্থিত পরমপদ ওঙ্কারেশ্বরকে পুনঃপুনঃ নমস্কার। ৭৩—৮২। সনৎকুমার কহিলেন,—এই প্রকার স্তব করিলে পর, স্তব-পাঠকের সেই রাজার কোটি সূর্য্য ও অগ্নিসদৃশ দিব্য তেজ হইল। অবিমুক্ত মহাক্ষেত্রে সংযতাত্মা হইয়া যে ব্যক্তি ওঙ্কার-নির্দ্দিষ্ট শম্ভু-স্তব পাঠ করিবে, হে ব্যাস! দিব্য সিদ্ধি

ব্রাহ্মণঃ ক্ষত্রিয়ো বৈশ্যঃ শূদ্রোঽপি যদি বা পঠেৎ
মুচ্যতে সর্ব্বপাপেভ্যঃ শ্রদ্ধাবান্ যঃ স্তবে ভবেৎ ॥

বেদাহমেতং পুরুষং মহান্ত-
মাদিত্যবর্ণং তমসঃ পরস্তাৎ।
তমেব বিদিত্বা ন ভবেন্মৃত্যু-
র্নান্যঃ পন্থা বিদ্যতে হি জনানাম্ ॥ ৮৭

যদি বক্ত্রসহস্রাণি লক্ষকোটির্ভবন্তি হি।
তদা চোঙ্কারদেবস্য শক্যং মাহাত্ম্যমীরিতুম্ ॥৮৮

ইতীরিতং তে তু ময়া সমস্তং
মাহাত্ম্যমোঙ্কারকৃতৈকদেশম্।
শক্যং ন বক্ত্রৈর্বহুভিঃ সহস্রৈ-
র্বর্ণয়িতুং কেনাপি সুখেন বক্তুম্ ॥ ৮৯

ইতি শ্রীশৈবে মহাপুরাণে সনৎকুমারসংহি-
তায়ামোঙ্কারেশ্বরবর্ণনং নাম ত্রিচত্বা-
রিংশোঽধ্যায়ঃ ॥ ৪৩ ॥

(মুক্তি) তাঁহার করে অবস্থান করিবে। এই স্তব শ্রদ্ধাবিশিষ্ট হইয়া ব্রাহ্মণ, ক্ষত্রিয়, বৈশ্য কিংবা শূদ্র যদি পাঠ করে, তাহা হইলে সে সকল পাপ হইতে মুক্ত হয়। আমি সূর্য্য-সমদ্যুতি এই মহৎ পুরুষকে জানি, ইঁহাকে জানিলে আর সংসারে আসিতে হয় না; ইহা ব্যতীত লোকের উদ্ধারের অন্য আর উপায় নাই। যদি সহস্র অথবা লক্ষ কোটি মুখ হয়, তাহা হইলেও ওঙ্কারেশ্বরের মাহাত্ম্য বর্ণন করিতে শক্ত হওয়া যায় না, কিন্তু আজ কিঞ্চিৎ ওঙ্কার-স্তব তোমাকে কহিলাম, অপর কেহ বহু সহস্র মুখ দ্বারাও বলিতে পারে না। ৮৩—৮৯।

ত্রিচত্বারিংশ অধ্যায় সমাপ্ত ॥ ৪৩ ॥

চতুশ্চত্বারিংশোঽধ্যায়ঃ।

ব্যাস উবাচ।

অহো কথেয়ং সুভগা মহাপুণ্যফলোদয়া।
ন তৃপ্তিমধিগচ্ছামি ওঙ্কারস্য কথাং পরাম্ ॥ ১
শৃণ্বন্ ততঃ পুনর্ব্রহ্মন্ যদ্যনুগ্রহবানসি।
তস্য মাহাত্ম্যমাচক্ষ্ব বিস্তরেণ তপোধন ॥ ২

সনৎকুমার উবাচ।

শৃণু ব্যাস কথাং দিব্যাং পৌরাণীং বেদসম্মিত
শম্ভোর্গিরিসুতা দেবী ভার্য্যা কালীতি বিশ্রুত
অত্যর্থদয়িতা সাধ্বী শীলবৃত্তগুণান্বিতা।
তয়া সহারমদ্দেশে অবিমুক্তে পুরোত্তমে ॥ ৪
পঞ্চায়তনসংস্থস্য কালো যাতি দ্বিজোত্তম।
সদা নিত্যক্রিয়ার্থঞ্চ সোপান্তে শঙ্করো বশী ॥
সন্ধ্যাং পূর্ব্বাং পশ্চিমাঞ্চ ওঙ্কারে সংস্থিতে
গন্ধর্ব্বাপ্সরসশ্চৈব বিদ্যাধরগণাস্তথা ॥ ৬

চতুশ্চত্বারিংশ অধ্যায়।

ব্যাস কহিলেন,—অহো, কি সুন্দর ফল-জনক কথা শুনিলাম। কিন্তু ওঙ্কারের এই পরম কথা শ্রবণ করিয়া তৃপ্তি হইল না। হে ব্রহ্মন্। যদি আমার প্রতি আপনার অনুগ্রহ হইয়া থাকে, তাহা হইলে আমি পুনর্ব্বার শ্রবণ করিতে ইচ্ছা করি, হে তপোধন। আপনি তাঁহার মাহাত্ম্য বিস্তারপূর্ব্বক বর্ণন করুন। সনৎকুমার কহিলেন,—হে ব্যাস! বেদসম্মিত দিব্য পৌরাণিক কথা শ্রবণ কর। দেবী গিরিসুতা কালী নামে অভিহিত হইয়া শম্ভুর ভার্য্যা হইয়াছিলেন। তিনি স্বভাব ও চরিত্রগুণে পতির অতি প্রিয় হন; পুরশ্রেষ্ঠ অবিমুক্ত-দেশে মহাদেব তাঁহার সহিত রমণ করেন। হে দ্বিজশ্রেষ্ঠ! পঞ্চায়তনে অবস্থান করত তাঁহাদের কাল বাহিত হইতে লাগিল। লোকযাত্রা-র জন্য তিনি উভয় সন্ধ্যায় ওঙ্কারস্থিত উপাসনা করিতে প্রবৃত্ত হইলেন। অপ্সরা ও বিদ্যাধরগণ চারিদিকে স্তু

নানাঃ স্থিতাঃ সর্ব্বে গীতবাদিত্রসংবৃতাঃ।
র্ষসহস্রেণ স্বেদভূতা গণাস্তথা ॥ ৭
ভূতাস্তথা দেবা দৃষ্ট্বা নন্বতুরুত্তমম্।
ত্তরাসশ্চ মুঞ্চন্তি স্খলন্তশ্চ পদে পদে ॥ ৮
তাদৃশমথো দৃষ্ট্বা গৌরী বচনমব্রবীৎ।
বিরূপাক্ষ নৃত্যোঽয়ং মম বিস্ময়কারকঃ ॥ ৯
কৈর্বহুভিঃ স্থানৈর্দৃষ্টং নৃত্যং ময়া পুরা।
দ্যৈর্গিরিবরৈস্তথা পর্য্যন্তভূধরৈঃ ॥ ১০
সে নৈব সংদৃষ্টং কদাচিৎ তু ময়া পুরা।
ং কথয় ত্বদ্য যদ্যনুগ্রহভাগহম্ ॥ ১১
ক্তস্তদা দেবো দেব্যা চ পরমেশ্বরঃ।
চ প্রহসন দেবো দেব্যাঃ স মুখপঙ্কজম্ ॥ ১২
ম্য পাণিনা দেবঃ সন্মূলেন মহাত্মনা।
ন প্রাহ বচনমিদং সান্ত্বেন তন্মহৎ ॥ ১৩
ষ্টং কারণং যেঽত্র স্থানে গিরিসুতে শৃণু।
সৌ পরাবরো দেবঃ সাক্ষিকঃ পরিকীর্ত্তিতঃ ॥
ধাং সুব্রতে ভদ্রে সোঽস্মিন স্থানেস্থিতঃস্বয়ম্

এতদত্রাব্যয়ং ব্রহ্ম পঞ্চাস্তং সংস্থিতং প্রভুম্ ॥ ১৫
পঞ্চপঞ্চস্থিতং দেবং পঞ্চায়তনবাসিনম্।
তেন নৃত্যাম্যহং দেবি পরমানন্দমাস্থিতঃ ॥ ১৬
ব্রহ্মাণ্ডোদরবর্ত্তীনি তীর্থানি গিরীশোদ্ভবে।
তেষামত্যধিকং স্থানং পঞ্চায়তনমুত্তমম্ ॥ ১৭
মম চাপ্যধিকা প্রীতির্যেন কার্য্যেণ তচ্ছৃণু ॥ ১৮
যোঽসৌ পদ্মবনে লোকে আনন্দো ব্রহ্মণঃ পরঃ।
সোঽস্মিং স্থানে পরে দেবি মন্তব্যো নাত্র সংশয়ঃ ॥
অস্মিন্ স্থানে স্থিতস্যাপি পুরুষস্য জিতাত্মনঃ।
দিব্যং চক্ষুঃ প্রবর্ত্তেত যেন পশ্যত্যসৌ পরম্ ॥ ২০
প্রত্যক্ষং জ্ঞানবান ভদ্রে পুরুষস্য চতুর্ভুজঃ।
ত্রিনেত্রং শূলহস্তঞ্চ ললাটাক্ষং বৃষধ্বজম্ ॥ ২১
পশ্যন্তি মানবাঃ পূর্ব্বং পঞ্চায়তনসংস্থিতাঃ।
শিবলোকস্য সঞ্চারং পঞ্চায়তনসংস্থিতম্ ॥ ২২
রহস্যং সর্ব্বজন্তূনাং পঞ্চায়তনমুত্তমম্।
সর্ব্বভূতকলৌ দেবি অবিমুক্তে রতিং প্রতি ॥ ২৩
নরাণামকৃতবুদ্ধীনাং বিষয়াক্রান্তচেতসাম্।
অভুক্তস্য সংস্থানং বেদশাস্ত্রবহিষ্কৃতাঃ ॥ ২৪
শান্তা দান্তা জিতক্রোধাঃ পঞ্চায়তনপূজকাঃ।

দ্য করিতে আরম্ভ করিল। লক্ষবর্ষ পরে
পর মহাদেবের শরীর-রন্ধ্র হইতে প্রমথগণ
ত্তাণ আবির্ভূত হইয়া সহর্ষে নৃত্য করিতে
৮ তৎকালে পদে পদে পতিত হইয়া
বিবশ হইতে লাগিল পার্ব্বতী মহা-
ও তাদৃশ দেখিয়া বলিলেন,—হে বিরু-
আপনার এ কিরূপ নৃত্য? ইহা
আমার অতিশয় বিস্ময় হইতেছে।
নেক স্থানে আপনার নৃত্য দেখিয়াছি;
মন্দরাদি পর্ব্বতে, কখন বা কৈলাস
কখন বা অন্যান্য পর্ব্বতে দেখিয়াছি।
মি আপনার অনুগ্রহভাগিনী হই, তাহা
আমাকে ইহার কারণ বলুন। ১—১১
ব মহাদেব দেবী কর্ত্তৃক এইরূপ আভি-
য়া হাস্য করিলেন এবং দেবীর মুখ-
স্বীয় কর দ্বারা উদ্ধৃত করিয়া সান্ত্বনা
জন্য এই কথা বলিলেন,—হে গিরি-
এই স্থানে নৃত্য করিবার বিশিষ্ট
আছে। হে সুব্রতে! যে দেব পরাৎ-
সাক্ষিভূত নাদ নামে পরিকীর্ত্তিত হইয়া

থাকেন, তিনিই এই স্থানে আছেন। হে গিরি-
রাজ-পুত্রি! ব্রহ্মাণ্ডগর্ভে যত তীর্থ আছে,
তাহা হইতে এই পঞ্চায়তন শ্রেষ্ঠ ও উত্তম
এবং যে জন্য ইহাতে আমার অধিক প্রীতি
হইয়াছে, তাহা শ্রবণ কর। জগদম্বার অতি
প্রিয় যে কেলিনিবাস-স্থান পদ্মবন, তাহাতে
ব্রহ্মের যে পরম আনন্দ, এই পবিত্র স্থানে
তাদৃশ আনন্দ আমারও হইতেছে; ইহা নিশ্চয়
জানিবে। এই স্থানে জিতাত্মা পুরুষ অব-
স্থান করিলে তাঁহার দিব্য চক্ষু হয়, যাহার
প্রভাবে তিনি জ্ঞানবান্ হইয়া প্রত্যক্ষরূপে
চতুর্ভুজ পরমপুরুষকে দেখিতে পান। পূর্ব্বে
পঞ্চায়তন-স্থিত মানবেরা ত্রিনেত্র শূলধারী বৃষ-
বাহন মহাদেবকে প্রত্যক্ষতঃ দেখিত। পঞ্চায়-
তনে শিবলোকের সঞ্চার আছে, ইহা সকল
লোকের গোপনীয় এবং বিষয়াক্রান্ত-চিত্ত
দুর্ব্বিবেক লোকের পক্ষে ইহা অলক্ষিত থাকে।
আর যাহারা শাস্ত্রবহির্ভূত-কার্য্যকারী, [illegible]

সদ্ভাবভাবিতাঃ সর্ব্বে দ্রক্ষ্যন্তি পরমেশ্বরম্ ॥ ২৫
যৈস্তু জন্মান্তরে দেবি পুরা আরাধিতো হ্যহম্।
তে বিদন্তি পরং স্থানমবিমুক্তং পরং পদম্ ॥ ২৬
ব্রহ্মাণ্ডোদরমধ্যে চ যানি তীর্থানি সুব্রতে।
বারাণস্যাং গমিষ্যন্তি বৈশাখস্য চতুর্দ্দশীম্ ॥ ২৭
দ্রক্ষ্যন্তি পরমং দেবং পঞ্চায়তনবাসিনম্।
দেবাশ্চ ঋষয়শ্চৈব রুদ্রাঃ পাশুপতাশ্চ যে।
পরিবার্য্য স্থিতাঃ সর্ব্বে ওঙ্কারেশস্য সুব্রতে ॥ ২৮
মৎস্যোদর্য্যাস্তু পরিত আদিদেবস্তু কেশবঃ।
যস্মিন্ ক্ষেত্রে স্বয়ঞ্চ স্থিতঃ পূর্ব্বেণ কেশবঃ ॥ ২৯
রুদ্রাবাসৈব কোটিস্তু কাশীপুর্য্যাব সংস্থিতা।
ধ্যায়মানা চ ওঙ্কারং স্থিতা তস্যৈব দক্ষিণে ॥ ৩০
বামদেবশ্চ সাবর্ণিরঘোরঃ কপিলঃ পরে।
দেহল্যাখ্যাস্তু দেবস্তু স্থিতো দেবস্য চোত্তরে ॥ ৩১
ধ্যায়মানাস্তু ওঙ্কারং পঞ্চায়তনবাসিনম্।
সপ্তকোট্যস্তু মন্ত্রাণাং সর্ব্বেষাং তপসাধিকঃ ॥ ৩২
কৃত্তিবাসাঃ স্থিতো ভদ্রে তস্য দেবস্য পশ্চিমে
এবং রক্ষন্তি তং স্থানং মদীয়ং শাশ্বতং শুভম্ ॥ ৩৩
মনো বুদ্ধিস্ত্বহঙ্কারঃ কামলোভৌ তথাপরে।
এতে্যা রক্ষন্তি সততং পঞ্চায়তনবাসিনম্ ॥ ৩[illegible]
ওঙ্কারদর্শনাদেব গতিং প্রাপ্নোতি দুর্লভাম্ ॥ [illegible]

ইতি শ্রীশৈবে মহাপুরাণে সনৎকুমারসংহি- তায়ামোঙ্কারনির্ণয়ো নাম চতু- শ্চত্বারিংশোঽধ্যায়ঃ ॥ ৪৪ ॥

পঞ্চচত্বারিংশোঽধ্যায়ঃ।

সনৎকুমার উবাচ।

অস্মিন্ স্থানে পুরা বৃত্তং তদিহৈকমনাঃ শৃণু।
রথন্তরে পুরা কল্পে রাজাসীৎ পুষ্পবাহনঃ।
নাম্না লোকেষু বিখ্যাতস্তেজসা সূর্য্যসন্নিভঃ ॥
তপসা তস্য তুষ্টেন দেবদেবেন শম্ভুনা
কমলং কাঞ্চনং দত্তং যথা কামগমং মুনে।
স তেন বিচরন্ লোকান্ সপ্তদ্বীপনিবাসিনঃ
দ্বীপানি সুরলোকঞ্চ যথেষ্টং বিচরন্ সদা ॥
কল্পাদৌ সপ্তদ্বীপেষু তস্য পুরবাসিনং।

পঞ্চায়তন-সেবায় শম-দমাদি-সম্পন্ন হয় এবং পরস্পর সদ্ভাব-সম্পন্ন হইয়া পরমেশ্বরকে দেখিতে পায়। ১২—২৫ হে দেবি! যাহারা পূর্ব্বজন্মে আমাকে আরাধনা করিয়াছে, কেবল তাহারাই জানিতে পারে যে, অবিমুক্ত-ক্ষেত্র পরম স্থান। হে সুব্রতে! ব্রহ্মাণ্ড মধ্যে যে সকল সাধু আছেন, তাঁহারা বৈশাখী চতুর্দ্দশী তিথিতে বারাণসীক্ষেত্রে যাইয়া পঞ্চায়তনবাসী মহাদেবকে দেখিবেন। হে সুব্রতে! ওঙ্কারেশ্বরের চতুর্দ্দিকে দেবতারা, ঋষিরা, রুদ্রগণ ও পাশুপতগণ অবস্থান করিতেছেন। ঐ পঞ্চায়তন-ক্ষেত্রে আদিদেব কেশব ও স্বয়ং পূর্ব্বদিকে আছেন; দক্ষিণদিকে কোটি রুদ্রগণ, ওঙ্কারেশ্বরের চিন্তাপরায়ণা কাশীপুরীর ন্যায় অবস্থান করিতেছেন; এবং বামদেব, সাবর্ণি, অঘোর, কপিলদেব দেহল্যাখ্যা দেবতা উত্তর-দিকে অবস্থান করিতেছেন, ইঁহারা সকলেই ওঙ্কারের [illegible] আছেন; পশ্চিমদিকে দেব কৃত্তিবাস অবস্থিত আছেন। উক্ত দেবগণ মন, অহঙ্কার, কাম ও লোভ হইতে মদীয় সনাতন স্থানকে রক্ষা করিতেছেন। দেবের দর্শনে লোকদুর্লভ গতি হয়। ২৬—৩৫।

চতুশ্চত্বারিংশ অধ্যায় সমাপ্ত।

পঞ্চচত্বারিংশ অধ্যায়।

সনৎকুমার কহিলেন,—এই স্থানের ভুত ঘটনা কহিতেছি, শ্রবণ কর। রথন্তর নামক পূর্ব্বতন কোন কল্পে পুষ্পবাহন নামক এক রাজা ছিলেন। তিনি স্বকীয় নামে ভুবনে বিখ্যাত এবং সূর্য্যসদৃশ তেজস্বী ছিলেন। দেবদেব শম্ভু তাঁহার স্তবে তুষ্ট হইয়া পদ্ম দিয়াছিলেন, যাহার প্রভাবে যথেচ্ছ গমন হইতে পারে। রাজা সেই স্বর্ণপদ্ম দ্বারা ইচ্ছানুসারে স্বর্গ, মর্ত্ত্য ও পাতাল সপ্তদ্বীপে বিচরণ করিতে লাগিলেন।

নাম্না তু তদ্দ্বীপং পুষ্করদ্বীপমুচ্যতে ॥ ৫
ব ব্রহ্মণা দত্তং যানমস্য মনোজবম্।
বাহনমিত্যাহুস্তস্মাৎ তং দেব-দানবাঃ ॥ ৬
নাগম্যমস্যাস্তি জগল্লয়েঽপি
ব্রহ্মাস্বজস্যাপি জগত্রয়েঽপি।
পত্নী চ তস্যাপ্রতিমানরূপা
নারীসু শ্রেষ্ঠেত্যভিমান্যা ॥ ৭
নাম্না চ লাবণ্যবতী বভূব
সা পার্ব্বতী চেষ্টতমা ভবস্য
তস্যাত্মজানামযুতং বভূব
ধর্ম্মাত্মনাম্ধার্মিকসত্তমানাম্ ॥ ৮
তদাত্মনঃ সর্বমবেক্ষ্য রাজা
মুহুর্মুহুর্বিস্ময়মাসসাদ।
সংপাগতং বীক্ষ্য মুনিপ্রবীরঃ
প্রচেতসং বাক্যমিদং বভাষে ॥ ৯
কস্মাদ্বিভূতিরমলা চ মমাদ্য পুণ্যা
খ্যাতা চ সর্ব্ববিদিতা মম সুন্দরীয়ম্।
ভার্যা মমাস্তপসৈব সুতোষিতেন
দত্তং মমাদ্য জগতাং সুধীরধাত্রা ॥ ১০

যস্মিন্ প্রবিষ্টমপি কোটিশতং নৃপাণাং
সামাত্য-কুঞ্জর-রথৌঘ-ঘনাবৃতানাম্।
নালক্ষ্যতে ক্ব গতমম্বররত্নপূর্ণং
বীথীগণৈরথ বিচিত্রমনুত্তমঞ্চ ॥ ১১
তস্মাৎ ত্বমন্যজনুষীব বরোদ্ভবেন
পথ্যাদিকং কৃতমশেষজনাভিগম্যম্।
যদাস্তি তং কথয় মে প্রবিনাম্যকীর্ত্তে
মহ্বায়্যমেতদখিলঞ্চ বদ প্রচেতঃ ॥ ১২
মুনিরপ্যবোচত ভবান্তরিতাং
পৃথিবীপতে ননু নিশম্য কথাম্।
তব জন্ম লুব্ধককুলে পরুষা
মতিরপ্যনেকজনঘাতকরা ॥ ১৩
বপুরপ্যকৃত্তিপরুষং কৃশধা-
ভরণং কুসন্ধি ন ঘনে সুকৃতম্।
ন চ সূনুরভূন্ন চ বন্ধুজনো
ন পিতা স্বসা ন জননী চ তথা ॥ ১৪
অভূদনাবৃষ্টিরতীব রৌদ্রা
কদাচিদাহারমবিন্দতা তে
ক্ষুৎপীড়িতেন ভ্রমতা ন কিঞ্চি-
দাসাদিতং বন্যফলাদি সদ্যঃ ॥ ১৫

। পুষ্করবাসী সেই রাজার নামেই পর মধ্যে সেই দ্বীপ পুষ্করদ্বীপ নামে ত হইয়াছে। ব্রহ্মা তাঁহাকে মনোবৎ পন্ন যান দিয়াছিলেন, সেই কারণে রেব তাঁহাকে পুষ্পবাহন বলিয় ত্রিজগতে ইহার কোন স্থান অগম্য না তাঁহার পত্নীও অপ্রতিম-রূপ- এবং শ্রেষ্ঠা বলিয়া নারীকুলে মাননীয়া। মহাদেবের পার্ব্বতীর ন্যায়, সেই তী নাম্নী ভার্য্যা তাঁহার প্রিয়তমা হইয়া- । পুষ্পবাহনের অযুতসংখ্যক পুত্র, সকলেই ধর্ম্মাত্মা এবং ধর্ম্মাচারীর ছিলেন। ১—৮। রাজা তাঁহাদের ক দেখিয়া মুহূর্ত্তে মুহূর্ত্তে বিস্মিত হইতে ন। একদা রাজা প্রচেতা মুনিকে দেখিয়া এই কথা বলিলেন,—মুনীর কিজন্য আমার অল্প তপস্যায় সন্তুষ্ট নির্দ্দোষ বিভূতি, লোকবিখ্যাত কীর্ত্তি, এই সুন্দরী ভার্য্যা এবং এই পদ্মগৃহ দিয়া- ছেন? এই গৃহ বসন-রত্ন-পূর্ণ ও বীথী-সমূহে সুশোভিত। ইহাতে অমাত্য, হস্তী ও রথ- নিচয়-যুক্ত শতকোটি ধনাঢ্য রাজগণ প্রবিষ্ট হইলেও লক্ষ্য হয় না যে, ইহারা কোথায় যাইল। অতএব যদি আমার জন্মান্তর-কৃত সুকৃতি দ্বারা এই ঐশ্বর্য্য হইয়া থাকে, তবে তাহা আপনি আমার নিকট প্রকাশ করুন। মুনি বলিলেন,—পৃথিবীপতে! তোমার জন্মান্তরীণ বৃত্তান্ত কহিতেছি, শ্রবণ কর। তুমি পূর্ব্বজন্মে ব্যাধকুলে উৎপন্ন হইয়াছিলে, সেই- জন্য তোমার মতি নির্দ্দয়, লোক-হিংসাকর এবং শরীর অকার্য্য বশতঃ কর্কশ, কৃশবদন ও বিকৃত হইয়াছিল। তোমার পিতা-মাতা, পুত্র কন্যা, বন্ধু-বান্ধব কেহই ছিল না, কেবল ভার্য্যা ছিল। পরে কোন সময়ে অতি ক্লেশদায়ক অনাবৃষ্টি হইলে তুমি আহারাভাবে ক্ষুধায় পীড়িত হইয়া

...ষ্ণুর্ব রাজেন্দ্র ব্রহ্মরূপী চ ঈশ্বরঃ।
...দ্রক্ষ্য রাজেন্দ্র পুষ্করং তং মহীতলে ॥ ৩২
...মুক্তং সমাসাদ্য ওঙ্কারং শরণং ব্রজ।
...দাৎ তস্য দেবস্য দন্তাসি পদমীশ্বরম্ ॥ ৩৩
...ক্তঃ স তু রাজা বৈ তেনৈব তু মহর্ষিণা।
...ঙ্কসর্ব্বগাত্রস্য হর্ষাবিষ্টস্তমব্রবীৎ ॥ ৩৪
...স্মরং স্মারয়াতং ব্রহ্মণাং কুলবর্দ্ধন।
...রে ত্বংসমৈঃ সঙ্গঃ পুণ্যভারাং তু জায়তে ॥
...প্রসাদ্য তং বিপ্রং রাজা তু কৃতনিশ্চয়ঃ।
...ত্রিকো জগামাশু বারাণস্যাং মহামুনে ॥ ৩৬
...প্রিয়তমে দেশে পঞ্চায়তনমুক্তিদে।
...দর্যাস্তটে দক্ষিণ রুদ্রাবাসস্য চোত্তরে ॥ ৩৭
...ং মূর্ত্তিমাস্থায় ওঙ্কারস্তত্র সংস্থিতঃ।
...বরঃ নাম দেবস্যাগে স্থিতঃ পুরা ॥ ৩৮
...পরং স্থানং যাদবৈরকৃতাত্মভিঃ।
...সেতি বিখ্যাতং পুণ্যদং সর্ব্বদেহিনাম্ ॥ ৩৯

দিব্যৈরপি তদন্বেষ্য কাম্যঞ্চ ক্ষেত্রপূজকৈঃ।
রুদ্রাবাসে কৃতস্নানঃ পঞ্চায়তনবাসিনম্।
দ্রক্ষ্যামি ঈশ্বরং দেবং যং দৃষ্ট্বা নোদ্ভবঃ পুনঃ ॥ ৪০
মনোরথং প্রকুর্ব্বন্তি তস্য দেবস্য দর্শনে।
দুরাধার্য্যং দুঃসহঞ্চ সমন্তাদ্দুরতিক্রমম্ ॥ ৪১
কলিকল্মষভূতেস্য যেষাং নোপগতা মতিঃ।
তেষাং দৃশ্যঞ্চ গম্যঞ্চ তং স্থানং শশিমৌলিনঃ ॥ ৪২
তীর্থঞ্চ স্থাপিতং ব্যাস দেবদেবেন শূলিনা।
ন কৈশ্চিদ্দৃশ্যতে তত্র দৃষ্টে কলিযুগে ভয়ে ॥ ৪৩
গন্ধর্ব্বৈঃ কিন্নরৈর্যক্ষৈরপ্সরোভিস্তথোরগৈঃ।
সিদ্ধৈঃ সম্পূজ্যতে তত্র দৈত্য-দানবনায়কৈঃ ॥ ৪৪
অন্তর্ধ্যানশতৈর্নিত্যং পূজ্যতে পরমেশ্বরঃ।
তত্র গত্বা তু রাজর্ষিঃ পরমং ভাবমাস্থিতঃ ॥ ৪৫
আরাধয়ানো দেবেশং পঞ্চায়তনমীশ্বরম্।
শান্তাকারং বিনির্নত্য জ্ঞানদীপেন ঈশ্বরম্ ॥ ৪৬
দৃষ্টোবাস তু রাজর্ষিরোঙ্কারং পরমং পদম্।
তেন ব্যাপ্তমিদং বিশ্বং শিবেব পরমাত্মনা ॥ ৪৭

...ছ, "চতুর্ম্মুখ সন্তুষ্ট হইয়াছেন," সেইরূপ, ...পী ঈশ্বরও তোমার প্রতি সন্তুষ্ট; ইহা ...র, অতএব তুমি পুষ্করদ্বীপ রাখিয়া দেও, অবিমুক্তক্ষেত্রে যাইয়া ওঙ্কারেশ্বরের শরণা- ...ও, সেই দেবের প্রসাদে ঐশ্বর পদ ...উপাইবে। সেই মহর্ষি রাজাকে এই- ...বলিলে পর রাজা আনন্দে রোমাঞ্চিত- ...য় তাঁহাকে বলিলেন,—হে ব্রহ্মকুল- ...আপনি আমার পূর্ব্বজন্ম-বৃত্তান্ত ... সংসারে আপনার ন্যায় সাধুর ...লাভের ব্যতীত হয় না। রাজা ...ব্রাহ্মণের নিকট অনুনয় করিয়া ...যাইবার জন্য স্থিরসঙ্কল্প হইলেন এবং ...বারাণসীতে সত্বর গমন করিলেন। ...স্রোদরী তীর্থের তীরবর্ত্তী রুদ্রাবাস ...রাবরের উত্তরে শম্ভুর প্রিয়তম মুক্তি- ...য়ায়তনদেশে দক্ষিণা-মূর্ত্তি স্থাপিত, ওঙ্কারেশ্বরের পূজা করিলেন। সেই ...র্ব্ব রুদ্রাবাস নামক দেবত্রয় ...—৩৮। সে স্থান অকৃতপুণ্য ...লে অতি দুর্লভ এবং সকল প্রাণীর পুণ্যজনক। ঐ স্থান স্বর্গীয় লোক এবং অপর ক্ষেত্রপূজকেরা প্রার্থনা করেন। রুদ্রা- বাসে স্নান করিয়া পঞ্চায়তনবাসী ঈশ্বরকে দর্শন করিবে। ইঁহাকে দেখিলে আর জন্মগ্রহণ করিতে হইবে না। দেবতারাও এই দেবের দর্শনে মনোরথ সফল করেন। কলির পাপাত্মারা এই স্থান চিন্তা করিতে, কি সহ্য করিতে, কি অতিক্রম করিতে পারে না; কারণ, তাহাদের জ্ঞান হয় নাই। কিন্তু যাহাদের বুদ্ধি প্রকৃতিস্থ হইয়াছে, তাহারাই দেখিতে ও যাইতে সক্ষম হয়। হে ব্যাস! দেবদেব মহাদেব সেই তীর্থ স্থাপন করিয়াছেন। সেই স্থানে গন্ধর্ব্ব, কিন্নর, যক্ষ, অপ্সরা, উরগ, সিদ্ধ ও দৈত্যপতিরা অলক্ষিতভাবে পরমেশ্বরকে পূজা করিয়া থাকেন। রাজর্ষি সেই স্থানে গিয়া পরম ভক্তি অবলম্বন করিয়া শান্তমূর্ত্তি পঞ্চায়- তনস্থ ঈশ্বরকে প্রণতিপূর্ব্বক আরাধনা করিতে লাগিলেন। সেই রাজর্ষি পরমপদ ওঙ্কারে- শ্বরকে দেখিলেন। যাহা যেরূপ বিশ্বব্যাপী, সেইরূপ পরমাত্মা কর্তৃক এই বিশ্ব ...

জপন্তি যোগিনো দেবি তস্মিন্নেব লয়ং গতাঃ ।
এতত্তে কথিতং দেবি যন্মাং ত্বং পরিপৃচ্ছসি ॥৪৮
বারাণস্যান্তু ওঙ্কারং পঞ্চায়তনসংস্থিতম্ ।
যদ্দর্শনান্নরা লোকে বিজ্ঞানৈশ্বর্য্যভাজনাঃ ॥ ৪৯
দুর্লভং তপসা দেবি যত্রাস্তে দুর্লভং পদম্ ।
দানানাং দুর্লভং দানং ব্রতানাং দুর্লভং পরম্ ॥৫০
সর্ব্বত্র দুর্লভং স্থানমিত্যাহ ভগবান্ শিবঃ ।
ভক্ত্যা পরময়া যুক্তা মহাদেবং বিশন্তি চ ॥ ৫১
পূজয়িষ্যন্তি যে তত্র সর্ব্বভাবেন শঙ্করম্ ।
বিজ্ঞেয়াস্তে গণা ভদ্রে মানুষীং প্রকৃতিং স্থিতাঃ
সিদ্ধযোগস্য সোপানমেষ লক্ষ্যাশ্চ সুন্দরি ।
বারাণস্যান্তু যে কেচিৎ তীর্থান্যায়তনানি চ ॥ ৫৩
তেষাঞ্চৈব তু সর্ব্বেষামোঙ্কারং প্রথমং স্মৃতম্ ।
ওঙ্কারদর্শনাদ্দেবি সর্ব্বে দৃষ্টা ন সংশয়ঃ ॥ ৫৪

সনৎকুমার উবাচ ।

ততঃ স ভগবান্ দেবো দেবদেবস্য মাতরম্ ।
উবাচ দেবি পশ্যেদমুদ্যানং নির্ম্মিতং পুরা ॥ ৫৫
যন্নাস্তি দেবলোকেঽপি বস্তু সং তং কৃতং ময়া ।
তদ্ভুতমস্তি লোকে ন যস্তু নো বিস্ময়েন্মনঃ ॥৫৬

দেব্যুবাচ ।

এবং ভবতু দেবেশ যথাত্থ ত্বং সনাতন ।
ন হি মেঽস্যত্র গন্তব্যং তদ্যতস্ম মনোহর ॥ ৫৭

সনৎকুমার উবাচ ।

সহ দেব্যা ততো ব্যাস বারাণস্যাং বৃষধ্বজঃ ।
দেবোদ্যানং হি দিদৃক্ষুর্ভগবাংস্তং সমন্ততঃ ॥
পূর্ব্বস্মিংস্ত্বসিগে ভাগে দেবো দেব্যাঃ পরাংপ
উদ্যানং দর্শয়ামাস নানাকিন্নরনাদিতম্ ॥ ৫৯
নানাবৃক্ষসমাকীর্ণং নানাকুসুমশোভিতম্ ।
নানাবৃক্ষসমাকীর্ণং নানাপক্ষিবিনাদিতম্ ॥ ৬
চম্পকাশোক-পুন্নাগ-প্রিয়ঙ্গুশতসঙ্কুলম্ ।
বিল্বার্জ্জুনকদম্বৈশ্চ ন্যগ্রোধোডুম্বরৈরপি ॥ ৬১
গন্ধবদ্ভিশ্চ কুসুমৈর্জাতি-কেশর-কেতকৈঃ ।
রম্যৈঃ সুরভিপুষ্পৈশ্চ সদা সেবিতষট্‌পদৈঃ ॥
সংযুক্তং সর্ব্বতঃ শ্রীমদ্বনং তদাজ্ঞসন্নিভম্ ।
স তদুদ্যানমাসাদ্য দেবীং প্রাহ জগৎপতিঃ

আছে। সেই স্থানে যোগীরা জপ করিয়া লয় প্রাপ্ত হইয়াছেন হে দেবি। তুমি আমাকে যাহা জিজ্ঞাসা করিয়াছ, তাহা কহিলাম ৩১—৪৮। বারাণসী-ক্ষেত্রে পঞ্চায়তনস্থিত যে ওঙ্কারেশ্বর আছেন, তাঁহাকে দর্শন করিয়া লোকে জ্ঞান ও ঐশ্বর্য্য প্রাপ্ত হয়। যে স্থানে সেই দুর্লভ পদ আছে, তাহা তপস্যায় অপ্রাপ্য; ইহা দানের দুর্লভ দান, ব্রতের দুর্লভ ব্রত এবং ইহা সর্ব্বথাই দুর্লভ, ইহা ভগবান্ শিব কহিয়াছেন। দৃঢ় ভক্তি সহকারে যাহারা শঙ্করকে পূজা করে, তাহারা মহাদেবে লয় প্রাপ্ত হয় এবং মানুষী-প্রকৃতিসম্পন্ন জনগণ আমার গণস্বরূপ হয়। হে সুন্দরি! ইহাই সিদ্ধযোগের এবং সম্পত্তির একমাত্র সোপান। বারাণসী-ক্ষেত্রে যে কোন তীর্থ-স্থান আছে, সে সকল হইতে ওঙ্কার-স্থান শ্রেষ্ঠ ও প্রথম; হে দেবি! ওঙ্কার-দর্শনে সকল দর্শনই হয়। সনৎকুমার কহিলেন,—তাহার পর সেই ভগবান্ মহাদেব দেবদেব গণেশের মাতাকে বলিলেন,—হে দেবি! আমি পূর্ব্বে যে উদ্যান নির্ম্মাণ করিয়াছি, তাহা দর্শন কর, দেবলোকেও যা এরূপ উত্তম বস্তু আর নাই জগতে। প্রাণী নাই, যাহার মন ইহা দেখিয়া বি না হয়। দেবী কহিলেন,—হে দেবেশ! যাহা বলিলে, তাহাই হইবে, আমার স্থানে যাইবার প্রয়োজন নাই, তথায় যা জন্য যত্নবান্ হও। ৪৯—৫৭ সন কহিলেন,—হে ব্যাস। অনন্তর বৃষধ্বজ দেবীর সহিত দেবোদ্যান দেখিতে করিলেন এবং পূর্ব্বদিগ্‌বর্ত্তী অসিতীর্থে উক্ত মনোহর উদ্যান দেখাইলেন স্থানে কিন্নরগণ গান করিতেছে, চ কুসুম-শোভিত বৃক্ষ সকল বিরাজিত বিহগগণ মধুর কূজন করিতেছে, অশোক, পুন্নাগ, চম্পক, প্রিয়ঙ্গু, অর্জ্জুন বট ও উডুম্বর বৃক্ষ সুশোভিত রমণীয় সুগন্ধি জাতি ও বকুল পুষ্পে আসক্ত রহিয়াছে, সর্ব্বতঃ শ্রীসম্পন্ন সেই উদ্যানে জগৎপতি মহাদে

বি বিমানস্থান্ কিন্নরাংশ্চ মনোরমে।
াতকখণ্ডানি তথা কল্পদ্রুমাণি চ ॥ ৬৪
াকে চ যে বৃক্ষা বিষ্ণুলোকে চ যে শুভাঃ।
ন্তপি যে লোকে তান্ সর্ব্বান্ পশ্য সুব্রতে
বারাণসী দেবী শিবলোকং সমাশ্রিতা।
ং ভারতোদ্যানে দেবদেবো জনার্দ্দনঃ ॥৬৬
ত সর্ব্বলোকেশো ব্রহ্মা কমলসম্ভবঃ।
থা স্থিতাঃ সর্ব্বা ওঙ্কারকাদিমুক্তিদম্ ॥ ৬৭
দেশে সুরা দেবি তিষ্ঠন্তি মম শোভনে।
গোলোকসংস্থানং গবাং বাসঃ স্বয়ম্ভুবঃ ॥
ত্র সবর্ণানাং পয়ো মূর্দ্ধি সমাপতৎ।
মথোর্দ্ধতো দৃষ্টা গাবস্তা সোমপানুগাঃ ॥ ৬৯
বীক্ষিতাস্তত্র ভীতা গাবস্তদাভবন্।
মম নির্দ্দগ্ধা নকবর্ণা মৃষার্দ্দিতাঃ ॥ ৭০
পূর্ব্বমিমা দেবি আসন কপিলবংশজাঃ।
বৈধা ভূতা যদেতাঃ প্রেক্ষিতা মযা ॥ ৭১

তং বৈ শরণ্যতাং গত্বা মামেবং লোকমাতরঃ।
আশ্রিতাঃ সোমমাগত্য সোমোৎপত্তিং সমাযযুঃ ॥
প্রসাদয়িত্বা তা গাবো ব্রহ্মা মামব্রবীৎ ততঃ।
প্রসাদং কুরু দেবেশ গাবস্তব তু তেজসা।
ন বিনাশং যথা যান্তি তথা কুরু সুরার্চ্চিত ॥ ৭৩
ততোঽহমাস্থিতো দেবি স্থানেঽস্মিন্ স্বয়মেব তৎ
গোপ্রেক্ষক ইতি খ্যাতো যস্ততঃ সর্ব্বদৈবতৈঃ।
গোপ্রেক্ষকেশ্বরং গত্বা দৃষ্ট্বা চাভ্যর্চ্চ্য মানবঃ।
ন দুর্গতিমবাপ্নোতি কল্মষাচ্চৈব মুচ্যতে ॥ ৭৫
ততস্তা বীক্ষমাণাস্থ প্রসন্নে সুব্রতে ময়ি।
হ্রদে সিক্তিতুমারেভে শান্তাঃ স্থিরচরাস্ততঃ ॥ ৭৬
যথা ভক্তা হি তাঃ সর্ব্বা ব্রহ্মণাপি মহাত্মনা।
বদ্যাঃ পূজ্যাশ্চ মান্যাশ্চ ভবিষ্যথ মমাজ্ঞয়া ॥ ৭৭
কপিলাহ্রদমাশ্চর্য্যং তদাপ্রভৃতি কথ্যতে ॥ ৭৮
অত্রাপি স্বয়মেবাহং বৃষধ্বজ ইতি স্মৃতঃ।
সান্নিধ্যং কৃতবান্ দেবি সততং বৈ দৃশ্যতাং গতঃ ॥
কপিলাহ্রদবিখ্যাতং দেবানামপি দুর্লভম্।

দেবীকে কহিলেন,—হে দেবি! দেখ,
রা বিমানের উপর রহিয়াছে, এই দেখ,
তখণ্ড ও কল্পবৃক্ষ রহিয়াছে, যে সকল
বৃক্ষ শিবলোকে, বিষ্ণুলোকে ও ব্রহ্মলোকে
সেই সকল বৃক্ষ এই স্থানে দর্শন কর।
াণসী দেবী শিবলোক আশ্রয় করিয়া
ন এই ভারতোদ্যানে দেবদেব জনা-
নাভিকমল-সম্ভব সর্ব্বলোকেশ্বর ব্রহ্মা
আছেন এবং দেবতারা সকলে মুক্তি-
শ্বরেশ্বরকে বেষ্টন করিয়া আছেন।
দেশে গোলোক, যে স্থানে ব্রহ্মাদি
গাভীদিগকে বাস দিয়া থাকেন। এই
কবর্ণ গাভীগণের দুগ্ধ আমার উপরে
ইয়াছিল, অনন্তর আমি উপরে চাহিয়া
নের উপকরণভূত গো সকল উর্দ্ধদেশে
হিলাম। ৬০—৬১। গাভী সকল
ত তাহারা ভীত হইল এবং আমার
হইতে থাকিল। হে দেবি! এই
ণ পূর্ব্বে কপিলাবংশোৎপন্ন বলিয়া
, পরে আমার দর্শনে তাহারা নানা-
বর্ণ হয়। লোকমাতা গাভীগণ আমার শরণা-
পন্ন হইয়া আশ্রিত হইল এবং সোমোৎপত্তির
কারণ হইল। অনন্তর ব্রহ্মা সেই সকল
গাভীগণের জন্য আমাকে প্রসন্ন করিয়া বলি-
লেন,—হে দেবেশ! আপনি প্রসন্ন হউন;
যাহাতে এই ধেনু সকল বিনাশ প্রাপ্ত না হয়,
তাহা করুন। তাহার পর আমি নিজ স্থানে
উপস্থিত হইলাম, এজন্য আমাকে সকল দেব-
তারা গোপ্রেক্ষক বলিয়া থাকেন। মনুষ্য
গোপ্রেক্ষকেশ্বরে গিয়া তাঁহাকে দর্শন করিয়া
পূজা করিলে আর দুর্গতি প্রাপ্ত হয় না এবং
সর্ব্বপাপ হইতে মুক্ত হয়। হে সুব্রতে!
অনন্তর আমি প্রসন্ন হইয়া তাহাদিগকে দর্শন
করিলাম; পরে তাহারা প্রশান্তচিত্ত হইয়া
বিচরণ ও হ্রদে অবগাহন করিতে থাকিল।
মহাত্মা ব্রহ্মা ইহাদের ভক্তি ও উপকারিতা
কহিয়াছেন বলিয়া আমার আজ্ঞায় ইহারা
জগতে মান্য-গণ্য হইবে। সেই অবধি ইহা
আশ্চর্য্য কপিলাহ্রদ বলিয়া বিখ্যাত হইয়াছে।
এই স্থানে স্বয়ং আমি বৃষধ্বজ নামে অভিহিত

অস্মিন্নপি প্রদেশে তু দর্শিতং ব্রহ্মণা স্বয়ম্‌ ॥ ৮০
শান্ত্যর্থং ধর্ম্মলোকানাং সর্ব্বদুঃখপয়োঽমৃতম্‌ ।
আসাং ক্ষীরেণ সঞ্জাতং হ্রদমেতন্মনোহরম্‌ ॥ ৮১
রুদ্রহ্রদমিতি খ্যাতং তেন দেহহ্রদং শুভম্‌ ।
সর্ব্বৈর্দেবৈরহং দেবি অস্মিন্‌ স্থানে প্রসাদিতঃ ॥
গচ্ছেয়মহমীশেতি উপশান্তঃ স্থিতস্তদা ।
শিবো ভূত্বা স্থিতোঽহঞ্চ পুণ্যমস্যাপি দর্শনম্‌ ॥ ৮৩
প্রেক্ষতে প্রযতস্তং বৈ সুরলোকমবাপ্নুযাৎ ।
অত্রাহং ব্রহ্মণানীয় স্থাপিতঃ পরমেষ্ঠিনা ॥ ৮৪
ব্রহ্মণা চাপি সংগৃহ্য বিষ্ণুনা স্থাপিতঃ পুনঃ ।
তং দৃষ্ট্বা ব্রহ্মণা বিষ্ণুঃ প্রোক্তঃ সংবিগ্নচেতসা ॥ ৮৫
মমানীতমিদং লিঙ্গং কস্মাৎ স্থাপিতবানসি ।
তমুবাচ পুনর্বিষ্ণুর্ব্রহ্মাণং কুপিতাননম্‌ ॥ ৮৬
কামমেব সদোৎপন্নং পরং ভাবমহাদ্ভুতম্‌ ।
ময়ৈব স্থাপিতস্তেন সাম্প্রতঞ্চ ভবিষ্যতি ॥ ৮৭
হিরণ্যগর্ভ ইত্যেব অতোঽভূবং সমাহিতঃ ।
দৃষ্টে চ ময়ি দেবেশে গমনং কো ব্রজন্নরঃ ॥ ৮৮

পুনরেব ততো ব্রহ্মা মম লিঙ্গমিদং ততঃ ।
স্থাপয়ামাস বিধিবদ্ভক্ত্যা পরময়া যুতঃ ॥ ৮৯
দেবদেবং মহাদেবং প্রহৃষ্টেনান্তরাত্মনা ।
স্বয়মেব মহাদেবি নয়স্বেতি পুনঃপুনঃ ॥ ৯০
ততোঽহং সর্ব্বদেবানাং পশ্যতাং তত্র তত্র
প্রবিষ্টো লিঙ্গমধ্যে তু বিষ্ণু-ব্রহ্মপ্রচোদিতঃ
মাননার্থং হি তাভ্যাঞ্চ সূক্ষ্মো ভূত্বা স্বলীলয়
সুনীলেশ্বরনাম্না বৈ লোকানাং সর্ব্বনেত্রগঃ
তস্মাৎ সুনীলমিত্যেবং গুহ্যক্ষেত্রমিদং মম
প্রাণানি ত্যজতে যোঽত্র ন পুনর্জায়তে ভুবি
এবং দেবি ততো বিষ্ণুর্ব্রহ্মা লোকপিতামহঃ
প্রসন্নমনসৌ স্বৌ চ সুবর্ণৌ সুমহাগ্নৌ ॥
অশক্যা সা গতিস্তস্য যোগিনাঞ্চৈব শাশ্বতী
অস্মিন্নপি স্থিতা দৈত্যাঃ সর্ব্বে তে দেবকং
ব্যাঘ্ররূপং সমাস্থায় নির্দ্দগ্ধাস্তেজসা ময়া ।
ব্যাঘ্রেশ্বরস্ততঃ খ্যাতো নিত্যং অত্রাহমাস্থি

ও সজ্জনগণের দৃশ্য হইয়া অধিষ্ঠিত আছি। এই বিখ্যাত কপিলাহ্রদ দেবতাদেরও দুর্লভ, স্বয়ং ব্রহ্মা ইহা দেখাইয়াছেন। ধার্ম্মিক লোকের শান্তির জন্য ইহার জল অমৃতস্বরূপ। এই ধেনুদিগের দুগ্ধে এই মনোহর-হ্রদ উৎপন্ন হইয়াছে। ৭০—৮১। ইহাকে রুদ্রহ্রদ ও দেবহ্রদও বলিয়া থাকে। পরে সকল দেবতারা এইস্থানে আমাকে প্রসন্ন করিলেন, তখন আমি সকলের মঙ্গল-বিধাতা হইয়া ও ঈশ সংজ্ঞা প্রাপ্ত হইয়া অবস্থিতি করিলাম। এই হ্রদ অতি পুণ্যজনক; যে ব্যক্তি সংযত হইয়া এই হ্রদ দর্শন করে, সে দেবলোকে গমন করে। এই স্থানে পরমেষ্ঠী ব্রহ্মা আমাকে আনিয়া স্থাপন করিলে পর, বিষ্ণুও আমাকে পুনঃস্থাপন করেন। তাহা দেখিয়া ব্রহ্মা উদ্বিগ্নচিত্ত হইয়া বিষ্ণুকে জিজ্ঞাসা করেন,—তুমি কি কারণে মদানীত এই শিবলিঙ্গ স্থাপন করিলে? বিষ্ণু তখন ক্রোধে অগ্নিসদৃশ ব্রহ্মাকে কহিলেন,— [illegible] ভক্তি হওয়াতে আমি স্থাপিত [illegible] অতএব এক্ষণে এই লিঙ্গের নাম হইবে

—হিরণ্যগর্ভ। তাহার পর আমি স[illegible] হইলাম। আমাকে দর্শন করিলে লোক[illegible] সদনে যায় না। অনন্তর ব্রহ্মা পুনর্ব্বা[illegible] ভক্তির সহিত যথাবিধি আমার লিঙ্গ [illegible] করিলেন এবং প্রহৃষ্টচিত্তে বলিলেন, [illegible] মহাদেবের স্বরূপত্ব প্রাপ্ত হও। [illegible] পর আমি সকল দেবতার সাক্ষাতে [illegible] ও বিষ্ণু কর্তৃক নিয়োজিত হইয়া [illegible] সম্মানের নিমিত্ত সূক্ষ্ম হইয়া [illegible] প্রবিষ্ট হইলাম। তখন হইতে [illegible] সুনীলেশ্বর রূপে দৃষ্ট হইয়া থাকি; [illegible] আমার এই গুহ্যক্ষেত্র সুনীল নামে [illegible] হইল। যে প্রাণী এই ক্ষেত্রে প্রাণত্যা[illegible] তাহাকে আর ভূমণ্ডলে জন্মগ্রহণ ক[illegible] না। হে দেবি! অনন্তর মহাত্মা বিষ্ণু [illegible] পিতামহ ব্রহ্মা উভয়ে প্রসন্নচিত্ত হইলে[illegible] গণ এইস্থানে থাকিয়াও দেবতাদের ক[illegible] হইল, পরে আমি ব্যাঘ্ররূপী হইয়া [illegible] যারা তাহাদিগকে দগ্ধ করিলাম; সেই স্থানে ব্যাঘ্রেশ্বর নামে বিখ্যাত

দু র্গতিং যান্তি দৃষ্ট্বেমং ব্যাঘ্রমীশ্বরম্।
লো বিমলশ্চৈব দ্বৌ দৈত্যৌ ব্রহ্মণা পুরা।
দা দেবতৈঃ সৃষ্টৌ ত্বয়ৈব নিহতৌ শুভে ॥৯৭
মাশ্রিকে চাত্র অস্যেদং হ্রদমাস্থিতম্।
নাম বিখ্যাতং সুরাসুরনমস্কৃতম্ ॥ ৯৮
ং মনুজঃ সত্যং পশুপাশৈর্বিমুচ্যতে ॥ ৯৯
ত্রাহমাসাদ্য প্রস্থিতো গণপৈঃ সহ।
স্থানমিদং তস্মাদেতন্মে পুণ্যদর্শনম্ ॥ ১০০
মমলং লিঙ্গং জ্যেষ্ঠস্থানে সমাস্থিতম্।
চতি পুনর্মর্ত্ত্যো নাস্থিতো মৃত্যু-জন্মনী ॥১০১
মন্তাত্তু দেবেশি লিঙ্গানি স্থাপিতানি চ।
ন্নিয়তো মর্ত্ত্যো দেহভেদগুণো ভবেৎ ॥১০২
মহমাগত্য স্বয়মাস্বয়বস্থিতঃ।
ক্তং যদা তস্মাদবিমুক্তমিদং ততঃ ॥ ১০৩
ক্তে তদা দেবি পূর্বা কল্পে সুরাসুরৈঃ।
ষ্টং বিবিধস্তোত্রৈর্মহাদেবেতি ভাবিতৈঃ ॥
ং মম লিঙ্গস্থ ভিত্ত্বা ভূমিং সুরালয়ম্।

প্রদস্তং দর্শনং তেষাং সর্ব্বেষাঞ্চ দিবৌকসাম্ ॥
মহাদেবেতি তে সর্ব্বে ধ্যায়মানাঃ সুরোত্তমাঃ।
বারাণস্যাং ততো দেবি দেবানাং মানিতোঽভবম্
ক্ষেত্রং বারাণসী পুণ্যা মুক্তিদা সা ভবিষ্যতি।
অবিমুক্তেশ্বরং মাং বৈ যোঽত্র দ্রক্ষ্যতি মানবঃ।
মম লোকে গতিস্তস্য যত্র তত্র মৃতস্য চ ॥ ১০৭
প্রাণানিহ তু সন্ত্যজ্য যাস্যন্তি গতিমুত্তমাম্ ॥১০৮
পিত্রা তে গিরিরাজেন পুরা হিমবতা স্বয়ম্।
মম প্রিয়মিদং স্থানং জ্ঞাত্বা লিঙ্গং প্রতিষ্ঠিতম্ ॥
শৈলেশ্বরমিতি খ্যাতং দৃশ্যতামিদমাস্থিতম্।
দৃষ্ট্বৈব শৈলজং দেবি মম লোকমবাপ্নুয়াৎ ॥১১০
পুরা বারাণসী চেয়ং পুণ্যভাগা প্রমোদিনী।
ক্ষেত্রাগতমলঙ্কৃত্য জাহ্নব্যা সহ সঙ্গতা।
বরণা নাম তত্রৈব গঙ্গাসিশ্চ সরিদ্বরা ॥ ১১১
স্থাপিতং সঙ্গমে তাভ্যাং ব্রহ্মণা লিঙ্গমুত্তমম্।
সঙ্গমেশ্বরমিত্যেব খ্যাতং জগতি দুর্লভম্ ॥ ১১২
সঙ্গমেশ্বরং দৃষ্ট্বৈব স্নাত্বা চ মনুজঃ শুচিঃ।

৯৬। এই ব্যাঘ্রেশ্বরকে দেখিলে লোকে
প্রাপ্ত হয় না। পূর্ব্বে ব্রহ্ম উৎপল ও
নামক দুই দৈত্য সৃষ্টি করেন, তাহারা
অবধ্য। তুমি তাহাদিগকে বিনাশ
এবং তোমার আজ্ঞায় এইস্থানে নির্ম্মাণ
সুর-পূজিত তৎকালান হ্রদ রহিয়াছে,
দর্শন করিলে বন্ধ-পাশ হইতে মুক্ত
গ্রে আমি এই স্থানে আসিয়া পরে
র সহিত প্রস্থান করি, এই শ্রেষ্ঠস্থান
দর্শন বলিযা বিবেচনা করি। এই
স্থিত আমার অমল লিঙ্গমূর্ত্তি দর্শন
লোক জন্ম-মৃত্যু-নিবন্ধন আর দুঃখ
চতুর্দ্দিকেই আমার লিঙ্গ স্থাপিত
মনুষ্য সংযত হইয়া তাহা
করিলে, দেহাত্ম-ভেদ-জ্ঞান প্রাপ্ত
প্রতি আমি এই স্থানে আসিয়া
বস্থান করিতেছি, কখন এই ক্ষেত্র
করি না, সেইজন্য ইহার নাম
ক্ষেত্র হইয়াছে। পূর্ব্বকল্পে সুরা-
এই স্থানে বিবিধ স্তব দ্বারা আমার

স্তব করিয়াছিলেন, তজ্জন্য ভূমি ভেদ করিয়া
আমার লিঙ্গ উৎপন্ন হইয়া দেবতাদিগের
দর্শনগোচর হইল। তখন দেবতারা মহাদেব
বলিয়া ধ্যান করত বারাণসীতে আমাকে পূজা
করিতে লাগিলেন; সেই পবিত্র বারাণসী-
ক্ষেত্র মুক্তিদাত্রী হইল। যে মানব অবিমুক্তে-
শ্বর দর্শন করিবে, যেখানে-সেখানে মৃত
হইলেও শিবলোক প্রাপ্ত হইবে এবং এই-
স্থানে প্রাণত্যাগ করিলে উত্তম গতি প্রাপ্ত
হইবে। পূর্ব্বে তোমার পিতা গিরিরাজ
হিমালয় স্বয়ং আমার এই প্রিয়তম স্থানে
লিঙ্গস্থাপন করিয়াছেন। ৯৭—১০৯। ঐ দেখ,
সেই শৈলেশ্বর লিঙ্গ রহিয়াছে। শৈলজ লিঙ্গ
দর্শন করিলে, লোক শিবলোক প্রাপ্ত হয়।
পূর্ব্বে এই পুণ্যভাগা বারাণসী দেবী এই
ক্ষেত্র অলঙ্কৃত করিয়া জাহ্নবী দেবীর সহিত
মিলিত হইয়া আছেন; এই স্থানেই সরিৎ-
বরা বরণা, গঙ্গা ও অসি বিদ্যমান
আছে; ইহাদের সঙ্গম-স্থানে ব্রহ্মা উত্তম
লিঙ্গ স্থাপন করিয়াছেন, তাহা সঙ্গমেশ্বর

অর্চ্চয়েৎ সঙ্গমেশানং তস্য জন্ম গতং পুনঃ ॥ ১১৩
ইদমত্যাদ্ভুতং ক্ষেত্রং নিবাসং যোগিনাং পরম্।
ক্ষেত্রমধ্যে চ যত্রাহং স্বয়ং ভূত্বা সমাস্থিতঃ ॥ ১১৪
মধ্যমেশ্বরমিত্যেব খ্যাতং সর্ব্বৈঃ সুরাসুরৈঃ ॥ ১১৫
সিদ্ধানাং স্থানমিত্যেবং মদীয়ব্রতচারিণাম্।
যোগিনাং মোক্ষলিপ্সানাং জন্ম-মৃত্যু ন শোচতি
স্থাপিতং লিঙ্গমেতচ্চ শুক্রেণ ভৃগুসূনুনা।
নাম্না শুক্রেশ্বরং পুণ্যং সর্ব্বসিদ্ধৈঃ পুরার্চ্চিতম্ ॥
দৃষ্ট্বৈনং মানবঃ সদ্যো মুক্তঃ স্যাৎ সর্ব্বকিল্বিষৈঃ
মৃতস্তু ন পুনর্জ্জন্ম সংসারঞ্চ লভেন্নরঃ ॥ ১১৮
পুরা জম্বুকরূপেণ অসুরৌ দেবকণ্টকৌ।
ব্রহ্মণা চ তলে নদ্যা ঘাতিতৌ দেবতৈঃ সহ ॥ ১১৯
প্রতিষিদ্ধা ময়া তে তু গোমায়ুবধশঙ্কিতাঃ।
ময়া জম্বুকরূপেণ সাদিতা দানবাঃ পুরা ॥ ১২০
মমাজ্ঞয়া পুনস্তৈস্তু লিঙ্গানি স্থাপিতানি চ।

যস্তু লিঙ্গানি পুণ্যানি সর্ব্বকামপ্রদানি তু ॥
গম্ভীরেশ্বরবিখ্যাতং লিঙ্গং সূর্য্যেণ স্থাপিত
কল্পে শিবং মহাপুণ্যং লিঙ্গং যমভয়াপহম্
যমেন স্থাপিতং ভদ্রে দৃষ্ট্বা বৈ তস্য মোক্ষং
ঈশেন স্থাপিতং লিঙ্গং যস্মাদ্‌গত্বা চ ক্রীড়
যশ্চৈমং দেবমীশানং দৃষ্ট্বা বাভ্যর্চ্চ্য মানবঃ
সদ্যঃ পাপৈর্বিনির্ম্মুক্তঃ পশুপাশৈর্বিমুচ্যতে
ঈশানস্তত্র তং তস্মাৎ পরং সুরনমস্কৃতম্
এবমেতানি পুণ্যানি সন্তি স্থানানি সুব্রতে
কথিতানি মহাক্ষেত্রে গুহ্যকস্থমিদং শৃণু।
ক্রোশং ক্রোশং চতুর্দ্দিক্ষু ক্ষেত্রমেতং প্র
যোজনং বিধিক্ষেত্রস্য মৃত্যুকালেঽমৃতপ্রদম্
মহানদীগিরিস্থং মাং কেদারে চ বনে স্থিত
গণত্বং লভতে দৃষ্ট্বা স্বয়ং মোক্ষমবাপ্নোতি
গাণপত্যাং ততো যাতি গতিং সা মুক্তিরু
ততো মহালয়ে যস্মাৎ কেদারাম্ভিমাপ্নু

নামে অভিহিত। মনুষ্য শুচি হইয়া এই স্থানে স্নান করিয়া সঙ্গমেশ্বরকে অর্চ্চনা করিলে, তাহার আর জন্ম হয় না। এই অদ্ভুত ক্ষেত্র অতি শ্রেষ্ঠ ও যোগীদিগের নিবাসস্থান; এই ক্ষেত্রের যে মধ্যস্থলে আমি স্বয়ং উৎপন্ন হইয়া আছি, সেই স্থানের লিঙ্গকে দেবাসুরেরা মধ্যমেশ্বর বলিয়া থাকে। মদীয় ব্রতাবলম্বী মোক্ষাভিলাষী সিদ্ধ যোগিগণের এই স্থান; এই স্থানে আসিলে লোক জন্মমৃত্যু-জনিত দুঃখ প্রাপ্ত হয় না। এই লিঙ্গ ভৃগু-পুত্র শুকদেব স্থাপন করিয়াছেন, শুকেশ্বর নামক এই লিঙ্গের পূজা পূর্ব্বে কেবল সিদ্ধগণই করিতেন। মনুষ্য এই লিঙ্গ দেখিলে সকল পাপ হইতে মুক্ত হয় এবং এই স্থানে মৃত্যু হইলে আর জন্মগ্রহণ করিয়া সংসারে আসিতে হয় না। পূর্ব্বে ব্রহ্মা জম্বুকরূপ ধারণ করিয়া নদীতটে দেবতাদিগের সহিত দেবকণ্টকীভূত দুই দানব বিনাশ করিয়াছেন; দেবতারা গোমায়ু কর্ত্তৃক বধে শঙ্কিত হওয়াতে তাহাদিগকে সান্ত্বনা করিয়া বলিলাম, পূর্ব্বে "আমিও শৃগালরূপী হইয়া অনেক দানব বিনাশ করিয়াছি।" আবার আমার আজ্ঞায় তাঁহারা অনেক লিঙ্গ

স্থাপন করিলেন, সেই সকল লিঙ্গ করিলে পুণ্য হয় এবং সকল কামনা সিদ্ধ ১১০—১২১। এই স্থানে সূর্য্যকর্ত্তৃক গম্ভীরেশ্বর নামে প্রসিদ্ধ এক লিঙ্গ তাহা কল্পান্তেও মঙ্গলজনক ও যমভয় এবং যমস্থাপিত যে এক লিঙ্গ আছেন, দর্শন করিলে মুক্তি হয়। ঈশস্থাপিত লিঙ্গ আছেন; যে মনুষ্য এই ঈশানকে ও অর্চ্চনা করে, সে নিষ্পাপ হইয়া পাশ হইতে মুক্ত হয়; এইজন্য এই নমস্কৃত ঈশানলিঙ্গ শ্রেষ্ঠ। হে সুব্রতে সকল পবিত্র স্থান তোমাকে কহিলাম মহাক্ষেত্রের গুহ্য স্থান কহিতেছি, শ্রবণ চতুর্দ্দিকে এক এক ক্রোশ—এইরূপ পরিমিত যে ক্ষেত্র আছে, তাহা মৃত্যু মোক্ষ প্রদান করে। গঙ্গা-হিমালয় কেদারখণ্ডে অবস্থিত আমাকে যে দর্শন সে গাণপত্য লাভ করিয়া পরে মোক্ষ হয়, গাণপত্য-প্রাপ্তিই মুক্তি। যেহেতু পত্য হইতেই নির্ব্বাণ, অতএব কেদার

ব্যাস উবাচ।
...রী তু দেবেশৌ চক্রেতুর্যচ্চ সত্তম্।
...বিশেষেণ কথয়স্ব মহামুনে ॥ ১৩০
সনৎকুমার উবাচ।
...রী তু সংগম্য পরস্পরমনিন্দিতৌ।
...পুত্রং প্রযুঞ্জানং প্রচক্রতুঃ ॥ ১৩১
...যোনিজশ্চৈব সর্ব্বগো ভগবান্ প্রভুঃ।
...সর্ব্বকল্যাণঃ জগৎপতিমনিন্দিতম্।
সততং লব্ধা মহাগণ্যাং বিনির্ব্বিভৌ ॥১৩২
ব্যাস উবাচ।
...দী সমুৎপন্নঃ কথমারাধ্য শঙ্করম্।
...গাচ্ছ্রেষ্ঠো প্রতীহারত্বমেব চ ॥১৩৩
সনৎকুমার উবাচ।
...সধর্ম্মাত্মা শিলাদো নাম বীর্য্যবান।
...ছিলকৈবৃত্তিঃ শিবলোকে চ সোঽভবৎ ॥
...ম্বমানান্ স্বান্ নিরয়েঽসতি স দ্বিজঃ
সন্ততিস্তস্থে নিরয়ে পততে তু সঃ ॥১৩৫
...ৎপত্যকামস্য দেবলোকাদিমব্যয়ম্।
আরাধয় মহাদেবং পুত্রার্থং দ্বিজসত্তম ॥ ১৩৬
যোঽস্মাৎ সন্তারণে শক্তঃ স তে পুত্রং প্রদাস্যতি
তেষাং বাক্যং ততঃ শ্রুত্বা জগাম শরণং শিবম্ ॥
দিব্যেন তু সহস্রেণ তপ্যমানস্য শূলধৃক্।
সর্ব্বদেববরস্তস্য বরদোঽস্মীত্যভাষত ॥ ১৩৮
তং দৃষ্ট্বা সোমমীশানং প্রণতঃ পদয়োর্গতঃ।
হর্ষগদ্গদয়া বাচা তুষ্টাব বিবুধেশ্বরম্ ॥ ১৩৯
নমঃ পরমদেবায় মহেশায় মহাত্মনে।
স্রষ্ট্রে সর্ব্বসুরেশানাং ব্রহ্মণঃ পতয়ে নমঃ ॥ ১৪০
কামাঙ্গনাশনায়ৈব যোগসম্ভবহেতবে।
নমঃ পর্ব্বতবাসায় ধ্যেয়গম্যায় বেধসে ॥ ১৪১
ঋষীণাং পতয়ে নিত্যং দেবানাং পতয়ে নমঃ।
বেদানাং পতয়ে চৈব যোগিনাং পতয়ে নমঃ ॥১৪২
প্রধানায় নমো নিত্যং তত্ত্বায় পরসঙ্গিনে।
বরদায় চ ভক্তানাং নমঃ সর্ব্বগতায় চ ॥ ১৪৩
তন্মাত্রেন্দ্রিয়ভূতানাং বিকারাণাং গণৈঃ সহ।
প্রবোধপতয়ে চৈব নমস্তে প্রভবিষ্ণবে ॥ ১৪৪
জগতঃ পতয়ে চৈব জগৎস্রষ্ট্রে নমঃ সদা।

ব্যাস কহিলেন,—হে মহামুনে! দেবে-...হাদেব ও পার্ব্বতী যাহা করিয়াছেন, ...সবিশেষ শ্রবণ করিতে ইচ্ছা করি। ১৩০। সনৎকুমার কহিলেন,—অনিন্দিত ...মহাদেব পরস্পর মিলিত হইয়া শিলাদের ...যোনী করিয়াছেন। সেই শিলাদ-পুত্র ...সম্ভূত, সর্ব্বগামী ও ষড়ৈশ্বর্য্য-সম্পন্ন, ...জগদারাধ্য কল্যাণদাতা জগৎপতি...কে আরাধনা করিয়া, তাঁহার নিকট ...প্রাপ্ত হইয়াছিলেন। ব্যাস কহি-...কি প্রকারে নন্দী উৎপন্ন হইলেন এবং ...রে শঙ্করের আরাধনা করিয়া শিবতুল্য ...র প্রতীহারী হইলেন? সনৎকুমার ...ন,—শিলাদ নামক ধর্ম্মাত্মা বীর্য্যবান ঋষি ছিলেন, তাঁহার শিলবৃত্তি ছিল। একদা শিবলোকে গিয়াছিলেন। পরে ...ভয়ানক নরকের উপর লম্বমান স্বীয় ...কে দেখিলেন। তাঁহারা শিলাদকে ...,—সন্ততিচ্ছেদ হইলেই নরকে পতিত হইতে হয়। তুমি পুত্রলাভের জন্য দেবাদি অব্যয় মহাদেবকে আরাধনা কর, যিনি আমাদের উদ্ধারে সক্ষম, তিনিই তোমাকে পুত্র দিবেন। তাঁহাদের এই বাক্য শ্রবণ করিয়া শিলাদ মহাদেবের শরণাপন্ন হইলেন এবং দিব্য বর্ষসহস্র ধরিয়া তিনি তপস্যা করিলে পর, দেবশ্রেষ্ঠ শূলী বলিলেন,—আমি তোমার বরদাতা আসিয়াছি। দ্বিজ ঈশানকে আগত দেখিয়া তাঁহার চরণপ্রান্তে পতিত হইলেন এবং হর্ষগদ্গদ-বাক্যে মহাদেবের স্তব করিলেন। হে পরমদেব মহাত্মন্ মহেশ! তোমাকে নমস্কার। তুমি সকল সুরগণের স্রষ্টা এবং ব্রহ্মারও পতি; তুমি কামাঙ্গ-নাশক এবং যোগোৎপত্তির কারণ; তোমাকে নমস্কার। তুমি পর্ব্বতবাসী, ধ্যানগম্য এবং বিধাতা; তোমাকে নমস্কার। তুমি ঋষি ও দেবতাদিগের পতি; তুমি বেদসকলের পতি; তুমি যোগীগণের পতি; তুমি প্রধান এবং পরম তত্ত্ব; তোমাকে নমস্কার। তুমি ভক্তের বরদাতা এবং সর্ব্বব্যাপী;

প্রকৃতেঃ পতয়ে নিত্যং পূজ্যায় পরগামিণে ॥১৪৫
ঈশ্বরায় নমো নিত্যং যোগগম্যায় রংহসে ।
সংসারোৎপত্তিনাশায় সর্ব্বকামপ্রদায় চ ॥ ১৪৬
অবজ্ঞায় নমো নিত্যং নমো ভস্মাঙ্গধারিণে ।
নমস্তে যোগরূপায় তেজসাং পতয়ে নমঃ ॥১৪৭
সূর্য্যানলাম্বুজাক্ষায় অর্দ্ধচন্দ্রধরায় চ ।
স্থিতায় চ নমো নিত্যং নমস্ত্রৈলোক্যবেধসে ॥১৪৮
স্তোতব্যস্ত মুনে দেব বিশ্রামস্তে ন বিদ্যতে ।
যস্মাত্ত্বমেবাস্য জগতঃ স্থিতি-নাশয়োঃ ॥ ১৪৯
অশরণস্য দেবেশ ত্বত্তঃ শরণার্থিনঃ ।
প্রসীদ পরমানন্দ বরদো ভব বিশ্বকৃৎ ॥ ১৫০
তস্যৈবং বদতো ব্যাস দেবদেবস্ত্রিলোচনঃ ।
বরদোঽস্মীতি তং প্রাহ শিলাদং মুনিসত্তমম্ ॥১৫১

যঃ স্তোত্রমেতদখিলং পঠতি দ্বিজন্মা
প্রাতঃ শুচির্নিয়মবান্ দ্বিজসত্তমানাম্
তং ব্রহ্মরাক্ষস-পিশাচক-ভূতসঙ্ঘা
হিংসন্তি নো দ্বিপদ-পন্নগ-পূতনাশ্চ ॥ ১৫২

ততঃ স ভগবান্ দেবঃ স্তূয়মানো মহোদয়ঃ ।
উবাচ বরদোঽস্মীতি ব্রূহি যত্তে মনোগত
তমেবংবাদিনং দেবং শিলাদোঽভ্যবদৎ
উবাচ দেবদেবেশং বাচা সংসজ্জমানয়া ॥
ভগবন্ যদি তুষ্টোঽসি যদি বা বরদশ্চ মে
ইচ্ছামি ত্বৎসমং পুত্রং মৃত্যুহীনমযোনিজ
এবমুক্তস্ততো দেবঃ প্রীয়মাণস্ত্রিলোচনঃ ।
এবমস্ত্বিতি তং প্রোচ্য তত্রৈবান্তরধীয়ত ॥
গতে তস্মিন্ মহাদেবে ঋষিঃ পরমপূজিতঃ
স্বমাশ্রমমুপাগম্য ঋষিভ্যঃ কথয়ংস্ততঃ ॥
তৈর্ভৃশং সংস্তুতশ্চৈব কালেন মুনিসত্তমঃ
স দিদৃক্ষুর্যজ্ঞভূমিং লাঙ্গলেন চকর্ষ তাম্ ॥
তস্য তং কর্ষমাণস্য সীতায়াং সমুপস্থিতঃ ।
সংবর্ত্তকানলপ্রখ্যঃ কুমারঃ প্রত্যদৃশ্যত ॥ ১
স তং দৃষ্ট্বা অদ্ভুতং কুমারং দীপ্ততেজস
রাক্ষসোঽয়মিতি জ্ঞাত্বা ভয়ান্নোপসসার হ
কুমারোঽপি তথোদ্ভূতঃ পিতরং দীপ্ততেজ
উপাসর্পত দীনাস্যো তাত তাতেতি সোঽব্র

তোমাকে নমস্কার; তুমি স্রষ্টা এবং জগৎ ও প্রকৃতির পতি, তোমাকে নমস্কার; তুমি ঈশ্বর এবং যোগগম্য ; তোমাকে নমস্কার । তুমি মৃত্যু ও উৎপত্তির বিনাশক এবং অভীষ্ট-দাতা, তোমাকে নমস্কার । ভস্ম তোমার অঙ্গাভরণ ; তুমি যোগস্বরূপ ও তেজঃপতি ; সূর্য্য, চন্দ্র ও অগ্নি তোমার চক্ষু ; অর্দ্ধচন্দ্র তোমার ললাটে বিরাজমান রহিয়াছে ; তুমিই কেবল নিত্যরূপে জগতে রহিয়াছ ; তুমিই ত্রিলোকের বিধাতা, তোমাকে নমস্কার । ১৩১—১৪৮ । এই জগতের স্থিতি ও ধ্বংসের কারণ বলিয়া তুমি স্তোতব্যের বিশ্রাম ; হে দেব ! আমরা তোমার শরণার্থী, হে বিশ্বকর্ত্তঃ ! প্রসন্ন হও এবং বরদান কর । তিনি এই-রূপ বলিলে পর দেবদেব ত্রিলোচন, মুনিশ্রেষ্ঠ শিলাদকে বলিলেন,—আমি বরদাতা ; যে ব্রাহ্মণ শুচি ও সংযত হইয়া প্রাতঃকালে এই স্তব পাঠ করে, রাক্ষস, পিশাচ, ভূত, পন্নগ, দ্বিপদ ও পূতনাগণ তাহার অনিষ্ট সাধন করিতে পারে না । পরে ভগবান্ মহাদেব স্তূয়মান বলিলেন,—তোমার কি অভীষ্ট ? বল, সেই বর দিব । মহাদেব এইরূপ বলিলে দেবদেবেশ্বর মহাদেবকে বলিলেন,—হে বন্ ! যদি আপনি তুষ্ট হইয়া আমা দিতে ইচ্ছা করেন, তবে আপনার সদৃশ অযোনিজ পুত্র ইচ্ছা করি । প্রীয়মাণ এই প্রকার অভিহিত হইয়া "তাহাই এই কথা বলিয়া অন্তর্হিত হইলেন । ম গমন করিলে পর পরমপূজিত ঋষি আশ্রমে আসিয়া ঋষিদিগের নিকট কথা প্রকাশ করিলেন এবং তাঁহাদের সংস্তুত হইয়া কালক্রমে যজ্ঞভূমি ইচ্ছুক হইলেন ও তাহা কর্ষণ করিলেন । করিতে করিতে দেখিলেন, লাঙ্গলমার্গে অগ্নির ন্যায় তেজস্বী একটী কুমার র এই উদ্ভূত কুমারের প্রদীপ্ত তেজ দেখিয়া বিবেচনা করিয়া ভয়ে নিকটে যাইতে পা না । তখন সেই দীপ্ততেজা কুমার, "তাত ! বলিয়া দীনভাবে শিলাদের নিকটে যা

ত্যুচ্যমানোঽপি যদা তং নাভ্যনন্দত।
বায়ুস্তদাকাশে শিলাদং প্রাহ সত্বরম্‌॥ ১৬২
তন পুত্রস্তে যোঽসৌ দেবেন শম্ভুনা।
জঃ পুরা দত্তঃ স এষ প্রতিনন্দয়॥ ১৬৩
করস্তেঽয়ং সদৈব দ্বিজসত্তমঃ।
দীতি নাম্নায়ং ভবিষ্যতি ন সংশয়ঃ॥১৬৪
আমার কিছুমাত্র জিজ্ঞাস্য নাই। তবে
ী মাত্র জিজ্ঞাস্য আছে, আপনি যথার্থরূপে
ন করুন। এইরূপ বিজ্ঞান-সম্পন্ন যোগ-
মুনিগণ বিনা ক্লেশে যোগবল আশ্রয় করত
াধন তনুকে পরিত্যাগ করিয়া কিরূপে
পরমবস্তু নিষ্কল পুরুষোত্তমকে প্রাপ্ত হন?
নশ্রেষ্ঠ! যোগস্বরূপ ঈশ্বরচিন্তা-লভ্য সেই
আমাকে বলুন, তদ্ভিন্ন আমার আর জিজ্ঞাস্য
মহাত্মা সশিষ্য ব্যাস এইরূপ জিজ্ঞাসা
। সনৎকুমার কহিলেন,—হে বিপ্রেন্দ্র
! যাহা দ্বারা শিবের সিদ্ধান্ত নিশ্চয় হয়,
ন ঈশ্বর-চিন্তার কারণ এবং যোগিগণ
ন দ্বারা পরম-জ্ঞান লাভ করত ইচ্ছানু-
মুক্তি লাভ করিয়া থাকেন, সেই পরম-
কহিতেছি, শ্রবণ কর। আমাকে গুরুরূপে
করত মদুক্তবিদ্যার অভ্যাসপূর্ব্বক, যেরূপ
সকল কার্য্যের প্রতিবন্ধক বলিয়া ত্যাগ
হয়, সেইরূপ স্বীয়দেহ তত্ত্বজ্ঞানের
ক বিবেচনা করত তাহাকে ত্যাগ করিয়া
ত্ব তত্ত্বজ্ঞানকে লাভ করিবে। দেহি-

গণের যে সকল নাড়ী বায়ু-সংরুদ্ধ হইয়া ইত-
স্ততঃ সঞ্চরণ করে, সেই বিস্তৃত নাড়ীসমূহের
কর্ণিকাই সেতু এবং কর্ণিকার মধ্যে তাহা-
দিগের আশ্রয়। ঐ নাড়ী সেই সেতুকে আশ্রয়
করিয়া বাহু পাদে অবস্থান করে। অন্য যে
সকল নাড়ী, তাহারা একটী করকে অবলম্বন
করিয়া থাকে। ১—১৩। সহস্র-সংখ্যক নাড়ী
দৃষ্টান্ত-রহিত পরমাত্মাতে অবস্থিত; তাহার
মধ্যে সূক্ষ্ম ও সূক্ষ্মতর রূপে এক একটী ভিন্ন
ভিন্ন। কর্ণিকামধ্য হইতে উৎপন্ন প্রাণবায়ু ঐ
সমস্ত নাড়ীতে সঞ্চরণ করে। হে দ্বিজ!
পূর্ব্বোক্ত অতি সূক্ষ্ম আত্মা ঐ কর্ণিকাতে
অবস্থিত। যোগিগণ বিদ্যা দ্বারা ঐ সকল
নাড়ীকে দর্শন করত পরমাত্মাকে অবলোকন
করেন। ঐ তেজঃস্বরূপ পরমাত্মা, সর্ব্বদেহীর
সকল নাড়ীতে বিভক্ত। ঐ সকল নাড়ী, মনের
সহিত যুক্ত হইয়া, মনকে চঞ্চল করে। ঐ
তেজ, চক্ষু দ্বারা আহৃত হইয়া সকল নাড়ীকে
আশ্রয় করে। মনকে একাগ্র করিয়া আত্মাতে
নিযুক্ত করিবে। ধনঞ্জয় নামে যে বায়ু, সেই
বায়ু হৃদয় মধ্যে সর্ব্বদা প্রকাশ পাইয়া [illegible]
[illegible] শির, নাভি, হৃদয় [illegible]

নস্তয়স্ত তে সর্ব্বে বশগা তন্নিবন্ধনাঃ ॥ ১৯
ন বশা গন্তমন্তত্র তস্মিংস্তিষ্ঠন্তি সংস্থিতাঃ ॥ ২০
নাভিবন্ধনমাসাদ্য নাড়ীচক্রং সমাশ্রিতাঃ।
দ্বিতীয়ং কর্ণিকায়াস্তু তৃতীয়ং তালুসংস্থিতম্ ॥ ২১
দ্রবিকারপরং শূলং ত্রিবিধোৎক্রান্তিরুচ্যতে।
হৃদি শূলং পরং নাড্যাং তালৌ পরস্তরাস্থিতঃ ॥
তাসু কে হৃদি বদ্ধশ্চ পদ্মনাড্যাং নিয়োজিতঃ।
তালৌ বিয়োজিতং সর্ব্বং প্রাণমেব বিমুঞ্চতি ॥ ২৩
আক্ষিপ্য ত্রিতয়ং নাড্যাং কর্ণিকায়াং নিযোজনম্
চিত্তমাত্মনি সংযোজ্য বিক্ষিপেৎ পূর্ব্বতো মম।
প্রয়োগাদস্য বিপ্রেন্দ্র মুচ্যতে তৎক্ষণান্মুনিঃ ॥ ২৪
ধর্ম্মাধর্ম্মনিবন্ধৈস্তু কর্ম্মভিঃ প্রাগনুষ্ঠিতৈঃ।
যথা জীবা ন বাধ্যন্তে যোগিনস্তদিদং শৃণু ॥ ২৫
বাহ্যঃ শরীরজশ্চেতি মৃত্যুর্দ্বিবিধ উচ্যতে ॥ ২৬
বিষশস্ত্রাদিবেগৈস্তু ব্যাপদৈর্বহ্নিভির্জলৈঃ।

বাহ্যো মৃত্যুরিতি খ্যাতঃ শারীরস্তু নিবোধ মে
রোগজঃ কালজো বাপি মৃত্যুরভ্যন্তরে ভবেৎ
কালজো জরয়া যুক্তো রোগজো ব্যাধিসংজ্ঞি
দুর্লভো মৃত্যুরভ্যাসাদ্‌যোগসাধনজো মুনেঃ ॥
যোগোপায়কৃতো যশ্চ যশ্চ কালকৃতঃ ক্ষয়ঃ।
তয়োর্ভেদাধিকারো বা শৃণু ব্যাস সমাসতঃ ॥
কালক্ষোভান্তবেদকো দ্বিতীয়ো মনসি স্থিতঃ
যোগমাক্রামতঃ শব্দঃ শ্রূয়তে শ্রোত্রসন্নিজঃ।
স পূর্ব্বং নীয়তে কূর্ম্মে তেন বহ্নিস্ত্যজেৎ প্র
নিস্প্রভঃ সততো বহ্নিঃ শব্দযোগাদ্বিমুচ্যতে
শব্দস্পর্শী গুণাতীতো রূপযোগং বিমুঞ্চতি।
এবমগ্নৌ প্রবিষ্টে তু সর্ব্ব এবানিতাস্ততঃ।
একতো যোগমিচ্ছন্তো মর্ম্মাণি বিনিকৃন্ততি
কিম্মিরো দেবদত্তশ্চ কৃকরো নাগ এব চ।
উদানো নাম সংযুক্তা কর্ণিকায়াং বিশন্তি হি

স্থান। আমি তোমার নিকট যে সকল বায়ু কীর্ত্তন করিয়াছি সেই সমস্ত বায়ু ধনঞ্জয় নামক বায়ুর বশতাপন্ন এবং তাহা হইতে উৎপন্ন। এজন্য অন্য স্থানে গমন করিতে অক্ষম; তাহাতেই অবস্থিত। বায়ুর প্রথম স্থান—নাভি-বন্ধন-নাড়ীচক্র; দ্বিতীয় স্থান—কর্ণিকা; তৃতীয় স্থান—তালু। দ্রবিকার স্বরূপ শূল হইতে ত্রিবিধ উৎক্রান্তি। হৃদয়ে শূল, নাভিতে শূল এবং তালুতে পরস্ত নাড়ী, মস্তক এবং হৃদয়ে আবদ্ধ বায়ু, পদ্ম নাড়ীতে নিয়োজিত হইয়া পরিশেষে সমস্তই যদি মূর্দ্ধে নিয়োজিত হয়, তবে প্রাণত্যাগ হইয়া থাকে। অতএব ঐ তিনটিকে আক্ষেপপূর্ব্বক কর্ণিকানাড়ীতে নিয়োজন করিবে এবং আত্মাতে চিত্তকে সংযোজিত করিয়া আমার অগ্রে বিক্ষেপ করিবে। হে বিপ্রেন্দ্র! মুনিগণ এই যোগের অভ্যাসেই তৎক্ষণাৎ মুক্তিলাভ করেন। যোগী জীব সকল ধর্ম্ম, অধর্ম্ম এবং পূর্ব্বজন্মে অনুষ্ঠিত কর্ম্ম দ্বারা যেরূপে আবদ্ধ না হয়, তাহা কহিতেছি, শ্রবণ কর। বাহ্য ও শরীরজ এই দুই প্রকার মৃত্যু। এই দুই প্রকার [illegible]

অগ্নি, জল এই সকল দ্বারা যে মৃত্যু, তা... বাহ্যমৃত্যু বলে। এক্ষণে আমার ... শরীরজ মৃত্যু শ্রবণ কর। ১৪—২৭। শ... মৃত্যু দুই প্রকার, রোগজ এবং কা... প্রাচীনাবস্থায় জরাযুক্ত ব্যক্তির মৃত্যু কা... ব্যাধি দ্বারা যে মৃত্যু, তাহা রোগজ। ... পণের যোগ দ্বারা যোগসাধনজন্য যে মৃত্যু, ... অতি দুর্লভ। হে ব্যাস! যোগোপায় দ্বা... মৃত্যু এবং কালকৃত যে মৃত্যু, তাহার ... তাহাতে কোন ব্যক্তির অধিকার, ... সংক্ষেপে কহিতেছি, শ্রবণ কর। ... মৃত্যু কালক্ষয়ে হইয়া থাকে; দ্বিতীয় ই... বায়ী। শ্রোত্রসন্নিধ শব্দ, যোগাভ্য... ব্যক্তির শ্রবণ-গোচর হয়। ঐ শব্দ ... কূর্ম্ম নামক বায়ুতে নীত হইলে বহ্নি প্র... ত্যাগ করেন। পরে ঐ বহ্নি নিস্প্রভ ... শব্দসম্বন্ধ হইতে মুক্তি লাভ করেন এব... ও স্পর্শ গুণাতীত হইলে রূপকে ... করেন। অগ্নি এই রূপে প্রবেশ ক... সমস্ত জীব একান্ত যোগ ইচ্ছা কর... মর্ম্মকে বিনষ্ট করেন। কিম্মির, ... কৃকর, নাগ এবং উদান ইহারা কিম্মির...

ধ্বজার্দ্ধ ভবেৎ স্থাণৌ মনো জীবতি নির্গমঃ ।
দ্রিয়াণি মনো যান্তি মনঃ প্রাণাবিনির্গতম্ ॥ ৩৫
বু সর্ব্বেষু লীনেষু প্রাণবায়ুং নিপীড়য়েৎ ।
ড়্যমানাস্ততঃ সর্ব্বে ভবন্ত্যেকশতানিলাঃ ॥ ৩৬
সংযুক্তং ততঃ স্থানং ততঃ কর্ম্ম যথাত্মকম্ ।
স্থা বায়বঃ সর্ব্বে পূরয়ন্তি ধনঞ্জয়ম্ ॥ ৩৭
ন্তদীয়কূর্ম্মাদ্যা জীবং ত্যক্ত্বা স তিষ্ঠতি ।
কালকৃতা জ্ঞেয়া সর্ব্বভূতগুণস্থিতিঃ ।
। যোগং ন জীর্য্যেত সূক্ষ্মং মাহেশ্বরং পদম্ ॥
বিষ্টঃ প্রসুপ্তো বা উৎক্রান্তস্ত ন সংশয়ঃ ।
চ্ছয়া মুচ্যতে ব্যাস জ্ঞাত্বা তত্ত্বং মহেশ্বরম্ ॥৩৯
কাং পরশুং বাপি শূলং বা চারয়েন্মুনিঃ ।
ঃ সর্ব্বে বিলীয়ন্তে বিকারাঃ করণৈঃ সহ ॥৪০
ৎতে চেশ্বরং ব্রহ্ম সর্ব্বতত্ত্বং মহেশ্বরম্ ॥ ৪১
ষ্টাবদ্রুজং জন্তোঃ প্রযচ্ছতি বিপদ্গতঃ ।
জো মোহমাপন্নো জ্ঞানবস্তু ন বিন্দতি ॥ ৪২

অনেন কর্ম্মণা বিপ্র সর্ব্বদুঃখবিবর্জ্জিতঃ ।
সুখমাপ্নোতি ব্রহ্ম কর্ম্মপূতস্তলাদিব ॥ ৪৩
যদা ন পঞ্চ বিজ্ঞায় দৃষ্ট্বা তু পরিনিষ্ঠিতঃ ।
পঞ্চভির্ব্রহ্মভিঃ পূতো ভস্মনা দীক্ষিতো দ্বিজঃ ॥৪৪
শঙ্করৈকমনা যোগী জ্ঞানমেতদবাপ্নুতে ।
মাহেশ্বরমিমং যোগং নিষ্কলং মুক্তিকারণম্ ॥ ৪৫
যজ্ঞাদপি ন মুচ্যন্তি ব্রতমপ্রাপ্য শাঙ্করম্ ।
সর্ব্বজ্ঞাতে প্রবুদ্ধেন নেহ পাশুপতং ব্রতম্ ॥ ৪৬
মহাদেবপরো ভূত্বা সর্ব্বজ্ঞানমবাপ্নুহি ।
নৈবামত্যা পরং ব্রহ্ম অন্যে বিন্দন্তি যোগিনঃ ॥৪৭
মহাদেবপ্রসাদেন ন মুক্তাঃ শিবযোগিনঃ ।
এষ মোক্ষবিধিঃ কৃৎস্নঃ সর্ব্বপ্রত্যয়বর্জ্জিতঃ ॥ ৪৮
সকলস্থাস্পদং দিব্যং ব্রহ্মলোকাৎ পরস্থিতম্ ।
মহাদেবস্য বক্ষ্যামি তদ্ভক্ত্যা যেন যান্তি হি ॥ ৪৯

ইতি শ্রীশৈবে মহাপুরাণে সনৎকুমারসংহি-
তায়াং যোগধ্যানে অষ্টপঞ্চাশোঽধ্যায়ঃ ॥ ৫৭ ॥

কাতে প্রবেশ করে। মন, জীবাত্মার নিষ্ক্রিয় । অবস্থিত থাকে। ইন্দ্রিয় সকল মনকে য় করে এবং মন প্রাণ-সম্মিলিত হয়। মস্ত লীন হইলে প্রাণ-বায়ু নিপীড়িত হয়। ত প্রাণ-বায়ু একশত বায়ুরূপে পরিণত ২৮—৩৬। তৎপরে কর্ম্মাত্মক বায়ু- রস্পর যুক্ত হয়। পরে কূর্ম্মাদি বায়ু একত্রিত হইয়া, ধনঞ্জয় বায়ুকে পরিপূর্ণ ঐ অবশিষ্ট ধনঞ্জয়-বায়ু জীবকে পরি- করিয়া অবস্থিত হয়। এইরূপ সমস্ত গুণে অবস্থিতি এককালকৃত। মাহে- অতি সূক্ষ্ম, যোগ ব্যতিরেকে কখনই রিপক্ক হয় না। হে ব্যাস! মননশীল উপবিষ্ট হউক, প্রসুপ্ত হউক, অথবা রুক, ছুরিকা ধারণ, পরশু ধারণ বা শূল রুক, পরব্রহ্ম মহেশ্বরকে জানিলে ইচ্ছা- মুক্তিলাভ করে, ইহাতে সংশয় নাই। ক্রিয়ার সহিত সমস্ত বিকার লয় প্রাপ্ত সকলের যথার্থস্বরূপ ঐশ্বর্য্যশালী মহেশ্বরকে দর্শন করে। মনই রূপ দান করে। মোহযুক্ত হইলে

বিপদ্ প্রাপ্ত হয়। বিপন্ন ব্যক্তি মোহ প্রাপ্ত হইয়া জ্ঞানরূপ বস্তুকে লাভ করিতে অক্ষম হয়। হে বিপ্র! লোকে যেরূপ বৈধ কর্ম্ম দ্বারা পবিত্র হইয়া ভূতল হইতে স্বর্গ লাভ করে, সেইরূপ এই সকল কর্ম্ম দ্বারা দুঃখ পরিত্যাগ করত জ্ঞানস্বরূপ ব্রহ্মকে লাভ করে। যে দ্বিজ সদ্যোজাতাদি পঞ্চ ব্রহ্মকে না জানিয়াও দর্শন মাত্রে তাঁহাদিগের কর্ম্মে নিষ্ঠবান্, ভস্মদ্বারা পবিত্র অন্য কর্ম্ম হইতে নিবৃত্ত এবং শঙ্করের প্রতি একমনা হইয়া যোগাভ্যাসে রত; তিনিও এই জ্ঞান প্রাপ্ত হন। এইটীই নির্গুণ মুক্তির কারণ, মাহেশ্বর যোগ। যে জীব শঙ্করব্রত অনুষ্ঠান না করিয়া যজ্ঞের অনুষ্ঠান করে, সে মুক্তিলাভে অক্ষম। যে ব্যক্তি সমস্ত জানিয়া প্রকৃষ্ট জ্ঞান লাভ করিয়াছেন, তাঁহাকে ইহলোকে পাশুপত ব্রত অবলম্বন করিতে হয় না। মহাদেবে ভক্তি- পূর্ব্বক একাগ্রচিত্ত হইলেই সকল জ্ঞান লাভ করা যায়। যে সকল যোগী তাঁহাকে চিন্তা না করে, তাহারা পরব্রহ্মকে লাভ করিতে পারে না; মহাদেবের দয়া ব্যতিরেকে মুক্তিলাভ [illegible] না। [illegible]

একোনষষ্টিতমোঽধ্যায়ঃ ।

সনৎকুমার উবাচ ।

সত্যস্ত মহতশ্চৈব জনস্য তপসস্তথা ।
ভূত-ভব্য-ভবানাঞ্চ সপ্তানামূর্দ্ধতঃ স্থিতাঃ ॥ ১
লোকা ভগবতঃ শম্ভোর্যত্রাস্তে সততং শিবঃ ।
নাসৌ তর্কবিনির্দ্দেশ্যো লোকাস্তস্মিন্ প্রতিষ্ঠিতাঃ
ঊর্দ্ধস্তির্য্যগধস্তাচ্চ লোকাস্তদ্বিনিবন্ধনাঃ ।
ব্রহ্মাণ্ডং সকলং তস্মিঞ্ছিবলোকে প্রতিষ্ঠিতম্ ॥৩
নাসৌ নশ্যতি সংহারে ধ্রুবস্থানং সুরালয়ঃ ।
যত্রাহং সনকাদ্যাশ্চ ব্রহ্মা চৈব পিতামহঃ ॥ ৪
বালখিল্যপুরোগাশ্চ সিদ্ধাশ্চ কাপিলাদয়ঃ ।
শিবযোগং পরিপ্রাপ্তাঃ সত্ত্বাদিগুণবর্জ্জিতাঃ ॥ ৫
নিষ্কামা নিষ্ঠিতা ব্যাস সেবমানাশ্চ ঈশ্বরম্ ।
পরমাত্মা চ ভাবোঽসৌ পরমোঽসৌ মনীষি
পরমৈশ্বর্য্যসংযুক্তস্তত্রাস্তে বিগ্রহেশ্বরঃ ।
ক্ষমা সত্যং ধৃতিশ্চৈব তপো বৈরাগ্যমেব চ
বিষ্ণুত্বঞ্চ বিধাতৃত্বমাদ্যবোধো মহেশতা ।
নিত্যমেতানি তিষ্ঠন্তি তস্মিন্ দেবে মহেশ্ব
অতঃ পরস্পরো দিব্যো পরমাণোঃ পদে স্থি
মনসঃ প্রাক্ তস্মাদৌ তং তেজঃসম্প্রকাশন
যথাসিদ্ধের্মণ্ডলস্ত লৌকিকং সাপবর্গিকম্ ।
মহান্তঃ সর্ব্বতো নিত্যা ঈশ্বরাং তদভূং
তস্মাদ্দ্বিজস্য নির্ভেদঃ ক্ষেত্রতঃ স বিভুঃ স্মৃ
প্রকৃতির্বৈষ্ণবী প্রোক্তা সা চ তস্মাদ্বিনির্গ
অমুষ্য পুরতো ব্রহ্মা ব্রহ্মণঃ শঙ্করাত্মনঃ ।
ব্রহ্মলোকপুরস্তাচ্চ পুরং তেজোময়ং ত্রয়
যং স্থানং বিগ্রহেশস্য ঈশ্বরস্য মহাত্মনঃ ।
নাম্না শিবপুরং ব্যাস গতিরীশ্বরযোগিনাম্
শতং শতসহস্রাণাং যোজনানাং তদুচ্চাতে

উপায় ; ইহা অবলম্বন করিলে সমস্তই মিথ্যা বোধ হয় । ব্রহ্মলোকের পরে মহাদেবের সম্পূর্ণ স্থান ; শিবভক্ত ব্যক্তিরাই তথায় যাইতে সমর্থ । সেই স্থানের কথা বলিতেছি । ৩৭—৪৯ ।

অষ্টপঞ্চাশ অধ্যায় সমাপ্ত ॥ ৫৮ ॥

ঊনষষ্টিতম অধ্যায় ।

সনৎকুমার কহিলেন,—হে ব্যাস ! সত্য-লোক, মহর্লোক, জনলোক, তপোলোক, ভূত-লোক, ভব্যলোক, ভবলোক এই সপ্ত লোকের ঊর্দ্ধে শিবলোকসমূহ প্রতিষ্ঠিত ; যে স্থানে তর্ক দ্বারা অনির্দ্দেশ্য শিব সর্ব্বদা বাস করেন ; সেই সব লোক আশ্রয় করিয়া ঊর্দ্ধ, মধ্য এবং অধো-দেশে লোক সকল অবস্থিত । সেই শিবলোকেই সমস্ত ব্রহ্মাণ্ড প্রতিষ্ঠিত ; প্রলয়কালেও তাহা নষ্ট হয় না । তথায়ই অবিনাশী স্থান, সেই স্থানেই দেবতারা অবস্থিতি করেন । যে স্থানে আমি, সনকাদি যোগিগণ, পিতামহ ব্রহ্মা, বাল-খিল্যাদি ঋষিগণ এবং কপিল প্রভৃতি সিদ্ধগণ, আমরা সকলেই শিবযোগ অবলম্বনপূর্ব্বক সত্ত্বাদি গুণত্রয়কে পরিত্যাগ করত নিষ্কাম [illegible] ঈশ্বরের সেবা করিতেছি ।

এই শিবরূপী ঈশ্বর—পরমাত্মা, নিত্য ; মনীষীদিগের মধ্যে পরম বস্তু বলিয়া তাঁহাতেই পরম ঐশ্বর্য্য বিদ্যমান আছে সকল প্রাণীর প্রভু । ক্ষমা, সত্য, ধৃতি বৈরাগ্য, বিষ্ণুত্ব, বিধাতৃত্ব, শুদ্ধজ্ঞান এ শতা ; এই সমস্তই সেই দেবদেব নিত্যই অবস্থান করিতেছে ; এই হে সর্ব্বাতিশায়ী দিব্য পরমাণু পদে অবস্থি ও অহঙ্কার এই উভয়ের পূর্ব্বকালস্থা তাঁহা হইতেই অনির্ব্বচনীয় তেজ প্রকা ১—৯ । যাহা হইতেই মহত্ত্ব ও নি লাভ করা যায়, সেই মুক্তিপদ লৌকিক মণ্ডলও তাঁহা হইতেই প্রসূত । সে হইতে দ্বিজের উৎপত্তি ; তিনি ঈশ্ব বৈষ্ণবী শক্তি তাঁহা হইতেই নির্গত হ এই শঙ্কররূপী ব্রহ্মের অগ্রে ব্রহ্ম ব্রহ্মলোকের অগ্রে তেজোময় পুর ; সেই তেজোময় পুরে মহাত্মা প্রাণি ঈশ্বর অবস্থিত এবং ঐ স্থানেই নিত্য স্থিত হইয়া থাকে । ঐ

হ্যমণ্ডলসংস্থানং তন্মধ্যে বিমলং শুভম্ ॥ ১৬
রুদাদিত্যরূপোঽসৌ বহ্নিতোঽধিকতেজসা।
হৃতা জাতরূপেণ প্রাকারেণ স বেষ্টিতঃ ॥ ১৫
ভির্হেমজৈর্দ্বারৈর্মণিমুক্তাবিভূষিতৈঃ।
াভিতং তৎ পুরং রম্যং শুশুভে সিদ্ধসেবিতম্
রা-মৃত্যু-শ্রম-ব্যাধি-মোহ-কোপ-মহাভয়ম্।
তে তত্র ন বিদ্যন্তে তস্মিন্ শিবপুরে মুনে ॥১৭
ং শতসহস্রাণাং যোজনানাং যথাদিশম্।
পুরং বৃষভাঙ্কস্য সর্ব্বস্যাতিসমৃদ্ধিমৎ ॥ ১৮
ব্যামরাবতী ভূমিঃ স্পর্শমাত্রসুখাবহা।
মলেন্দুবিকাশানি বালার্কসদৃশানি চ ॥ ১৯
চন্দ্রকানি পদ্মানি ক্বচিচ্ছুতানি রেজিরে।
াতুদপ্রমাণানি নানাবৈদর্য্যসন্নিভাঃ ॥ ২০
বন্তি মহার্হাণি বিদ্রুমাণি মহীতলে।
নীলনিকাশানি মহামণিনিভানি চ ॥ ২১
টং কৃষ্ণানি রক্তানি দিব্যগন্ধবহানি চ।
থানি রেজিরে তত্র উৎপত্রাণি সমন্ততঃ ॥২২
হন্তি মহানদ্যো পুরেঽস্মিন্নমৃতোদকাঃ।
পুরে ভগবতঃ শম্ভোঃ পরিবার্য্য নিবোধ তাঃ ॥২৩
বরদা চ বরেণ্যা চ বরেশা বরবর্ণিনি।
বরার্হা বারিভদ্রা চ বরা চৈব মহাপগা।
নানাকুসুমসম্মিশ্রং বহুতানিজলামৃতম্ ॥ ২৪
ন দেবা ন মুনীন্দ্রাশ্চ নাসুরাঃ পশবো ন চ।
ন চৈবান্যে মহেশস্য জ্ঞাতুং তৎ পরমাদ্ভুতম্ ॥ ২৫
অন্তর্ভাববিশুদ্ধা যে সর্ব্বতো ভক্তিভাবিতাঃ।
শিবৈকমনসো ব্যাস তস্মিন্ মোদন্তি তে নরাঃ ॥
তস্য মধ্যে পুরেন্দ্রস্য সূর্য্যজ্বলনবর্চ্চসঃ।
মেরুশৃঙ্গপ্রতীকাশো দৃশ্যতে চ পুনঃপুনঃ ॥ ২৭
প্রাসাদো নক্তপাদিস্য কামদঃ কনকাময়ঃ।
অনিরীক্ষ্যো মহালুব্ধৈঃ সমন্তাৎ পরিশোভিতঃ ॥২৮
বৈদর্য্য-ব্যোমসঙ্কাশৈঃ স্ফটিকৈশ্চন্দ্রসপ্রভৈঃ।
প্রবালৈরর্কসঙ্কাশৈরিন্দ্রনীলময়ৈঃ শুভৈঃ ॥২৯
শিখিরশ্মিপ্রকাশাভিঃ ক্বচিদর্কস্বরূপিভিঃ।

জন বিস্তৃত। যাহার মধ্যে নির্ম্মল পবিত্র মণ্ডল; যাহার রূপ মধ্যাহ্নকালের সূর্য্যের উজ্জ্বল ও তেজ অগ্নি হইতেও অধিক; া বিস্তৃত সুবর্ণময় প্রাচীর দ্বারা বেষ্টিত, -মুক্তায় বিভূষিত সুবর্ণময় দ্বার দ্বারা ভিত, রম্য এবং সিদ্ধগণসেবিত; যথায় , মৃত্যু, শ্রম, ব্যাধি, মোহ, কোপ, মহদ্ভয় তি কিছুমাত্র নাই; যাহা বৃষভাঙ্ক শিবের সমৃদ্ধিযুক্ত; যাহার স্পর্শমাত্রে সুখ স্তান সেই অমরাবতী ভূমিও যে স্থানে বিরা- ; যে পুরের কোন স্থানে নির্ম্মল চন্দ্রের শুক্লবর্ণ পদ্ম, কোন স্থানে বালসূর্য্যের ন্যায় সম্পন্ন রক্তপদ্ম বিরাজ করিতেছে; যথায় দ্রদস্থ, প্রবালের ন্যায় রূপসম্পন্ন, গন্ধবিশিষ্ট, উৎকৃষ্ট পৃথিবীতলক্ষিপ্ত ইন্দ্রনীলমণির শোভমান, মহামণিতুল্য পদ্ম সকল প্রস্ফু- রহিয়াছে, কোন স্থানে কৃষ্ণ, কোন স্থানে ক্তবর্ণ, সুগন্ধযুক্ত, কমনীয় পদ্মসমূহ প্রকাশ তেছে এবং অমৃততুল্য উদক-সংযুক্ত নদী সকল প্রবাহিত হইয়া ভগবান্ শম্ভুর যে পুরকে বেষ্টন করিয়া রহিয়াছে,—তাহারই নাম শিবপুর। এক্ষণে ঐ পুরপ্রবাহিনী নদী সকলের নাম কহিতেছি, শ্রবণ কর।১০—২৩। যথা,— বরদা, বরেণ্যা, বরেশা, বরবর্ণিনী বরার্হা, বারিভদ্রা, বরা এবং মহাপগা। ঐ সকল নদীর জল নানা জাতীয় কুসুমে পরিপূর্ণ, বহু বিস্তৃত এবং অমৃততুল্য। দেবগণ, মুনীন্দ্রগণ, অসুরগণ, পশুসমূহ এবং নারদাদি ঋষিগণ মহাদেবের সেই পরমাদ্ভুত পুরকে জানিতে সমর্থ নহেন। হে ব্যাস! যাহারা অন্তর্ভাব- বিশুদ্ধ, বিশেষ ভক্তিযুক্ত, শিবভিন্ন কিছুই জানেন না, সেই সকল নরই তাহাতে বাস করেন। অগ্নি ও সূর্য্যের ন্যায় শিখাসম্পন্ন সেই পুরশ্রেষ্ঠের মধ্যস্থান মেরুশৃঙ্গের ন্যায় উচ্চ, ঐ স্থানে দিবারাত্রের বিভাগ নাই; উহাতে বাস করিলে সমস্ত অভীষ্ট সিদ্ধ হয়; উহা কনকময় ও সাধারণের দর্শনের অযোগ্য; উহার চতুর্দ্দিকে অতিশয় লোভনীয় রক্ত, নীল ও শুক্লবর্ণ স্ফটিক, বাল-সূর্য্যের ন্যায় রক্তবর্ণ প্রবাল এবং ইন্দ্রনীল মণি দ্বারা পরিশোভিত প্রাসাদ পুনঃপুনঃ দৃষ্ট হয়। [illegible]

শোভিতস্তু পতাকাভির্ব্বিররাজ সুখানিলম্ ॥ ৩০
সর্ব্বর্ত্তুকুসুমৈশ্চিত্রৈর্বিবিধৈশ্চ ফলৈরপি।
শুশুভে তৎ পুরং দিব্যং পাদপৈঃ কামদৈশ্চিতম্
যথৈব কাঞ্চনো মেরুঃ সর্ব্বেষাং প্রবরো মহান্।
তথৈব তৎ পুরং রেজে সর্ব্বলোকোপরি স্থিতম্ ॥
অত্র বিশ্বেশ্বরঃ সাক্ষান্মহাভূতপরিগ্রহঃ।
সদাস্তে সহিতঃ পত্ন্যা ষড়্বিংশঃ সপরিগ্রহঃ ॥৩৪
লক্ষ্মীর্মেধা ধৃতিশ্চৈব শ্রীঃ কীর্ত্তিশ্চ সরস্বতী।
উময়া সহিতাস্তত্র মোদন্তে লোকমাতরঃ ॥ ৩৫
তাস্তা মুনীশ্বরা দিব্যা রূপিণ্যো যোগসংযুতাঃ।
গণেশৈঃ সহ মোদন্তে দেবতাসহিতা মুনে ॥ ৩৫
গণানামধিপাস্তত্র কুব্জবামনরূপিণঃ।
কামরূপা মহাবেশা মহাযোগপরায়ণাঃ ॥ ৩৬
প্রমথানাং মহাত্মানস্তত্র তিষ্ঠন্তি সুব্রতাঃ ॥ ৩৭
মহাকালেশ্বরস্তত্র নন্দীশ্বরগণেশ্বরৌ।
গৃহীতপা টশৌ দিব্যৌ সদেবী দেবপার্শ্বগৌ ॥
জয়া চ বিজয়া চৈব দিব্যযোগবলান্বিতে।
দেব্যাঃ পার্শ্বে স্থিতে নিত্যমসিহস্তে মহাবলে ॥৩
ককুদ্মী চ মহানাদো মহানীশ্বরবাহনঃ।
তত্রাস্তে মেঘসঙ্কাশো গোপতিঃ কামরূপধৃক্ ॥৪
ঘণ্টাশক্তিধরঃ শ্রীমান্ পিতৃপার্শ্বে ব্যবস্থিতঃ।
শাখশ্চৈব বিশাখশ্চ নৈগমী চৈব সুব্রত।
কুমারাশ্চ স্থিতাঃ পার্শ্বে লোকানুগ্রহহেতবঃ ॥ ৪
দশ সূর্য্যসহস্রাণি রথে সূক্ষ্মে জগৎপতেঃ।
শার্দ্দূলাঃ কাঞ্চনাস্তত্র সিংহাশ্চ রজতপ্রভাঃ ॥ ৪
প্রাজ্ঞানাং মণিতুল্যানাং মহাযোগবলৌজসাম্।
অসংখ্যাতাঃ স্থিতাঃ কোট্যো রুদ্রাণাং তত্র সুব্র
কাঞ্চনৈঃ সুব্রতৈশ্চিত্রৈর্দিব্যৈর্মণিময়ৈরপি।
শুভৈঃ প্রতিষ্ঠিতঃ শ্রীমান্ শুশুভে স্যন্দনোত্তম
স রথো দেবদেবস্য যোগেশো যোগবাহনঃ ॥ ৪
সর্ব্বলোকসমো দিব্যো রত্নভিত্তিযুতঃ ক্ষণাৎ।
সকলাঙ্কো গৃহেশস্য দেবদেবজগৎস্রজঃ ॥ ৪৬

শিখার ন্যায় উজ্জ্বল, কোন স্থানে সূর্য্যের ন্যায় তেজঃসম্পন্ন পতাকা দ্বারা শোভিত এবং যথায় সুখজনক বায়ু বিরাজমান ;—সেই দিব্যপুর সমস্ত ঋতুকালীন বিচিত্র পুষ্প, নানা প্রকার ফল এবং কল্পবৃক্ষ দ্বারা ব্যাপ্ত হইয়া অতিশয় শোভা পাইতেছে। যেরূপ কাঞ্চনময় সুমেরু পর্ব্বত, সমস্ত পর্ব্বতের মধ্যে শ্রেষ্ঠ এবং মহান্, সেইরূপ সমস্ত লোকের উপরিস্থিত ঐ পুর দীপ্তি পাইতেছে। মহাভূত-পরিজন, পঞ্চবিংশতি তত্ত্বের অতীত, সাক্ষাৎ বিশ্বেশ্বর পত্নী ও পরিজনের সহিত সর্ব্বদা সেই পুরে বাস করেন। লক্ষ্মী, মেধা, ধৃতি, শ্রী, কীর্ত্তি, সরস্বতী এবং লোকমাতাগণ উমার সহিত সেই স্থানে ক্রীড়া করেন এবং ঐ সকল দেবতারা যোগাবলম্বন দ্বারা দিব্যরূপ ধারণ করেন। হে মুনে! দেবতারা গণেশের সহিত সেইখানে খেলা করেন। যাহারা প্রমথগণের মধ্যে মহাত্মা, কুব্জ ও বামনরূপ-ধারী, কামরূপী, মহাবেশধারী, পাতঞ্জ-যোগানুষ্ঠায়ী এবং প্রভু তাঁহারাও সেই স্থানে অবস্থান করেন। সেই স্থানে মহাকালের [illegible]

এবং দেবের পার্শ্ববর্ত্তী নন্দীশ্বর ও গণেশ দিব্যরূপ ধারণ করত বাস করেন। অপূ[illegible] যোগবল-সমন্বিতা, মহাবল-পরাক্রান্তা অসিহ[illegible] জয়া ও বিজয়া দেবীর পার্শ্বদেশে অব[illegible] করেন। বৃহৎ ককুদ্‌যুক্ত ভীষণনাদী, মহা[illegible] মহাদেব-বাহন, মেঘের ন্যায় কৃষ্ণবর্ণ, কা[illegible] রূপধারী, ঘণ্টা ও শক্তিধারী বৃষ, পিতার পা[illegible] বাস করে। ২৪—৪০। হে সুব্রত! [illegible] পুরমধ্যে শাখ, বিশাখ, নৈগমী ও কুমার প্রভৃ[illegible] লোকানুগ্রহ হেতু পার্শ্বদেশে অবস্থান করে[illegible] জগৎপতির ক্ষুদ্ররথের মধ্যে দশসহস্র সূ[illegible] কাঞ্চনবর্ণ শার্দ্দূলগণ এবং কাঞ্চনবর্ণ সিংহসমূ[illegible] বাস করে। হে সুব্রত! প্রাজ্ঞ, নির্ম[illegible] স্বভাব, মহাযোগবল ও তেজঃসম্পন্ন, অসংখ্য[illegible] কোটি কোটি রুদ্র সেই স্থানে বাস করে[illegible] সেই স্থানে নির্ম্মল কাঞ্চন ও নানাপ্রকার [illegible] মণি দ্বারা প্রতিষ্ঠিত, পরমসুন্দর রথ শো[illegible] পাইতেছে। দেবদেব জগৎস্রষ্টা গৃহেশ [illegible] দেবের সেই রথ যোগেশ, যোগবহনশীল, [illegible] লোকে [illegible] ও রত্নভিত্তি-যুক্ত। হে [illegible]

তদাখ্যানমব্যগ্রং সর্ব্বাশুভনিবর্ত্তনম্ ॥ ৪৭
ভাবার্পিতাত্মানো যে যোগা রুদ্রতৎপরাঃ।
তত্র মৃতা বৎস তেষাং তত্রাস্পদং স্মৃতম্ ॥৪৮
চ মাহেশ্বরা ব্যাস তিষ্ঠন্তে শঙ্করালয়ে।
যে শঙ্করে ভক্তাস্তাংশ্চ শৃণু সমাহিতঃ ॥ ৪৯
সনন্দনশ্চৈব সনকশ্চ সনাতনঃ।
ব্রহ্মা স তু জ্যেষ্ঠো নরনারায়ণাবপি ॥ ৫০
পিলো যোগসিদ্ধস্ত সিদ্ধঃ পঞ্চশিস্তথা।
র্হয়শিরা যশ্চ যাজ্ঞবল্ক্য দয়স্তথা ॥ ৫১
শুকধর্ম্মাণঃ পরমৈশ্বর্য্যসংযুতাঃ।
ষ্ঠীশ্বরমূলে তু গুণাতীতা দিদৃক্ষবঃ ॥ ৫২
সংহারকালে তু অন্যত্র লয়সংজ্ঞিতে।
রং তে সমাবিশ্য প্রাপ্নুবন্ত্যাপরাহ্নিকম্ ॥৫৩
দৃষ্টানি বিপ্রেন্দ্র হরস্যায়তনানি তু।
কালেশ্বরশ্চৈব গোকর্ণশ্চ তথা শুভৌ ॥ ৫৪
মুক্তে চ ওঙ্কারং বিশ্বেশ্বরমিহাপি চ।
র্ণশ্চেশ্বরো দেবঃ শ্রীগিরৌ বা মহেশ্বরঃ ॥৫৫
রোহণে চ দেবেশো মহাকালে চ শঙ্করঃ।
ভদ্রেশশ্চ মহাদেবঃ শঙ্কুকর্ণেশ্বরস্তথা ॥ ৫৬
মহাকালেশ্বরশ্চৈব গোকর্ণে চ তথা শুভৌ।
অবিমুক্তে চ ওঙ্কারং যৈশ্চ দৃষ্টং মহামুনে।
তেঽপি যান্তি মৃতাঃ কালে পুরে চ গিরিজাপতেঃ ॥
যোগঃ পাশুপতো যস্তু ময়া তে পরিকীর্ত্তিতঃ।
ব্রতং পাশুপতং যস্তু সোঽপি তত্র প্রবর্ত্ততে ॥৫৮
ভক্তির্যেষাং ভবে নিত্যং কৃতার্থাস্তে নরোত্তমাঃ।
মৃতাঃ শিবপুরে ব্যাস ভিক্ষার্পা ট্রশপাণয়ঃ ॥ ৫৯
নন্দীশ-স্কন্দসঙ্কাশা যোগৈশ্বর্য্যবলান্বিতাঃ।
রুদ্রা ভবন্তি বিপ্রেন্দ্র সদা শঙ্করপার্শ্বগাঃ ॥ ৬০
এষ তে কথিতঃ সর্ব্বো যোগো মাহেশ্বরঃ পরঃ।
সকলঞ্চৈব জ্ঞাত্বৈবং বিজ্ঞায় পরমেশ্বরম্ ॥ ৬১
সর্ব্ববেদবিনির্ম্মুক্তঃ পরং মোক্ষমবাপ্স্যসি।
ভবিষ্যসি চ যোগী চ জ্ঞানস্যাস্য প্রভাবতঃ ॥ ৬২
জগৎস্থিতিকরো যোগী তস্মাদ্ধর্ম্মপ্রবর্ত্তকঃ।
জ্ঞানসিদ্ধ্যা স্মৃতিং প্রাপ্য ব্রহ্মাণ্ডোদ্ভবকারণে ॥৬৩

উপাখ্যান, সমস্ত-অশুভনাশক এবং সত্য। রা যোগাশ্রয়পূর্ব্বক সর্ব্বতোভাবে আত্মাকে র্পণ করিয়া রুদ্রদেবের চিন্তায় তৎপর, রা যেখানে-সেখানে মরিলেও, তাঁহাদিগের বাস হয়। হে ব্যাস! সকল মহেশ্বর-রাই শঙ্করালয়ে অবস্থান করেন; তদ্ভিন্ন যাহারা মহেশ্বরের ভক্ত, তাঁহাদিগের নাম তেছি, সমাহিত হইয়া শ্রবণ কর।৪১—৪৯। , সনন্দ, সনক, সনাতন, বিধাতা, পিতামহ , কপিল, যোগসিদ্ধ নর, নারায়ণ, পঞ্চশিখ, রা নামে মুনি এবং যাজ্ঞবল্ক্যাদি ঋষিগণ, শুক-ধর্ম্মাবলম্বী, পরম ঐশ্বর্য্যসংযুক্ত, তীত। মহাদেবের দর্শনাভিলাষী হইয়া মহাদেবের নিকটে বাস করেন প্রলয়কালে ঈশ্বরে প্রবেশপূর্ব্বক পশ্চাৎ ল প্রাপ্ত হন। হে বিপ্রেন্দ্র! যাহারা বের আলয় দর্শন করিয়াছেন এবং য় মহাকালেশ্বর, গোকর্ণ, অবিমুক্ত নামক ওঙ্কার, এইস্থানে বিশেশ্বর, শ্রীপর্ব্বতে বিকর্ণ-দেব অথবা মহেশ্বর, কারোহণে দেবেশ, মহাকালে শঙ্কর, ভদ্রেশ, মহাদেব, গোকর্ণ পর্ব্বতে শঙ্কুকর্ণেশ্বর মহাকালেশ্বর এবং অবিমুক্ত নামক স্থানে ওঙ্কার, এই সকলকে দর্শন করিয়াছেন, হে মহামুনে! তাঁহারাও মৃত্যুর পরে যথাকালে গিরিজাপতির পুরে গমন করেন। ৪০—৫৭। হে ব্যাস! আমি তোমার নিকট কহিতেছি,—যাঁহারা শিবযোগাবলম্বী, পাশুপত-ব্রতধারী, শিবের ভক্ত, তাঁহারাও সেই শিবপুরে বাস করেন এবং কৃতার্থ সেই সকল নরোত্তমগণ মৃত্যুর পরে শিবপুরে ভিক্ষার্পা ট্রশ-হস্তে নন্দীশ্বর এবং কার্ত্তিকেয়ের ন্যায় যোগৈশ্বর্য্য-বলান্বিত হইয়া সর্ব্বদা শঙ্করের পার্শ্বে রুদ্ররূপ ধারণ করত অবস্থান করেন। আমি তোমার নিকট এই পরম মাহেশ্বর যোগ কীর্ত্তন করিলাম। তুমি এই সমস্ত যোগ ও পরমেশ্বরকে অবগত হইয়া সকল ক্লেশ পরিত্যাগপূর্ব্বক পরম মুক্তি লাভ করিবে এবং এই জ্ঞানের প্রভাবে যোগী হইবে। যোগী ব্যক্তি জগৎ পালন করেন সেই হেতু যোগীই ধর্ম্মপ্রবর্ত্তক। তুমি [illegible] দ্বারা সিদ্ধিলাভ করত এই [illegible]

স্থিতিধর্ম্মনিরোধানাং পুরাণঞ্চ করিষ্যসি।
যজ্ঞকর্ম্মপ্রচারার্থং বেদমেকং স্বয়ম্ভুবম্॥ ৬৪
বিভাগার্থমনুস্মৃত্য চতুর্দ্ধা বিকরিষ্যসি।
মন্বন্তরমিদং কৃৎস্নং বৈবস্বতমনিন্দিতম্॥ ৬৫
লোকে স্থিতিকরা ধর্ম্মা বেদস্মৃতিপুরোগমাঃ।
ত্বৎকৃতাঃ প্রকরিষ্যন্তি তীর্থকৃৎ ত্বং ভবিষ্যসি॥ ৬৬
তস্মাদ্‌ব্রতঞ্চ সম্প্রাপ্য পশুপাশবিমোচনম্।
শঙ্করজ্ঞানসম্পন্ন ঈশ্বরে লয়মাপ্স্যসি॥ ৬৭
এবমুক্তস্তদা ব্যাসো মুনিনা ব্রহ্মসূনুনা।
উপসেব্য মুনীন্দ্রস্তু ভস্মসংস্কারমাপ্নবৎ॥ ৬৮
তৎক্ষণাচ্চাস্য যোগোঽসৌ প্রাদুর্ভূতো মহামুনেঃ
অভিবাদ্য গুরুং ব্যাসো ব্রহ্মপুত্রং মহাতপাঃ।
সবায় তেন দীক্ষার্থং বিবেশ চ মহীতলম্॥ ৭০
এবং সনৎকুমারস্তু পৃষ্টো ব্যাসেন ধীমতা।
মুনীন্দ্রং কথয়ামাস পুরাণং শিবসম্ভবম্॥ ৭১
সর্ব্বাগমসমাযুক্তং মন্বন্তরজগৎস্থিতম্।
শিবযোগধরং বীরং সর্ব্বজ্ঞানার্ণবং মহৎ॥ ৭২

তস্মাদ্‌যূয়মপি প্রাপ্য ব্রতং পাশুপতং দ্বিজাঃ
অভ্যস্য সকলং যোগমীশ্বরে লয়মাপ্স্যথ॥ ৭[illegible]
ইদমাগত্য চাভ্যস্য ব্যাসোঽসৌ মুনিসত্তমঃ।
বেদার্থস্মৃতিসম্পন্নশ্চিন্তাশ্চক্রে মহাদ্যুতিঃ॥ [illegible]
অতো বিনির্গতো ধর্ম্মো যোগবিদ্যাস্তথৈব চ।
পুরাণং প্রথমং প্রাহ শ্লাঘ্যং নন্দীশ্বরো দ্বিজ[illegible]
স সর্ব্ববিৎ সমাখ্যাতো য ইমং বেত্তি সর্ব্বত[illegible]
ত্রিবর্গঃ পাপ্যতে তেন মুক্তিরেতেন জায়তে।
আয়ুঃ প্রবর্দ্ধতে যোগো বর্দ্ধতে তেন লভ্যতে।
কৃৎস্নস্য জগতো বিদ্যাস্বাদিকর্ত্তা যথা হরঃ।
তথা সর্ব্বপুরাণানাং পুরাণোঽস্যং পরঃ স্মৃতঃ।
অধীতো যৈরিদং বিপ্রৈস্তৎপরৈশ্চাপি সেবি[illegible]
মৃত্যুকালমনুপ্রাপ্য ন তে শোচন্তি জন্মিনঃ॥
শ্রবণাদ্দেবদেবস্য সাযুজ্যং ধারণাদ্বিভোঃ।

উৎপত্তির কারণ-বিষয়ে স্মৃতি লাভ করিয়া স্থিতি, ধর্ম্ম ও নিরোধ সম্বন্ধে পুরাণ রচনা করিবে। তুমি যজ্ঞকর্ম্ম-প্রচারের নিমিত্ত স্বয়ম্ভুতবেদকে বিশেষরূপে বেদের অঙ্গ চারিভাগে বিভক্ত করিবে। এক্ষণে অনিন্দিত সমস্ত কাল বৈবস্বত মন্বন্তর; ইহলোকে ত্বৎকৃত বেদ স্মৃতি প্রভৃতি ধর্ম্মশাস্ত্র স্থিতিকর বলিয়া প্রচার হইবে। তুমি তীর্থকৃৎ হইবে। তাহার পর শীঘ্রই পশুপাশ হইতে মুক্তিলাভ করত শিবজ্ঞান প্রাপ্ত হইয়া ঈশ্বরে লয়প্রাপ্ত হইবে। ৫৮—৬৭। ব্রহ্মতনয় সনৎকুমার মুনি, ব্যাসকে এই কথা বলিলে, ব্যাস মুনীন্দ্রকে সেবা করিয়া ভস্ম দ্বারা সংস্কৃত হইলেন। মহাতপা ব্যাস, ব্রহ্মপুত্র গুরু সনৎকুমারকে অভিবাদন করিয়া মহীতলে প্রবেশ করিলেন। ধীমান্ ব্যাস সনৎকুমারকে এইরূপ জিজ্ঞাসা করিলে, সনৎকুমার মুনিশ্রেষ্ঠ ব্যাসের নিকট শিবপুরাণ কহিয়াছিলেন। এই শিবপুরাণ সমস্ত আগম-সংযুক্ত; ইহাতে মন্বন্তর ও জগতের সমস্তই বর্ণিত আছে। শিব-[illegible] আছে। ইহাতে

সমস্ত জ্ঞানের উপদেশ পাওয়া যায়। [illegible] পুরাণ অতি গভীর এবং সকল হইতে শ্রে[illegible] অতএব হে দ্বিজগণ! তোমরাও শিবব্রত অ[illegible]লম্বনপূর্ব্বক সকল যোগ অভ্যাস করিয়া ঈশ[illegible] লয় প্রাপ্ত হও। মুনিসত্তম মহাতেজ[illegible] ব্যাস এই শিবব্রত ও যোগ অনুষ্ঠান করিয়[illegible] সমস্ত বেদের তাৎপর্য্য এবং স্মৃতি অব[illegible] হইয়াছিলেন। এই ব্যাস হইতেই ধর্ম্ম [illegible] যোগবিদ্যা নির্গত হইয়াছে। নন্দীশ্বর [illegible] এই শিবপুরাণকে প্রথম ও সকল পু[illegible] হইতে ইহা শ্রেষ্ঠ, এইরূপ কহি[illegible]ছেন। যে ব্যক্তি এই পুরাণ সর্ব্বতো[illegible]ভাবে অবগত আছে, সে সর্ব্ববিদ্ ব[illegible] কথিত হয়। ইহা দ্বারা ত্রিবর্গ প্রা[illegible]হয়, মুক্তিলাভ হয়, আয়ুর্বৃদ্ধি হয় এ[illegible] যোগলাভ করিতে পারা যায়। মহাদেব যে[illegible] সমস্ত জগতের বিদ্যাবিষয়ে আদিকর্ত্তা, সে[illegible]রূপ এই শিবপুরাণ সকল পুরাণ হই[illegible] শ্রেষ্ঠ। যে ব্রাহ্মণ এই পুরাণ অধ্যয়ন ক[illegible] এবং যাহারা তৎপর হইয়া ইহার সেবা ক[illegible] সে সকল প্রাণী মৃত্যুকালে কিছুমাত্র [illegible] হয় না। ৬—৬৮। ইহা শ্রবণ করিলে ম[illegible] দেবের সাযুজ্য লাভ করে। ধারণ ও অ[illegible]

াদ্‌যোগসংসিদ্ধিং মোক্ষঞ্চ পরমং লভেৎ ॥
াখ্যাং পুণ্যমুমাপতেহি জগতাং
স্তোত্রানুবাদং পরং
দেব্যাশ্চাপি মহাপ্রভাবকথনং
সর্ব্বাগমৈরর্চ্চিতম্।
শ্রুত্বৈবং পরমং নরাঃ পদমিদং
ত্র্যক্ষালয়ং প্রাপ্নুয়ু-
র্নাকেন্দ্রৈশ্চ সুরেন্দ্রযক্ষবিবুধৈঃ
সিদ্ধৈর্দ্বিজৈঃ সেবিতম্ ॥ ৮০
বর্পিতসর্ব্বভাবহৃদয়ৈর্যৈরয়ং সেবিতঃ
তে জলদর্কবহ্নিবপুষস্ত্র্যক্ষাঃ শশাঙ্কত্বিষঃ।
নুচরাশ্চতুর্দ্দশ বরা নিযুক্তসর্ব্বাশুভাঃ
র্ষসমন্বিতাঃ শ্রুতধিয়ো নানাগুণৈরন্বিতাঃ ॥
হ পরমং সম্প্রাপ্য যোগং মুনীন্দ্রাঃ
রমনন্তং প্রাপ্য দেবাধিবাসম্।

ত্রিপুরহরমিমং যে জ্ঞাতবন্তঃ প্রযত্নাদ্-
গতকলুষচয়াস্তে প্রাপ্নুবন্তে চ মোক্ষম্ ॥ ৮২
ইদং পুরাণং পরমং পবিত্রং
শুচিঃ পঠেদ্‌যঃ শৃণুয়াচ্চ যো নরঃ।
স সর্ব্বকামান্ সমবাপ্য দুর্লভান্
শিবস্য চান্তে পদমুত্তমং ব্রজেৎ ॥ ৮৩
পিতৃণাং তৃপ্তিদং শ্রাদ্ধে পঠ্যমানমিদং ভবেৎ।
দুষ্টস্বপ্নাদি-দুষ্কর্ম্ম-কলিকল্মষনাশনম্ ॥ ৮৪
অধীতে চাস্য যঃ শ্লোকং শ্লোকার্দ্ধং বা সমাহিতঃ।
শ্রদ্ধয়া ভক্তিযুক্তো বা তস্য প্রীতো ভবেচ্ছিবঃ ৮৫

ইতি শ্রীশৈবে মহাপুরাণে সনৎকুমারসংহিতায়াং
পাশুপতব্রতাদিমাহাত্ম্যকথনং নামৈ-
কোনষষ্টিতমোঽধ্যায়ঃ ॥ ৫৯ ॥

যোগসিদ্ধি ও পরম মুক্তি লাভ হয়। ল-শ্লাঘ্য উমাপতির পবিত্র স্তোত্রানুবাদ ভগবতীর মহাপ্রভাব-কীর্ত্তন লইয়াই এই পুরাণ। ইহা সর্ব্বশাস্ত্র-সম্মানিত। যক্ষ, সিদ্ধ, দ্বিজ, স্বর্গরাজ এবং ব্রহ্মা প্রভৃতি শ্রেষ্ঠগণের সেবিত এই পুরাণপদ শ্রবণ া মানব শিবলোকে গমন করে। যাহারা ভাব এবং হৃদয় শম্ভুতে অর্পণ করিয়া সেবা করে, সেই সমস্ত ব্যক্তি, উজ্জ্বল অগ্নির ন্যায় শরীর ধারণপূর্ব্বক ত্রিনয়ন চন্দ্রের ন্যায় প্রভা ধারণ করত মহাদেবের শ্রেষ্ঠ অনুচর হন। তাঁহাদিগের কোন থাকে না, সর্ব্বদা আনন্দে কালযাপন এবং সকল শাস্ত্রে পারদর্শী হইয়া নানা-লঙ্কৃত হন। পরে সেই মুনীন্দ্রগণ ইহ-পরম যোগী হইয়া পরম অনন্ত স্বর্গ লাভ করেন। যে সকল ব্যক্তি যত্নপূর্ব্বক এই ত্রিপুরহর মহাদেবকে জানিবে, তাহাদিগের সমস্ত পাপ নষ্ট হয় এবং তাহারা মুক্তিলাভ করে। যে নর শুচি হইয়া এই পরম পবিত্র পুরাণ পাঠ করে ও শ্রবণ করে, সে সমস্ত দুর্লভ অভিলষিত প্রাপ্ত হইয়া, পরে উত্তম শিবপদ প্রাপ্ত হয়। শ্রাদ্ধ সময়ে এই পুরাণ পাঠ করিলে পিতৃলোকের তৃপ্তি হয়। এই পুরাণ পাঠে দুঃস্বপ্নাদি দোষ ও অকার্য্য জন্য কলহ এবং পাপ নষ্ট হয়। যে ব্যক্তি মনোযোগপূর্ব্বক শ্রদ্ধা ও ভক্তিযুক্ত হইয়া এই পুরাণের এক শ্লোক বা শ্লোকার্দ্ধ পাঠ করে, শিব তাহার উপর অতিশয় প্রীত হন। ৭৯—৮৫।

উনষষ্টিতম অধ্যায় সমাপ্ত ॥ ৫৯ ॥

সমাপ্তেয়ং সনৎকুমারসংহিতা।

বায়বীয়সংহিতা।

পূর্ব্বভাগঃ।

প্রথমোঽধ্যায়ঃ।

নমঃ সমস্তসংসার-চক্রভ্রমণহেতবে।
গৌরীকুচতটদ্বন্দ্ব-কুঙ্কুমাঙ্কিতবক্ষসে॥ ১
উক্ত্বা ভগবতো লব্ধং প্রসাদাদুপমন্যুনা।
নিয়মাদুত্থিতো বায়ুর্মধ্যং প্রাপ্তে দিবাকরে॥ ২
ঋষয়শ্চাপি তে সর্ব্বে নৈমিষারণ্যবাসিনঃ।
অথায়মর্থঃ প্রষ্টব্য ইতি কৃত্বা বিনিশ্চয়ম্॥ ৩
কৃত্বা যথাস্বকং কৃত্যং প্রত্যাগতা যথা পুরা।
ভগবন্তমুপায়ান্তং সমীক্ষ্য সমুপাবিশন্॥ ৪
অথাসৌ নিয়মস্যান্তে ভগবানম্বরোদ্ভবঃ।
মধ্যে মুনিসমাজস্য ভেজে কৢপ্তং বরাসনম্॥ ৫
সুখাসনোপবিষ্টশ্চ বায়ুর্লোকনমস্কৃতঃ।
শ্রীমদ্বিভূতিমীশস্য হৃদি কৃত্বেদমব্রবীৎ॥ ৬
তং প্রপদ্যে মহাদেবং সর্ব্বজ্ঞমপরাজিতম্।
বিভূতিঃ সকলং যস্য চরাচরমিদং জগৎ॥ ৭
ইত্যাকর্ণ্য শুভাং বাণীমৃষয়ঃ ক্ষীণকল্মষাঃ।
বিভূতিবিস্তরং শ্রোতুমূচুস্তে পরমং বচঃ॥ ৮

ঋষয় উচুঃ।

উক্তং ভগবতা বৃত্তমুপমন্যোর্মহাত্মনঃ।
ক্ষীরার্থেনাপি তপসা যৎ প্রাপ্তং পরমেশ্বরাৎ।
দৃষ্টোঽহসৌ বাসুদেবেন কৃষ্ণেনাক্লিষ্টকর্ম্মণা।
ধৌম্যাগ্রজস্ততস্তেন কৃতং পাশুপতং ব্রতম্।
প্রাপ্তঞ্চ পরমং জ্ঞানমিতি প্রাগেব শুশ্রুম।
কথং স লব্ধবান্ কৃষ্ণো জ্ঞানং পাশুপতং পর

বায়ুরুবাচ।

স্বেচ্ছয়া হ্যবতীর্ণোঽপি বাসুদেবঃ সনাতনঃ

প্রথম অধ্যায়।

পার্ব্বতীর স্তনদ্বয়লিপ্ত কুঙ্কুম দ্বারা যাঁহার বক্ষঃস্থল রঞ্জিত এবং যিনি অখিল সংসারচক্র ভ্রমণের কারণ, সেই মহাদেবকে নমস্কার। উপমন্যু ভগবানের প্রসাদ হইতে যাহা লাভ করিয়াছিলেন, বায়ু তাহা বলিয়া, দিবাকর আকাশের মধ্যস্থলে অধিরূঢ় হইলে, নিয়মানু-সারে উত্থিত হইলেন। অনন্তর নৈমিষারণ্য-বাসী ঋষিগণ "এই কথা জিজ্ঞাসা করিতে হইবে" এইরূপ নিশ্চয় করিয়া এবং আপন আপন কর্ত্তব্য-কর্ম্ম সমাপনান্তে, পূর্ব্বের মত প্রত্যাগমন করত ভগবান্‌কে আগমন করিতে দেখিয়া, সকলে উপবিষ্ট হইলেন। অনন্তর ভগবান্ অম্বরোদ্ভব বায়ু নিয়ম অর্থাৎ ব্রতবিশেষ সমাপন করিয়া, মুনি-সমাজের মধ্যে নির্দিষ্ট শ্রেষ্ঠ আসনে [illegible] করিলেন। লোকসকলের [illegible]

কথা বলিলেন,—"আমি সেই অপরা[illegible] সর্ব্বজ্ঞ মহাদেবকে ভজনা করি। এই স[illegible] চরাচর জগৎ তাঁহারই বিভূতি।" এই [illegible] বাক্য শ্রবণ করিয়া ঋষিদিগের পাপ [illegible] হইল। তাঁহারা সেই বিভূতির বিষয় বি[illegible] রূপে শ্রবণ করিবার মানসে এই সারবান্ [illegible] বলিলেন,—হে ভগবন্! আপনি মহাত্মা [illegible] মন্যুর ইতিবৃত্ত বলিলেন, অর্থাৎ তিনি দু[illegible] নিমিত্ত তপস্যা করিয়া পরমেশ্বরের নিকট [illegible] যাহা লাভ করিয়াছিলেন, তাহা বলি[illegible] একদা অক্লিষ্টকর্ম্মা বসুদেব-পুত্র কৃষ্ণ [illegible] ধৌম্যাগ্রজ উপমন্যুর সহিত সাক্ষাৎ [illegible] পাশুপত ব্রতের অনুষ্ঠান করেন এবং তাঁ[illegible] তাঁহার পরম জ্ঞান লাভ হইয়াছিল, ইহা [illegible] শুনিয়াছি। এক্ষণে জিজ্ঞাস্য এই [illegible] কিরূপে সেই শ্রেষ্ঠ পাশুপত জ্ঞান প্রাপ্ত [illegible] [illegible] ১—১১। বায়ু বলিলেন,—[illegible]

দয়ন্নিব মানুষ্যং দদর্শ মুনিসত্তমম্ ॥ ১২
দ্রাক্ষমালাভরণং জটামণ্ডলমণ্ডিতম্।
ষ্যভূতৈর্মুনিভিঃ শাস্ত্রৈর্বেদমিবাবৃতম্ ॥ ১৩
ধ্যানরতং শান্তমুপমন্যুং মহাদ্যুতিম্।
শ্চকার তং দৃষ্ট্বা হৃষ্টসর্ব্বতনূরুহঃ ॥ ১৪
মানেন কৃষ্ণোঽসৌ ত্রিঃ কৃত্বা তু প্রদক্ষিণম্ ॥
াবলোকনাদেব মুনেঃ কৃষ্ণস্য ধীমতঃ।
মাসীন্মলং সর্ব্বং মায়েয়ং কর্ম্ম এব চ ॥ ১৬
ঃ ক্ষীণমলং কৃষ্ণমুপমন্যুর্যথাবিধি।
নোদ্ধূল্য তং মন্ত্রৈরগ্নিরিত্যাদিভিঃ ক্রমাৎ ॥
পাশুপতং সাক্ষাদ্‌ব্রতং দ্বাদশমাসিকম্।
য়িত্বা মুনিস্তস্মৈ দদৌ জ্ঞানমনুত্তমম্ ॥ ১৮
প্রভৃতি তং কৃষ্ণং মুনয়ঃ শংসিতব্রতাঃ।
ঃ পাশুপতাঃ সর্ব্বে পরিবৃত্যোপতস্থিরে ॥ ১৯

ততো গুরুনিয়োগাদ্বৈ কৃষ্ণঃ পরমশক্তিমান্।
তপশ্চকার পুত্রার্থং সাম্বমুদ্দিশ্য শঙ্করম্ ॥ ২০
তপসা তেন বর্ষান্তে দৃষ্ট্বা দেবং মহেশ্বরম্।
সাম্বং সগণমব্যগ্রো লব্ধবান্ পুত্রমাত্মনঃ ॥ ২১
যস্মাৎ সাম্বো মহাদেবঃ প্রদদৌ পুত্রমাত্মনঃ।
তস্মাজ্জাম্ববতীসূনুং সাম্বং চক্রে স নামতঃ ॥ ২২
পুরাণং ধর্ম্মশাস্ত্রঞ্চ বিদ্যা হ্যেতাশ্চতুর্দ্দশ।
আয়ুর্ব্বেদো ধনুর্ব্বেদো গান্ধর্ব্বশ্চেত্যনুক্রমাৎ।
অর্থশাস্ত্রং পরং তস্মাদ্বিদ্যা হ্যষ্টাদশ স্মৃতাঃ ॥২৩
অষ্টাদশানাং বিদ্যানামেতাসাং ভিন্নবর্ত্মনাম্।
আদিকর্ত্তা কবিঃ সাক্ষাচ্ছূলপাণিরিতি শ্রুতিঃ ॥২৪
স হি সর্ব্বজগন্নাথঃ সিসৃক্ষুরখিলং জগৎ।

নুসারে মনুষ্যরূপে অবতীর্ণ হইলেও যেন
র (দুঃখবহুল) মনুষ্যভাবের উপর বিরক্ত
, সেই মুনিশ্রেষ্ঠ উপমন্যুর নিকট গমন
লন। দেখিলেন, উপমন্যুর মস্তকে জটা-
সর্ব্বাঙ্গ রুদ্রাক্ষমালায় ভূষিত এবং বেদ
সমুদয় শাস্ত্র দ্বারা পরিবৃত, তিনিও সেই
আপনার শিষ্যগণে পরিবৃত। কৃষ্ণ, সেই
ভাব শিবধ্যানরত মহাদ্যুতি উপমন্যুকে
করিয়া, রোমাঞ্চিত কলেবরে তাঁহাকে
র করিলেন। কৃষ্ণ বহুমানপূর্ব্বক তিন-
ই মুনিকে প্রদক্ষিণ করিলেন। সেই
দর্শনমাত্রেই বুদ্ধিমান্ কৃষ্ণের সমুদয়
হইল; যেহেতু সকল কর্ম্মই মায়া-
তাহার পর মহর্ষি উপমন্যু কৃষ্ণকে
দেখিয়া যথাক্রমে "অগ্নিঃ—" ইত্যাদি
চারণপূর্ব্বক যথাবিধি তাঁহার গাত্রে
লপন করিলেন। অনন্তর সেই
শ মাস ব্যাপিয়া অনুষ্ঠেয় সাক্ষাৎ
ব্রতের অনুষ্ঠান করাইয়া, তাঁহাকে
পাশুপত জ্ঞান প্রদান করিলেন।
হইতে দেবতুল্য পাশুপত-[illegible]
মুনিগণ কৃষ্ণের চারিদিকে [illegible]
[illegible] লাগিলেন। [illegible]

সর্ব্বোৎকৃষ্ট শক্তিমান্ কৃষ্ণ গুরু উপমন্যুর আজ্ঞাক্রমে অম্বার সহিত শঙ্করের উদ্দেশে পুত্র-কামনায় তপস্যা করিলেন। সেই তপস্যা প্রভাবে এক বৎসরের পর অব্যগ্রচিত্তে অম্বার সহিত সগণ মহাদেবের দর্শন লাভ করিয়া আপনার পুত্রলাভ করিলেন। যেহেতু ভগবান্ মহাদেব সাম্ব অর্থাৎ অম্বিকার সহিত একত্র মিলিত হইয়া তাঁহাকে পুত্রদান করিয়াছিলেন, এই নিমিত্ত কৃষ্ণ সেই জাম্ববতী-গর্ভজাত প্রথম পুত্রের নাম রাখিলেন 'সাম্ব'। পুরাণ ইত্যাদি ধর্ম্মশাস্ত্র বিদ্যা চতুর্দ্দশ প্রকার। * (ঐ চতুর্দ্দশ বিদ্যার সহিত) অনুক্রমে, আয়ু-র্ব্বেদ, ধনুর্ব্বেদ, গান্ধর্ব্ব (গান-বিদ্যা) এবং অর্থশাস্ত্র মিলাইলে বিদ্যা অষ্টাদশ প্রকার হয়। ভিন্ন ভিন্ন মার্গের প্রদর্শক এই অষ্টাদশ প্রকার বিদ্যার আদিকর্ত্তা স্বয়ং শূলপাণি, ইহাই বেদে কথিত আছে। সেই অখিল-ব্রহ্মাণ্ডপতি

* মূলের "পুরাণং ধর্ম্মশাস্ত্রঞ্চ বিদ্যা হ্যেতা-শ্চতুর্দ্দশ" এই শ্লোক—"অঙ্গানি বেদাশ্চত্বারো মীমাংসা ন্যায়বিস্তরঃ।" এই শ্লোকার্দ্ধের সহিত যোগ করিলে চতুর্দ্দশ বিদ্যা হয়। অনু-[illegible]—শিক্ষা, কল্প, ব্যাকরণ, নিরুক্ত, [illegible] জ্যোতিষ। [illegible]

ব্রহ্মাণং বিদধে সাক্ষাৎ পুত্রমগ্রে সনাতনম্ ॥২৫
তস্মৈ প্রথমপুত্রায় ব্রহ্মণে বিশ্বযোনয়ে।
বিদ্যাশ্চেমা দদৌ পূর্ব্বং বিশ্বসৃষ্ট্যর্থমীশ্বরঃ॥ ২৬
লব্ধবিদ্যেন তেনাপি প্রজাসৃষ্টিং বিতন্বতা।
প্রথমং সর্ব্বশাস্ত্রাণাং পুরাণং ব্রহ্মণা স্মৃতম্ ॥ ২৭
অনন্তরন্তু বক্ত্রেভ্যো বেদাস্তস্য বিনির্গতাঃ।
প্রবৃত্তিঃ সর্ব্বশাস্ত্রাণাং তন্মুখাদভবং ততঃ ॥ ২৮
যদাস্য বিস্তরং শক্তা নাধিগন্তুং প্রজা ভুবি।
তদা বিদ্যাসমাসার্থং বিশ্বেশ্বরনিযোগতঃ ॥ ২৯
দ্বাপরান্তেষু বিশ্বাত্মা বিষ্ণুঃ সর্ব্বজগন্ময়ঃ।
ব্যাসনাম্না চরত্যস্মিন্নবতীর্য্য মহীতলে ॥ ৩০
স পুনর্দ্বাপরে চাস্মিন্ কৃষ্ণদ্বৈপায়নাখ্যয়া।
অরণ্যামিব হব্যাশী সত্যবত্যামজায়ত ॥ ৩১
মতিমন্থানমাবিধ্য যেন বেদমহার্ণবাৎ।
প্রকাশো জনিতো লোকে মহাভারতচন্দ্রমাঃ ॥৩২

সংক্ষিপ্য স পুনর্বেদাংশ্চতুর্দ্ধা কৃতবান্ ...
ব্যস্তবেদতয়া লোকে বেদব্যাস ইতি শ্রুত...
পুরাণমপি সংক্ষিপ্তং চতুর্লক্ষপ্রমাণতঃ।
অদ্যাপি দেবলোকে তচ্ছতকোটিপ্রবিস্তর...
যো বিদ্যাচ্চতুরো বেদান্ সাঙ্গোপনিষদো...
ন চেৎ পুরাণং সংবিদ্যান্নৈব স স্যাদ্বিচ...
ইতিহাসপুরাণাভ্যাং বেদং সমুপবৃংহয়ে...
বিভেত্যল্পশ্রুতাদ্বেদো মাময়ং প্রতরিষ্যতি...
সর্গশ্চ প্রতিসর্গশ্চ বংশো মন্বন্তরাণি চ
বংশানুচরিতঞ্চেতি পুরাণং পঞ্চলক্ষণম্
দশধা চাষ্টধা চৈতৎ পুরাণমুপদিশ্যতে।
ব্রাহ্মং পাদ্মং বৈষ্ণবঞ্চ শৈবং ভাগবতং ...
ভবিষ্যং নারদীয়ঞ্চমার্কণ্ডেয়মতঃ পরম্।
আগ্নেয়ং ব্রহ্মবৈবর্ত্তং লৈঙ্গং বারাহমেব
স্কান্দঞ্চ বামনঞ্চৈব কৌর্ম্মং মাৎস্যঞ্চ গারু...

মহাদেব এই জগৎ সৃজন করিতে অভিলাষী হইয়া, প্রথমে সাক্ষাৎ সনাতন ব্রহ্মাকে পুত্র-রূপে নির্ম্মাণ করিলেন। ১২—২৫। ঈশ্বর মহাদেব সেই প্রথম পুত্র বিশ্বযোনি ব্রহ্মাকে বিশ্বসৃষ্টির নিমিত্ত সেই অষ্টাদশ প্রকার বিদ্যা দান করিয়াছিলেন। প্রজাসৃষ্টি-বিস্তারকারী সেই ব্রহ্মাও বিদ্যালাভ করিয়া, সকল শাস্ত্রের মধ্যে প্রথমে পুরাণের স্মরণ করিয়াছিলেন। তাহার পর তাঁহার মুখ হইতে প্রথমে বেদ সকল নির্গত হয়। বেদ-নির্গমের পর তাঁহার মুখ হইতে অপরাপর শাস্ত্রের প্রবৃত্তি হয়। পরে পৃথিবীতে প্রজাগণ সেই বিস্তৃত শাস্ত্র-সমূহ অধ্যয়ন করিতে অসমর্থ হইলে, ঈশ্বরের আদেশানুসারে সেই সকল শাস্ত্রের সংক্ষেপ করিবার নিমিত্ত দ্বাপরযুগের অন্তে বিশ্বাত্মা সর্ব্বজগন্ময় বিষ্ণু ব্যাস নামে পৃথিবীতে অবতীর্ণ হইয়াছিলেন। তিনি এই বর্ত্তমান দ্বাপরে কৃষ্ণ-দ্বৈপায়ন নামে, অরণিতে যেমন অগ্নির উৎপত্তি হয়, সেইরূপ সত্যবতীর গর্ভে জন্ম-গ্রহণ করিয়াছেন। যে [illegible] মতিরূপ [illegible] মন্থন করিয়া বেদরূপ [illegible]

মহাভারতরূপ চন্দ্রকে উত্থাপিত করেন ... ঋষি আবার বেদসমূহকে সংক্ষেপ করি... ভাগে বিভক্ত করিয়াছেন। তিনি ... বিভক্ত করিয়াছেন বলিয়া তাঁহার না... ব্যাস হইয়াছে। ২৬—৩৩। তিনি ... সকলকেও চারি লক্ষ শ্লোকে সংক্ষিপ্ত ... ছেন। কারণ, দেবলোকে অদ্যাপি ... সমূহের শ্লোকসংখ্যা এক শতকোটি ... ব্রাহ্মণ অঙ্গের সহিত চারি বেদ এবং ... নিষদে জ্ঞানবান্ হন, কিন্তু পুরাণ না ... তাহা হইলে তিনি বিচক্ষণ হইতে পারে... ইতিহাস এবং পুরাণ দ্বারা বেদের পূ... করিবে। 'অল্পজ্ঞানী পাছে আমাকে উ... করে', বেদ সর্ব্বদা এইরূপ ভয় করে ... (সৃষ্টি), প্রতিসর্গ (অবান্তর সর্গ বা ...) বংশ, মন্বন্তর এবং বংশানুচরিত পুরা... পাঁচটী লক্ষণ অর্থাৎ এই পাঁচ বিষ... বর্ণিত হয়। পুরাণ সকলের সংখ্যা ... যথা,—ব্রাহ্ম, পাদ্ম (পদ্মপুরাণ), ... (বিষ্ণুপুরাণ), শিবপুরাণ, ভাগবত, ভবি... নারদীয়-পুরাণ, মার্কণ্ডেয়-পুরাণ, ... [illegible]পুরাণ, লিঙ্গপুরাণ, বরাহ...

...তিপুণ্যোঽয়ং পুরাণানামনুক্রমঃ ॥ ৪০
...ং তুরীয়ং যচ্ছার্ব্বং সর্ব্বার্থসাধকম্।
...প্রমাণং তদ্যন্তং দ্বাদশসংহিতম্ ॥ ৪১
...তচ্ছিবেনৈব তত্র ধর্ম্মঃ প্রতিষ্ঠিতঃ।
...নব ধর্ম্মেণ শৈবাস্ত্রৈবর্ণিকা নরাঃ ॥ ৪২
...ন্মুচ্যন্তে প্রসাদাৎ পরমেষ্ঠিনঃ।
...ক্তিমন্বিচ্ছন্ শিবমেব সমাশ্রয়েৎ।
...য়ব দেবানামপি মুক্তির্ন চান্যথা ॥ ৪৩
...বমাখ্যাতং পুরাণং বেদসম্মিতম্।
...ন্ সমাসেন ব্রুবতো মে নিবোধত ॥ ৪৪
...তথা রৌদ্রং বৈনায়কমনুত্তমম্।
...পুরাণঞ্চ রুদ্রৈকাদশকং তথা ॥ ৪৫
...শতরুদ্রঞ্চ কোটিরুদ্রাখ্যমেব চ।
...টিরুদ্রাখ্যং বায়বীয়ং ততঃ পরম্ ॥ ৪৬
...পুরাণঞ্চেত্যেবং দ্বাদশ সংহিতাঃ ॥ ৪৭

বিদ্যেশং দশসাহস্রমুদিতং গ্রন্থসংখ্যয়া।
রৌদ্রং বৈনায়কঞ্চৌমং মাতৃকাখ্যং ততঃ পরম্ ॥
প্রত্যেকমষ্টসাহস্রং ত্রয়োদশসহস্রকম্।
রুদ্রৈকাদশকাখ্যং যৎ কৈলাসং ষট্সহস্রকম্ ॥ ৪৯
শতরুদ্রং দশ প্রোক্তং কোটিরুদ্রং তথৈব চ।
সহস্রকোটিরুদ্রাখ্যং দশসাহস্রকং তথা ॥ ৫০
যদেতদ্বায়ুনা প্রোক্তং চতুঃসাহস্রমীরিতম্।
তথা পঞ্চসহস্রন্তু যদেতদ্ধর্ম্মনামকম্।
তদেবং লক্ষমুদ্দিষ্টং শৈবং শাখাবিভেদতঃ ॥ ৫১
চতুঃসহস্রকং যৎ তু বায়ুনা সমুদীরিতম্।
তদিদং বর্ত্তয়িষ্যামি ভাগদ্বয়সমন্বিতম্ ॥ ৫২
নাবেদবিদুষে বাচ্যমিদং শাস্ত্রমনুত্তমম্।
ন চৈবাশ্রদ্দধানায় নাপুরাণবিদে তথা ॥ ৫৩
পরীক্ষিতায় শিষ্যায় ধার্ম্মিকায়ানসূয়বে।
প্রদেয়ং শিবভক্তায় শিবধর্ম্মানুসারিণে ॥ ৫৪

...মন-পুরাণ, কূর্ম্মপুরাণ, মৎস্যপুরাণ, ...এবং ব্রহ্মাণ্ডপুরাণ। এই পুরাণ-...নুক্রমণিকা অতি পবিত্র। এই পুরাণের মধ্যে চতুর্থ শিবপুরাণ, ...বের মাহাত্ম্য বর্ণিত হইয়াছে। ইহার যাহা দেবলোকে অবস্থিত, তাহার ...া একলক্ষ এবং দ্বাদশ প্রকার ...বা পরিচ্ছেদে তাহা বিভক্ত। উহা সাক্ষাৎ মহাদেব কর্ত্তৃক এবং উহাতে ধর্ম্ম প্রতিষ্ঠিত সেই শিবোক্ত ধর্ম্ম অনুসারে ...তে উৎপন্ন শিব-ভক্ত লোকেরা ...ষ্ঠী শিবের প্রসাদে একজন্মেই ...ভ করে। অতএব মুক্তিলাভেচ্ছু ...বের আশ্রয় লওয়া উচিত। এই ...শ্রয় করিয়াই দেবতাদিগেরও মুক্তি ...কারে নহে। যে শৈব-পুরাণ বেদ-...কীর্ত্তন হইয়াছে, তাহার পরিচ্ছেদ ...য় সংক্ষেপে বলিতেছি, শ্রবণ কর।" ...রৌদ্র, বৈনায়ক, ঔম, মাতৃক, ... কৈলাস, শতরুদ্র, কোটিরুদ্র, ...রুদ্র, বায়বীয় এবং ধর্ম্ম। [illegible]

শিবপুরাণে এই দ্বাদশ সংহিতা বা পরিচ্ছেদ আছে। ইহাদের মধ্যে বিদ্যেশ্বর-সংহিতার শ্লোক-সংখ্যা দশ হাজার। রৌদ্র, বৈনায়ক, ঔম, এবং মাতৃক ইহাদের প্রত্যেকের শ্লোকসংখ্যা আট হাজার। রুদ্রৈকাদশ নামক সংহিতার শ্লোক-সংখ্যা দশ হাজার এবং কৈলাস নামক সংহিতার শ্লোক সংখ্যক ছয় হাজার। শতরুদ্র ও কোটিরুদ্র ইহাদের শ্লোক-সংখ্যা দশ হাজার করিয়া। সহস্রকোটিরুদ্রের শ্লোকসংখ্যাও দশ-হাজার। বায়ুপ্রোক্ত সংহিতার শ্লোক সংখ্যা চারি হাজার এবং ধর্ম্মসংহিতার শ্লোকসংখ্যা পাঁচ হাজার। এইরূপ ভিন্ন ভিন্ন শাখাসমূহ একত্র করিলে শিবপুরাণের শ্লোক-সংখ্যা একলক্ষ হয়; তাহার মধ্যে বায়ু-কথিত সংহিতার চারি হাজার। এক্ষণে ভাগদ্বয়ে বিভক্ত সেই বায়ু-কথিত সংহিতা-ভাগের উল্লেখ করিতেছি। এই সর্ব্বশ্রেষ্ঠ শাস্ত্র বেদজ্ঞানহীনের নিকট কখনই কথনীয় নয়। শ্রদ্ধাবিহীন এবং পুরাণ-জ্ঞানহীনের নিকটও এই শাস্ত্র বলিবে না। সর্ব্বতোভাবে পরীক্ষিত অসূয়াহীন শিষ্য ... [illegible]

পুরাণসংহিতা যস্য প্রসাদান্ময়ি বর্ত্ততে।
নমো ভগবতে তস্মৈ ব্যাসায়ামিততেজসে ॥ ৫৫

ইতি শ্রীশৈবে মহাপুরাণে বায়বীয়সংহিতায়াং
পূর্ব্বভাগে বিদ্যাবতারকথনং নাম
প্রথমোঽধ্যায়ঃ ॥ ১ ॥

দ্বিতীয়োঽধ্যায়ঃ।

সূত উবাচ।

পুরা কালেন মহতা কল্পেঽতীতে পুনঃপুনঃ।
অস্মিন্নুপস্থিতে কল্পে প্রবৃত্তে সৃষ্টিকর্ম্মণি ॥ ১
প্রতিষ্ঠিতায়াং বার্ত্তায়াং প্রবুদ্ধাসু প্রজাসু চ।
মুনীনাং ষট্‌কুলীয়ানাং ব্রুবতামিতরেতরম্ ॥ ২
ইদং পরমিদং নেতি বিবাদঃ সুমহানভূৎ।
পরস্য দুর্নিরূপত্বান্ন জাতস্তত্র নিশ্চয়ঃ ॥ ৩
তেঽভিজগ্মুর্বিধাতারং দ্রষ্টুং ব্রহ্মাণমব্যয়ম্।
যত্রাস্তে ভগবান্ ব্রহ্মা স্তূয়মানঃ সুরাসুরৈঃ ॥ ৪

মেরুশৃঙ্গে শুভে রম্যে দেব-দানবসঙ্কুলে।
সিদ্ধচারণসম্বাধে যক্ষগন্ধর্ব্বসেবিতে ॥ ৫
বিহঙ্গসঙ্ঘসংঘুষ্টে মণিবিদ্রুমভূষিতে।
নিকুঞ্জ-কন্দর-দরী-গুহা-নির্ঝরশোভিতে ॥ ৬
তত্র ব্রহ্মবনং নাম নানামৃগসমাকুলম্।
দশযোজনবিস্তীর্ণং শতযোজনমায়তম্ ॥ ৭
সুরসামলপানীয়-পূর্ণরম্যসরোবরম্।
মত্তভ্রমরসঙ্ঘম-রম্যপুষ্পিতপাদপম্ ॥ ৮
তরুণাদিত্যসঙ্কাশং তত্র চারু মহৎ পুরম্।
দুর্দ্ধর্ষং বলদৃপ্তানাং দৈত্য-দানব-রক্ষসাম্ ॥ ৯
তপ্তজাম্বুনদময়ং প্রাংশুপ্রাকারতোরণম্।
নির্য্যূহবলভী-কূট-প্রতোলীশতমণ্ডিতম্ ॥ ১০
মহার্হমণিচিত্রাভির্লেলিহানমিবাম্বরম্।
মহাভবনকোটীভিরনেকাভিরলঙ্কৃতম্ ॥ ১১

প্রদান করিবে। যাহার প্রসাদে আমাতে সমুদয় পুরাণ-সংহিতা অধিষ্ঠান করিতেছে, সেই অমিততেজা ভগবান্ বেদব্যাসকে নমস্কার। ৪২—৫৫।

প্রথম অধ্যায় সমাপ্ত ॥ ১ ॥

দ্বিতীয় অধ্যায়।

সূত বলিলেন,—পূর্ব্বে অনেক কাল গত হইলে ও বারংবার শ্বেতবরাহ কল্প সকল অতীত হইলে, এই বর্ত্তমান শ্বেতবরাহ কল্পের উপস্থিতিতে সৃষ্টিকর্ম্মের প্রবৃত্তি হইলে, সংসারের কার্য্য চলিতে লাগিলে এবং প্রজা সকল প্রবুদ্ধ হইলে "ইহাই ব্রহ্মতত্ত্ব" "ইহাই ব্রহ্মতত্ত্ব" এইরূপ কথোপকথনকারী ষট্‌কুলীয় মুনিদিগের ঘোরতর বাদানুবাদ উপস্থিত হইয়াছিল। কিন্তু ব্রহ্মতত্ত্ব দুর্নিরূপ্য হেতু সে বিষয়ে কোন নিশ্চয় হইল না। তখন

[illegible] স্থিত হইয়া অবস্থান করিতেছিলেন, সেই ম[illegible] সেই স্থানে সেই অব্যয় লোক-স্রষ্টার [illegible] গমন করিলেন। দেব-দানবগণে সঙ্কুল, [illegible] চারণগণে পরিপূর্ণ, যক্ষ ও গন্ধর্ব্বগণে সে[illegible] পক্ষিসমূহে কূজিত, মণি ও বিদ্রুমে বি[illegible] নিকুঞ্জ, কন্দর, দরী, গুহা ও নির্ঝরে সুশো[illegible] অতিশয় রম্য এবং শুভদর্শন একটী সু[illegible] শৃঙ্গ আছে। সেই শৃঙ্গে নানাবিধ [illegible] সমাকীর্ণ, দশ যোজন বিস্তীর্ণ, দশ [illegible] আয়ত ব্রহ্মবন নামে একটী বন আছে [illegible] স্থানে সরোবর সকল দেখিতে রমণীয় [illegible] সুরস ও নির্ম্মল জলে পরিপূর্ণ। বৃক্ষ [illegible] পুষ্পিত এবং পুষ্প সকল ঝঙ্কারকারী [illegible] মধুকরে আচ্ছন্ন। সেই স্থানে বাহুবলে [illegible] দৈত্য, দানব ও রাক্ষসদিগের বিস্তৃত [illegible] নূতন সূর্য্যের তুল্য দীপ্তিমান্ একটী [illegible] আছে। ঐ নগর তপ্ত সুবর্ণ দ্বারা নি[illegible] উহার প্রাকার ও তোরণ অতিশয় উচ্চ[illegible] উহা শত শত হস্তিদন্ত-নির্ম্মিত বলভী ও [illegible] রাজ-বর্ত্মে শোভিত। ঐ নগর মহামূল্য [illegible] নির্ম্মিত বিচিত্র অনেকসংখ্যক বৃ[illegible] শিখর-দ্বারা যেন অম্বরতল লেহ[illegible] সেই স্থানে [illegible]

নিবসতি ব্রহ্মা সাধ্যৈঃ সার্দ্ধং প্রজাপতিঃ ॥
া মহাস্থানং সাক্ষাল্লোকপিতামহম্।
নয়ো দেবা দেবর্ষিগণসেবিতম্ ॥ ১৩
ীকরপ্রখ্যং সর্ব্বাভরণভূষিতম্।
দনং সৌম্যং পদ্মপত্রায়তেক্ষণম্ ॥ ১৪
িন্তিসমাযুক্তং দিব্যগন্ধানুলেপনম্।
ক্লাম্বরধরং দিব্যমালাবিভূষিতম্।
রেন্দ্রযোগীন্দ্র-বন্দ্যমানপদাম্বুজম্ ॥ ১৫
ক্ষণযুক্তাঙ্গ্যা লব্ধচামরহস্তয়া।
ানং সরস্বত্যা প্রভয়েব দিবাকরম্ ॥ ১৬
ষ্ট্বা মুনয়ঃ সর্ব্বে প্রহৃষ্টবদনেক্ষণাঃ।
লিমাধায় তুষ্টুবুঃ সুরপুঙ্গবম্ ॥ ১৭

মুনয় উচুঃ।

র্ত্রয়ে তুভ্যং সর্গস্থিত্যন্তহেতবে।
পুরাণায় ব্রহ্মণে পরমাত্মনে ॥ ১৮
ধানদেহায় প্রধানক্ষোভকারিণে।

তি ব্রহ্মা নিবাস করেন।১—১২। ঋষিগণ স্থানে গমন করিয়া দেবর্ষিগণ-সেবিত লোক-পিতামহ ব্রহ্মাকে দর্শন করিলেন। ক্ষার প্রভা বিশুদ্ধ সুবর্ণ সদৃশ এবং সকল প্রকার আভরণে ভূষিত। মুখ প্রসন্ন, তিনি দেখিতে মনোহর, ক্ষু পদ্মপত্রের মত আয়ত; কান্তি বং শরীর স্বর্গীয় গন্ধ দ্বারা অনুলিপ্ত। রিধান দিব্য শুক্ল বস্ত্র, গলায় দিব্য ভূষিত এবং পাদ-পদ্ম সুরাসুরেন্দ্র ও ণ কর্তৃক বন্দিত। দিবাকর যেমন ায় শোভিত হন, তিনিও সেইরূপ ক্ত-সর্ব্বাঙ্গী চামরহস্তা সরস্বতী ছিলেন। তাঁহাকে দেখিয়া সেই মুখ ও চক্ষু হর্ষে প্রফুল্ল হইল। কে অঞ্জলি করিয়া সেই সুরশ্রেষ্ঠ করিতে লাগিলেন;—আপনি সৃষ্টি, লয়ের হেতু, পুরাণ পুরুষ পরমাত্মা নাকে নমস্কার করি। ত্রিগুণাত্মক নার দেহ, আপনি ত্রিগুণাত্মক নিত সম্পাদন করেন অর্থাৎ উহাকে

ত্রয়োবিংশতিভেদেন বিকৃতায়াবিকারিণে ॥ ১৯
নমো ব্রহ্মাণ্ডজাতায় ব্রহ্মাণ্ডোদরবর্ত্তিনে।
তত্র সংসিদ্ধকার্য্যায় সংসিদ্ধকরণায় চ ॥ ২০
নমোঽস্তু সর্ব্বলোকায় সর্ব্বলোকবিধায়িনে।
সর্ব্বাত্মদেহসংযোগ-বিয়োগবিধিহেতবে ॥ ২১
ত্বয়ৈব নিখিলং সৃষ্টং সংহৃতং পালিতং জগৎ।
তথাপি মায়য়া নাথ ন বিদ্মস্ত্বাং পিতামহ ॥ ২২

সূত উবাচ।

এবং ব্রহ্মা মহাভাগৈর্মহর্ষিভিরভিষ্টুতঃ।
প্রাহ গম্ভীরয়া বাচা মুনীন্ প্রহ্লাদয়ন্নিব ॥ ২৩

ব্রহ্মোবাচ।

ঋষয়ো হে মহাভাগা মহাসত্ত্বা মহৌজসঃ।
কিমর্থং স হিতাঃ সর্ব্বে যূয়মত্র সমাগতাঃ ॥ ২৪
তমেবংবাদিনং দেবং ব্রহ্মাণং ব্রহ্মবিত্তমাঃ।

সাম্যাবস্থা হইতে চালিত করেন, আপনি মহদাদি ত্রয়োবিংশতি তত্ত্বের স্বরূপ হইয়া নানাবিধ কার্য্যরূপে অবস্থান করেন, অথচ অবিকারী; আপনাকে নমস্কার করি। আপনা হইতে ব্রহ্মাণ্ড জন্মিয়াছে, অথচ আপনি ব্রহ্মাণ্ডের মধ্যে অবস্থান করেন; আপনি সংসিদ্ধ কার্য্য স্বরূপ এবং কর্য্যের সংসিদ্ধির কারণও আপনি; আপনাকে নমস্কার করি। আপনি সর্ব্ব লোক স্বরূপ, সর্ব্ব লোকের বিধাতাও আপনি এবং আপনি সকল প্রকার আত্মা ও দেহের সংযোগবিয়োগের হেতু; আপনাকে নমস্কার করি। আপনি সমুদয় জগৎ সৃজন করিয়াছেন, আপনিই আবার উহার সংহার ও পালন করেন, তথাপি হে পিতামহ! আপনার মায়ার এরূপ মোহিনী শক্তি যে, আমরা আপনাকে জানিতে অক্ষম। ১৩—২২। সূত বলিলেন,—ব্রহ্মা মহাভাগ মুনিগণ কর্তৃক এইরূপে সংস্তুত হইয়া; গম্ভীর বাক্যে যেন তাঁহাদিগকে আনন্দিত করত বলিলেন,—হে মহাভাগ মহাসত্ত্ব এবং মহৌজঃ ঋষিগণ! কি নিমিত্ত তোমরা সকলে একত্রিত হইয়া এই স্থানে [illegible] [illegible]

যাপৃতির্বিনয়গর্ভাভিঃ সর্ব্বে প্রাঞ্জলয়োঽব্রুবন্ ॥২৫

মুনয় ঊচুঃ।

ভগবন্নন্ধকারেণ মহতা বয়মাবৃতাঃ।
খিন্না বিবদমানাশ্চ ন পশ্যামোঽত্র যৎ পরম্ ॥২৬
ত্বং হি সর্ব্বজগদ্ধাতা সর্ব্বকারণকারণম্।
ত্বয়া হ্যবিদিতং নাথ নেহ কিঞ্চন বিদ্যতে ॥ ২৭
কঃ পুমান্ সর্ব্বসত্ত্বেভ্যঃ পুরাণঃ পুরুষঃ পরঃ।
বিশুদ্ধঃ পরিপূর্ণশ্চ শাশ্বতঃ পরমেশ্বরঃ ॥ ২৮
কেনৈব চিত্রকৃত্যেন প্রথমঃ সৃজ্যতে জগৎ।
অন্তকালে পুনঃ সর্ব্বং কস্মিন্ প্রলয়মেষ্যতি ॥২৯
কস্য ভূতানি বশ্যানি কঃ সর্ব্ববিনিযোজকঃ।
কথং স পুরুষঃ শক্যো দ্রষ্টুমস্মাভিরীশ্বরঃ ॥ ৩০

সূত উবাচ।

এবং পৃষ্টস্তদা ব্রহ্মা বিস্ময়স্মেরবীক্ষণঃ।
দেবানাং দানবানাঞ্চ মুনীনামপি সন্নিধৌ ॥ ৩১
উত্থায় সুচিরং ধ্যাত্বা রুদ্র ইত্যুচ্চরন্ গিরম্।

আনন্দক্লিন্নসর্ব্বাঙ্গঃ কৃতাঞ্জলিরভাষত ॥ ৩[illegible]

ব্রহ্মোবাচ।

যতো বাচো নিবর্ত্তন্তে অপ্রাপ্য মনসা স[illegible]
আনন্দং যস্য বৈ বিদ্বান্ ন বিভেতি কুত[illegible]
যস্মাৎ সর্ব্বমিদং ব্রহ্ম-বিষ্ণু-রুদ্রেন্দ্রপূর্ব্ব[illegible]
সহ ভূতেন্দ্রিয়ৈঃ সর্ব্বৈঃ প্রথমং সম্প্রসূয়[illegible]
কারণানাঞ্চ যো ধাতা ধ্যাতা পরমকারণম্
ন সম্প্রসূয়তেঽন্যস্মাৎ কুতশ্চন কদাচন।
সর্ব্বৈশ্বর্য্যেণ সম্পন্নো নাম্না সর্ব্বেশ্বরঃ স্বয়[illegible]
সর্ব্বৈর্ম্মুমুক্ষুভির্ধ্যেয়ঃ শম্ভুরাকাশমধ্যগঃ ॥
যোঽগ্রে মাং বিদধে পুত্রং জ্ঞানঞ্চ প্রহি[illegible]
যৎপ্রসাদান্ময়া লব্ধং প্রাজাপত্যমিদং প[illegible]
ঈশো বৃক্ষ ইব স্তব্ধো য একো দিবি তি[illegible]
যেনেদমখিলং পূর্ণং পুরুষেণ মহাত্মনা ॥

প্রধান ঋষিগণ সকলে বদ্ধাঞ্জলি হইয়া বিনয়গর্ভ বাক্য বলিতে আরম্ভ করিলেন,—হে ভগবন্! আমরা ঘোর অজ্ঞানরূপ অন্ধকারে আবৃত; আমরা পরস্পর তর্ক-বিতর্ক করিয়া শ্রান্ত হইয়া পড়িয়াছি, তথাপি পরমতত্ত্ব নির্ণয় করিতে পারি নাই। আপনি সমুদয় জগতের বিধাতা এবং সকল প্রকার কারণের কারণ। হে নাথ! এই সংসারে আপনার অবিদিত কিছুই নাই। কোন্ পুরুষ সকল প্রকার প্রাণী হইতে প্রাচীন, বিশুদ্ধ, পরিপূর্ণ, নিত্য, পরমেশ্বর এবং পর-পুরুষ বলিয়া বিখ্যাত? কোন্ বিচিত্রকারী এই জগৎকে প্রথমে সৃজন করিয়াছেন এবং অন্তকালে কাহাতেই বা সমুদয় জগৎ প্রলীন হয়? এই ভূতগণ কাহার বশ্য এবং কেই বা সকল ভূতের যোজনাকারী? সেই ঈশ্বর-পুরুষকে আমরা কিরূপেই বা দর্শন করিতে সমর্থ হইতে পারি? ঋষিগণ এইরূপ জিজ্ঞাসা করিলে বিস্ময়ে ব্রহ্মার চক্ষু বিকারিত হইল। তিনি সেই দেব, দানব এবং মুনিদিগের সভায় [illegible]

পর আনন্দজন্য ঘর্ম্মে তাঁহার সর্ব্ব শরী[illegible] হইল; তিনি কৃতাঞ্জলি হইয়া বলিতে লেন,—যাঁহার স্বরূপ উপলব্ধি ক[illegible] পারিয়া মনের সহিত বাক্য নিবৃত্ত হ[illegible] যিনি বাক্য ও মনের অগোচর; নির[illegible] চিন্তন জন্য নিরতিশয় সুখ উপ[illegible] কিছুতেই ভীত হন না; যাঁহা হই[illegible] বিষ্ণু, রুদ্র, ইন্দ্র আদি সমুদয় জগৎ প্রকার ভূতও ইন্দ্রিয়ের সহিত প্রথ[illegible] হইয়াছেন; যিনি সমুদয় কারণে[illegible] এবং পরম কারণের ধ্যানকারী; কোন বস্তু হইতে কোন সময়ে [illegible] নাই, যিনি সকল প্রকার ঐশ্বর্য্যস[illegible] স্বয়ং সর্ব্বেশ্বর নামে প্রসিদ্ধ; সকল[illegible] যাঁহার ধ্যান করেন; যিনি শম্ভু অর্থা[illegible] আলয় এবং আকাশের মধ্যগত; [illegible] আমাকে পুত্ররূপে সৃজন করিয়া আ[illegible] জ্ঞান প্রদান করিয়াছেন; যাঁহার অনু[illegible] এই প্রাজাপত্য পদ লাভ করিয়াছি; অর্থাৎ সর্ব্বশ্রেষ্ঠ ঐশ্বর্য্যশালী, অ[illegible] বৃক্ষের ন্যায় অচলভাবে আকা[illegible] [illegible] পুরুষ দ্বারা [illegible]

কো বহূনাং জন্তূনাং নিষ্ক্রিয়াণাঞ্চ সৎক্রিয়ঃ।
একো বহুধা বীজং করোতি স মহেশ্বরঃ॥ ৩৯
বরেভিরিমান্ লোকান্ সর্ব্বানীশো য ঈশতে
কো ভগবান্ রুদ্রো ন দ্বিতীয়োঽস্তি কশ্চন॥
জনানাং হৃদয়ে সন্নিবিষ্টোঽপি যঃ পরৈঃ।
ক্ষ্যো লক্ষয়ন্ বিশ্বমধিতিষ্ঠতি সর্ব্বদা॥ ৪১
কালাত্মযুক্তানি কারণান্যখিলান্যপি।
স্বশক্তিরেকো বৈ ভগবানধিতিষ্ঠতি॥ ৪২
তমস্তন্ন দিবা ন রাত্রির্ন সদপ্যসৎ।
ঃ শিব এবৈকো যস্মাৎ প্রজ্ঞা বিনিঃসৃতা॥
ংসঃ পরা শক্তির্ভাবগম্যা মহীয়সী।
া স্বগুণৈরেব নিগূঢ়া নিষ্কলা শিবা॥ ৪৪
কার্য্যকরণে ন সমানো ন চাধিকঃ।
বিকী পরা শক্তির্নিত্যা জ্ঞানক্রিয়া অপি॥৪৫
যচ্চেদং ক্ষরমব্যক্তং যদপ্যমৃতমক্ষরম্।
তাবুভাবক্ষরাত্মানাবেকো দেবঃ স্বয়ং হরঃ॥ ৪৬
ঈশতে তদভিধ্যানাদ্‌যোজনাৎ তত্ত্বভাবতঃ।
ভূয়োঽপ্যস্য পশোরন্তে বিশ্বমায়া নিবর্ত্ততে॥ ৪৭
যস্মিন্ ন ভাসতে বিদ্যুন্ন সূর্য্যো ন চ চন্দ্রমাঃ।
যস্য ভাসা বিভাতীদমিত্যেষা শাশ্বতী শ্রুতিঃ॥৪৮
একো দেবো মহাদেবো বিজ্ঞেয়স্তু মহেশ্বরঃ।
ন তস্য পরমং কিঞ্চিৎ পদং সমধিগম্যতে॥ ৪৯
অয়মাদিরনাদ্যন্তঃ স্বভাবাদেব নির্ম্মলঃ।
স্বতন্ত্রঃ পরিপূর্ণশ্চ স্বেচ্ছাধীনচরাচরঃ॥ ৫০
অপ্রাকৃতবপুঃ শ্রীমান্ লক্ষ্যলক্ষণবর্জ্জিতঃ।
অমুক্তো মোচকশ্চাপ্যকালঃ কালচোদকঃ॥ ৫১
সর্ব্বোপরিকৃতাবাসঃ সর্ব্ববাসশ্চ সর্ব্ববিৎ।

পরিপূর্ণ; যিনি একাকী বহুসংখ্যক ষ্য প্রাণীর শুভক্রিয়ার সম্পাদক এবং একাকী হইয়া বহুবিধ বীজের স্রষ্টা, পরমেশ্বর। ১৫—৩৯। অপ্রতিহত-লী যিনি সমুদয় জীবের সহিত অখিল র উপর আধিপত্য করিতেছেন; যিনি ভগবান্ অর্থাৎ ষড়ৈশ্বর্য্যসম্পন্ন, যাঁহার ই; যিনি সর্ব্বদা জনগণের হৃদয়ে াকিয়াও অলক্ষিত; যিনি নিজে অপ্র-হইয়াও সমুদয় জগৎকে প্রকাশিত ধিষ্ঠান করিতেছেন; যিনি ভগবান্ ক এবং একাকী হইয়াও সমুদয় ারণে অবস্থান করেন;—যখন ঘোর তমোরাশি পৃথিবী আবরণ ন—দিবা, রাত্রি, সৎ বা অসৎ কিছুই ছিল না, কেবল সেই মঙ্গলময় এক-মেশ্বরই বর্ত্তমান ছিলেন,—তাঁহা হই-প্রজ্ঞা নির্গত হইয়াছে। যে পুরুষের সী, সর্ব্বোৎকৃষ্টা, নির্গুণা অথচ গুণ-া ও মঙ্গলরূপা; কার্য্য সম্পাদন তাঁহার সমানও নাই; তাঁহা হইতে ও নাই। তাঁহার শক্তি স্বাভাবিকী এবং তাঁহার [illegible]

নিত্য। যে এই সকল ক্ষর অর্থাৎ নশ্বর ভূতের উপাদান অব্যক্ত এবং যে সেই অমৃত অক্ষর অর্থাৎ অবিনাশী কূটস্থ পুরুষ, এতদুভয়ই অক্ষরস্বরূপ এবং এক পরমেশ্বরেরই বিবর্ত্ত। সেই শিবের অভিধ্যান, যোজন এবং তত্ত্ব-ভাবনা প্রভাবে মায়া শক্তিযুক্ত হয়; এই জীবের অন্তে আবার সেই বিশ্বমায়ার নিবৃত্তি হয়। যাঁহার নিকট বিদ্যুৎ প্রকাশিত হইতে পারে না যাঁহার নিকট চন্দ্র বা সূর্য্যের দীপ্তি নাই; যাঁহার শরীরের কিরণে এই সচরাচর জগৎ প্রকাশিত হয়, ইহাই নিত্য বেদ-বাক্য—সেই এক মহেশ্বর অর্থাৎ শিবকেই মহান্ অর্থাৎ শ্রেষ্ঠদেব বলিয়া জানা উচিত। তাঁহার-পদ অপেক্ষা অপর কোন শ্রেষ্ঠপদের কথা শুনা যায় না। তিনিই আদি, সকলের প্রথমে অবস্থিত; কিন্তু তাঁহার আদি বা অন্ত কিছুই নাই। তিনি স্বাভাবিক নির্ম্মল, স্বতন্ত্র, পরিপূর্ণ; এই চরাচর বিশ্ব তাঁহারই ইচ্ছার অধীন। ৪০—৫০। তাঁহার শরীর অপ্রাকৃত অর্থাৎ কোন প্রকৃতিজাত বস্তু দ্বারা নির্ম্মিত নহে। তিনি লক্ষ্য এবং লক্ষণ শূন্য। তিনি স্বয়ং অমুক্ত অথচ পরের মোচন-কর্ত্তা; তাঁহার নিজের কোন কালের প্রতি [illegible]

বহুবিধাধ্বময়স্যাস্য সর্ব্বস্য জগতঃ পতিঃ ॥ ৫২
উত্তরোত্তরভূতানামুত্তরশ্চ নিরুত্তরঃ।
অনন্তমহিমা ভূমিরনবচ্ছিন্নবৈভবঃ ॥ ৫৩
অশেষবিষয়ামোষ-শুদ্ধবুদ্ধিবিজৃম্ভণঃ।
আত্মশক্ত্যমৃতাস্বাদ-প্রমোদরসিকো যুবা ॥ ৫৪
অনন্তানন্দসন্দোহ-মকরন্দমধুব্রতঃ।
অখণ্ডজগদণ্ডানাং পিণ্ডীকরণপণ্ডিতঃ ॥ ৫৫
ঔদার্য্য-বীর্য্য-গাম্ভীর্য্য-মাধুর্য্যমকরালয়ঃ।
নৈবাস্য সদৃশং বস্তু নাধিকঞ্চাপি কিঞ্চন ॥ ৫৬
অতুলঃ সর্ব্বভূতানাং রাজরাজশ্চ তিষ্ঠতি।
অনেন চিত্রকৃত্যেন প্রথমং সৃজ্যতে জগৎ ॥ ৫৭
অন্তকালে পুনশ্চেদং তস্মিন্ প্রলয়মেষ্যতি।
অস্য ভূতানি বশ্যানি অয়ং সর্ব্বনিযোজকঃ ॥ ৫৮
অয়ন্তু পরয়া ভক্ত্যা দৃশ্যতে নান্যথা কচিৎ।
ব্রতানি সর্ব্বদানানি তপাংসি নিয়মাস্তথা ॥ ৫৯
কথিতানি পুরা সদ্ভির্ভাবার্থং নাত্র সংশয়ঃ।
হরিশ্চাহঞ্চ রুদ্রশ্চ তথান্যে চ সুরাসুরাঃ ॥ ৬০
তপোভিরুগ্রৈরদ্যাপি তস্য দর্শনকাঙ্ক্ষিণঃ।
অদৃশ্যঃ পতিতৈর্মূঢ়ৈর্দুর্জ্জনৈরপি কুৎসিতৈঃ।
ভক্তৈরন্তর্বহিশ্চাপি পূজ্যঃ সম্ভাষ্য এব চ ॥ ৬
তদিদং ত্রিবিধং রূপং স্থূলং সূক্ষ্মং ততঃ পর
অস্মদাদ্যমরৈর্দৃশ্যং স্থূলং সূক্ষ্মন্তু যোগিভিঃ।
ততঃ পরন্তু যন্নিত্যং জ্ঞানমানন্দমব্যয়ম্ ॥ ৬৩
তন্নিষ্ঠৈস্তৎপরৈর্ভক্তৈর্দৃশ্যং তদ্ব্রতমাস্থিতৈঃ
বহুনাত্র কিমুক্তেন গুহ্যাদ্গুহ্যতরং পরম্। ৬
শিবে ভক্তির্ন সন্দেহস্তয়া যুক্তো বিমুচ্যতে।
প্রসাদাদেব সা ভক্তিঃ প্রসাদো ভক্তিসম্ভবঃ
যথা বাঙ্কুরতো বীজং বীজতো বা যথাঙ্কুরঃ।
প্রসাদপূর্ব্বিকা এব পশোঃ সর্ব্বত্র সিদ্ধয়ঃ ॥

সকল বস্তুর বাস এবং তিনি সর্ব্বজ্ঞ। তিনি বক্ষ্যমাণ ছয় প্রকার অধ্বযুক্ত জগতের স্বামী তিনি ক্রমশঃ উৎকর্ষ-প্রাপ্ত ভূতদিগের উত্তর অর্থাৎ শেষ ভূমিতে অবস্থিত, তাঁহা অপেক্ষা আর কিছুই উৎকৃষ্ট নাই। তিনি অনন্ত মহিমার আধার এবং তাঁহার বৈভব অপরিচ্ছিন্ন। তিনি অশেষ অর্থাৎ নিখিল শব্দাদিভোগ্য বস্তুতে শুদ্ধবুদ্ধি অর্থাৎ তত্ত্বজ্ঞানের প্রবর্ত্তক এবং তিনি চিরযৌবনশালী ও আত্মশক্তিরূপ অমৃতাস্বাদের রসিক। তিনি অনন্তানন্দ-রূপ পুষ্পরসে ভ্রমরের ন্যায় আচরণশীল এবং অখণ্ড ব্রহ্মাণ্ডসমূহকে একটী পিণ্ডাকারে পরিণত করিতে পণ্ডিত। তিনি ঔদার্য্য, বীর্য্য, গাম্ভীর্য্য এবং মাধুর্য্যের সমুদ্র; তাঁহার সদৃশ বা অধিক কোন বস্তু নাই। সর্ব্ব ভূতের মধ্যে কিছুতেই তাঁহার তুলনা নাই এবং তিনি রাজাদিগের রাজা। সেই চিত্রকর্ম্মই প্রথমে জগতের সৃষ্টি করিয়াছেন; এই জগৎ অন্তকালে পুনর্ব্বার তাঁহাতেই প্রলীন হইবে। [illegible] তাঁহার [illegible] এবং তিনি [illegible]

উপায় নহে। ব্রত, সকল প্রকার দান ত এবং নিয়ম এই সকল সেই পরমেশ্বরের ভ বর্দ্ধনার্থ পণ্ডিতগণ কর্তৃক উক্ত হই এবিষয়ে কোন সন্দেহ নাই। বিষ্ণু, রুদ্র এবং অন্যান্য সুর ও অসুরগণ অ তাঁহার দর্শনের নিমিত্ত অতিশয় উগ্র-ত অনুষ্ঠান করিয়া থাকি। তিনি মূঢ়, পতিত এবং নিন্দনীয়চরিত কর্তৃক অদৃশ্য হইলেও সর্ব্বদা ভক্ত অন্তরে ও বাহিরে সম্ভাষ্য এবং ৫০—৬২। তাঁহার স্বরূপ তিন প্রকার স্থূল, সূক্ষ্ম এবং এতদুভয়ের অতি আমাদের ন্যায় দেবগণ তাঁহার স্থূল মূর্ত্তি দেখিতে সক্ষম এবং যোগিগণ তাঁহার মূর্ত্তির দর্শনকারী। এই উভয়ের অতি মূর্ত্তি নিত্য জ্ঞান আনন্দ এবং অব্যয় যে সকল ভক্ত তন্নিষ্ঠ, তৎপর এবং ব্রতেরই প্রীতিকর অনুষ্ঠান করিয়া তাঁহারাই সেই রূপের দর্শন করিতে অধিক আর কি বলিব, সে রূপ গুহ্য। গুহ্যতর। শিবে যাহার ভক্তি থাকে, সে নিশ্চয়ই সেই ভক্তিপ্রভাবে বিমু [illegible] হইতে বীজ এবং

ধনৈরন্তে সর্বৈরপি চ সাধ্যতে।
ধনং ধর্ম্মঃ স চ বেদেন দর্শিতঃ ॥ ৬৭
বশাৎ সাম্যং পূর্ব্বয়োঃ পুণ্য-পাপয়োঃ।
প্রসাদসম্পর্কো ধর্ম্মস্যাতিশয়স্ততঃ ॥ ৬৮
য়মাসাদ্য পশোঃ পাপপরিক্ষয়ঃ।
ক্ষীণপাপস্য বহুভির্জন্মভিঃ ক্রমাৎ ॥ ৬৯
রেশ্বরে ভক্তির্জ্ঞানপূর্ব্বা প্রজায়তে।
শুণমীশস্য প্রসাদো ব্যতিরিচ্যতে ॥ ৭০
ং কর্ম্মসন্ত্যাগঃ ফলতো ন স্বরূপতঃ।
কর্ম্মফলত্যাগাচ্ছিবধর্ম্মান্বয়ঃ শুভঃ ॥ ৭১
র্বানপেক্ষশ্চ তদপেক্ষ ইতি দ্বিধা।
পেক্ষাৎ সাপেক্ষো মুখ্যঃ শতগুণাধিকঃ ॥৭২
ন্বয়স্যাস্য শিবজ্ঞানসমন্বয়ঃ।

জ্ঞানান্বয়বশাৎ পুংসঃ সংসারে দোষদর্শনম্ ॥ ৭৩
অতো বিষয়বৈরাগ্যং বৈরাগ্যাদ্ভাবসাধনম্।
ভাবসিদ্ধ্যপপন্নস্য ধ্যানে নিষ্ঠা ন কর্ম্মণি ॥ ৭৪
জ্ঞানধ্যানাভিযুক্তস্য পুংসো যোগঃ প্রবর্ত্ততে।
যোগেন তু পরা ভক্তিঃ প্রসাদস্তদনন্তরম্ ॥ ৭৫
প্রসাদান্মুচ্যতে জন্তুর্মুক্তঃ শিবসমো ভবেৎ।
অনুগ্রহপ্রকারস্য ক্রমোঽয়মবিবক্ষিতঃ ॥ ৭৬
যাদৃশী যোগ্যতা পুংসস্তস্য তাদৃগনুগ্রহঃ।
গর্ভস্থো মুচ্যতে কশ্চিজ্জায়মানস্তথাপরঃ ॥ ৭৭
বালো বা তরুণো বাথ বৃদ্ধো বা মুচ্যতে পরঃ।
তির্য্যগ্যোনিগতঃ কশ্চিন্মুচ্যতে নারকোঽপরঃ ॥৭৮
অপরস্তু পদং প্রাপ্তো মুচ্যতে স্বপদক্ষয়াৎ।
কশ্চিৎ ক্ষীণপদো ভূত্বা পুনরাবর্ত্ত্য মুচ্যতে ॥ ৭৯

সেইরূপ শিবের প্রসাদেই ভক্তির হয় এবং ভক্তি হইতেই শিবের হয়। ঈশ্বরের অনুগ্রহ-প্রভাবেই সর্ব্বত্র সিদ্ধিলাভ হয়। অবসানে র সাধন দ্বারা শিবও বশীভূত হন। গ্রহের সাধক এবং বেদে সেই প্রদর্শিত হইয়াছে। বেদাভ্যাস-জন্মার্জ্জিত পুণ্য ও পাপের সাম্য ই সাম্য হইতে প্রসাদের সম্পর্ক াতিশয্য হয়। ধর্ম্মের আতিশয্য বের পাপক্ষয় হয়। বহু জন্ম-পর পাপক্ষয় হইলে জীবের হিত মিলিত সর্ব্বেশ্বর মহা-পূর্ব্বক ভক্তি উৎপন্ন হয়। জীব যেরূপ ভাবনা করে, তদনুরূপ সাদ প্রাপ্ত হয়। প্রসাদ হইতে ত্তি জন্মে এবং কর্ম্মফলে স্পৃহাশূন্য শিবধর্ম্ম পরিগ্রহ করিতে সক্ষম ধর্ম্ম গ্রহণ দুই প্রকারে হয়;— সাহায্যে, দ্বিতীয়—গুরুর সাহায্য গুরুর সাহায্যে যে ধর্ম্মের পরিগ্রহ র সাহায্য ব্যতিরেকে ধর্ম্মপরিগ্রহ ণে শ্রেষ্ঠ। ৬৩—৭২। শিবধর্ম্ম শিবজ্ঞানের উৎপত্তি হয়।

শিবজ্ঞান উৎপন্ন হইলে মনুষ্য সংসারের দোষ দর্শন করে। তাহার পর বিষয়-বৈরাগ্য হয়। ঐ বৈরাগ্য হইতে ভাব অর্থাৎ ঈশ্বরচিন্তা জন্মে। ঈশ্বরচিন্তা উৎপন্ন হইলে জীব কর্ম্ম পরিত্যাগ করিয়া ধ্যানেই আসক্ত হয়। জ্ঞান হইতে ধ্যানে আসক্ত হইলে পুরুষের যোগ হয়, যোগ হইতেই শ্রেষ্ঠ ভক্তি এবং তৎপরে তাঁহার প্রসাদ লাভ হয়। প্রসাদ হইতে জীব মুক্ত হয় এবং মুক্ত হইয়া শিবের তুল্য হয়। এই অনুগ্রহ-প্রকারে ক্রম যে এইরূপই হইবে, তাহার কোন নিয়ম নাই; যে পুরুষের যেরূপ যোগ্যতা, সে সেইরূপ অনুগ্রহ লাভ করে। কেহ গর্ভাবস্থাতেই মুক্ত হয়, কেহ বা উৎপন্ন হইয়াই মুক্তিলাভ করে। কেহ বা বাল্যাবস্থায় মুক্ত হয়, কেহ বা তরুণ অবস্থায় মুক্ত হয় এবং কেহ বা বৃদ্ধ হইয়া মুক্তিলাভ করে। কেহ বা তির্য্যক্ যোনিগত হইয়া মুক্তিলাভ করে; কেহ বা নরকে পতিত হইয়া মুক্তি লাভ করে; অপর কোন ব্যক্তি স্বীয় কর্ম্ম-বলে কোনরূপ উত্তপদ প্রাপ্ত হইয়া সেই উত্তপদের ক্ষয় হইলে মুক্তি-লাভ করে; কেহ বা [illegible] পুনর্ব্বার [illegible] করিয়া [illegible]

কশ্চিদূর্দ্ধং গতস্তস্মিন্ স্থিত্বা স্থিত্বা বিমুচ্যতে।
তস্মান্নৈকপ্রকারেণ নরাণাং মুক্তিরিষ্যতে॥ ৮০
জ্ঞানভাবানুরূপেণ প্রসাদেনৈব নির্বৃতিঃ।
তস্মাদস্য প্রসাদার্থং বাঙ্মনোদোষবর্জ্জিতাঃ॥ ৮১
ধ্যায়ন্তঃ শিবমেবৈকং সদারতনয়াগ্নয়ঃ।
তন্নিষ্ঠাস্তৎপরাঃ সর্ব্বে তদ্যুক্তাস্তদুপাশ্রয়াঃ॥ ৮২
সর্ব্বক্রিয়াঃ প্রকুর্ব্বাণাস্তমেব মনসা গতাঃ।
দীর্ঘসত্রং সমাসধ্বং দিব্যং বর্ষসহস্রকম্॥ ৮৩
সত্রান্তে মন্ত্রযোগেণ বায়ুস্তত্রাগমিষ্যতি।
স এব ভবতাং শ্রেয়ঃ সোপায়ং কথয়িষ্যতি॥৮৪
ততো বারাণসী পুণ্যা পুরী পরমশোভনা।
গন্তব্যা যত্র বিশ্বেশো দেব্যা সহ পিনাকধৃক্॥ ৮৫
সদা বিহরতি শ্রীমান্ ভক্তানুগ্রহকারণাৎ।
তত্রাশ্চর্য্যং মহদ্দৃষ্ট্বা মৎসমীপং গমিষ্যথ॥ ৮৬
ততো বঃ কথয়িষ্যামি মোক্ষোপায়ং দ্বিজোত্তমাঃ।

যেনৈকজন্মনা মুক্তির্যুষ্মৎকরতলে স্থিতা॥৮৭
এতন্মনোময়ং চক্রং ময়া সৃষ্টং বিসৃজ্যতে।
যত্রাস্য শীর্য্যতে নেমিঃ স দেশস্তপসঃ শুভঃ।
ইত্যুক্ত্বা সূর্য্যসঙ্কাশং চক্রং দৃষ্ট্বা মনোময়
প্রণিপত্য মহাদেবং বিসসর্জ্জ পিতামহঃ॥৮
তেঽপি হৃষ্টতরা বিপ্রাঃ প্রণম্য জগতাং প্র
প্রযযুস্তস্য চক্রস্য যত্র নেমিরশীর্য্যত॥ ৯০
চক্রং তদপি সংক্ষিপ্তং শ্লক্ষ্ণং চারুশিলাতঃ
বিমলস্বাদুপানীয়ে নিপপাত বনে ক্বচিৎ॥৯
তদ্বনং তেন বিখ্যাতং নৈমিশং মুনিপূজিত
অনেক-যক্ষ-গন্ধর্ব্ব-বিদ্যাধরসমাকুলম্॥৯২
অষ্টাদশ সমুদ্রস্য দ্বীপানশ্নন্ পুরূরবাঃ।
বিলাসবশমুর্ব্বশ্যা যাতো দৈবেন চোদিতঃ।
অক্রমেণাহরন্মোহাদ্যজ্ঞবাটং হিরণ্ময়ম্।

কেহ ঊর্দ্ধগত হইয়া সেই স্থানে অবস্থান করতই মুক্তি লাভ করে। অতএব মনুষ্যদিগের মুক্তি এক প্রকার অবস্থাতেই হয় না। জ্ঞান ও ভক্তির অনুরূপ প্রসাদবলেই মুক্তিলাভ হইয়া থাকে। অতএব তাঁহার প্রসাদলাভের নিমিত্ত বাক্য এবং চিত্তে দোষশূন্য হইয়া সকলে স্ত্রী, পুত্র এবং অগ্নির সহিত একমাত্র শিবের ধ্যান করিবে। শিবনিষ্ঠ, শিবপর, শিব-ধ্যান-যুক্ত এবং শিবাশ্রিত হইয়া তদ্গতচিত্তে সকল প্রকার কার্য্যের অনুষ্ঠান করিবে।৭৩—৮২। বায়ু দেবতাদিগের এক সহস্র বর্ষ ব্যাপক একটী বহুকালস্থায়ী যজ্ঞ আরম্ভ করিয়াছেন, যজ্ঞের অবসানে তিনি মন্ত্রপ্রভাবে এই নৈমিষারণ্যে আগমন করিবেন এবং তোমাদিগকে উপায়ের সহিত হিতের উপদেশ দিবেন। অনন্তর যেখানে পিনাকপাণি মহাদেব দেবীর সহিত বাস করেন, সেই পরম শোভন এবং পবিত্র বারাণসী পুরীতে তোমরা গমন করিবে। সেই স্থানে শ্রীমান্ মহাদেব ভক্তগণের উপর [illegible]

করিবে। হে ব্রাহ্মণ-শ্রেষ্ঠগণ! তাহা তোমাদিগের নিকট মুক্তির উপায় কীর্তন যাহাতে একই জন্মে মুক্তি তোমাদের ক গত হইবে। "আমা কর্তৃক সৃষ্ট এই চক্র ঘুরাইয়া ছাড়িয়া দিতেছি; যাইতে যেখানে উহার নেমি শীর্ণ হইবে, সেই তপঃসাধনের পক্ষে শ্রেষ্ঠ প্রদেশ" এ বলিয়া পিতামহ ব্রহ্মা সূর্য্যের ন্যায় চক্র দেখিয়া মহাদেবকে প্রণামপূর্ব্ব পরিত্যাগ করিয়াছিলেন। সেই ব্রা প্রহৃষ্টান্তঃকরণে জগতের প্রভু ব্রহ্মাকে করিয়া, কোথায় ঐ চক্রের নেমি শীর্ণ হ দেখিবার জন্য চলিতে লাগিলেন। চা জলে নিক্ষিপ্ত সেই মনোহর চক্র সুস্বাদ জল বিশিষ্ট কোন এক বন হইয়াছিল। এই নিমিত্ত মুনিগণে সেই বন "নৈমিষ' নামে প্রসি অনেক যক্ষ, গন্ধর্ব্ব এবং বিদ্যাধ ব্যাপ্ত। পুরূরবা নামক রাজা অষ্টাদ দ্বীপ সকল উপভোগ করিয়া পরে মোহিত হইয়া উর্ব্বশীর বিলাসে হইয়াছিলেন। তিনি ধর্ম্মপথ হ [illegible]

...র্ভির্যত্র সংক্রুদ্ধৈঃ কুশবজ্রৈর্নিপাতিতঃ ॥ ১৪
...ং সিসৃক্ষমাণা বৈ যত্র বিশ্বসৃজঃ পুরা।
...মারেভিরে দিব্যং ব্রহ্মজ্ঞা গার্হপত্যগাঃ ॥ ১৫
...র্ভির্যত্র বিদ্বদ্ভিঃ শব্দার্থন্যায়কোবিদৈঃ।
...-প্রজ্ঞা-ক্রিয়াযোগৈর্বিধিরাসীদনুষ্ঠিতঃ ॥ ১৬
বেদবিদো নিত্যং বেদবাদবহিষ্কৃতান্।
...প্রবলৈর্ঘ্নন্তি বচোভিঃ প্রতিবাদিনঃ ॥ ১৭
...কময়মহীভৃৎপাদজাভ্যঃ শিলাভ্যঃ
...মৃতকল্পস্বচ্ছপানীয়রম্যম্।
...রসফলবৃক্ষপ্রায়মব্যালসত্ত্বং
উচিতমাসীন্নৈমিশং তন্মুনীনাম্ ॥ ১৮

...শ্রীশৈবে মহাপুরাণে বায়বীয়সংহিতায়াং
পূর্ব্বভাগে পরমতত্ত্বজিজ্ঞাসু মুনীনাং
ব্রহ্মসমীপগমনাদিবর্ণনং নাম
দ্বিতীয়োঽধ্যায়ঃ ॥ ২ ॥

...মপহরণ করিয়াছিলেন। তাহাতে মুনি-
...দ্ধ হইয়া কুশবজ্র নিক্ষেপে তাঁহাকে তথায়
করিয়াছিলেন। যে নৈমিষারণ্যে পূর্ব্ব-
...বিশ্বসিসৃক্ষু ব্রহ্মজ্ঞ গার্হপত্য গত প্রজা-
দিব্য যজ্ঞ আরম্ভ করিয়াছিলেন; যে
...দ, অর্থ এবং ন্যায়ে পণ্ডিত বিদ্বান্ ঋষি-
...ন আপন শক্তি, প্রজ্ঞা এবং ক্রিয়া-
অনুসারে কার্য্যের অনুষ্ঠান করিয়া-
যে নৈমিষারণ্যে বেদবিৎ পণ্ডিতগণ
...হিষ্কৃত প্রতিবাদীদিগকে বাদ ও জল্প-
...ক্য দ্বারা নিরস্ত করেন, এই নৈমিষা-
...স্ফটিকময় পর্ব্বতের পাদজাত শিলা
...ংসৃত অমৃতকল্প নির্ম্মল সলিলে রমণীয়,
...রসযুক্ত ফলবান্ বৃক্ষবহুল, হিংস্র-জন্তু-
...বং মুনিগণের তপস্যার যোগ্য সেই
...। ৮৩—৯৮।

দ্বিতীয় অধ্যায় সমাপ্ত ॥ ২ ॥

তৃতীয়োঽধ্যায়ঃ।

সূত উবাচ।

তস্মিন্ দেশে মহাভাগা মুনয়ঃ সংশিতব্রতাঃ।
অর্চ্চয়ন্তো মহাদেবং সত্রমারেভিরে তদা ॥ ১
তচ্চ সত্রং প্রববৃতে সর্ব্বাশ্চর্য্যং মহর্ষিণাম্।
বিশ্বং সিসৃক্ষমাণানাং পুরা বিশ্বসৃজামিব ॥ ২
অথ কালে গতে সত্রে সমাপ্তে ভূরিদক্ষিণে।
পিতামহনিয়োগেন বায়ুস্তত্রাগমৎ স্বয়ম্ ॥ ৩
শিষ্যঃ স্বয়ম্ভুবো দেবঃ সর্ব্বপ্রত্যক্ষদৃগ্বশী।
আজ্ঞায়াং মরুতো যস্য সংস্থিতাঃ সপ্তসপ্তকাঃ ॥ ৪
প্রেরয়ন্ শশ্বদঙ্গানি প্রাণাদ্যাভিঃ স্ববৃত্তিভিঃ।
সর্ব্বভূতশরীরাণাং কুরুতে যশ্চ ধারণম্ ॥ ৫
অণিমাদিভিরষ্টাভিরৈশ্বর্য্যৈশ্চ সমন্বিতঃ।
তির্য্যক্করাদিভির্মেঘৈর্ভুবনানি বিভর্ত্তি যঃ ॥ ৬
আকাশযোনির্দ্বিগুণঃ স্পর্শশব্দসমন্বয়াৎ।
তেজসাং প্রকৃতিশ্চেতি যমাহুস্তত্ত্বচিন্তকাঃ ॥ ৭
তমাশ্রমগতং দৃষ্ট্বা মুনয়ো দীর্ঘসত্রিণঃ।

তৃতীয় অধ্যায়।

সূত বলিলেন,—সেই স্থানে সংশিতব্রত মহাভাগ মুনিগণ মহাদেবের অর্চ্চনা করত যজ্ঞ আরম্ভ করিয়াছিলেন। সেই বিশ্বসিসৃক্ষু প্রজাপতি মহর্ষিগণের সেই যজ্ঞ পূর্ব্বকালে সকল লোকের বিস্ময়কর হইয়াছিল। অনন্তর কিছুকাল পরে প্রভূতদক্ষিণ সেই যজ্ঞ সম্পূর্ণ হইলে ব্রহ্মার নিয়োগে বায়ু স্বয়ং সেই স্থানে আগমন করিলেন। যিনি ব্রহ্মার শিষ্য ও জিতেন্দ্রিয়; যাঁহার সকল বস্তু প্রত্যক্ষগোচর এবং যে দেবের আজ্ঞায় ঊনপঞ্চাশৎ বায়ু সর্ব্বদা অবস্থিত; যিনি সর্ব্বদা প্রাণ প্রভৃতি বৃত্তি দ্বারা অঙ্গসমূহকে চালনা করত সকল প্রাণীর শরীর ধারণ করেন; যিনি অণিমাদি অষ্ট ঐশ্বর্য্যসমন্বিত হইয়া, তির্য্যগাদি [illegible] এবং মেঘ দ্বারা ভুবন সকলকে ধারণ [illegible] তত্ত্বচিন্তকগণ যাঁহাকে আকাশোৎপন্ন [illegible] স্পর্শ এই দুই [illegible]

পিতামহবচঃ স্মৃত্বা প্রহর্ষমতুলং যযুঃ ॥ ৮
অভ্যুত্থায় ততঃ সর্ব্বে প্রণম্যাম্বরসম্ভবম্।
চামীকরময়ং তস্মৈ বিষ্টরং সমকল্পয়ন্ ॥ ৯
সোঽপি তত্র সমাসীনো মুনিভিঃ সম্যগর্চ্চিতঃ।
প্রতিনন্দ্য চ তান্ সর্ব্বান্ পপ্রচ্ছ কুশলং ততঃ ॥

বায়ুরুবাচ।

অত্র বঃ কুশলং বিপ্রাঃ কচ্চিদ্বৃত্তে মহাক্রতৌ।
কচ্চিদ্‌যজ্ঞহনো দৈত্যা ন বাধেরন্ সুরদ্বিষঃ ॥ ১১
প্রায়শ্চিত্তং দুরিষ্টং বা ন কচ্চিৎ সমজায়ত।
স্তোত্রশস্ত্রগ্রহৈর্দ্দেবান্ পিতৄন্ পিত্র্যৈশ্চ কর্ম্মভিঃ ॥
কচ্চিদভ্যর্চ্চ্য যুষ্মাভির্বিধিরাসীৎ স্বনুষ্ঠিতঃ।
নিবৃত্তে চ মহাসত্রে পশ্চাৎ কিং বশ্চিকীর্ষিতম্ ॥

সূত উবাচ।

ইত্যুক্তা মুনয়ঃ সর্ব্বে বায়ুনা শিবভাবিনা।
প্রহৃষ্টমনসঃ পূতাঃ প্রত্যূচুর্বিনয়ান্বিতাঃ ॥ ১৪

মুনয় উচুঃ।

অদ্য নঃ কুশলং সর্ব্বমদ্য সাধু ভবেৎ তপঃ।
অস্মচ্ছ্রেয়োবিবৃদ্ধ্যর্থং ভবানত্রাগতো যতঃ ॥ ১
শৃণু চেদং পুরাবৃত্তং তমসাক্রান্তমানসৈঃ।
উপাসিতঃ পুরাস্মাভির্বিজ্ঞানার্থং প্রজাপতি
সোঽপ্যস্মাননুগৃহ্যাহ শরণ্যঃ শরণাগতান্।
সর্ব্বস্মাদধিকো বিপ্রা রুদ্রঃ পরমকারণম্।
তমপ্রতর্ক্যযাথার্থ্যং ভক্তিমানেব পশ্যতি।
ভক্তিশ্চাস্য প্রসাদেন প্রসাদাদেব নির্বৃতিঃ।
তস্মাদস্য প্রসাদার্থং নৈমিষে মন্ত্রযোগতঃ।
যজধ্বং দীর্ঘসত্রেণ রুদ্রং পরমকারণম্ ॥
তৎপ্রসাদেন সত্রান্তে বায়ুস্তত্রাগমিষ্যতি।
তন্মুখাজ্‌জ্ঞানলাভো বস্তত্র শ্রেয়ো ভবিষ্য
ইত্যাদিশ্য বয়ং সর্ব্বে প্রেষিতাঃ পরমেষ্ঠিনা
অস্মিন্ দেশে মহাভাগ ত্বদাগমনকাঙ্ক্ষিণঃ

দেখিয়া এবং পিতামহের বাক্য শ্রবণ করিয়া, সেই দীর্ঘসত্রী মুনিগণ অতুল আনন্দ প্রাপ্ত হইলেন। তখন ঋষিগণ অভ্যুত্থান-পূর্ব্বক সেই আকাশ-সম্ভব বায়ুকে প্রণাম করিয়া, বসিবার নিমিত্ত তাঁহাকে সুবর্ণ-নির্ম্মিত আসন প্রদান করিলেন। বায়ু সেই আসনে উপবেশন করিলে মুনিগণ তাঁহাকে যথাবিধি অর্চ্চনা করিলেন। তিনিও তাঁহাদিগকে প্রতিনন্দন করিয়া সকলের কুশল জিজ্ঞাসা করিলেন,—হে বিপ্রগণ! এই মহাযজ্ঞ আরম্ভ হওয়া অবধি তোমাদের সকল বিষয়ে কুশল ত? যজ্ঞবিঘাতক সুরদ্বেষ্টা দৈত্যগণ কোনরূপ বাধা দিতেছে না ত? কোন প্রকার প্রায়শ্চিত্তার্হ পাপ কার্য্য বা অনিষ্ট ত ঘটে নাই? তোমরা দেবতাদিগকে স্তোত্র এবং শাস্ত্রগ্রহ কর্ম্মসমূহ দ্বারা এবং পিতৃগণের অর্চ্চনা করিয়া বিধির অনুষ্ঠান করিতেছ ত? এই মহাযজ্ঞ সম্পূর্ণ হইবার পরই বা কি করিতে ইচ্ছা করিয়াছ? ১—১৩। সূত কহিলেন,—শিবভাবী বায়ু এইরূপ কহিলে, সেই [illegible]

বিষয়ে কুশল এবং আমাদের তপস্যা [illegible] হইল। যেহেতু আমাদিগের কল্যাণ নিমিত্ত আপনি এখানে আগত হইয়াছেন। এই পুরাবৃত্তটী শ্রবণ করুন, পূর্ব্বে অজ্ঞানে মোহিত হইয়া, পরমব্রহ্মের জ্ঞানের নিমিত্ত প্রজাপতি ব্রহ্মার [illegible] করিয়াছিলাম। সেই শরণাগত-বৎসল [illegible] শরণাগত আমাদিগকে অনুগ্রহ করি[illegible] কথা বলিলেন যে, ভগবান্ রুদ্রই [illegible] শ্রেষ্ঠ এবং পরম কারণ। যথার্থ তত্ত্ব [illegible] না করিয়া ভক্তিমান্ ব্যক্তিই তাঁহা[illegible] লাভ করিতে সমর্থ হয়। তাঁহার [illegible] ভক্তি হয় এবং তাঁহার প্রসাদেই নির্বৃ[illegible] হয়। অতএব তাঁহার প্রসাদ-লাভে[illegible] নৈমিষারণ্যে মন্ত্র উচ্চারণপূর্ব্বক দীর্ঘ[illegible] সেই পরম কারণ রুদ্রের উপাসনা ক[illegible] রুদ্রের প্রসাদে যজ্ঞের অবসানে বায়ু [illegible] আগমন করিবেন। সেই [illegible] তোমাদের জ্ঞান লাভ হইবে এব[illegible] কল্যাণ হইবে। পরমেষ্ঠী ব্রহ্মা এইরূপ উপদেশ দিয়া এই [illegible] করিয়াছেন, আমরাও এই [illegible]

সমাসীনা দিব্যবর্ষসহস্রকম্।
মাদস্যং প্রার্থ্যং মে নাস্তি কিঞ্চন॥২২
পুরারভ্যমৃষীণাং দীর্ঘসত্রিণাম্।
মনা ভূত্বা তত্রাস্তে মুনিসংবৃতঃ॥ ২৩
নিভিঃ পৃষ্টস্তেষাং ভাববিবৃদ্ধয়ে।
ার্শ্বমৈশ্বর্য্যং সমাসাদবদব্বিভুঃ॥ ২৪

শ্রীশৈবে মহাপুরাণে বায়বীয়সংহিতায়াং
ভাগে নৈমিষারণ্যে মুনিভিরনুষ্ঠিতে
যজ্ঞে বায়োরাগমনকথনং নাম
তৃতীয়োঽধ্যায়ঃ॥ ৩॥

চতুর্থোঽধ্যায়ঃ।

সূত উবাচ।
মহাভাগা নৈমিষারণ্যবাসিনঃ।
যথান্যায়ং পপ্রচ্ছুঃ পবনং প্রভুম্॥ ১
নৈমিষীয়া উচুঃ।
প্রাপ্তো জ্ঞানমীশ্বরগোচরম্।

কথঞ্চ শিষ্যতামস্তে ব্রহ্মণোঽব্যক্তজন্মনঃ॥ ২
বায়ুরুবাচ।
একোনবিংশতিঃ কল্পো বিজ্ঞেয়ঃ শ্বেতলোহিতঃ।
তস্মিন্ কল্পে চতুর্বক্ত্রঃ স্রষ্টুকামোঽতপৎ তপঃ॥ ৩
তপসা তেন তীব্রেণ তুষ্টস্তস্য পিতা স্বয়ম্।
দিব্যং কৌমারমাস্থায় রূপং রূপবতাং বরঃ॥ ৪
শ্বেতো নাম মুনির্ভূত্বা দিব্যাং বাচমুদীরয়ন্।
দর্শনং প্রদদৌ তস্মৈ দেবদেবো মহেশ্বরঃ॥ ৫
তং দৃষ্ট্বা পিতরং ব্রহ্মা ব্রহ্মণোঽধিপতিং পতিম্।
প্রণম্য পরমং জ্ঞানং গায়ত্র্যা সহ লব্ধবান্॥ ৬
ততঃ স লব্ধবিজ্ঞানো বিশ্বকর্ম্মা চতুর্মুখঃ।
অসৃজৎ সর্ব্বভূতানি স্থাবরাণি চরাণি চ॥ ৭
যচ্ছ্রুত্বা হ্যমৃতং লব্ধং ব্রহ্মণা পরমেশ্বরাৎ।
ততস্তদ্বদনাদেব ময়া লব্ধং তপোবলাৎ॥ ৮
মুনয় উচুঃ।
কিং তজ্জ্ঞানং ত্বয়া লব্ধং তথ্যাৎ তথ্যতরং শুভম্

অপেক্ষা করিতেছিলাম। সহস্র
হইল, আমরা দীর্ঘসত্রের অনুষ্ঠান
এবং তাহার ফলে এস্থলে আপনার
য়াছে, আর আমাদিগের প্রার্থনীয়
দীর্ঘসত্রী ঋষিদিগের এই পুরা-
বণ বায়ু প্রীতমনে মুনিগণ কর্তৃক
ইয়া সেই স্থানে অবস্থান করি-
ন্তর সেই বিশ্বব্যাপী বায়ু মুনিগণ
সিত হইয়া তাঁহাদের ভক্তিবৃদ্ধির
দেবের সৃজন আদি সমুদয়
করিলেন। ১৪—২৪।
অধ্যায় সমাপ্ত॥ ৩॥

তুর্থ অধ্যায়।

—নৈমিষারণ্যবাসী মহাভাগ
বনদেবকে যথাবিধি প্রণাম
করিলেন,—আপনি কিরূপে
জ্ঞান প্রাপ্ত হইয়াছেন

এবং কিরূপেই বা আপনি সেই অব্যক্তজন্মা
ব্রহ্মার শিষ্যতা লাভ করিয়াছেন? বায়ু
বলিলেন,—একোনবিংশ কল্প শ্বেতলোহিত
নামে বিখ্যাত; সেই কল্পে ভগবান্ চতুরানন
ব্রহ্মা, সৃজনেচ্ছু হইয়া তপস্যার অনুষ্ঠান
করেন। তাঁহার সেই তীব্র তপস্যায় সন্তুষ্ট
হইয়া, পিতা পরমেশ্বর সেই দেবদেব মহাদেব
অতিশয় সুন্দর কৌমার রূপ গ্রহণপূর্ব্বক শ্বেত
নামে মুনি হইয়া দিব্য বাক্য উচ্চারণ করত
তাঁহাকে দর্শন দান করিয়াছিলেন। তখন
ব্রহ্মা সেই দেবের অধিপতি জগৎপতি পিতা
মহাদেবকে দর্শন ও প্রণাম করিয়া গায়ত্রীর
সহিত তত্ত্বজ্ঞান লাভ করিলেন। অনন্তর সেই
বিশ্বস্রষ্টা চতুর্মুখ ব্রহ্মা, তত্ত্বজ্ঞান প্রাপ্ত হইয়া
চরাচর নিখিল ভূতের সৃজন করিলেন।
পরমেশ্বরের মুখ হইতে যাহা শ্রবণ করিয়া
ব্রহ্মা তত্ত্বজ্ঞান লাভ করিয়াছিলেন, আমিও
তপঃপ্রভাবে ব্রহ্মার মুখ হইতে তাহাই শ্রবণ
করিয়া জ্ঞান লাভ করিয়াছি। মুনিগণ বলি-
লেন,—যে জ্ঞানে সম্পূর্ণ [illegible]

যত্র কৃত্বা পরাং নিষ্ঠাং পুরুষঃ সুখমৃচ্ছতি ॥ ৯

বায়ুরুবাচ।

পশু-পাশ-পতিজ্ঞানং যল্লব্ধন্তু ময়া পুরা।
তত্র নিষ্ঠা পরা কার্য্যা পুরুষেণ সুখার্থিনা ॥ ১০
অজ্ঞানপ্রভবং দুঃখং জ্ঞানেনৈব নিবর্ত্ততে।
জ্ঞানং বস্তুপরিচ্ছেদো বস্তু চ ত্রিবিধং স্মৃতম্ ॥ ১১
অজড়ঞ্চ জড়ঞ্চৈব নিয়ন্তৃ চ তয়োরপি।
পশুঃ পাশঃ পতিশ্চেতি কথ্যতে তত্ত্রয়ং ক্রমাৎ ॥
অক্ষরঞ্চ ক্ষরঞ্চৈব ক্ষরাক্ষরপরং তথা।
তদেতৎ ত্রিতয়ং ভূয়ঃ কথ্যতে তত্ত্ববেদিভিঃ ॥ ১৩
অক্ষরং পশুরিত্যুক্তঃ ক্ষরং পাশ উদাহৃতঃ।
ক্ষরাক্ষরপরং যৎ তৎ পতিরিত্যভিধীয়তে ॥ ১৪

মুনয় ঊচুঃ।

কিং তদক্ষরমিত্যুক্তং কিঞ্চ ক্ষরমুদাহৃতম্।
তয়োশ্চ পরমং কিং বা তদেতদ্ ব্রূহি মারুত ॥ ১৫

বায়ুরুবাচ।

প্রকৃতিঃ ক্ষরমিত্যুক্তং পুরুষোঽক্ষর উচ্যতে।
তাবিমৌ প্রেরয়ত্যন্তঃ স পরঃ পরমেশ্বরঃ।

মুনয় ঊচুঃ।

কৈষা প্রকৃতিরিত্যুক্তা ক এষ পুরুষো মতঃ
অনয়োঃ কেন সম্বন্ধঃ কোঽয়ং প্রেরক ঈশ

বায়ুরুবাচ।

ময়া প্রকৃতিরুদ্দিষ্টা পুরুষো মায়য়াবৃতঃ।
সম্বন্ধো মল-কর্ম্মভ্যাং শিবঃ প্রেরক ঈশ্বরঃ।

মুনয় ঊচুঃ।

কেয়ং মায়া সমাখ্যাতা কিংরূপো মায়য়া কৃ
মলং কীদৃক্ কুতো বাস্য কিং শিবত্বং কুতঃ।

বায়ুরুবাচ।

মায়া মাহেশ্বরী শক্তিশ্চিদ্রূপো মায়য়াবৃতঃ।
মলশ্চিচ্ছাদকো নৈজো বিশুদ্ধিঃ শিবতাস্বতঃ

মুনয় ঊচুঃ।

আবৃণোতি কথং মায়া ব্যাপিনং কেন হেতুন

এরূপ কি জ্ঞান আপনি লাভ করিয়াছেন? বায়ু বলিলেন,—আমি পূর্ব্বে যে জ্ঞান লাভ করিয়াছি, উহা জীব, মায়া এবং ঈশ্বরবিষয়ক জ্ঞান, সুখার্থী পুরুষের ঐ জ্ঞানেই সম্পূর্ণ শ্রদ্ধা করা উচিত। ১—১০। অজ্ঞান অর্থাৎ অবিদ্যা-জাত দুঃখ পূর্ব্বোক্ত তত্ত্বজ্ঞান দ্বারাই নিবৃত্ত হয়। বস্তুর পরিচ্ছেদ্য (স্বরূপ)-নির্দ্ধারণী বৃত্তির নাম জ্ঞান। বস্তু সকল তিন প্রকার;—অজড় অর্থাৎ সচেতন; জড় অর্থাৎ অচেতন এবং ঐ উভয়ের নিয়ন্তা অর্থাৎ পরিচালক। এই তিন প্রকার বস্তু যথাক্রমে পশু (জীব), পাশ (মায়া) এবং পতি (ঈশ্বর) এই তিন নামে কথিত হয়। তত্ত্বজ্ঞগণ আবার ঐ তিন প্রকার বস্তুকে অক্ষর, ক্ষর এবং ক্ষরাক্ষরপর বলিয়া নির্দ্দিষ্ট করেন। অক্ষর বলিতে জীব, ক্ষর বলিতে মায়া এবং ক্ষরাক্ষর-পর বলিতে ঈশ্বর। মুনিগণ বলিলেন,—হে মারুত। [illegible]

কীর্ত্তন করুন। বায়ু বলিলেন,—প্রকৃ[illegible] ক্ষর বলিয়া থাকে এবং পুরুষ অক্ষর[illegible] উভয়কে যিনি চালিত করেন, সেই পর[illegible] পর অর্থাৎ এই উভয় হইতে ভিন্ন। [illegible] বলিলেন,—প্রকৃতি কে? পুরুষেরই [illegible] প্রকার স্বরূপ? এই প্রকৃতি ও পুরুষের [illegible] বা কি প্রকার? এবং ইহাদের প্রেরক ঈ[illegible] স্বরূপই বা কিরূপ? বায়ু বলিলেন,—[illegible] প্রকৃতি বলা হয়, মায়াবৃত ব্রহ্মই [illegible] জ্ঞানের আবরক কর্ম্ম দ্বারা এই [illegible] সম্বন্ধ হয় এবং পরমেশ্বর শিব [illegible] প্রেরক। মুনিগণ বলিলেন,—সেই [illegible] স্বরূপ কি? মায়াবৃত পুরুষেরই বা [illegible] কি? সেই পুরুষের জ্ঞানাবরক [illegible] কিরূপ ও কোথা হইতেই বা উহ[illegible] হয়? শিবের শিবত্ব কি এবং [illegible] তাঁহাকে শিব বলে? বায়ু বলিলেন,—[illegible] শ্বরের শক্তিকে মায়া বলা হয় এবং [illegible] স্বরূপ পুরুষ মায়াতে আবৃত হন। [illegible] জ্ঞানাবরক মল বা [illegible] স্বাভাবিক বিশুদ্ধি অর্থাৎ [illegible]

র্থং বা বৃত্তিঃ পুংসঃ কেন বা বিনিবর্ত্ততে ॥২১

বায়ুরুবাচ।

র্ব্যাপিনোঽপি স্বাত্মাপি যস্মাৎ কলাদ্যাপি

কর্ম্মৈব ভোগার্থং নিবর্ত্তেত মলক্ষয়াৎ ॥২২

মুনয় উচুঃ।

কথ্যতে কিং তৎ কর্ম্ম বা কিমুদাহৃতম্।

র্ম্মাদি কিমন্তং বা কিংফলং বা কিমাশ্রয়ম্

ভোগশ্চ কিংভোগ্যং কিং বা তদ্ভোগসাধনম্

স্য কো হেতুঃ কীদৃক্ ক্ষীণমলঃ পুমান্ ॥২৪

বায়ুরুবাচ।

বিদ্যা চ রাগশ্চ কালো নিয়তিরেব চ।

য়ঃ সমাখ্যাতা যো ভোক্তা পুরুষো ভবেৎ ॥

পাপাত্মকং কর্ম্ম সুখদুঃখফলস্তু যৎ।

দিমলভোগান্তমজ্ঞানাত্মসমাশ্রয়ম্ ॥ ২৬

ঃ কর্ম্মবিনাশায় ভোগ্যমব্যক্তমুচ্যতে।

ন্তঃকরণদ্বারং শরীরং ভোগসাধনম্ ॥ ২৭

ভাবাতিশয়লভ্যেন প্রসাদেন মলক্ষয়ঃ।

ক্ষীণে চাত্মমলে তস্মিন্ পুমান্ শিবসমো ভবেৎ

মুনয় উচুঃ।

কলাদি পঞ্চতত্ত্বানাং কিং কর্ম্ম পৃথগুচ্যতে।

ভোক্তেতি পুরুষশ্চেতি যেনাত্মা ব্যপদিশ্যতে ॥২৯

কিমাত্মকং তদব্যক্তং কেনাকারেণ ভুজ্যতে।

কিং তস্য শরণং ভুক্তৌ শরীরঞ্চ কিমুচ্যতে ॥৩০

বায়ুরুবাচ।

দৃক্ক্রিয়াব্যাঞ্জিকে বিদ্যাকলে রাগঃ প্রবর্ত্তকঃ।

কালোঽবচ্ছেদকস্তত্র নিয়তিস্তু নিয়ামিকা ॥ ৩১

অব্যক্তং কারণং যৎ তৎ ত্রিগুণপ্রভবাপ্যয়ম্।

প্রধানং প্রকৃতিশ্চেতি যদাহুস্তত্ত্বচিন্তকাঃ ॥ ৩২

কলাতস্তদভিব্যক্তমনভিব্যক্তলক্ষণম্।

সুখদুঃখবিমোহাত্মা মুচ্যতে গুণবাংস্ত্রিধা ॥ ৩৩

ন,—মায়া কি হেতু এবং কি প্রকারে বিশ্বব্যাপক পুরুষকে আবরণ করে? ই বা মায়া দ্বারা পুরুষের আবরণ হয় রূপেই বা উহার নিবৃত্তি হয়? বায়ু ন,—ব্যাপীরও আবরণ হইয়া থাকে, কলাদিও ব্যাপী। ভোগার্থ কর্ম্মই হেতু এবং পূর্ব্বোক্ত মলের ক্ষয় হইলে, বরণের নিবৃত্তি হয়। মুনিগণ বলি- -কলাদি কাহাকে বলে এবং সেই কর্ম্মই উহার আদিই বা কি, অন্তই বা ফলই বা কি এবং আশ্রয়ই বা কি? মিত্ত ভোগ? ভোগ্যই বা কি? গের সাধনই বা কি? মলক্ষয়ের ? এবং পুরুষের মলক্ষয় হইলে রূপ হয়? বায়ু বলিলেন,—কলা, গ, কাল ও নিয়তি এই পাঁচটী কলাদি ভিহিত। পুরুষই ভোক্তা। কর্ম্ম :—পুণ্য এবং পাপাত্মক। পুণ্যা- ফল সুখ এবং পাপাত্মক কর্ম্মের অনাদি মল অর্থাৎ অবিদ্যায় কর্ম্ম স্থায়ী হয়, অবিদ্যার ভোগ শেষ হইলে কর্ম্মেরও অন্ত হয় এবং জীব উহার আশ্রয়। কর্ম্মের বিনাশের নিমিত্ত ভোগ অর্থাৎ সুখ বা দুঃখের সাক্ষাৎকার হয়। অব্যক্ত অর্থাৎ প্রকৃতিই ভোগ্য। শরীর বাহ্য এবং অন্তরিন্দ্রিয় দ্বারা ভোগের সাধন। অনুক্ষণ-শিব-তত্ত্বধ্যান-লভ্য প্রসাদবশেই মলের ক্ষয় হয়। আত্মনিষ্ঠ মলের ক্ষয় হইলে, পুরুষ শিবসাদৃশ্য লাভ করে। মুনিগণ বলিলেন,—কলাদি পঞ্চ তত্ত্ব হইতে কর্ম্ম কেন পৃথক্,—যে কর্ম্মফলের ভোগ-হেতু আত্মা, পুরুষ বা ভোক্তা বলিয়া অভিহিত হন, সেই অব্যক্তের স্বরূপ কি? উহা কিরূপেই বা ভোগ্যতা প্রাপ্ত হয়? ভোগ- ক্রিয়ায় পুরুষের আশ্রয় কি এবং শরীর বা কাহাকে বলে?২১—৩০। বায়ু বলিলেন,—বিদ্যা এবং কলা পুরুষের দর্শনক্রিয়া অর্থাৎ জ্ঞানের ব্যঞ্জক এবং বিষয়ানুরাগ উহার প্রবর্ত্তক। কাল সকল বস্তুর পরিচ্ছেদকারী এবং নিয়তি তাহার নিয়ামিকা। কারণরূপ অব্যক্ত ত্রিগুণপ্রভাব এবং উৎপত্তি ও বিনাশযুক্ত হইলেও উহাকেই তত্ত্ব-চিন্তকগণ প্রধান ও প্রকৃতি বলিয়া থাকেন। কলা হইতেই তাহার [illegible]

সত্ত্বং রজস্তম ইতি গুণাঃ প্রকৃতিসম্ভবাঃ।
প্রকৃতৌ সূক্ষ্মরূপেণ তিলে তৈলমিব স্থিতাঃ ॥৩৪
সুখঞ্চ সুখহেতুশ্চ সমাসাৎ সাত্ত্বিকং স্মৃতম্।
রাজসং তদ্বিপর্য্যাসঃ স্তম্ভমোহৌ তু তামসৌ ॥৩৫
সাত্ত্বিক্যূর্দ্ধগতিঃ প্রোক্তা তামসী স্যাদধোগতিঃ।
মধ্যমা তু গতির্যা সা রাজসী পরিপঠ্যতে ॥ ৩৬
তন্মাত্রাপঞ্চকঞ্চৈব ভূতপঞ্চকমেব চ।
জ্ঞানেন্দ্রিয়াণি পঞ্চৈব পঞ্চ কর্ম্মেন্দ্রিয়াণি চ ॥ ৩৭
প্রধানবুদ্ধ্যহঙ্কার-মনাংসি চ চতুষ্টয়ম্
সমাসাদেবমব্যক্তং সবিকারমুদাহৃতম্ ॥ ৩৮
তৎ কারণদশাপন্নমব্যক্তমিতি কথ্যতে।
ব্যক্তং কার্য্যদশাপন্নং শরীরাদিঘটাদিবৎ ॥ ৩৯
যথা ঘটাদিকং কার্য্যং মৃদাদের্নাতিভিদ্যতে।
শরীরাদি তথা ব্যক্তমব্যক্তান্নাতিভিদ্যতে ॥ ৪০
তস্মাদব্যক্তমেবৈকং কারণং করণানি চ

শরীরঞ্চ তদাধারং তদ্ভোগ্যঞ্চাপি নেতরৎ ॥ ৪১
ঋষয় উচুঃ।
বুদ্ধীন্দ্রিয়শরীরেভ্যো ব্যতিরিক্তস্য কস্যচিৎ।
আত্মশব্দাভিধেয়স্য বস্তুতোঽপি কুতঃ স্থিতিঃ।
বায়ুরুবাচ।
বুদ্ধীন্দ্রিয়শরীরেভ্যো ব্যতিরিক্তো বিভুর্ধ্রুবঃ।
অস্ত্যেব কশ্চিদাত্মেতি হেতুস্তত্র সুদুর্গমঃ ॥ ৪৩
বুদ্ধীন্দ্রিয়শরীরাণাং নাত্মতা সম্ভবিষ্যতে।
স্মৃতেরনিয়তজ্ঞানাদযাবদ্দেহবেদনাৎ ॥ ৪৪
ততঃ স্মর্ত্তানুভূতানামশেষজ্ঞেয়গোচরঃ।
অন্তর্যামীতি বেদেষু বেদান্তেষু চ গীয়তে ॥ ৪[illegible]
সর্ব্বং তত্র স সর্ব্বত্র ব্যাপ্য তিষ্ঠতি শাশ্বতঃ।
তথাপি কাপি কেনাপি ব্যক্তমেব ন দৃশ্যতে।

এবং সুখ-দুঃখ-বিমোহাত্মক তিন প্রকার গুণ-বান্ পুরুষই উহার উপভোগ করেন। প্রকৃতি হইতে সত্ত্ব, রজঃ এবং তমঃ এই তিন গুণের উৎপত্তি হইয়াছে। তিলের মধ্যে যেমন তৈল থাকে, সেইরূপ এই গুণত্রয়ও সূক্ষ্মরূপে প্রকৃতিতে অবস্থান করে যাবতীয় সুখ এবং সুখহেতু বস্তু—সত্ত্বগুণের পরিণাম; রজো-গুণের পরিণাম—ঠিক তাহার বিপরীত; স্তম্ভ এবং মোহ ইহারা তমোগুণের পরিণাম। সত্ত্বগুণপ্রভাবে ঊর্দ্ধগতি হয়, তমোগুণপ্রভাবে অধোগতি হয় এবং রজোগুণ প্রভাবে মধ্যমা গতি হয়। পঞ্চ তন্মাত্র, পঞ্চ স্থূল ভূত, পঞ্চ জ্ঞানেন্দ্রিয়, পঞ্চ কর্ম্মেন্দ্রিয় এবং প্রধান, বুদ্ধি, অহঙ্কার ও মন এই চারিটী এই চতু-র্বিংশতি তত্ত্বই সবিকার অব্যক্ত বলিয়া উদাহৃত হয়। উহা যখন কারণ অবস্থায় থাকে, তখন উহাকে অব্যক্ত বলে এবং যখন ঘট-পটাদির ন্যায় শরীরাদি কার্য্য অবস্থায় থাকে, তখন উহাকে ব্যক্ত বলে। যেরূপ ঘটাদি কার্য্য কাদা-মাটি হইতে ভিন্ন নহে, সেইরূপ ব্যক্ত শরীরাদি কার্য্যও অব্যক্ত হইতে [illegible]

কারণ এবং ফল আদি করণ, অব্য[illegible] আধাররূপ শরীরই পুরুষের ভোগ্য, ত[illegible] অপর বস্তু পুরুষের ভোগ্য নহে। ৩১—[illegible] ঋষিগণ বলিলেন,—বুদ্ধি, ইন্দ্রিয় এবং [illegible] হইতে অতিরিক্ত আত্মা নামক বস্তুর [illegible] স্থিতি-স্বীকারের আবশ্যক কি? বায়ু[illegible] লেন,—বুদ্ধি, ইন্দ্রিয় এবং শরীর হইতে [illegible]রিক্ত অবিনাশী ও ব্যাপক একটী আত্মা [illegible] তদ্বিষয়ে কারণনির্দ্দেশ অতি সহজ [illegible] পণ্ডিতেরা বুদ্ধি, ইন্দ্রিয় এবং শরীরের [illegible] কখনই স্বীকার করেন না। তাঁহারা যদি বুদ্ধিকে আত্মা বলিয়া স্বীকার ক[illegible] হইলে স্মৃতি হইতে পারে না। যদি [illegible] মধ্যে কোন একটীর আত্মতা স্বীক[illegible] তাহা হইলে আমাদের যে না[illegible] জ্ঞান হইতেছে, তাহা হইত না; এব[illegible] ইন্দ্রিয় দ্বারা একটী বিষয়েরই জ্ঞান [illegible] শরীরের আত্মতা স্বীকার করিলে, [illegible] জ্ঞান সমুদয় শরীরব্যাপী হইত, কি[illegible] হয় না। অতএব অনুভূত বিষয়ের স্ম[illegible] অশেষ জ্ঞেয়বস্তুর জ্ঞাতা, বুদ্ধি আদির [illegible] আত্মা অবশ্যস্বীকার্য্য। যিনি বেদ[illegible] অন্তর্যামী বলিয়া গীত হইয়াছেন; [illegible] উহাতে এবং তিনি সকল বস্তুতে [illegible]

রূং চক্ষুষা গ্রাহ্যো নাপরৈরিন্দ্রিয়ৈরপি।
সব প্রদীপ্তেন মহানাত্মাবসীয়তে ॥ ৪৭
স্ত্রী ন পুমানেষ নৈব চাপি নপুংসকঃ।
র্দ্ধং নাপি তির্য্যক্ চ নাধস্তান্ন কুতশ্চন ॥৪৮
রীরং শরীরেষু চলেষু স্থাণুমব্যয়ম্।
পশ্যতি তং ধীরো নরঃ প্রত্যবদর্শনাৎ ॥ ৪৯
ত্র বহুনোক্তেন পুরুষো দেহতঃ পৃথক্।
থগৃহে তু পশ্যন্তি অসম্যক্ তেষু দর্শনম্ ॥৫০
রীরমিদং প্রোক্তং পুরুষস্য ততঃ পরম্।
ন্মবশং দুঃখমধ্রুবঞ্চ ন বিদ্যতে ॥ ৫১
াং বীজভূতেন পুরুষস্তেন সংযুতঃ।
দুঃখী চ মূঢ়শ্চ ভবতি স্বেন কর্ম্মণা ॥ ৫২
রাপ্লাবিতং ক্ষেত্রং জনয়ত্যঙ্কুরং যথা।
নপ্লাবিতং কর্ম্ম দেহং জনয়তে তথা ॥ ৫৩

অত্যন্তমসুখাবাসং রুগ্নঞ্চৈকান্তমৃত্যবঃ।
অনাগতা অতীতাশ্চ তনবোহস্য সহস্রশঃ ॥ ৫৪
আগত্যাগত্য শীর্যেষু শরীরেষু শরীরিণঃ।
অত্যন্তবসতিঃ ক্বাপি ন কেনাপি চ লক্ষ্যতে ॥৫৫
ছাদিতশ্চ বিমুক্তশ্চ শরীরৈরেষু লক্ষ্যতে।
চন্দ্রবিম্ববদাকাশে তরলৈরভ্রসঙ্কটৈঃ ॥ ৫৬
অনেকদেহভেদেন ভিন্না বৃত্তিরিহাত্মনঃ।
অষ্টাপদপরিক্ষেপে হ্যক্ষমুদ্রেব লক্ষ্যতে ॥ ৫৭
নৈবাস্য ভবিতা কশ্চিন্নাসৌ ভবতি কস্যচিৎ।
পথি সঙ্গম এবায়ং দারৈরন্যৈশ্চ বন্ধুভিঃ ॥ ৫৮
যথা কাষ্ঠঞ্চ কাষ্ঠঞ্চ সমেয়াতাং মহোদধৌ।
সমেত্য চ ব্যপেয়াতাং তদ্বদ্ভূতসমাগমঃ ॥ ৫৯
স পশ্যতি শরীরং তচ্ছরীরং তং ন পশ্যতঃ।

রন। আত্মা নিত্য, কিন্তু কেহ
 ব্যক্তরূপে দেখে নাই; তিনি
র ইন্দ্রিয় দ্বারা গৃহীত হন না।
আত্মা কেবল যোগাভ্যাস-বিশোধিত
হীত হন। আত্মা স্ত্রী নয়, পুরুষ
পুংসকও নয়। আত্মা ঊর্দ্ধ নয়,
অধঃও নয়; কোন দিক্ই নয়।
র শরীর নাই, কিন্তু তিনি নশ্বর
বস্থান করেন, তিনি স্থাণুস্বরূপ ও
ীর মনুষ্য শ্রবণ-মননাদির অভ্যাস-
ক সর্ব্বদা দর্শন করে। অধিক
লব, পুরুষ (আত্মা) দেহ হইতে
হারা তাঁহাকে দেহের সহিত
য়া জানে, তাহারা অসম্যগ্দর্শী।
ষের শরীর বলিয়া নির্দ্দেশ করা হয়,
যে পুরুষ হইতে ভিন্ন, তাহা সিদ্ধ
এই শরীর অশুদ্ধ, ইন্দ্রিয়াদির
খময় ও অনিত্য, সুতরাং তত্ত্বদর্শীর
ছুই নয়। বিপদ্সমূহের বীজভূত
সহিত পুরুষ সংযুক্ত হইয়া, আত্ম-
ন সুখী, কখন বা দুঃখী, কখন বা
কেন। ক্ষেত্র জল দ্বারা আপ্লাবিত
অঙ্কুর উৎপাদন করে, সেইরূপ
কর্ম্ম-অজ্ঞান-প্লাবিত হইয়া দেহ উৎপাদন
করে। ঐ দেহ অতিশয় অস্তশীল, অসুখের
আবাস এবং রুগ্ন। ঐ পুরুষের মরণশীল অতীত
এবং অনাগত সহস্র সহস্র দেহ আছে। শরীর
সকল বারংবার যাতায়াত করে এবং শীর্ণ হয়;
কিন্তু শরীরী অর্থাৎ আত্মা একভাবেই অবস্থান
করেন। কোন স্থানে বা কোন কালে, কোন-
রূপ শরীরের সহিত উঁহার চিরকাল সংসর্গ
দেখা যায় না। যেমন অম্বরতলে পাতলা মেঘ-
সমূহে চন্দ্রবিম্ব কখন আচ্ছাদিত, কখন বা
বিমুক্ত লক্ষিত হয়, সেইরূপে এই আত্মা শরীর
দ্বারা আচ্ছাদিত এবং বিমুক্ত লক্ষিত হন।
যেমন দ্যূতক্রীড়ায়, পাশার চিহ্নভেদে ঘুঁটির
চাল ভিন্ন ভিন্ন হয়, সেইরূপ এই সংসারে ভিন্ন
ভিন্ন দেহে আত্মার বৃত্তি বিভিন্নরূপ লক্ষিত হয়।
আত্মার আত্মীয় কেহই হয় না; আত্মাও
কাহারও আত্মীয় হন না। যেমন পথে যাইতে
যাইতে অনেক প্রকার লোকের সহিত সম্মি-
লন হয়, দারা-বন্ধুগণের সহিত আত্মার সম্মি-
লনও সেইরূপ। যেমন সমুদ্র-জলে ভাসমান
দুখানি কাষ্ঠফলকের সম্মিলন ও বিয়োগ ঘটিয়া
থাকে; প্রাণীদিগের সমাগমও সেইরূপ।
আত্মা শরীরকে জড় বলিয়া জানেন, কিন্তু শরীর
তাঁহাকে জানিতে অক্ষম। [illegible]

ক্তা ভোগ্যং প্রেরয়িতা মন্তব্যং ত্রিবিধং স্মৃতম্।
ঃ পরং বিজ্ঞানদ্ভির্বেদিতব্যং হি কিঞ্চন॥৭৩
ষু বা যথা তৈলং দধ্নি বা সর্পিরর্পিতম্।
ঃ স্রোতসি ব্যাপ্তা যথারণ্যাং হুতাশনঃ॥৭৪
মব মহাত্মানমাত্মন্যাত্মবিলক্ষণম্।
ন তপসা চৈব নিত্যযুক্তোঽনুপশ্যতি॥৭৫
কা জালবানীশ ঈশনীভিঃ স্বশক্তিভিঃ।
ন্ লোকানিমান্ কৃত্বা এক এব স ঈশতে॥
এব তদা রুদ্রো ন দ্বিতীয়োঽস্তি কশ্চন।
ম্য বিশ্বং ভুবনং গোপ্তান্তে সঞ্চকোচ সঃ॥
চক্ষুরেবায়মুতায়ং বিশ্বতোমুখঃ।
বিশ্বতোবাহুর্বিশ্বতঃ পাদসংযুতঃ॥৭৮
মী চ জনয়ন দেব একো মহেশ্বরঃ।
সর্ব্বদেবানাং প্রভবশ্চোদ্ভবস্তথা॥৭৯
র্ভং দেবানাং প্রথমং জনয়েদয়ম্।
বিশ্বস্মাদধিকো রুদ্রো মহর্ষিরিতি হি শ্রুতিঃ॥৮০
বেদাহমেতং পুরুষং মহাত্মমমৃতং ধ্রুবম্।
আদিত্যবর্ণং তমসঃ পরস্তাৎ সংস্থিতং প্রভুম্॥
অস্মান্নাস্তি পরং কিঞ্চিদপরং পরমাত্মনঃ।
নাণীয়োঽস্তি ন চ জ্যায়স্তেন পূর্ণমিদং জগৎ॥
সদৈকো বৃক্ষবৎ স্তব্ধঃ কেবলো দিবি তিষ্ঠতি।
সঙ্কল্পপ্রভবং তস্য চরাচরমিদং জগৎ॥৮৩
সর্ব্বাননশিরোগ্রীবঃ সর্ব্বভূতগুহাশয়ঃ।
সর্ব্বব্যাপী চ ভগবাংস্তস্মাৎ সর্ব্বগতঃ শিবঃ॥৮৪
সর্ব্বতঃ পাণিপাদোঽয়ং সর্ব্বতোঽক্ষিশিরোমুখঃ।
সর্ব্বতঃ শ্রুতিমান্ লোকে সর্ব্বমাবৃত্য তিষ্ঠতি॥৮৫
সর্ব্বেন্দ্রিয়গুণাভাসঃ সর্ব্বেন্দ্রিয়বিবর্জ্জিতঃ।
সর্ব্বস্য প্রভুরীশানঃ সর্ব্বস্য শরণং সুহৃৎ॥৮৬
অচক্ষুরপি যঃ পশ্যত্যকর্ণোঽপি শৃণোতি যঃ।

|-সংসারকে ধারণ করেন। মন্তব্য অবশ্য-জ্ঞাতব্য বস্তু তিন প্রকার ;— ভোগ্য এবং উহাদের পরিচালক। দিগের পক্ষে ইহা হইতে অধিক আর জ্ঞাতব্য নাই। যেরূপ তিলে তৈল তে ঘৃত নিহিত হইয়াছে, আর যেরূপ জল এবং অরণীতে অগ্নি ব্যাপ্ত হইয়া ইরূপ আত্মাতে (আপনাতে) আত্মা লক্ষণ মহাত্মাকে সত্য এবং তপস্যা যুক্ত ব্যক্তি দর্শন করে। ইন্দ্রজাল-যুক্ত পরমেশ্বর আপনার ঐশী শক্তি য লোকের সৃজন ও তাহাদিগের নার ঐশ্বর্য্য বিস্তার করেন। সেই সময়ে কেবল একমাত্র রুদ্র বর্ত্তমান হার দ্বিতীয় কিছুই ছিল না। তিনি করিয়া উহার পালন এবং অবসানে রিয়াছিলেন। সেই ঈশ্বরের চক্ষু , ঈশ্বর সর্ব্বতোমুখ, তাঁহার বাহু এবং পাদও সমুদয়-বিশ্বব্যাপক। বর দেব একাকীই আকাশ এবং পাদন করিয়াছেন। তিনি নিখিল প্রভব এবং উৎপাদক। তিনি দেবগণের প্রথমে হিরণ্যগর্ভকে উৎপাদন করেন। মহর্ষি রুদ্র সমুদয় বিশ্ব হইতে অধিক, ইহা বেদে নির্দ্দিষ্ট হইয়াছে। আমি সেই আদিত্যবর্ণ মহান, অমৃত, নির্ব্বিকার এবং তমোগুণের অনেক দূরে সংস্থিত প্রভুকে জানিয়াছি। সেই পরমাত্মা হইতে অপর আর কিছুই পর নাই ; তাঁহা অপেক্ষা ক্ষুদ্র কিছুই নাই এবং শ্রেষ্ঠও কিছুই নাই ; তাঁহা দ্বারা এই জগৎ পূর্ণ হইয়াছে। তিনি সর্ব্বদা একাকী, একটী বৃক্ষের ন্যায় নিশ্চলভাবে আকাশে অবস্থান করেন। এই চরাচর সমুদয় তাঁহার সঙ্কল্প হইতে উৎপন্ন হইয়াছে। সকল দিকেই তাঁহার মুখ, সকল দিকেই তাঁহার মস্তক এবং সকল দিকেই তাঁহার গ্রীবা। তিনি সকল ভূতের বুদ্ধিরূপ গুহাতে শয়ন করেন, সেই ভগবান্ শিব সর্ব্বব্যাপী এবং সর্ব্বগত। ৭৩—৮৪। তাঁহার হস্তপদ সর্ব্বদিগ্‌ব্যাপী, তাঁহার চক্ষু, মস্তক এবং মুখও সকল দিগ্‌ব্যাপী। তাঁহার কর্ণ সর্ব্বব্যাপী ; তিনি লোকে সকল বস্তু আচ্ছাদন করিয়া অবস্থান করেন। তিনি সকল ইন্দ্রিয়গুণের আভাসক, অথচ সকল ইন্দ্রিয়বর্জ্জিত। সেই ঈশান, সকলের প্রভু, সকলের [illegible]

সর্ব্বং বেত্তি ন বেত্তাস্য তমাহুঃ পুরুষং পরম্ ॥ ৮৭
অণোরণীয়ান্ মহতো মহীয়ানয়মব্যয়ঃ।
গুহায়াং নিহিতশ্চাপি জন্তোশ্চাস্য মহেশ্বরঃ ॥৮৮
অক্রেতুং ক্রতুপ্রায়ং মহিমাতিশয়ান্বিতম্।
ধাতুঃ প্রসাদাদীশানং বীতশোকঃ প্রপশ্যতি ॥৮৯
বেদাহমেনমজরং পুরাণং সর্ব্বগং প্রভুম্।
নিরোধং জন্মনো যস্য বদন্তি ব্রহ্মবাদিনঃ ॥ ৯০
একোঽপি ত্রীনিমান্ লোকান্ বহুধা শক্তিযোগতঃ
বিদধাতি বিচেত্যন্তে বিশ্বমাদৌ মহেশ্বরঃ ॥ ৯১
বিশ্বধাত্রী ত্বজাখ্যা চ ঈশ্বরী চিৎ প্রকৃতিঃ স্মৃতা।
তামজাং লোহিতাং শুক্লাং কৃষ্ণামেকামজঃ প্রজাঃ
জনিত্রীমনুশেতেঽহন্যো জুষমাণঃ সরূপিণীম্।
তামেবাজামজোঽন্যস্তু ভুক্তভোগাং জহাতি চ॥

দ্বৌ সুপর্ণৌ চ সযুজৌ সমানং বৃক্ষমাস্থিতৌ
একোঽত্তি পিপ্পলং স্বাদু পরোঽনশ্নন্ প্রপশ্য
বৃক্ষেঽস্মিন্ পুরুষো মগ্নো মুহ্যমানশ্চ শোচতি
জুষ্টমন্যং যদা পশ্যেদীশং পরমকারণম্ ॥ ৯৫
তদাস্য মহিমানশ্চ বীতশোকঃ সুখী ভবেৎ।
ছন্দাংসি যজ্ঞাঃ ক্রতবো যদ্ভূতং ভব্যমেব চ।
মায়ী বিশ্বং সৃজত্যস্মিন্ নিবিষ্টো মায়য়া পুর
মায়াস্তু প্রকৃতিং বিদ্যান্মায়িনন্তু মহেশ্বরম্ ॥
তস্যাস্ত্ববয়বৈরেব ব্যাপ্তং সর্ব্বমিদং জগৎ।
সূক্ষ্মাতিসূক্ষ্মমীশানং কললস্যাপি মধ্যতঃ ॥ ১
স্রষ্টারমপি বিশ্বস্য চেষ্টিতারন্তু তস্য চ।
শিবমেবেশ্বরং জ্ঞাত্বা শান্তিমত্যন্তমৃচ্ছতি ॥
স এব কালো গোপ্তা চ বিশ্বস্যাধিপতিঃ প্রভু
তং বিশ্বাধিপতিং জ্ঞাত্বা মৃত্যুপাশাং প্রমুচ্য

চক্ষুঃশূন্য হইয়াও দর্শন করেন, কর্ণহীন হইয়াও শ্রবণ করেন। তিনি সকলই জানেন, কিন্তু তাঁহার জ্ঞাতা কেহই নাই। পণ্ডিতেরা তাঁহাকে পরপুরুষ বলিয়া নির্দ্দেশ করেন। তিনি অণু হইতে অণু, মহৎ হইতে মহৎ এবং অব্যয়। সেই মহেশ্বর জীবের বুদ্ধিরূপ গুহাতে অবস্থান করেন। তিনি যজ্ঞরহিত অথচ সমুদয় যজ্ঞই তাঁহার উদ্দেশে অনুষ্ঠিত হয়। তিনি অতিশয় মহিমযুক্ত। বিধাতার অনুগ্রহ হইলে, গতশোক ব্যক্তি সেই ঈশানকে দর্শন করিতে সক্ষম হয়। আমি সেই অজর পুরাণ সর্ব্বগত প্রভুকে জানিয়াছি। ব্রহ্মবাদীরা তাঁহার জন্ম নাই বলিয়া থাকেন। সেই মহেশ্বর একাকী হইয়াও শক্তি-সংযোগে বারংবার প্রথমে এই তিন লোকের বিধান করেন এবং অন্তে উহার সংহার করেন। ঈশ্বরের বিশ্ব-বিধায়িনী শক্তি অজা নামে প্রসিদ্ধ। তাঁহাকে পণ্ডিতেরা প্রকৃতি বলিয়া নির্দ্দেশ করেন। ঐ প্রকৃতি সত্ত্ব, রজঃ এবং তম—এই ত্রিগুণশক্তিশালিনী বলিয়া লোহিত, শুক্ল এবং কৃষ্ণরূপে প্রখ্যাত হন। সেই প্রজা-প্রসবিত্রী আত্মরূপে অবস্থিতা প্রকৃতিকে [illegible] (পুরুষ বা আত্মা) অনু- [illegible] একটী ভুক্তভোগা

হইলে অন্য অজ তাঁহাকে পরিত্যাগ [illegible] জীবাত্ম-পরমাত্মরূপ দুইটী পক্ষী বন্ধুভাবে [illegible] যোগে মনুষ্যের শরীররূপ বৃক্ষে অবস্থান [illegible] উহাদের একজন সুস্বাদু পিপ্পল অর্থাৎ ক[illegible] ভোজন করিতেছে, আর একজন কিছু[illegible] খাইয়া কেবল দেখিতেছে। এই উভয়ে[illegible] একটী সংসারবৃক্ষে মগ্ন ও মোহপরতন্ত্র [illegible] অনুতাপ করিতেছে, কিন্তু যখন প্রস[illegible] পরম-কারণ পরমেশ্বর ও তাঁহার মহিমা[illegible] করিবে, তখন সুখী হইবে। মায়ী প[illegible] প্রথমে মায়া দ্বারা বিশ্বমধ্যে প্রবিষ্ট হইয়[illegible] যজ্ঞ, ক্রতু এবং যাহা হইয়া গিয়াছে [illegible] হইবে ইত্যাদি সমুদয় বিশ্বের সৃষ্টি [illegible] প্রকৃতি মায়া এবং পরমেশ্বর মায়ী। প্রকৃতির অবয়ব দ্বারা এই সমুদয় বিশ্ব [illegible] পরমেশ্বর গর্ভাশয়ের মধ্যদেশ অপেক্ষ[illegible] সূক্ষ্ম। মনুষ্য মঙ্গলময় পরমেশ্বরকে [illegible] স্রষ্টা ও বিশ্বের পরিচালক বলিয়া জ্ঞাত [illegible] অত্যন্ত শান্তি লাভ করে। সেই প্রভু[illegible] কাই কাল, বিশ্বের প্রতিপালক এবং [illegible] সেই অধিপতির স্বরূপ জ্ঞান করি[illegible] মৃত্যুপাশ হইতে মুক্ত হয়। ৮৫—১[illegible]

ং পরং মণ্ডমিব সূক্ষ্মং জ্ঞাত্বাধিপং শিবম্।
ভূতেষু গূঢ়ং সর্ব্বপাপৈঃ প্রমুচ্যতে ॥ ১০১
এব পরো দেবো বিশ্বকর্ম্মা মহেশ্বরঃ।
য় সন্নিবিষ্টং তং জ্ঞাত্বৈবামৃতমশ্নুতে ॥১০২
সমস্তং ন দিবা ন রাত্রির্ন সদপ্যসৎ।
ঃ শিব এবৈকো যতঃ প্রজ্ঞা পুরাতনী ॥১০৩
র্দ্ধং ন তির্য্যকং ন মধ্যে পরিজগৃহৎ।
প্রতিমা চাস্তি যস্য নাম মহদ্‌যশঃ ॥ ১০৪
তমিমমেবৈকং বুদ্ধ্বা জন্মনি ভীরবঃ।
াস্য প্রপদ্যন্তে রক্ষার্থং দক্ষিণং মুখম্ ॥১০৫
ক্ষরে ব্রহ্মপরে ত্বনন্তে সমুদাহৃতে।
দ্যে সমাখ্যাতে নিহিতে যত্র গূঢ়বৎ ॥১০৬
বিদ্যা হ্যমৃতং বিদ্যেতি পরিগীয়তে।
ভ ঈশতে যস্য সোঽন্যঃ খলু মহেশ্বরঃ ॥
ং বহুধা জালং বিকুর্ব্বন্নেকবচ্চ যঃ।

সর্ব্বাধিপত্যং কুরুতে সৃষ্ট্বা সর্ব্বান্ প্রতাপবান্ ॥
দিশ ঊর্দ্ধমধস্তির্য্যগ্‌ভাসয়ন্ ভ্রাজতে স্বয়ম্।
যোনিস্বভাবাদপ্যেকো বরেণ্যস্ত্বধিতিষ্ঠতি ॥১০৯
স্বভাবং বাচকান্ সর্ব্বান্ বাচ্যাংশ্চ পরিণাময়ন্।
গুণাংশ্চ ভোগ্যভোক্তৃত্বে তদ্বিশ্বমধিতিষ্ঠতি ॥ ১১০
তং বৈ গুহ্যোপনিষদি গূঢ়ং ব্রহ্ম পরাৎপরম্।
ব্রহ্মযোনিং জগৎপূর্ব্বং বিদুর্দেবা মহর্ষয়ঃ ॥ ১১১
ভাবগ্রাহ্যমনীড়াখ্যং ভাবাভাবকরং শিবম্।
কলাসর্গকরং দেবং যে বিদুস্তে জহুস্তনুম্ ॥১১২
স্বভাবমেকে মন্যন্তে কালমন্যে বিমোহিতাঃ।
দেবস্য মহিমা হ্যেষ যেনেদং ভ্রাম্যতে জগৎ ॥১১৩
যেনেদমাবৃতং নিত্যং কালকালাত্মনা যতঃ।
তেনেরিতমিদং কর্ম্ম ভূতৈঃ সহ বিবর্ত্ততে ॥ ১১৪
যৎ কর্ম্ম ভূয়শঃ কৃত্বা বিনিবর্ত্ত্য চ ভূয়শঃ।
তত্ত্বস্য সহ সত্ত্বেন যোগঞ্চাপি সমেত্য বৈ ॥ ১১৫

পর মণ্ডের ন্যায় সর্ব্বভূতে গূঢ় সেই ধিপতি শিবের স্বরূপ জ্ঞান করিয়া সর্ব্বপাপ হইতে বিমুক্ত হয়। শিবই দব, বিশ্বের নির্ম্মাতা এবং মহেশ্বর; হৃদয়ে সন্নিবিষ্ট জানিয়া অমৃতত্ব প্রাপ্ত য় সময় দিবা-রাত্রি, সৎ-অসৎ, এ কিছুই ছিল না, সেই সময় একাকী র্ত্তমান ছিলেন। তাঁহা হইতেই এই প্রজ্ঞা উৎপন্ন হয়। তাঁহাকে কেহ র্শ্বে এবং মধ্যেও গ্রহণ করে নাই, প্রতিমাও নাই, তাঁহার নামই মহৎ । জন্মভীরু ব্যক্তিরা সেই একমাত্র অজাত বলিয়া জ্ঞাত হইয়া, রক্ষার দ্রের দক্ষিণ-মুখ প্রাপ্ত হয়। ব্রহ্ম এই দুইটী অনন্ত অক্ষয় বলিয়া সমু-য়াছে। ঐ মুখে বিদ্যা এবং অবিদ্যা নহিত হইয়াছে। অবিদ্যা ক্ষয় এবং মৃত বলিয়া গীত হয়। যিনি এই আপনার অধীন করেন, তিনি এত-পরমেশ্বর। তিনি এইরূপ প্রতাপ-, প্রত্যেকে বহুবিধ এই জগৎ-একটী বস্তুর ন্যায় বিস্তার করেন এবং সকল বস্তু সৃজন করিয়া সেই সকলের উপর আধিপত্য বিস্তার করেন। তিনি নিজের প্রভায় ঊর্দ্ধ, অধঃ এবং তির্য্যক্, সমস্ত দিক্ উদ্ভাসিত করিয়া বিরাজ করেন। তিনি দ্বিতীয়-রহিত, বরেণ্য এবং কারণভাবে অবস্থান করেন। তিনি বস্তুর স্বরূপ, শব্দ, অর্থ এবং গুণদিগকে ভোগ্য ও ভোক্তৃস্বরূপে পরিণত করত বিশ্ব ব্যাপিয়া অবস্থান করেন। এই জগতের পূর্ব্ববর্ত্তী দেব এবং মহর্ষিগণ তাঁহাকে গুহ্য উপনিষদ্ শাস্ত্রে গূঢ়রূপে অবস্থিত ব্রহ্মার যোনি, পরাৎপর ও ব্রহ্ম বলিয়া জানেন। যে মনুষ্য সেই দেবকে ভাবগ্রাহ্য, আবাসশূন্য, এই বিশ্বের সৃষ্টি ও প্রলয়কারী এবং কলার সৃজনকারী বলিয়া জানিতে পারে, তাহার আর মনুষ্যদেহ থাকে না। বিমোহিত-চিত্তেরা কেহ কেহ তাঁহাকে স্বভাব বলে এবং কেহ কেহ তাঁহাকে কাল বলে। তাঁহার এইরূপই মহিমা যে, এই জগৎ তাঁহাতে ভ্রান্ত হয়। তিনি কালেরও কাল-স্বরূপ হইয়া এই জগৎ আবরণ করিয়া রহিয়াছেন। এই কর্ম্মরূপ জগৎ তাঁহা কর্ত্তৃক চালিত হইয়া ভূতগণের [illegible]

অষ্টাত্রিংশ ত্রিভিশ্চৈব স্বাভ্যাঞ্চৈকেন বা পুনঃ।
কালেনাত্মগুণৈশ্চাপি কৃৎস্নমেব জগৎ স্বয়ম্ ॥১১৬
গুণৈরারভ্য কর্ম্মাণি স্বভাবান্ বিনিযোজয়েৎ।
তেষামভাবে নাশঃ স্যাৎ কৃতস্যাপি চ কর্ম্মণঃ॥
কর্ম্মক্ষয়ে পুনশ্চান্যৎ ততো যাতি স তত্ত্বতঃ।
স এবাদিঃ স্বয়ং যোগনিমিত্তং ভোক্তৃভোগয়োঃ॥
পরস্ত্রিকালাদকলঃ স এব পরমেশ্বরঃ।
তং বিশ্বরূপপ্রভবং ভবমীড্যং প্রজাপতিম্ ॥১১৯
দেবদেবং জগৎপূজ্যং স্বচিত্তস্থমুপাস্মহে।
কালাদিভিঃ পরো যস্মাৎ প্রপঞ্চঃ পরিবর্ত্ততে॥
ধর্ম্মাবহং পাপনুদং ভগেশং বিশ্বধাম চ।

তমীশ্বরাণাং পরমং মহেশ্বরং
তং দেবতানাং পরমঞ্চ দৈবতম্ ॥ ১২১
পতিং পতীনাং পরমং পরস্তা-

দ্বিজাম দেবং ভুবনেশ্বরেশ্বরম্।
ন তস্য বিদ্যতে কার্য্যং কারণঞ্চ ন বিদ্যতে।
ন তৎসমোঽধিকশ্চাপি কচিজ্জগতি দৃশ্যতে।
পরাস্য বিবিধা শক্তিঃ শ্রুতৌ স্বাভাবিকী ক্র
জ্ঞানং বলং ক্রিয়া চৈব যাভ্যো বিশ্বমিদং কৃ
ন তস্যাস্তি পতিঃ কশ্চিন্নৈব লিঙ্গং ন চেশি
কারণং করণানাঞ্চ স তেষামধিপাধিপঃ।
ন চাস্য জনিতা কশ্চিন্ন চ জন্ম কুতশ্চন॥ ১
ন জন্মহেতবস্তদ্বন্মল-মায়াদিসংজ্ঞকাঃ।
স একঃ সর্ব্বভূতেষু গূঢ়ো ব্যাপ্তশ্চ সর্ব্বতঃ।
সর্ব্বভূতান্তরাত্মা চ ধর্ম্মাধ্যক্ষঃ স কথ্যতে।
সর্ব্বভূতাধিবাসশ্চ সাক্ষী চেতা চ নির্গুণঃ।
একো বশী নিষ্ক্রিয়াণাং বহূনাং বিবশাত্মনাম্
একস্তু বহুধা বীজং করোতি সমযোচিতম্।
তমেবাত্মনি তিষ্ঠন্তং যে পশ্যন্তি মুমুক্ষবঃ।

সহিত কলাদি তত্ত্বের যোগ করিয়া, বহুবার কর্ম্ম করিতেছেন এবং বহুবার নিবৃত্ত হইতেছেন। আকাশাদি অষ্ট মূর্ত্তি, সত্ত্বাদি গুণত্রয়, বিদ্যা ও অবিদ্যা এই দুই অথবা এক, কাল এবং আত্মগুণ ইচ্ছাদি, এই সকল দ্বারা সমুদয় জগৎ ব্যাপ্ত। তিনি সত্ত্বাদি গুণ দ্বারা কর্ম্মের আরম্ভ করিয়া প্রাণীদিগের প্রকৃতির যোগ করিয়াছেন। সেই সকল গুণ ও স্বভাবের অভাব হইলে, কৃতকর্ম্মের নাশও হয়। পূর্ব্বকর্ম্মের ক্ষয় হইলে, তিনি পুনর্ব্বার অপর একটী তাদৃশ কর্ম্ম প্রাপ্ত হন। তিনিই আদি এবং স্বয়ং ভোক্তা ও ভোগ-সংযোগের কারণ। তিনি ত্রিকাল হইতে পর এবং কলারহিত অর্থাৎ নির্গুণ; তিনিই পরমেশ্বর। সেই বিশ্ব-যোনি ভব, ঈড্য, প্রজাপতি দেবদেব, জগৎপূজ্য মহা-দেবকে স্বচিত্তস্থিত জানিয়া উপাসনা করি। যিনি কাল আদি হইতে পৃথক্ এবং যাঁহা হইতে এই জগৎ-প্রপঞ্চ বিবৃত হইতেছে। তিনি ধর্ম্মাবহ, পাপাপহারী, ঐশ্বর্য্যের অধিপতি এবং বিশ্বের আধার। তিনি ঈশ্বরদিগেরও সর্ব্ব-শ্রেষ্ঠ ঈশ্বর এবং দেবতাদিগেরও পরমদেবতা। তিনি পতিদিগেরও পরম পতি এবং সকলের

শ্রেষ্ঠ, সেই দেবকে আমরা ভুবনেশ্বর ও বলিয়া জ্ঞাত আছি। তাঁহার কোন ক নাই এবং কারণও নাই। ১০১—১ এই জগতের মধ্যে কোন স্থানে তাঁহার বা অধিক পরিদৃষ্ট হয় না। বেদে নানাবিধ শ্রেষ্ঠ শক্তি পরিকীর্ত্তিত হই তিনি আপনারই জ্ঞান শক্তি এবং ক্রিয়া এই বিশ্বের নির্ম্মাণ করিয়াছেন। তাঁহার ঈশ্বর আর কেহই নাই এবং জ্ঞাপকও কিছু নাই। তিনি আ কারণ-বস্তুরও কারণ এবং অধিপেরও অ তাঁহার উৎপাদক কেহ নাই এবং অপর রও নিকট হইতে তাঁহার উৎপত্তি হয় সেইরূপ মলমায়াদি কিছুই তাঁহার নহে। তিনি একাকীই সকল ভূতকে ভাবে গূঢ়রূপে ব্যাপিয়া রহিয়াছে সকল ভূতের অন্তরাত্মা এবং ধ বলিয়া পরিকীর্ত্তিত হন। তিনি স আধার এবং সাক্ষিস্বরূপ। তিনি ও নির্গুণ। তিনি বশী এবং অসং বিবশ যোগিগণের মুখ্য। তিনি সময়োচিত নানাবিধ বীজের সৃষ্টি

...এব সুখং নিত্যং নেতরেষামিহাত্মনাম্ ॥১২৯
...নামপ্যসৌ নিত্যশ্চেতনানাঞ্চ চেতনঃ।
... বহূনাঞ্চকামঃ কামানীশঃ প্রযচ্ছতি ॥১৩০
...যোগাধিগম্যং তং কারণং জগতঃ পতিম্।
... দেবং পশুঃ পাশৈঃ সর্ব্বৈরেব বিমুচ্যতে ॥
...দ্বিশ্ববিৎ স্বাত্মযোনিজ্ঞঃ কালকৃদ্‌গুণী।
...ক্ষেত্রজ্ঞপতির্গুণেশঃ পাশমোচকঃ ॥ ১৩২
...ং বিদধে পূর্ব্বং বেদাংশ্চোপাদিশৎ স্বয়ম্।
...বস্তমহং বুদ্ধা স্বাত্মবুদ্ধিপ্রসাদতঃ ॥ ১৩৩
...স্মাৎ সংসারাৎ প্রপদ্যে শরণং শিবম্।
... নিষ্ক্রিয়ং শান্তং নিরবদ্যং নিরঞ্জনম্ ॥১৩৪
... পরং সেতুং দগ্ধেন্ধনমিবানলম্।
...বদাকাশং বেষ্টয়িষ্যন্তি মানবাঃ ॥ ১৩৫

তদা শিবমবিজ্ঞায় দুঃখস্যান্তো ভবিষ্যতি।
তপঃপ্রভাবাদ্দেবস্য প্রসাদাচ্চ মহর্ষয়ঃ ॥ ১৩৬
অত্যাশ্রমোচিতং জ্ঞানং পবিত্রং পাপনাশনম্।
বেদান্তে পরমং গুহ্যং পুরাকল্পপ্রচোদিতম্ ॥১৩৭
ব্রহ্মণো বদনাল্লব্ধং ময়েদং ভাগ্যগৌরবাৎ।
নাপ্রশান্তায় দাতব্যমেতজ্‌জ্ঞানমনুত্তমম্ ॥ ১৩৮
নাপুত্রায়াসুবৃত্তায় নাশিষ্যায় চ সর্ব্বথা।
যস্য দেবে পরা ভক্তির্যথা দেবে তথা গুরৌ ॥১৩৯
তস্যৈতে কথিতা হ্যর্থাঃ প্রকাশন্তে মহাত্মনঃ ॥১৪০

অতশ্চ সংক্ষেপমিদং শৃণুধ্বং
শিবঃ পরস্তাৎ প্রকৃতেশ্চ পুংসঃ।
স সর্গকালে চ করোতি সর্ব্বং
সংহারকালে পুনরাদদাতি ॥ ১৪১

ইতি শ্রীশৈবে মহাপুরাণে বায়বীয়সংহিতায়াং
পূর্ব্বভাগে শৈবতত্ত্বকথনং নাম
চতুর্থোঽধ্যায়ঃ ॥ ৪ ॥

...ণ তাঁহাকে নিজের হৃদয়ে স্থিত দর্শন ... তাঁহাদেরই নিত্য সুখ হয়, অপর ... নহে। তিনি নিত্য বস্তু সকলের ...শেষ নিত্য এবং চেতনসমূহের মধ্যে ... সেই ঈশ্বর স্বয়ং কামনা-শূন্য এবং ... হইলেও অনেকের কামনা পূরণ ... তিনি সাংখ্যযোগাধিগম্য কারণ স্বরূপ ...গতের অধীশ্বর। তাঁহাকে জানিতে ... নিখিল জীবই বন্ধন হইতে মুক্তিলাভ ... তিনি বিশ্ব-সৃজনকারী, বিশ্ববিৎ ও ...র উৎপত্তি হেতু কর্ম্ম সকলের অভি- ... তিনি সময়ের পরিচ্ছেদকারী ও ... তিনি প্রকৃতি ও পুরুষের নিয়ন্তা, ...ধিপতি এবং বন্ধন-মোচনকারী। ...ম ব্রহ্মাকে নির্ম্মাণ করেন এবং স্বয়ং ...র উপদেশ দেন। সেই দেবকে ...বুদ্ধি প্রসাদ-বলে জানিতে পারিয়া ...র হইতে মুমুক্ষু হইয়া, সেই নিষ্কল, ...ন্ত, নিরবদ্য ও নিরঞ্জনেরে আশ্রয় ...রি। যখন মনুষ্যেরা, সেতু যেমন ...র আচ্ছাদন করে এবং অনল যেমন ... আচ্ছাদন করে, সেইরূপ চর্ম্মের ...শকে বেষ্টন করিবে, তখন হে ...হাদিগের সেই ...

অথবা ঈশ্বরের অনুগ্রহে শিবের স্বরূপ অজ্ঞাত হইলেও তাহাদিগের দুঃখের অন্ত হইবে। বেদান্তে পরম গুহ্য, পবিত্র, পাপনাশন, চতুর্থা-শ্রমোচিত জ্ঞান পুরাকল্পে উপদিষ্ট হইয়াছে, আমি নিজ ভাগ্যের গৌরব প্রযুক্ত ব্রহ্মার মুখ হইতে এই জ্ঞান লাভ করিয়াছি। এই সর্ব্বশ্রেষ্ঠ জ্ঞান অপ্রশান্ত ব্যক্তিকে দেওয়া উচিত নয়। অসদ্‌বৃত্ত অথবা শিষ্য বা পুত্র ভিন্নকে এই জ্ঞান কোন প্রকারেই দেওয়া উচিত নয়। যাহার ঈশ্বরে পরম ভক্তি এবং যেমন ঈশ্বরে তেমনই গুরুতে ভক্তি, তাহাদের নিকট পণ্ডিতেরা এই সকল অর্থ প্রকাশ করেন। অতএব সংক্ষেপে এইটুকু মাত্র শ্রবণ কর,—শিব—প্রকৃতি ও পুরুষ হইতে ভিন্ন। তিনি সৃষ্টিকালে সমুদয় বস্তুর নির্ম্মাণ করেন, আর সংহারকালে সমুদয় বস্তুর সংহার করেন। ১২৯—১৪১।

চতুর্থ অধ্যায় সমাপ্ত ॥ ৪ ॥

পঞ্চমোঽধ্যায়ঃ।

মুনয় উচুঃ।

কালাদুৎপদ্যতে সর্ব্বং কালাদেব বিপদ্যতে।
ন কালনিরপেক্ষং হি কচিৎ কিঞ্চন বিদ্যতে॥ ১
যদাত্মান্তর্গতং বিশ্বং শশ্বৎ সংসারমণ্ডলম্।
সর্গসংহৃতিমুদ্রাভ্যাং চক্রবৎ পরিবর্ত্ততে॥ ২
ব্রহ্মা হরিশ্চ রুদ্রশ্চ তথান্যে চ সুরাসুরাঃ।
যৎকৃতাং নিয়তিং প্রাপ্য প্রভবো নাতিবর্ত্তিতুম্॥৩
ভূত-ভব্য-ভবিষ্যাদ্যৈর্বিভজ্য জরয়ন্ প্রজাঃ।
অতিপ্রভুরিতি স্বৈরং বর্ত্ততেঽতিভয়ঙ্করঃ॥ ৪
ক এষ ভগবান্ কালঃ কস্য বা বশবর্ত্ত্যয়ম্।
ক এবাস্য বশে ন স্যাৎ কথয়ৈতদ্বিচক্ষণ॥ ৫

বায়ুরুবাচ।

কলা-কাষ্ঠা-নিমেষাদি কলাকলিতবিগ্রহম্।
কালাত্মেতি সমাখ্যাতং তেজো মাহেশ্বরং পরম্॥৬
যদলঙ্ঘ্যমশেষস্য স্থাবরস্য চরস্য চ।
নিয়োগরূপমীশস্য বলং বিশ্বনিয়ামকম্॥ ৭
তস্যাং সাংশময়ী শক্তিঃ কালাত্মনি মহাত্মনি
ততো নিষ্ক্রম্য সংক্রান্তা বিস্ফুলিঙ্গৈরিবায়সী।
তস্মাৎ কালবশে বিশ্বং ন স বিশ্ববশে স্থিতঃ
শিবস্য তু বশে কালো ন কালস্য বশে শিবঃ।
যতোঽপ্রতিহতং শার্ব্বং তেজঃ কালে প্রতিষ্ঠি[illegible]
মহতী তেন কালস্য মর্য্যাদা হি দুরত্যয়া।১০
কালং প্রজ্ঞাবিশেষেণ কোঽতিবর্ত্তিতুমর্হতি।
কালেন তু কৃতং কর্ম্ম ন কশ্চিদতিবর্ত্ততে।১[illegible]
একচ্ছত্রাং মহীং কৃৎস্নাং যঃ পরাক্রম্য শাস্[illegible]
সোঽপি নৈবাতিবর্ত্তেত কালং বেলামিবোদ[illegible]
যে নিগৃহ্যেন্দ্রিয়গ্রামং জয়ন্তি সকলং জগৎ
ন জয়ন্ত্যপি তে কালে কালো জয়তি তা[illegible]
আয়ুর্ব্বেদবিদো বৈদ্যাস্ত্বনুষ্ঠিতরসায়নাঃ।

পঞ্চম অধ্যায়।

মুনিগণ বলিলেন,—কাল হইতে সমুদয় উৎপন্ন হয় এবং কালেই সমুদয় বিনষ্ট হয়, কাল-নিরপেক্ষ কোন বস্তু কোথাও নাই। এই সমুদয় সংসারমণ্ডল, সেই কালেরই অন্তর্গত। সেই কাল সৃষ্টি এবং সংহার মুদ্রার সহিত চক্রের ন্যায় পরিবর্ত্তন করিতেছে। ব্রহ্মা, হরি, রুদ্র এবং অপরাপর সুর ও অসুরগণ যে কাল-কৃত নিয়তিকে প্রাপ্ত হইয়া অতিক্রম করিতে সমর্থ হন না, এই কাল ভূত, বর্ত্তমান এবং ভবিষ্যৎ দ্বারা প্রজাদিগকে বিভাগ করিয়া জীর্ণ করেন। কাল অতিশয় সামর্থ্যশালী, অতিশয় ভয়ঙ্কর এবং ধীরে ধীরে বিবর্ত্তন করেন। এই ভগবান্ কাল কে, ইনি কাহারই বা বশবর্ত্তী এবং ইঁহার বশীভূত নহে এমন ব্যক্তি কে? হে বিচক্ষণ! আমাদিগের নিকট এ বিষয় কীর্ত্তন করুন। বায়ু বলিলেন,—এই কালের শরীর কলা, কাষ্ঠা এবং নিমেষ প্রভৃতি অংশ দ্বারা গঠিত। তিনি মহাদেবের তেজোবিশেষ কালাত্মা নামে বিখ্যাত। [illegible] জঙ্গমের অপ্রাপ্য ঈশ্বরের নিয়োগরূপ বিশ্বের নিয়ামক। মহাত্মা কালে সেই [illegible]শ্বরের অংশাংশের শক্তি মাত্র আছে। [illegible] হইতে যেরূপ স্ফুলিঙ্গ নির্গত হয়, সেই[illegible] শক্তিও ঈশ্বর হইতে নির্গত হইয়া কালে [illegible] হইয়াছে। এই নিমিত্ত বিশ্ব কালের ব[illegible] কাল কখন বিশ্বের বশীভূত নহেন। ঐ কাল শিবের বশীভূত, শিব কালের ব[illegible] নহেন। যেহেতু অপ্রতিহত শৈব তেজ [illegible] প্রতিষ্ঠিত রহিয়াছে, সেই হেতু কালের অতিশয় মহৎ এবং দুরত্যয়। প্রজ্ঞা[illegible] দ্বারা কোন্ ব্যক্তি কালকে অতিক্রম [illegible] সমর্থ হয়? কোনও ব্যক্তি কাল কর্তৃক [illegible]ষ্ঠিত কর্ম্মের হাত হইতে পরিত্রাণ লাভ [illegible] পারে না। যে ব্যক্তি আপনার [illegible] প্রকাশ করিয়া, একচ্ছত্রা পৃথিবীর উপর [illegible] করে, উদধি যেমন বেলা উল্লঙ্ঘন করিতে [illegible] না, তেমনি সে ব্যক্তিও কালকে [illegible] করিতে পারে না। যে সকল ব্যক্তি [illegible] সমূহকে পরাভূত করিয়া, সমুদয় [illegible] আপনার বশীভূত করে, তাহারাও কা[illegible] করিতে পারে না; বরং কাল ও[illegible] পরাজয় করেন। আয়ুর্ব্বেদে নিপুণ [illegible]

...মতিবর্ত্ততে কালো হি দুরতিক্রমঃ॥ ১৪
...রূপেণ শীলেন বলেন সকলেন চ।
...যুতে জন্তুঃ কালোহন্তং কুরুতে বলাৎ॥
...শ্চ প্রিয়ৈশ্চৈব অচিন্তিতসমাগমৈঃ।
...য়তি ভূতানি বিযোজয়তি চেশ্বরঃ॥ ১৬
...দুঃখিতঃ কশ্চিৎ তদৈব সুখিতঃ পরঃ।
...রস্বভাবস্য কালস্যাহো বিচিত্রতা॥ ১৭
...স ভবেদ্বৃদ্ধো যো বলীয়ান্ স দুর্ব্বলঃ।
...ন্ সোঽপি নিঃশ্রীকশ্চিত্রঃ কালবিপর্য্যয়ঃ
...ত্যং ন বৈ শীলং ন বলং ন চ নৈপুণম্।
...র্য্যায় পর্য্যাপ্তং কালশ্চেৎ প্রতিরোধকঃ
নিষ্পরুষৈস্তূর্য্যৈর্গীতবাদ্যৈরুপস্থিতাঃ।
...নাথাঃ পরান্নাদাঃ কালস্তেষু সমক্রিয়ঃ॥ ২০
...ফলন্ত্যকালেন রসায়নানি
...ম্যক্প্রযুক্তান্যপি চৌষধানি।

তান্যেব কালেন সমাহৃতানি
সিদ্ধিং প্রয়ান্ত্যাশু সুখং দিশন্তি॥ ২১
নাকালতোঽয়ং ম্রিয়তে জায়তে বা
নাকালতঃ পুষ্টিমগ্র্যামুপৈতি।
নাকালতঃ সুখিতং দুঃখিতং বা
নাকালিকং বস্তু সমস্তি কিঞ্চিৎ॥ ২২
কালেন শীতঃ প্রতিবাতি বাতঃ
কালেন বৃষ্টির্জলদানুপৈতি।
কালেন শস্যানি ভবন্তি তস্মাৎ
কালেন সঞ্জীবতি জীবলোকঃ॥ ২৩
ইত্থং কালাত্মনস্তত্ত্বং যো বিজানাতি তত্ত্বতঃ।
কালাত্মানমতিক্রম্য কালাতীতং স পশ্যতি॥ ২৪
ন যস্য কালো ন চ বন্ধমুক্তী
ন যঃ পুমান্ ন প্রকৃতির্ন বিশ্বম্।
বিচিত্ররূপায় শিবায় তস্মৈ
নমঃ পরস্মৈ পরমেশ্বরায়॥ ২৫

ইতি শ্রীশৈবে মহাপুরাণে বায়বীয়সংহিতায়াং
পূর্ব্বভাগে কালমাহাত্ম্যকথনং নাম
পঞ্চমোঽধ্যায়ঃ॥ ৫

...নকারী, একপ বৈদ্যও মৃত্যুকে অতি-...রিতে পারে না। কালের অতিক্রম ...। মনুষ্যগণ আপনার সম্পত্তি, সদ্বৃত্তি ...মুদয় বল অনুসারে এক প্রকার কার্য্য ...অভিলাষ করে, কাল আপনার প্রভাবে ...কে অন্যরূপ করেন। ১—১৫। যাহাদের ...ভের বিষয় পূর্ব্বে কিছু চিন্তা করা হয় ...ইরূপ প্রিয় বা অপ্রিয় বস্তুর সহিত ...সেই প্রবল কাল কর্ত্তৃক কখন সংযো-...ধন বা বিয়োজিত হয়। সে সময় এক ...ঃখিত হয়, সেই সময় আর একজন ...; অহো দুর্বিজ্ঞেয়-স্বভাব কালের কি ...গতি! যুবা দেখিতে দেখিতে বৃদ্ধ হয়, ...ক্ষণমাত্রেই দুর্ব্বল হয় এবং শ্রীমান্ ...হীন হয়; কাল আশ্চর্য্যরূপে বস্তুর ...করিয়া থাকেন। যদি কাল প্রতিকূল ...হইলে কি কৌলীন্য, কি সুশীলতা, কি ...নৈপুণ্য—ইহারা কেহই কার্য্য করিতে ...য় না। যাহারা সর্ব্বদা অকঠোর ...গীত-বাদ্যের সেবা করে, আর ...অনাথ, পরান্নভোজী; এই উভয়ের ...লের কার্য্য একই রূপ। অকালে সম্যক্‌রূপে রসায়নের প্রয়োগ করিলেও ঔষ-ধের ফল হয় না, কিন্তু উপযুক্ত সময়ে সমাহৃত হইয়া সফল হয় এবং সুখ প্রদান করে। কোন জন্তুই অকালে মৃত্যু বা জন্ম লাভ করে না এবং অকালে কোন বস্তুই অতিশয় পুষ্টিলাভ করে না, অকালে কাহারও সুখ বা দুঃখ হয় না, অকালোৎপন্ন কোন বস্তুই নাই। কালবশেই শীতল বায়ু বহন করে, কালবশেই মেঘে বৃষ্টি উপস্থিত হয়, কালপ্রভাবেই শস্য উৎপন্ন হয় এবং কালপ্রভাবেই জীবগণ জীবিত থাকে। কালাত্মা পরমেশ্বরের এই তত্ত্ব যিনি জ্ঞাত হন, তিনি কালকে অতিক্রম করিয়া কালাতীতের দর্শন লাভ করেন। যাঁহার কাল নাই, বন্ধন নাই, মুক্তি নাই; যিনি পুরুষও নহেন, প্রকৃতিও নহেন এবং বিশ্বের সহিত যাঁহার কোনরূপ সম্বন্ধ নাই, সেই বিচিত্ররূপ সর্ব্বশ্রেষ্ঠ পরমেশ্বর শিবকে নমস্কার করি। ১৬—২৫।

পঞ্চম অধ্যায় সমাপ্ত॥ ৫॥

ষষ্ঠোঽধ্যায়ঃ।

ঋষয় ঊচুঃ।

কেন মানেন কালেঽস্মিন্নায়ুঃসংখ্যা প্রকল্প্যতে।
সংখ্যারূপস্য কালস্য কঃ পুনঃ পরমোঽবধিঃ ॥ ১

বায়ুরুবাচ।

আয়ুষোঽত্র নিমেষাখ্যমাদ্যমানং প্রচক্ষতে।
সংখ্যাময়স্য কালস্য শাস্ত্যতীতকলাবধিঃ ॥ ২
অক্ষিপক্ষ্মপরিক্ষেপো নিমেষঃ পরিকীর্ত্তিতঃ।
তাদৃশানাং নিমেষাণাং কাষ্ঠা দশ চ পঞ্চ চ ॥ ৩
কাষ্ঠাত্রিংশৎ কলা নাম কলাত্রিংশন্মুহূর্ত্তকম্।
মুহূর্ত্তানামপি ত্রিংশদহোরাত্রং প্রচক্ষ্যতে ॥ ৪
ত্রিংশৎসংখ্যৈরহোরাত্রৈর্মাসঃ পক্ষদ্বয়াত্মকঃ।
জ্ঞেয়ঃ পিত্র্যমহোরাত্রং মাসঃ কৃষ্ণাসিতাত্মকঃ ॥৫
মাসৈস্তৈরয়নং ষড়্ভির্বর্ষং দ্বে চায়নে মতে।
লৌকিকেনৈব মানেন অব্দো যো মানুষঃ স্মৃতঃ ॥৬
এতদ্দিব্যমহোরাত্রমিতি শাস্ত্রস্য নিশ্চয়ঃ।
দক্ষিণঞ্চায়নং রাত্রিস্তথোদগয়নং দিনম্ ॥ ৭

ষষ্ঠ অধ্যায়।

ঋষিগণ বলিলেন,—এই কালে কীদৃশ-পরিমাণে আয়ুর সংখ্যা কল্পিত হয় এবং সংখ্যা-রূপ কালের চরম সীমাই বা কি? বায়ু বলিলেন,—এই আয়ুর আদ্যমান নিমেষ নামে কথিত হয় এবং সাংখ্যাময় কালের শাস্ত্যতীত কলাই চরমসীমা। চক্ষের পাতা পড়িতে যেটুকু সময় লাগে, তাহার নাম নিমেষ। পঞ্চদশ নিমেষে এক কাষ্ঠা হয়। ত্রিংশৎ কাষ্ঠায় এক কলা, ত্রিংশৎ কলায় এক মুহূর্ত্ত এবং ত্রিশ মুহূর্ত্তে একটী দিবারাত্রি অর্থাৎ এক দিন। ত্রিশ দিনে একটী মাস হয়। ঐ মাসে শুক্ল ও কৃষ্ণ দুইটী পক্ষ আছে। এক মাসে পিতৃ-লোকের এক দিন হয়। ছয় মাসে একটী অয়ন হয় এবং দুই অয়নে একটী বৎসর হয়। লৌকিক মানে মনুষ্যদিগের যে অব্দ, তাহাই দেবতাদিগের এক অহোরাত্র বলিয়া শাস্ত্রে নির্ণীত হইয়াছে। উহার মধ্যে দক্ষিণায়ন রাত্রি এবং উত্তরায়ণ দিবা। মনুষ্যদিগের

মাসস্ত্রিংশদহোরাত্রৈর্দিব্যো মানুষবৎ স্মৃতঃ
সংবৎসরোঽপি দেবানাং মাসৈর্দ্বাদশভির্ভব
ত্রীণি বর্ষশতান্যেব ষষ্টির্বর্ষযুতান্যপি।
দিব্যসংবৎসরো জ্ঞেয়ো মানুষেণ প্রকীর্ত্তি
দিব্যেনৈব প্রমাণেন যুগসংখ্যা প্রবর্ত্ততে।
চত্বারি ভারতে বর্ষে যুগানি কবয়ো বিদুঃ।
পূর্ব্বং কৃতযুগং নাম ততস্ত্রেতা বিধীয়তে।
দ্বাপরঞ্চ কলিশ্চৈব যুগান্যেতানি কৃৎস্নশঃ।
চত্বারি তু সহস্রাণি বর্ষাণাং তৎ কৃতং যুগম্
তস্য তাবচ্ছতী সন্ধ্যা সন্ধ্যাংশশ্চ তথাবিধঃ।
ইতরেষু সসন্ধ্যেষু সসন্ধ্যাংশেষু চ ত্রিষু।
একাপায়েন বর্ত্তন্তে সহস্রাণি শতানি চ ॥ ১
এতদ্দ্বাদশসাহস্রং সাধিকঞ্চ চতুর্যুগম্।
চতুর্যুগসহস্রং যৎ স কল্প ইতি কথ্যতে ॥ ১
চতুর্যুগৈকসপ্তত্যা মনোরন্তরমুচ্যতে।
কল্পে চতুর্দ্দশৈকস্মিন্ মনূনাং পরিবৃত্তয়ঃ ॥ ১

যেমন স্বীয় ত্রিশ অহোরাত্রে এক মাস এইরূপ দেবতাদিগের স্বীয় দ্বাদশ এক বৎসর হয়; মনুষ্যদিগের তি ষাট বৎসরে দেবতাদিগের এক হয় এবং দিব্য-পরিমাণেই যুগের করা হয়। পণ্ডিতেরা বলেন, ভা চারিটী যুগ হয়. প্রথম কৃত বা স তাহার পর ত্রেতাযুগ, তাহার পর দ্বাপর নন্তর কলি; এই কয়টী মাত্র যুগ। কৃ পরিমাণ দিব্য-পরিমাণে চারি হাজার ব উহার সন্ধ্যা ঐ পরিমাণে চারি শত বৎস সন্ধ্যার অংশও ঐরূপ। অবশিষ্ট তি পরিমাণ ক্রমশঃ এক এক হাজার বৎস অর্থাৎ ত্রেতাযুগের পরিমাণ তিন হাজা দ্বাপরের দুই হাজার এবং কলির এক এইরূপ তাহাদের সন্ধ্যা ও সন্ধ্যাংশও শত বৎসর কম। অতএব সন্ধ্যা ও স সহিত বর্ত্তমান চারিযুগের পরিমাণ বা বৎসর। সহস্র চতুর্যুগে একটী একাত্তর চতুর্যুগে একটী মন্বন্তর হয় কল্পে চতুর্দ্দশটী মন্বন্তর হয়। ১—১৫

ক্রমযোগেণ কল্পমন্বন্তরাণি চ।
নি ব্যতীতানি শতশোহথ সহস্রশঃ ॥ ১৬
যাচ্চ সর্ব্বেষামসংখ্যেয়তয়া পুনঃ।
নৈবানুপূর্ব্ব্যাদ্বৈ তেষাং বক্তুং সুবিস্তরঃ ॥
াম দিবা প্রোক্তো ব্রহ্মণোহব্যক্তজন্মনঃ।
বৈ সহস্রঞ্চ ব্রাহ্মং বর্ষমিহোচ্যতে ॥ ১৮
ষ্টসাহস্রং যচ্চ তদ্ব্রহ্মণো যুগম্।
গেসাহস্রং ব্রহ্মণঃ পদ্মজন্মনঃ ॥ ১৯
সহস্রঞ্চ ত্রিগুণং ত্রিবৃতং তথা।
সকলঃ কালো ব্রহ্মণঃ পরমেষ্ঠিনঃ ॥ ২০
দিবসে যান্তি চতুর্দ্দশ পুরন্দরাঃ।
াসে চত্বারি বিংশত্যা সহিতানি চ ॥২১
চ সহস্রাণি চত্বারিংশদ্যুতানি চ।
শং সহস্রাণি পঞ্চলক্ষাণি চায়ুষি ॥ ২২
ব্রহ্মোদিনে চৈকো বিষ্ণু রুদ্রদিনে তথা।
দিনে রুদ্রঃ সদাখ্যস্ত তথেশ্বরঃ ॥ ২৩

সাক্ষাচ্ছিবস্য তৎসংখ্যস্তথা সোঽপি সদাশিবঃ।
চত্বারিংশৎসহস্রাণি পঞ্চলক্ষাণি চায়ুষি ॥ ২৪
তস্মিন্ সাক্ষাচ্ছিবেনৈব কালাত্মা সম্প্রবর্ত্ততে।
যত্তৎ সৃষ্টেঃ সমাখ্যাতং কালান্তরমিহ দ্বিজাঃ ॥২৫
এতৎ কালান্তরং জ্ঞেয়মহর্বৈ পারমেশ্বরম্।
রাত্রিশ্চ তাবতী জ্ঞেয়া পরমেশস্য কৃৎস্নশঃ ॥ ২৬
অহস্তস্য তু যা সৃষ্টী রাত্রিশ্চ প্রলয়ঃ স্মৃতঃ।
অহর্ন বিদ্যতে তস্য ন রাত্রিরিতি ধারয়েৎ ॥ ২৭
এষোপচারঃ ক্রিয়তে লোকানাং হিতকাম্যয়া।
প্রজাঃ প্রজানাং পতয়ো মূর্ত্তয়শ্চ সুরাসুরাঃ ॥২৮
ইন্দ্রিয়াণীন্দ্রিয়ার্থাশ্চ মহাভূতানি পঞ্চ চ।
তন্মাত্রাণ্যথ ভূতাদির্বুদ্ধিশ্চ সহ দৈবতৈঃ ॥ ২৯
অহস্তিষ্ঠন্তি সর্ব্বাণি পরমেশস্য ধীমতঃ।
অহরন্তে প্রলীয়ন্তে রাত্র্যন্তে বিশ্বসম্ভবঃ ॥ ৩০
যো বিশ্বাত্মা কর্ম্মকালস্বভাবা-
দ্যর্থে শক্তির্যস্য নোল্লঙ্ঘনীয়া।

হ্মার সহিত শত শত সহস্র সহস্র কল্প মন্বন্তর অতীত হইয়াছে। তাহাদের অজ্ঞেয়ত্ব এবং অসংখ্যেয়ত্ব প্রযুক্ত র বিষয় আনুপূর্ব্বিক বলা সুকঠিন। কল্প—অব্যক্তজন্মা ব্রহ্মার দিবাভাগ। ল্পে ব্রহ্মার একটী বৎসর হয়। ঐ আট হাজার বৎসরে ব্রহ্মার একটী। পদ্মযোনি ব্রহ্মার ঐ সহস্র যুগে বন হয়। তিন হাজার সবনের নাম উহাই পরমেষ্টী ব্রহ্মার জীবিত-কাল। ক একটী দিবসে চতুর্দ্দশটী ইন্দ্রের এবং ব্রহ্মার এক এক মাসে চারি শত রিয়া ইন্দ্রের লয় হয়। ব্রহ্মার এক পাঁচ হাজার চল্লিশটী ইন্দ্রের নিপাত ব্রহ্মার সমুদয় জীবিত কালে (অন্যূন) চল্লিশ হাজার ইন্দ্রের বিনাশ হয়। ক এক দিনে এক একজন নূতন ব্রহ্মা ন এবং এক একটী রুদ্রদিনে এক নূতন বিষ্ণু উৎপন্ন হন। ঈশ্বরের দিনে এক একটী নূতন রুদ্র হন। দাশিবের এক একটী দিনে ঈশ্বরেরও

পরিবর্ত্তন হয় এবং সেই সদাশিবও সাক্ষাৎ-শিবের এক দিন মাত্র স্থায়ী; সুতরাং সাক্ষাৎ-শিবের সমুদয় জীবিত কালে পাঁচ লক্ষ চল্লিশ হাজার সদাশিব লয় প্রাপ্ত হন। সেই সাক্ষাৎ শিবই এই কালকে ব্রহ্মার জীবিত-কালের ঘটনায় প্রেরিত করেন। হে দ্বিজগণ! ব্রহ্মার আয়ুই সৃষ্টির একটী কালান্তর। এক একটী কালান্তর পরমেশ্বরের দিবাভাগ, তাহার রাত্রিরও পরিমাণ সেইরূপ। তাঁহার দিবা-ভাগে সৃষ্টি এবং রাত্রিকালে প্রলয় হয়। বাস্তবিক তাঁহার দিন বা রাত্রি কিছুই নাই; কেবল লোকদিগের হিতকামনায় এই-রূপ কল্পনা করা হয় মাত্র। প্রজা সকল, প্রজাপতিগণ, মূর্ত্তি সকল, দেব ও দৈত্য-সমূহ, ইন্দ্রিয়, ইন্দ্রিয়ভোগ্য বস্তু, পঞ্চ স্থূলভূত, তন্মাত্র, ভূতাদি, বুদ্ধি ও দেবতাগণ, ইঁহারা সকলে সেই জ্ঞানময় পরমেশ্বরের দিবাভাগে বর্ত্তমান হন, দিবার অবসানে রাত্রিকালে ইঁহারা আবার প্রলীন হন। রাত্রির অবসানে আবার বিশ্বের সৃষ্টি হয়। যিনি বিশ্বাত্মা; যাঁহার শক্তি কর্ম্ম, কাল ও স্বভাবাদি অর্থে উল্লঙ্ঘনীয়

যস্যৈবাজ্ঞাধীনমেতৎ সমস্তং
নমস্তস্মৈ মহতে শঙ্করায় ॥ ৩১

ইতি শ্রীশৈবে মহাপুরাণে বায়বীয়সংহিতায়াং
পূর্ব্বভাগে ব্রহ্মাদ্যায়ুর্মানকথনং নাম
ষষ্ঠোঽধ্যায়ঃ ॥ ৬ ॥

সপ্তমোঽধ্যায়ঃ।

মুনয় উচুঃ।

কথং জগদিদং কৃৎস্নং বিধায় চ নিধায় চ।
আজ্ঞয়া পরমাং ক্রীড়াং করোতি পরমেশ্বরঃ ॥ ১
কিং তৎপ্রথমসম্ভূতং কেনেদমখিলং ততম্।
কেন বা পুনরেবেদং গ্রস্যতে পৃথুকুক্ষিণা ॥ ২

বায়ুরুবাচ।

শক্তিঃ প্রথমসম্ভূতা শান্ত্যতীতপদোত্তরা।
ততো মায়া ততোঽব্যক্তং শিবাচ্ছক্তিমতঃ প্রভো
শান্ত্যতীতপদং শক্তেস্ততঃ শান্তিপদক্রমাৎ।
ততো বিদ্যাপদং তস্মাৎ প্রতিষ্ঠাপদসম্ভবঃ।
নিবৃত্তিপদমুৎপন্নং প্রতিষ্ঠাপদতঃ ক্রমাৎ।
এবমুক্তা সমাসেন সৃষ্টিরীশ্বরচোদিতা ॥ ৫
আনুলোম্যাৎ তথৈতেষাং প্রাতিলোম্যেন সং
অস্মাৎ পঞ্চপদোদ্দিষ্টা ন সৃষ্ট্যন্তরমিষ্যতে।
কলাভিঃ পঞ্চভির্ব্যাপ্তং যস্মাদ্বিশ্বমিদং জগৎ
অব্যক্তং কারণং যত্তদাত্মনা সমধিষ্ঠিতম্।
মহদাদি-বিশেষান্তং সৃজতীত্যপি সম্মতম্।
কিন্তু তত্রাপি কর্তৃত্বং নাব্যক্তস্য ন চাত্মনঃ।
অচেতনত্বাৎ প্রকৃতেরজ্ঞত্বাৎ পুরুষস্য চ।
প্রধানপরমাণ্বাদি যাবৎ কিঞ্চিদচেতনম্ ॥ ৯
ন তৎ কর্তৃ স্বয়ং দৃষ্টং বুদ্ধিমৎ কারণং কি
জগচ্চ কর্তৃসাপেক্ষং কার্য্যং সাবয়বং যতঃ।
তস্মাচ্ছক্তঃ স্বতন্ত্রো যঃ সর্ব্বশক্তিশ্চ সর্ব্ববি

হয় না এবং এই সমস্ত জগৎ যাঁহার আজ্ঞাধীন; সেই মহান্ শঙ্করকে নমস্কার করি। ১৬—৩১।

ষষ্ঠ অধ্যায় সমাপ্ত ॥ ৬ ॥

সপ্তম অধ্যায়।

কিমত্র বহুনা দেহে যশ্চায়ং মম কালিমা।
ত্যক্ত্বেমং ত্বদ্বিধানেন গৌরী ভবিতুমুৎসহে ॥ ৯০
ব্রহ্মোবাচ।
এতাবতা কিমর্থেন তীব্রং দেবি তপঃ কৃতম্।
সেচ্ছৈব কিমপর্য্যাপ্তা ক্রীড়েয়ং হি তবেদৃশী ॥ ৯১
ক্রীড়াপি চ জগন্মাতস্তব লোকহিতায় বৈ।
অতো মমেষ্টমনয়া ফলং কিমপি সাধ্যতাম্ ॥ ৯২
নিশুম্ভ-শুম্ভনামানৌ দৈত্যৌ দত্তবরৌ ময়া।
দৃপ্তৌ দেবান্ প্রবাধেতে ত্বত্তো লব্ধস্বয়োর্বধঃ ॥৯৩
অলং বিলম্বনেনাত্র ত্বচ্ছলেন স্থিতা তব।
শক্তিবিসৃজ্যমানাদ্য তয়োর্মৃত্যুর্ভবিষ্যতি ॥ ৯৪

...াক্য দ্বারা সৎকার এবং অভিনন্দন ...ন কিছুই জানেন না, এই ভাবে ...কারণ জিজ্ঞাসা করিলেন। ব্রহ্মা ...—হে দেবি। আপনি এই কঠোর ...া কোন্ ফলের সাধন করিতেছেন? ...দয় তপঃফলের সিদ্ধি আপনারই ...যিনি সমুদয় জগতের স্বামী, সেই ...ক যখন আপনি কর্তৃরূপে প্রাপ্ত ..., তখন সমুদয় তপঃফলই হস্তগত ... অথবা এ সমস্ত আপনার ক্রীড়ার ...। তবে আশ্চর্য্য এই যে, এত...ন সেই দেবদেবের বিরহ সহ ...! দেবী বলিলেন,—হে দেব! ...দতে যখন তোমা হইতে সকলের ...না যায়, তখন নিখিল প্রজার আদি- ...আমার প্রথম পুত্র। আবার যখন ...র নিমিত্ত তোমার ললাটদেশ হইতে ...উৎপত্তি হইয়াছে, তখন তুমি ...সভাবে গুরুও বটে। আরও দেখ, ...পিতা, পর্ব্বতরাজ হিমাচল নিজেই ...তখন হে লোকপিতামহ! তুমি আমার সাক্ষাৎ পিতামহ হইলে। অতএব তুমি এইরূপ নানাবিধ সম্বন্ধে সম্বন্ধী এবং লোকযাত্রা-নির্ব্বাহক; তোমার নিকট 'অন্তঃপুরে ভর্ত্তার সহিত যাহা ঘটিয়াছে' তাহা কিরূপে ব্যক্ত করি? অধিক আর কি বলিব, আমার দেহে যে কালিমা দেখিতেছ, উহা ত্যাগ করিয়া আমি গৌরী হইতে ইচ্ছা করিয়াছি ৮১—৯০। ব্রহ্মা বলিলেন,—হে দেবি! এই সামান্য প্রয়োজনের জন্য কি এই কঠোর তপস্যার অনুষ্ঠান করিয়াছেন? আপনার ইচ্ছা কি ইহা করিতে অপারক? তাই বলিতেছি, এ কেবল আপনার ক্রীড়া মাত্র। হে জগন্মাতঃ! ইহা আপনার ক্রীড়া বটে, কিন্তু তথাপি লোকের হিতের নিমিত্ত যে ইহা হইয়াছে, সে বিষয়ে কোন সন্দেহ নাই। অতএব এই ক্রীড়া দ্বারাই আমার একটী বাঞ্ছিত ফলের সিদ্ধি করুন। নিশুম্ভ এবং শুম্ভ নামে দুই জন দৈত্য আমার নিকট হইতে বর লাভ করিয়া অত্যন্ত গর্ব্বিত হইয়া দেবগণকে উৎপীড়িত করিতেছে, আপনা হইতেই তাহাদের বিনাশ হইবে। অতএব আর বিলম্বে প্রয়োজন নাই, আপনি ছল করিয়া এই স্থলেই অবস্থান করুন, আপনি যে শক্তির সৃজন করিবেন, তাহা...

ব্রহ্মণাভ্যর্থিতা চৈবং দেবী গিরিবরাত্মজা।
ত্বক্কোশং সহসোৎসৃজ্য গৌরী সা সমজায়ত ॥ ৯৫
সা ত্বক্কোশাত্মনোৎসৃষ্টা কৌশিকী নাম নামতঃ।
কালী কালাম্বুদপ্রখ্যা কন্যকা সমপদ্যত ॥ ৯৬
সা তু মায়াত্মিকা শক্তির্যোগনিদ্রা চ বৈষ্ণবী।
শঙ্খ-চক্র-ত্রিশূলাদি-সায়ুধাষ্টমহীভুজা ॥ ৯৭
সৌম্যা ঘোরা চ মিশ্রা চ ত্রিনেত্রা চন্দ্রশেখরা।
অজাতপুংস্পর্শরতিরধৃষ্যা চাতিসুন্দরী ॥ ৯৮
দত্তা চ ব্রহ্মণে দেব্যা শক্তিরেষা সনাতনী।
শুম্ভস্য চ নিশুম্ভস্য নিহন্ত্রী দৈত্যসিংহয়োঃ ॥ ৯৯
ব্রহ্মণাপি প্রহৃষ্টেন তস্যৈ পরমশক্তয়ে।
প্রবলঃ কেশরী দত্তো বাহনত্বে সমাগতঃ ॥ ১০০
বিন্ধ্যে চ বসতিং তস্যাঃ পূজাকাসবপূর্ব্বকৈঃ।
মাংসৈর্মৎস্যৈরপূপৈশ্চ নির্ব্বর্ত্ত্যাসৌ সমাদিশৎ ॥
সা চৈবং সম্মতা শক্তির্ব্রহ্মণা বিশ্বকর্ম্মণা।

তাহাদের উভয়ের মৃত্যুরূপিণী হইবে। ব্রহ্মা কর্ত্তৃক এইরূপে যাচিত হইয়া সেই গিরীন্দ্রপুত্রী পার্ব্বতী তৎক্ষণাৎ চর্ম্মকোশ পরিত্যাগ করিয়া গৌরবর্ণা হইলেন। সেই উৎসৃষ্ট চর্ম্মকোশ হইতে কৌশিকী নামে কৃষ্ণবর্ণ মেঘের মত কৃষ্ণবর্ণা একটী কন্যা উৎপন্ন হইলেন। সেই মায়াময়ী বৈষ্ণবী যোগনিদ্রারূপিণী শক্তি শঙ্খ চক্র ত্রিশূল প্রভৃতি অস্ত্রে বিভূষিত অষ্টবাহুশালিনী হইলেন। তাঁহার মূর্ত্তি সৌম্যও বটে, ঘোরও বটে; অর্থাৎ উভয়রূপ মিশ্রিত। তাঁহার নয়ন তিনটী এবং মস্তক চন্দ্রকলায় ভূষিত। তিনি পুরুষসংসর্গবর্জ্জিতা, অধৃষ্যা অথচ অতিশয় মনোহর রূপ ধারণ করিয়াছিলেন। দেবী দৈত্যসিংহ শুম্ভ ও নিশুম্ভের নিহন্ত্রী সেই সনাতনী শক্তিকে ব্রহ্মার হস্তে অর্পণ করিলেন। ব্রহ্মাও সন্তুষ্ট হইয়া সেই পরম শক্তিকে বাহনের নিমিত্ত একটী মহাবল-পরাক্রান্ত সিংহ দান করিলেন এবং [illegible] মৎস্য, মাংস ও পিষ্টকাদি উপচার দ্বারা তাঁহার পূজা নির্ব্বাহ করিয়া [illegible] তাঁহার বাসস্থান নির্দিষ্ট করিলেন। [illegible]

প্রণম্য মাতরং গৌরীং ব্রহ্মাণঞ্চানুপূর্ব্বশঃ।
শক্তিভিঃ স্বাত্মতুল্যাভিঃ স্বাত্মজাভিরনেকশঃ
পরীতা প্রযযৌ বিন্ধ্যং দৈত্যেন্দ্রৌ হন্তুমুদ্যতা
নিহতৌ চ তথা তত্র সমরে দৈত্যপুঙ্গবৌ।
তদ্বাণৈঃ কামবাণৈশ্চ ছিন্নভিন্নাঙ্গমানসৌ।

ইতি শ্রীশৈবে মহাপুরাণে বায়বীয়সংহিতা পূর্ব্বভাগে দেব্যা গৌরাদেহধারণং নাম একবিংশোঽধ্যায়ঃ ॥ ২১ ॥

দ্বাবিংশোঽধ্যায়ঃ।

বায়ুরুবাচ।

উৎপাদ্য কৌশিকীং গৌরী ব্রহ্মণে প্রতি
তস্য প্রত্যুপকারায় পিতামহমথাব্রবীৎ। ১

দেব্যুবাচ।

দৃষ্টঃ কিমেষ ভবতা শার্দ্দূলো মদুপাশ্রয়ঃ
অনেন দুষ্টসত্ত্বেভ্যো রক্ষিতং মে তপোবন

শক্তি যথাক্রমে আপনার মাতা গৌ ব্রহ্মাকে প্রণাম করিলেন। অনন্ত দৈত্যেন্দ্রদ্বয়কে বিনাশ করিতে উদ্যা স্বশরীর হইতে উৎপন্ন আত্মসদৃশ অসংখ্য শক্তিগণে পরিবৃত হইয়া বি গমন করিলেন। দৈত্যশ্রেষ্ঠ শুম্ভ এ সেই শক্তির শরাঘাতে ছিন্নাঙ্গ এবং বাণে ভিন্নহৃদয় হইয়া তৎক্ষণাৎ পঞ্চ হইয়াছিল। ৯১—১০৭।

একবিংশ অধ্যায় সমাপ্ত ॥ ২১ ॥

দ্বাবিংশ অধ্যায়।

গৌরী কৌশিকীকে উৎপাদন এ হস্তে অর্পণ করিয়া, সেই ব্যাঘ্রের প্র জন্য ব্রহ্মাকে অনুরোধ করিলেন। লেন,—এই আমার আশ্রিত ব্যাঘ্রকে দেখিয়াছ? এই ব্যাঘ্র দুষ্টসত্ত্ব হইতে

না এব ভজতে মামনন্যধীঃ।
রক্ষণাদন্যং প্রিয়ং মম ন বিদ্যতে ॥ ৩
নেনাতো মমান্তঃপুরচারিণা।
দক্ষাস্মৈ প্রীতো দাস্যতি শঙ্করঃ ॥ ৪
নং কৃত্বা সখীভির্গন্তুমুৎসহে।
মনুজ্ঞা মে প্রজানাং পতিনা ত্বয়া ॥ ৫
প্রহসন্ ব্রহ্মা দেবীং মুগ্ধামিব স্ময়ন্।
তঃ পুরাবৃত্তৈর্দৌরাত্ম্যং সমবর্ণয়ৎ ॥ ৬
ব্রহ্মোবাচ।
দবি মৃগঃ ক্রূরঃ ক চ তেঽনুগ্রহঃ শুভঃ।
মুখে সাক্ষাদমৃতং কিং নিষিচ্যতে ॥ ৭
ন খল্বেষ দুষ্টঃ কোঽপি নিশাচরঃ।
ক্ষিতা গাবো ব্রাহ্মণাশ্চ তপোধনাঃ ॥ ৮
যথাকামং কামরূপী চরত্যসৌ
ভোক্তব্যং ফলং পাপস্য কর্ম্মণঃ ॥ ৯

অতঃ কিং কৃপয়া কৃত্যমীদৃশেষু দুরাত্মসু।
অনেন দেব্যাঃ কিং কৃত্যং প্রকৃত্যা কলুষাত্মনা ॥
দেব্যুবাচ।
যদুক্তং ভবতা সর্ব্বং তথ্যমস্ত্যয়মীদৃশঃ।
তথাপি মাং প্রপন্নোঽভূন্ন ত্যক্তো মামুপাশ্রিতঃ ॥
ব্রহ্মোবাচ।
যস্য ভক্তিমবিজ্ঞায় প্রাগ্ বৃত্তং তে নিবেদিতম্।
ভক্তিশ্চেদস্য কিং পাপৈর্ন তে ভক্তঃ প্রণশ্যতি ॥
পুণ্যকর্ম্মাপি কিং কুর্য্যাৎ ত্বদীয়াজ্ঞানপেক্ষয়া।
আজ্ঞা প্রজ্ঞা পুরাণী চ ত্বমেব পরমেশ্বরী ॥ ১৩
ত্বদধীনা হি সর্ব্বেষাং বন্ধ-মোক্ষ-ব্যবস্থিতিঃ।
ত্বামৃতে পরমাং শক্তিং সংসিদ্ধিঃ কস্য কর্ম্মণঃ ॥ ১৪
ত্বমেব বিবিধা শক্তির্ভাবানামভবা স্বয়ম্।
অশক্তঃ কর্ম্মকরণং কর্ত্তা বা কিং করিষ্যতি ॥ ১৫
বিশেষশ্চ মম চান্যেষাং দেব-দানব-রক্ষসাম্।

...না করিয়াছে। এই ব্যাঘ্র আমাতে ... করিয়াছে, অপর চিন্তা পরিত্যাগ ... কেই ভজনা করিতেছে। সুতরাং ... ক্ প্রতিপালন ভিন্ন আমার আর ... র্য্য নাই এই কারণেই এ আমার ... রী হউক এবং শঙ্কর প্রীত হইয়া ... গেশ্বর-পদ প্রদান করুন! আমি ... গ্রেসর করিয়া সখীগণের সহিত ... ছা করি। হে প্রজাপতে! তুমি ... নুজ্ঞা প্রদান কর। ব্রহ্মা এইরূপে ... দেবীকে মুগ্ধার মত দেখিয়া বিস্মিত ... বং হাস্য করত কঠোর পুরাবৃত্ত দ্বারা ... ৌরাত্ম্যের বিষয় বর্ণনা করিলেন। ... লেন,—হে দেবি! কোথায় এই ... আর কোথায় আপনার মঙ্গলময় ... সাক্ষাৎ বিষধরের মুখে কি নিমিত্ত ... করিতেছেন? এ কেবল ব্যাঘ্র ... জন দুষ্ট নিশাচর। এ অনেক পশু ... ণ্য তপোধন ব্রাহ্মণকে ভোজন ... এ কামরূপী, আপনার ইচ্ছামত ... রিয়া বিচরণ করে। সেই সকল ... ল অবশ্যই ইহাকে ভোগ করিতে হইবে। অতএব ঈদৃশ দুরাত্মাদিগের উপর কৃপা করিয়া কি ফল? হে দেবি! এই স্বাভাবিক কলুষাত্মাকে লইয়া আপনার কি কার্য্য হইবে? দেবী বলিলেন,—তুমি যে সকল কথা বলিলে, তাহা সকলই ঠিক। তথাপি এ আমার আশ্রয় লইয়াছে, আমি আশ্রিত ব্যক্তিকে পরিত্যাগ করি না। ১—১১। ব্রহ্মা বলিলেন,—ইহার ভক্তি না জানিয়াই আমি ইহার পুরাবৃত্ত আপনার নিকট বলিয়াছি। যদি আপনার উপর ইহার ভক্তি থাকে, তবে পাপে ইহার কি করিবে? আপনার ভক্ত নষ্ট হয় না। আপনার আজ্ঞার অপেক্ষা না করিয়া পুণ্যকর্ম্মাই বা কি করিবে? হে পরমেশ্বরি! আপনিই আজ্ঞা, প্রজ্ঞা এবং পুরাতনী, নিখিল-জীবের বন্ধ ও মোক্ষের ব্যবস্থা আপনারই অধীন। আপনি পরমা-শক্তিরূপা, আপনা ভিন্ন কোন্ কর্ম্ম সিদ্ধ হয়? আপনি স্বয়ং অভবা হইয়াও সমুদয় ভাব-পদার্থের নানাবিধ-শক্তিস্বরূপা। শক্তিশূন্য হইয়া কর্ত্তা কি কর্ম্ম করিতে পারে? কি বিষ্ণু কি আমি, কি অপর দেব, দানব ...

তত্তদৈশ্বর্য্যসম্প্রাপ্তৌ তবৈবাজ্ঞা হি কারণম্ ॥১৬
অতীতাঃ খম্বসংখ্যাতা ব্রহ্মাণো হরয়ো ভবাঃ।
অনাগতাশ্চাসংখ্যাতাস্তদাজ্ঞানুবিধায়িনঃ ॥ ১৭
ত্বামনারাধ্য দেবেশি পুরুষার্থচতুষ্টয়ম্।
লব্ধুং ন শক্যমস্মাভিরপি সর্ব্বৈঃ সুরোত্তমৈঃ ॥১৮
ব্যত্যাসোঽপি ভবেৎ সদ্যো ব্রহ্মত্বস্থাবরত্বয়োঃ।
সুকৃতে দুষ্কৃতে চাপি ত্বদ্ব্যবস্থাপনং যতঃ ॥ ১৯
ত্বং হি সর্ব্বজগদ্ভর্তুঃ শিবস্য পরমাত্মনঃ।
অনাদি-মধ্য-নিধনা শক্তিরাদ্যা সনাতনী ॥ ২০
সমস্তলোকযাত্রার্থং মূর্ত্তিমাবিশ্য কামপি।
ক্রীড়সে বিবিধৈর্ভাবৈঃ কস্ত্বাং জানাতি তত্ত্বতঃ ॥
অতো দুষ্কৃতকর্ম্মাপি ব্যাঘ্রোঽয়ং ত্বদনুগ্রহাৎ।
প্রাপ্নোতু পরমাং সিদ্ধিমত্র কঃ প্রতিবন্ধকঃ ॥ ২২
ইত্যাত্মনঃ পরং ভাবং স্মারয়িত্বানুরূপতঃ।
ব্রহ্মণাভ্যর্থিতা গৌরী তপসোঽপি ন্যবর্ত্তত ॥ ২৩
ততো দেবীমনুজ্ঞাপ্য ব্রহ্মণ্যন্তর্হিতে সতি।
দেবী চ মাতরং দৃষ্ট্বা মেনাং হিমবতা সহ।
প্রণম্যাশ্বাস্য বহুধা পিতরৌ বিরহাসহৌ।
ততঃ প্রণয়িনো দেবী তপোবনমহীরুহান্।
বিপ্রয়োগশুচেবাগ্রে পুষ্পবাষ্পং বিমুঞ্চতঃ।
তত্তচ্ছাখাসমারূঢ়-বিহগোদীরিতৈ রুতৈঃ ॥২
ব্যাকুলং বহুধা দীনং বিলাপমিব কুর্ব্বতঃ।
সখীভ্যঃ কথয়ন্ত্যেব সত্বরা ভর্তৃদর্শনে ॥ ২৭
পুরস্কৃত্য চ তং ব্যাঘ্রং স্নেহাৎ পুত্রমিবৌরস
দেহস্য প্রভয়া চৈব দীপয়ন্তী দিশো দশ।
প্রযযৌ মন্দরং গৌরী যত্র ভর্ত্তা মহেশ্বরঃ।

ইতি শ্রীশৈবে মহাপুরাণে বায়বীয়সংহিতা
পূর্ব্বভাগে দেবী-ব্রহ্মসংবাদে
দ্বাবিংশোঽধ্যায়ঃ ॥ ২২ ॥

সমুদয়েরই আপন আপন ঐশ্বর্য্যপ্রাপ্তির বিষয়ে আপনার আজ্ঞাই একমাত্র কারণ। অসংখ্য ব্রহ্মা, বিষ্ণু বা মহেশ্বর অতীত হইয়াছে এবং ভবিষ্যতে আরও অসংখ্য ব্রহ্মাদি হইবে, ইহারা সকলেই আপনার অজ্ঞানুবর্ত্তী। আপনার আরাধনা ব্যতীত অস্মদাদি নিখিল শ্রেষ্ঠ-দেবগণও পুরুষার্থ-চতুষ্টয় লাভ করিতে সমর্থ হয় না। জড়ত্ব ও চৈতন্যের সদ্য ব্যত্যাস অর্থাৎ বিপর্য্যয় হইতে পারে; যেহেতু সুকৃত ও দুষ্কৃত আপনার ব্যবস্থানুসারেই ফল প্রদান করে। আপনিই সেই জগৎপতি পরমাত্মা মহাদেবের আদি-মধ্য-নিধন-রহিত সনাতনী আদ্যাশক্তি, সমস্ত লোকযাত্রা-নির্ব্বাহার্থ আপনি যে কোন একটী মূর্ত্তিতে প্রবেশ করিয়া নানাভাবে ক্রীড়া করেন; কে আপনাকে যথার্থরূপে জানিতে পারে? অতএব এই ব্যাঘ্র দুরাচার হইলেও আপনার অনুগ্রহে পরম সিদ্ধি লাভ করুক; ইহাতে কে প্রতিবন্ধক হইবে? এই প্রকার অনু-রূপ বাক্য দ্বারা ব্রহ্মা, স্বীয় [illegible] ([illegible]) [illegible] গৌরী [illegible]

হইতেও নিবৃত্ত হইলেন। অন
আজ্ঞা লইয়া ব্রহ্মা অন্তর্হিত হই
স্বীয় মাতা মেনাকে দর্শন করিয়া, তঁ
সহিতে অসমর্থ পিতা-মাতাকে প্রণা
বিধ বাক্যে আশ্বস্ত করিলেন। প
বিরহ-দুঃখেই যেন পুষ্পরূপ বাষ্প
এবং স্ব স্ব শাখারূঢ় পক্ষীদিগের
ব্যাকুল ও দীনভাবে বহু বিলাপক
তপোবন বৃক্ষদিগের বিষয় সখীদি
বলিতে বলিতে ভর্তৃ-দর্শনে ত্বরান্বিতা
সেই দেবী গৌরী, ঔরসপুত্রের
ব্যাঘ্রকে অগ্রে রাখিয়া এবং স্বীয়
দশদিক্ উদ্ভাসিত করিয়া, যে স্থানে
অবস্থান করিতেছিলেন, সেই মন্দ
গমন করিলেন। ১২—২৮।

দ্বাবিংশ অধ্যায় সমাপ্ত।

ত্রয়োবিংশোঽধ্যায়ঃ।

ঋষয় উচুঃ।

ঃং বপুর্দিব্যং দেবী গিরিবরাত্মজা।
র্ভর্ত্তারং প্রবিষ্টা মন্দরং সতী ॥ ১
য়ে তস্যা ভবনদ্বারগোচরৈঃ।
কিং কৃতং দেবস্তাং দৃষ্ট্বা কিং তদাকরোৎ

বায়ুরুবাচ।

সাঽশক্যস্তাদৃশঃ পরমো রসঃ।
র্ভেণ ভাবো ভাববতাং স্মৃতঃ ॥ ৩
সম্ভ্রমৈরেব দেবো দেব্যাগমোৎসুকঃ।
বিষ্টাং তাং তঞ্চ সা সমপশ্যত ॥ ৪
যভাবৈশ্চ ভবনান্তরবর্ত্তিভিঃ।
তা বাচা প্রণনাম ত্রিয়ম্বকম্ ॥ ৫
যতা যাবং তাবং তাং পরমেশ্বরঃ।
াশ্লিষ্য পরিতঃ পরয়া মুদা ॥ ৬

স্বাঙ্কে ধর্ত্তুং প্রবৃত্তোঽপি সা পর্য্যঙ্কে ন্যষীদত।
পর্য্যঙ্কতো বলাদ্দেবীং স্বাঙ্কমারোপ্য সুস্মিতাম্ ॥৭
সস্মিতো বিস্ফারিতৈর্নেত্রৈস্তদ্বক্ত্রং প্রপিবন্নিব।
তয়া সম্ভাবণায়েশঃ পূর্ব্বভাষিতমব্রবীৎ ॥ ৮

দেব উবাচ।

সা দশা চ ব্যতীতা কিং তব সর্ব্বাঙ্গসুন্দরি।
যস্যামনুনয়োপায়ঃ কোঽপি কোপায় লভ্যতে ॥ ৯
স্বেচ্ছয়াপি চ কালীতি নান্যবর্ণবতীতি চ।
ত্বং স্বভাবাদ্ধতং চিত্তং শুভ্রে চিন্তাবহং মম ॥১০
বিস্মৃতঃ পরমো ভাবঃ কথং স্বেচ্ছাঙ্গযোগতঃ।
ন সম্ভবন্তি যে তত্র চিত্তকালুষ্যহেতবঃ ॥ ১১
পৃথগ্‌জনবদন্যোঽন্যং বিপ্রিয়স্যাপি কারণম্।
আবয়োরপি যদ্যস্তি নাস্ত্যোবৈতচ্চরাচরম্ ॥ ১২

ত্রয়োবিংশ অধ্যায়।

বলিলেন,—সেই গিরিবর-নন্দিনী
গৌর শরীর ধারণপূর্ব্বক মন্দর-
ষ্ট হইয়া কিরূপে স্বামীকে দর্শন
াঁহার প্রবেশ-সময়ে গৃহ-দ্বারে
রগণ কিরূপ ব্যবহার করিল
ই বা তাঁহাকে দেখিয়া কীদৃশ
লেন? বায়ু বলিলেন,—যাহা
মিলিত হইয়া সহৃদয়দিগের
, তাদৃশ অনির্ব্বচনীয় চিত্তদ্রবময়
না করা যায় না। দেবীর আগ-
উৎসুক মহাদেব, সম্ভ্রমে অব-
দিগের সহিত সেই প্রবিষ্টা
া যেন কিঞ্চিৎ সন্দিহান হইয়া-
দেবী তাঁহাকে দেখিলেন।
সেই পূর্ব্বানুভূত প্রেমভাব
অভিজ্ঞতা লাভ করিয়া গৃহ-
ক তাঁহাকে বন্দনা করিল এবং
কে প্রণাম করিলেন। তিনি
উঠিতে না উঠিতেই মহাদেব
তাঁহাকে হস্ত দ্বারা গ্রহণ করিয়া, অতি আনন্দ-
সহকারে আলিঙ্গন করিলেন। মহাদেব স্বীয়
অঙ্কে ধারণ করিতে প্রবৃত্ত হইলেও দেবী পর্য্য-
ঙ্কের উপর বসিয়া পড়িলেন। তখন মহাদেব
সেই স্মিতমুখী দেবীকে বলপূর্ব্বক আপনার
অঙ্কের উপর বসাইলেন এবং ঈষৎহাস্যের
সহিত বিস্ফারিত-নেত্র দ্বারা তাঁহার মুখ যেন
পান করিতে করিতে তাঁহার সহিত কথোপকথন
করিবার অভিপ্রায়ে, প্রথমে যেরূপ বলা উচিত,
সেইরূপ বাক্য বলিলেন। মহাদেব বলিলেন,—
হে সর্ব্বাঙ্গসুন্দরি! তোমার সেই অবস্থা
গিয়াছে ত? যে অবস্থায় তোমার এরূপ কোপ
হইয়াছিল যে, আমি অনুনয়ের কোন উপায়
দেখিতে পাই নাই। তুমি ইচ্ছাক্রমেই অপর
বর্ণ গ্রহণ না করিয়া কালীরূপ ধারণ করিয়া-
ছিলে। হে শুভ্রে! তোমার স্বভাবে আমার
চিত্ত বিমুগ্ধ হওয়ায় আমার একটা চিন্তার
কারণ হইয়াছে। তুমি কিরূপে আপনার সেই
পরম ভাব বিস্মৃত হইলে? তুমি যখন আপন
ইচ্ছাক্রমে সকল প্রকার বর্ণ গ্রহণ করিতে পার,
তখন তোমার এরূপ চিত্তকালুষ্যের কারণ
কিছুই নাই। আমাদের দুই জনের মধ্যেও
যদি সামান্য নরনারীর ন্যায় পরস্পর বিচ্ছেদের
কারণ উপস্থিত হয়, তবে [illegible]

অহমগ্নিশিরোনিষ্ঠস্ত্বং সোমশিরসি স্থিতা।
অগ্নীষোমাত্মকং বিশ্বমাবাভ্যাং সমধিষ্ঠিতম্॥ ১৩
জগদ্ধিতায় চরতোঃ স্বেচ্ছাধৃতশরীরয়োঃ।
আবয়োর্বিপ্রয়োগে হি স্যান্নিরালম্বনং জগৎ॥ ১৪
অস্তি হেত্বন্তরঞ্চাত্র শাস্ত্রযুক্তিবিনিশ্চিতম্।
বাগর্থময়মেবৈতজ্জগৎ স্থাবর-জঙ্গমম্॥ ১৫
ত্বং হি বাগমৃতং সাক্ষাদহমর্থামৃতং পরম্।
দ্বয়মপ্যমৃতং কস্মাদ্বিযুক্তমুপপদ্যতে॥ ১৬
বিদ্যাপ্রত্যায়িকা ত্বং মে বেদ্যোঽহং প্রত্যয়াত্তব।
বিদ্যাবেদ্যাত্মনোরেব বিশ্লেষঃ কথমাবয়োঃ॥ ১৭
ন কর্ম্মণা সৃজামীদং জগৎ প্রতিসৃজামি চ।
সর্ব্বস্যাজ্ঞৈকলভ্যত্বাদাজ্ঞা ত্বং হি গরীয়সী॥ ১৮
আজ্ঞৈকসারমৈশ্বর্য্যং যস্মাৎ স্বাতন্ত্র্যলক্ষণম্।
আজ্ঞয়া বিপ্রযুক্তস্য ঐশ্বর্য্যং মম কীদৃশম্॥ ১
ন কদাচিদবস্থানমাবয়োর্বিপ্রযুক্তয়োঃ।
তথাপি বিরহো বৃত্ত ইত্যতোঽন্যৎ কিমদ্ভুতম্
ন পরানুগ্রহাদন্যৎ প্রয়োজনমিহাত্মনঃ।
প্রবৃত্তিলক্ষণং তস্মাল্লীলাপি ন বৃথাবয়োঃ।
দেবানাং কার্য্যমুদ্দিশ্য লীলোক্তিং কৃতবান
ত্বয়াপ্যবিদিতং নাস্তি কথং কুপিতবত্যসি
তত্ত্রিলোকরক্ষার্থে কোপো যদ্যপি তে
যদনর্থায় ভূতানাং ন তদস্তি খলু ত্বয়ি।২
ইতি প্রিয়ংবদে সাক্ষাদীশ্বরে পরমেশ্বরী।
শৃঙ্গারভাবসারাণাং জন্মভূমিরকৃত্রিমা॥২
স্বভর্ত্রা ললিতং তথ্যমুক্তং মত্বা স্মিতোজ্জ্ব
লজ্জয়া ন কিমপ্যূচে কৌশিকাবর্ণনাৎ পর

দেব্যুবাচ

কিং দেবেন ন স দৃষ্টা যা সৃষ্টা কৌশিকী

আর থাকে কিরূপে? ১—১২। আমি অগ্নির মস্তকস্থিত, তুমিও সোমের মস্তকস্থিত। আমরা দুইজনে এই অগ্নীষোমাত্মক বিশ্বকে অধিকার করিয়া রহিয়াছি। আমরা দুই জনে জগতের হিতের নিমিত্ত ইচ্ছানুসারে শরীর ধারণ করিয়া বিচরণ করি। আমাদের উভয়ের মধ্যে বিচ্ছেদ ঘটিলে, এই জগৎ একেবারে আশ্রয়-শূন্য হয়। এ বিষয়ে শাস্ত্রযুক্তি দ্বারা স্থিরীকৃত অপর একটী হেতুও আছে। এই স্থাবর-জঙ্গমময় সমুদয় জগৎ বাগর্থময় অর্থাৎ নাম-রূপাত্মক বলিয়া প্রসিদ্ধ। তুমি সাক্ষাৎ অমৃতময় বাক্য স্বরূপা, আমিও অমৃতরূপী অর্থ। অতএব আমরা উভয়ে যখন অমৃত, তখন আমাদের বিচ্ছেদ কিরূপে সম্ভবপর? তুমি আমার বোধ-কারিণী বিদ্যাস্বরূপা এবং তদীয় জ্ঞান হইতেই আমি জ্ঞেয়। যখন বিদ্যা এবং বেদ্য এ উভয়ের কখন বিশ্লেষ নাই, তখন সেই বিদ্যা ও বেদ্যস্বরূপ আমাদের দুই জনেরই বা কিরূপে বিশ্লেষ হইতে পারে? আমি আত্মব্যাপার দ্বারা এই জগতের সৃষ্টি বা সংহার করি না, একমাত্র আজ্ঞাবশেই এই জগতের সৃষ্টি বা সংহার হইয়া থাকে; তুমি সেই গরীয়সী আজ্ঞা। আমার এই যে [illegible] ঐশ্বর্য্য, আজ্ঞাই তাহার এক মাত্র সার। আমি যদি সেই আজ্ঞাশূ[illegible] তবে আমার সে ঐশ্বর্য্য আর থা[illegible] বিযুক্ত হইয়া আমরা দুই জনে কখনই [illegible] পারি না। তথাপি যে আমাদের বির[illegible] য়াছে, ইহা অপেক্ষা আশ্চর্য্য আর কি[illegible] পারে? এই সংসারে পরের প্রতি[illegible] ভিন্ন আমাদের নিজের কোন প্রবৃত্তি[illegible] জন নাই। অতএব আমাদের ক্রীড়া[illegible] বৃথা হয় না। দেবতাদিগের কা[illegible] করিয়া আমি তোমাকে পরিহাস ক[illegible] তোমারও তাহা অবিদিত নাই, [illegible] কোপ করিয়াছিলে? ত্রিলোকের র[illegible] ই তুমি আমার উপর ঐরূপ ক্রো[illegible] ছিলে, যাহা জীবদিগের অনর্থে[illegible] হয়, এরূপ কার্য্য কখনই তোমা[illegible] মহাদেব এইরূপ প্রিয়বাক্য ব[illegible] শৃঙ্গারভাব-সমূহের অকৃত্রিম জন্ম[illegible] পরমেশ্বরী, "স্বামী যাহা বলিলেন, সত্য" মনে মনে এইরূপ বিবে[illegible] কিঞ্চিৎ হাস্যপূর্ব্বক কৌশিকীর উ[illegible] ভিন্ন, লজ্জাক্রমে আর কিছুই বলিলে[illegible] না। ১৩—২৫। দেবী বলি[illegible]

ত্মকা লোকে ন ভূতা ন ভবিষ্যতি ॥ ২৬
য্ং বলং বিন্ধ্যে নিলয়ং বিজয়ং তথা।
নিশুম্ভশুম্ভ মারণঞ্চ রণে তয়োঃ ॥ ২৭
প্রদানঞ্চ লোকায় ভজতে সদা।
ব্রহ্মণে শশ্বদ্‌ব্রহ্মা বিজ্ঞাপয়িষ্যতি ॥২৮
শ্রয়মাণায়া দেব্যা এবাজ্ঞয়া তদা।
ধ্যা সমানীয় পুরোঽবস্থাপিতস্তথা ॥ ২৯
ন্যাহ পুনর্দেবী দেবানীতমুপায়নম্।
শ্চ ন চানেন সদৃশো মদুপাসকঃ ॥ ৩০
ষ্টসত্বেভ্যো রক্ষিতং মত্তপোবনম্।
ম্ভ ভক্তশ্চ বিস্রম্ভস্য স্বরক্ষণাৎ ॥ ৩১
ন্যিত্যজা প্রসাদার্থং সমাগতঃ।
ম ত্বং যদি প্রীতিং করোষি মে ॥৩২
য়াবি নিয়োগান্নন্দিনঃ স্বয়ম্।
র্ক্তিক্তৈর্বৃতোময়ীশ্বর ॥ ৩৩

মধুরং প্রণয়োদর্কং শ্রুত্বা দেব্যাঃ শুভং বচঃ।
প্রীতোঽস্মীত্যাহ তং দেবঃ স চাদৃশ্যত তৎক্ষণাৎ
বিভ্রদ্বেত্রলতাং হৈমীং রত্নচিত্রঞ্চ কঞ্চুকম্।
ছুরিকামুরগপ্রখ্যাং গণেশো রক্তবেশধৃক্ ॥ ৩৫
যস্মাৎ সোমো মহাদেবো নন্দী চানেন নন্দিতঃ।
সোমনন্দীতি বিখ্যাতস্তস্মাদেষ সমাখ্যয়া ॥ ৩৬
ইত্থং দেব্যাঃ প্রিয়ং কৃত্বা দেবশ্চার্দ্ধেন্দুভূষণঃ।
ভূষয়ামাস তাং দিব্যৈর্ভূষণৈ রত্নভূষিতৈঃ ॥ ৩৭
ততঃ স গৌরীং গিরিশো গিরীন্দ্রজাং
সগৌরবং সর্ব্বমনোহরাং হরঃ।
স্বমঙ্কমারোপ্য বরাঙ্গভূষণৈ-
র্বিভূষয়ামাস শশাঙ্কভূষণঃ ॥ ৩৮

ইতি শ্রীশৈবে মহাপুরাণে বায়বীয়সংহিতায়াং
পূর্ব্বভাগে দেব্যা পুনর্মন্দারপর্ব্বতাগমনং
নাম ত্রয়োবিংশোঽধ্যায়ঃ ॥ ২৩ ॥

যে যে কন্যার সৃষ্টি করিয়াছি, আপনি দেখেন নাই। এই রূপ কন্যা আর হয় নাই, হইবেও বীর্য্য, বল, বিন্ধ্যাচলে নিবাস, বিজয়, ও নিশুম্ভের বধ, সেবক জনকে দান এবং দেবতাদিগের নিত্য এই সকল বিষয়ের কথা ব্রহ্মা নিকট নিবেদন করিবেন। তখন স্তূয়মানা দেবীর আজ্ঞায় সখীগণ কে আনিয়া সম্মুখে রাখিল। জন্য আনীত উপায়নরূপ ব্যাঘ্রকে পুনর্ব্বার বলিলেন,—এই ব্যাঘ্রকে সদৃশ আর কেহ আমার উপাসক ব্যাঘ্র দুষ্ট-সত্ত্ব হইতে আমার তপো- য়াছে; এ আমার অতিশয় ভক্ত আত্মরক্ষা হেতু বিশ্বাসের পাত্রও যাদের অনুগ্রহলাভার্থ আপনার করিয়া আসিয়াছে। যদি আমা র প্রীতিলাভ হয় এবং আমার আপনার কর্ত্তব্য হয়, তবে হে ব্যাঘ্র অপর রক্ষিগণের সহিত রক্ষিত হইয়া অন্তঃপুরদ্বারে খাড়া নন্দীর নিয়োগে অবস্থান করুক। দেবীর সপ্রণয় মধুর ও কর্ণসুখকর বাক্য শ্রবণ করিয়া মহাদেব তাঁহাকে বলিলেন,—আমি প্রীত হইলাম। তৎক্ষণাৎ সেই ব্যাঘ্রও সুবর্ণ নির্ম্মিত বেত্রলতা, রত্নখচিত কঞ্চুক, সর্পসদৃশ ছুরিকাধারী, রক্তক-বেশী গণনায়করূপে লক্ষিত হইল। যেহেতু সোমরূপা দেবী, মহাদেব ও নন্দী ঐ ব্যাঘ্রের কার্য্যে আনন্দলাভ করিয়াছিলেন, এই নিমিত্ত উহার নাম সোমনন্দী হইল। অর্দ্ধেন্দুভূষণ মহাদেব এই রূপে দেবীর প্রিয় কার্য্য করিয়া সেই দেবীকে নানাবিধ রত্নখচিত দিব্য অলঙ্কার দ্বারা ভূষিত করিলেন। অনন্তর শশাঙ্কভূষণ মহাদেব সর্ব্ব-মনোহরা গিরীন্দ্র-কন্যাকে আপনার অঙ্কে স্থাপন করিয়া গৌরবের সহিত নানাবিধ শ্রেষ্ঠ ভূষণ দ্বারা ভূষিত করিয়াছিলেন। ২৬—৩৮।

ত্রয়োবিংশ অধ্যায় সমাপ্ত ॥ ২৩ ॥

চতুর্ব্বিংশোঽধ্যায়ঃ।

ঋষয় উচুঃ।

দেবীং সমাদধানেন দেবেনেদং কিমীরিতম্।
অগ্নীষোমাত্মকং বিশ্বং বাগর্থাত্মকমিত্যপি॥ ১
আত্মৈকসারমৈশ্বর্য্যমাত্মা ত্বমিতি চোদিতম্।
তদিদং শ্রোতুমিচ্ছামো যথাবদনুপূর্ব্বশঃ॥ ২

বায়ুরুবাচ।

অগ্নিরিত্যুচ্যতে রৌদ্রী ঘোরা যা তৈজসী তনুঃ।
সোমঃ শাক্তোঽমৃতময়ঃ শক্তেঃ শান্তিকরী তনুঃ॥
অমৃতং যৎপ্রতিষ্ঠা সা তেজোবিদ্যাকলা স্বয়ম্।
ভূতসূক্ষ্মেষু সর্ব্বেষু তে এব রস-তেজসী॥ ৪
দ্বিবিধা তেজসো বৃত্তিঃ সূর্য্যাত্মা চানলাত্মিকা।
তথৈব রসবৃত্তিশ্চ সোমাত্মা চ জলাত্মিকা॥ ৫
বৈদ্যুতাদিময়ং তেজো মধুরাদিময়ো রসঃ।
তেজো-রসবিভেদৈস্তু ধৃতমেতচ্চরাচরম্। ৬
অগ্নেরমৃতনিষ্পত্তিরমৃতেনাগ্নিরেধতে

অতএব হবিঃ ক্লৃপ্তমগ্নীষোমং জগদ্ধিতম্।
হবিষে শস্যসম্পত্তির্বৃষ্টিঃ শস্যাভিবৃদ্ধয়ে।
বৃষ্টয়ে চ হবিস্তস্মাদগ্নীষোমধৃতং জগৎ॥ ৮
অগ্নিরূর্দ্ধং জ্বলত্যেষ যাবৎ সৌম্যং পরামৃত
যাবদগ্ন্যাস্পদং সৌম্যমমৃতঞ্চ স্রবত্যধঃ॥ ৯
অতএব হি কালাগ্নিরধস্তাচ্ছক্তিরূর্দ্ধতঃ।
তাবতা দহনস্যোর্দ্ধমধশ্চাপ্লাবনং ভবেৎ॥ ১
আধারশক্ত্যৈব ধৃতঃ কালাগ্নিরয়মূর্দ্ধগঃ।
তথৈব নিম্নগঃ সোমঃ শিবশক্তিপদাস্পদঃ
শিবশ্চোর্দ্ধমধঃ শক্তিরূর্দ্ধং শক্তিরধঃ শিবঃ
তদিত্থং শিবশক্তিভ্যাং নাব্যাপ্তমিহ কিঞ্চ
অসকৃচ্চাগ্নিনা দগ্ধং জগদ্যদ্ভস্মসাৎকৃতম্।

চতুর্ব্বিংশ অধ্যায়।

ঋষিগণ বলিলেন,—দেবীকে সান্ত্বনা করিবার সময় মহাদেব যে বিশ্বকে অগ্নীষোমাত্মক এবং বাগর্থাত্মক বলিয়া নির্দ্দেশ করিয়াছেন, তাহার তাৎপর্য্য কি? তিনি আরও বলিয়াছেন যে, ঐশ্বর্য্যের সার একমাত্র আত্মা এবং তুমিই সেই আত্মা, ইহারই বা ভাব কি? আমরা যথাবৎ অনুক্রমে শুনিতে ইচ্ছা করি। বায়ু বলিলেন,—মহাদেবের যে ভীষণ তেজোময় শরীর, তাহার নাম অগ্নি এবং শক্তির শান্তিকর অমৃতময় শরীরের নাম সোম। অমৃতেই বিশ্বের অবস্থান এবং তেজই সাক্ষাৎ বিদ্যা ও কলাস্বরূপ। এই দুইটীই নিখিল সূক্ষ্ম-ভূতে অর্থাৎ পৃথিবী আদির পরমাণু-সমূহে রস ও তেজোরূপে অবস্থিত। সূর্য্য ও অনলস্বরূপে তেজের অনেক প্রকার বৃত্তি, এইরূপ রসেরও সোম ও জলস্বরূপে নানারূপ বৃত্তি। তেজের ভেদ বৈদ্যুতাদি এবং রসের ভেদ মধুরাদি। এই তেজ ও রসের নানাবিধ ভেদ একত্র হইয়া

চরাচর বিশ্বকে ধারণ করিয়াছে।
অমৃতের উৎপত্তি, আবার অমৃত দ্বা
বৃদ্ধি হয়। এই জন্যই অগ্নীষোম
দেবতার উদ্দেশে আহুত ঘৃত, জগতে
বলিয়া কল্পিত হয়। হবির নি
উৎপত্তি, ঐ শস্যের আবার বৃ
বৃষ্টি। বৃষ্টি আবার আহুত হবিঃ
হইতে নিঃসৃত হয়, এই নিমিত্ত
অগ্নীষোম দ্বারা ধৃত বলিয়া প্রসিদ্ধ।
সৌম্য অমৃত অগ্নি হইতে পৃথক্ থ
পর্য্যন্ত অগ্নি ঊর্দ্ধদিকে জ্বলিতে থা
সৌম্য অমৃত অগ্নির সহিত মিলি
উহা অধঃস্রাবী হয়। এইজন্যই
অধঃ হইতে ঊর্দ্ধদিকে জ্বলিত হয়
অবধি উহার ঊর্দ্ধগতি থাকে, ততক্ষ
উহা দহন করে। অধোগতি হইলে
জলপ্লাবন হয়। ১—১০। এই
কালাগ্নি আধারশক্তি দ্বারাই ধৃত
আবার সেই নিম্নগত আধারশক্তি
শিব-শক্তিকে আশ্রয় করিয়া রহিয়াছে
উপরে, শক্তি তাহার আধার;
শক্তির আধার শিব। অতএব এ
এমন কিছু নাই, যাহা শিব ও শ
ব্যাপ্ত নয়। যেহেতু এই জগৎ
বারম্বার দগ্ধ হইয়া ভস্মসাৎ হইয়া

মিদং প্রাহুস্তদ্বীর্য্যং ভস্ম যৎ ততঃ ॥ ১৩
ভস্মসাদ্ভাবং জ্ঞাত্বা স্নাতি চ ভস্মনা।
দিভির্মন্ত্রৈর্বদ্ধঃ পাশাদ্বিমুচ্যতে ॥ ১৪
স্তু তদ্ভস্ম সোমেনাপ্লাবিতং পুনঃ।
ন্যা প্রকৃতেরধিকারায় কল্পতে ॥ ১৫
য্যা তু তদ্ভস্ম প্লাব্যমানং সমন্ততঃ।
তবর্ষেণ চাধিকারান্নিবর্ত্তয়েৎ ॥ ১৬
াজয়ায়েদমমৃতপ্লাবনং সতাম্।
তস্পর্শে লব্ধ এব কুতো মৃতিঃ ॥ ১৭
হনং গুহ্যং প্লাবনঞ্চ যথোদিতম্।
পুটং হিত্বা ন স ভূয়োঽভিজায়তে ॥১৮
তনুং দগ্ধ্বা শক্তিসৌম্যামৃতেন যঃ।
গমার্গেণ সোঽমৃতত্বায় কল্পতে ॥ ১৯
দিকৃত্বা দেবেন সমুদাহৃতম্।
..স্বং বিশ্বং জগদিত্যনুরূপতঃ ॥ ২০

শৈবে মহাপুরাণে বায়বীয়সংহিতায়াং
র্বভাগে ঽগ্নীষোমবিবরণং নাম
চতুর্বিংশোঽধ্যায়ঃ ॥ ২৪ ॥

পঞ্চবিংশোঽধ্যায়ঃ।

বায়ুরুবাচ।

অথ বক্ষ্যামি জগতো বাগর্থাত্মকতা যথা।
ষড়ধ্ববেদনং সম্যক্ সমাসান্ন তু বিস্তরাৎ ॥ ১
নাস্তি কশ্চিদশব্দোঽর্থো নাপি শব্দো নিরর্থকঃ।
জায়তে হি সময়ে শব্দঃ সর্ব্বঃ সর্ব্বার্থবোধকঃ ॥ ২
প্রকৃতেঃ পরিণামোঽয়ং দ্বিধা শব্দার্থভাবিতঃ।
তামাহুঃ প্রকৃতিং ভূতিং শিবয়োঃ পরমাত্মনোঃ ॥৩
শব্দাত্মিকা ভূতির্যা সা ত্রিবিধা কথ্যতে বুধৈঃ।
স্থূলা সূক্ষ্মা পরা চেতি স্থূলা যা শ্রুতিগোচরা ॥৪
সূক্ষ্মা চিন্তাময়ী প্রোক্তা চিন্তয়া রহিতা পরা।

ত্মকে অগ্নির বীর্য্য বলিয়া নির্দ্দেশ
ছে। জগতের এইরূপ ভস্মসাৎ
হইয়া, ভস্ম মাখিয়া যে "অগ্নি"
পাঠ করিয়া স্নান করে, সেই ব্যক্তি
হইতে বিমুক্ত হয়। অগ্নির বীর্য্য
আবার সোম দ্বারা সর্ব্বতোভাবে
ইয়া, যোগরূপ সম্বন্ধ ব্যতীত,
সৃষ্টি-কার্য্যে প্রবর্ত্তিত করে। ঐ
সম্বন্ধে শাক্ত-অমৃত বর্ষণ দ্বারা
ইয়া, প্রকৃতিকে স্বীয় অধিকার
করে। এইজন্য মৃত্যু-জয় উদ্দেশ
ণ অমৃত দ্বারা অভিষিক্ত হন;
শক্তিরূপ অমৃতের স্পর্শ লাভ
আর কোথা হইতে আসিবে ?
মা কর্তৃক এই কথিত দহন-
অভিজ্ঞ হয়, সে অগ্নীষোমপুট
ম্মার কখন জন্ম গ্রহণ করে না।
প অগ্নি দ্বারা শরীর দগ্ধ করিয়া
র শক্তিরূপ অমৃত দ্বারা উহা

প্লাবিত করে, সে মোক্ষপদ লাভ করিতে সমর্থ হয়; এই অর্থ হৃদয়ে করিয়াই মহাদেব বিশ্ব অর্থাৎ জগৎকে অগ্নীষোমাত্মক বলিয়া নির্দ্দেশ করিয়াছেন। ১১—২০।

চতুর্ব্বিংশ অধ্যায় সমাপ্ত ॥ ২৪ ॥

পঞ্চবিংশ অধ্যায়।

বায়ু বলিলেন,—এই জগৎকে বাগর্থময় কেন বলে, এক্ষণে সেই বিষয় বলিব; বিস্তার পূর্ব্বক না হইলেও যাহার সংক্ষেপোক্তি দ্বারাই ছয় প্রকার পথের বোধ হইবে। এই জগতে এমন একটী অর্থ নাই, যাহার বাচক শব্দ নাই এবং এমন শব্দ নাই, যাহা দ্বারা কোন না কোন প্রকার অর্থের বোধ না হয়। সঙ্কেত অনুসারেই শব্দসমূহ সর্ব্বপ্রকার অর্থের বোধক হয়। শব্দ ও অর্থ এই দুই প্রকারেই প্রকৃতির পরিণাম নির্দ্মিত হইয়াছে। সেই প্রকৃতিকে পরমাত্মা শিব ও শিবার বিভূতি বলিয়া কীর্ত্তন করে। শব্দ-স্বরূপা বিভূতি, পণ্ডিতগণ কর্তৃক তিন প্রকার বলিয়া অভিহিত হয়; যথা,—স্থূলা, সূক্ষ্মা এবং পরা অর্থাৎ অভিন্না। তাহার মধ্যে যাহা কর্ণের গোচর হয়, তাহার নাম স্থূলা, চিন্তাময় শব্দের নাম সূক্ষ্মা এবং চিন্তাশূন্য শব্দের নাম [illegible]

যা পরা সা ক্রিয়াশক্তিঃ শিবতত্ত্বসমাশ্রয়া ॥ ৫
জ্ঞানশক্তিসমাযোগাদিচ্ছোপোদ্বলিতা তথা।
সর্ব্বশক্তিসমষ্ট্যাত্মা শক্তিতত্ত্বসমাখ্যয়া ॥ ৬
সমস্তকার্য্যজাতস্য মূলপ্রকৃতিতাং গতা।
সৈব কুণ্ডলিনী মায়া শুদ্ধাধ্বপরমা সতী ॥ ৭
সা বিভাগস্বরূপৈব ষড়ধ্বাত্মা বিজৃম্ভতে।
তত্র শব্দাস্ত্রয়োঽধ্বানস্ত্রয়শ্চার্থাঃ সমীরিতাঃ ॥ ৮
সর্ব্বেষামপি তে পুংসাং নৈজশুদ্ধ্যনুরূপতঃ।
লয়ভোগাধিকারায় পর্য্যাপ্তা ইতি নিশ্চয়ঃ ॥ ৯
মন্ত্রাধ্বা চ পদাধ্বা চ বর্ণাধ্বা চেতি শব্দতঃ।
ভুবনাধ্বা চ তত্ত্বাধ্বা কালাধ্বা চার্থতঃ ক্রমাৎ ॥
তত্রান্যোঽন্যস্য সর্ব্বেষাং ব্যাপ্যব্যাপকতোচ্যতে।
মন্ত্রাঃ সর্ব্বে পদৈর্ব্যাপ্তা বাক্যভাবাৎ পদানি চ ॥
বর্ণৈর্বর্ণসমূহং হি পদমাহুর্বিপশ্চিতঃ।

বর্ণাস্তু ভুবনৈর্ব্যাপ্তাস্তেষাং তেষূপলম্ভনাৎ
ভুবনান্যপি তত্ত্বৌঘৈরণ্ডস্যান্তর্বহিঃ ক্রমাৎ
ব্যাপ্তানি কারণৈস্তৈস্তৈরারব্ধত্বাদনেকশঃ ॥
অন্তরণ্ডস্থিতানীহ ভুবনানি তু কানিচিৎ।
পৌরাণিকানি চান্যানি বিজ্ঞেয়ানি শিবাগমে
সাংখ্যযোগপ্রসিদ্ধানি তত্ত্বান্যপি চ কানিচি
শিবশাস্ত্রপ্রসিদ্ধানি ততোঽন্যান্যপি কৃৎস্নশ
কলাভিস্তানি তত্ত্বানি ব্যাপ্তান্যেব যথাতথম্
পরস্যাঃ প্রকৃতেরাদৌ পঞ্চধা পরিণামতঃ।
কলাশ্চ তা নিবৃত্ত্যাদ্যা ব্যাপ্তাঃ পঞ্চ যথো
ব্যাপিকাতঃ পরা শক্তিরবিভক্তা ষড়ধ্বনা
পরপ্রকৃতিভাবস্য তৎসত্ত্বাচ্ছিবতত্ত্বতঃ।
শক্ত্যাদি চ পৃথিব্যন্তং শিবতত্ত্বসমুদ্ভবম্ ॥
ব্যাপ্তমেকেন তেনৈব মৃদা কুম্ভাদিকং যথা

পরই শিবতত্ত্বাশ্রিত ক্রিয়া-শক্তিরূপা। জ্ঞান-শক্তির সংযোগে এবং ঈশ্বরেচ্ছা সহকারে পূর্ব্বোক্ত শক্তি সকল একত্র হইয়া, শক্তিতত্ত্ব নামে খ্যাত হয়। ঐ শক্তিতত্ত্বই সমুদয় কার্য্যের মূল-প্রকৃতির স্বরূপ প্রাপ্ত হইয়াছেন. তিনিই সাধ্বী, কুণ্ডলিনী, মায়া, বিশুদ্ধ-কর্ম্মমার্গ-স্বরূপা। তিনিই বিভক্তি-রূপা হইয়া ছয় প্রকার অধ্বরূপে বৃদ্ধি প্রাপ্ত হন। তাহার মধ্যে শব্দ তিন প্রকার অধ্বরূপে এবং অর্থ তিন প্রকার অধ্বরূপে কীর্ত্তিত হইয়াছে। ঐ ছয় প্রকার অধ্ব যে, সকল পুরুষেরই চিত্ত-শুদ্ধি অনুসারে লয় (মুক্তি) এবং ভোগের অধিকারের নিমিত্ত সমর্থ, এ বিষয়ে কোন সন্দেহ নাই। মন্ত্রাধ্ব, পদাধ্ব এবং বর্ণাধ্ব এই তিনটী শব্দাধ্বের অন্তর্গত; ভুবনাধ্ব অর্থাৎ চতুর্দ্দশ ভুবন, তত্ত্বাধ্ব অর্থাৎ মহৎ প্রভৃতি এবং কালাধ্ব অর্থাৎ বক্ষ্যমাণ নিবৃত্ত্যাদি পঞ্চ—এই তিন প্রকার অধ্ব অর্থা-ধ্বের অন্তর্গত। এই ছয় প্রকার অধ্বেরই পরস্পর ব্যাপ্য-ব্যাপকতা আছে। মন্ত্র সকল বাক্য-স্বরূপ, সুতরাং পদ দ্বারা ব্যাপ্ত (কারণ পদ-সমূহের নামই বাক্য)। পদ সমূহের বর্ণ দ্বারা ব্যাপ্ত; কারণ, পণ্ডিতেরা বর্ণসমূহকে পদ

বলিয়া নির্দ্দেশ করিয়াছেন। বর্ণ সকল চতুর্দ্দশ ভুবন দ্বারা ব্যাপ্ত, কারণ, ভুবন বর্ণদিগের জ্ঞান হইয়া থাকে। ১—১২ সকল আবার ব্রহ্মাণ্ডের অন্তরে ও মহদাদি তত্ত্বসমূহ দ্বারা ব্যাপ্ত; যেহে রূপ কারণ-সমূহ দ্বারা অনেক প্রকার আরব্ধ হইয়াছে। ব্রহ্মাণ্ডের অন্তর্গত গুলি মাত্র ভুবন পুরাণে উক্ত হইয়াছে শিবাগমে আরও অনেকগুলি ভুবন হইয়াছে। সাংখ্য এবং যোগশাস্ত্রে মাত্র মহদাদি তত্ত্বের নাম উল্লিখিত শিবশাস্ত্রে আরও অনেক তত্ত্ব বিস্তৃতরূ হইয়াছে। ঐ সকল তত্ত্ব আবার যোগিনী কলা দ্বারা ব্যাপ্ত; কারণ, প্র মূল-প্রকৃতির পাঁচ প্রকার পরিণাম হ ঐ পাঁচ প্রকার পরিণাম নিবৃত্তি-আদি নামে প্রসিদ্ধ; উহারাও ব্যাপ্ত এবং অধ্বে অবিভক্ত, পরাশক্তিই উহাদের পরা প্রকৃতি শিবতত্ত্ব-স্বরূপে প্রকার অধ্বে (মার্গে) অবস্থান শক্তি হইতে পৃথিবী পর্য্যন্ত সমুদয়ই হইতে সমুদ্ভূত হয়। কুম্ভ-প্রভৃতি মৃন্ময় বস্তুর ব্যাপিকা যেরূপ মৃত্তিকা

; পরমং ধাম যৎ প্রাপ্যং ষড়ধ্বিরধ্বভিঃ
ব্যাপিকা শক্তিঃ পঞ্চতত্ত্ববিশোধনাৎ।
দ্রপর্য্যন্তা স্থিতিরগুস্ত শোধ্যতে ॥ ২০
তদূর্দ্ধন্তু যাবদব্যক্তগোচরম্।
দ্যয়া মধ্যে যাবদ্বিদ্যেশ্বরাবধি ॥ ২১
দর্দ্ধমধ্বান্তে বিশুদ্ধিঃ শান্ত্যতীতয়া।
রমং ব্যোম পরপ্রকৃতিযোগতঃ ॥ ২২
ঞ্চ তত্ত্বানি যৈর্ব্যাপ্তমখিলং জগৎ।
মেবেদং দ্রষ্টব্যং খলু সাধকৈঃ ॥ ২৩
মবিজ্ঞায় শুদ্ধিং যঃ কর্তুমিচ্ছতি।
কঃ শুদ্ধের্নালং প্রাপয়িতুং ফলম্ ॥২৪
ময়স্তস্য নিরয়াযৈব কেবলম্।
সমযোগাদৃতে তত্ত্বানি তত্ত্বতঃ ॥ ২৫
দ্বিশুদ্ধিশ্চ জ্ঞাতুমেব ন শক্যতে।

শক্তিরাজ্ঞা পরা শৈবী চিদ্রূপা পরমেশ্বরী ॥ ২৬
শিবোঽধিতিষ্ঠত্যখিলং যয়া করণভূতয়া।
নাত্মনো নৈব মায়ৈষা ন বিকারো বিচারতঃ ॥ ২৭
ন বন্ধো নাপি মুক্তিশ্চ বন্ধমুক্তিবিধায়িনী।
সর্বৈশ্বর্য্যপরা কাষ্ঠা শিবস্যাব্যভিচারিণী ॥ ২৮
সমানধর্ম্মিণী তস্য তৈস্তৈর্ভাবৈর্বিশেষতঃ।
স তয়ৈব গৃহী সাপি তেনৈব গৃহিণী সদা ॥ ২৯
তয়োরপত্যং যৎ কার্য্যং পর-প্রকৃতিজং জগৎ।
স কর্ত্তা করণং সেতি তয়োর্ভেদো ব্যবস্থিতঃ ॥৩০
এক এব শিবঃ সাক্ষাদ্দ্বিধাসৌ সমবস্থিতঃ।
স্ত্রীপুংসভাবেন তয়োর্ভেদ ইত্যপি কেচন ॥ ৩১
অপরে তু পরা শক্তিঃ শিবস্য সমবায়িনী।
প্রভেব ভানোশ্চিদ্রূপা ভিন্নৈবেতি ব্যবস্থিতিঃ ॥৩২

...ত্ত্বই ঐ সমুদয়ের ব্যাপক। উক্ত ...ধ্ব দ্বারা একমাত্র সেই পরম শিব... করা যায়। সর্ব্বব্যাপিকা শক্তি, ...র শোধন হেতুক সেই শিবধামের ...। নিবৃত্তি দ্বারা রুদ্র পর্য্যন্ত ব্রহ্মা... ...ন হয়। প্রতিষ্ঠা দ্বারা তাহার পর ...ক্ত পর্য্যন্তের শোধন হয়। বিদ্যা ...র পর হইতে মধ্যে বিদ্যেশ্বর পর্য্য... হয়। শান্তি দ্বারা তাহার পরের ...র এবং শান্ত্যতীত দ্বারা অধ্বান্ত... ...দ্ধি হয়। এই শান্ত্যতীতা, পর... ...যোগে পরম ব্যোম নামে অভি... এই নিবৃত্তিপ্রভৃতি পঞ্চকলা (তত্ত্ব) ...র জগৎ ব্যাপ্ত রহিয়াছে, অতএব ...ক্ত পঞ্চকলার মধ্যে সমুদয় জগতের ...া থাকেন। ১৩—২৩। যে ব্যক্তি ...ধ্বব্যাপ্তি না জানিয়া শুদ্ধি করিতে ...সে বঞ্চক শুদ্ধির ফল উৎপাদন ...র্থ হয় না। তাহার সেই বৃথা... ...ফল নরকভোগের কারণ হয়। ... সম্পর্ক ব্যতীত তত্ত্ব সকল, ...দ্ধি এবং তাহার বিশুদ্ধি প্রকৃতরূপে

জানা যায় না; ঐ শক্তি শিবের পরা-আজ্ঞারূপা এবং চিৎস্বরূপা পরমেশ্বরী। ঐ কারণভূতা শক্তি দ্বারা শিব অখিল জগতের উপর অধিষ্ঠান করিতেছেন। বাস্তবিক বিচার করিয়া দেখিলে ঐ শক্তি, আত্মার মিথ্যা মায়াও নহে, বিকারও নহে। ইহার বন্ধন বা মুক্তি নাই; ইনি স্বয়ং বন্ধ ও মুক্তির বিধায়িনী সর্ব্বেশ্বরী, সকলের পরাকাষ্ঠা এবং শিবের সহিত নিত্যসম্বদ্ধা। বিশেষরূপে শিবের গুণসমূহের সম্পর্ক থাকায় ইনিও শিবের সমানধর্ম্মিণী। ইঁহাকে লইয়াই শিব গৃহী এবং শিবকে লইয়া ইনিও গৃহিণী। এই পর-প্রকৃতি জন্য কার্য্যরূপ জগৎ সেই শিব ও শক্তির অপত্য। শিব—কর্ত্তা, শক্তি—করণ, এই মাত্র শিব ও শক্তির মধ্যে প্রভেদ। কেহ কেহ বলেন, এক শিবই স্ত্রী এবং পুরুষ এই দুই প্রকারে অবস্থান করেন, এই মাত্র তাঁহাদের মধ্যে প্রভেদ। অপর পণ্ডিতেরা বলেন, সূর্য্য এবং তাঁহার প্রভা যেমন পরস্পর বস্তুতঃ ভিন্ন হইলেও, প্রভা সূর্য্যে সমবায়-সম্বন্ধে স্থিত হওয়ায় সূর্য্য হইতে কখন পৃথক্‌ভাবে অবস্থান করে না, সেইরূপ সেই চিৎস্বরূপা পরা-শক্তিও শিবে সমবায়-সম্বন্ধে অবস্থিত হওয়ায়, তাঁহা হইতে ভিন্না হইয়াও [illegible]

তস্মাচ্ছিবঃ পরো হেতুস্তস্যাজ্ঞা পরমেশ্বরী।
তয়ৈব প্রেরিতা শৈবী মূলপ্রকৃতিরব্যয়া ॥ ৩৩
মহামায়া চ মায়া চ প্রকৃতিস্ত্রিগুণেতি চ।
ত্রিবিধা কার্য্যভেদেন সা প্রসূতে ষড়ধ্বনঃ ॥ ৩৪
স বাগর্থময়শ্চাধ্বা ষড়বিধো নিখিলং জগৎ।
অস্যৈব বিস্তরং প্রাহ শাস্ত্রজাতমশেষতঃ ॥ ৩৫

ইতি শ্রীশৈবে মহাপুরাণে বায়বীয়সংহিতায়াং
পূর্ব্বভাগে ষড়ধ্বকথনং নাম পঞ্চ-
বিংশোঽধ্যায়ঃ ॥ ২৫ ॥

ষড়্বিংশোঽধ্যায়ঃ।

ঋষয় উচুঃ।
চরিত্রাণি বিচিত্রাণি গুহ্যানি গহনানি চ।
দুর্ব্বিজ্ঞেয়ানি দেবস্য মোহয়ন্তি মনাংসি নঃ ॥ ১
শিবয়োস্তত্ত্বসম্বোধে ন দোষ উপলভ্যতে।
চরিতৈঃ প্রাকৃতো ভাবস্তয়োরপি বিভাব্যতে ॥ ২

করেন না। এই নিমিত্ত শিবই জগতের প্রধান কারণ, পরমেশ্বরী শক্তি শিবের আজ্ঞা-স্বরূপা। সেই শক্তি দ্বারাই ত্রিগুণাত্মিকা অব্যয়া শৈবী মূল-প্রকৃতি জগৎ-কার্য্যের নিমিত্ত চালিত হন। কার্য্যভেদে ঐ শক্তি মহামায়া, মায়া এবং ত্রিগুণা প্রকৃতি এই তিন প্রকারে পরিণত হইয়া পূর্ব্বোক্ত ছয় প্রকার মার্গ প্রসব করেন। সেই বাগর্থময় ষড়্বিধ অধ্বই এই সমুদয় জগৎরূপে পরিণত। শাস্ত্র-সমূহ অশেষ প্রকারে ইহারই বিস্তার কীর্ত্তন করিয়াছেন। ২৪—৩৫।

পঞ্চবিংশ অধ্যায় সমাপ্ত ॥ ২৫ ॥

ষড়্বিংশ অধ্যায়।

ঋষিগণ বলিলেন,—মহাদেবের বিচিত্র, গুহ্য, গহন এবং দুর্ব্বিজ্ঞেয় চরিত্র সকল আমাদের মন মোহিত করিতেছে। সেই শিব ও শক্তির [illegible]

ব্রহ্মাদয়োঽপি লোকানাং সৃষ্টিস্থিত্যন্তহে
নিগ্রহানুগ্রহৌ প্রাপ্য শিবস্য বশবর্ত্তিনঃ
শিবঃ পুনর্ন কস্যাপি নিগ্রহানুগ্রহাস্পদম্
অতোঽনতিশয়ৈশ্বর্য্যং তস্যৈবেতি বিনি
যচ্চেদমীদৃগৈশ্বর্য্যং তৎ তু স্বাতন্ত্র্যলক্ষণ
স্বভাবসিদ্ধঞ্চৈতস্য মূর্ত্তিমত্তাস্পদং ভবেৎ
ন মূর্ত্তিশ্চ স্বতন্ত্রস্য ঘটতে মূলহেতুনা।
মূর্ত্তেরপি চ কার্য্যত্বাৎ তৎসিদ্ধিঃ স্যাদৃ
সর্ব্বত্র পরমো ভাবো ভাবো নান্যশ্চ কথ
পরমাপরমৌ ভাবৌ কথমেকত্র সঙ্গতৌ
নিষ্কলো হি স্বভাবোঽস্য পরমঃ পরমাত্ম
স এব সকলঃ কস্মাৎ স্বভাবো হ্যবিপর্য্য
স্বভাবোঽপি বিপর্য্যস্তেৎ স্বতন্ত্রস্যেচ্ছয়া
ন করোতি কিমীশানো নিত্যানিত্যবিপর্য্

কারণ, তাঁহাদেরও কার্য্য দ্বারা অনেক ভাব জ্ঞাত হওয়া যায়। দেখুন, এই সৃষ্টি স্থিতি ও নাশের কারণ ব্রহ্মা শিবের নিগ্রহ এবং অনুগ্রহের বশব শিব কাহারও নিগ্রহ বা অনুগ্রহের পাত্র অতএব শিবের ঐশ্বর্য্য সকলের অধিক, ইহাতে কোন সংশয় নাই প্রকার ঐশ্বর্য্যই স্বাতন্ত্র্য, উহা শিবের সিদ্ধ; তবে কিরূপে শরীরযুক্ত হয় স্বতন্ত্র অর্থাৎ মূল কারণ, তাহার শরীর ঘটিতে পারে? কেননা, মূর্ত্তি যখন তখন কারণ ব্যতীত তাহার সিদ্ধিই বা হইতে পারে? আরও দেখুন, সর্ব্ব দেবের নির্গুণ স্বরূপই কথিত হইয় ভাবের কথন হয় নাই। কিন্তু ভিন্ন অন্যরূপ হইতে পারে না। নির্গুণ ও সগুণ ভাবের একত্র অবস্থা সঙ্গত হয়? পরমাত্মা মহাদেবের প নির্গুণ, সেই স্বভাব আবার কিরূ হইতে পারে? কারণ, স্বভাবের ত নাই। যদি বল, সেই স্বতন্ত্র মহাদে [illegible] স্বভাবও পরিবর্ত্তিত হইতে প সেই পরমেশ্বর মহাদেব [illegible]

সকলঃ কশ্চিৎ স চান্যো নিষ্কলাচ্ছিবা।
ধিষ্ঠিতশ্চেতি সর্ব্বত্র খলু কথ্যতে ॥ ১০
ব তদা মূর্ত্তিঃ শিবস্যাস্ত ভবেদিতি।
ত্তো মূর্ত্তিমতঃ পারতন্ত্র্যং হি নিশ্চিতম্ ॥
নিরপেক্ষেণ মূর্ত্তিঃ স্বীক্রিয়তে কথম্।
করণং তস্মান্মূর্ত্তিসাধ্যফলেপ্সয়া ॥ ১২
চ্ছাশরীরত্বং স্বাতন্ত্র্যায়োপপদ্যতে।
তাদৃশী পুংসাং যস্মাৎ কর্ম্মানুসারিণী ॥১৩
স্বেচ্ছয়া দেহং হাতুঞ্চ প্রভবন্ত্যত।
পিশাচান্তা কিং তে কর্ম্মাতিবর্ত্তিনঃ ॥১৪
হনির্ম্মাণমিন্দ্রজালোপমং বিদুঃ।
শ্বর্য্যবশীকারানতিক্রমাৎ ॥ ১৫
দধদ্বিষ্ণুর্দধীচেন মহর্ষিণা।
পালকস্তু দ্রূপং দধতা স্বয়ম্ ॥ ১৬

সর্ব্বস্মাদধিকস্যাপি শিবস্য পরমাত্মনঃ।
শরীরবর্ত্তয়ান্যাত্মসাধর্ম্ম্যং প্রতিভাতি নঃ ॥ ১৭
সর্ব্বানুগ্রাহকং প্রাহুঃ শিবং পরমকারণম্।
স নিগৃহ্ণাতি দেবাদীন্ সর্ব্বানুগ্রাহকঃ কথম্ ॥১৮
বিভেদ বহুশো দেবো ব্রহ্মণঃ পঞ্চমং শিরঃ।
বিষ্ণোরপি নৃসিংহস্য রভসা শরভাকৃতিঃ ॥ ১৯
বিভেদ পদ্ভ্যামাক্রম্য হৃদযং নখরৈঃ খরৈঃ।
দেবস্ত্রীষু চ দেবেষু দক্ষস্যাধ্বরকারণাৎ ॥ ২০
বীরভদ্রেণ বীরেণ ন হি কশ্চিদদণ্ডিতঃ।
পুরত্রয়ঞ্চ সস্ত্রীকং সদৈত্যং সহ বালকৈঃ ॥ ২১
ক্ষণেনৈকেন দেবেন নেত্রাগ্নেরিন্ধনীকৃতম্।
প্রজানাং রতিহেতুশ্চ কামো রতিপতিঃ স্বয়ম্ ॥২২
ক্রোশতামেব দেবানাং হুতো নেত্রহুতাশনে।
গাবশ্চ কাশ্চিদুদ্গ্লৌষং স্রবন্ত্যো মূর্দ্ধ্নি খেচরাঃ ॥

নিত্য এবং অনিত্যকে নিত্য করেন যদি বল, নির্গুণ শিব হইতে সগুণ একটী ভিন্ন পুরুষ, কিন্তু শিব তাঁহার ইহাই নিখিল বেদাদিতে কথিত তাহা হইলে সেই মূর্ত্তিমানই র্ত্তি স্বরূপ হইলেন। যে-কোনরূপ সেই মূর্ত্তিমানের পরতন্ত্রতা অবশ্যই মূর্ত্তিমানের পরতন্ত্রতা স্বীকার না মূর্ত্তি-স্বীকারের আবশ্যকতা নাই। র্ত্তি দ্বারা বিশেষ ফল-সাধনের অভি- ত্তি স্বীকৃত হইয়া থাকে। ইচ্ছানু- রীর-ধারণ স্বীকারে স্বতন্ত্রতার হানি কথাও বলিতে পার না; কারণ, তাদৃশী ইচ্ছাই যে কর্ম্মের (ইহা অবশ্য মানিতে হইবে)। হইতে পিশাচ পর্য্যন্ত সকলেই বিশেষ দেহ গ্রহণ এবং পরিত্যাগ র, তবে তাহারাও কি কর্ম্মের ? পণ্ডিতেরা ইচ্ছাক্রমে দেহ ন্দ্রজালের তুল্য বলিয়াছেন; কারণ, র্য্য দ্বারা বশীকরণ ব্যতীত ইচ্ছা- গ্রহণ সম্ভবপর নহে। দেখুন, বিষ্ণু, যুদ্ধে মহর্ষি দধীচি কর্ত্তৃক বঞ্চিত হন, কারণ, দধীচও নিজে তাঁহার স্বরূপ ধারণ করিয়াছিলেন। অতএব পরমাত্মা শিব, সকলের শ্রেষ্ঠ হইলেও শরীরধারণ হেতুক আমরা তাঁহার অপরের সহিত সমতাই বুঝি- তেছি। ১—১৭। আরও দেখুন, পরম কারণ শিবকে সকলের অনুগ্রাহক বলিয়া নির্দ্দেশ করা হইয়াছে, কিন্তু তিনি আবার দেবদিগকে নিগৃহীত করিলেন; তবে তিনি সর্ব্বানুগ্রাহক কিরূপে হইতে পারেন? তিনি অনেকবার অর্থাৎ ভিন্ন-কল্পে ব্রহ্মার পঞ্চম শির ছিন্ন করিয়াছেন এবং শরভরূপ ধারণ করিয়া পদ- যুগল দ্বারা আক্রমণপূর্ব্বক তীক্ষ্ণ নখ দ্বারা নৃসিংহরূপী বিষ্ণুরও হৃদয় ছিন্ন ভিন্ন করিয়া- ছেন। দক্ষযজ্ঞের নিমিত্ত বীরভদ্র দ্বারা দেব ও দেবীগণের মধ্যে সকলকেই দণ্ড দিয়াছেন এবং তিনি স্বয়ং স্বীয় নেত্রানল দ্বারা ক্ষণ- কালের মধ্যে অসংখ্য দৈত্য এবং তাহাদের স্ত্রী ও বালকগণের সহিত ত্রিপুর ভস্মসাৎ করিয়াছেন। দেবগণ উচ্চৈঃস্বরে বিলাপ করিতে থাকিলেও সেই মহাদেব, প্রজাদিগের রতিহেতু স্বয়ং রতিপতি কন্দর্পকে স্বীয় নেত্রাগ্নিতে আহুতিরূপে দান করিয়াছেন। [illegible] [illegible]

সরুষা প্রেক্ষ্য দেবেন তৎক্ষণাদ্ভস্মসাৎকৃতাঃ।
জলন্ধরাসুরোদীর্ণ চক্রীকৃত্য জলং পদা॥ ২৪
বদ্ধানন্তেন যো বিষ্ণুং চিক্ষেপ শতযোজনম্।
তমেব জলসম্ভাষী শূলেনৈব জঘান সঃ॥ ২৫
তচ্চক্রং তপসা লব্ধা লব্ধবীর্য্যো হরিঃ সদা।
জিঘাংসতে সুরারীণাং কুলং নিঘৃণচেতসাম্॥২৬
ত্রিশূলেনান্ধকস্যোরঃ শিখিনেবোপতাপিতম্।
কণ্ঠাং কালাঙ্গনাং সৃষ্ট্বা দারুকোঽপি নিপাতিতঃ
কৌশিকীং জনয়িত্বা তু গৌর্য্যাস্তুঃকোশগোচরাম্।
শুম্ভঃ সহ নিশুম্ভেন প্রাপিতো মরণং রণে॥ ২৮
শ্রুতঞ্চ মহদাখ্যানং স্কান্দে স্কন্দসমাশ্রয়ম্।
বধার্থে তারকাখ্যস্য দৈত্যেন্দ্রস্য প্রবিধিষঃ॥ ২৯
ব্রহ্মণাভ্যর্থিতো দেবো মন্দরান্তঃপুরং গতঃ।
বিহৃত্য সুচিরং দেব্যা বিহারাতিপ্রসঙ্গতঃ॥ ৩০
রসাং রসাতলং নীতামিব কম্পাভিঘাততঃ।

দেবীঞ্চ বঞ্চয়ংস্তস্যাং স্ববীর্য্যমতিদুর্দ্ধ
অবিসৃজ্য বিসৃজ্যাগ্নৌ হবিঃপূতমিবাম্
গঙ্গাদিষ্বপি নিক্ষিপ্য বহ্নিদ্বারা তদংশ
তং সমাহৃত্য শনকৈঃ স্তোকং স্তোক
স্বাহয়া কৃত্তিকারূপাং স্বভর্ত্রা রমমাণয়
সুবর্ণোভূতয়া গুপ্তং মেরৌ শরবণে কা
সন্দীপয়িত্বা কালেন তস্য ভাসা দিশো
রঞ্জয়িত্বা গিরীন্ সর্ব্বান্ কাঞ্চনীকৃত্য
ততশ্চিরেণ কালেন সঞ্জাতে তত্র তেজ
কুমারে সুকুমারাঙ্গে কুমারাণাং নিদর্শনে
তচ্ছৈশবং স্বরূপঞ্চ তস্য দৃষ্ট্বা মনোহর
সহ দেবাসুরৈর্লোকৈর্বিস্মিতে চ বিযো
দেবোঽপি স্বয়মায়াতঃ পুত্রদর্শনলালসঃ
সহ দেব্যাঙ্কমারোপ্য তং তস্য স্মেরমান
পীত্বামৃতমিব স্নেহবিবশেনান্তরাত্মনা

মস্তকে দুগ্ধ ক্ষরণ করায়, মহাদেব ক্রোধ দৃষ্টিতে তাহাদের প্রতি দৃষ্টিক্ষেপ করিবামাত্র তাহারা একেবারে ভস্মীভূত হইয়াছিল। তিনি জলন্ধরাসুরের প্রার্থনায় পাদ দ্বারা জলকে চক্রাকার করিয়া, অনন্তনাগ দ্বারা বিষ্ণুকে বাঁধিয়া শত যোজন দূরে নিক্ষেপ করিয়াছিলেন। আবার সেই জলসম্ভাষী মহাদেবই উক্ত জলন্ধর অসুরকে শূল দ্বারা নিহত করিয়াছেন। বিষ্ণু তপস্যা দ্বারা তদীয় চক্র লাভ করিয়া বীর্য্যবান্ হইয়া, অতি নির্দ্দয়চিত্ত অসুরদিগের কুল সর্ব্বদা নষ্ট করিতেছেন। মহাদেব অগ্নিসদৃশ ত্রিশূল দ্বারা অন্ধকাসুরের বক্ষঃস্থল দগ্ধ করিয়াছেন এবং কণ্ঠ হইতে একটী কৃষ্ণবর্ণ স্ত্রীর সৃষ্টি করিয়া, দারুককে নিপাতিত করিয়াছেন। তিনি গৌরীর শরীর-কোশ হইতে কৌশিকীকে জন্মাইয়া, যুদ্ধে শুম্ভ ও নিশুম্ভকে মৃত্যুমুখে অর্পণ করিয়াছেন। স্কন্দপুরাণে স্কন্দাশ্রিত এই মহৎ আখ্যান শুনা গিয়াছে,—ইন্দ্রশত্রু দৈত্যেন্দ্র তারকের বধের নিমিত্ত ব্রহ্মা কর্তৃক প্রার্থিত হইয়া মহাদেব মন্দরপর্ব্বতস্থিত অন্তঃপুরে গমনপূর্ব্বক দেবীর সহিত এইরূপে বিহার করেন যে, [illegible] পৃথিবী যেন [illegible]

গমনোদ্যত হইল। পরে দেবীকে
করিয়া তাঁহার গর্ভে আপনার অতি দু
পাত না করিয়া, পবিত্র ঘৃতের মত উহ
নিক্ষেপ করেন এবং অগ্নি দ্বারা অং
গঙ্গাদিতেও নিক্ষেপ করেন। স্বাহ
কৃত্তিকারূপে আপনার ভর্ত্তা অগ্নির স
করিতে করিতে চতুর্দ্দিকে অল্প অ
সেই বীর্য্য ধীরে ধীরে একত্র করিয়
পর্ব্বতস্থিত কোন শরবণে নিক্ষেপ
কালবশে তাহার প্রভায় দশদিক্
হইয়াছিল এবং সুমেরুর সহিত অপর
সকলও সুবর্ণীভূত হইয়াছিল।
অনন্তর বহুকালের পর সেই তে
কুমারদিগের উপমাস্থল সুকুমা
(কার্ত্তিকেয়) জন্মগ্রহণ করিলেন
সেই মনোহর শৈশব-রূপ দেখিয়া
সহিত সমুদয় লোক বিস্মিত এবং
হইলে, মহাদেব স্বয়ং পুত্রদর্শ
হইয়া সেই স্থানে গমন
কুমারকে অঙ্কে স্থাপনপূর্ব্বক ত
স্মের আনন (ঈষৎ হাস্যযুক্ত
[illegible] পান করিয়া মহাদেবীর

চ পশ্যৎসু বীতরাগেষ্টপস্বিষু।
স্থলে রঙ্গে নর্ত্তয়িত্বা কুমারম্ ॥ ৩৯
তৎক্রীড়াং সম্ভাষ্য চ পরস্পরম্।
াপয়দ্দেব্যাঃ পায়য়িত্বামৃতোপমম্ ॥ ৪০
রো জগতাং হিতায়েত্যনুশাস্য চ।
হ দেবী চ ন তৃপ্তিমুপজগ্মতুঃ ॥ ৪১
ক্রুশ সঙ্ঘায় বিভ্যতো তারকাসুরাৎ।
ভিষেকঞ্চ সেনাপত্যে দিবৌকসাম্ ॥ ৪২
তঃ কৃত্বা দেবেন ত্রিপুরদ্বিষা।
তেনৈব স্কন্দমিন্দ্রাভিরক্ষিতম্ ॥ ৪৩
ক্রৌঞ্চভেদিন্যা যুধি কালাগ্নিকল্পয়া।
গরকস্যাপি শিরঃ শক্রভিয়া সহ ॥ ৪৪
হধিপঃ সাক্ষাদ্রাবণো বলগর্ব্বিতঃ।
ভুজৈর্দীর্ঘৈঃ কৈলাসং গিরিমাত্মনঃ ॥ ৪৫
হমানস্য দেবদেবস্য শূলিনঃ।
াস্পন্দমানমঙ্ঘ্র মুদিতো ভুবি ॥ ৪৬

বটোঃ কস্যচিদর্থেন স্বাশ্রিতস্য গতায়ুষঃ।
ত্বরয়াগত্য দেবেন পাদান্তং গমিতোহন্তকঃ ॥ ৪৭
স্ববাহনমবিজ্ঞায় বৃষেন্দ্রং বড়বানলঃ।
সগলগ্রহমানীতস্তস্যেকোদকং জগৎ ॥ ৪৮
অলোকবিদিতৈস্তৈস্তৈর্নৃত্যৈরানন্দসুন্দরৈঃ।
অঙ্গহারবশেনেদমসকৃচ্চলিতং জগৎ ॥ ৪৯
শান্ত এব সদা সর্ব্বমনুগৃহ্লাতি চেচ্ছিবঃ।
সর্ব্বান্ যুগপদেবৈষ কথং শক্তো ন মোচয়েৎ ॥ ৫০
অনাদিকর্ম্মবৈচিত্র্যমপি নাত্র নিয়ামকম্।
কারণং খলু কর্ম্মাপি ভবেদীশ্বরকারিতম্ ॥ ৫১
কিমত্র বহুনোক্তেন নাস্তিক্যং হেতুকারিতম্।
যথাস্মাসু নিবর্ত্তেত তথা কথয় মারুত ॥ ৫২

ইতি শ্রীশৈবে মহাপুরাণে বায়বীয়সংহিতায়াং
পূর্ব্বভাগে কার্ত্তিকেয়জন্মকথনং নাম
ষড়্বিংশোহধ্যায়ঃ ॥ ২৬ ॥

রাত্মা স্নেহে বিবশ হইয়াছিল।
ও বীতরাগ তপস্বিগণের সম্মুখে
ক নানা রঙ্গে বক্ষঃস্থলে নাচাইয়া
ক্রীড়া দেখিয়া পরস্পর তাঁহার
রত দেবীকে স্তন্যপান করাইতে
ং দেবীর অমৃতোপম স্তন্যপান
কুমারকে "তুমি জগতের হিতের
হইয়াছ" এই কথা বলিয়াছিলেন।
বী তাঁহাকে বারংবার দেখিয়াও
রিতে পারেন নাই। তাহার
হইতে ভীত ইন্দ্রের সহিত
তাঁহাকে দেবগণের সৈনাপত্যে
ন। পরে ইন্দ্র কর্তৃক পালিত
রমাত্র করিয়া ত্রিপুরারি মহাদেব
ভাবে, সেই পুত্রের কালাগ্নি-
দ্বারা ক্রৌঞ্চপর্ব্বতের ভেদ
কাসুরের মস্তক ছেদন করিয়া
করিয়াছিলেন। আবার দেখুন,
াধিপ রাবণ আপনার বাহুসমূহ
পর্ব্বতকে উঠাইলে, মহাদেব
, না করিয়া পাদাঙ্গুষ্ঠ দ্বারা

চাপিয়া সেই রাবণকে মর্দনপূর্ব্বক পৃথিবীতে প্রোথিত করিয়াছিলেন। নিজ আশ্রিত কোন ব্রাহ্মণ-বালক পঞ্চত্ব প্রাপ্ত হইলে তাহার নিমিত্ত মহাদেব ত্বরিত গমন করিয়া যমকে চরণ দ্বারা নিপীড়ন করেন। আপনার বাহন বৃষভেন্দ্রকে চিনিতে না পারিয়া বড়বানলকেই গলদেশে বন্ধনপূর্ব্বক আনয়ন করেন; তাহাতে সমুদয় জগৎ জলময় হইয়াছিল। অলৌকিক আনন্দপ্রদ নানাবিধ সুন্দর নৃত্য এবং অঙ্গ-বিক্ষেপ বশতঃ এই জগৎকে বারংবার চালিত করিয়াছিলেন। শিব যদি শান্ত হন এবং সর্ব্বদা সকলকে অনুগ্রহ করেন, তবে তিনি সমর্থ হইয়াও কেন এককালে সকলকে মুক্ত করেন না? অনাদি কর্ম্মের বৈচিত্র্যকে এ বিষয়ের নিয়ামক বলিতে পারি না; কারণ, কর্ম্ম ঈশ্বর-প্রেরিত হইয়াই কারণরূপ ধারণ করে। অধিক কি বলিব, কেবল যুক্তি অবলম্বন করিয়া চলিলে নাস্তিক্যই আসিয়া পড়ে। অতএব হে মারুত! যাহাতে আমাদের সেই নাস্তিক্য নিবৃত্তি পায়, এইরূপ ভাবে উপদেশ করুন। ৩৯—৫২।

ষড়্বিংশ অধ্যায় সমাপ্ত ॥ ২৬ ॥

সপ্তবিংশোঽধ্যায়ঃ।

বায়ুরুবাচ।

স্থানে সংশয়িতং বিপ্রা ভবদ্ভির্হেতুচোদিতৈঃ।
জিজ্ঞাসা হি ন নাস্তিক্যং সাধয়েৎ সাধুবুদ্ধিষু ॥১
প্রমাণমত্র বক্ষ্যামি সতাং মোহনিবর্ত্তকম্।
অসতান্ত্বন্যথাভাবঃ প্রসাদেন বিনা প্রভোঃ ॥ ২
শিবস্য পরিপূর্ণস্য পরানুগ্রহমন্তরা।
ন কিঞ্চিদপি কর্ত্তব্যমিতি সাধু বিনিশ্চিতম্ ॥ ৩
স্বভাব এব পর্য্যাপ্তঃ পরানুগ্রহকর্ম্মণি।
অন্যথা নিঃস্বভাবেন ন কিমপ্যনুগৃহ্যতে ॥ ৪
পরং সর্ব্বমনুগ্রাহ্যং পশু পাশাত্মকং জগৎ।
পরস্যানুগ্রহার্থস্তু পত্যুরাজ্ঞাসমন্বয়ঃ ॥ ৫
পতিরাজ্ঞাপকঃ সর্ব্বমনুগৃহ্ণাতি সর্ব্বদা।
তদর্থমর্থস্বীকারে পরতন্ত্রঃ কথং শিবঃ ॥ ৬
অনুগ্রাহ্যানপেক্ষোঽস্তি ন হি কশ্চিদনুগ্রহঃ।
অতঃ স্বাতন্ত্র্যশব্দার্থো নানপেক্ষত্বলক্ষণঃ ॥ ৭
যত্তৎ পুনরনুগ্রাহ্যং পরতন্ত্রং তদিষ্যতে।
অনুগ্রহাদৃতে তস্য ভুক্তিমুক্ত্যোরনন্বয়াৎ ॥
মূর্ত্ত্যাত্মানোঽপ্যনুগ্রাহ্যাঃ শিবাজ্ঞাননিবর্ত্তন
অজ্ঞানাধিষ্ঠিতং শম্ভোর্ন কিঞ্চিদিহ বিদ্যতে
যেনোপলভ্যতেঽস্মাভিঃ সকলেনাতিনিষ্কল
স মূর্ত্ত্যাত্মা শিবস্যৈব মূর্ত্তিরিত্যুপচর্য্যতে।
ন হ্যসৌ নিষ্কলঃ সাক্ষাচ্ছিবঃ পরমকারণম্
স্বাকারেণানুভাব্যেন কেনাপ্যনুপলক্ষিতঃ।
প্রমাণগম্যতামাত্রং তৎস্বভাবোপপাদকম্
ন তাবতাত্রাপেক্ষা ধীরূপলক্ষণমন্তরা ॥ ১
আত্মোপলক্ষণং সাক্ষান্মূর্ত্তিরেব হি কাচন
শিবস্য মূর্ত্তিমূর্ত্ত্যাত্মা যতস্তস্যোপলক্ষণম্
যথা কাষ্ঠাদ্যনারূঢ়ো ন বহ্নিরুপলভ্যতে
এবং শিবোঽপি মূর্ত্ত্যাত্মন্যনারূঢ় ইতি।

সপ্তবিংশ অধ্যায়।

বায়ু বলিলেন,—হে বিপ্রগণ! আপনারা হেতু অবলম্বন করিয়া যে সংশয় করিয়াছেন, তাহা অতি যুক্তিযুক্ত হইয়াছে; সাধু-বুদ্ধিতে জিজ্ঞাসামাত্রেই যে নাস্তিক্য হয়, তাহা নহে; এ বিষয়ে সাধুদিগের মোহনিবর্তক প্রমাণ বলিতেছি। সেই প্রভুর অনুগ্রহ না থাকায় অসৎ ব্যক্তিদিগের অন্যথা-ভাব হইতে পারে। সাধুগণ ইহা নিশ্চয় জানেন যে, সেই পরিপূর্ণ মহাদেবের পরানুগ্রহ ব্যতীত আপনার কিছুই কর্ত্তব্য নাই। তাঁহার পরিপূর্ণ-ভাবরূপ স্বভা-বই পরানুগ্রহ-কার্য্যে পর্য্যাপ্ত। স্বভাব-শূন্য [illegible]ক্তি কাহাকেও অনুগ্রহ করিতে পারে [illegible]। আপনা হইতে ভিন্ন এই সমুদয় পশু [illegible] পাশ অর্থাৎ জীব ও মায়াময় জগৎ [illegible]হার অনুগ্রাহ্য। অপরকে অনুগ্রহ করিবার [illegible]ই তিনি পতি অর্থাৎ ঈশ্বর হইয়াও আজ্ঞার [illegible]নুবর্ত্তন করেন। [illegible] পতি, [illegible]

পরানুগ্রহের জন্য শরীরধারণাদি স্বীক তাহার পরতন্ত্রতা কিরূপে হইল গ্রাহ্যকে পরিত্যাগ করিয়া কোনরূপ থাকিতে পারে না; এই জন্যই স্বত অর্থ—অপেক্ষাশূন্যতা। যাহা অনুগ্র তাহাকেই পরতন্ত্র বলে, অনুগ্রহ ব্যত বা মোক্ষ হয় না। মূর্ত্তিমান্ ব্যক্তির, বিষয়ে অজ্ঞানের নিবৃত্তি হইলে, পাত্র হয়, এই জগতে শম্ভুর অজ্ঞানে কোন বস্তুই নাই। যাদৃশ রূপ নির্গুণ পরমেশ্বর আমাদের জ্ঞানের সেই মূর্ত্তিমানই মহেশ্বরের মূর্ত্তি ব চারিত হয়। সেই পরম কারণ সাক্ষা মহাদেব আপনার সচ্চিদানন্দ স্বরূ জ্ঞানের বিষয় হন না। তাঁহার স্ব মননাদি প্রমাণ দ্বারা উপলভ্য প্রত্যক্ষবৎ দর্শন ব্যতীত কেবল। এই সংসারে কাহারও অপেক্ষানু যে কোনরূপ মূর্ত্তিই আত্মার সা লক্ষক। অতএব যে মূর্ত্তিম উপলক্ষক, তাহাই শিবের মূ [illegible] কাষ্ঠাদিতে আরূঢ় না হই [illegible] এইরূপ শিবও মূর্ত্তিমানে [illegible]

য়েত্যুক্তে জ্বলং কাষ্ঠাদৃতে স্বয়ম্।
তে তদ্বৎ পূজ্যো মূর্ত্ত্যাত্মনা শিবঃ ॥১৫
় পূজাদৌ মূর্ত্ত্যাত্মপরিকল্পনম্।
কৃতং সাক্ষাচ্ছিব এব কৃতং যতঃ ॥১৬
পি তৎকৃত্যমর্চ্চায়াঞ্চ বিশেষতঃ।
স্বভাবেন শিবোঽস্মাভিরুপাস্যতে ॥ ১৭
তে সোঽপি মূর্ত্ত্যাত্মা পরমেষ্ঠিনা।
ায়ানিষ্ঠেন শিবেন পশবো বয়ম্ ॥ ১৮
হণায়ৈব শিবেন পরমেষ্ঠিনা।
য়ঃ সর্ব্বে মূর্ত্ত্যাত্মানোঽপ্যধিষ্ঠিতাঃ ॥১৯
র্ত্ত্যাত্মভাবেন লব্ধা স্বয়মনুগ্রহম্।
াঽনুগৃহ্ণন্তি শিবেন সমধিষ্ঠিতাঃ ॥ ২০
াব ভোগায় মোক্ষায় চ বিশেষতঃ।
ষরূপেষু মূর্ত্ত্যাত্মসু শিবাশ্রয়ঃ ॥ ২১
র্ম্মবিপাকাখ্যা সুখদুঃখাত্মকো যতঃ।

হন না, ইহাই স্থির। যেমন
ন কর" এই কথা বলিলে, জ্বলন্ত
আর কোনরূপে অগ্নির আনয়ন
সেইরূপ শিবও মূর্ত্তিমৎ বস্তুতে
। ১—১৫। অতএব পূজাদিতে
র কল্পনা করা হয়, কারণ মূর্ত্তি-
হা কৃত হয়, সাক্ষাৎ শিবেই তাহা
লিঙ্গাদি বা প্রতিমাতে বিশেষ
র্চ্চ কর্ত্তব্য; কারণ, সেই সকল
রা সাক্ষাৎ শিবেরই উপাসনা
সেই মূর্ত্তিমান্ পদার্থ মহাদেব
ত হয়, সেইরূপ সেই শিবাধি-
পদার্থ কর্ত্তৃক অস্মাদৃশ পশুগণ
। সেই পরমাত্মা শিব লোকের
করিবার জন্যই সদাশিব প্রভৃতি
য় অধিষ্ঠান করেন। সেই সদাশিব
র্ত্তিভাবে শিবের অনুগ্রহ লাভ
অধিষ্ঠান বশতঃ অপর আত্ম-
গৃহীত করেন। আত্ম-সমূহের
বতঃ মোক্ষের নিমিত্ত প্রকৃত বা
মূর্ত্তিমান্ আত্ম-বিশেষে মহা-
। ভোগমাত্রই কর্ম্মের বিপাক

ন চ কর্ম্ম শিবেঽস্তীতি তস্য ভোগঃ কিমাত্মকঃ ॥
সর্ব্বং শিবোঽনুগৃহ্ণাতি ন নিগৃহ্ণাতি কিঞ্চন।
নিগৃহ্ণতাস্তু যে দোষাঃ শিবে তেষামসম্ভবাৎ ॥২৩
যে পুনর্নিগ্রহাঃ কেচিদ্ব্রহ্মাদিষু নিদর্শিতাঃ।
তেঽপি লোকহিতায়ৈব কৃতাঃ শ্রীকণ্ঠমূর্ত্তিনা ॥২৪
অণ্ডস্যাপ্যাধিপত্যং হি শ্রীকণ্ঠস্য ন সংশয়ঃ।
শ্রীকণ্ঠাখ্যাং শিবো মূর্ত্তিং ক্রীড়ন্তীমধিতিষ্ঠতি ॥২৫
সদোষা এব দেবাদ্যা নিগৃহীতা যথোচিতম্।
ততস্তেঽপি বিপাপ্মানঃ প্রজাশ্চ বিগতজ্বরাঃ ॥২৬
নিগ্রহোঽপি স্বরূপেণ বিদুষাং ন জুগুপ্সিতঃ।
অত এব হি দণ্ড্যেষু দণ্ডো রাজ্ঞাং প্রশস্যতে ॥২৭
যৎসিদ্ধিরীশ্বরত্বেন কার্য্যবর্গস্য কৃৎস্নশঃ।
ন স চেদীশতাং কুর্য্যাজ্জগতঃ কথমীশ্বরঃ ॥ ২৮
ঈশতা চ বিধাতৃত্বং বিধিরাজ্ঞাপনং পরম্।

এবং সুখ-দুঃখাত্মক। শিবের কোন কর্ম্ম
নাই, অতএব তাঁহার কিরূপে ভোগ হইতে
পারে? শিব সকলকেই অনুগ্রহ করেন,
কাহাকেও নিগ্রহ করেন না। নিগ্রহকারীদিগের
যে সকল দোষ শুনা যায়, শিবে সে সকলের
সম্ভব নাই। ব্রহ্মাদি দেবগণের প্রতি যে
কোনরূপ নিগ্রহ দর্শিত হইয়াছে, উহা শ্রীকণ্ঠ-
মূর্ত্তি মহাদেব কেবল লোকের হিতের জন্যই
করিয়াছেন। এই ব্রহ্মাণ্ডের উপর সেই
শ্রীকণ্ঠ মহাদেবের যে আধিপত্য, সে বিষয়ে
কোন সংশয় নাই। শিব শ্রীকণ্ঠ নামক
ক্রীড়নশীল মূর্ত্তিতেই অধিষ্ঠান করেন। সদোষ
দেবগণই যথোচিত নিগৃহীত হইয়াছেন।
তাহাতে তাঁহারাও পাপ হইতে মুক্ত হইয়াছেন
এবং প্রজারাও পীড়াশূন্য হইয়াছে। যথোচিত
নিগ্রহ পণ্ডিতদিগের নিন্দনীয় নহে। এই-
জন্যই দণ্ডার্হ ব্যক্তিগণের প্রতি রাজাদিগের
দণ্ডবিধান প্রশংসিত হইয়া থাকে। ঈশ্বর-
ভাবে যিনি সমুদয় কার্য্যের সিদ্ধি করিয়া থাকেন,
তিনি যদি ঈশ্বরত্ব না করেন, তবে তিনি কিরূপে
জগতের ঈশ্বর হইতে পারেন? সমস্ত কার্য্যের
বিধান-কর্ত্তৃত্বের নামই [illegible]
আজ্ঞা; [illegible]

আজ্ঞা চেৎ বিদং কুর্য্যান্ন কুর্য্যাদিতি শাসনম্ ॥ ২৯
তচ্ছাসনানুবর্ত্তিত্বং সাধুভাবস্য লক্ষণম্ ।
বিপরীতমসাধু স্যান্ন সর্ব্বং তৎ তু দৃশ্যতে ॥ ৩০
সাধু সংরক্ষণীয়ঞ্চেদ্বিনিবর্ত্ত্যমসাধু যৎ ।
বিনিবর্ত্তনে চ সামাদেরন্তে দণ্ডো হি সাধনম্ ॥ ৩১
হিতার্থলক্ষণঞ্চেদং দণ্ডান্তমনুশাসনম্ ।
অতোঽন্যদ্বিপরীতং তদহিতং সম্প্রচক্ষতে ॥ ৩২
হিতে সদা নিষণ্নানামীশ্বরঃ স্যান্নিদর্শনম্ ।
স কথং দূষ্যতে সদ্ভিরসতামেব নিগ্রহাৎ ॥ ৩৩
অযুক্তকারিণো লোকে গর্হণীয়া বিবেকিনা ।
যদুদ্বেজয়তে লোকং তদযুক্তং প্রচক্ষতে ॥ ৩৪
সর্ব্বোঽপি নিগ্রহো লোকে ন চ বিদ্বেষপূর্ব্বকঃ ।
ন হি দ্বেষ্টি পিতা পুত্রং যো নিগৃহ্যাপি শিক্ষয়েৎ
মাধ্যস্থেনাপি নিগ্রাহ্যান্ যো নিগৃহ্ণাতি মার্গতঃ ।

না" এই প্রকার অনুশাসনের নামই আজ্ঞা। যাঁহারা সেই শাসনের অনুগমন করেন, তাঁহারাই সাধু। যাহারা তাহার বিপরীত আচরণ করে, তাহারাই অসাধু' কিন্তু সকলেই সাধু হয় না। ১৬—৩০। অসাধু-ভাবের নিবৃত্তি করিয়া যদি সাধু-ভাবের রক্ষা করিতে হয়, তবে প্রথমে সাম-দানাদির প্রয়োগ করিয়া তাহাতে সিদ্ধি না হইলে অবশেষে দণ্ডই সাধক হয়। কেবল হিতের জন্যই দণ্ডান্ত শাসন বিহিত হইয়াছে। অতএব ইহার বিপরীত অনুষ্ঠান হিত বলিয়া অভিহিত হইতে পারে না। ঈশ্বরই সর্ব্বদা হিতানুষ্ঠায়ীদিগের দৃষ্টান্ত-স্থল, অতএব অসতের নিগ্রহ করেন বলিয়া সেই ঈশ্বর কিরূপে পণ্ডিতগণের দূষণীয় হইতে পারেন? বিবেকী পুরুষেরা অযুক্ত-কারীকে তিরস্কার করেন। যে কার্য্যে লোকের শান্তিভঙ্গ হয়, তাহার নামই অযুক্ত। ইহ-লোকে যত প্রকার নিগ্রহ হয়, তাহার মধ্যে কোনটিই বিদ্বেষপূর্ব্বক অনুষ্ঠিত হয় না। দেখ, পিতা পুত্রকে অনেক সময়ে নিগ্রহ করিয়া শিক্ষা দেন, তাই বলিয়া কি পিতাকে পুত্রের [illegible] যায়? বরং (উদাসীন [illegible]

তস্যাপ্যবশ্যং নৈর্ঘৃণ্যং কিন্তু ... নুবর্ত্ততে
অন্যথা ন হিনস্ত্যেব সদোষানপ্যসৌ পর...
হিনস্তি চায়মপ্যজ্ঞান্ পরং মাধ্যস্থ্যমাচর...
তস্মাদ্দুঃখাত্মিকাং হিংসাং কুর্ব্বাণো যঃ ...
ইতি নির্ব্বন্ধয়ন্ত্যেকে নিয়মো নেতি চাপ...
নিদানজ্ঞস্য ভিষজো রুগ্নে হিংসাং প্রযু...
ন কিঞ্চিদপি নৈর্ঘৃণ্যং ঘৃণৈবাত্র প্রযোজ...
ঘৃণাপি ন গুণায়ৈব হিংস্রেষু প্রতিযোগি...
তাদৃশেষু ঘৃণী ভ্রান্ত্যা ঘৃণান্তরিতনির্ঘৃণঃ...
উপেক্ষাপি হি দোষায় রক্ষ্যেষু প্রতিযো...
শক্ত্যাৎ সত্যামুপেক্ষাতো রক্ষ্যঃ সদো...
সর্পগ্রাসগতং পশ্যন্ যস্য রক্ষামুপেক্ষ...

থাকিয়া নিগ্রহ করিয়া থাকে, তাহাতে অবশ্য কিছু পরিমাণে নির্দ্দয়ত্ব স্বীকার হইবে। তাহার কিঞ্চিৎ নির্দ্দয়ত্ব না... অপরে দোষযুক্ত হইলেও তাহার উপ... করিত না। সম্পূর্ণ মধ্যস্থ ব্যক্তিও ... সদোষ ব্যক্তির উপর নিগ্রহ করিয়া... (নিগ্রহ হিংসার কার্য্য, সুতরাং ... অতএব যে ব্যক্তি সেই দুঃখপ্রদ... অনুষ্ঠান করেন, তিনি অবশ্যই নির্দ... কেহ এইরূপ নির্দ্ধারণ করেন। ... বলেন, এরূপ নিয়ম হইতে ... অর্থাৎ নিগ্রহ করাই উচিত, না... দোষ। দেখ, নিদানজ্ঞ বৈদ্য যে... নিগ্রহে প্রবৃত্ত হন, তাহা কখনই... তার কার্য্য নহে; বরং বৈদ্য দয়া... প্রযুক্ত হইয়া ঐ কার্য্যে প্রবৃত্ত থাকেন... প্রতিপক্ষ হিংসা করিতে প্রবৃত্ত হয়, ... আশ্রয় উপকারক হয় না। (ক্রমা... দয়া থাকিতেই পারে না। সেই... দয়াপর হয়, সে একেবারে দয়ার ... হইয়া পড়ে। যাহারা রমণীয় ব্য... তাহাদের প্রতি উপেক্ষা করাও ... শক্তি থাকিতে উপেক্ষা করিলে ... সদ্য বিপত্তি লাভ করে। সর্প... দেখিয়া যে ব্যক্তি রক্ষণীয়কে ...

দাং সমূৎপ্রেক্ষ্যঃ ফলতঃ সোঽপি নির্দ্বয়ঃ।
॥ গুণায়ৈব সর্ব্বথেতি ন সম্মতম্ ।
য়াপ্তকারিত্বং সর্ব্বত্রগুণসম্মতম্ ॥ ৪৩
স্বপিরাগাদ্যা দোষাঃ সন্ত্যেব বস্তুতঃ ।
তেষামেবৈতে ন শিবস্য তু সর্ব্বথা ॥ ৪৪
। সমাবিষ্টং তাম্রং খলু সকালিকম্ ।
গ্নিরসৌ দুষ্যেৎ তামসংসর্গকারণাৎ ॥৪৫
চিসংসর্গাদশুচিত্বমুপেয়তে ।
গ্নিসংযোগাচ্ছুচিত্বমপি জায়তে ॥ ৪৬
ধ্যাত্মসংসর্গান্ন হ্যশুদ্ধঃ শিবো ভবেৎ ।
তিস্তেষ শোধ্যাস্তেব হি শুধ্যতি ॥ ৪৭
সমাবিষ্টে দাহোঽগ্নেরেব নায়সঃ ।
বমৈশ্বর্য্যমীশ্বরস্যৈব নাত্মনাম্ ॥ ৪৮
জ্বলত্যাৰ্ম্মিমগ্নিরেব জ্বলত্যসৌ ।
তা নাগ্নেরেবমত্রাপি যোজ্যতাম্ ॥ ৪৯
ণত্যস্মিন্ কাষ্ঠ-পাষাণ-মৃৎস্বপি ।

শিবাবেশবশাদেব শিবত্বমুপচর্য্যতে ॥ ৫০
মৈত্র্যাদয়ো গুণা গৌণা যস্মাৎ তে চিত্তবৃত্তয়ঃ ।
তৈর্গুণৈরুপরক্তানাং দোষায় চ গুণায় চ ॥ ৫১
যৎ তু গৌণমগৌণঞ্চ তৎ সর্ব্বমনুগৃহ্নতঃ ।
ন গুণায় ন দোষায় শিবস্য গুণবৃত্তয়ঃ ॥ ৫২
ন চানুগ্রহশব্দার্থং গৌণমাহুর্বিপশ্চিতঃ ।
সংসারমোচনং কিন্তু শৈবমাজ্ঞাময়ং হিতম্ ॥৫৩
হিতং তদাজ্ঞাকরণং যদ্ধিতং তদনুগ্রহঃ ।
সর্ব্বং হিতে নিযুঞ্জানঃ সর্ব্বানুগ্রাহকঃ শিবঃ ॥৫৪
যস্ত্বুপকারশব্দার্থস্তমপ্যাহুরনুগ্রহম্ ।
তস্যাপি হিতরূপত্বাচ্ছিবঃ সর্ব্বোপকারকঃ ॥ ৫৫
হিতে সদা নিযুক্তস্তু সর্ব্বং চিদচিদাত্মকম্ ।
স্বভাবপ্রতিবন্ধং তৎ সমং ন লভতে হিতম্ ॥৫৬
যথা বিকাশং যান্ত্যেব রবেঃ পদ্মানি ভানুভিঃ ।
সমং ন বিকসন্ত্যেব স্বস্বভাবানুরোধতঃ ॥ ৫৭

হেতুক বস্তুবিক সেও নির্দ্দয়।
। সকল সময়ে গুণকারক হয় না;
য়া উপযোগী, তাহাই সম্মত, তদ্ভিন্ন
ত। ৩১—৪৩। যদ্যপি শিবের
প মূর্ত্তিসমূহে বস্তুতঃ নানাবিধ
তথাপি ঐ সকল দোষ তাহাদেরই,
। অগ্নিতে তাম্র দিলে, তাম্রে
রখা হয়, তাই বলিয়া তাম্রের
কিছু দুষ্ট হয় না। অশুচি বস্তুর
কিছু অশুচিতা হয় না, কিন্তু
। অশুচি বস্তুর শুচিতা হয়।
ীয় আত্মার সংযোগে মহাদেব
কিন্তু শিবের সংসর্গে সেই
ত্মারই শুদ্ধি হয়। লোহে
হইলে, অগ্নিরই দাহ হয়;
সেইরূপ মূর্ত্ত্যাত্মস্থিত ঐশ্বর্য্য
রই; সেই সেই আত্মার নহে।
দিকে জ্বলিত হয় না, কিন্তু
জ্বলিত হয় এবং কাষ্ঠেরই
অগ্নির নহে;—এইরূপ শিব
মূর্ত্তিদিগের সম্বন্ধেও যোজনা

করিবে। এই জন্যই এই জগতে কাষ্ঠ, পাষাণ
এবং মৃত্তিকাতেও শিবের আবির্ভাবে শিবত্বের
উপচার হয়। যেহেতু মৈত্রী, ক্ষমা, দাক্ষিণ্য
প্রভৃতি গৌণ গুণ সকল উপরক্তদিগের চিত্তে
অবস্থান করে, অতএব ঐ সকল গুণ দ্বারা
উপরক্তদিগের দোষ, গুণ, উভয়ই হইয়া থাকে।
গুণবৃত্তি গৌণই হউক, আর অগৌণই হউক,
তাহাতে অনুগ্রহকারী মহাদেবের দোষ বা গুণ
কিছুই হয় না। অনুগ্রহ-শব্দের অর্থকে
পণ্ডিতেরা গৌণ বলিয়া নির্দ্দেশ করেন নাই;
সংসার-মোচন শিবের আজ্ঞাই অনুগ্রহ শব্দের
অর্থ। মহাদেবের আজ্ঞার অনুষ্ঠানই হিত
এবং যাহা হিত, তাহারই নাম অনুগ্রহ। মহা-
দেব যখন সকলকে হিতে নিযুক্ত করেন, তখন
তিনি সকলের অনুগ্রাহক। উপকার ও অনু-
গ্রহ শব্দের একই অর্থ। উপকারও হিত-স্বরূপ
বলিয়া মহাদেব সকলের উপকারক। সমুদয় জড়
ও চৈতন্য সর্ব্বদা মহাদেব কর্ত্তৃক সমভাবে হিতে
নিযুক্ত হইয়াও, আপনার স্বভাব দ্বারা প্রতিবদ্ধ
হইয়া সমানরূপ হিত লাভ করে না।৪৪—৫৬।
দেখ, সূর্য্যের কিরণ দ্বারা পদ্মসকল অনুরোধে

স্বভাবোঽপি হি ভাবানাং ভাবিনোঽর্থস্য কারণম্
ন হি স্বভাবতোঽসন্তমর্থং কর্ত্তৈব সাধয়েৎ ॥ ৫৮
সুবর্ণমেব নাঙ্গারং দ্রাবয়ত্যগ্নিসঙ্গমঃ।
এবং পক্বমলানেব মোচয়েন্ন শিবঃ পরান্ ॥ ৫৯
যদ্যথা ভবিতুং যোগ্যং তৎ তথা ন ভবেৎ স্বয়ম্
বিনা ভাবনয়া কর্ত্তা স্বতন্ত্রঃ সন্ততো ভবেৎ ॥ ৬০
স্বভাববিমলো যদ্বৎ সর্ব্বানুগ্রহকারকঃ।
স্বভাবমলিনাস্তদ্বদাত্মানো জীবসংজ্ঞিতাঃ ॥ ৬১
অন্যথা সংসরন্ত্যেতে নিয়মান্ন শিবঃ কথম্।
কর্ম্মমায়ানুবন্ধোঽস্য সংসারঃ কথ্যতে বুধৈঃ ॥ ৬২
অনুবন্ধো যমস্যৈব ন শিবস্যেতি হেতুমান্।
স হেতুরাত্মনামেব নিত্যো নাগন্তুকো মলঃ ॥ ৬৩
আগন্তুকত্বে তস্যাপি ভাব্যং কেনাপি হেতুনা।
যোঽয়ং হেতুরসাবেকঃ কল্পতেঽনেকশক্তিকঃ ॥৬৪
কার্য্যভেদেঽপি তচ্ছক্তিভেদো নাত্রোপপদ্য
কর্ম্মমায়ানুবন্ধো যঃ স বিচিত্রঃ স্বভাবতঃ॥
আত্মতায়াঃ সমত্বেঽপি বদ্ধা মুক্তাঃ পরে স্ব
য় হয়। অতএব শিবই অনাদি, সমস্ত বস্তুর পরিজ্ঞাতা, স্বভাবত মুক্তির কারণ, ঈশ্বররূপে নির্ণীত, ক্ রূপে সকল বস্তুর পরিজ্ঞাতা, জ্ঞান-তত্ত্ব-সম্পাদক, "ওঁ নমঃ শিবায়" এই ন্ত্র ইহার অভিধান, সেই শিবই ষড়ক্ষর ভিধেয়। ষড়ক্ষর মন্ত্রের অভিধেয় এই াব তুরীয়, ইহাই মন্ত্র দ্বারা নির্ণীত বেদ ও শিবাগম উভয়েতেই "ওঁ য়" এই ষড়ক্ষর মন্ত্ররূপে অবস্থিত, র মন্ত্র মুক্তির কারণ। ৩৩—৩৬। শিবায়" এই মন্ত্র, যে ব্যক্তির হৃদয়ে রে, তাহার অন্য মন্ত্র বা বহুতর মাত্র আবশ্যক নাই। যে ব্যক্তি শিবায়" এই মন্ত্র অভ্যাস দ্বারা ছে, সেই ব্যক্তিই বেদের অধ্যয়ন, বেদোক্ত কর্ম্মের অনুষ্ঠান সমস্ত সে সকল শিবজ্ঞান বা বিদ্যাস্থান, াক্ত ষড়ক্ষর মন্ত্রের ষোড়শ ভাগের ও যোগ্য নহে। যেহেতু "ওঁ নমঃ ষড়ক্ষর শিববাক্য, অতএব ইহাই ান, ইহাই সেই উৎকৃষ্ট-পদ।

পূর্ব্বোক্ত সকল বাক্যই বিধিবাক্য ও শিবাত্মক, অর্থবাদ নহে; যেহেতু যিনি ব্যক্তি সকলের অনুগ্রহকর্ত্তা, তিনি কিজন্য মিথ্যা বলিবেন? পরিপূর্ণ অতএব সর্ব্বজ্ঞ, স্বান্ত এবং সর্ব্বদোষ-বিবর্জ্জিত শিব, কিজন্য অন্য প্রকার বাক্য কহিবেন? যে ব্যক্তি সর্ব্বজ্ঞ তিনি যে বস্তু যে ভাবে অবস্থান করে এবং গুণ ও দোষ দ্বারা যে সকল সুখ দুঃখাদিরূপ ফল হয় অথবা পুণ্যাদি হয়, স্বভাবত তাহাই বলিয়া থাকেন। যিনি ঈশ্বর, তিনি রাগ বা দ্বেষে কিজন্য অন্য প্রকার কহিবেন? ঈশ্বরে রাগদ্বেষাদি কিছুই নাই, যাহার শরীরে রাগদ্বেষাদি বর্ত্তমান, তাহারাই মিথ্যা কহিয়া থাকে। অশেষ-দোষ-বিবর্জ্জিত শিব সমস্ত নির্ম্মল জ্ঞান প্রণয়ন করিয়াছেন; অতএব তাহা প্রমাণ, ইহাতে সংশয় নাই। যাহারা রাগদ্বেষাদিযুক্ত, তাহারাই পুণ্য বা পাপে বিশ্বাস করে না। অতএব পণ্ডিত ব্যক্তি অবশ্যই ঈশ্বর-বাক্যে শ্রদ্ধা করিয়া থাকেন। যে ব্যক্তি শ্রদ্ধা না করেন, তিনি নরকে গমন করেন। যে ব্যক্তি ধর্ম্মোপদেশ বা জ্ঞানোপদেশ করেন, তাঁহাকে শিবের ন্যায় পূজা করিবে। যেহেতু তাহা হইতে ধর্ম্মজ্ঞান এবং মোক্ষ লাভ

ান মহতা পরলোকসুভাষিতম্ ॥ ৬৩
নিবরৈঃ শাস্ত্রৈর্ভাষিতং তং সুশোভনম্।
সিদ্ধ্যর্থং তদ্বিজ্ঞেয়ং সুভাষিতম্ ॥ ৬৪
রণহেতুর্বৈ কামক্রোধানুসারি যৎ।
মৃতক্রোধৈর্ন তদ্ভাষিতমুচ্যতে ॥ ৬৫
গবাক্যেন মৃদুনা ললিতেন চ।
াপি কিং তেন সংসারগতিহেতুনা ॥ ৬৬
ায়তে পুণ্যং রাগাদীনাঞ্চ সংক্ষয়ঃ।
ায়তে ভক্তির্জ্ঞানং যত্তদহৈতুকম্।
 তদ্বাক্যং বিজ্ঞেয়মপি শোভনম্ ॥ ৬৭
াবতং বেদাঃ শাস্ত্রাণি বিবিধানি চ।
প্রণীতানি শ্রুয়ন্তে ধর্ম্মহেতুনা ॥ ৬৮
দিসংসারঃ পুংসামুক্তস্য বন্ধনম্।

ঋষিভিঃ শাস্ত্রসম্ভারঃ সদ্যোগাভ্যাসকারণম্ ॥৬৯
ইদং জ্ঞেয়মিদং জ্ঞেয়ং যঃ সর্ব্বং জ্ঞাতুমিচ্ছতি।
অপি বর্ষসহস্রায়ুঃ শাস্ত্রান্তং নাধিগচ্ছতি ॥ ৭০
বিহায় শাস্ত্রজালানি জ্ঞাত্বা স্বং জীবিতং লঘু।
বিজ্ঞায়াক্ষরতন্মাত্রং পারলৌকিকমাচরেৎ ॥ ৭১
পণ্ডিতেনাপি কিং তেন সুসমর্থেন দেহিনা।
যঃ পুণ্যভারমুদ্বোঢ়ুমশক্তঃ পারলৌকিকম্ ॥ ৭২
পণ্ডিতোঽপি স মূর্খঃ স্যাচ্ছক্তিযুক্তোঽপ্যশক্তিকঃ
সংসারস্থং স্বমাত্মানমুত্তারয়িতুমক্ষমঃ ॥ ৭৩
স পণ্ডিতঃ স শক্তঃ স্যাৎ স তপস্বী জিতেন্দ্রিয়ঃ
যঃ শিবজ্ঞানসদ্ভাবমালোচয়িতুমুদ্যতঃ ॥ ৭৪
যঃ প্রদদ্যান্মহীং কৃৎস্নাং মহামেরুঞ্চ কাঞ্চনম্।
স চেদন্যায়তঃ পৃচ্ছেন্ন তস্যোপদিশেদ্গুরুঃ ॥ ৭৫
যঃ শৃণোতি শিবজ্ঞানং ন্যায়তস্তদ্ব্রবীতি চ।

কে। এই ব্যক্তি অত্যন্ত পরিশ্রমী, বহুতর যত্ন করিয়াছে, এই ব্যক্তির র্থ আছে এবং এই ব্যক্তি সদাগরা াক্য, অতএব ইহাদের বাক্যই সুষ্ঠু বলা যায় না। কিন্তু শাস্ত্র মুনি- স্বর্গ ও মুক্তি সিদ্ধির নিমিত্ত যে বাক্য প্রয়োগ করিয়াছেন, তাহা- বাক্য বলিয়া জানিবে। যে বাক্য তমোগুণের অনুগামী তাহা নর- ; যে বাক্য রাগদ্বেষাদিযুক্ত, যে বাক্য যে বাক্য ক্রোধমিশ্রিত, ঋষিরা ক্যের মধ্যে বলেন নাই যে সকল ্যানুলক প্রবৃত্তির বাধক ও সংসার- তু, তাহা সুন্দর, কোমল এবং আপ্ত- ও তাহাতে কিছুমাত্র ফল নাই। বণ করিলে মুক্তি-প্রয়োজক পুণ্য দির সম্যক্ ক্ষয় হয় ও শিবভক্তি হেতু বিরুদ্ধরূপে প্রতীয়মান হইলেও জ্ঞানযোগ্যতাকালে শুভফলপ্রদ এবং রে। যে জ্ঞান কারণ ব্যতিরেকে য় হয়, তাহাই পরমজ্ঞান। সকল নিমিত্ত পুরাণ, মহাভারত, বেদ -প্রণীত বিবিধ শাস্ত্র শ্রবণ করে। র্তিত সমস্ত সংসারকে বন্ধনের হেতু

এবং সমস্ত শাস্ত্রকে সদ্যোগাভ্যাসের নিদান বলিয়া ঋষিগণ কীর্ত্তন করিয়াছেন। যে ব্যক্তি এই শাস্ত্র জানা আবশ্যক, এই শাস্ত্র জানা আবশ্যক এইরূপ বিবেচনা করিয়া সমস্ত শাস্ত্র জানিতে ইচ্ছা করে, সে সহস্র বৎসর জীবিত থাকিলেও সমস্ত শাস্ত্র জানিতে সক্ষম হয় না। সকল ব্যক্তিই সমস্ত শাস্ত্র পরিত্যাগপূর্ব্বক আপনার জীবনকে অত্যন্ত অকিঞ্চিৎকর বিবেচনা করত সমস্ত জগৎসংসারকে ব্রহ্মের বিবর্ত্ত মনে করিয়া পারলৌকিক কর্ম্মের আচরণ করিবে। সমস্ত কর্ম্মক্ষম সুপণ্ডিত দেহধারী পুরুষে কোন প্রয়োজন নাই। যে ব্যক্তি পরলোকসাধন পুণ্যসমূহের উপার্জ্জনে অশক্ত, সে পণ্ডিত হইলেও মূর্খ, শক্তি থাকিতেও অশক্ত এবং সংসারে অবস্থিত স্বকীয় আত্মাকে উদ্ধার করিতে অক্ষম। ৬২—৭৩। যে ব্যক্তি শিবজ্ঞানস্বরূপ সদ্ভাবকে মন দ্বারা নিশ্চয় করিতে উদ্যোগ করে, সেই ব্যক্তিই পণ্ডিত, সর্ব্বকর্ম্মক্ষম, তপস্বী এবং জিতেন্দ্রিয়। যে ব্যক্তি সমস্ত পৃথিবী কিংবা কাঞ্চনময় মহা সুমেরুপর্ব্বত দান করে, সেও যদি অন্যায়পূর্ব্বক জিজ্ঞাসা করে, তাহা হইলে গুরু তাহাকে কোন উপদেশ প্রদান করিবেন না। যে ব্যক্তি

পরে চৈব সর্ব্বান্ কামান্ প্রযচ্ছতি ॥
ভাবাচ্চ চতুর্দ্দশ্যষ্টমীষু চ।
নো লিঙ্গং যঃ কশ্চিৎ পূজয়েৎ সদা ॥
সমুত্তার্য্য কুলানামেকবিংশতিম্।
বি সংস্থাপ্য স গচ্ছতি পরং পদম্ ॥৯৩
যুক্তা যে ক্রয়ক্রীতাশ্চ বৃত্তিতঃ।
পূজয়ন্তীহ তেঽপি যান্তি শিবালয়ম্ ॥ ৯৪
শিবস্যৈবং মহদ্ভক্ত্যা সুপূজনাৎ।
করাড়্ভূত্বা স গচ্ছেৎ যমন্দিরম্ ॥ ৯৫
পূজয়েদ্ভক্ত্যা বিধিনা যেন কেনচিৎ।
মন্ত্রেণ শিবমেকাগ্রমানসঃ ॥ ৯৬
সমুত্তার্য্য কুলানামেকবিংশতিম্।
বি সংস্থাপ্য স গচ্ছেদৈশ্বরং পদম্ ॥৯৭
ঽপি প্রপশ্যন্তি দেবকার্য্যনিয়োজিতাঃ।
স্বামিনা সার্দ্ধং শ্রীমচ্ছিবপুরং মহৎ ॥ ৯৮

কালাৎ পুনরিহায়াতো ভৃত্যবর্গসমন্বিতঃ।
ভুক্ত্বা ভোগান সুবিপুলান্ পৃথিব্যামেকরাড্‌ভবেৎ
যেষাং পত্রাণি পুষ্পাণি লিঙ্গস্যৈবার্চ্চনে সদা।
শিবগারাশ্চ গচ্ছন্তি রুদ্রলোকং ন সংশয়ঃ ॥১০০
পূজ্যমানঞ্চ বিধিনা যঃ পশ্যেচ্ছ্রদ্ধয়া শিবম্।
সোঽপি যাগফলং কৃৎস্নং প্রাপ্তবান্ নাত্র সংশয়ঃ
শ্রুত্বানুমোদয়েৎ পুণ্যমীশ্বরং যে সমাধিনা।
তৎসমং ফলমাপ্নোতি শিবস্য বচনং যথা ॥ ১০২
ভক্ত্যানুমোদয়েদীশং স্নানার্চ্চনকৃতে তু যৎ।
যতোঽশেষং শিবে ভক্তস্তৎসমং প্রাপ্নুয়াৎ ফলম্
মনসা চার্চ্চয়েন্নিত্যং ভক্তিযুক্তোঽপি মানবঃ।
সোঽপি তৎ ফলমাপ্নোতি শিবস্যাস্য প্রভাবতঃ ॥
সকৃদুচ্চরিতং যেন শিব ইত্যক্ষরদ্বয়ম্।
রুদ্রং বাপি হরং বাপি স গচ্ছেদ্রুদ্রলোকতাম্ ॥
শিবপুণ্যামশেষাঢ্যামশেষজনসেবিতাম্ ॥ ১০৩

ও পরলোকে সমস্ত অভিলষিত বস্তু করেন। শিবভক্ত ব্যক্তি প্রতিদিন রিতে পারুক বা নাই পারুক, যদ্যপি র্দ্দশী ও অষ্টমীতে পূর্ব্বোক্ত ষড়ঙ্গবিধি লিঙ্গের পূজা করে, তাহা হইলে সে ত পুরুষকে নরক হইতে উদ্ধার করত মে স্বর্গে বাস করাইয়া স্বয়ং পরম- হয়। যাহারা বেতন গ্রহণপূর্ব্বক নিযুক্ত হইয়া ভক্তিপূর্ব্বক শিবলিঙ্গের , তাহারাও শিবলোকে গমন করে। মালাকারও যদি ঈশ্বরে ভক্তি- শিবলিঙ্গের পূজা করে, তাহা হইলে বীতে একচ্ছত্র রাজা হইয়া, পরে র গমন করে। অতএব শিবভক্ত কোন বিধানানুসারে ভক্তিপূর্ব্বক স "ওঁ নম শিবায়" এই ষড়ক্ষর মন্ত্র শিবলিঙ্গের পূজা করে, তাহা হইলে শতি পুরুষকে নরক হইতে উত্তোলন বাস করাইয়া আপনি শিবপদ প্রাপ্ত সকল ব্যক্তি দেবকার্য্যে নিযুক্ত হইয়া সমস্ত দেবকার্য্য সম্যক্‌রূপে অব- করে, তাহারা নিযুক্তকারী প্রভুর

সহিত শিবপুরে গমন করে এবং কালক্রমে পুনর্ব্বার এই পৃথিবীতে আগমন করত ভৃত্য ও বন্ধুবর্গের সহিত বিপুল ঐশ্বর্য্য ভোগপূর্ব্বক পৃথিবীতে একচ্ছত্র রাজা হয়। যাহারা সর্ব্বদা শিবলিঙ্গের পূজার নিমিত্ত পত্র বা পুষ্প প্রদান করে এবং সর্ব্বদা শিবের স্তব করে, তাহারা রুদ্রলোকে গমন করে, ইহাতে সংশয় নাই। যে ব্যক্তি, যথাবিধি পূজা সময়ে শ্রদ্ধাপূর্ব্বক শিবকে দর্শন করে, সে সমস্ত যাগফল প্রাপ্ত হয়, ইহাতে সংশয় নাই। শিব, বলিয়াছেন যে, যে ব্যক্তি ঈশ্বরকে শ্রবণ করিয়া অনুমোদন করে, সে, ঈশ্বরকে যোগ দ্বারা অবগত হইলে যেরূপ পুণ্যফল প্রাপ্ত হয়, সেইরূপ পুণ্যফল প্রাপ্ত হয়। যে ব্যক্তি শিবের স্নান ও পূজার নিমিত্ত অনুমোদন করে, সে শিবভক্ত যেরূপ অশেষ ফল প্রাপ্ত হয়, তাহার ন্যায় অশেষ ফল প্রাপ্ত হয়। যে মানব, ভক্তিপূর্ব্বক মন দ্বারাও প্রতিদিন শিবের অর্চ্চনা করে, সে শিবের প্রভাবে সম্যক্ পূজাফল প্রাপ্ত হয়। যে ব্যক্তি শিব, রুদ্র, কিম্বা হর এই দুইটী অক্ষর একবার উচ্চারণ করে, সে শিবের ন্যায় পবিত্র, অণিমাদি ঐশ্বর্য্যযুক্ত এবং সকল জনসেবিত

় পূণ্যং তদিহৈকমনাঃ শৃণু ॥ ১১
সংযোগশ্চিত্তস্থৈবাত্মনা তু যঃ।
সংযোগঃ ক্রিয়াযোগ স উচ্যতে ॥ ১২
ণং যোগো বিমুক্তের্ম্মুনিসত্তম।
ম্ন যোগস্য পরমং ধ্যেয়সাধনম্ ॥ ১৩
পৃষ্টং কর্ম্মবিচ্ছতাং ফলম্।
করণে তদিহৈকমনাঃ শৃণু ॥ ১৪
ম্নং শম্ভোঃ শৈলং দার্ব্বমথাপি বা।
ং বাপি শৃণু তস্য মুনে ফলম্ ॥ ১৫
যোগেন যজ্ঞতে যন্মহাফলম্।
তং ফলং শম্ভোঃ কারয়তি মন্দিরম্ ॥
তমাগামি অতীতঞ্চ তথা শতম্।
লিনো ধাম নয়ত্যক্ষয়লোকতাম্ ॥ ১৬
তং পাপং স্বল্পং বা যদি বা বহু।

এই সকল জিজ্ঞাসা করিলে, তজ্জন্য
ন যে, তুমি অতি পবিত্র কথাই শ্রবণ
ইচ্ছা করিয়াছ, অতএব আমি
, নিশ্চলচিত্তে শ্রবণ কর। আত্মার
নর সংযোগের নাম জ্ঞানযোগ, মুক্তি-
ক পূজাদির যে আচরণ, তাহাকেই
গ বলিয়াছেন। হে মুনিসত্তম!
ই মুক্তির প্রধান কারণ; ক্রিয়াযোগ,
সাধন, এই নিমিত্ত পরম্পরায় ব্রহ্মের
লাকাঙ্ক্ষী ব্যক্তির দেবতার মন্দিরাদি
লে কি ফল হয়, তুমি যে এই সকল
করিলে, তাহা কহিতেছি, এক্ষণে
বণ কর। হে মুনে! যে ব্যক্তি
ষ্ঠ, অথবা মৃত্তিকা দ্বারা মহাদেব-গৃহ
রায়, তাহার যে ফল হয়, তাহা
। যে ব্যক্তি মহাদেব-মন্দিরমাত্র
করায়, সে, প্রতিদিন ক্রিয়াযোগ
া করিলে যে ফল হয়, সেই
হয়। যে ব্যক্তি মহাদেবের বাটী
রায়, সে অধস্তন একশত পুরুষ
একশত পুরুষকে অক্ষয়লোকে
য়। মহাদেবের গৃহ নির্ম্মাণ আরম্ভ
ই, অল্পই হউক আর অধিকই হউক,

শম্ভোরালয়বিন্যাস-প্রারম্ভাদেব নশ্যতি ॥ ১৮
সর্ব্বদেবমুখো রুদ্রো যস্তস্য কুরুতে গৃহম্।
প্রতিষ্ঠাং সমবাপ্নোতি স নরঃ সার্ব্বলৌকিকীম্ ॥
প্রশস্তদেশভূভাগে শিবস্যায়তনন্তু যঃ।
কারয়েদখিলান লোকান্ স নরঃ প্রতিপদ্যতে ॥২০
ইষ্টকানাস্তু বিন্যাসো যাবদ্বর্ষাণি তিষ্ঠতি।
তাবদ্বর্ষসহস্রাণি শিবলোকে মহীয়তে ॥ ২১
প্রতিমাং কারয়েচ্ছম্ভোর্লিঙ্গং বা লক্ষণান্বিতম্।
শঙ্করস্য পরং লোকমক্ষয়ং প্রতিপদ্যতে ॥ ২২
ষষ্টিবর্ষসহস্রাণাং সহস্রাণি যথাক্রমম্।
প্রত্যেকশঃ সমস্তানাং দেবানাং প্রতিপদ্যতে ॥২৩
শম্ভোর্লিঙ্গং প্রতিষ্ঠাপ্য সুপ্রশস্তে নিবেশনে।
পুরুষঃ কৃতকৃত্যঃ স্যান্নৈতং স্বং মরণং নয়েৎ ॥২৪
যে ভবিষ্যন্তি যেঽতীতা আকল্পাং পুরুষাঃ কুলে।
তাংস্তাংস্তারয়তে স্থাপ্য লিঙ্গং সর্ব্বগুণান্বিতম্ ॥
মনসা যে চিকীর্ষন্তি লিঙ্গস্থাপনমুত্তমম্।
তেঽপি যান্তি শিবং শাম্ভং সমুদ্ধৃত্য কুলাষ্টকম্ ॥

সপ্তজন্মকৃত পাপ বিনষ্ট হয়। যে ব্যক্তি, সমস্ত
দেবতার প্রধান রুদ্রদেবের গৃহ নির্ম্মাণ করায়,
সে সমস্ত লোকে প্রতিষ্ঠা লাভ করে। যে
নর কাশী প্রভৃতি তীর্থস্থানে মৃত্তিকার উপর
শিবের আয়তন নির্ম্মাণ করায়, সে সমস্ত লোক
প্রাপ্ত হয় এবং যত বৎসর পর্য্যন্ত ইষ্টকাদির
বিন্যাস থাকে, তাবৎ সহস্র বর্ষ কাল পর্য্যন্ত
শিবলোকে পূজিত হইয়া থাকে। যে ব্যক্তি
শম্ভুর প্রতিমা কিংবা লক্ষণাক্রান্ত লিঙ্গ নির্ম্মাণ
করায়, সে মহাদেবের শ্রেষ্ঠ অক্ষয় লোক প্রাপ্ত
হয় এবং ষষ্টি লক্ষ বর্ষকাল যথাক্রমে সকল
দেবতার লোকে বাস করে। ১১—২৩। যে
পুরুষ প্রশস্ত গৃহের মধ্যে শিবলিঙ্গ প্রতিষ্ঠা
করায়, সে কৃতকৃত্য হয় এবং আপনার মৃত্যুকে
লাভ করে না। যে ব্যক্তি সর্ব্বগুণান্বিত শিব-
লিঙ্গ স্থাপন করায়, সে, আপনার বংশে কল্প
পর্য্যন্ত যাহারা জন্মগ্রহণ করিবে বা যাহারা জন্ম-
গ্রহণ করিয়াছে, তাহাদিগকে উদ্ধার করে।
যে সকল ব্যক্তি মন দ্বারা শম্ভুর উত্তম লিঙ্গ
স্থাপন করিতে ইচ্ছা করে, তাহারা আট পুরুষ

প্রস্থস্থ যৎ ফলং লভতে নরঃ।
বেদপূর্ণেভ্যো ঘৃতপ্রস্থেন তৎফলম্ ॥
সপ্তদ্বীপা বসুন্ধরা।
সংস্নাপ্য লিঙ্গং ত্রিভুবনেশ্বরম্ ॥ ৪২
চতুর্দ্দশ্যাং ঘৃতেন জগতঃ পতেঃ।
সমভ্যর্চ্চ্য পাপানাং বিপ্র মুচ্যতে ॥৪৩
মাবাস্যাং লিঙ্গং সংস্নাপ্য যত্নতঃ।
মাজ্যেন সর্ব্বপাপৈঃ প্রমুচ্যতে ॥ ৪৪
জ্ঞানতো বাপি যৎ পাপং কুরুতে নরঃ
তি সন্ধ্যায়াং ঘৃতেন স্নানকৃন্নরঃ ॥ ৪৫
রমো রুদ্রো হব্যানাং পরমং ঘৃতম্।
পাপানাং ক্ষালকঃ সঙ্গমো মুনে ॥৪৬
হা নদ্যো হ্রদাঃ পায়সকর্দ্দমাঃ।
তাংস্ততো যান্তি ক্ষীরস্নাপনকা নরাঃ ॥

আহ্লাদং নির্বৃতিং স্বাস্থ্যমারোগ্যং চারুরূপতাম্
সপ্তজন্মান্যবাপ্নোতি ক্ষীরস্নানকরো বিভোঃ ॥ ৪৮
দধ্যাদীনাং বিকারাণাং ক্ষীরতঃ স ভবো যথা।
তথৈবাশেষকামানাং ক্ষীরস্নপনমুত্তমম্ ॥ ৪৯
যথা চ বিমলং ক্ষীরং যথা পুষ্টিকরং সদা।
তথাস্য নির্ম্মলং জ্ঞানং ভবেৎ স্নানকৃতঃ শিবে ॥৫০
গ্রহানুকূলতাং পুষ্টিং প্রিয়ত্বঞ্চাখিলে জনে।
করোতি শঙ্করো নিত্যং ক্ষীরস্নপনতোষিতঃ ॥৫১
ঘৃতক্ষীরেণ দেবেশো দৃষ্টমাত্রঃ প্রসীদতি।
সর্ব্বস্য স্নিগ্ধতামেতি স্নাপিতে শঙ্করে সদা ॥ ৫২
অত্রাপ্যুদাহরন্তীমমিতিহাসং পুরাতনম্ ॥ ৫৩
দৃষ্ট্বা পৃষ্টঃ শুভাং ভার্য্যাং সুমতিং পতিনা সহ।
ক্রীড়ন্তীং গোতমী স্বর্গে তামাহ বিস্ময়ান্বিতা ॥ ৫৪
গোতম্যুবাচ।
সুমত্যানেকশঃ সন্তি স্বর্গে দেবাঃ সবাসবাঃ।
ন চৈষামীদৃশী শোভা বিদ্যতে তে যথা শুভে ॥৫৫
ন চৈষামীদৃশো গন্ধো ন কান্তির্ন সুরূপতা।
ন বাসসাঞ্চ শোভেয়ং যথা তে পতিনা সহ ॥ ৫৬

। যে ব্যক্তি প্রস্থপরিমিত ঘৃত দ্বারা
ান করায়, সে, বেদজ্ঞ ব্রাহ্মণদিগকে
দান করিলে যে ফল হয়, সেই ফল-
। যে ব্যক্তি ত্রিজগতের ঈশ্বর মহা-
াঢক-পরিমিত ঘৃত দ্বারা স্নান করায়,
পা পৃথিবীর অধীশ্বর হয়। যে ব্যক্তি
। চতুর্দ্দশীতে জগদীশ্বর শিবের লিঙ্গকে
ান করায় ও পূজা করে, সে বহুতর
তে মুক্ত হয়। যে ব্যক্তি পূর্ণিমা
মাবস্যা তিথিতে যত্নপূর্ব্বক ঘৃত দ্বারা
স্নান করাইয়া সেইদিনে একবার
করে, সে সমস্ত পাপ হইতে
। মনুষ্য, জ্ঞানপূর্ব্বক হউক বা
র্ব্বক হউক, যে পাপ করে, সন্ধ্যা
দ্বারা শিবকে স্নান করাইলে শিব
ই পাপ প্রক্ষালন করিয়া দেন। হে
সমস্ত দেবগণের মধ্যে শ্রেষ্ঠ এবং
ব্যের মধ্যে উৎকৃষ্ট; অতএব এই
দাপ সকল পাপকে বিনষ্ট করে;
ক্ষীর দ্বারা মহাদেবের স্নান করায়,
নে নদী সকল দুগ্ধে পরিপূর্ণ ও
বিযুক্ত, ভূর্লোক হইতে সেই স্থান
প্রাপ্ত হয়। ৩৫—৪৭। যে ব্যক্তি দুগ্ধ দ্বারা
শম্ভুর স্নানকার্য্য নির্ব্বাহ করে, সে সাতজন্মে
আহ্লাদ, সন্তোষ, স্বাস্থ্য, আরোগ্য এবং সুন্দর
রূপ প্রাপ্ত হয়। যেরূপ দুগ্ধ হইতে দধি
প্রভৃতির উৎপত্তি, সেইরূপ ক্ষীর দ্বারা স্নান
করাইলে, যাহা ইচ্ছা করে, তাহাই হইতে
পারে। যে ব্যক্তি দুগ্ধ দ্বারা শিবকে স্নান
করায়, সে দুগ্ধের ন্যায় নির্ম্মল ও পুষ্টিকর জ্ঞান
লাভ করে; যে ব্যক্তি ক্ষীর দ্বারা স্নান করায়,
সে মহাদেবের অনুগ্রহে গ্রহগণের আনুকূল্য
ও পুষ্টি লাভ করে এবং সমস্ত লোকের প্রিয়
হয়। ঋষিগণ এই বিষয়ে একটী পুরাতন
ইতিহাস কহিয়াছেন। এক সময়ে গোতমী
স্বর্গে ক্রীড়া করিতে করিতে পতির সহিত
পরম রূপবতী সূর্য্যপত্নী সুমতিকে দর্শন করিয়া
কহিতে লাগিলেন, হে সুমতি! এই স্বর্গ মধ্যে
ইন্দ্র প্রভৃতি অনেক দেবতা অবস্থান করেন।
কিন্তু হে শুভে! ইহাঁদিগের মধ্যে কাহারও
তোমার সদৃশ শোভা, গন্ধ, কাস্তি, উত্তম

ত্তবে ধূপং কালেয়ং রক্তচন্দনম্।
বতি রোগায় ন দদ্যাৎ তং কপর্দ্দিনে ॥৭০
ণ্যঙ্গনির্ম্মুক্তং সুগন্ধং প্রিয়মুত্তমম্।
ষ্টকং সদ্যো গুগ্গুলং ঘৃতসংযুতম্ ॥ ৭১
ত্যা কৃতং ধূপং দদ্যাদাসবসংযুতম্।
নস্থনিষ্টানি তানি পুষ্পাণি বর্জ্জয়েৎ ॥ ৭২
সর্ব্বদেষ্টানি দদ্যাদাত্মহিতেচ্ছয়া।
মৃদুগন্ধীনি সর্ব্বাণীষ্টানি শূলিনঃ ॥ ৭৩
ণ্যপি পত্রাণি শ্রীবৃক্ষস্য সদৈব হি।
সুমুৎপানি রক্তনীলে তথোৎপলে ॥ ৭৪
মল্লিকা চৈব যূথিকা বাতিমুক্তকঃ।
করবীরঞ্চ কর্ণিকারঞ্চ বর্ব্বরী ॥ ৭৫
্থ কিরাতিক্তঃ কুব্জকঃ শতপত্রিকা।
ত্যপুষ্পাণি গুরুকুন্দং সকুন্দকম্ ॥ ৭৬
ঃ কিংশুকশ্চৈব শস্তাঃ শঙ্করপূজনে।
শুভগন্ধীনি সর্ব্বাণীষ্টানি শঙ্করে ॥ ৭৭

দেহে সতীহ গৃহ্ণাতি তস্মাৎ তৈরর্চ্চয়েচ্ছিবম্।
রক্তানি নীলকৃষ্ণানি ভূষার্থং তানি যোজয়েৎ ॥৭৮
এবমভ্যর্চ্চয়েদীশমেভিরুক্তৈস্তু সর্ব্বদা।
যো নরঃ স তু স্বর্গী স্যাৎ সর্ব্বসৌভাগ্যসংযুতঃ ॥
সিদ্ধবিদ্যাধরাণাঞ্চ গন্ধর্ব্বাপ্সরসাং গণৈঃ।
যাবৎ কল্পস্য পর্য্যায়ঃ পূজ্যমানঃ স তিষ্ঠতি ॥৮০
কণ্টকৈরুগ্রগন্ধৈশ্চ সবিষৈশ্চ বিষাদিনম্।
যোঽর্চ্চয়েৎ স ভবেন্মর্ত্ত্যঃ সর্ব্বভূতগণপ্রিয়ঃ ॥৮১
পুষ্পাভাবাচ্ছিবঃ পূজ্যো ভৃঙ্গৈর্দূর্ব্বাঙ্কুরৈঃ শুভৈঃ
শমী-তমালপত্রৈশ্চ স দদাত্যৈশ্বরান্ গুণান্ ॥৮২
এবং যঃ পূজয়েন্নিত্যং শিবং পরমকারণম্।
স প্রয়াত্যক্ষয়াঁল্লোকান্ পূজ্যমানোঽপ্সরোগণৈঃ
যদা কালাদিহায়াতি রাজা রাজ্যেশ্বরো মহান্।
পৃথিব্যামেকরাড্ভূত্বা ক্রমান্মোক্ষমবাপ্নুয়াৎ ॥ ৮৪

রেন। যাহারা মহাদেবকে কালাগুরু-প বা রক্তচন্দন প্রদান করে, সেই ন্যের রোগ হয়। এই নিমিত্ত শিবকে তাহা দান করিবে না। যে গুলমিশ্রিত, শিবকে তাহা প্রদান । কিন্তু যে ধূপ উত্তম গন্ধযুক্ত, প্রিয় ও তৎক্ষণাৎ সন্তোষজনক, তাহা ঘৃতমিশ্রিত গুগ্গুলু প্রদান করিবে। শল্লকী-নির্ম্মিত ও আসবসংযুক্ত ধূপ বে না এবং যে সমস্ত পুষ্প আপনার নক, তাহাও বর্জ্জন করিবে। মনুষ্য হিত ইচ্ছা করত যাহা সর্ব্বদা ইষ্ট-া দান করিবে। কোমল গন্ধযুক্ত র পদ্ম এবং বিল্বপত্র, শুষ্ক হইলেও, বর সর্ব্বদা প্রিয়। কুবলয় প্রভৃতি ার জলজ পুষ্প, রক্তোৎপল, নীলোৎ-তী, মল্লিকা, যূথিকা, অতিমুক্তক, করবীর, কর্ণিকার, বর্ব্বরী, চম্পক, , কুব্জক, শতপত্রিকা, তুলসী এবং কুন্দ, গুরুকুন্দ, অশোক ও কিংশুক স্ত পুষ্প মহাদেবের পূজায় অতি

প্রশস্ত। এই প্রকার যে সমস্ত পুষ্প উত্তম গন্ধযুক্ত, তাহাও শঙ্করের প্রিয়। মনুষ্য যে পুষ্প দেহে থাকিলে উত্তম গন্ধ হইবে, এই বলিয়া ইহলোকে ধারণ করে, এই নিমিত্ত সেই সকল পুষ্প দ্বারাই শিবকে পূজা করিবে; যে সমস্ত পুষ্প রক্ত, নীল ও কৃষ্ণবর্ণ, তাহাদিগকে ভূষ-ণের নিমিত্ত যোজনা করিবে। যে ব্যক্তি পূর্ব্বোক্ত এই সকল পুষ্প দ্বারা ঈশ্বরের পূজা করে, সে সমস্ত সৌভাগ্যশালী হইয়া এবং সিদ্ধ, বিদ্যাধর, গন্ধর্ব্ব ও অপ্সরাগণকর্ত্তৃক পূজিত হইয়া ভিন্ন ভিন্ন কল্পে অবতাররূপে অবস্থান করে। ৬৮—৮০। যে মানব বিষ-ভোজনকারী শিবকে কণ্টক, উগ্র গন্ধ এবং মৃণাল দ্বারা অর্চ্চনা করে, সে সমস্ত ভূতগণের প্রিয় হয়। যদ্যপি পুষ্পের অভাব হয়, তাহা হইলে ভৃঙ্গরাজপত্র সুন্দর দূর্ব্বাঙ্কুর, শমীপত্র ও তমালপত্র দ্বারা শিবের পূজা করিবে; তাহা হইলেই সে ব্যক্তির ঈশ্বরকে সমস্ত উপচার দান করা হইল। যে ব্যক্তি এইরূপে প্রতিদিন পরমকারণ মহাদেবের পূজা করে; সে অপ্সরোগণকর্ত্তৃক পূজিত হইয়া অক্ষয়লোক প্রাপ্ত হয় এবং যে সময় কালক্রমে এই পৃথিবীতে আগমন করে, তৎ-

কেতকী চ সদা ত্যাজ্যা জপাপুষ্পাণি চৈব হি ।
গৃহ্ণনৈঃ শ্রীপদৈরিষ্ট্বা নরো ম্লেচ্ছাধিপো ভবেৎ ॥
সুগন্ধৈশ্চ মুরামাংসী-কর্পূরাগুরু-চন্দনৈঃ ।
মৃত্তাদিযুক্ততোয়েন স্নাপয়েদীশ্বরং সদা ॥ ৮৬
দুকূলপট্টকৌশেয়সূক্ষ্মৈঃ কার্পাসিকৈঃ সদা ।
বাসোভিঃ পূজয়েদীশমন্যৈশ্চৈবাত্মনঃ প্রিয়ৈঃ ॥ ৮৭
ভক্ষ্যাণি যানি ভক্ষ্যাণি ভোজ্যান্যভিমতানি চ ।
ফলঞ্চ যদ্যত্তৎ সর্ব্বং তৎ তদ্দেয়ং কপর্দ্দিনে ॥ ৮৮
সুবর্ণ-মণি-মুক্তাদি যচ্চান্যদপি বস্তুকম্ ।
তৎ তদেবাত্মিদেবায় শঙ্করায় নিবেদয়েৎ ॥ ৮৯
যোগিনং শঙ্করং মত্বা শুভাচারং দ্বিজোত্তমম্ ।
সর্ব্বায়্যবান্তরূপায় নত্বা তস্মৈ নিবেদয়েৎ ॥ ৯০
সংক্রান্তির্বিষুবদ্যোগো ব্যতীপাতোঽয়নদ্বয়ম্ ।
গ্রহণং পর্ব্বণী যে তু চতুর্দ্দশ্যষ্টমী তথা ॥ ৯১
অমাস্যে তু বহুঃকালাঃ প্রোক্তা নৈমিত্তিকাঃ সদা

কালে পৃথিবী মধ্যে প্রবল-পরাক্রমশালী এক-
চ্ছত্র রাজ্যেশ্বর হইয়া শেষে মুক্তিলাভ করে
কেতকীপুষ্প এবং জবাপুষ্প সর্ব্বদা পরিত্যাগ
করিবে। যে ব্যক্তি গন্ধ ও শ্রীপদ্ম দ্বারা
শিবের পূজা করে, সে ম্লেচ্ছদেশের অধিপতি
হয়। সুগন্ধ মুরা, জটামাংসী, কর্পূর, অগুরু-
চন্দন এবং মুক্তা মিশ্রিত জল দ্বারা পরমেশ্বর
শিবকে স্নান করাইবে। দুকূলবস্ত্র পট্টবস্ত্র,
কৌশেয়বস্ত্র, সূক্ষ্ম কার্পাসবস্ত্র এবং অন্যান্য যে
সমস্ত আপনার প্রিয় সেই বস্ত্র দ্বারা ঈশ্বরকে
পূজা করিবে। উত্তম ভক্ষ্য আপনার অভি-
মত ভোজ্য এবং যে সমস্ত ফল আপনার প্রিয়,
সেই সমস্ত বস্তু মহাদেবকে দান করিবে।
সুবর্ণ, মণি, মুক্তা এবং অন্য যে সকল আপনার
প্রিয়, তাহা দেবাত্মিদেব শঙ্করের উদ্দেশে নিবে-
দন করিবে। শিবকে পরম যোগী শুভাচার
ব্রাহ্মণ জ্ঞান করিয়া অন্তকারী মহাদেবের
উদ্দেশে শিবের নাম গ্রহণ করত সমস্ত বস্তু
নিবেদন করিবে। বিষুব-সংক্রান্তি, ব্যতীপাত,
দুই অয়ন-সংক্রান্তি, গ্রহণ চতুর্দ্দশী ও অষ্টমী
এই দুই পর্ব্ব এবং অমাবস্যা, ইহারা নৈমিত্তিক
[illegible] কালরূপে কথিত হইয়াছে। এই

সহস্রগুণিতং নিত্যাং ফলং বিদ্যাদ্বিজা[illegible]
ইতি শ্রীশৈবে মহাপুরাণে ধর্ম্মসংহিতায়াং
যোগকীর্ত্তনে ষোড়শোঽধ্যায়ঃ ॥ ১৬॥

সপ্তদশোঽধ্যায়ঃ ।

ব্যাস উবাচ ।

শঙ্করস্য তু যে ভক্তাঃ শুভাচারা হি যোগি[illegible]
পূজনে যৎ ফলং তেষাং সমাসাৎ কথয়[illegible]

সনৎকুমার উবাচ

শৃণু বে সততং ভক্ত্যা [illegible] শিবযোগি[illegible]
প্রাপ্নুবন্তি মহাভোগানন্তে যোগ[illegible]
ভোগ্যান্নপানাদিভিঃ [illegible] সম্পূজ্য শিব[illegible]
প্রতিশ্রয়ান্নপানেন শয়্যাবস্ত্রাদিভিঃ সদা ।
যঃ করোতি হি [illegible] বিবিধচ্ছিদ্রযোগি[illegible]
ঈশ্বরো বা দরিদ্রো বা ভক্ত্যা [illegible]
[illegible]প্রত্যাক্ষেশৈর্ম্মানৈঃ [illegible]

সমস্ত নৈমিত্তিক কালে শিবের পূজা
নিত্য পূজা হইতে সহস্রগুণ [illegible]
জানিবে ৮৯—৯২

ষোড়শ অধ্যায় সমাপ্ত ১৬।

সপ্তদশ অধ্যায়

বেদব্যাস কহিলেন, [illegible] শঙ্করের
শুভাচারসম্পন্ন ও যোগজ্ঞান-পরায়ণ
শিবকে পূজা করিলে কি ফল হয়,
সংক্ষেপে বিবৃত করুন সনৎকুমার ক[illegible]
শ্রবণ কর। [illegible] সর্ব্বদা শিবযো[illegible]
অর্চ্চনা করেন, তাঁহারা অতুলভোগ ও
যোগের অধিকারী হন সেই হেতু [illegible]
গণ শিবযোগিগণকে আশ্রয়, অন্ন, পানী[illegible]
ও বস্ত্রাদি ভোগ্যবস্তু দ্বারা সর্ব্বদা পূজা
করেন। ধনসম্পন্নই হউন বা দরিদ্রই
যে ব্যক্তি ভক্তিপূর্ব্বক যথাশাস্ত্র শি[illegible]
শুশ্রূষা করেন, তাঁহার যে ফল হয়, [illegible]
কর। তিনি মৃত্যুর পর পৃথিবী[illegible]

...রং গচ্ছেৎ স সপ্তকুলসংযুতঃ ॥ ৫
...হাভোগৈঃ স্ত্রীসহস্রৈর্ম্মনোহরৈঃ।
...তং দিব্যং সেব্যমানঃ স তিষ্ঠতি ॥ ৬
...ভবনে তাবৎ কালং বসেৎ পুনঃ।
...বিধৈর্ভোগৈঃ স্ত্রীসহস্রৈশ্চ সেবিতঃ ॥ ৭
...ব্রহ্মলোকং সম্প্রাপ্য মোদতে পুনঃ।
...বিপুলৈস্তত্র তাবৎ কালং মনোহরৈঃ ॥৮
...গন্ধর্ব্ব-যক্ষলোকমনুক্রমাৎ।
...নাবিধান্ ভুক্ত্বা পৃথিব্যাং জায়তে পুনঃ
...বিপ্রাণাং প্রজ্ঞা-শীল-গুণান্বিতঃ।
...র্ব্বভাবেণ যোগীন্দ্রং সমুপাসতে ॥ ১০
...চ্ছিবজ্ঞানং প্রাপ্য যোগঞ্চ সেবতে।
...ক্তঃ সংসারাৎ প্রাপ্নোতি পরমং পদম্ ॥
...কার্য্যাদোর্ভেদৈর্বহুবিধৈঃ স্থিতঃ।
...সমাখ্যাতস্তপশ্চান্দ্রায়ণাদিকঃ ॥ ১২
...জপঃ প্রোক্তঃ শিবমন্ত্রস্য স ত্রিধা।

ধ্যানযজ্ঞঃ সমাখ্যাতঃ শিবচিন্তা মুহুর্মুহুঃ ॥ ১৩
অধ্যাপনমধ্যয়নং ব্যাখ্যা শ্রবণ-চিন্তনে।
ইতি পঞ্চপ্রকারোঽয়ং জ্ঞানযজ্ঞঃ প্রকীর্ত্তিতঃ ॥১৪
উত্তরোত্তরবৈশিষ্ট্যং সর্ব্বেষাং পরিকীর্ত্তিতম্।
পঞ্চানামপি যজ্ঞানাং জ্ঞানং ধ্যানং বিমুক্তিদম্ ॥১৫
নাস্তি জ্ঞানং বিনা ধ্যানং নাস্তি জ্ঞানমযোগিনঃ।
জ্ঞানং ধ্যানঞ্চ যস্যাস্তি তীর্ণস্তেন ভবার্ণবঃ ॥ ১৬
জ্ঞানং প্রসন্নমেকাগ্রমশেষাপায়বর্জ্জিতম্।
যোগাভ্যাসেন সততং বিরক্তস্যোপজায়তে ॥ ১৭
শ্রুতিচিন্তাময়ং জ্ঞানং বিকল্পবহুলং যতঃ।
তস্মাৎ তদপ্রসন্নত্বাচ্চঞ্চলং ন বিমুক্তিদম্ ॥ ১৮
শ্রুত্বা বিবদ্ধয়েজ্জ্ঞানং প্রাজ্ঞস্তচ্চিন্তয়েৎ সদা।
বিমলং তৎ প্রসন্নঞ্চ চিন্ত্যমানং ভবেচ্ছনৈঃ ॥১৯
আরম্ভকালে শ্রবণং ক্রিয়াকালে চ চিন্তনম্।

...কামপ্রদ বিমানে আরোহণ করিয়া ...সহিত শিবপুরে গমন করে। সেই ...দেবভোগ্য বিপুলভোগ ও মনোহর ...সহস্র কর্ত্তৃক সেবিত হইয়া দেবপরি- ...কল্পকোটি কাল অবস্থান করেন। ...বিবিধ বৈষ্ণবভোগে ও স্ত্রী-সহস্রে ...ইয়া তাবৎকাল বিষ্ণুপুরে বাস করেন; ... নানাভোগ অনুভব করিয়া, ব্রহ্ম- ...প্রাপ্ত হইয়া মনোরম নানাভোগ ...করত তাবৎকাল যাপন করেন। ...অনুক্রমে প্রজাপতিলোক, ইন্দ্র- ...গন্ধর্ব্বলোক, ও যক্ষলোকে বিপুল ...ভোগ করিয়া পৃথিবীতে পবিত্র ...ল প্রজ্ঞা ও গুণবান্ হইয়া জন্মগ্রহণ ...অনন্তর তিনি পূর্ব্বের ন্যায় শিব- ...পাসনা করেন। শিবযোগীর সংসর্গে ...প্রাপ্ত হইয়া ক্রমে যোগসেবা করেন। ...হইতে সংসারবিরক্ত হইয়া মুক্তি- ...ন। অর্থ সম্ভাব নিবন্ধন বহুপ্রকার ...কার্য্য, চান্দ্রায়ণাদি-ব্রতের নাম কর্ম্ম- ...উক্ত হইয়াছে। গুরুমুখ হইতে

শিবমন্ত্রের অধ্যয়ন, স্বাধ্যায়, তন্মন্ত্রের উপাংশু-জপ এবং বারংবার শিবচিন্তাই ধ্যানযজ্ঞ। অধ্যাপন, অধ্যয়ন, ব্যাখ্যা, শ্রবণ এবং চিন্তা এই পাঁচ প্রকার জ্ঞানযজ্ঞ; এই পাঁচটীর পূর্ব্ব পূর্ব্ব হইতে উত্তরোত্তরই প্রশস্ত। পঞ্চ-যজ্ঞ মধ্যে জ্ঞান ও ধ্যানই মুক্তিপ্রদ। ১—১৫। জ্ঞান ব্যতীত কখনই ধ্যান হয় না এবং ধ্যান-তৎপরতা ব্যতীত কেহই জ্ঞানাধিকারী নহে। যে ব্যক্তি জ্ঞান ও ধ্যান উভয়কেই অবলম্বন করিয়াছেন, তিনিই ভবসমুদ্রের পরপারে গমন করিয়াছেন। সংসার হইতে বিরক্ত হইলে সতত যোগভ্যাসবলে তামসবৃত্তিশূন্য, ঐকান্তিক, অপায়বর্জ্জিত জ্ঞান লাভ হয়। বেদচিন্তায় যে জ্ঞান লাভ হয়, তাহাতেও বাদী প্রতিবাদি-গণের নানামত, অতএব তাহা অপ্রসন্ন ও চঞ্চল; তাহা হইতে মুক্তিলাভ হয় না। প্রাজ্ঞ মানব গুরুমুখ হইতে শ্রবণ করিয়া, তদ্বাক্যের শব্দ নিরূপণ করিবে; অনন্তর ঐ বাক্যের চিন্তা করিবে। সর্ব্বদা চিন্তা করিলে ক্রমশ সেই বাক্যের প্রতিপাদ্য বিমল ও প্রসন্ন হয়। আরম্ভকালে শ্রুতিবাক্য হইতে শ্রবণ করিতে হইবে; ক্রিয়াকালে তাহার

ধানুং স্বজ্য তত্রৈব পরিবাবতি ॥ ৩৫
সঃ প্রায়ো যেন নাস্বাদিতো ভবেৎ।
ব রমতে তদ্বিহায়ৈব দুর্ম্মতিঃ ॥ ৩৬
ন তৃপ্তস্য কৃতকৃত্যস্য যোগিনঃ।
কিঞ্চিৎ কর্ত্তব্যমস্তি চেন্ন স তত্ত্ববিৎ ॥৩৭
হপি কর্ত্তব্যং কিঞ্চিদস্য ন বিদ্যতে।
বিমুক্তঃ স্যাৎ সম্পূর্ণঃ প্রিয়দর্শনঃ ॥ ৩৮
নাৎ পরং কিঞ্চিৎ পবিত্রং পাপনাশনম্
ভ্যাসযোগেন শনৈরাত্মনি বিন্দতি ॥ ৩৯
নি দানানি তপাংসি যজ্ঞাঃ
স-তীর্থাশ্রম কর্ম্ম-যোগাঃ।
র্থমেতৎ পুনরেতি মর্ত্ত্যো
ং ধ্রুবং শান্তিকরং মহার্ঘ্যম্ ॥ ৪০
াং পঠেদ্‌যো নিয়তো মহাত্মা
াকচিত্তঃ সততং শৃণোতি।
াণধর্ম্মং মুনিভিঃ প্রণীতং
ক্ষয়াৎ তস্য ভবেদ্বিমুক্তিঃ ॥ ৪১
ত্বমাপ্নোতি তপোভির্ব্রহ্মণঃ পদম্।

দানেন বিবিধান্ ভোগান্ জ্ঞানান্মোক্ষমবাপ্নুয়াৎ ॥
ধর্ম্মরজ্জ্বা ব্রজেদূর্দ্ধং পাপরজ্জ্বা ব্রজত্যধঃ।
দ্বয়ং জ্ঞানাসিনা ছিত্ত্বা বিদেহঃ শিবমৃচ্ছতি ॥৪৩
জ্ঞানিনাং যদ্যধর্ম্মেণ ভবেদ্বন্ধঃ শুভেন বা।
কথং মুক্তিঃ কথং তেষাং নিবদ্ধানাং শুভাশুভৈঃ
ন হি দেহভৃতা শক্যং কর্ম্ম ত্যক্তুং শুভাশুভম্।
গচ্ছতস্তিষ্ঠতো বাপি তদবশ্যং ভবেদ্‌ধ্রুবতঃ ॥ ৪৫
অধর্ম্মাবিনিবৃত্ত্যৈব ভবেৎ পুণ্যমকুর্ব্বতঃ।
ধর্ম্মত্যাগাদধর্ম্মস্য স তিষ্ঠেন্নিশ্চলঃ কথম্ ॥ ৪৬
তস্মাজ্জ্ঞানাসিনা ছিত্ত্বা অশেষং কর্ম্মবন্ধনম্।
কামাকামকৃতং ছিত্ত্বা শুদ্ধস্ত্বাত্মনি তিষ্ঠতি ॥ ৪৭
তথা বহ্নির্মহাদীপ্তঃ শুষ্কমার্দ্রঞ্চ নির্দ্দহেৎ।
তথা শুভাশুভং কর্ম্ম জ্ঞানাগ্নির্দহতে ক্ষণাৎ ॥৪৮
যথা স্ববলোপেতঃ ক্রীড়ন্ সর্পৈর্ন দশ্যতে।

র্ব কার্য্য পরিত্যাগপূর্ব্বক সেই মধুর ব্যস্ত হন। যে দুর্ম্মতি জ্ঞানামৃত-বঞ্চিত, সে এই মধুর রসপানে ইয়া, অন্যান্য বিষয়ে আসক্ত হয়। যে ানামৃত-রসপানে পরিতৃপ্ত হইয়াছেন, ার কোন কার্য্যই নাই; যদি অপর আসক্ত হন, তবে তিনি প্রকৃত যোগী যিনি প্রকৃত জ্ঞানী, তিনি সর্ব্বসম্পৎ প্রিয়দর্শন; তাঁহার ইহলোকে ও পর-কোন কর্ত্তব্য নাই। জ্ঞান হইতে াপনাশন কোন বস্তুই নাই, সর্ব্বদা বলে সেই জ্ঞানরত্ন লাভ করা যায়। তপস্যা, যজ্ঞ, সন্ন্যাস, তীর্থবাস এবং অনুষ্ঠান করিলে, স্বর্গপ্রাপ্তি হয় পুনর্ব্বার স্বর্গভ্রষ্ট হইয়া, ইহলোকে রিতে হয়। জ্ঞান অনপায়ী শান্তি-অমূল্য। যে মহাত্মা সংযত ও হইয়া, মুনিপ্রণীত পুরাণধর্ম্ম পাঠ রে, তাহার সকল পাপ বিনাশ ও

মোক্ষপ্রাপ্তি হয়। যজ্ঞানুষ্ঠানে দেবত্ব-প্রাপ্তি হয়, তপস্যা করিলে ব্রহ্মলোকে গমন করে, দান-বলে বিবিধ ভোগ প্রাপ্তি হয়, একমাত্র জ্ঞানই মুক্তিপ্রদ। মানব ধর্ম্মরূপ রজ্জু অবলম্বন করিয়া স্বর্গগামী হয় ও পাপরূপ রজ্জু দ্বারা নিরয়ে গমন করে; জ্ঞানরূপ খড়্গ দ্বারা এই উভয় রজ্জু ছেদন করিতে পারিলে, অশরীরী হইয়া মোক্ষের অধিকারী হয়। যদি জ্ঞানবান্ ব্যক্তি পাপ বা পুণ্য কর্ম্মে বদ্ধ হয়, তবে তাহার কিরূপে মুক্তি হয়? এমন দেহীই দৃষ্টি-গোচর হয় না, যে শুভাশুভ কর্ম্ম ত্যাগ করিয়াছে। গমনকালে বা অবস্থানকালে তাহা অবশ্যই সঙ্ঘটিত হয়। ৩১—৪৫। অপর পুণ্য না করিলেও পাপ হইতে নিবৃত্ত হইলেই পুণ্যভাজন হয় ও অন্য পাপ না করিলেও, নিত্য সন্ধ্যাবন্দনাদি ত্যাগ করিলেই পাপভাগী হয়। অতএব দেহী কিরূপে ধর্ম্মা-ধর্ম্ম হইতে নিবৃত্ত থাকিবে? অতএব জ্ঞান-রূপ কৃপাণ দ্বারা জ্ঞানাজ্ঞানকৃত অশেষ শুভা-শুভ-কর্ম্মরূপ বন্ধন ছিন্ন করিয়া, পরিশুদ্ধ-ভাবে পরমাত্মায় আসক্ত থাকিবে। যেমন প্রদীপ্ত পাবক শুষ্ক ও আর্দ্র ইন্ধনকে ভস্মসাৎ করে, সেইরূপ জ্ঞান শুভাশুভ উভয় কর্ম্মকেই ক্ষণ-

ন পশ্যন্তি তীর্থে মার্গন্তি তে শিবম্ ॥
সার্দ্ধং বা যত্র তিষ্ঠন্তি যোগিনঃ।
পবিত্রঞ্চ তৎ তীর্থং তৎ তপোবনম্ ॥
যোগস্থ যাং গতিং লভন্তে মুনিঃ।
মবাপ্নোতি সর্ব্বৈরপি মহামখৈঃ ॥৬৫
ন মহতা ভবেৎ পুণ্যং মহাফলম্।
াহিভ্যো ন তৎ স্যাদ্রত্নবাহিনাম্ ॥৬৬
বিনাশো বা নিত্যং পাষাণবাহিনাম্।
সম্প্রাপ্তির্ভবেন্নৈ রত্নবাহিনাম্ ॥ ৬৭
সুখৈর্জ্ঞশ্চ তপোভিরুগ্রৈ-
াপ্যতে ধর্ম্মমনন্তসংখ্যাম্।
ভাবেন শিবং ক্ষণার্দ্ধং
পরং মুক্তিকরং বিশুদ্ধম্ ॥ ৬৮
া রাজ্ঞঃ প্রিয়াঃ স্যুর্নঃ বহিশ্চরাঃ।
তথান্তর্ধ্যাননিরতাঃ প্রিয়াঃ শম্ভোর্ন কর্ম্মিণঃ ॥ ৬৯
যথান্তর্দন্তিনো দন্তাঃ সুখিনো ন বহিঃস্থিতাঃ।
তথান্তর্ধ্যাননিরতাঃ সংফলা ন বহিশ্চরাঃ ॥ ৭০
সদান্তর্ধ্যানযোগেন শিবমভ্যর্চ্চয়েৎ ততঃ।
যেন সম্প্রাপ্যতে জ্ঞানং মহার্ঘং গাঢ়গোচরম্ ॥৭১
কর্ম্মযোগো ভবেন্নো চেচ্ছিবো বিজ্ঞায়তে কুতঃ।
বৈরাপ্তঃ চ সহায়ত্বাৎ সুহৃদৈশ্চ যথা গজঃ ॥ ৭২
নৈকেন হি মরুদ্বর্ত্ম গচ্ছতীহ যথাণ্ডজঃ।
কর্ম্ম জ্ঞানময়ো দ্বাভ্যামাপ্যতে পরমং পদম্ ॥৭৩
সমভ্যর্চ্চ্য মুহূর্ত্তার্দ্ধং ধ্যায়েত পরমেশ্বরম্।
যন্তবেৎ সুমহৎ পুণ্যং ন চান্তস্তস্য বিদ্যতে ॥ ৭৪
যদান্তরা বিপদ্যেত জ্ঞানযোগার্থমুদ্যতঃ।
শ্রদ্ধয়া গুরুভক্ত্যা চ রৌদ্রং লোকং স গচ্ছতি ॥
অনুভূয় সুখং তত্র কুলে জায়েত যোগিনাম্।

শিবদর্শন করেন, প্রতিমাতে দর্শন শিবরূপ ভাবনার জন্যই প্রতিমা হইয়াছে। যে মানব সর্ব্বব্যাপী শ্বরের স্মরণ করেন, ভগবান্ শিব াহার আত্মাতে অবস্থান করেন। স্থ মহাদেবকে দর্শন করিতে সমর্থ ারাই তীর্থস্থানে শিবের অন্বেষণ স্থানে যোগিগণ একদিন বা অর্দ্ধ- রেন, সে স্থান মঙ্গলময়, পবিত্র, তপোবন-স্বরূপ। মননশীল মহাত্মা ইচ্ছা করিলেও যে গতি লাভ করেন, তীয় মহাযজ্ঞের অনুষ্ঠান করিলেও াপ্ত হয় না। রত্নলাভ করিতে না ীবনযাত্রা নির্ব্বাহজন্য যেমন মহা- ন করে, সেইরূপ যোগরত্ন লাভ না ক্লেশের সহিত পারত্রিক শুভকাম- র্শ্মের অনুষ্ঠান করিবে। কষ্টকর যজ্ঞ- উগ্র তপস্যা করিলে যে অসংখ্যধর্ম্ম হয়, ক্ষণার্দ্ধ কালমাত্র শুদ্ধভাবে প্রদ শঙ্করের ধ্যান করিলে তাহা য়। গূঢ়চারী চরগণ যেমন রাজার শ্চারী চর তেমন প্রিয় নহে; নিরতপর আত্মজ্ঞ শঙ্করের যেমন অদ্বিতীয় প্রিয়, কর্ম্মকাণ্ড নিরত সাধক তেমন নহে। হস্তীর বদন-মধ্যস্থ দন্তসমূহ যেমন প্রিয়, বহিঃস্থিত দন্ত তাদৃশ নহে; সেইরূপ অন্তর্ধ্যান নিরত মানবসমূহ মহাদেবের যেমন অতিমাত্র প্রীতিভাজন, কর্ম্মিগণ তেমন নহে। অতএব সর্ব্বদা মানস-ধ্যানযোগে শঙ্করের অর্চ্চনা করিবে, যে অর্চ্চনার প্রভাবে অতীন্দ্রিয়- গোচর মহামূল্য জ্ঞান লাভ করা যায়। কর্ম্ম- যোগও জ্ঞানযোগের সাধন; যেমন প্রতিপক্ষ গজের সম্মুখবর্ত্তী গজ, অপর মিত্রগজের সাহায্যে বিজয় লাভ করে, সেইরূপ কর্ম্মযোগ সাহায্যে মানব শিবপ্রাপ্তি লাভ করিতে সমর্থ হয়। পক্ষী যেমন এক পক্ষ দ্বারা আকাশ- মার্গে বিচরণ করিতে পারে না, কিন্তু পক্ষদ্বয়- সাহায্যে যথেচ্ছ বিচরণ করিতে পারে, সেই- রূপ কর্ম্ম ও জ্ঞান উভয় সাহায্যে পরমপদ লাভ হয়। ৬১—৭৩। পরমেশ্বরের পূজা করিয়া মুহূর্ত্তার্দ্ধকাল ধ্যান করিলে যে সুমহৎ পুণ্য লাভ হয়, তাহা অনন্ত। জ্ঞানযোগ- শিক্ষার্থ উদ্যত হইয়া অশিক্ষিত অবস্থায় যদি কালকবলে পতিত হয়, তবে সে শ্রদ্ধা ও ভক্তিপ্রভাবে রুদ্রলোকে গমন করে এবং সেই রুদ্রলোকে সুখানুভব করিয়া যোগী-

সকৃদ্দত্ত্বা সর্ব্বপাপৈঃ প্রমুচ্যতে॥ ৯১
ৰিবরং শান্তমীশানার্পিতমানসম্।
। সকৃদ্ভুক্ত্বা সর্ব্বান কামানবাপ্নুয়াৎ ॥৯২
গ্য যঃ শ্রাদ্ধে ভোজয়েচ্ছিবযোগিনঃ।
ৎবরং স্থানমেকবিংশকুলান্বিতঃ ॥৯৩
শিবং যোগী ভুঙ্‌ক্তেহন্নং সততং যতঃ।
চ্ছিবেনৈতৎ সুভুক্তমশনং ভবেৎ ॥৯৪
পাকান্নং নিবেদ্যাগ্নৌ চ হোমযেৎ।
রোর্ভাগমিত্যন্নং সততং বিধিঃ॥ ৯৫
রু-বিপ্রেভ্যঃ সর্ব্বপাকাগ্রমন্নম্।
াগ্না ভুঙ্‌ক্তে স রুদ্রো নাত্র সংশয়ঃ
চ যো ভুঙ্‌ক্তে স ভুঙ্‌ক্তে কিল্বিষং নরঃ
-বাণিজ্য-ক্রোধ-সম্মার্জ্জনাদিভিঃ।
ানি বর্দ্ধতে সূনাদোষৈস্তু পঞ্চভিঃ॥
নং তোযমগ্নিকুণ্ডনিপেষণম্।
স্থানাং নিত্যং পাপাভিবৃদ্ধয়ে।
পূজাভিঃ পাপৈরেতৈর্ন লিপ্যতে ॥৯৯

অগ্নেশ্চ পাত্তকৈর্গোরৈস্তস্মাৎ সম্পূজয়েৎ ত্রয়ম্।
শিবাগ্নিগুরুনৈবেদ্যেষাবৎ সিক্থাস্তু সংখ্যয়া॥
তাবদ্বর্ষসহস্রাণি দাতা শিবপুরে বসেৎ।
ঘৃতাপূপান্নসিক্থৈশ্চ পুণ্যং দশগুণোত্তরম্।
ষষ্টিকৌদননৈবেদ্যে সহস্রগুণিতং ফলম্ ॥১০১
সুগন্ধিশালিনৈবেদ্যে বিজ্ঞেয়ং তদ্দশাধিকম্।
রক্তশালিসুনৈবেদ্যে ফলং দশগুণং হি তৎ ॥১০২
কলমাশালিনৈবেদ্যে তস্য লক্ষাধিকম্ ফলম্।
এবং শালিবিশেষেণ ফলং স্যাদুত্তরোত্তরম্ ॥১০৩
সদ্ব্যঞ্জনঘৃতৈর্ভূয়স্তৎ পুণ্যমতিবর্দ্ধতে।
ক্ষীরভক্তেন নৈবেদ্যে তস্য পুণ্যং দশাধিকম্ ॥১০৪
দধি-শর্করয়া যুক্তে তৎ পুণ্যং স্যাদ্দশাধিকম্ ॥১০৫
রসান্নং সুরসং শীতং কর্পূরসুরভীকৃতম্।
নিবেদ্য পুণ্যমাপ্নোতি দশকোটিগুণাধিকম্ ॥১০৬
গুড়খণ্ডকৃতৈর্ভক্ষ্যৈর্ঘৃতেন পরিপাচিতৈঃ।
কোট্যুত্তরস্তু নৈবেদ্যৈঃ শিবাগ্নিগুরুবন্ধুষু ॥ ১০৭
যথা যথা চ শস্তানি স্নিগ্ধানি সুরভীণি চ।

ন করাইলে, সকল কাম লাভ করা মানব শিবগণ উদ্দেশে শ্রাদ্ধে শিব-ভোজন করায়, সে একবিংশতি কুলের লোকে গমন করে। শিবযোগী শ্বরের ধ্যান করিতে করিতে অন্ন-, অতএব সাক্ষাৎ শিবই সেই । শিব উদ্দেশে সর্ব্ব প্রকার পরান্ন হোম এবং গুরুর ভাগ করন শাস্ত্রোক্ত বিধি। শিব, অগ্নি, উদ্দেশে প্রতিদিন সর্ব্বপ্রকার দন করিয়া যিনি ভোজন করেন, শয় সাক্ষাৎ রুদ্র। যে ইহাদিগকে করিয়া ভোজন করে, সে কৃষি, , ক্রোধ ও কীটাদি-সম্মার্জ্জন-সমূহ ভোজন করে। গৃহস্থের পঞ্চসূনা অর্থাৎ হিংসাস্থান-জন্য পরিবর্দ্ধিত হয়। চুল্লী, সম্মার্জ্জনী, ও উদূখল-মুষল এই পঞ্চসূনা বৃদ্ধি করে। কিন্তু শিব, অগ্নি ও , দ্বারা ... পাপে এবং অন্য

ঘোর পাপে লিপ্ত হয় না। অতএব এই তিনের পূজা করা বিধেয়। শিব-নৈবেদ্য, গুরু-নৈবেদ্য বা অগ্নি নৈবেদ্যে যতগুলি অন্ন থাকে, দাতা তত সংবৎসর শিবপুরে বাস করেন। ঘৃত-পিষ্টক এবং ঘৃতান্নের অন্ন হইলে, দশগুণ অধিক পুণ্য হয়, অর্থাৎ তাদৃশ এক একটী অন্নদানে দশসহস্র বৎসর শিবলোকে বাস হয়। ষষ্টিক ওদনের যে নৈবেদ্য, তাহাতে সহস্রগুণ ফল; সুগন্ধি শালি-নৈবেদ্যে তাহারও দশগুণ অধিক ফল। রক্তশালি-নৈবেদ্যেও তদপেক্ষা দশ গুণ অধিক ফল, আর কামশালি-নৈবেদ্যে লক্ষ গুণ ফল। এইরূপ শালিধান্য-বিশেষে উত্তরোত্তর ফলবৃদ্ধি হয়। উত্তম ব্যঞ্জন এবং ঘৃতযোগে বিশেষপ্রকার পুণ্যবৃদ্ধি হইয়া থাকে। ক্ষীর-ভক্ত নৈবেদ্যে দশগুণ, দধি-শর্করাযুক্ত নৈবেদ্যে দ্বাদশগুণ, সুরস, শীতল, কর্পূরবাসিত রসান্ন নিবেদনে, দশকোটি-গুণাধিক পুণ্যলাভ হয়। গুড়খণ্ড-সম্পাদিত ঘৃতপক্ব ভক্ষ্য-নৈবেদ্য শিব, অগ্নি, গুরু এবং বন্ধুগণকে প্রদান করিলে, কোটিগুণ পুণ্য হয়। অন্যান্য যে

। জন্ম জ্ঞানহীনস্য নিষ্ফলম্ ॥ ১২৪
। প্রতরন্ নিমজ্জত্যুদকে যথা।
হীতা চ পতত্যন্ধে তমস্যতঃ ॥ ১২৫
র্বভূতেভ্যঃ শ্রদ্ধয়া যৎ প্রদীয়তে।
বিজ্ঞেয়ং সার্ব্বকামিকমুত্তমম্ ॥ ১২৬
ানাথ-বাল-বৃদ্ধ-কৃশাতুরান্।
য়েন্নিত্যমর্থী গৃহ্লাতি নিত্যশঃ ॥১২৭
নিনঃ পাত্রং সম্পৃহত্যান্ন তেঽর্থিনঃ।
তৎপূজা পর্য্যাপ্তং জন্মনঃ ফলম্ ॥
নমুদিশ্য প্রতিগৃহ্নন্তি সাধবঃ।
ারায় গৃহ্লন্তি মুনয়ো মনাক্ ॥১২৯
র্থত্বাৎ প্রার্থনীয়োঽনুকম্পয়া।
দারিদ্র্যাৎ দানাদৈশ্বর্য্যমাপ্নুয়াৎ ॥১৩০
ারায় বদত্যর্থী দদস্ব মে।
অদর্ষমধস্তিষ্ঠেৎ প্রতিগ্রহী ॥ ১৩১
দত্যর্থী জনং বোধয়তীব সঃ।

যদিদং কষ্টমর্থিত্বং প্রাগদানফলং হি তৎ ॥ ১৩২
বোধয়ন্তি ন যাচন্তে দেহীতি কৃপণং জনাঃ।
অবস্থেয়মদানস্য মা ভূদেবং ভবানিতি ॥১৩৩
ইতি কল্যাণমায়াত্তমর্থিনং কো ন পূজয়েৎ।
দানাৎ স্বর্গমবাপ্নোতি কো নু বন্ধুরিহার্থিনঃ ॥১৩৪
ইহামুত্র ফলেনাপি দাতারমনুযোজয়েৎ।
আয়াত্যর্থী গৃহং দাতুঃ কস্তং ন প্রতিপূজয়েৎ ॥
নার্থিনঃ স্যুঃ কথং পূজ্যা যাচমানা দিনে দিনে।
যে বলাদপ্যনিচ্ছন্তো বীজয়ন্তি শ্রিয়া সহ ॥ ১৩৬
অহন্যহনি মার্গন্তং কো ন বিদ্যাদ্‌গুরুং যথা।
মার্জ্জনং দর্পণস্যেব যঃ করোতি দিনে দিনে ॥১৩৭
করমুত্তারকং কৃত্বা দানং গৃহ্লাতি যো দ্বিজঃ।
দানাদূর্দ্ধগতিস্তেন দাতুর্দর্শয়তীব সঃ ॥ ১৩৮
একেন তিষ্ঠতাধস্তাদন্যেনোপরি তিষ্ঠতা।
দাতৃ-যাচকয়োর্ভেদঃ করাভ্যামেব সূচিতঃ ॥ ১৩৯
যঃ প্রাপ্তেঽর্থিনি দীনে তু ত্যক্ত্বা পাত্রং প্রতীক্ষতে

জ্ঞানহীন বিপ্রের জন্ম নিরর্থক।
পার হইতে গেলে যেমন জলমগ্ন
দ্রূপ অপাত্রে দান করিলে, দাতা
কেই নরকে নিপতিত হইতে হয়।
র্বভূত উদ্দেশে যে দান করা হয়,
ামিক উত্তম দান। দরিদ্র, অন্ধ,
থ, বালক, বৃদ্ধ, কৃশ এবং আতুর
নিত্য দান করা কর্ত্তব্য, কেননা
ারই নিত্য প্রতিগ্রহ ঘটা উচিত।
ই জ্ঞানিগণ পাত্র; লোভ বশত
র্থী হন, এরূপ নহে। তাঁহাদের
সম্পূর্ণরূপে জন্ম সার্থক হয়।
উদ্দেশে প্রতিগ্রহ করেন না;
পকারার্থ ই কোনরূপে প্রতিগ্রহ
। সাধুগণ, অনুকম্পা বশত
দ্রগণের নিকট প্রার্থনা করিবে;
লে দারিদ্র্যই থাকিবে; দান
লাভ করিবে। অর্থী দাতার
লন, 'আমাকে দান কর,' তাহা
উর্দ্ধগামী এবং প্রতিগ্রহীতা
হয়। অর্থী 'দেহি' (দেও)

বলিয়া যেন ইহাই বুঝাইয়া দেয়, কষ্টজনক যাচকত্ব পূর্ব্বজন্মে দান না করার ফল! লোকে কৃপণের নিকট যে 'দেহি' বলে, তাহা যাচ্ঞা নহে; কিন্তু 'দান না করিলে যাদৃশ অবস্থাপন্ন হইতে হয়, আপনি এরূপ হইবেন না' এই কথা বুঝান মাত্র। এই প্রকার মূর্ত্তিমান্ কল্যাণ স্বরূপ সমাগত যাচককে পূজা না করিবে কে? দানের ফল স্বর্গলাভ, অতএব ইহলোকে যাচক অপেক্ষা বন্ধু আর কে আছে? দাতৃগৃহে সমাগত অর্থী, দাতার ইহকালের ও পরকালের ফল প্রদান করিয়া থাকেন, তাঁহাকে পূজা না করিবে কে? যাঁহারা প্রত্যহ যাচ্ঞা করিয়া, অনিচ্ছুক দাতাকেও বলপূর্ব্বক শ্রীমান্ করিয়া থাকেন, সেই মহর্ষিগণ যে পূজ্য, তদ্বিষয়ে আর কথা কি আছে? যিনি প্রত্যহ দর্পণের মার্জ্জনের ন্যায় মার্জ্জন সম্পাদন করেন, তাদৃশ যাচক ব্যক্তিকে গুরুবৎ জ্ঞান না করিবে কে? উত্তানহস্তে দানগ্রহণ বুঝি দাতার ভাবী ঊর্দ্ধগতির সাঙ্কেতিক চিহ্ন। এক হস্ত অধোভাগে, আর এক হস্ত ঊর্দ্ধভাগে; এই প্রকার দুই হস্তই যাচক এবং দাতার তারতম্য বুঝাইয়া দেয়।

লং জেয়ং শিবক্ষেত্রানুভাবতঃ ॥ ১৫৬
স্রসূর্য্যাভ্যামুত্তরায়ণদক্ষিণম্।
ব্যতীপাতং ষড়শীতিমুখং তথা ॥ ১৫৭
ানি সংক্রান্তির্যুগান্তাশ্চ যুগাদয়ঃ।
লাঃ সমাখ্যাতাঃ পুংসাং পুণ্যবিবর্দ্ধনাঃ ॥
মুক্তং কালে দানং দত্তং সদাক্ষয়ম্ ॥ ১৫৯
তেব জননী জ্ঞানস্য সুকৃতস্য চ।
াং সমুৎপাদ্য দেয়মক্ষয়মিচ্ছতা।
শ্রদ্ধয়া পাত্রে বিধিবৎ প্রতিপাদিতম্ ॥ ১৬০
লং তেষামপি গ্রাসার্দ্ধমাত্রকম্ ॥ ১৬১
র্ত্তেষু দীনেষু গুণান্বিতেষু
বহু স্বল্পমপি প্রদত্তম্
সর্ব্বকামান সমুপৈতি লোকে
ব লোকে প্রবদন্তি তজ্জ্ঞাঃ ॥ ১৬২

শৈবে ধর্ম্মসংহিতায়াং বিবিধক্রিয়াফল-
কীর্ত্তনে সপ্তদশোঽধ্যায়ঃ ॥ ১৭

ফলের কারণ শিবক্ষেত্রপ্রভাব। চন্দ্র-
সূর্য্যগ্রহণ, অয়ন, বিষুব ও ষড়শীতি
সংক্রান্তি, ব্যতীপাত, ত্র্যহস্পর্শ, যুগান্ত
াদিতিথি এই সব কাল পুণ্যবৃদ্ধির
দেশকাল-পাত্র-বিশেষে ভক্তিভাবে যে
হা অক্ষয়। শ্রদ্ধা—জ্ঞান এবং পুণ্যের
া। অতএব, অক্ষয় ফলাভিলাষী
শ্রদ্ধা উৎপাদন করিয়া দান করা
শ্রদ্ধাসহকারে যথাবিধি সৎপাত্রে যে
যায়, তাহা অর্দ্ধগ্রাস মাত্র হইলেও
ন্তফল। আর্ত্ত, দরিদ্র বা গুণান্বিত
দ্ধাসহকৃত বহু বা অল্প দানও সর্ব্ব
সাধক, অভিজ্ঞগণ ইহা বলিয়া
১৪১—১৬২।

াপ্তদশ অধ্যায় সমাপ্ত ॥ ১৭ ॥

অষ্টাদশোঽধ্যায়ঃ।

সূত উবাচ।

তত্র যে পাপনিলয়াঃ স্থূলা নরকহেতবঃ।
তে সমাসেন কথ্যন্তে বাঙ্মনঃকায়সংস্থিতাঃ ॥ ১
পরস্ত্রীদ্রব্যসঙ্কল্পং চেতসানিষ্টচিন্তনম্।
অকার্য্যাভিনিবেশশ্চ চতুর্দ্ধা কর্ম্ম মানসম্ ॥ ২
অনিবদ্ধপ্রলাপিত্বমসত্যঞ্চাপ্রিয়ঞ্চ যৎ।
পরোক্ষতশ্চ পৈশুন্যং চতুর্দ্ধা কর্ম্ম বাচিকম্ ॥ ৩
অভক্ষ্যভক্ষণং হিংসা মিথ্যাকার্য্যনিবেশনম্।
পরস্বানামুপাদানং চতুর্দ্ধা কর্ম্ম কায়িকম্ ॥ ৪
ইত্যেতদ্দ্বাদশবিধং কর্ম্ম প্রোক্তং নৃসাধনম্।
অস্য ভেদান্ পুনর্বক্ষ্যে যেষাং ফলমনন্তকম্ ॥ ৫
যে দ্বিষন্তি মহাদেবং সংসারার্ণবতারকম্।
সুমহৎপাতকোপেতাস্তে যান্তি নিরয়ং নরাঃ ॥ ৬
নিন্দন্তি শিবং শাস্ত্রং জ্ঞানং সর্ব্বার্থসাধকম্।
সুমহৎপাতকং তেষাং নিরয়ার্ণবগামিনাম্ ॥ ৭
যে শিবজ্ঞানবক্তারং নিন্দন্তি চ তপস্বিনম্।
গুরুন্ পিতৄনথোপেতাস্তে যান্তি নিরয়ার্ণবম্ ॥ ৮

অষ্টাদশ অধ্যায়।

সূত বলিলেন,—বাক্য, মন এবং দেহের যে সব স্থূলকার্য্য, পাপের মূল এবং নরকের হেতু, সংক্ষেপে তাহা বলিতেছি। পরদার-চিন্তা, পরদ্রব্যাভিলাষ, মনে পরকীয় অনিষ্ট-চিন্তা এবং অকার্য্যে অভিনিবেশ এই চতুর্ব্বিধ মানসকর্ম্ম পাপজনক। অসম্বদ্ধ প্রলাপ, অসত্য বাক্য, অপ্রিয়-বাক্য এবং পরোক্ষে পৈশুন্য, বাচিক পাপ 'এই চতুর্ব্বিধ। অভক্ষ্য ভক্ষণ, হিংসা, মিথ্যাকার্য্যে চেষ্টা এবং পরস্বগ্রহণ কায়িক পাপ এই চতুর্ব্বিধ। এই দ্বাদশবিধ কর্ম্ম নরকের সাধন। এই দ্বাদশবিধ কর্ম্মের প্রকারভেদ বহুতর, তাহাদের ফলও অনন্ত; সেই সব কথা বলিতেছি;—সংসার-সমুদ্র-তারক মহাদেবকে যাহারা বিদ্বেষ করে, সেই মহাপাপীরা নরকে গমন করে। সর্ব্বার্থসাধক শিব, শাস্ত্র এবং জ্ঞানের নিন্দা

...ভিমানেন নিন্দেদযতি শুচিজম্।
। সভামধ্যে ব্রহ্মহা স প্রকীর্ত্তিতঃ ॥ ২৫
...র্থ আত্মানং নয়ত্যুৎকর্ষতাং বলাৎ।
নিরুদ্ধ্যাদ্যঃ স চ বৈ ব্রহ্মহা ভবেৎ ॥২৬
...দেহানাং গৃহত্যাগী সভাস্তু যঃ।
...নঃ ক্রূরঃ স চ বৈ ব্রহ্মহা ভবেৎ ॥ ২৭
পরিজ্ঞায় নৃপকর্ণে জপেৎ তু যঃ।
পিশুনঃ ক্ষুদ্রঃ স চ বৈ ব্রহ্মহা ভবেৎ ॥
...ভূতানাং দ্বিজানাং গুরুপূর্ব্বকম্।
...ত বিঘ্নং তমাহুর্ব্রহ্মঘাতকম্ ॥ ২৯
...গবাং ভূমিং প্রদত্তাং হরতে তু যঃ।
কালেন তমাহুর্ব্রহ্মঘাতকম্ ॥ ৩০
...হরণং ন্যায়েনৈবোপপাদিতম্
...ং ক্লেশং পানকং নাত্র সংশয়ঃ ॥ ৩১
দ্বিজো বেদং ব্রতজ্ঞানং শিবাত্মকম্।
যো মূঢ়ঃ সুরাপানস্য তৎ সমম্ ॥ ৩২
ব্রতং গৃহ্য নিয়মং যজনং তথা।

সন্ত্যাগী পঞ্চযজ্ঞানাং সুরাপানেন তৎসমম্ ॥ ৩৩
পিতৃমাতৃপরিত্যাগী কূটসাক্ষী দ্বিজেষ্বমৃতে।
অপ্রিয়ং শিবভক্তানামভক্ষ্যস্য চ ভক্ষণম্ ॥ ৩৪
বনে নিরপরাধানাং প্রাণিনাঞ্চোপঘাতনম্।
দ্বিজার্থং প্রতি যৎ সাধূন্ ধর্ম্মার্থস্তু নিযোজয়েৎ ॥
গবাং মার্গে বনে গ্রামে যচ্চৈবাগ্নিঃ প্রদীয়তে।
ইতি পাপানি ঘোরাণি ব্রহ্মহত্যাসমানি তু ॥ ৩৬
দীনে সর্ব্বস্বহরণং নর-স্ত্রী-গজ-বাজিনাম্।
গো-ভূ-রজত-বস্ত্রাণামোষধীনাং রসস্য চ ॥ ৩৭
চন্দনাগুরু কর্পূর-কস্তূরী-পটবাসসাম্।
হস্তন্যাসাপহরণং রুক্মস্তেয়সমং স্মৃতম্ ॥ ৩৮
কন্যানাং বরযোগ্যানামদানাং সদৃশে বরে।
পুত্র-মিত্র-কলত্রেষু গমনং ভগিনীষু চ ॥ ৩৯
কুমারীসাহসং ঘোরমন্ত্যজস্ত্রীনিষেবণম্।
সবর্ণাস্বপি গমনং গুরুভার্য্যাসমং স্মৃতম্ ॥ ৪০
মহাপাতকতুল্যানি শৃণুধ্বমুপপাতকম্ ॥ ৪১

...র, সে মানব ব্রহ্মঘাতী। যে ব্যক্তি ...ব্রাহ্মণকে বিদ্যাভিমানে সভামধ্যে ...করে, সে ব্যক্তিও ব্রহ্মঘাতী বলিয়া ...া গুণখ্যাপন করিয়া বলপূর্ব্বক সম্পাদন যে করে এবং পরকীয় ...প করে, সে ব্যক্তিও ব্রহ্মঘাতী। ...ও সজ্জনগণকে গৃহ হইতে, যে ...রিয়া দেয় এবং যে পরের উদ্বেগ-..., সে ব্যক্তিও ব্রহ্মঘাতী। পরের ... হইয়া রাজার কর্ণে তাহা যে সেই পাপিষ্ঠ ক্ষুদ্রাশয় ক্রূর ও ...িয়া গণ্য। তৃষ্ণার্ত্ত গুরু, গো ...ণের জলপানে যে বিঘ্ন করে, ...াকে ব্রহ্মঘাতী বলিয়া থাকে। ...গো উদ্দেশে প্রদত্ত ভূমি, কালে ... তাহা হরণ করিলে ব্রহ্মহত্যা-...প্রদত্ত দেবস্ব বা দ্বিজস্বের অপ-...র তুল্য পাতক। যে মূঢ় দ্বিজ, ...দান বেদ অধ্যয়ন করিয়া পরি-...হার পাপ সুরাপানের তুল্য। যে কোন ব্রত-নিয়ম বা যজ্ঞ গ্রহণ করিয়া তাহার পরিত্যাগ আর পঞ্চযজ্ঞ পরিত্যাগ সুরাপানের তুল্য। পিতৃমাতৃ-পরিত্যাগ, কূটসাক্ষ্য, ব্রাহ্মণ-বিষয়ে মিথ্যা কথা, শিবভক্তের অপ্রিয়াচরণ, অভক্ষ্য-ভক্ষণ, বনে নিরপরাধ প্রাণীদিগের বিনাশ, ধর্ম্মব্যপদেশে সাধুগণ দ্বারা আত্মকার্য্য সম্পাদন এবং গোমার্গ, বন অথবা গ্রামে অগ্নি-দান, এই সব ঘোরপাতক ব্রহ্মহত্যাসদৃশ। দরিদ্রের সর্ব্বস্ব-হরণ, নর, স্ত্রী, গজ, বাজী, গো, ভূমি, রজত, বস্ত্র, ওষধি, রস, চন্দন, অগুরু, কর্পূর, কস্তূরী ও পটবাস নামক গন্ধ-দ্রব্য, এই সব বস্তু অপহরণ এবং গচ্ছিত ধনের অপহরণ সুবর্ণস্তেয়ের তুল্য। বিবাহ-যোগ্যা কন্যার সদৃশ বরে অপ্রদান, পুত্রবধূ, মিত্রবধূ ও ভগিনীতে উপগত হওয়া, কুমারীর প্রতি বলাৎকার, অন্ত্যজ-স্ত্রীসম্ভোগ এবং সবর্ণা-পরস্ত্রীতে গমন, গুর্ব্বঙ্গনা-গমনের তুল্য, * অতএব উক্ত পাপ সকল মহাপাতক

---

* এ সব স্থলের মীমাংসা স্মৃতি হইতে কর্ত্তব্য। সম্পাদক।

তানাঞ্চ পাকভেদং করোতি যঃ।
-নরাঃ পাপৈরুপপাতকিনঃ স্মৃতাঃ॥
াণ্যানি শৃণু তানি ব্রবীমি তে।
-কন্যানাং স্বামি-মিত্র-তপস্বিনাম্॥
দি তে নরা নারকা মতাঃ।
াস্থে রু পরদ্রব্যস্য সূচকাঃ॥ ৬২
ত্যং তৌল্যমিথ্যানুকারকাঃ।
য তু প্রহারকোঙ্করন্তি যে॥ ৬৩
ঃ শূদ্রং সুরাঙ্কাপ্নাতি কামতঃ।
াঃ ক্রূরা যেঽপি হিংসাপ্রিয়া নরাঃ
পি কুর্ব্বন্তি দানযজ্ঞাদিকাং ক্রিয়াম্
রথ্যাসু তরুচ্ছায়ানগেসু চ॥ ৬৫
রীষাদ্যমারামায়তনেসু চ।
দযু মদ্যপানরতা নরাঃ॥ ৬৬
াশ্চ রন্ধ্রাম্বেষণতৎপরাঃ।
কাষ্ঠৈঃ শৃঙ্গৈঃ শঙ্কুভিরেব চ॥৬৭
ন্তি পরসীমাং হরন্তি যে
ঃ কূটকর্ম্মক্রিয়ারতাঃ॥ ৬৮
। কূটসংব্যবহারিণঃ।

একপংক্তিস্থ ব্যক্তিগণের পাক-
সকল পাপযুক্ত নর-নারীর উপ-
থকে। ৪২—৬০। অন্য পাপের
হি শ্রবণ কর;—গো, ব্রাহ্মণ,
মিত্র এবং তপস্বীদিগের কার্য্য-
রে, তাহারা ন্যরকী। পরস্ত্রী-
রদ্রব্য সূচতকা, পরদ্রব্য-হরণ,
ের সহিত স্বীয় সাম্য-খ্যাপনের
বহার, দ্বিজ-দুঃখোৎপাদন, দ্বিজের
ামতঃ সুরাঘ্রাণ, পাপাভিরতি,
, জাতিতে উঠিবার জন্য দান-
-অনুষ্ঠান, গোষ্ঠ, অগ্নি, জল,
য়া, পর্ব্বত, উদ্যান, দেবায়তন,
প্রাসাদে শৌচ-প্রস্রাবাদি-ত্যাগ,
ন, পরচ্ছিদ্রান্বেষণ, বংশ, ইষ্টক,
শৃঙ্গ এবং শঙ্কু দ্বারা মার্গাব-
হরণ, কূট-শাসন-নির্ম্মাণ, কূট-
দি, কূট-বাণিজ্য এবং শরাসন-

বণুষাং শস্ত্রশল্যানাং কর্ত্তা যঃ ক্রয়বিক্রয়ী॥ ৬৯
নির্দ্দয়োঽতীব ভৃত্যেষু পশূনাং দমনশ্চ যঃ।
মিথ্যাপ্রবাদতো বাচ আকর্ণয়তি যঃ শনৈঃ॥ ৭০
স্বামি-মিত্র-গুরুদ্রোহী মায়াবী চপলঃ শঠঃ।
ভার্য্যাপুত্রাপ্তমিত্রাণি বাল-বৃদ্ধ-কৃশাতুরান্॥ ৭১
ভৃত্যানতিথিবন্ধূংশ্চ ত্যক্ত্বাশ্নাতি বুভুক্ষিতান্।
যঃ স্বয়ং মিষ্টমশ্নাতি বিপ্রেভ্যো ন প্রযচ্ছতি॥৭২
বৃথাপাকী স বিজ্ঞেয়ো ব্রহ্মবাদিষু গর্হিতঃ।
নিয়মান্ স্বয়মাদায় যে ত্যজন্ত্যজিতেন্দ্রিয়াঃ॥৭৩
প্রব্রজ্যাবসিতা যে চ রহস্যস্য প্রভেদকাঃ।
যে তাড়য়ন্তি গাঃ ক্রূরাঃ শপন্তে চ মুহুর্ম্মুহুঃ॥৭৪
দুর্ব্বলান্ যে ন পুষ্ণন্তি সততং যে ত্যজন্তি চ।
পীড়য়ন্তি চ ভারেণ সততং বাহয়ন্তি চ॥ ৭৫
যোঽর্দ্ধযামাৎ প্রহরান্ধা সংযতান্ ন বিমুঞ্চতি।
যে ভারাক্রান্তরোগার্ত্তান্ গোবৃষাংশ্চ ক্ষুধাতুরান্॥

শস্ত্র-শল্য-নির্ম্মাণ যাহারা করে, যে ব্যক্তি ভৃত্য-
বর্গে নিতান্ত নির্দ্দয় ও পশুদমনকারী, যে মিথ্যা-
বাদীর বাক্য আদরপূর্ব্বক শ্রবণ করে, স্বামী,
মিত্র ও গুরুগণের দ্রোহপরায়ণ হয়, মায়াবী,
চপল-স্বভাব ও শঠ-প্রকৃতি, যে নর ক্ষুধার্ত্ত
ভার্য্যা, পুত্র, মিত্র, বালক, বৃদ্ধ, আতুর, ভৃত্য,
অতিথি এবং বন্ধুবর্গকে পরিত্যাগ করিয়া
স্বয়ং ভোজন করে, যে ব্রাহ্মণকে মিষ্টান্ন দান
করে না, কেবল স্বয়ং তাহা ভোজন করে,
সেই বৃথা-পাকশীল নর বেদবিৎ-সমাজে
নিন্দিত। যে অজিতেন্দ্রিয় স্বয়ং নিয়ম গ্রহণ
করিয়া তাহা পরিত্যাগ করে, যে সন্ন্যাস অব-
লম্বন করিয়া পুনর্ব্বার গৃহস্থাশ্রমে প্রবেশ
করে, যে রহস্যের ভেদ করে, যে ক্রূর গো-কে
প্রহার এবং বারংবার তিরস্কার করে; যাহারা
দুর্ব্বল পশুকে পোষণ করে না, সর্ব্বদা ত্যাগ
করে, অধিক ভার দিয়া তাহাদিগকে পীড়িত
করে এবং সর্ব্বদা বহন করায়; যে হল-শক-
টাদিতে পশু-যোজন করিয়া, অর্দ্ধ প্রহার মধ্যে
মোচন করে না এবং প্রহার করে; যাহারা
ভারাক্রান্ত ও রোগাক্রান্ত ও ক্ষুধাতুর গোবৃষকে
সযত্নে পালন করে না, সেই নিরয়গামী ব্যক্তি-

...বর্ষেণ হন্যমানাশ্চ সর্ব্বতঃ ॥ ২১
...পাতৈশ্চ উল্কাপাতৈশ্চ দারুণৈঃ।
...রবর্ষেণ দহ্যমানাঃ শ্বসন্তি চ ॥ ২২
...ংশুবর্ষেণ পূর্য্যমাণা রুদন্তি চ।
...বৈর্ঘোরৈস্তস্তে চ মুহুর্মুহুঃ ॥ ২৩
...বর্ষেণ ভিদ্যমানাশ্চ সর্ব্বতঃ।
...ধারাভিঃ সিচ্যমানা ব্রজন্তি তে ॥ ২৪
...ন মরুতা রুক্ষেণ পরুষেণ বা।
...দ্যমানাশ্চ শুষ্যন্তে সঙ্কুচন্তি চ ॥ ২৫
...র্ণে রৌদ্রেণ পাথেয়রহিতেন চ।
...ন দুর্গেণ নির্জ্জনেন সমন্ততঃ ॥ ২৬
...র মহতা নির্জ্জনাপাশ্রয়েণ চ।
...ণ কষ্টেন সর্ব্বদুঃখাশ্রয়েণ চ ॥ ২৭
...চিনঃ সর্ব্বে যে মূঢ়াঃ পাপকর্ম্মিণঃ।

যমদূতৈর্মহাঘোরৈস্তদাজ্ঞাকারিভির্বলাৎ ॥ ২৮
একাকিনং পরাধীনং মিত্র-বন্ধুবিবর্জ্জিতম্।
শোচন্তঃ স্বানি কর্ম্মাণি রুদন্তশ্চ মুহুর্মুহুঃ ॥ ২৯
প্রেতীভূতা বিবস্ত্রাশ্চ শুষ্ককণ্ঠৌষ্ঠতালুকাঃ।
কৃশাঙ্গা ভয়ভীতাশ্চ দহ্যমানাঃ ক্ষুধাগ্নিনা ॥ ৩০
বদ্ধশৃঙ্খলয়া কেচিদুত্তানপাদয়োর্নরাঃ।
কৃষ্যন্তে কৃষ্যমাণাশ্চ যমদূতৈর্বলোৎকটৈঃ ॥ ৩১
উরসাধোমুখাশ্চান্যে ঘৃষ্যমাণাঃ সুদুঃখিতাঃ।
কেশপাশনিবন্ধেন সমাকৃষ্যন্তি রজ্জুভিঃ ॥ ৩২
ললাটে চাঙ্কুশেনান্যে ভিন্নাঃ কৃষ্যন্তি দেহিনঃ।
উত্তানাঃ কণ্টকপথা কচিদঙ্গারবর্ত্মনা ॥ ৩৩
পশ্চাদ্বাহুকবদ্ধাশ্চ জঠরে চ প্রপীড়িতাঃ।
পূরিতাঃ শৃঙ্খলাভিশ্চ হস্তয়োশ্চ সুকীলিতাঃ ॥ ৩৪
গ্রীবাপাশেন কৃষ্যন্তি প্রয়ান্ত্যন্যে সুদুঃখিতাঃ।
জিহ্বাঙ্কুশপ্রবেশেন সমাকৃষ্যন্তি রজ্জুনা ॥ ৩৫
নাসাভেদেন রজ্জ্বা চ সমাকৃষ্যন্তি চাপরে।
ভিন্নাঃ কপোলয়ো রজ্জ্বা কৃষ্যন্তে তথৌষ্ঠয়োঃ ॥ ৩৬

...ন করিতে হয়। কোন স্থানে বিদ্যুৎ-...র্ণ হইয়া, কোথাও চতুর্দ্দিকে দারুণ ...মান হইয়া, কোথাও বজ্রপাত, দারুণ প্রদীপ্ত অঙ্গারবর্ষণে দহ্যমান হইয়া, ...করিতে করিতে গমন করিতে হয়। ...ধূলিবর্ষণে শরীর পরিপূর্ণ হওয়ায় ...তে থাকে। কোথাও মহামেঘসমূহের ...রীর ত্রস্ত হয় ও চতুর্দ্দিক্ হইতে ...যুধবর্ষণে দেহ ভিন্ন হইয়া পড়ে। ...ক্ষারযুক্ত বারিধারায় সিক্তকলেবর ...হারা অতি দুঃখে গমন করে। ...ল, রুক্ষ বা পরুষ সমীরণে বীজিত ...ক্ষ শরীর হয়; তৎকালে তাহারা ...কন্দন পরিবেদন করিতে করিতে ...। এই প্রকার বিকরাল যমদূত...গের আজ্ঞাকারিগণ মূঢ় পাপকারী ...ভয়জনক, পাথেয়-রহিত, অবলম্বন-...জলহীন, নির্জ্জন বাসস্থানযুক্ত, কষ্টকর এবং সর্ব্বদুঃখের আকর ...লইয়া যায়। ১৬—২৬। উৎকট ...তগণ একাকী, পরাধীন, সুহৃদ্বন্ধু-...পকারী মানবগণকে আকর্ষণাদি ...করিতে থাকে। তখন তাহারা আপনাদিগের দুষ্কৃত কর্ম্মের নিন্দা করে ও মুহুর্মুহু রোদন করিতে থাকে। তাহাদিগের শরীর মৃত, বিবস্ত্র, কণ্ঠ ওষ্ঠ ও তালু শুষ্ক হইয়া পড়ে। অঙ্গ কৃশ, ভয়ে নিতান্ত ভীত এবং ক্ষুধাগ্নিতে দগ্ধ হইতে থাকে। যমদূতগণ কাহার পাদ উত্তান করিয়া, তাহাতে শৃঙ্খল বন্ধনপূর্ব্বক নিদারুণ ভাবে আকর্ষণ করে। অধোমুখ করিয়া বক্ষোদেশে ঘর্ষণ করে, রজ্জু দ্বারা কেশপাশ বন্ধন করিয়া আকর্ষণ করে। কেহ কেহ অঙ্কুশাঘাতে বিভিন্ন-ললাট হইয়া, ক্লেশ ভোগ করিতে থাকে। কাহাকেও বা উত্তান করিয়া, কণ্টক ও অঙ্গার-পথ দ্বারা আকর্ষণ করিয়া, পশ্চাদ্ভাগে বাহু বন্ধনপূর্ব্বক জঠরদেশে নিপীড়ন করে। কাহার শৃঙ্খলা-দ্বারা সর্ব্বাঙ্গ বন্ধন করিয়া, হস্তদ্বয়ে শল্য বিদ্ধ করে। গ্রীবাদেশে পাশ বন্ধনপূর্ব্বক কাহাকে আকর্ষণ করে, কেহ বা অতিমাত্র দুঃখের সহিত গমন করে। কাহারও জিহ্বায় অঙ্কুশ প্রবেশ করাইয়া, রজ্জু দ্বারা আকর্ষণ করে। কাহারও নাসিকা বিদ্ধ করিয়া, রজ্জু বন্ধনপূর্ব্বক আকর্ষণ

...রং মহামেরুমিবোচ্ছ্রিতম্।
...র্বাবং পিবন্নিব মহোদধিম্ ॥ ৫৩
...নলে সমুদ্গিরন্তমিবানলম্।
...মীপস্থঃ কালানলসমপ্রভঃ ॥ ৫৪
...ঙ্কাশঃ কৃতান্তশ্চ ভয়ানকঃ।
...হামারী কালরাত্রী চ দারুণা ॥ ৫৫
...ঃ কষ্টা নানারূপভয়াবহাঃ।
...শধরাঃ পাশচক্রাসিপাণয়ঃ ॥ ৫৬
...রৌদ্রাঃ ক্ষুর-তূণ-ধনুর্দ্ধরাঃ।
মহাবীরাঃ ক্রূরাঞ্জনমহাপ্রভাঃ ॥ ৫৭
...তকরা যমদূতা ভয়ানকাঃ।
...রেণ বৃতং সুঘোরদর্শনম্ ॥ ৫৮
...পাপিষ্ঠাশ্চিত্রগুপ্তঞ্চ ভীষণম্।
...কর্ম্মাণঃ পরদ্রব্যাপহারকাঃ ॥ ৫৯
...বীর্য্যেণ পরদারাবমর্দ্দকাঃ।
...ক্রিয়তে কর্ম্ম তৎ স্বয়ং ভুজ্যতে পুনঃ ॥
...পঘাতার্থং ভবদ্ভির্দুষ্কৃতং কৃতম্।

ইদানীং কিং প্রতপ্যধ্বং পীড্যমানাঃ স্বকর্ম্মভিঃ ॥
ভুজ্যধ্বং স্বানি কর্ম্মাণি নাস্তি দোষোঽত্র কস্যচিৎ
এবং তে পৃথিবীপালাঃ সম্প্রাপ্তাস্তৎসমীপতঃ ॥৬২
স্বকীয়ৈঃ কর্ম্মভির্ঘোরৈর্দুষ্কর্ম্মবলদর্পিতাঃ ॥ ৬৩
ভো ভো নৃপা দুরাচারা প্রজাবিধ্বংসকারিণঃ।
অল্পকালস্য রাজ্যস্য কিং ত্বয়া দুষ্কৃতং কৃতম্ ॥ ৬৪
রাজ্যভোগেন মোহেন বলাদন্যায়তঃ প্রজাঃ।
দণ্ডিতাঃ ফলং তস্য ভুজ্যধ্বমধুনা নৃপাঃ ॥ ৬৫
ক তদ্রাজ্যং কলত্রঞ্চ যদর্থমশুভং কৃতম্।
তৎ সর্ব্বং সংপরিত্যজ্য যূয়মেকাকিনঃ স্থিতাঃ ॥
পশ্যামি তদ্বলং নষ্টং যেন বিধ্বংসিতাঃ প্রজাঃ।
যমদৈতৈর্গৃহ্যমাণা অধুনা কীদৃশং ভবেৎ ॥ ৬৭
এবং বহুবিধৈর্বাক্যৈরুপলব্ধা যমেন তে।
স্বমিকর্ম্মাণি শোচন্তি তূষ্ণীংতিষ্ঠন্তিপার্থিবাঃ ॥৬৮

..., নেত্র অগ্নিতুল্য ভাস্বর, রক্তমাল্য ...বস্ত্রধারী, সুমেরু পর্ব্বতের ন্যায় ...লয়কালীন মেঘবৎ গম্ভীর শব্দ- ...এবং অতি ভয়ানক দর্শন করে ...ধ হয় যেন সমুদ্রকে পান করি- ...রুকে গ্রাস করিতেছেন এবং ...রণ করিতেছেন। তাঁহার সমীপে ... প্রভাসম্পন্ন মৃত্যু, অঞ্জনসঙ্কাশ ... এবং নিদারুণ কালরাত্রি, বিবিধ ভয়প্রদানশীল নানা ব্যাধি, শক্তি- ...ী, পাশ, চক্র, অসি, বজ্র, তুণ্ড- ...চাদি, ক্ষুর, তূণ, ধনুর্দ্ধারী ক্রূর ...পর্ব্বত-তুল্য প্রভাসম্পন্ন, মহাবীর ...বাহুশালী ভয়প্রদ অসঙ্খ্য যমদূতগণ ...তেছে। দুষ্কৃতকর্ম্মা, পরদ্রব্য- ... ও বীর্য্যমদে গর্ব্বিত, পরদার- ...দিষ্ট ভীষণ ইত্যাদি-পরিবার- ...র্শন যমরাজ ও ভীষণ চিত্রগুপ্তকে ধর্ম্মরাজ তাহাদিগকে তিরস্কারের ..., "তোমরা যেমন কর্ম্ম করি-

য়াছ, তাহারই ফলভোগ করিতেছ; আপনাকে ক্লেশদান নিমিত্ত কেন দুষ্কৃত করিয়াছ? এখন আত্মকর্ম্মফল বশত পীড্যমান হইয়া কেনই বা সন্তাপ করিতেছ? অস্ম-কর্ম্মোপচিত ফল ভোগ কর, এবিষয়ে অন্য কাহারও অপরাধ নাই।" এইরূপ দুষ্কর্ম্ম-বল-দর্পিত পাপিষ্ঠরাজগণ যমসমীপে নীত হইয়া স্বকীয় ঘোর কুকর্ম্মের ফলভোগ করে। যমরাজ তিরস্কারের সহিত তাহাদিগকে বলেন, "ওহে দুরাচার প্রজাবিধ্বংসকারী রাজগণ! রাজ্য অল্পকালস্থায়ী, তাহার নিমিত্ত কেন দুষ্কৃতানুষ্ঠান করিলে? রাজ্যভোগ-মোহে মত্ত হইয়া বল-পূর্ব্বক প্রজাবর্গকে যে অন্যায় দণ্ডে দণ্ডিত করিয়াছ, এখন তাহার ফলভোগ কর। তোমা-দিগের সেই রাজ্য ও কলত্র এখন কোথায়, যাহার নিমিত্ত এই ঘোর দুষ্কর্ম্ম করিয়াছ? এখন সেই সকল পরিত্যাগ করিয়া একাকী অবস্থান করিতে হইতেছে। যে বলের সাহায্যে প্রজাদিগের প্রতি অন্যায় করিয়াছিলে, সে বল আর দৃষ্টিগোচর হইতেছে না, এখন যমদূত কর্ত্তৃক গৃহীত হইয়া কি ভয়ানক অবস্থাপন্ন হইয়াছ, তাহাই চিন্তা কর"। ৪৮—৬৭। এইরূপে যমকর্ত্তৃক বহুপ্রকার তিরস্কৃত হইয়া

ঃ সুপাকশ্চ ক্রকচশ্চাপি দারুণঃ।
শিভবনং মেদোঽসৃক্প্রহিতস্ততঃ॥ ৮৭
শ্চ শকুনির্মহাসংবর্ত্তকঃ ক্রতুঃ।
পঙ্কলেপঃ প্রতিমাসম্প্রসুপ্তবঃ॥ ৮৮
মুনিরুচ্ছ্বাসঃ সুদীর্ঘঃ কূটশাল্মলিঃ।
সুমহানাদঃ প্রবাহঃ সুপ্রবাহণঃ॥ ৮৯
ষো বৃষঃ শল্যঃ সিংহ-ব্যাঘ্র-গজাননাঃ।
জ-মহিষা অবিকারবৃকাননাঃ॥ ৯০
নীনবক্ত্রাখ্যাঃ সর্পকূর্ম্মাখ্যবায়সাঃ।
জলৌকাখ্যাঃ শার্দ্দূলক-বিকর্কটাঃ॥ ৯১
ভিবক্ত্রশ্চ রক্তঃ পূতিমৃত্তিকঃ।
াগ্নিশ্চ ক্রিমীণাং নিচয়স্তথা॥ ৯২
হপ্রতিষ্ঠশ্চ রুধিরান্ধশ্চ ভোজনঃ।
মুভক্ষশ্চ সর্ব্বভক্ষঃ সুদারুণঃ॥ ৯৩
শালশ্চ বিকটঃ কটপূতনঃ।
টাহশ্চ কষ্টা বৈতরণী নদী॥ ৯৪
শয়নমেকপাদঃ প্রপূরণঃ।
ং ঘোরমস্থিভঙ্গং সুপূরণম্॥ ৯৫
যন্ত্রাণি কূটপাশঃ প্রমর্দ্দনঃ।
র্ণী চ তপ্তলোহময়স্তথা॥ ৯৬
রা চ তথা যমলপর্ব্বতঃ।
কূপশ্চ তারকূপশ্চ শীতলঃ॥ ৯৭
মুষলোদূখলং যন্ত্র-শিলা-শকট-লাঙ্গলম্।
তালপত্রাসি গহনং মহাশকটমণ্ডলম্॥ ৯৮
সম্মোহো হ্যস্থিভঙ্গশ্চ তপ্তশ্চ মলয়ো গুড়ঃ।
বহুদুঃখং মহাদুঃখং কশ্মলং শমলং মলম্॥ ৯৯
হালাহলো বিরূপশ্চ স্বরূপশ্চ যমানুগঃ।
একপাদস্ত্রিপাদশ্চ তীব্রশ্চাবীচি চ রৌরবঃ॥ ১০০
অষ্টাবিংশতিরিত্যেতে ক্রমশঃ পঞ্চপঞ্চকম্।
কোটীনামানুপূর্ব্বেণ পঞ্চ পঞ্চৈব নারকাঃ॥ ১০১
রৌরবাদ্যমবীচ্যন্তং নরকাণাং শতং স্মৃতম্।
চত্বারিংশচ্ছতং প্রোক্তং মহানরকমণ্ডলম্॥ ১০২
এষু পাপাঃ প্রপচ্যন্তে শোষ্যন্তে নরকাগ্নিষু।
যাতনাভির্বিচিত্রাভিঃ স্বকর্ম্মপ্রক্ষয়াদ্ভৃশম্॥ ১০৩
যমলপ্রক্ষয়াদ্যদ্বদগ্নৌ ধমান্তি ধাতবঃ।
তদ্বৎ পাপক্ষয়াৎ পাপা নরাঃ কর্ম্মানুরূপতঃ॥ ১০৪
সুগাঢ়ং হস্তয়োর্বদ্ধাস্তপ্তশৃঙ্খলয়া নরাঃ।
মহাবৃক্ষাগ্রশাখাসু লম্ব্যন্তে যমকিঙ্করৈঃ॥ ১০৫
ততস্তে সর্ব্বযত্নেন ক্ষিপ্তা দোলন্তি কিঙ্করৈঃ।
দোলন্তোঽপি বেগেন বিসংজ্ঞা যান্তি যোজনম্॥

ীমুখ, সুনেমি খাদক, সুপ্রপীড়ন, পাক, ক্রকচ, অঙ্গাররাশি, ভবন, হিত, সুদীর্ঘ, কূটশাল্মলি, প্রদীপ্ত, প্রবাহ, সুপ্রবাহন, মেষ, বৃষ, শল্য, ঘ্রমুখ, গজমুখ, কুক্কুরানন, শূকর-, মহিষানন, বৃকানন, গ্রাহাস্য, াস্য কূর্ম্মাস্য, বায়সাস্য, ..., . পূতিমৃত্তিক, ধূম, অগ্নি, অগ্নিশ্বাস, প্রাপ্রতিষ্ঠ, রুধিরান্ধ, ভক্ষ, আত্মভক্ষ, সর্ব্বভক্ষ সুদারুণ, বশাল, বিকট, কটপূতন, অম্ব-বৈতরণীনদী, সুতপ্ত-লোহশয়ন, পূরণ, অসি-তাল-বন, অস্থিভঙ্গ, া, অভজী (মশিনা)-যন্ত্র, কূট-মহাচূর্ণী, সুচূর্ণী, তপ্তলোহময়, পর্ব্বত, অম্বুধারা, যমলপর্ব্বত, মূত্রবিষ্ঠাপ, শুক্রূপ, তারকূপ, শীতল, উদূখল-মুষল-যন্ত্র, শিলা-শকট, লাঙ্গল, তালপত্র, গহন, মহাশকটমণ্ডপ, সম্মোহ, অস্থিভঙ্গ, মলয়, গুড়, বহুদুঃখ, মহাদুঃখ, কশ্মল, মল হালাহল, বিরূপ, স্বরূপ, যমানুগ, একপাদ, ত্রিপাদ, তীব্র এবং অবীচি ;—এই এই নরক-গণকে পঞ্চ পঞ্চভাগে বিভাগ করিলে, অষ্টা-বিংশতি হয়। আনুপূর্ব্বক্রমে প্রতি কোটিতে পাঁচটী করিয়া রৌরব হইতে অবীচি পর্য্যন্ত এক শত নরক, মহানরকমণ্ডল চত্বারিংশৎ শত। পাপিষ্ঠগণ এই সব নরক ভোগ করে। নরকানলে বিচিত্র যাতনা দ্বারা শুষ্ক হয়। যেমন ধাতু সকল মলপ্রক্ষয়ের জন্য অনলে উত্তপ্ত হয়, সেইরূপ পাপিষ্ঠ জীবগণ পাপক্ষয়ার্থ নরকানলে দগ্ধ হয়। তপ্ত শৃঙ্খলা দ্বারা পাপিষ্ঠ জীবগণকে হস্তবন্ধনপূর্ব্বক মহাবৃক্ষের অগ্র-শাখায় যমকিঙ্করেরা লম্বিত করে; তৎপরে যমদূতেরা সর্ব্বপ্রযত্নে তথা হইতে তাহাদিগকে ছুড়িয়া দেয়, তাহাতে পাপীরা দোদুল্যমান

চ স্বমাংসানি পাষ্যন্তে শোণিতং স্বকম্
ন দত্তং যৈঃ সর্ব্বদা স্বাত্মপোষণৈঃ।
সম্প্রপীড্যন্তে জর্জ্জরীকৃত্য মুদ্গরৈঃ ॥১২৫
দবনৈর্ঘোরৈশ্ছিদ্যন্তে খণ্ডখণ্ডশঃ।
র্ভিন্নসর্ব্বাঙ্গাস্তপ্তশূলপ্ররোপিতাঃ ॥ ১২৬
ানা বহুশঃ ক্লিশ্যন্তে ন ম্রিয়ন্তি চ।
শরীরাণি সুখ-দুঃখসহানি চ ॥ ১২৭
পাট্য মাংসানি ভিদ্যন্তেহস্থীনি মুদ্গরৈঃ।
প্যন্তে তূর্ণং যমদূতৈর্বলোৎকটৈঃ ॥১২৮
সে নিরুচ্ছ্বাসাস্তিষ্ঠন্তি নরকে চিরম্।
ন্তি তথোচ্ছ্বাস্য বালুকা বদনে নরাঃ ॥ ১২৯
রোদমানাশ্চ পীড্যন্তে বিবিধৈর্বধৈঃ।
রপীড়াভির্মহাস্তোহপি রুদন্তি চ ॥১৩০
ন্তে গুদে গণ্ডে চাস্যেহশ্চোরসি মস্তকে।
চ স্বনৈস্তীক্ষ্ণৈঃ সুতপ্তৈর্লোহশঙ্কুভিঃ ॥১৩১

সুতপ্তবালুকায়াঞ্চ প্রযোজ্যন্তে মুহুর্ম্মুহুঃ।
জন্তুপঙ্কে ভৃশং তপ্তে ক্ষিপ্তা ক্রন্দন্তি বিস্বরম্ ॥
তেন তেনৈব রূপেণ শাস্যন্তে পারদারিকাঃ।
গাঢ়মালিঙ্গ্যতে নারীং জ্বলন্তীং লোহনির্ম্মিতাম্ ॥
পূর্ব্বাকারাশ্চ পুরুষাঃ প্রজ্বলন্তি সমন্ততঃ।
দুশ্চারিণীং স্ত্রিয়ং গাঢ়মালিঙ্গন্তি হসন্তি চ ॥ ১৩৪
কিং প্রধাবসি বেগেন ন তে মোক্ষোহস্তি সাম্প্রতম্
লঙ্ঘিতস্তে যথা ভর্ত্তা পাপং ভুঙ্ক্ষ্ব তথাধুনা ॥
লোহকুম্ভে বিনিক্ষিপ্তা সাপিধানে শনৈঃ শনৈঃ।
মৃদ্বগ্নিনা প্রপচ্যন্তে স্বপাপৈরেব মানবাঃ ॥ ১৩৬
ক্ষিপন্ত্যদ্খলেহপ্যেনং প্রপীড্যন্তে শিলাসু চ।
ক্ষিপ্যন্তে চান্ধকূপেষু দশ্যন্তে ভ্রমরৈর্ভৃশম্ ॥ ১৩৭
ক্রিমিনির্ভিন্নসর্ব্বাঙ্গাঃ শতশো জর্জ্জরীকৃতাঃ।
সুতীক্ষ্ণক্ষারকূপেষু ক্ষিপ্যন্তে তদনন্তরম্ ॥ ১৩৮
মহাজ্বালে তু নরকে পাপাঃ ক্রন্দন্তি দুঃখিতাঃ।
ইতস্ততশ্চ ধাবন্তি দহ্যমানাস্তদর্চ্চিষা ॥ ১৩৯

ভয়ানক করপত্র দ্বারা মস্তক হইতে বিদীর্ণ করে; এইরূপ স্বকৃত দুষ্কৃতের ভোগ করে। যাহারা সর্ব্বদাই আত্ম- করিয়াছে, কখন কাহাকেও অন্নপান দান , তাহারা আপনার মাংস ভোজন ও পান করে। মুদ্গরাঘাতে অঙ্গ জর্জ্জর ইক্ষুর ন্যায় প্রপীড়িত করে; ঘোর -বন দ্বারা খণ্ড খণ্ড করিয়া ছেদন চী দ্বারা সর্ব্বাঙ্গ ভেদ করিয়া শূলে পূর্ব্বক বারংবার চালিত করিয়া ক্লেশ স্ত সুখদুঃখ-সহিষ্ণু স্বপ্ন-শরীর যেমন শেও মৃত হয় না। সেইরূপ এত াহারা মরে না। দেহ হইতে মাংস করিয়া মুদ্গর দ্বারা অস্থি ভেদ করিয়া র্ব্বার শীঘ্র আক্ষিপ্ত হইয়া নিরুচ্ছ্বাস ক উচ্ছ্বাসশূন্য হইয়া অবস্থান করে। কাবদন নরকে নীত হইয়া উচ্ছ্বাস ১০৭—১২৯। রৌরব-নরকে রোদন রিতে বিবিধ দণ্ডে প্রপীড়িত হয়। নরকে পীড়া অনুভব করিতে করিতে ও রোদনপরায়ণ হয়। সেস্থানে কঠিন, তীক্ষ্ণ, প্রতপ্ত লৌহময় শঙ্কু

দ্বারা মুখ, অপান, গণ্ড, চক্ষু, বক্ষ ও মস্তক-দেশে আঘাত করে, জন্তুপঙ্ক-নরকে অতি তপ্ত স্থানে প্রক্ষিপ্ত হইয়া রোদন করিতে থাকে। পরদারগামী নরাধমগণ, লৌহনির্ম্মিত স্বোপভুক্ত রমণীর প্রজ্বলিত প্রতিকৃতি গাঢ় আলিঙ্গন করে। পূর্ব্বাকারবিশিষ্ট জারগণের লৌহময় প্রতিকৃতি দুশ্চারিণীগণকে চতুর্দ্দিক্ হইতে আলিঙ্গন করে। সেই সময় যমকিঙ্কর তাহা-দিগকে উপহাস করিয়া বলে, "কেন পলায়ন করিতেছ? অধুনা তোমাদিগের মোচন হইবে না। যেমন স্বামীকে লঙ্ঘন করিয়া জারনিরত হইয়াছিলে, সম্প্রতি তাহার ফল ভোগ কর।" অনন্তর মুখাবরণযুক্ত লৌহকুম্ভে নিক্ষেপপূর্ব্বক মৃদু অগ্নি দ্বারা পাক করিয়া, উদূখলে নিক্ষেপ, শিলাতে পীড়ন ও অন্ধকূপে নিক্ষেপ করে। ভ্রমর দ্বারা অতিশয় দংশন করায়; কৃমিসমূহ সর্ব্বাঙ্গ শতভাগে ভেদ করিয়া জর্জ্জরিত করে; অনন্তর সুতীক্ষ্ণ ক্ষারকূপে ক্ষেপ করে। মহা-জ্বাল নরকে নিপতিত হইয়া, দুঃখিতচিত্তে ক্রন্দন করে। মহাজ্বাল নরকের তেজে দহ্য-

...কষ্টাঃ সর্ব্বেষু নরকেষু চ ॥ ১৫৭
...স্থি ভ্রূকুটিং কর-নেত্রাংশ্চ যে নরাঃ।
পশ্যন্তি শুদ্ধান্তরেণ চক্ষুষা ॥ ১৫৮
...বর্ণাভিস্তেষাং নেত্রং প্রপূর্য্যতে।
চ ক্রমাৎ সর্ব্বদেহে সর্ব্বাশ্চ যাতনাঃ ॥
...রু-বিপ্রাণামনিবেদ্য প্রভুঞ্জতে।
...তৈস্তপ্তৈস্তজ্জিহ্বাস্যং প্রপূর্য্যতে ॥১৬০
...মপুষ্পাণি লোভাৎ সংগৃহ্য পাণিনা।
নরা মূঢ়াঃ শিরসা ধারয়ন্তি চ ॥ ১৬১
...শিরস্তেষাং সন্তপ্তৈর্লোহশঙ্কুভিঃ।
...পি বহুশস্ততঃ ক্ষারাদিভির্ভৃশম্ ॥ ১৬২
...মহাত্মানং বাচকং ধর্ম্মদেশকম্।
...ভক্ত্যাংশ্চ ধর্ম্মশাস্ত্রঞ্চ শাশ্বতম্ ॥ ১৬৩
...কণ্ঠে চ জিহ্বায়াং দন্তসন্ধিষু।
চ জিহ্বায়াং মূর্দ্ধ্নি সর্ব্বাঙ্গসন্ধিষু ॥১৬৪
...তপ্তাশ্চ ত্রিশিখা লৌহশঙ্কবঃ।
চ বহুশঃ স্থানেষ্বেতেষু মুদ্গরৈঃ ॥১৬৫

ততঃ ক্ষারেণ দীপ্তেন প্রপূর্য্যন্তে সমন্ততঃ।
যাতনাশ্চ মহাচিত্রাঃ শরীরস্থাপি সর্ব্বতঃ ॥ ১৬৬
নিঃশেষং নরকে ষ্বেবং ভ্রমন্তি ক্রমশঃ পুনঃ।
যে গৃহ্ণন্তি পরদ্রব্যং পদ্ভ্যাং বিপ্রং স্পৃশন্তি চ ॥
শিবোপকরণাঙ্গঞ্চ জ্ঞানাদি লিখিতঞ্চ যৎ।
হস্তপাদা বনৈস্তেষামাপূর্য্যন্তে সমন্ততঃ ॥ ১৬৮
নরকেষু চ সর্ব্বেষু বিচিত্রা দেহযাতনাঃ।
ভবন্তি বহুশঃ কষ্টাঃ পাণি-পাদসমুদ্ভবাঃ ॥ ১৬৯
শিবায়তনপর্য্যন্তে দেবারামেষু কুত্রচিৎ।
সমুৎসৃজন্তি যে পাপাঃ পুরীষং মূত্রমেব চ ॥১৭০
তেষাং শিশ্নং সবৃষণং চূর্ণ্যতে লৌহমুদ্গরৈঃ।
সূচীভিরগ্নিবর্ণাভিস্তথা চাপূর্য্যতে পুনঃ ॥ ১৭১
ততঃ ক্ষারেণ মহতা তীব্রেণ চ পুনঃ পুনঃ।
তৈলেনাপূর্য্যতে পায়ুং গুদং শিশ্নঞ্চ দেহিনঃ ॥১৭২
মনঃ সর্ব্বেন্দ্রিয়াণাঞ্চ যস্মাদ্দুঃখঞ্চ জায়তে।
ধনে সত্যপি যে দানং ন প্রযচ্ছন্তি তৃষ্ণয়া ॥১৭৩
অতিথিঞ্চাবমন্যন্তে কালে প্রাপ্তং গৃহাশ্রমে।
তস্য তে দুষ্কৃতং প্রাপ্য গচ্ছন্তি নিরয়েঽশুচৌ ॥

...রাদি দ্বারা শরীরের অনুলেপন সকল নরকেই কষ্টকর যাতনা দান ...হারা পিতামাতার প্রতি ভ্রূকুটী, এবং চক্ষুর্দ্বিকার ও নির্নিমেষনেত্রে ... করে, যমদূতগণ অগ্নিবর্ণ সূচী দিয়া ...ক্ষু বিদ্ধ করিয়া ক্ষারাদি দ্বারা ক্রমে ...র্ব্বযাতনা প্রদান করে। ১৫৫—১৫৯ ...তা, অগ্নি, গুরু বা ব্রাহ্মণকে নিবেদন ...ভোজন করে, একশত তপ্ত লৌহ- ...তাহাদের জিহ্বা ও মুখ বিদ্ধ করিয়া ...মূঢ়গণ, দেবতা ও আরামের পুষ্প ...গ্রহণ করে, আঘ্রাণ ও মস্তকে ধারণ ...তেরা সন্তপ্ত লৌহশঙ্কু দ্বারা তাহা- ... ও ক্ষারাদি দ্বারা নাসিকা পূর্ণ ...। মহাত্মা ব্যক্তি, পুরাণপাঠক, ...দেশক, দেবতা, অগ্নি, গুরু, দেবার্ষি- ...বেদাদি ধর্ম্মশাস্ত্রের নিন্দা যাহারা ...দূতগণ তাহাদের বক্ষ, কণ্ঠ, জিহ্বা, ..., ওষ্ঠ, মস্তক এবং সর্ব্বাঙ্গসন্ধিতে ...শিখ লৌহশঙ্কু মুদ্গর দ্বারা বারংবার

বিদ্ধ করিয়া প্রদীপ্ত ক্ষার দ্বারা চতুর্দ্দিক্ পূর্ণ করে ও শরীরে বিচিত্র যাতনা প্রদান করে। অনন্তর এই পাপিগণ ক্রমশ সকল নরকে ভ্রমণ করে। যাহারা পরদ্রব্য গ্রহণ ও পদ দ্বারা ব্রাহ্মণ, শিবোপকরণাঙ্গ ও জ্ঞানাদিলিপি স্পর্শ করে, তাহাদিগের হস্তপাদ লৌহমুদ্গর দ্বারা নিপীড়িত হয় ও তাহারা সমস্ত নরকে বিচিত্র দেহযাতনা ভোগ করে এবং তাহাদের হস্তপাদে নানা যাতনা উপস্থিত হয়। শিবায়তনের সীমায় ও দেবারামে যে পাপাত্মা মূত্র-পুরীষোৎসর্গ করে, যমদূতগণ তাহাদিগের শিশ্ন ও বৃষণ লৌহ-মুদ্গর দ্বারা চূর্ণ করিয়া, তাহাতে অগ্নিবর্ণ সূচী বিদ্ধ করে; অনন্তর তীব্র ক্ষার ও তপ্ত তৈল দ্বারা অপান ও শিশ্ন পূর্ণ করে, যাহাতে মন ও সর্ব্বেন্দ্রিয়ের দুঃখ উপজাত হয়। যাহারা ধন থাকিলেও তৃষ্ণাবশত দান করে না এবং যথাকালে গৃহাগত অতিথির অব-মাননা করে, তাহারা সেই অতিথির পাপ প্রাপ্ত হইয়া অশুচি নরকে গমন করে। যাহারা

সমুং কৃত্যা তিলমাত্রপ্রমাণতঃ।
দীয়তে তেষাং ভিত্ত্বা চৈব তু শোণিতম্‌
াতেনাভিস্ত পীড্যন্তে ক্রমশঃ পুনঃ।
ক্ষয়া কষ্টং তথা চাতিপিপাসয়া ॥ ১৯৩
মহাঘোরা যাতনাঃ পাপকর্ম্মিণাম্‌।
ত্তি মহৎ পাপং ধর্ম্মং চরতি বৈ লঘু ॥
ন্তরং বাপি তথাবস্থাং তয়োঃ শৃণু।
ফলং ভুঙ্‌ক্তে গুরুপাপপ্রভাবতঃ ॥১৯৫
ত সুখং তত্র ভোগৈর্বহুভিরন্বিতঃ।
ল্লাহপি সন্তপ্তো ন ভক্ষ্যৈর্লভতে সুখম্‌ ॥
প্রতোহন্নস্য প্রাত্যিকল্যং দিনে দিনে।
া গুরুধর্ম্মাপি সোপবাসো যথা গৃহী ॥
ন বিজানাতি পীড়াং নিয়মসংস্থিতঃ।
ানি ঘোরাণি সন্তীহ যৈস্ততো নরঃ।
দমাপ্নোতি গিরিবজ্রহতো যথা ॥ ১৯৮

শ্রীশৈবে মহাপুরাণে ধর্ম্মসংহিতায়াং যমপুরীবর্ণনং নাম একোন-বিংশোহধ্যায়ঃ ॥ ১৯ ॥

াস করে। তৎপরে যমদূতগণ তাহা-
নিজ মাংস তিলবৎ ছেদনপূর্ব্বক ভোজন ও শোণিত পান করিতে দেয়। অতি পিপাসায় ও অশেষ যন্ত্রণায় ক্রমশ ় হয়। পাপকারীদিগের এইপ্রকার যাতনা হয়। যে অধিক পাপ ও বা অল্প পাপ ও অধিক পুণ্য করিয়াছে র অবস্থা শ্রবণ করুন। সুকৃতের করে বটে, কিন্তু গুরুপাপ-প্রভাবে ভূত হয় না, উদ্বেগ বশত ভক্ষ্য বস্তু ় লাভ করিতে পারে না। ভাবী অন্ন-তেই প্রাত্যহিক কষ্টভোগ করে। আর ধর্ম্ম অধিক, পাপ অল্প সে ব্যক্তি স্থ নিয়ম বশত উপবাসী হইলেও তাবৎপীড়া ভোগ করে না, সেইরূপ ণ উপস্থিত হইলেও তাদৃশ ক্লেশ না। এই সব ঘোর পাপ আছে,

বিংশোহধ্যায়ঃ।

ব্যাস উবাচ।

কৃতপাপা নরা যান্তি দুঃখেন মহতান্বিতাঃ।
যমমার্গং সুখং যৈস্তু তান্‌ ধর্ম্মান্‌ বদ মে প্রভো ॥
সনৎকুমার উবাচ।
অবশ্যং হি কৃতং কর্ম্ম ভোক্তব্যমবিচারতঃ।
শুভাশুভময়ো বক্ষ্যে তান্‌ ধর্ম্মান্‌ সুখদায়কান্‌ ॥২
অত্র যে শুভকর্ম্মাণঃ সৌম্যচিত্তা দয়ান্বিতাঃ।
তে নরা যান্তি সৌম্যেন যমমার্গং ভয়াবহম্‌ ॥ ৩
যঃ প্রদদ্যাদ্দ্বিজেন্দ্রাণামুপানৎকাষ্ঠপাদুকে।
স বরাশ্বেন মহতা সুখং যাতি যমালয়ম্‌ ॥ ৪
ছত্রদানেন গচ্ছন্তি তথা ছত্রেণ দেহিনঃ।
শিবিকায়াঃ প্রদানেন তদ্রথেন সুখং ব্রজেৎ ॥ ৫
শয্যাসনপ্রদানেন সুখং যান্তি সুনিশ্চয়ম্‌।
আরামচ্ছায়াকর্ত্তারো ব্রজন্তি বৃক্ষরোপকাঃ ॥ ৬

যাহা দ্বারা আবৃত হইয়া, মানব বজ্রাহত গিরির ন্যায় ভেদ প্রাপ্ত হয়। ১৮৪—১৯৮।

একোনবিংশ অধ্যায় সমাপ্ত ॥ ১৯ ॥

বিংশ অধ্যায়।

বেদব্যাস কহিলেন, যে মানবগণ পাপকর্ম্ম করিয়াছে, তাহারা অত্যন্ত কষ্টে যমমার্গে গমন করে। ধর্ম্ম বশত সুখে গমন করা যায়; সেই ধর্ম্ম সকল কি, তাহা বলুন। সনৎকুমার বলিলেন, অবশ্যই শুভাশুভ কর্ম্মের ফল ভোগ করিতে হইবে। অতএব সুখদায়ক ধর্ম্মসমূহ বলিতেছি, শ্রবণ কর। যে মনুষ্যগণ পুণ্য-কারী, সৌম্যচিত্ত ও দয়াবান্‌, তাহারা, যমমার্গ ভয়ানক হইলেও, সুখে গমন করে। যে শ্রেষ্ঠ ব্রাহ্মণকে চর্ম্মপাদুকা ও কাষ্ঠপাদুকা দান করে, সে উত্তম অশ্বে আরোহণ করিয়া সুখে যম-ভবনে গমন করে। ছত্রদান করিলে, ছত্র-যুক্ত হইয়া, শিবিকা দান করিলে, রথারূঢ় হইয়া সুখে গমন করে। শয্যা ও আসন দাতা, আরামচ্ছায়াকারী ও বৃক্ষরোপকগণ সুখে গমন

সমং সৌখ্যং নাস্তি ক্রোধসমো রিপুঃ
হং পুণ্যমন্নদানপ্রদানতঃ।
ন্না তপ্তা ম্রিয়ন্তে সর্ব্বদেহিনঃ॥ ২৪
নদঃ প্রোক্তঃ প্রাণদশ্চাপি সর্ব্বদঃ।
নেন সর্ব্বদানফলং লভেৎ॥ ২৫
পুষ্টাঙ্গঃ কুরুতে ধর্ম্মসঞ্চয়ম্।
ম্বর্দ্ধং কর্ত্তুশ্চাৰ্দ্ধং ন সংশয়ঃ॥ ২৬
যানি রত্নানি ভোগস্ত্রীবাহনানি চ।
ঃ সর্ব্বমিহামুত্র চ তল্লভেৎ॥ ২৭
-মোক্ষাণাং দেহঃ পরমসাধনম্।
পতিঃ সাক্ষাদন্নং বিষ্ণুঃ স্বয়ং শিবঃ॥২৮
ং দানং ন ভূতং ন ভবিষ্যতি।
লোকানামুদকং জীবনং স্মৃতম্॥২৯
ং দিব্যং শুদ্ধং সর্ব্বরসায়নম্।
হৎ পাপং যঃ পশ্চাদন্নদো ভবেৎ॥৩০
র্ব্বপাপেভ্যঃ স্বর্গলোকঞ্চ গচ্ছতি।

অন্নপানাচ্চ গো-বস্ত্রশয্যাচ্ছত্রাসনানি চ॥ ৩১
প্রেতলোকে প্রশস্তানি দানান্যষ্টৌ বিশেষতঃ।
এবং দানবিশেষেণ ধর্ম্মরাজপুরে নরাঃ।
যস্মাদ্যান্তি বিমানেন তস্মাদ্ধর্ম্মং সমাচরেৎ॥ ৩২

ব্যাস উবাচ।

মুগ্ধামি চ নিশম্যাদ্য ত্বত্তঃ প্রেতপুরং মহৎ॥ ৩৩
উপদেশমিহেচ্ছামি সুখং যেনেহ জায়তে।

সনৎকুমার উবাচ।

রহস্যমদ্ভুতঞ্চৈব শৃণু বক্ষ্যামি যৎ ত্বয়ি॥ ৩৪
যা গতিঃ প্রাপ্যতে যেন প্রেত্যভাবে মহামুনে।
তপসা প্রাপ্যতে স্বর্গস্তপসা প্রাপ্যতে যশঃ॥৩৫
আয়ুঃ প্রহর্ষো ভোগশ্চ লভ্যন্তে তপসা মুনে।
জ্ঞান-বিজ্ঞানমারোগ্যং রূপতত্ত্বং তথৈব চ।
সৌভাগ্যঞ্চৈব তপসা প্রাপ্যতে সর্ব্বদা সুখম্॥৩৬
নাতপ্ততপসো যান্তি শিবলোকং সনাতনম্॥ ৩৭
যচ্চ দূরং দুরারাধ্যং সুদূরং দুরতিক্রমম্।
তৎ সর্ব্বং তপসা সাধ্যং তপো হি দুরতিক্রমম্॥

ই নাই; ক্ষুধাতুল্য রোগও নাই, তুল্য সুখ নাই, ক্রোধতুল্য শত্রু তএব অন্নদান-প্রভাবে মহাপুণ্য ল প্রাণীই ক্ষুধাগ্নিতে তপ্ত হইয়া করে। অন্নদাতা প্রাণদাতা; যে সে সর্ব্বদাতা। অতএব অন্নদান কল বস্তু দানের ফললাভ করে। র অন্নপানে পুষ্টাঙ্গ হইয়া ধর্ম্মসঞ্চয় াতার সেই পুণ্যের অর্দ্ধাংশ ও ধর্ম্ম- দ্ধাংশ হয়, ইহাতে সংশয় নাই। যত রত্ন, ভোগ, স্ত্রী, বাহন আছে, া ইহপরকালে তাহা লাভ করে। দেহই ধর্ম্ম, অর্থ, কাম, মোক্ষ, প্তির প্রধান উপায়। অন্ন সাক্ষাৎ বিষ্ণু ও স্বয়ং শিব; অতএব অন্ন- ান পূর্ব্বে হয় নাই, পরেও হইবে তিন লোকের জীবন, তাহা পবিত্র- স্বর্গীয় ও সকল রসের আধার- য সুমহৎ পাপের অনুষ্ঠান করিয়াও করে, সে সর্ব্ব পাপ বিনির্ম্মুক্ত

হইয়া স্বর্গলোকে গমন করে। অন্ন, জল, গো, বস্ত্র, শয্যা, ছত্র ও আসন এই সব দ্রব্য- দান প্রেতলোকে বিশেষ প্রশস্ত। মানবগণ এই সকল দান-ফলে বিমানারোহণপূর্ব্বক ধর্ম্মরাজ-পুরে গমন করে। অতএব ধর্ম্মাচরণ করা নিতান্ত আবশ্যক। বেদব্যাস কহিলেন, হে মহর্ষে! অদ্য আপনার নিকট মহৎ প্রেত- পুরের বিষয় শ্রবণ করিয়া, আমি মুগ্ধ হই- তেছি। আপনি এমন উপদেশ করুন, যাহাতে সুখ অনুভব করা যায়। সনৎকুমার কহি- লেন, হে মহামুনে! মরণানন্তর মানব যে গতি প্রাপ্ত হয়, সেই অদ্ভুত রহস্য তোমাকে বলিতেছি, শ্রবণ কর। তপস্যা হইতে স্বর্গ, যশঃ, আয়ুঃ, প্রহর্ষ, ভোগ, জ্ঞান (মোক্ষবিষক বুদ্ধি), বিজ্ঞান (শিল্প ও অন্যান্য শস্ত্রবিষয়ক বুদ্ধি), আরোগ্য, রূপ, সৌভাগ্য ও সার্ব্ব- কালিক সুখ লাভ করা যায়। তপস্যানুষ্ঠান না করিলে সনাতন শিবলোকে গমন করা যায় না। স্বর্গাদি দূর, জ্ঞানাদি দুরারাধ্য, মোক্ষ ও শিবলোকাদি সুদূর, মহাপাপাদি দুরতিক্রম,

প্নাতি পুণ্যং দিবি দেবলোক-
্যবমাহুর্মুনি-দেবসঙ্ঘাঃ ॥ ৫৬
চুতে যঃ কপিলাং সবৎসাং
ঙ্গ দোহাং দ্রবিণাগ্র্যশৃঙ্গীম্।
্গুণৈঃ কামদুঘাস্ত ভূত্বা
প্রদাতারমুপৈতি সা গৌঃ ॥ ৫৭
ঃ রোমাণি ভবন্তি ধেন্বা-
, ফলং লভতে গোপ্রদাতা।
শ্চ পৌত্রাংশ্চ কুলঞ্চ সর্ব্ব-
্মং তারয়তে পরত্র ॥ ৫৮
ক্ষিণাং কাঞ্চনচারুশৃঙ্গীং
ংস্যোপদোহাং দ্রবিণোত্তরীয়াম্।
ং তিলানাং দদতো দ্বিজায়
কা বসূনাং সুলভা ভবন্তি ॥ ৫৯
র্ম্মভির্ম্মানবং সন্নিবদ্ধং
্যান্ধকারে নরকে পতন্তম্।
র্ণবান্নৌরিব বাতযুক্তা
ং গবাং তারয়তে পরত্র ॥ ৬০
ব্রহ্মদেয়াস্তু দদাতি কন্যাং
্প্রদানঞ্চ করোতি বিপ্রে।
তি বিত্তং বিবিধঞ্চ যশ্চ
লাকমাপ্নোতি পুরন্দরস্য ॥ ৬১

নৈবেশিকং সর্ব্বগুণোপপন্নং
যো বৈ দদাতি পুরুষো দ্বিজায়।
স্বাধ্যায়-চারিত্রগুণান্বিতায়
তস্যাপি লোকান্ প্রবদন্তি নিত্যান্ ॥ ৬২
র্য্যাপ্রদানেন তথা গবাশ্বৈ-
র্লোকানবাপ্নোতি নরো বসূনাম্।
স্বর্গায় চাপ্যাহুহিরণ্যদানং
ততো বিশিষ্টং কনকপ্রদানম্ ॥ ৬৩
ছত্রপ্রদানেন গৃহং বিশিষ্টং
যানং তথোপানহসম্প্রদানে।
বস্ত্রপ্রদানেন ফলং সুরূপং
গন্ধপ্রদাতা সুরভির্নরঃ স্যাৎ ॥ ৬৪
পুষ্পোপগাংশ্চৈব ফলোপগাংশ্চ
যঃ পাদপান্ যচ্ছতি বৈ দ্বিজায়।
স্ত্রীসমৃদ্ধং বহুরত্নপূর্ণং
লভেৎ প্রযত্নোপচিতং গৃহং বৈ ॥ ৬৫
ভক্ষ্যান্নপানস্য রসস্য দানং
সর্ব্বানবাপ্নোতি রসান্ প্রকামম্।
প্রতিশ্রয়াচ্ছাদনসম্প্রদাতা
প্রাপ্নোতি তানেব ন সংশয়োহত্র ॥ ৬৬
স্রগ্দামগন্ধাগুরুলেপনানি
স্নানানি মাল্যানি চ মানবো যঃ।

ন করেন, তিনি পুণ্য ও দেবলোক । কাংস্যোপদোহদ স্বর্ণশৃঙ্গী সবৎসা ান করিলে, ঐ কপিলা সেই সেই ্দুঘা হইয়া দাতার নিকট উপস্থিত ্নু-গাত্রে যত লোম থাকে, গো-দাতা লাভ করে। পরলোকে তাহার পুত্র, কুল উদ্ধার করে। কাঞ্চন-নির্ম্মিত ্যযুক্ত, কাংস্য ক্রোড়বিশিষ্ট বহুমূল্য ত্তরীয়াচ্ছাদিত তিলধেনু দক্ষিণার ন করিলে, সুখে বসুলোক গমন ারা যায়। বাতাহত নৌকা যেমন ইতে উত্তীর্ণ হয়, সেইরূপ গোদাতা শে নিবদ্ধ ও অন্ধকার নরকে পত- ারলোকে উদ্ধার করে। যে ব্রাহ্ম- লে কন্যাদান, ভূমি দান ও বিবিধ ধন দান করে, সে পুরন্দরলোকে গমন করে। যে পুরুষ স্বাধ্যায়, চরিত্র ও গুণান্বিত ব্রাহ্মণকে সর্ব্বোপকরণযুক্ত আবাস দান করে, সেও অক্ষয় স্থান স্বর্গলোকে গমন করে। ভারবাহী বৃষ, গো ও অশ্বদান-দাতা বসুলোকে, রজতাদি-দাতা স্বর্গে, কনকদাতা তদপেক্ষা উৎকৃষ্ট স্থানে গমন করে। ছত্রপ্রদানফলে উত্তম গৃহ, চর্ম্ম-পাদুকাদানে যান, বস্ত্রপ্রদানে সুরূপতা ও চন্দন-দানে শরীরের সৌগন্ধ্য লাভ করা যায়। ব্রাহ্মণকে পুষ্প ও ফলপূর্ণ পাদপ দান করিলে উত্তম স্ত্রীযুক্ত, বহু রত্নপূর্ণ প্রযত্ননির্ম্মিত গৃহ লাভ করা যায়। ভক্ষ্য, অন্ন পান ও রস দানকারী প্রভূতপ্রমাণ সর্ব্বপ্রকার রস লাভ করে। আশ্রয় ও আচ্ছাদন দান করিলেও সর্ব্বপ্রকার রস প্রাপ্ত হয়। ৪৪—৬৬।

...ব্রতপসো ব্রাহ্মণাঃ শংসিতব্রতাঃ ॥ ৮১
...তা দান্তাঃ শক্ত্যা দানপরায়ণাঃ।
...তিবেত্তারো যজ্ঞকর্ম্মসমুষ্ঠিতাঃ ॥ ৮২
...ত্তমা নিত্যমাচার্য্যাঃ স পুরোহিতঃ।
...রিপাল্যাস্তে যতো ধর্ম্মধরাঃ সদা ॥ ৮৩
শুভং স্থাযাং বিত্তং যদিদ্যতে গৃহে।
ব্রাহ্মণাঃ পূজ্যাঃ স্বধর্ম্মমনুবর্ত্ততা ॥ ৮৪
স্বয়ং বিপ্রান্ বর্ত্তমানান যথা স্বধম্
যথোৎসাহং নমস্কাস্তে সমাচরেৎ ॥ ৮৫
...আশ্রয়ো ধর্ম্মঃ স্ত্রীণাং লোকে সনাতনঃ।
...তি ভর্ত্তারং যজমানং তথা দ্বিজঃ ॥ ৮৬
...সা গতির্নান্যা ক্ষত্রিয়াণাং মনস্বিনাম্।
...নু সদা ভক্তির্দানাচ্ছাদনভোজনৈঃ ॥ ৮৭
ব্রাহ্মণা ব্যাস সম্যক্ষেয়ুরপূজিতাঃ।
...চ ক্রোধাবিষ্টাস্তদভাবায় কল্পতে ॥ ৮৮
...কীর্ত্তয়িষ্যামি যথা ধর্ম্মঃ সনাতনঃ।

ব্রাহ্মণো ব্রাহ্মণং নিত্যং পুরা পরিচচার হ ॥ ৮৯
বৈশ্যো রাজন্যমিত্যেব শূদ্রো বৈশ্যমিতি শ্রুতিঃ।
মৃদুভাবান সত্যশীলান সত্যধর্ম্মানুপালকান্ ॥ ৯০
আশীবিষানিব ক্রুদ্ধাংস্তানুপাচরত দ্বিজান্।
অপরেষাং পরেষাঞ্চ পরেভ্যশ্চৈব যে পরে ॥ ৯১
তে সর্ব্বে ব্রাহ্মণেভ্যোঽপি নিস্তরন্তি ভবার্ণবম্ ॥

ব্যাস উবাচ।

বিদ্যয়া জন্মনা যৌ তু ভবেতামধিকস্তয়োঃ।
এতং মে সংশয়ং ছিন্ধি কো দানায় ভবেন্মুনে ॥

সনৎকুমার উবাচ।

বিদ্যয়া জন্মনা বাপি ন শ্রেয়ান্ ব্রাহ্মণো ভবেৎ।
আচারো ব্রাহ্মণাস্তেহ তস্মাচ্ছ্রেষ্ঠতরঃ সদা ॥ ৯৪
শ্রেয়োঽভিযাচতো দত্তং দানমাহুরযাচতে।
অর্জ্জনমো যো ধৃতিমান কৃপণাদকৃতাত্মনঃ ॥ ৯৫
ক্ষত্রিয়োঽপার্জ্জনরতির্ব্রাহ্মণো ধৃতিমান্ শুচিঃ।
তস্মাদ্বৈ ধৃতিমান্ বিদ্বান্ দেবানপ্রীণাতি তুষ্টিমান্
বিজস্ত প্রার্থ্যমানোঽপি ব্যভিচারো হি দৃশ্যতে।

...অধ্যাত্ম-জ্ঞানচিন্তক, দৃঢ়ভাবে অধ্যয়ন ও ...নিরত, খ্যাতব্রত, স্বদার-সন্তুষ্ট, যথাশক্তি ...গী, পুরাণ-স্মৃতিবেত্তা ও যজ্ঞানুষ্ঠায়ী ...গ এবং আচার্য্য ও পুরোহিত; ইহারা ...। এই ধর্ম্মধারিগণকে পুত্রের ন্যায় ...লন করিবে। ৮১—৮৩। স্বধর্ম্মানু-...নিবগণ মঙ্গলকামনায় গৃহস্থিত ধান্যাদি ...ধন দিয়া ব্রাহ্মণের পূজা করিবে। ব্রাহ্মণ ...সম্পন্নই হউন বা দুরাচারযুক্তই হউন, ...র মাতাকে যেমন নমস্কার করা উচিত, ...। তাঁহাদিগকে নমস্কার করিবে। পতি যেমন স্ত্রীলোকদিগের সনাতনধর্ম্ম ...ভ ইরূপ ব্রাহ্মণ পুরোহিত হইতে প্রতি-যজমান সংসারোত্তীর্ণ হইতে পারে। ক্ষত্রিয়গণের ব্রাহ্মণ ভিন্ন গতি নাই। আচ্ছাদন এবং ভোজন দ্বারা ...দগের প্রতি ভক্তি প্রকাশ ক্ষত্রিয়ের কর্ত্তব্য। হে ব্যাস! এই সব ...রা অপূজিত হইয়া যদি ক্ষত্রিয়-...ত্যাগ করেন বা ক্রোধাবেশে নিন্দা ...ত, তাহাদের বিনাশ হয়। এ বিষয়ে

আমি তোমার নিকট সনাতনধর্ম্ম কীর্ত্তন করিতেছি। পূর্ব্বে ক্ষত্রিয় ব্রাহ্মণের নিত্য পরিচর্য্যা করিতেন, বৈশ্য ক্ষত্রিয়ের এবং শূদ্রও বৈশ্যের পরিচারক ছিলেন মার্দ্দবসম্পন্ন, সত্য-শীল, সত্যধর্ম্মরত এবং ক্রুদ্ধ হইলে সর্পতুল্য যে ব্রাহ্মণগণ তাঁহাদিগকে পূজা কর। পরাপর পরাৎপরেরাও ব্রাহ্মণগণ হইতে সংসার-সমুদ্র উত্তীর্ণ হন। বেদব্যাস কহিলেন,—বিদ্যা-জ্যেষ্ঠ ও বয়োজ্যেষ্ঠের মধ্যে কাহাকে দান করিলে শ্রেয়োলাভ হয়, এই বিষয়ে আমার সংশয়চ্ছেদ করুন। সনৎকুমার কহিলেন, ব্রাহ্মণ বিদ্যাবয় দ্বারা শ্রেষ্ঠ হয় না; যিনি আচারসম্পন্ন তিনিই শ্রেষ্ঠ। যাচক অপেক্ষা অযাচককে দান করিলে অধিক শ্রেয়োলাভ হয়। যিনি দারিদ্র্যে নিমগ্ন হইয়াও ধৈর্য্যশীল, তিনি অধীরপ্রকৃতিযাচক অপেক্ষা শ্রেষ্ঠ। অর্জ্জনশীল ক্ষত্রিয়, ধৈর্য্যশীল ও পবিত্র ব্রাহ্মণ শ্রেষ্ঠ এবং ধৈর্য্য ও সন্তোষসম্পন্ন ব্রাহ্মণ দেব-গণের প্রীতিসম্পাদন করেন। দ্বিজ-যাচিত ক্ষত্রিয়াদিতেও ব্যাভিচার দেখা যায় এবং

ং প্রকাশঞ্চ বৃত্ত্যা তান প্রতিপাদয়েৎ
পৈর্বিনির্ম্মুক্তঃ স্বর্গং প্রাপ্নোতি মানবঃ ॥
চাপি ভৃত্যাংশ্চ প্রজাশ্চ পরিপালয়েৎ।
মো ভবেৎ তস্য ব্রাহ্মণেভ্যস্তু নিত্যশঃ ॥
ভ্যঃ সমাদায় রাজা রাষ্ট্রং প্রলুম্পতি।
চ্ছ ততস্তস্মাৎ পাপমাহুর্ম্মনীষিণঃ ॥ ১১৬
নয়াৎ সম্যগ্‌ যজেদ্রাজা সমাহিতঃ।
ৎ কুরুতে কর্ম্ম তৎ প্রশংসন্তি সাধবঃ ॥
তাঃ সুসংবৃদ্ধা যদ্দদত্যন্যকৃতঃ।
ভুপায়েন যষ্টব্যং নিত্যমতন্দ্রিতৈঃ ॥ ১১৭
নিমিচোত নিচিতার্থো যথাবিধিঃ।
মহাযজ্ঞৈর্যজেত বহুদক্ষিণৈঃ ॥ ১১৮
ধনং রক্ষেদন্ধস্য কৃপণস্য চ।
র্ম্মং কুর্ব্বীত ন চাদত্তং ধনং হরেৎ ॥ ১১৯
কৃপণবিত্তং তি রাষ্ট্রং হন্তি নৃপক্রিয়াং

যথা স্বাদনি ভোজ্যানি সমবেক্ষন্তি বালকাঃ ॥১২০
যদি চৈতাদৃশো রাষ্ট্রে বিদ্বান্‌ সীদেৎ ক্ষুধান্বিতঃ।
ধিক্‌ তস্য জীবিতং রাজ্ঞো রাষ্ট্রে যস্যাবসীদতি ॥
অনুবৃত্ত্যা তং মনুষ্যোহসৌ শিবিরাহ বচো যথা।
যস্য স বিষয়ে রাজ্ঞঃ ক্ষুধা সীদন্তি বাড়বাঃ ॥১২২
অবৃত্তিমেব তং রাষ্ট্রং দহতে সহরাজকম্‌।
ক্রোশন্ত্যো যস্য রাষ্ট্রাদ্ধি হ্রিয়ন্তে তরসা স্ত্রিয়ঃ ॥
ক্রোশতাং পতিপুত্রাণাং মৃতঃ স ন তু জীবতি।
অরক্ষিতারং ভর্ত্তারং বিলোপ্তারমদায়কম্‌ ॥ ১২৪
তং রাজানং বলাদ্ধন্যুঃ প্রজাঃ সম্ভূয় নির্দ্দয়ম্‌।
অহং বো রক্ষিতেত্যুক্ত্বা স্ববচোনাশকারকঃ ॥১২৫
স সংহত্য নিহন্তব্যো যো ন রক্ষতি ভূমিপঃ।
পাপং কুর্ব্বন্তি যৎকিঞ্চিৎপ্রজা রাজা হ্যরক্ষিতাঃ ॥
চতুর্থং তস্য পাপস্য রাজ্ঞো ভবতি নো মতম্‌।
অপ্যাহুঃ সর্ব্বমপোত্তয়োঽর্দ্ধমিতি নিত্যশঃ ॥১২৭

বেন ; বৃত্তিহীন জানিয়াই ভাবে দান করিবে। মনুষ্য এই প্রকার পাপ হইতে মুক্ত হয় ; পুনর্ব্বৎ ভৃত্য র্গের প্রতিপালন করেন এবং ব্রাহ্মণ যোগক্ষেম লাভ হয়। যে রাজা নগর-তে উৎকোচ গ্রহণ করিয়া, তদ্দ্বারা রিয়া প্রজানাশ করে ; মনীষিগণ সেই পাপ কীর্ত্তন করিয়াছেন। যে রাজা প্রজা হইতে ধন গ্রহণ করিয়া সমা- যজ্ঞ বা যে কিছু কর্ম্ম করেন, সাধ- রাজার প্রশংসা করেন। প্রজাগণ ও সুখসংবৃদ্ধ হইয়া, যাহাতে দান এইরূপ উপায় অবলম্বন করিয়া র্ব্বক যজ্ঞ করিবেন। সমুদ জল- ও মেঘ যেমন তাহার প্রতি বাবি- ধর্ম্মাত্মা নরপতি, সম্পূর্ণ ধর্ম্ম থাকি- ও যজ্ঞ দ্বারা তাহার বৃদ্ধি করিবেন। , অন্ধ ও পীড়িতের ধন রাজা, রক্ষা ভূগর্ভে লুকায়িত অপরের ধন ও করিবেন না। রাজা যদি কৃপণের হরেন, তবে তাহার রাজ্য ও যজ্ঞাদি

সকল কার্য্যই বিনষ্ট হয়। বালকের হস্তস্থিত মিষ্ট দ্রব্যের ন্যায় কৃপণধন আপনি ও পর কাহারও ভোগ্য হয় না। যে রাজার রাজ্যে বিদ্বান ব্রাহ্মণ ক্ষুৎপীড়িত হইয়া অবসন্ন হন, সে রাজার জীবনে ধিক্‌। যে রাজার রাজ্যে ব্রাহ্মণের ক্ষুধায় অবসন্ন হন, তাহাকে লক্ষ্য করিয়া শিবির যে বাক্য আছে, তদনুসারে সেই রাজা মনুষ্যপদবাচ্য হন না। সে রাজ্যও রাষ্ট্রপদবাচ্য নহে ; রাজার সহিত সেই রাজ্য দগ্ধ হইয়া যায় ; কামুক ও দস্যুগণ যে নৃপ-তির রাজ্য হইতে আক্রোশ-পরায়ণ পতি-পুত্রের সমক্ষে রোরুদ্যমানা রমণীকে বলপূর্ব্বক হরণ করে, সে রাজা মৃত, কখন সে জীবিত হয় না। রক্ষণ ও ভরণ-পরাঙ্মুখ প্রজাদিগের ধন-বিলোপকারী অদাতা নির্দ্দয় নরপতিকে প্রজা-গণ বলপূর্ব্বক বিনাশ করিবে। যে ভূপতি "আমি তোমাদিগের রক্ষিতা" ইহা বলিয়া, আপ-নার বাক্য প্রতিপালন করিতে পারে না, প্রজা-গণ মিলিত হইয়া তাহাকে বিনষ্ট করিবে। প্রজা রক্ষাভাবে উচ্ছৃঙ্খল হইয়া যে সকল পাপ করে, আমাদিগের বিবেচনায় রাজা তাহার চতুর্থ ভাগ প্রাপ্ত হন। অপর মুনিগণ বলেন, সেই

...ক্ষয়ং দানমন্নং শূদ্রে মহৎ ফলম্।
...শূদ্রে চ ব্রাহ্মণে চ বিশিষ্যতে ॥ ১৩
...গোত্রচরণং স্বাধ্যায়ং দেশমেব চ
...ব্রাহ্মণেনেহ দদ্যাদন্নং প্রযত্নতঃ ॥ ১৪
...ভা বৃক্ষাঃ সর্ব্বকামসমন্বিতাঃ।
...যথা পুণ্যা হর্ষযুক্তাস্ত্রিবিষ্টপে ॥ ১৫
...ন যে লোকাস্তান্ শৃণুষ্ব মহামুনে।
...প্রকাশন্তে দিবি তেষাং মহাত্মনাম্ ॥ ১৬
...নরূপাণি নানাকামান্বিতানি চ।
...ফলাশ্চাপি বৃক্ষা ভবনসংস্থিতাঃ ॥ ১৭
...শুভাঃ কূপা দীর্ঘিকাশ্চৈব সর্ব্বশঃ।
...চ যানানি মুক্তাঙ্গথ সহস্রশঃ ॥ ১৮
...জাময়াঃ শৈলা বাসাংস্যাভরণানি চ।
...বত্যাঃ সরিতস্তথৈবান্নস্য পর্ব্বতাঃ ॥ ১৯
...প্রাসাদাঃ শয্যাশ্চ কনকোজ্জ্বলাঃ।
...সুগন্ধাস্তি ...প্রদো ভবেৎ ॥ ২০
...কাঃ পুণ্যকৃতামন্নদানপ্রকাশভাঃ।
তস্মাদন্নং বিশেষেণ দাতব্যং মানবৈর্ভুবি ॥ ২১
এতদ্যঃ শ্রাবয়েচ্ছ্রাদ্ধে ব্রাহ্মণান্ ভক্তিতো মুনে।
অক্ষয্যমন্নদানঞ্চ পিতৃণামুপতিষ্ঠতি ॥ ২২

ইতি শ্রীশৈবে মহাপুরাণে ধর্ম্মসংহি-
তায়ামন্নদানবিধির্নামৈক-
বিংশোধ্যায়ঃ ॥ ২১

দ্বাবিংশোঽধ্যায়ঃ।

সনৎকুমার উবাচ।

পানীয়দানং পরমং দানানামুত্তমং সদা।
তস্মাদ্বাপীশ্চ কূপাংশ্চ তড়াগানি চ কারয়েৎ ॥ ১
অর্দ্ধং পাপস্য হরতি পুরুষস্য বিকর্ম্মিণঃ।
কূপঃ প্রবৃত্তপানীয়ঃ সুপ্রবৃত্তশ্চ নিত্যশঃ ॥ ২
সর্ব্বং তারয়তে বংশং যঃ খনেচ্চ জলাশয়ম্।
গাবঃ পিবন্তি বিপ্রাশ্চ সাধবশ্চ নরাঃ সদা ॥ ৩
নিদাঘকালে পানীয়ং যস্য তিষ্ঠত্যবারিতম্।

...দান করিলে, তাহা অক্ষয় হয়।
...দান করিলেও মহৎ ফল হয়। সকল
...অন্নপান দান করিলে, তাহা বিশেষ
...অতিথির গোত্র, শাখা, স্বাধ্যায়,
...কিছুই জিজ্ঞাসা করিবে না, যাচক
...অন্নদান করিবে। অন্নদানকারীর
...যেমন সন্তান-সন্ততি সমন্বিত মঙ্গল-
...হর্ষ দান করে, সেইরূপ স্বর্গেও
...ফলপ্রদ কল্পবৃক্ষ হর্ষ বিতরণ
হে মহামুনে! অন্নদান করিলে যে
...লোক-প্রাপ্তি হয়, তাহা শ্রবণ কর।
...ই মহাত্মাদিগের নানা নিবেশরূপ,
...যুক্ত ভবনসমূহ প্রকাশিত হয়।
...বিতপ্রদ বৃক্ষনিচয় ভবনে অবস্থান
...হেমবাপী, নির্ম্মল জলযুক্ত কূপ ও
...গম্ভীর-নিনাদী মৌক্তিকময় যান,
...জায়ুক্ত শৈল, উত্তম বস্ত্র, অলঙ্কার,
...নদী, অন্নের পর্ব্বত, শুভ্র প্রাসাদ,
...উজ্জ্বল শয্যা, এই সকল দাতার হস্ত-
...অতএব অন্নদান করা উচিত।
পুণ্যাত্মা অন্নদানকারী এই সকল লোকে গমন
করেন অতএব সকলেই অতিথিকে অন্নদান
করিবে যে ব্যক্তি শ্রাদ্ধকালে এই দান-
প্রশস্তি ভক্তিপূর্ব্বক ব্রাহ্মণকে শ্রবণ করায়,
সেই শ্রাদ্ধীয় পিতৃগণের অগ্রাহ্য হইলেও
তাহার পিতৃগণ তাহা গ্রহণ করেন। ৯—২২।

একবিংশ অধ্যায় সমাপ্ত ॥ ২১ ॥

দ্বাবিংশ অধ্যায়।

সনৎকুমার কহিলেন,—জলদান সকল দান অপেক্ষা উত্তম; অতএব বাপী-কূপ-তড়া-গাদি খনন করা উচিত। পাপিষ্ঠ ব্যক্তিও লোক-সুখার্থ জলপূর্ণ জলাশয় উৎসর্গ করিলে তাহার পাপের অর্দ্ধাংশ নষ্ট হয়। যে জলাশয় খনন করে, তাহার বংশের সকলেই পাপমুক্ত হয়; যেহেতু তাহার জলাশয়ে গো, বিপ্র, সাধু ও সামান্য মনুষ্যেরা জল পান করে। যে নিদাঘকালে জলাশয় অবারিত রাখে, সে কখন

জাগর্ত্তি সত্যঞ্চ পরমং পদম্ ॥ ২১
পুণ্যঞ্চ দেবর্ষিপিতৃপূজনম্।
চ বিদ্যা চ সর্ব্বং সত্যে প্রতিষ্ঠিতম্
বা দানং মন্ত্রা দেবী সরস্বতী।
। সত্যমোঙ্কারঃ সত্যমেব চ ॥ ২৩
বুর্ভোতি সত্যেন তপতে রবিঃ।
র্দহতি স্বর্গঃ সত্যেন তিষ্ঠতি ॥ ২৪
বেদানাং সর্ব্বতীর্থাবগাহনম্।
ত্য লোকে সর্ব্বমাপ্নোত্যসংশয়ঃ ॥ ২৫
সহস্রঞ্চ সত্যঞ্চ তুলয়া ধৃতম্।
স্রাচ্চ সত্যমেব বিশিষ্যতে ॥ ২৬
াঃ প্রীয়ন্তে পিতরো ঋষয়স্তথা।
রং ধর্ম্মং সত্যমাহুঃ পরং পদম্ ॥ ২৭
রংব্রহ্ম তস্মাৎ সত্যং সদা বদেৎ।
নিরতাস্তপস্তপ্ত্বা সুদুষ্করম্ ॥ ২৮
তাঃ সিদ্ধাস্ততঃ স্বর্গমিতো গতাঃ।
সস্ত্রৈর্বিমানৈঃ পরিযাতুভিঃ ॥ ২৯
বক্তব্যঞ্চ সদা সত্যং ন সত্যাদ্বিদ্যতে পরম্।
অগাধে বিপুলে শুদ্ধে সত্যতীর্থে শুচিহ্রদে ॥ ৩০
স্নাতব্যং মনসা যুক্তেঃ স্নানং তৎ পরমং স্মৃতম্।
আত্মার্থে বা পরার্থে বা পুত্রার্থে বাপি মানবাঃ ॥ ৩১
অনৃতং যে ন ভাষন্তে তে নরাঃ স্বর্গগামিনঃ।
বেদা যজ্ঞাস্তথা মন্ত্রাঃ সন্তি বিপ্রেষু নিত্যশঃ।
নো ভান্ত্যমী হ্যসত্যেষু সত্যাৎ সত্যং সমাচরেৎ ॥

ব্যাস উবাচ।

তপসো মে ফলং ব্রূহি পুনরেব বিশেষতঃ।
সর্ব্বেষাঞ্চৈব বর্ণানাং ব্রাহ্মণানাং তপোধন ॥ ৩৩

সনৎকুমার উবাচ।

প্রবক্ষ্যামি তপোঽধ্যায়ং সর্ব্বকামার্থসাধনম্ ॥ ৩৪
দুশ্চরং দ্বিজাতীনাং তন্মে নিগদতঃ শৃণু।
তপো হি পরমং প্রোক্তং তপসা বিন্দতে ফলম্ ॥
তপোরতা হি যে নিত্যং মোদন্তে সহ দৈবতৈঃ।
তপসা প্রাপ্যতে স্বর্গস্তপসা প্রাপ্যতে যশঃ ॥ ৩৬
তপসা মোক্ষমাপ্নোতি তপসা বিন্দতে মহৎ।

সত্যই অদ্বিতীয় বিদ্যা। সত্য জাগরণ করিতেছে। সত্যই পরম স্থা, যজ্ঞ, পুণ্য, দেবঋষি ও পিতৃ-া, বৈদিক ধর্ম্ম এবং বিদ্যা সকলই তষ্ঠিত। সত্যই যজ্ঞ, সত্যই দান, , সত্যই দেবী সরস্বতী, সত্যই ব্রতা-ত্যই ওঙ্কার। সত্যপ্রভাবে বায়ু করিতেছেন, সূর্য্য তাপ দান করিতে-। দাহ করিতেছেন। স্বর্গও সত্য-অবস্থান করিতেছেন। বেদচতুষ্টয়ের সর্ব্বতীর্থাবগাহন জন্য পুণ্য সত্যবাদী ।। সত্যের গৌরব-পরীক্ষা নিমিত্ত র এক দিকে সহস্র অশ্বমেধ যজ্ঞ ও ক সত্য ধৃত হইয়াছিল। তাহাতে সহস্র হইতে সত্যই অধিক গৌরবা-ছিল। সত্য হইতে দেবগণ, পিতৃ-গণের প্রীতি হয়। মুনিগণ সত্যকে পরমপদ ও পরমব্রহ্ম বলিয়া নির্দ্দেশ । অতএব সর্ব্বদা সত্যবাদী হইবে। মুনিগণ দুষ্কর তপস্যা করিয়া সিদ্ধি া [illegible] অপ্সরাদিগণে বেষ্টিত হইয়া অপ্সরোগণ-পরিবৃত বিমানে আরোহণ করিয়া স্বর্গগমন করিয়াছিলেন। সর্ব্বদা সত্য-বাক্য বলা উচিত, সত্য হইতে শ্রেষ্ঠ কিছুই নাই। অগাধ, সত্যরূপ তীর্থবিশিষ্ট, নির্ম্মল হ্রদে স্নান করিবে, সেই স্নানই শ্রেষ্ঠ স্নান। আপনার নিমিত্ত, পরের নিমিত্ত বা পুত্রের নিমিত্ত যে মানব মিথ্যা না বলে, তাহারাই স্বর্গগামী হয়। বেদ, যজ্ঞ ও মন্ত্র, নিত্যই ব্রাহ্মণে বিদ্যমান থাকে, কিন্তু অসত্যভাষী হইলে কিছুই শোভা পায় না। অতএব সত্য আচরণ করিবে। ১৪—৩২। বেদব্যাস কহি-লেন, হে মুনে! আপনি পুনর্ব্বার বিশেষ করিয়া তপস্যার ফল কীর্ত্তন করুন। যেহেতু সকল বর্ণের, বিশেষ ব্রাহ্মণের, তপস্যাই ধন। সনৎকুমার কহিলেন, সর্ব্বকামার্থ-সাধক, দ্বিজাতিগণের দুশ্চর, তপস্যার প্রশংসাবোধক অধ্যায় বলিতেছি, শ্রবণ কর। তপস্যাই শ্রেষ্ঠ, তাহা হইতে ফল লাভ করা যায়। যাহারা তপস্যায় নিরত, তাহারা দেবতাদিগের সহিত প্রমোদ করিতে থাকে। তপঃ হইতে স্বর্গ,

[illegible]তি বৈ বংশান্ দশ পূর্ব্বান্ দশাপরান্ ॥
[illegible] চ দিব্যেন শিবলোকং স গচ্ছতি।
[illegible]ষ্টিমায়ান্তি দেবাঃ প্রেক্ষণকৈরপি ॥৫৫
পুষ্পপূজাভির্যথা পুস্তকবাচনৈঃ।
[illegible]য়তনে যস্তু কারয়েদ্ধর্ম্ম পুস্তকম্ ॥ ৫৬
[illegible] কস্যাপি শৃণু তস্যাপি যৎ ফলম্।
[illegible]মেধাভ্যাং ফলং প্রাপ্নোতি মানবঃ ॥৫৭
[illegible]-পুরাণানাং পুণ্যং পুস্তকবাচনম্।
কামানবাপ্যেহ সূর্য্যলোকং ভিনত্তি সঃ ॥
কস্ক ভিত্ত্বা স ব্রহ্মলোকঞ্চ গচ্ছতি।
[illegible]শতান্যত্র রাজা ভবতি ভূতলে ॥ [illegible]
সহস্রস্য যৎ ফলং সমুদাহৃতম্।
[illegible]ং সমবাপ্নোতি দেবাগ্রে যো জপং পঠেৎ
সর্ব্বপ্রযত্নেন কার্য্যং পুস্তকবাচনম্।
[illegible]-পুরাণানাং শম্ভোরায়তনে শুভে ॥ ৬১
[illegible]তিকরং শম্ভোঃ [illegible] নিরোকসাম্ ॥

শ্রীশৈবে মহাপুরাণে ধর্ম্মসংহিতায়াং
[illegible]নীয়-দান-সত্য-তপঃ-পুরাণমাহাত্ম্য-
কথনং নাম দ্বাবিংশোঽধ্যায়ঃ ॥২২॥

[illegible]মি দান করেন, তিনি ঊর্দ্ধতন দশ পুরুষ, দশ পুরুষ ও আপনাকে উদ্ধার করিয়া [illegible]মানারোহণপূর্ব্বক শিবলোকে গমন [illegible] দেবগণ পুরাণপাঠে যাদৃশ তুষ্ট হন, [illegible]ন, (দেবসমীপে) নাটকাদির অভিনয়, দান, পুষ্পাদি দ্বারা পূজা করিলে তুষ্ট হন না। বিষ্ণুমন্দির, শিবমন্দির [illegible]ন্দিরে যে ব্যক্তি ধর্ম্মপুস্তক পাঠ করেন, [illegible]জসূয় ও অশ্বমেধ যজ্ঞের ফল লাভ [illegible] ইতিহাস ও পুরাণ পুস্তকের পাঠ [illegible] পুণ্য ও সকল অভীষ্ট লাভ করিয়া, [illegible]র্য্যলোক ভেদ করিয়া, ব্রহ্মলোকে [illegible]রেন; তথায় শতকল্প বাস করিয়া [illegible] রাজত্ব লাভ করেন। সহস্র অশ্ব-[illegible]র যে ফল উক্ত হইয়াছে, দেব-[illegible]টে পুরাণ পাঠ করিলে সেই ফল [illegible]যায়। [illegible]রের আয়তনে

যত্নের সহিত ইতিহাস ও পুরাণপুস্তক পাঠ করিবে। ইহা ভিন্ন শিব ও অন্য দেবগণের প্রীতিকর আর কিছুই নাই। ৩৩—৬১।

দ্বাবিংশ অধ্যায় সমাপ্ত ॥ ২২ ॥

ত্রয়োবিংশোঽধ্যায়ঃ।

সূত উবাচ।

অত্রাপ্যুদাহরন্তীমমিতিহাসং পুরাতনম্।
পুরাণং পরমং পুণ্যং সর্ব্বপাপহরং শিবম্ ॥ ১
কুমারঃ সর্ব্বলোকানাং নমস্কৃত্য পিতামহম্।
প্রোবাচেদং মহাখ্যানং দেবর্ষির্ব্রহ্মসূনুনা ॥ ২
গতোঽহং ধর্ম্মরাজানং দ্রষ্টুং সম্পূজিতো ময়া।
স্তুতিভিঃ পরয়া ভক্ত্যা বহুমানপুরঃসরম্ ॥ ৩
তথা মধুরয়া বাচা তেনোক্তোঽস্মি সুখাসনে।
ময়া অত্রোপবিষ্টেন দৃষ্টং কিঞ্চিন্মহাদ্ভুতম্ ॥ ৪
কাঞ্চনেন বিমানেন বৈদূর্য্যকৃতবেদিনা।
মণিমুক্তাবিচিত্রেণ কিঙ্কিণীজালশোভিনা ॥ ৫
আগতং পুরুষং তত্র আসনাদ্দেবসত্তমঃ।
সসম্ভ্রমং সমুত্থায় দৃষ্ট্বা ধর্ম্মঃ স্বয়ং বিভুঃ ॥ ৬

ত্রয়োবিংশ অধ্যায়।

সূত কহিলেন,—এ বিষয়ে ইতিহাসজ্ঞগণ এই পুরাতন শুভপ্রদ ইতিহাস কীর্ত্তন করিয়াছেন। ব্রহ্মার পুত্র দেবর্ষি সনৎকুমার, সর্ব্বলোক-পিতামহ ব্রহ্মাকে নমস্কার করিয়া, এই ইতিহাস বলিলেন,—আমি একদা ধর্ম্মরাজকে দর্শন করিতে গমন করিয়াছিলাম; তাঁহাকে বহুমানপূর্ব্বক ভক্তিসহকারে স্তব দ্বারা পূজা করিলে, তিনি মধুরবাক্যে আমাকে উপবেশন করিতে বলিলেন। আমি সুখাসনে উপবিষ্ট হইয়া, এক অদ্ভুত ব্যাপার দেখিলাম। একটী পুরুষ, বৈদূর্য্যময় বেদিযুক্ত, মণিমুক্তা-বিভূষিত, কিঙ্কিণীজাল-শোভিত, কাঞ্চন-রচিত বিমানে আরোহণ করিয়া, তথায় উপস্থিত হইলেন। সেই পুরুষ আগমন করিবামাত্র ধর্ম্মরাজ আসন হইতে উঠিয়া, সসম্ভ্রমে তাঁহাকে গ্রহণ করিয়া

স তু বভ্রাম জম্বুকো মেদিনীতলম্ ॥২০
বেত্রবত্যোস্তু সঙ্গমে লোকবিশ্রুতে।
ভবিতা তত্র পূর্ব্বোক্তো গিরিকন্যয়া ॥২১
নশনং কৃত্বা ক্ষেত্রে প্রাণাংস্ততোঽস্যজৎ।
বপুর্ভূত্বা জগাম শিবসন্নিধৌ ॥ ২২
ং মহদ্দৃষ্ট্বা ধরাপালো মহীপতিঃ।
তনং কৃত্বা স্থাপয়ামাস বৈ শিবম্ ॥ ২৩
রে সুরান সর্ব্বানর্চ্চয়ন্ সোঽস্ত বীক্ষ্যতে।
নং শম্ভোস্তস্মিন্নগ্রে সভাজনৈঃ ॥ ২৪
ব্রাহ্মণাদীনাং পূজয়িত্বা কদম্বকম্।
পুরাণকং বাচকঞ্চ বিশেষতঃ ॥ ২৫
দ্বিজশ্রেষ্ঠং বিদ্যাশ্রেষ্ঠং মহামুনিম্।
পি সম্পূজ্য গন্ধপুষ্পাদিভিঃ ক্রমাৎ ॥২৬
রাজাসৌ বাচকং বিনয়ান্বিতঃ।
নং শম্ভোঃ কারিতস্তু শিবাগ্রতঃ ॥ ২৭
মিদঞ্চাপি শ্রোতৃকামং কদম্বকম্।
দ্বিজশ্রেষ্ঠ কুরু পুস্তকবাচনম্ ॥ ২৮

যাবৎ সংবৎসরং বিপ্র গৃহ্ণ বৃত্তিমনুত্তমাম্।
স্বর্ণনিষ্কশতকাত্র ততো দাস্যে তথাপরম্ ॥ ২৯
পূর্ণে বর্ষে দ্বিজশ্রেষ্ঠ শ্রেয়োঽর্থমহমাত্মনঃ।
এবং প্রবর্ত্তিতে তত্র পুণ্যে পুস্তকবাচনে ॥ ৩০
ষণ্মাসে গতমাত্রে তু কালে মুনিবরোত্তম।
অথায়ুষঃ ক্ষয়াচ্চায়ং কালধর্ম্মমুপেয়িবান্ ॥ ৩১
ময়া চাস্য বিমানং হি শিবেন প্রেরিতং দিবি।
ইত্যেষা কর্ম্মণো ব্যুষ্টিঃ পুণ্যাখ্যানকসংজ্ঞিকা ॥৩২
গন্ধপুষ্পোপহারৈস্তু ন তুষ্টির্জায়তে তথা।
দেবানামিহ সর্ব্বেষাং পুরাণশ্রবণাদ্যথা ॥ ৩৩
গো-সুবর্ণ-হিরণ্যানাং বস্ত্রাণাঞ্চাপি কৃৎস্নশঃ।
গ্রামাণাং নগরাণাঞ্চ দানাৎ তুষ্টির্ভবেন্ন হি ॥ ৩৪
যথা স্বাধ্যায়শ্রবণাৎ প্রীতিঃ সর্ব্বদিবৌকসাম্।
ইতিহাস-পুরাণানাং শ্রবণং মুনিসত্তম ॥ ৩৫
যথা মে স্যান্মহাপ্রীতির্ন শ্রাদ্ধৈঃ সর্ব্বকামিকৈঃ।
কন্যাশ্রাদ্ধে মহাপ্রীতির্মম স্যান্মুনিসত্তম।
ন তথা রোচতে সা তু যথা পুস্তকবাচনে ॥ ৩৬
অথ কিং বহুনোক্তেন নান্যৎ প্রীতিকরং মম ॥৩৭

সেই অনুচর ভগবতীর এই শাপে ...য়া পৃথিবীতলে ভ্রমণ করিতে গিরিরাজকন্যা ভগবতী পূর্ব্বে বলিয়া-...ন্তা ও বেত্রবতী নদীর সঙ্গমস্থলে ...পাস্ত হইবে। ঐ শৃগাল সেই ...ত্র গমনপূর্ব্বক অনশন করিয়া, করত, দিব্য রূপসম্পন্ন হইয়া শিব-...মন করিল। ধরাপাল সেই স্থানে ...ব্যাপার দর্শন করিয়া, মহাদেবের ...ণ করিয়া তাহাতে শিবস্থাপন করি-...ই মন্দিরে সমস্ত সুরগণের পূজা ... মঙ্গলময় শিব-মন্দির পরিদর্শন ...লেন। সর্ব্বোপকরণপূর্ণ সেই ...তিহাস-পুরাণবাচক ব্রাহ্মণসমূহকে ... বিদ্যাসম্পন্ন মহামুনি বাচক ও ... গন্ধ-চন্দনাদি দ্বারা পূজাপূর্ব্বক ...য়া বাচককে কহিলেন, হে দ্বিজ-...! এই স্থানে শিবসম্মুখে শিব-... করাইয়াছি, আর এই ব্রাহ্ম-...পুরাণ [illegible] উৎসুক হইয়া

অবস্থান করিতেছেন, আপনি একশত স্বর্ণনিষ্ক-রূপ উত্তম বৃত্তি গ্রহণ করিয়া, সংবৎসর পুরাণ পাঠ করুন। অনন্তর বর্ষ পূর্ণ হইলে স্বীয় শ্রেয়ঃকামনায় আরও ধন দান করিব। এই-রূপে সেই স্থানে পুণ্যপ্রদ পুস্তক-বাচন আরম্ভ হইলে, ষণ্মাস অতীত হইলেই সেই রাজা ধরাপাল আয়ুঃক্ষয় বশত মৃত্যুমুখে নিপতিত হইলেন। তখন মহাদেব ইঁহাকে স্বর্লোক আনয়ন নিমিত্ত আমা দ্বারা বিমান প্রেরণ করিলেন। ইহাই পুণ্যাখ্যানসংজ্ঞিত কর্ম্মের ফল। দেবগণ পুরাণ শ্রবণে যেরূপ সন্তোষ লাভ করেন, গন্ধ, পুষ্প, বলি, সুবর্ণ, হিরণ্য, বস্ত্র, গ্রাম ও নগর দান করিলেও তাদৃশ সন্তুষ্ট হন না। হে মুনিসত্তম! ইতিহাস-পুরাণ-শ্রবণে আমি যাদৃশী প্রীতি লাভ করি, সার্ব্বকামিক শ্রাদ্ধেও তাদৃশী প্রীতি লাভ করি না। কন্যাগত অপর পক্ষে শ্রাদ্ধ আমার প্রীতি-কর বটে, কিন্তু পুস্তক-বাচনে তাহা অপেক্ষা অধিক প্রীতি হয়। ১৮—৩৬। অথবা অধিক

...দেবেষু দনুদৈত্যেষু তামসম্ ॥ ৫৫
...থিতং কর্ম্ম শুদ্ধমাভ্যাং মহামুনে।
...তুঃ কিঞ্চিৎ সত্যং তে কথিতং ময়া ॥
সনৎকুমার উবাচ।
...শ্রুত্বা চ তবাভ্যাসমিহাগতঃ।
...ং দেবেশ কথ্যতাং কৌতুকং মম ॥৫৭
...বচনমাহ লোকপিতামহঃ।
...পুণ্যোঽসি নাস্তি তুল্যস্তথা পরঃ ॥৫৮
...বতা তৌ তু পুরাণৌ পুণ্যকারিণৌ।
...চ্ছেন সর্ব্বপ্রত্যক্ষদর্শিনা ॥ ৫৯
...দুক্তং হি তথ্যং বৈ নান্যথা ভবেৎ।
...খং পুত্রং পঞ্চমং লোকপূজিতম্ ॥৬০
...সর্ব্বাণি নিঃসৃতানি সমন্ততঃ।
...রাণানি লোকানাং হিতকাম্যয়া ॥ ৬১
...মেষ্টানি পুরাণানি সদা মুনে।
ন তথা চতুরো বেদা ন চাঙ্গানি মহায়তে ॥ ৬২
দদাতু বাচকে বৃত্তিং নিত্যং শ্রদ্ধাসমন্বিতঃ।
শৃণ্বন্তি তানি যে ভক্ত্যা তে যান্তি পরমাং গতিম্ ॥
ইতিহাস-পুরাণানি স্পষ্টীকরণমুত্তমম্।
ধর্ম্মার্থ-কাম-মোক্ষাণাং ময়া সৃষ্টানি সুব্রত ॥ ৬৪
ইতিহাস-পুরাণাভ্যাং বেদং সমুপবৃংহয়েৎ।
বিভেত্যল্পশ্রুতাদ্বেদো মাময়ং প্রহরিষ্যতি ॥ ৬৫
য এতে চতুরো বেদা গূঢ়ার্থাঃ সততং স্থিতাঃ।
অতস্তেতানি সৃষ্টানি বোধায়ৈষাং মহামুনে ॥ ৬৬
যস্তু কারয়তে তত্র ধর্ম্মশ্রবণমুত্তমম্।
করোতি যঃ সদা ভক্ত্যা স যাতি পরমং পদম্ ॥৬৭
দত্ত্বা তু দক্ষিণাং তত্র পরংব্রহ্মাধিগচ্ছতি।
নাশ্চর্য্যং পাত্রদানাদ্ধি দানপাত্রং হি তৎ পরম্ ॥৬৮
তীর্থানামিব কেদারং ব্রতানাঞ্চ মহাব্রতম্।
পর্ব্বতানাং যথা মেরুঃ পক্ষিণাং গরুড়ো যথা ॥৬৯
গঙ্গা চ সর্ব্বসরিতাং দেবশ্রেষ্ঠো যথা শিবঃ।
পাত্রাণামপি সর্ব্বেষাং বাচকো নাত্র সংশয়ঃ ॥৭০

...সাত্ত্বিক, দেবগণ সংকল্পোদ্দেশে ...ন, তাহা রাজসিক ও দানবসমূহ ...দি অসৎ-সংকল্পোদ্দেশে যে ধর্ম্ম অনু- ...তাহা তামসিক। হে মুনিশ্রেষ্ঠ! ...সকল কহিলাম। ইঁহারা সংকল্পো- ...ক্ত কর্ম্ম করিয়াছেন, আর কোন ...ব নাই। ৩৭—৫৬। সনৎকুমার ...-আমি এই দুই মনুষ্যকে দেখিয়া ...নিকট তাঁহাদিগের এই বৃত্তান্ত শ্রবণ ...পনার নিকট আগমন করিয়াছি, ...ণ! ইহা সত্য কিনা, আপনি ...আমার অত্যন্ত কৌতুহল হইয়াছে ...র বাক্য শ্রবণ করিয়া সর্ব্বলোক- ...ব্রহ্মা কহিলেন, তুমি যে দুই ...ন করিয়াছ, তাহারা অতি পুণ্যকারী। ...হাদিগের সন্দর্শন পাইয়াছ, ইহাতে ...শয় পুণ্যবান্, তোমার সদৃশ ব্যক্তি ...ল বিষয়ে প্রত্যক্ষদর্শী ধর্ম্মরাজ ...য়াছেন, তাহা সত্য; কখনই ...। হে পুত্র! আমার যে লোক- ...ম মুখ ছিল, তাহা হইতে চতুর্দ্দিকে ... পুরাণ নির্গত হইয়াছে। পুরাণ

আমার যত প্রিয়, চতুর্ব্বেদ ও বেদাঙ্গও তত প্রিয় নহে। সকলেই শ্রদ্ধা-সমন্বিত হইয়া বাচককে নিত্যই বৃত্তিদান করুন। যাঁহারা পুরাণ শ্রবণ করেন, তাঁহারা পরমগতি লাভ করেন। হে সুব্রত! ইতিহাসপুরাণ ধর্ম্ম, অর্থ কাম, মোক্ষের স্বরূপ ফল-নিশ্চয়কারী। ইতিহাস ও পুরাণ দ্বারা বেদের বিস্তার করিবে। যে অল্প জ্ঞান বশত উক্ত প্রকারে বেদ বিস্তার করিতে পারে না, বেদ তাহার নিকট প্রহার-ভয়েই যেন সঙ্কুচিত হন। এই যে গূঢ়ার্থ বেদ-চতুষ্টয়, ইহারই বোধ নিমিত্ত আমি পুরাণের সৃষ্টি করিয়াছি। যে পুরাণ শ্রবণ করায় বা ভক্তি সহকারে শ্রবণ করে, সে পরম পদ লাভ করে এবং বাচককে দক্ষিণা দান করিলে পরম ব্রহ্ম প্রাপ্ত হয়। সৎপাত্রে দান করিলে এ সকল আশ্চর্য্য নহে। তীর্থ-মধ্যে কেদার, ব্রতমধ্যে মহাব্রত, পর্ব্বতমধ্যে সুমেরু, পক্ষিমধ্যে গরুড়, নদী-মধ্যে গঙ্গা এবং দেবগণ মধ্যে মহাদেব যেমন শ্রেষ্ঠ, সেইরূপ সকল পাত্রের মধ্যে পুরাণবাচক শ্রেষ্ঠপাত্র। যে মনু...

পঙ্কে যথাক্ষিপ্য পাদমশ্মনি তং তথা।
ত পরমং লোকং যাবদাভূতসংপ্লবম্‌ ॥ ১১
প্রতিগ্রহীতুশ্চ মযৈতৎ কথিতং পুনঃ।
াম্‌ি পতিকৈষাং প্রলোভাহৃতচেতসাম্‌ ॥১২
দ্য সুমহাদানং যদীচ্ছেদ্‌গতিমাত্মনঃ।
সকলং যচ্চ বিপ্রেভ্যঃ সম্প্রযচ্ছতি ॥ ১৩
ন তু কার্য্যাণি বদান্তঃ কুরুতে সদা।
ন বিপ্রমুখ্যোঽপি গতিং শ্রেষ্ঠাং প্রযাতিহি
তিলা নাগাঃ কন্যা দাসী গৃহং রথঃ।
ঃ কপিলা চৈব মহাদানানি বৈ দশ ॥ ১৫
তানি সর্ব্বাণি ব্রাহ্মণো জ্ঞানবিৎ সদা।
তারযেচ্চৈব আত্মানঞ্চ ন সংশয়ঃ ॥ ১৬
প্রথমং দানং সুবর্ণং দক্ষিণা পরা।
পবিত্রং পরমমেতৎ স্বস্ত্যয়নং মহৎ ॥ ১৭
র্বান্‌ দশ পরানাত্মানঞ্চৈকবিংশকম্‌।
অপি পাপশতং কৃত্বা দত্ত্বা বিপ্রেষু তারযেৎ ॥১৮
সুবর্ণং যে প্রযচ্ছন্তি নরাঃ শুদ্ধেন চেতসা।
দেবতাস্তে প্রযচ্ছন্তি সমস্তাদিতি নঃ শ্রুতম্‌ ॥ ১৯
তস্মাৎ সুবর্ণং দত্ত্বা চ দত্তাঃ স্যুঃ সর্ব্বদেবতাঃ।
অগ্নিহি দেবতাঃ সর্ব্বাঃ সুবর্ণঞ্চ হুতাশনঃ ॥ ২০
বহ্ন্যভাবে চ কুর্ব্বন্তি বহ্নিস্থানঞ্চ কাঞ্চনম্‌।
সর্ব্ববেদপ্রমাণজ্ঞা বেদশ্রুতিনিদর্শনাৎ ॥ ২১
অপূতং যদবাচ্যঞ্চ স্পৃষ্টং হি পূততাং ব্রজেৎ।
পিতৃ-দেব-মনুষ্যাণামিষ্টং তৎ সর্ব্বদা মুনে ॥ ২২
অদ্ভিঃ সংশুধ্যতে সর্ব্বমাপঃ শুদ্ধিং ব্রজন্তি হি।
হেম্না তস্মাৎ সদা শুদ্ধং হাটকং বহ্নিসম্ভবম্‌ ॥২৩
হুত্বেনং জ্বলয়িত্বাগ্নিমাদিত্যোদয়নং প্রতি।
দদ্যাদ্‌ব্রতং সমুদ্দিশ্য সর্ব্বান্‌ কামানবাপ্নুয়াৎ ॥ ২৪
স্বর্ণদঃ সর্ব্বদঃ প্রোক্তঃ সর্ব্বান্‌ কামাল্লভেদ্দিবি ॥
বিমানেনার্কবর্ণেন ভাস্বরেণ বিরাজিতঃ।
অপ্সরোগণকীর্ণেন গন্ধর্ব্বগীতিনাদিনা ॥ ২৬
হংসবাহনযুক্তেন কামগেন নরোত্তমঃ।

গমন করে। প্রস্তরে পদবিন্যাস করিয়া পঙ্ক হইতে উঠা যায়, সেইরূপ মৃত-দাতা গ্রহীতার স্কন্ধে পাপভার দিয়া উৎকৃষ্ট লোকে বাস করে। এই ঘোর তা ও প্রতিগ্রহীতার পুণ্য-পাপ বলিলাম, লোভাবিষ্টচিত্ত, ঘোর-দান-প্রতিগ্রহীতার লিতেছি। মনীষী ব্রাহ্মণ মহাঘোর দান হ করিয়া যদি আপনার সদ্‌গতি ইচ্ছা তবে সেই সকল গৃহীত দ্রব্য ব্রাহ্মণকে রিবেন। অশক্ত হইলে বদান্যভাবে র অর্দ্ধ দ্বারা ধর্ম্মকার্য্য করিবেন। এইরূপ ব্রাহ্মণ পাপভার মুক্ত হইয়া শ্রেষ্ঠ গতি-করেন। ১—১৪। কাঞ্চন, শ্বেত-তিল-স্তা, দাসী, গৃহ, রথ, অশ্ব, ভূমি, কপিলা ই দশটী দান মহাদান। জ্ঞানবান্‌ এই মহাদান গ্রহণ করিলে দাতাও নিঃসংশয় উদ্ধার করেন। সুবর্ণ দান ও প্রধান দক্ষিণা; সুবর্ণ দান পবিত্র ও মহৎ স্বস্ত্যয়ন আর নাই। পাপকর্ম্ম করিয়াও ব্রাহ্মণকে সুবর্ণ-লে ঊর্দ্ধতন দশ পুরুষ, অধস্তন দশ বং আপনি এই একবিংশতি পুরুষ উদ্ধার করা হয়। যে নর পবিত্রচিত্তে সুবর্ণ দান করেন, তিনি সমস্ত দেবতা দানের ফল প্রাপ্ত হন, অতএব সুবর্ণও সমস্ত দেবতাদান তুল্য। অগ্নিই সকল দেবতা, সুবর্ণ সেই সর্ব্বদেবময় অগ্নি, অগ্নির অভাব হইলে সর্ব্ব-বেদপ্রমাণজ্ঞ মহর্ষিগণ বেদপ্রমাণ দর্শন করিয়া কাঞ্চন স্থাপনপূর্ব্বক কার্য্য করেন। সুবর্ণস্পর্শে অশুচি, অমেধ্য ও দুষ্টবস্তু পবিত্র হয়। সুবর্ণ পিতৃগণ, দেবগণ ও মনুষ্যগণের সর্ব্বদা প্রিয়। জল দ্বারা সকল বস্তুর শুদ্ধি হয়, সেই জল সুবর্ণস্পর্শে শুদ্ধিলাভ করে। অতএব অগ্নিসম্ভব সুবর্ণ সর্ব্বাপেক্ষা শুদ্ধ। যে ব্যক্তি সূর্য্যোদয় কালে প্রজ্বলিত বহ্নিতে হোম করিয়া সুবর্ণ দান করেন, তিনি সকল অভিলষিত লাভ করেন। যিনি স্বর্ণদান করেন, তিনি সকল বস্তুদানের ফল প্রাপ্ত হন; অত-এব স্বর্গে সর্ব্বপ্রকার সুখভোগ করেন স্বর্ণদাতা নরোত্তম সূর্য্যতুল্য, ভাস্বর, অপ্সরো-গণপূর্ণ, গন্ধর্ব্বগীতিনাদী, হংসবাহনযুক্ত, মনো-বেগসম্পন্ন বিমানে আরোহণপূর্ব্বক দিব্যচন্দ

সর্ব্বধর্ম্মজ্ঞান্ করিষ্যে সকলং পুনঃ।
ক্ষিত্যা রাজাসৌ বশিষ্ঠমিদমব্রবীৎ ॥ ৪১
দামুনিশ্রেষ্ঠ রাজ্যমব্যাহতং ভুবি।
তিমং লোকে ভার্য্যা মেঽস্তি সুশোভনা
াগ্যমৈশ্বর্য্যং দানশক্তিরনুত্তমা।
পানসামর্থ্যং হানিঃ স্যান্নৈব মে কচিৎ ॥
সহস্রস্য বারণস্যাস্যরিসূদনম্।
সুভৃত্যাশ্চ সানুরাগাশ্চ মে প্রজাঃ ॥ ৪৪
চ মে নাস্তি শক্তির্মে পালনে ভুবঃ।
যাঽহং কর্ত্তুং তৎ করোমি মহামুনে ॥ ৪৫
ইকৃতাদ্ধর্ম্মাদেবং প্রাপ্তং যথাখিলম্।
র্ম্মাচক্ষ পূর্ব্বজন্মকৃতং কৃতম্ ॥ ৪৬
চনং তস্য বশিষ্ঠঃ প্রাহ তং নৃপম্।
চিরং কালং শৃণু ভূপাল্যজন্মনি ॥ ৪৭
তে প্রবক্ষ্যামি কুযোনিমনুবর্ত্ততে।
বী নাম পৃথিবী জগনে স্থিতা ॥ ৪৮

ধর্ম্মপালো নৃপস্তত্র সর্ব্বধর্ম্মানুশাসকঃ।
বর্বরাহস্তমপ্যাসীৎ স্বধর্ম্মমনুবর্ত্তকঃ ॥ ৪৯
বসতস্তে ত্বনাবৃষ্টিরাসীচ্চ বহুবার্ষিকী।
অন্নক্ষয়াৎ ততস্ত্বন্তু গত্বা তু বনমাশ্রয়ৎ ॥ ৫০
তত্র তে বসতা লোকে বহবঃ সমুপাশ্রয়াৎ।
সুৎক্ষামকর্শিতাঃ সন্তঃ ফলমূলমহাশিনঃ ॥ ৫১
নিরন্নে চ ততো লোকে তস্মিন্ ফলবিবর্জ্জিতে।
ক্ষুধার্ত্তো ভার্য্যয়া যুক্তঃ প্রাগাদঙ্গারকারকঃ ॥ ৫২
তস্মাৎ ত্বং ভার্য্যয়া যুক্তো দারুণ্যাদায় সত্বরঃ।
প্রাবিশন্নগরীং সোঽপি বিক্রেতুং তানি সর্ব্বথা ॥
ন জগ্রাহ জনঃ কশ্চিদ্দম্পত্যোরটমানয়োঃ।
ততঃ স যৎ ক্ষুধার্ত্তৌ তৌ ধ্বনিং শুশ্রুবতুস্তদা ॥
বণিঙ্মুখ্যস্য বিপ্রাণাং জুহ্বতাং তদ্‌গৃহাঙ্গনে।
তৌ গত্বা তত্র কাষ্ঠানি জ্বালয়ামাসতুস্তদা ॥ ৫৫
প্রত্যাপায়স্য মাঘস্য পূর্ণিমায়াং সমাগমে।
রাহুবক্রোমহাভাগ তত্র তাবৎতুস্তদা ॥ ৫৬

া ধর্ম্মজ্ঞ মুনিগণকে জিজ্ঞাসা করিয়া ...ধর্ম্মানুষ্ঠান করি।" এইরূপ চিন্তা ...ষ্ঠ ঋষিকে কহিলেন, "হে মুনিশ্রেষ্ঠ! ...প্রসাদে পৃথিবীতে আমার অব্যাহত ...প্রতিম রূপ, সুন্দরী স্ত্রী, শরীরের ঐশ্বর্য্য, অসাধারণ দানশক্তি, স্ত্রী, ...মর্থ্য—সকলই আছে, কুত্রাপি ...হানি নাই। সহস্র হস্তীর বল ধারণ ...র শত্রু বিনষ্ট হইয়াছে; সুসন্ততি, অনুরক্ত প্রজা, সকলই বর্ত্তমান আমার ধর্ম্মহানি নাই। পৃথিবী পাল-...ও সম্পূর্ণ আছে। হে মুনে! আমি ইচ্ছা করি, সকলই করিতে পারি। আমি পূর্ব্বজন্মকৃত ধর্ম্মবলেই প্রাপ্ত ...এক্ষণে পূর্ব্বজন্মে আমি কি ধর্ম্ম-...ছিলাম, তাহা বলুন। রাজার এই ...বিয় বসিষ্ঠ বহুক্ষণ চিন্তা করিয়া ...হে রাজন্! তুমি পূর্ব্বজন্মে নিন্দিত ...ও যে কার্য্য করিয়াছিলে, তাহা শ্রবণ ...বী নামে নগর

আছে, তথায় সর্ব্বধর্ম্মানুশাসক ধর্ম্মপাল নামক এক রাজা ছিলেন। তুমিও সেই নগরে স্বধর্ম্মানুবর্ত্তনশীল অতি নিকৃষ্টজাতি বাস করিতে। সেই সময় সেই নগরীতে বহু বৎসর অনাবৃষ্টি বশত দুর্ভিক্ষ হইলে তুমি নগর ত্যাগ করিয়া বনে বাস করিয়াছিলে। তুমি বনের ফলমূল গ্রহণ করায় ফলমূলাশী বহুব্যক্তি ক্ষুধায় কাতর ও দুর্ব্বল হইয়াছিল। অনন্তর সমস্ত পৃথিবী, নিরন্ন ও বন ফলশূন্য হইলে তুমি ভার্য্যার সহিত ক্ষুৎপীড়িত হইয়া অঙ্গারকারক হইয়াছিলে। একদা ভার্য্যার সহিত বন হইতে প্রচুর কাষ্ঠ সংগ্রহ করিয়া বিক্রয় নিমিত্ত নগরে প্রবেশ করিয়াছিলে। তোমরা দ্বারে দ্বারে ভ্রমণ করিলেও কেহই তোমাদিগের কাষ্ঠ ক্রয় করে নাই। অনন্তর তোমরা ক্ষুধায় নিতান্ত কাতর হইয়া ভ্রমণ করিতে করিতে সায়ংকালে এক শ্রেষ্ঠ বণিকের গৃহাঙ্গনে হোমকারী ব্রাহ্মণগণের ধ্বনি শুনিয়া সেই স্থানে গমনপূর্ব্বক শীত নিবারণ জন্য কাষ্ঠসমূহ প্রজ্বলিত করিয়াছিলে। সেই দিন মাঘমাসের পূর্ণিমা, চন্দ্রগ্রহণ হইয়াছিল। ৩০—৫৬। তখন সেই

পরো রাজা বৈণ্যস্তু বিস্ময়ান্বিতঃ ॥ ৭৩
প্রচ্ছ সর্ব্বজ্ঞান্ ব্রাহ্মণানাদিভূমিপঃ।
মহারাজো বচনঞ্চেদমব্রবীৎ ॥ ৭৪
গ্রহা বুদ্ধির্ভবতাং মুনিসত্তমাঃ।
ষ্টুমিচ্ছামি কিঞ্চিৎ তদ্বক্তুমর্হথ ॥ ৭৫
ময়া দৃষ্টা ভবন্তঃ সুপ্রসাদিতাঃ।
সর্ব্বজ্ঞাঃ সর্ব্বে সর্ব্বোপকারিণঃ ॥ ৭৬

মুনয় উচুঃ।

সি সন্দেহো যশ্চ সাংশয়িকো ভুবি।
যথান্যায়ং তং পৃচ্ছাদ্য মহীপতে ॥৭৭
নৃপশার্দ্দূল ভবতা পরিতোষিতাঃ
জাঃ পালয়তা সর্ব্বদ্বীপেষু পার্থিব ॥ ৭৮
ব্রাহ্মণোঽশ্নীয়াচ্ছিন্দ্যাদ্বা ধর্ম্মসংশয়ম্।
বিশেষ্কর্ম্মমহিতাদ্বা নিবত্তয়েৎ ॥ ৭৯
প্রাহ তান্ বিপ্রানাদিরাজঃ পৃথুস্তদা
বা বৃত্তং কিং ময়া সুকৃতং কৃতম্ ॥ ৮০
সং পুরা বিপ্রাঃ কিং কর্ম্ম চ ময়া কৃতম্

কিঞ্চানয়া সুচার্ব্বঙ্গ্যা মম পত্ন্যা কৃতং পুনঃ ॥৮১
যেনাবয়োরিয়ং স্ফীতিঃ সুসম্ভূতা সুদুর্লভা।
চত্বারশ্চাপ্রতিহতা গতয়ো মম পৃচ্ছতঃ ॥ ৮২
অশেষা ভূভৃতো বশ্যাঃ কোষস্যান্তো ন বিদ্যতে।
বলঞ্চাপ্রতিমং মেঽস্তি শরীরারোগ্যমুত্তমম্ ॥ ৮৩
সুরোঽপি বপুষা তেজো ন কশ্চিৎ সহতেঽধুনা
সোঽহমিচ্ছামি তং জ্ঞাতুং যথা চেয়মনিন্দিতা।
অতিভাতি চ মে কান্ত্যা ভার্য্যেয়মতিশোভনা ॥ ৮৪
পুরা নৌ কিং কৃতং কর্ম্ম যস্যাশেষমিদং ফলম্ ॥
ইতি পৃষ্টা নরেন্দ্রেণ সমস্তাস্তে তপোধনাঃ।
মরীচিং প্রেরয়ামাসুঃ কথ্যতামিতি ভূপতেঃ ॥ ৮৬
ইত্যুক্তঃ সোঽপি ধর্ম্মজ্ঞৈঃ প্রজাপতিসুতস্ততঃ।
যোগমাস্থায় সুচিরং যথাবদৃষিসত্তমঃ ॥ ৮৭
জ্ঞাতবানাদিরাজস্য সর্ব্বং পূর্ব্ববিচেষ্টিতম্।
স তমাহ ততো ভূপং চিন্তিতার্থো যতব্রতঃ ॥ ৮৮

মরীচিরুবাচ।

শৃণু ভূপাল যস্যেদং সকলং কর্ম্মণঃ ফলম্।
ভার্য্যয়া সহিতং প্রাপ্তমত একমনা ভব ॥ ৮৯

কে তাহা জিজ্ঞাসা করিলেন। বেণ-ও এ বিষয় স্থির নিশ্চয় করিতে না বিস্ময়াবিষ্ট হইলেন অনন্তর রাজা ব্রাহ্মণগণকে প্রণামপূর্ব্বক কহিলেন, হে গণ! যদি আপনারা আমার প্রতি েন, তবে আমি কিছু জিজ্ঞাসা করিব, উত্তর দান করুন। আপনাদিগকে র্শন করিতেছি, অতএব হে সর্ব্বজ্ঞ রী মহাশয়গণ! এ বিষয়ে উত্তর-ন। ৬৫—৭৬। মুনিগণ কহিযা-হে মহীপতে! যে বিষয়ে তোমার দহ বা সংশয় উপস্থিত হইয়াছে, থাবৎ উত্তর করিব, তুমি জিজ্ঞাসা হে নরশার্দ্দূল! তুমি সপ্তদ্বীপ মধ্যে প প্রজাপালন করায় আমরা অত্যন্ত য়াছি। সন্তুষ্ট ব্রাহ্মণ বাধাচ্ছেদ, ধর্ম্মের উপদেশ ও অহিত হইতে য়া ভোজন করে। ব্রাহ্মণগণ এই ল, আদিরাজ পৃথু কহিলেন, "আমি কি সুকৃত করিয়াছি ও কে ছিলাম,

আমার চার্ব্বঙ্গী পত্নীই বা কোন্ কার্য্য করিয়াছেন, যাহা হইতে আমাদিগের এই দুর্লভ বৃদ্ধি হইয়াছে? চারি-লোকই আমার অপ্রতিহত, সমস্ত রাজমণ্ডল বশীভূত, অনন্ত কোশ, অতুল্য বল, শরীরের উত্তম আরোগ্য, দেহের এতই তেজ যে, কোন দেবতা তাহা সহ্য করিতে পারেন না। সেই আমি আপনার পূর্ব্ববৃত্তান্ত জানিতে ইচ্ছা করি এবং আমার অনিন্দিতা পত্নী সৌন্দর্য্যে সকলকে অতিক্রম করিয়াছে; আমরা পূর্ব্বে কি কর্ম্ম করিয়াছি, এই সমৃদ্ধি লাভ যাহার অশেষ ফল? নরেন্দ্র ঋষিগণকে এইরূপ জিজ্ঞাসা করিলে তাঁহারা ভূপতির পূর্ব্ব-বৃত্তান্ত বলিবার জন্য মরীচিকে নিযুক্ত করিলেন। প্রজাপতি-পুত্র মরীচি, ধর্ম্মজ্ঞ মুনিগণ কর্তৃক অভিহিত হইয়া সুচির-কাল যোগ অবলম্বনপূর্ব্বক আদিরাজের বৃত্তান্ত অবগত হইলেন। বক্তব্য চিন্তা শেষ হইলে, সেই যতব্রত মহর্ষি রাজাকে কহিলেন, হে ভূপাল! তুমি যে কর্ম্মফলে ভার্য্যার সহিত এই সকল

কালেঽ দদাৎ সোঽপি তদৰ্দ্ধং হি ত্বমশেষতঃ

সনৎকুমার উবাচ।

স্বশক্তিতো ব্যাস উত্তমাধমমধ্যমাঃ।
মানবা লোকে শক্ত্যা দানং লভন্তি তে ॥ ২
তু সুবর্ণেন সহস্রেণ শতেন তু।
া বা নিঃস্বোঽপি সুবর্ণেন তু কারয়েৎ ॥ ৩
াং দ্বিহস্তাং বা ত্রিহস্তাং বাপি কানতঃ।
বে সুতাম্রস্য কৃত্বা হেমস্য নিক্ষিপেৎ ॥ ৪
ত্রেষু শৈলেষু সর্ব্বতঃ প্রকিরেদ্বসু।
াদশুষেব হেমং তেসু বিনিক্ষিপেৎ ॥ ৫
চোথিতো মেরুর্মন্দরং তস্য পূর্ব্বতঃ।
নসংজ্ঞস্য মেরোশ্চৈব তু দক্ষিণে ॥ ৬
পশ্চিমে ভাগে বিপুলশ্চোত্তরে ততঃ ॥ ৭
বহুরত্নানি ন্যস্য বৈদূর্য্যমন্দিরে।
বিদ্রুমঞ্চৈব মহানীলস্য পশ্চিমে ॥ ৮
বিন্যসেৎ তস্য পদ্মরাগং তথোত্তরে।
াঙ্খিবণ্যস্য মৌক্তিকাদি ততঃ পরম্ ॥ ৯
কদম্ব-জম্বুকাশ্বত্থ-শ্রীপর্ণীপল্লবং ক্রমাৎ।
নাগবল্ল্যাস্তথাভাবাৎ সম্যক্ পত্রাণি বিন্যসেৎ ॥১০
লবণস্য সমুদ্রস্য তদ্বাহ্যে পরিকল্পয়েৎ।
লবণেন পবিত্রেণ বাহ্যং তৎ পরিপূরয়েৎ ॥ ১১
তদ্বাহ্যে প্লক্ষদ্বীপস্য অব্ধিরিক্ষুরসস্য বৈ।
তেনাপূর্য্য ততো দ্বীপঃ শাল্মলিশ্চাপরো মুনে ॥১২
সর্পিষস্য সমুদ্রং বৈ পূরয়েৎ সর্পিষা চ তম্।
কুশদ্বীপাৎ পরো দধ্নস্তেনৈবাপূরয়েৎ ততঃ ॥ ১৩
ক্রৌঞ্চাৎ পরস্য দুগ্ধেন শাকদ্বীপমতঃ পরম্।
তস্মাৎ তৎ মধুনাপূর্য্য তদন্তে পুষ্করং স্থিতম্ ॥ ১৪
তস্মাৎ তদম্বুনাপূর্য্য পুষ্করৈরুপশোভিতম্।
এবং কৃত্বা বরাং সর্ব্বাং বেদিকায়াং নিধাপয়েৎ ॥
সংক্ষেপাৎ কথিতং ব্যাস পৃথিব্যা দানমুত্তমম্।
নাস্যা বর্ষাযুতেনাপি বক্তুং শক্যোঽতিবিস্তরঃ ॥ ১৬
হস্তমাত্রং খনেৎ কুণ্ডং হোমং তত্রৈব কারয়েৎ ॥

মত হেমমহী নির্ম্মাণ করিয়াছিলেন ও া তাহা দান করিয়াছিলেন, তাহা বলুন। ারে কহিলেন, হে ব্যাস! এই জগতে মধ্যম, অধম মানব আছে; তাহারা শক্তি অনুসারে উত্তম, মধ্যম, অধম দান করিলে, সম্যক্ দানফল প্রাপ্ত লক্ষ, সহস্র, শত সুবর্ণ দ্বারা এবং াকাংশ সুবর্ণ দ্বারাও একহস্তা, দ্বিহস্তা স্তা পৃথ্বী নির্ম্মাণ করিবে; অত্যন্ত হইলেও উত্তম তাম্র দ্বারা পৃথ্বী নির্ম্মাণ তাহাতে এবং পর্ব্বতের চতুর্দ্দিকে : প্রক্ষেপ করিবে। রত্নের অভাব ভূ-পরিমাণ অপেক্ষা ন্যূন-পরিমাণ হেমরজ দিবে। সেই পৃথ্বীর মধ্য-রু, ও মেরুর পূর্ব্বদিকে মন্দর, দক্ষিণে গন্ধমাদন, পশ্চিমভাগে নীল-পর্ব্বত, াশে বিপুল-পর্ব্বত নির্ম্মাণ করিবে। ঊর্দ্ধভাগে বৈদূর্য্য-মন্দিরে প্রচুর রত্ন-করিবে। দক্ষিণে বিদ্রুম, পশ্চিমে , উত্তরে পদ্মরাগ-রত্ন, তাহার অভাবে স্বর্ণ ও তাহারও অভাবে মৌক্তিকাদি দিবে। পূর্ব্বাদি-দিক্‌ক্রমে কদম্ব, জম্বু, অশ্বত্থ ও শ্রীপর্ণীপল্লব; তাহার অভাব হইলে, সর্ব্বত্র নাগবল্লীপত্র বিন্যাস করিবে। মেরুমন্দরাদির বাহ্য প্রদেশে লবণ-সমুদ্র কল্পনা করিয়া হবিষ্য-লবণ দ্বারা সমুদ্র-স্থান পরিপূর্ণ করিবে। লবণ-সমুদ্রের বাহ্য প্রদেশে প্লক্ষদ্বীপ ও ইক্ষু-সমুদ্র করিয়া ইক্ষুরসে সেই সমুদ্র পূর্ণ করিবে। তৎপরে শাল্মলী-দ্বীপ ও সর্পিঃ-সমুদ্র নির্ম্মাণ করিয়া, ঘৃত দিয়া সেই সমুদ্র পূর্ণ করিবে। তৎপরে কুশদ্বীপ ও দধি-সমুদ্র প্রস্তুত করিয়া দধি দ্বারা সেই দধিসমুদ্র পূর্ণ করিবে। তদ্বাহ্যে ক্রৌঞ্চ-দ্বীপ ও দুগ্ধ-সমুদ্র, তৎপরে শাকদ্বীপ এবং মধুসমুদ্র নির্ম্মাণ করিয়া মধু দ্বারা সেই সমুদ্র পূর্ণ করিবে। তদন্তে পুষ্করদ্বীপ অবস্থিত। অনন্তর সলিল দ্বারা পুষ্কর-দ্বীপ পূর্ণ ও পদ্ম দ্বারা উপশোভিত করিবে। এইরূপ করিয়া সকল প্রকার স্বর্ণ-পৃথ্বীকে বেদিকায় স্থাপন করিবে। ১—১৫। হে ব্যাস! আমি এই ভূমিদান সংক্ষেপে বলিলাম। অযুতবর্ষ বলিলেও সবিস্তরে ইহা বলা যায় না। একহস্ত পরিমিত কুণ্ড খনন

দ্ধি কালেন এতং যে কথিতং স্ফুটম্ ॥
দেহিকাঃ প্রাণা মধ্যে বাহ্যে তদা বসু।
ত্বা তাভ্যাং নরঃ পাপাৎ প্রমুচ্যতে ॥৪
ঋষিশ্রেষ্ঠ সাম্প্রতং কথয়ামি তে ॥৫
ব্যাস উবাচ।
যুগে মর্ত্ত্যাঃ সদাচারবিবর্জ্জিতাঃ।
মূঢ়া ভবিষ্যন্তি মহামুনে ॥ ৬
ঘোরাণাং যাতনাঃ কিল ভুক্তম।
হনং তত্র তদর্থং কহি মে দ্বিজ ॥ ৭
ং কান্তারং সুদুস্পূরং সুদুর্গমম্।
পসা বাপি নরস্তমে বদ প্রভো ॥ ৮
সনৎকুমার উবাচ।
মহাগুহ্যং মহাপাতকনাশনম্।
ন পশ্যন্তি তথা বক্ষ্যামি সুব্রত ॥ ৯
সিতে পক্ষে চতুর্দ্দশ্যাং সমাহিতঃ।
সুনৈবেদ্যৈরর্চ্চয়েদচ্যুতং বুধঃ ॥ ১০

তিলপ্রস্থময়ং কৃত্বা নাগং সর্ব্বগুণান্বিতম্।
ধেনুং বৎসং সুবর্ণস্তু সুদীপৈঃ সর্ব্বতশ্চিতম্ ॥ ১১
মুক্তাফলেক্ষণং রৌপ্য-দশনং বিদ্রুমচ্ছদম্।
সুবর্ণতিলকোপেতং কর্ণচামরভূষিতম্ ॥ ১২
কাংস্যঘণ্টাযুগযুতং ক্ষৌমকক্ষাবিভূষিতম্।
মৌক্তিকাপূর্ণকুম্ভঞ্চ সিন্দূরাবৃতমস্তকম্ ॥ ১৩
বিচিত্রবস্ত্রসংবীতং মুক্তামালাবিরাজিতম্।
পাদুকোপানহং ছত্রং ভোজনাসনদর্পণম্।
শক্ত্যা কুর্য্যাৎ সুবর্ণেন বিত্তশাঠ্যবিবর্জ্জিতঃ ॥ ১৪
তস্যাগ্রেঽষ্টদলং পদ্মং সংলিখেৎ কুঙ্কুমাকৃতৈঃ ॥
অাপূর্য্যাচ্যুতমীশানমর্চ্চয়েৎ কর্ণিকাপদে।
ধাতারং বিশ্বকর্ত্তারং পূর্ব্বপত্রে তু বাসবম্ ॥ ১৬
নমোঽস্তু দেবপতয়ে পর্জ্জন্যায় মরুত্বতে।
নমোঽগ্নয়ে হুতাশায় হব্যবাহায় বহ্নয়ে ॥ ১৭
নমঃ পিতৄণাং পতয়ে ধর্ম্মায়ানন্দদায়িনে।
নমো নির্ঋতিনাথায় ধর্ম্মায় নিরয়াত্মনে ॥ ১৮

াপ করিয়া যে তপস্যা দ্বারা নিজ দেহ
রলে কালে সেই পাপ বিনষ্ট হয়,
াকে স্পষ্ট বলিয়াছি। মনুষ্যগণের
বিদ্যমান প্রাণই জীব এবং বাহ্য
এই উভয়ের তপস্যা ও দান দ্বারা
লে পাপ হইতে মুক্তিলাভ করে।
ঋষিশ্রেষ্ঠ! তুমি এখন জিজ্ঞাস
তাহার উত্তর দিতেছি। ব্যাস
এই কলিযুগে মনুষ্যগণ সদাচারহীন
নিরত এবং মূঢ় হইবে। সেই পাপে
রৌরবাদি নরকে যাতনা ভোগ
ইবে। সেই নরকসমূহে গমনার
াছে। হে দ্বিজ! দান ও তপস্যা
ই যাতনা নাশ ও দুস্পার ও দুর্গম
নি করিতে না হয়, তাহা বলুন।
কহিলেন—শ্রবণ কর; যাদৃশ কর্ম্ম-
ই কান্তার দর্শন করে না, হে
ই পাপনাশন গুহ্যকর্ম্ম বলিতেছি।
সের কৃষ্ণচতুর্দ্দশীতে সমাহিত হইয়া
ও উত্তম নৈবেদ্য দিয়া ভগবান্

অচ্যুতের পূজা করিবে। প্রস্থপরিমিত কৃষ্ণ-
তিল দ্বারা গুণান্বিত গজ এবং সুবর্ণময় ধেনু
ও বৎস নির্ম্মাণপূর্ব্বক তাহার চতুর্দ্দিকে উত্তম
দীপ দান করিবে। মুক্তাফলময় গজনেত্র,
বিদ্রুমের আবরণযুক্ত রৌপ্যময় দন্ত, সুবর্ণ-
তিলক, কর্ণদেশে চামরদ্বয়, কাংস্যময় ঘণ্টাদ্বয়
ক্ষৌম দ্বারা কক্ষা, কুম্ভদেশে মৌক্তিক, মস্তক
সিন্দূরে আবৃত বিচিত্র-বস্ত্রাচ্ছাদিত, মুক্তামালায়
বিভূষিত এইরূপ গজের অঙ্গপ্রত্যঙ্গ ও ভূষণ
দিয়া কাষ্ঠপাদুকা, চর্ম্মপাদুকা, ছত্র, জলাদি-
পাত্র, আসন ও দর্পণ দান করিবে। শক্ত
হইলে এই সকল বস্তু সুবর্ণ দ্বারা নির্ম্মাণ
করিবে; ধনের শঠতা করিবে না। ১—১৪।
তাহার অগ্রভাগে অষ্টদল পদ্ম লিখিয়া
কুঙ্কুম দ্বারা সেই পদ্ম পূর্ণ করিবে। অনন্তর
কর্ণিকা স্থানে বিষ্ণু, মহাদেব ও বিশ্বকর্ত্তা বিধা-
তার পূজা করিয়া পূর্ব্বদলে "মেঘস্বরূপ দেবপতি
মরুত্বানকে নমস্কার" এই মন্ত্রে ইন্দ্রের "হব্য-
বহনকারী হুতাশন বহ্নিকে নমস্কার" এই মন্ত্রে
অগ্নির, "পিতৃপতি আনন্দদায়ী যমকে নমস্কার"
এই মন্ত্রে যমের, "নিরয়-সন্নিধানে পিতৃলোক-

ত্বা মুনিশ্রেষ্ঠ শ্রেষ্ঠং কান্তারকারণম্।
। মন্ত্রেণ সম্পূজ্য গজপুঙ্গবম্ ॥ ৩৫
ারূপায় পরমেশায় শম্ভবে।
গিভেশায় নমোহরূপায় বিষ্ণবে ॥ ৩৬
ল-কান্তার-দন্তিদানেন দৈত্যহা।
ুণ্ডরীকাক্ষঃ প্রভুঃ কান্তারতারকঃ ॥৩৭
তং দদ্যাদ্ ব্রাহ্মণায় কুটুম্বিনে।
হরং পুণ্যং সুখ-স্বর্গকরং পরম্ ॥ ৩৮
াতাপি যস্ত ভাবয়তে সদা।
াহং ভক্ত্যা স্বর্গলোকং স গচ্ছতি ॥৩৯

॥শৈবে মহাপুরাণে ধর্ম্মসংহিতায়াং
কান্তারব্রতোপায়কীর্ত্তনে ষড়-
বিংশোঽধ্যায়ঃ ॥ ২৬ ॥

। হয়, ঐ সব বস্ত্র-নির্ম্মিত কান্তার-
। তদপেক্ষা শতগুণ পুণ্য হয়, হে
। কান্তার-গজের এই সব বিশেষ
জানিয়া গজশ্রেষ্ঠকে পূজা করিয়া নিম্ন-
মন্ত্রপাঠপূর্ব্বক সেই কান্তারহস্তী দান
তে অষ্টদিগ্হস্তীর ঈশ্বর। হে
হস্তিস্বরূপ পরমেশ্বর শিব। আপ-
নমস্কার। এই কান্তার-হস্তিদানফলে
ারী প্রভু নারায়ণ যেন প্রীত হন।
। উচ্চারণ করিয়া বহু কুটুম্বসম্পন্ন
কান্তার-গজ দান করিবে। তাহাতে
পুণ্যবৃদ্ধি, সুখ ও স্বর্গ লাভ হয়।
করণ পাঠে ও শ্রবণেও এই ফল। যে
ন্ত "এই কার্য্য করিব" এইরূপ ভাবনা
হারও স্বর্গ লাভ হয়। ১৫—৩৯।

ষড়বিংশ অধ্যায় সমাপ্ত ॥ ২৬ ॥

সপ্তবিংশোঽধ্যায়ঃ।

ব্যাস উবাচ।

পূর্ব্বোক্তং তে দিনৈকেন পূজিতঃ স মহেশ্বরঃ।
ফলং দদাতি বিপুলমেতৎ সর্ব্বং মহামুনে ॥ ১
গুরূণাং ন ভবেৎ কুত্র বচনং মুখনিঃসৃতম্।
বিফলং বদ তস্মাৎ ত্বমীশ্বরারাধনতাং বর ॥ ২

সনৎকুমার উবাচ।

নাসত্যমেতদুক্তং মে শৃণু বাক্যং মহামুনে।
নিয়মেনার্চ্চিতঃ শম্ভুর্দিনৈকেন প্রসীদতি ॥ ৩
ক্রীড়াদিনেঽর্চ্চিতস্তস্য সর্ব্বান্ কামান্ প্রযচ্ছতি।
বৃথাশ্রমৈর্হি বহুভিঃ ক্লেশৈর্নৈবাপ্নুতে ফলম্।
যথা চ রত্নবিক্রেতুঃ সুস্বল্পাদপ্নুতে মুনে ॥ ৪

ব্যাস উবাচ।

কথয়স্ব সমাসেন তদ্‌ব্রতং মে মহামুনে।
লোকানাং হিতকামেন কৃতং যেনেহ তদ্বদ ॥ ৫

সনৎকুমার উবাচ।

আসীৎ পূর্ব্বযুগে রাজা জম্বুদ্বীপে সুধার্ম্মিকঃ।

সপ্তবিংশ অধ্যায়।

ব্যাস কহিলেন,—হে মহামুনে! আপনি পূর্ব্বে কহিয়াছিলেন, একদিন মাত্র মহাদেবের পূজা করিলে, তিনি সন্তুষ্ট হইয়া, এই সকল বিপুল ফল দান করেন। গুরু-দিগের মুখনিঃসৃত বাক্য কখন বিফল হয় না; অতএব হে বদতাংবর! আপনি মহাদেবকে স্মরণ করিয়া বলুন, কোন্ পূজায় তাঁহার সন্তোষ হয়? সনৎকুমার বলিলেন, হে মহর্ষে! আমি যাহা বলিয়াছি, তাহা মিথ্যা নহে। যথানিয়মে পূজা করিলে, মহাদেব একদিনেই প্রসন্ন হন। মহাদেবের ক্রীড়াদিনে (চতুর্দ্দশীতে) তাঁহাকে পূজা করিলে, তিনি সকল কামনা সিদ্ধ করেন। বহু ক্লেশ বৃথা, তাহাতে কোন ফল হয় না। রত্নবিক্রেতা যেমন অল্প কার্য্য করিয়াও ফললাভ করিয়াছিল, সেইরূপ অল্পকার্য্য দ্বারা ফলপ্রার্থনা করাই উচিত। ব্যাস কহিলেন, হে মহর্ষে! যে ব্যক্তি এই ব্রত করিয়াছিল, আপনি লোক-হিত নিমিত্ত সংক্ষেপে তাহা বলুন। সনৎ-

ম দ্বিজশ্রেষ্ঠা কথং স্বর্গে বসত্যসৌ।
বতং সমাসেন কথয়ন্ত যথাতথম্॥ ২২
গা ঽতে বিপ্রা বজ্রপাতোপমং বচঃ।
সমস্ত বলিতেছি, তাহা তুমি শ্রবণ ১২—২০। শ্রেষ্ঠতর জ্ঞানতত্ত্ব যাহা ছি, ইহা যে কোন ব্যক্তির নিকট নহে এবং যে কোন ব্যক্তিকে দেয় হে ভামিনি! শ্রদ্ধাযুক্ত, ভক্তিমান, ন, আস্তিক, পবিত্র এবং ধার্ম্মিক এতাদৃশ ক দান করিবে। উত্তম আসনে কিংবা শয্যায় উপবিষ্ট হইয়া, যোগিগণ যোগা- করিবে। প্রদীপশূন্য অন্ধকারময় গৃহে ত করত, সমস্ত জনগণ নিদ্রিত হইলে মুহূর্ত্তকাল তর্জ্জনী অঙ্গুলী দ্বারা কর্ণদ্বয় রিয়া প্রাণায়াম অভ্যাস করিবে। ঐরূপে ম করিলে পর উদরস্থ বহ্নি-সমুদ্ভব নিতে পাওয়া যায়। সে শব্দ অগ্নি- হইলে পর ক্ষণকাল মধ্যে ভুক্তদ্রব্য পরিপাক করে। যে ব্যক্তি দুই ঘটিকা র্জ্জন স্থানে বসিয়া ঐ শব্দ শ্রবণ করে, জ্বরাদি সকল রোগ এবং সমস্ত উপদ্রব য়। মৃত্যুভয় জয় করত ইহলোকে— লে যে কোন স্থানে গমনাগমন করিতে র্ব্বত্র থাকিয়া সর্ব্বজ্ঞ হয় এবং সকল দ্ধি লাভ করে। যেরূপ বর্ষাকালীন নরত শব্দ করে, যে যোগী সেই প্রকার শব্দ শ্রবণ করিতে সমর্থ হয়, সে যোগী তৎ- ক্ষণাৎ সংসারবন্ধন হইতে মুক্ত হয়। তদ- নন্তর সে শব্দ অনবরত যোগিগণ কর্তৃক চিন্তিত হইলে পর সূক্ষ্ম ও ক্রমশ সূক্ষ্মতর হইতে থাকে। হে দেবি। তোমার নিকট শব্দব্রহ্মের বিধান নিয়ম কথিত হইল, জানিবে। শব্দ-ব্রহ্ম জ্ঞাত হইয়া সমস্ত বিষয় বন্ধন পরিত্যাগ করে, যেরূপ ধান্য লাভার্থী ব্যক্তি ক্ষেত্র হইতে ধান্য গ্রহণ করতঃ ধান্যের পলল পরিত্যাগ করে, তদ্রূপ জানিবে। যাহারা অন্য ফলপ্রার্থী, তাহারা মুষ্টি-ভিক্ষা দ্বারা উদরস্থ শূন্য ভাগ বিনষ্ট করত ক্ষুধারূপ তুষরাশিকে পরিত্যাগ করে। মুক্তির কারণ অতএব সুখদাতা, অব্যয় এবং সকল উপাধিরহিত পরম ব্রহ্মতত্ত্ব অবগত হইয়া অন্যের নিকট প্রকাশ করিবে না। কালপাশ দ্বারা মুগ্ধ, মৃত্যুপাশ দ্বারা আবদ্ধ, যে সকল দুর্ব্বুদ্ধি পাপিষ্ঠগণ শব্দব্রহ্ম-তত্ত্ব অবগত হইতে সমর্থ হয় না; যে কাল পর্য্যন্ত ব্রহ্মতত্ত্ব জানিতে না পারে, সে পর্য্যন্ত সংসারবর্গে ভ্রমণ করিতে থাকে। পরম ব্রহ্মতত্ত্ব জ্ঞাত হইলে পর জন্ম-বন্ধন হইতে মুক্ত হয়। ২১—৩২। বহুযত্ন সহকারে সাতিশয় বিঘ্নজনক নিদ্রা এবং আলস্যরূপ শত্রু জয় করত রাত্রিকালে উত্তম আসনে অবস্থিতি

ভূংপদ্যতে দেবি দূরাদ্দর্শনমেব হি ॥ ৪৭
তে বংশনাদস্তু সর্ব্বজ্ঞত্বং প্রজায়তে।
ভিং ধ্যায়মানস্তু জরা-মৃত্যুবিবর্জ্জিতঃ ॥ ৪৮
শব্দেন দেবেশি কামরূপং প্রপদ্যতে।
নো মেঘনাদেন বিয়ৎসঙ্গমতো ভবেৎ ॥ ৪৯
জ্ঞঃ সর্ব্বদর্শী চ কামরূপী ব্রজত্যসৌ।
, তে সর্ব্বমাখ্যাতং কিং ভূয়ঃ শ্রোতুমিচ্ছসি
দেব্যুবাচ।
চ পদমাপ্নোতি যোগাকাশসমুদ্ভবাৎ।
সর্ব্বং সমাচক্ষ্ব প্রসন্নস্ত্বং যদি প্রভো ॥ ৫১
শঙ্কর উবাচ।
মে সর্ব্বমাখ্যাতং যোগিনাং হিতকাম্যয়া।
, জিগমিষোঃ সম্যগ্বায়োর্লিঙ্গং যথা ভবেৎ ॥
জ্ঞাত্বা দিনং যোগী প্রাণায়ামপরিস্থিতঃ।
মৃত্যাগতং কালং মাসার্দ্ধেনৈব সুন্দরি ॥ ৫৩

হে দেবি! বেণুশব্দ উত্থিত হইলে হইতে সমস্ত পদার্থ দেখিতে পায়, ধ্যান করিলে সর্ব্বজ্ঞত্ব জন্মে। দুন্দুভি- । করিতে করিতে জরা এবং মৃত্যু-ভয় হয়। হে দেবেশি! শঙ্খশব্দ দ্বারা । হইতে পারে। মেঘ শব্দ দ্বারা সিদ্ধ যোগিগণের আকাশপথে গমনা- া, সর্ব্বজ্ঞতা, সকল বস্তু প্রত্যক্ষবং রিবার ক্ষমতা হয় এবং তাহারা ইচ্ছানু- াকার ধারণ করত বিচরণ করিতে থাকে। ১। হে দেবি! তোমার নিকট এ থিত হইল, অন্য কি শ্রবণ করিতে াছে, তাহা বল। শঙ্করের নিকট হিলেন, হে প্রভো! যোগ দ্বারা আকাশ আবির্ভাব হেতু কিরূপে আকাশ ায়ুর উৎপত্তি হয়, তাহা আমার নিকট শঙ্কর কহিলেন, যোগিগণের হিতার্থী ই সমস্ত আমি পূর্ব্বকালে কহিয়াছি। ক্তির বায়ুর চিহ্ন যেরূপ হয়, সে চিহ্ন হইয়া যোগিগণ প্রাণায়াম-পরায়ণ হে সুন্দরি! সে প্রাণায়াম-পরায়ণ অর্দ্ধ মাস মধ্যে প্রাপ্ত কালকে জয়

হৃৎস্থো বায়ুঃ সদা বহ্নেদীপকঃ সোঽনুপাবব
স বাহ্যাভ্যন্তরব্যাপী বায়ুঃ সর্ব্বগতো মহান্ ॥
জ্ঞান-বিজ্ঞানমুৎসাহং সর্ব্বং বায়োঃ প্রবর্ত্ততে
যেনেদং নির্জ্জিতো বায়ুস্তেন সর্ব্বমিদং জগৎ।
ধারণায়াং সদা তিষ্ঠেজ্জরা-মৃত্যুজিঘাংসয়া ॥ ৫
লোহকারো যথা ভস্ত্রামাপূর্য্য মুখতোঽস্ততঃ।
ধারয়েদ্বায়ুনা কর্ম্ম তদ্বদ্‌যোগী সমভ্যসেৎ ॥ ৫
দেবঃ সহস্রকো নেত্র-পাদ-হস্তসহস্রকঃ।
পৃং যোঽপি সর্ব্বমাবৃত্য সোঽগ্রেঽতিষ্ঠদ্দশাঙ্গুলম্
গায়ত্রীং শিরসা সার্দ্ধং জপেদ্ব্যাহৃতিপূর্ব্বকম্।
ত্রিঃ পঠেদায়তপ্রাণঃ প্রাণায়ামঃ স উচ্যতে ॥৫
গত্বা গত্বা নিবর্ত্তন্তে চন্দ্র-সূর্য্যাদয়ো গ্রহাঃ।
অদ্যাপি ন নিবর্ত্তন্তে প্রাণায়ামপরায়ণাঃ ॥ ৫৯
শতমব্দং তপস্তপ্ত্বা কুশাগ্রাপঃ পিবেদ্দ্বিজঃ।

করিতে সমর্থ হয়। হৃদয়স্থিত বায়ু বহ্নি অনুগত হইলে সর্ব্বদা বহ্নির উদ্দীপক হয় সে বায়ু বাহ্য অভ্যন্তরস্থিত হইলে মহৎ হই সর্ব্বব্যাপী হয়। জ্ঞান, বিজ্ঞান এবং উৎসা প্রভৃতি সমস্ত বায়ু হইতে প্রবৃত্ত হয়। জগতে যে ব্যক্তি বায়ু জয় করিয়াছে, সে ব্যক্তি এ সমস্ত জগৎ বশীভূত করিতে পারে। জ এবং মৃত্যুভয় বিনাশ করিবার ইচ্ছা হইবে ধারণা করিতে যত্নবান্ হইবে। যে প্রক লোহকারগণ মুখ দ্বারা ভস্ত্রাযন্ত্র পরিপূর্ণ কর হস্তাদি দ্বারা স্বীয় কার্য্য নির্ব্বাহ করে, সেপ্রক যোগিগণ বায়ু দ্বারা দেহ পরিপূর্ণ করত যোগ ভ্যাস করিবে। সহস্র-মস্তক, সহস্র-চক্ষু, সহ চরণ এবং সহস্র-ভুজ সেই দেববর নারা সমস্ত জগৎ ব্যাপিয়া দশাঙ্গুল অতিক্রম কর অবস্থিতি করিতেছেন। সর্ব্বাগ্রে ব্যাহৃতিম তদনন্তর ত্রিপদা গায়ত্রী, তৎপশ্চাৎ শিরো —পূরক, কুম্ভক এবং রেচকক্রমে তিন ব জপ করিলে প্রাণায়াম করা হয় জানি চন্দ্র এবং সূর্য্য প্রভৃতি গ্রহগণ একবার অস্ত হইতেছেন, পুনর্ব্বার উদিত হইতেছেন; বি প্রাণায়াম-পরায়ণ মুমুক্ষুগণের একবার পরমগতি লাভ হয়, তাহাদিগের পুনরাবৃত্তি

বেদাহমেতং পুরুষং মহান্ত-
মাদিত্যবর্ণং তমসঃ পরস্তাৎ।
তমেব বিদিত্বাতি মৃত্যুমেতি
নান্যঃ পন্থা বিদ্যতে প্রাপণায় ॥ ৭৩
...ং তে কথিতং সম্যক্ তেজসো বিধিমুত্তমম্।
...ং জিত্বা যথা যোগী চামরত্বং প্রপদ্যতে ॥৭৪
...ঃ পরতরং বক্ষ্যে যথা মৃত্যুর্ন জায়তে।
...য়াদেবি ভূতানি যোগিনো ধ্যানিনঃ কদা ॥৭৫
...াসনে সমাস্থায় যোগী নিয়তমানসঃ।
...তশরীরোহপি স বদ্ধা করসম্পুটম্ ॥৭৬
...কারেণ বক্ত্রেণ পিবন্ বায়ুং শনৈঃ শনৈঃ।
...প্রবন্তি ক্ষণাদাপস্তালুস্থা জীবদায়কাঃ ॥ ৭৭
...জিঘ্রেদ্বায়ুনাদায়ামৃতং তচ্ছীতলং জলম্।

পিবন্নন্বুদিনং যোগী ন মৃত্যুবশগো ভবেৎ ॥ ৭৮
দিব্যকায়ো মহাতেজাঃ পিপাসা-ক্ষুদ্বিবর্জ্জিতঃ ॥...
বলেন নাগস্তুরগো জবেন
দৃষ্ট্যা সুপর্ণঃ সুশ্রুতিস্ত দূরাৎ।
আকুঞ্চিতা কুণ্ডলিকৃষ্ণকেশো
গন্ধর্ব্ব-বিদ্যাধরতুল্যবর্ণঃ ॥ ৮০
...জীবেন্নরো বর্ষশতং সুরাণাং
সুমেধসা বাক্পতিনা সমঃস্যুম্ ॥ ৮১
পুনরন্যং প্রবক্ষ্যামি বিধানং যং সুরৈরপি।
গোপিতস্তু প্রযত্নেন তচ্ছৃণুষ বরাননে ॥ ৮২
সমাকুঞ্চ্যাভ্যসেদ্‌যোগী রসনাং তালুকং প্রতি।
কিঞ্চিৎ কালান্তরেণৈব ক্রমাৎ প্রাপ্নোতি লম্বিক...
ততঃ প্রস্রবতে সা তু সংস্পৃষ্টা শীতলাং সুধাম্
পিবন্নেব সদা যোগী সোহমরত্বং হি গচ্ছতি ॥৮...

...ন্ধ পাপীর ক্লেশজাত শুনিয়াও বধিরের ন্যায় ... করে না, অর্থাৎ পাপ করিতে ক্ষান্ত হয় ... এ মনুষ্যালোকে অন্ধগণ যেরূপ সকল ...র্য দর্শনে অক্ষম, পাপিগণও তদ্রূপ ...নিবে। মহাদেব পার্ব্বতীর নিকট বলিলেন, ...তুল্য-তেজোময়, অতএব তমোগুণাতীত ...মহাপুরুষকে আমি অবগত আছি, সে মহা-...ষকে জানিতে পারিলে মৃত্যুভয় অতিক্রম ...া যায়, সে পুরুষের জ্ঞান ব্যতিরেকে পরম ...লাভের অন্য পথ নাই। তেজঃপ্রাপ্তির সকল উৎকৃষ্ট নিয়ম, এই তোমার নিকট পূর্ণরূপে কথিত হইল. যোগিগণ যেরূপে ...ুভয় জয় করত অমরত্ব লাভ করেন, ...দেবি! তোমার নিকট তাহা পুনর্ব্বার ...কৃষ্টরূপে বলিতেছি, শ্রবণ কর। ধ্যান-...রণ যোগিগণের জল হইতে কখনই ...ভয় হয় না। যোগিগণ বিহিত ...ম আসনে উপবেশনপূর্ব্বক মনকে বিষয় ...তে নিবৃত্ত করত, দীর্ঘকায় হইলেও কর-...ক করিয়া বিস্তৃত ওষ্ঠ দ্বারা অল্প অল্প পরি-...ণ বায়ু ভক্ষণ করিবে, তাহা হইলে দীর্ঘ-...প্রদ জলরাশি তালুদ্বয় হইতে ক্ষরণ হইতে ...কি; ঐ জল পান করত অবস্থিতি করিবে।

...সে জল ঘ্রাণ করিবে এবং বায়ুর সহিত গ্রহ... করিয়া ঐ অমৃতস্বরূপ জল প্রতিদিন পা... করিলে পর, মৃত্যুভয় হইতে মুক্ত হওয়া যায় যে ব্যক্তি ঐরূপ জল পান করে, সে সুন্দর দেহ উৎকৃষ্ট তেজস্বী এবং পিপাসা ও ক্ষুধ... রহিত হইবে, তাহাতে সন্দেহ নাই। ... ব্যক্তি হস্তিতুল্য বলবান্, অশ্বতুল্য বেগগামী পক্ষিগণের ন্যায় দূরদর্শী, দূর হইতে শ্রব... শক্তিসম্পন্ন, ঈষৎবক্র গোলাকৃতি কৃষ্ণ... কেশরাশিযুক্ত এবং গন্ধর্ব্ব ও বিদ্যাধরতু... রূপবান্ হয়। ৭২—৮০। সে মনুষ্য দে... পরিমাণে একশত বৎসর জীবিত থাকে, বৃ...স্পতির তুল্য পণ্ডিত হয়। হে বরাননে পুনর্ব্বার অন্য প্রকার বিধান বলিতেছি, যা... দেবগণেরও গোপনীয়, তাহা বিশেষ যত্নস...কারে শ্রবণ কর। যোগী ব্যক্তি জিহ্বা তালুর মধ্যে প্রবিষ্ট করত যোগ্যাভ... করিবে, ক্রমে ক্রমে কিছু কাল ... লম্বিকা লাভে সামর্থ্য হয়। ঐরূপে জি... দ্বারা তালু স্পর্শ করিলে পর, ঐ জি... হইতে শীতল সুধা ক্ষরিত হইতে থাক... যোগিগণ ঐ সুধা নিরন্তর পান করিতে কা...

মেরুকাগ্রং লম্বিকাগ্রং কুরু জলঘটনং
তত্রগম্যস্ত বিন্দু,
স্তেনাকৃষ্টং সুধৌঘং পততি পরপদে
দেবতানন্দকারম্।
সারং সংসারতারং কৃতকলুষতরং
কারণং কালতারং,
যেনেদং প্লাবিতাঙ্গং স ভবতি অমরঃ
ক্ষুৎপিপাসাবিহীনঃ ॥ ৮৫
এভির্যুক্ত্যা চতুর্ভিঃ কিমিতরভুবনে
যোগিনেয়ং ধরা বৈ,
ধৈর্য্যাশ্রিতাং কুতোঽন্তঃ সকলমপি জগদ্
যৎ সুখং প্রায়শার
স্বপ্নে দেহী বিধত্তে সকলমপি সদা
মানসং যচ্চ দুঃখং,
স্বর্গে যেবং ধরিত্র্যাঃ প্রভবতি চ ততো
যাসি কিঞ্চিচ্চতুর্ণাম্ ॥ ৮৬
তস্মান্নৈবজপোভির্ব্রতনিয়মযুতৈ-
রৌষধৈর্দেবৈর্পমুক্তা,
ধাত্রী রক্তা মনুষ্যৈর্নরবিনয়যুতৈ-
র্দর্শবিদ্ভিঃ ক্রমেণ
ভূতানামাদিদেবো ন হি ভবতি চলঃ
সংযুতো বৈ চতুর্ণ
তস্মা এবং প্রবক্ষ্যে বিবিধমনুদিনং,
ছায়িকং যচ্ছিবাখ্যম্ ॥ ৮৭

ইতি শ্রীশৈবে মহাপুরাণে ধর্ম্মসংহিতায়াং কাল-
জ্ঞানং নাম সপ্তচত্বারিংশোঽধ্যায়ঃ ॥ ৪৭ ।

অমরত্ব প্রাপ্ত হন। লম্বিকাগ্রকে মেরুগ্রের তুল্য স্থাপন করিলে পর, মূলাধারপদ্মের সূত্র করত শিরঃস্থিত তত্রপদ্ম হইতে যে বিন্দুপাত হইতে থাকে, উহাই সুধাধারারূপে পরিণত হইয়া পরম-স্থানস্থিত পরম দেবতার আনন্দকর, সকল বস্তুর সার, সংসারসাগরের তারণকর্তা, লোকের কৃত পাপভার নিবারণের কারণ এবং কালভয়-নিবারক হয়, যে সুধা দ্বারা যোগিগণ এই কলেবর অঙ্গনিচয়কে প্লাবিত করিয়া ক্ষুৎপিপাসা-বর্জ্জিত হইয়া দীর্ঘজীবী হন। হে পার্ব্বতি! আকাশাদি এই চারিটী পদার্থ-যুক্তা ধরা যোগিগণকর্ত্তৃক ধৃত হইয়াছে। দৈর্ঘ্যজীবীদিগের পক্ষে এই জগৎ জিতা, ইহার অন্ত কোথায়? যেহেতু সুখে থাকিবার জন্যই জগতের উৎপত্তি। এখানে স্বপ্নে যেরূপ দেহী-দিগের মনে মানস-সুখ ধৃত হয়, স্বর্গেও পৃথিবী হইতে (পর্ব্বাদি ভবে) সেইরূপ ভাবের উৎ-পত্তি হয়। ঐ চারিটীর পক্ষে তুমিই বা কি? অতএব মন্ত্র, জপাদি, ব্রত, নিয়ম বা ঔষধ দ্বারা যোগযুক্তা এই পৃথিবী, নয়-বিনয়যুক্ত মনুষ্যগণের দ্বারা ক্রমে অনুরক্তা; কিন্তু ভূতগণের আদি যে দেব, তিনি ঐ চতুষ্টয়ে যুক্ত হইলেও চঞ্চল হন না। এই জন্যই বলিতেছি যে, শিবপ্রদ বিবিধ ছায়া-জ্ঞান প্রতিদিন সাধন করা কর্ত্তব্য। ৮১—৮৭

সপ্তচত্বারিংশ অধ্যায় সমাপ্ত ॥ ৪৭ ॥

অষ্টচত্বারিংশোঽধ্যায়ঃ।

দেব্যুবাচ।
কথিতং তে সমাসেন ছায়িকং জ্ঞানমুত্তমম্
বিস্তরেণ সমাখ্যাহি যোগিনাং হিতকাম্যয়া ॥ ১
শঙ্কর উবাচ।
শৃণু দেবি প্রবক্ষ্যামি ছায়াপুরুষলক্ষণম্
যং জ্ঞাত্বা পুরুষঃ সম্যক্ সর্ব্বপাপৈঃ প্রমুচ্যতে ॥ ২
সূর্য্যং হি পৃষ্ঠতঃ কৃত্বা সোমং বা বরবর্ণিনি

অষ্টচত্বারিংশ অধ্যায়।

মহাদেবের নিকট দেবী ভগবতী বলিলেন, হে নাথ! আপনি সংক্ষেপে প্রকৃষ্ট ছায়ার জ্ঞান আমার নিকট কহিলেন, যোগিগণের হিতার্থী হইয়া আমার নিকট উহা বিস্তৃতরূপে বলুন। ভগবতীর নিকট শঙ্কর বলিলেন, হে দেবি! ছায়াপুরুষের লক্ষণ বলিতেছি, শ্রবণ কর; যে ছায়া-লক্ষণ জানিতে পারিলে, মনুষ্য সকল পাপ হইতে পরিত্রাণ পায়। হে বর-

স্বরূবরঃ স্রগ্বী গন্ধধূপাদিবাসিতঃ ॥ ৩
রেম্যে মহামন্ত্রং সর্ব্বকামফলপ্রদম্।
কং পিণ্ডভূতং স্বাং ছায়াং স্বং নিরীক্ষয়েৎ
তাং পুনরাকাশে শ্বেতবর্ণস্বরূপিণম্।
প্রত্যেকভাবস্ব শিবং পরমকারণম্।
হত্যাদিকৈঃ পাপৈর্মুচ্যতে নাত্র সংশয়ঃ ॥ ৫
হীনং যদা পশ্যেৎ ষড়্ভির্মাসৈর্ভবেন্ন সঃ।
স্থকাভয়ং তস্য বিদ্যতে যোগিনস্তথা ॥ ৬
ধর্ম্মং বিজানীয়াৎ কৃষ্ণে পাপং বিনির্দ্দিশেৎ
বন্ধং বিজানীয়াৎ পীতে বিদ্বেষমাদিশেৎ ॥৭
হৌ বন্ধুনাশঃ স্যাদ্বিতুণ্ডে চৈব ক্ষুদ্ভয়ম্।
টৌ নশ্যতে ভার্য্যা বিজঙ্ঘে ধনমেব হি ॥ ৮
য়োর্দ্বৈ বিদেশঃ স্যাদিত্যেতৎ কথিতং ময়া ॥৯

সম্যক্ তং পুরুষং দৃষ্ট্বা সন্নিবেশ্যাত্মনাত্মনি।
জপেন্নবাক্ষরং মন্ত্রং হৃদয়ং মে মহেশ্বরি ॥ ১০
বৎসরে বিগতে মন্ত্রী ভ্রান্তিস্থি যন্ন সাধয়েৎ।
অণিমাদিগুণাষ্টৌ খেচরত্বং প্রপদ্যতে ॥ ১১
পুনরন্যৎ প্রবক্ষ্যামি শক্তিং জ্ঞাতুং দুরাসদাম্।
প্রত্যক্ষং দৃশ্যতে লোকে জ্ঞানিনামগ্রতঃ স্থিতাম্ ॥
অজ্ঞেয়া লিখ্যতে লোকে যা সর্পী কৃতকুণ্ডলী।
সা মাত্রাপানসংস্থাপি দৃশ্যতে ন চ পঠ্যতে ॥ ১৩
ব্রহ্মাণ্ডমূর্দ্ধি গায়ত্রী স্তুতা বেদৈস্তু নিত্যশঃ।
জননী সর্ব্ববিদ্যানাং গুহ্যবিদ্যেতি গীয়তে ॥ ১৪
খেচরা সা বিনির্দ্দিষ্টা সর্ব্বপ্রাণিষু সংস্থিতা।
দৃশ্যাদৃশ্যাচলা নিত্যা ব্যক্তাব্যক্তা সনাতনী ॥ ১৫

নি। সুধা এবং চন্দ্রকে পশ্চাদবস্থিত করত বস্ত্র পরিধানপূর্ব্বক মালাধারণ করিয়া গন্ধ এবং ধূপ-গন্ধ দ্বারা উপবেশন-স্থান সিত করত সকল অভীষ্টদায়ক আমার ক্ষর মন্ত্রবর উত্তমরূপে জপ করিবে, তাহা লে ক্ষিত্যাদি পঞ্চভূত এবং অন্তঃকরণ ত্তি চতুষ্টয়, এনয় পদার্থসংযুক্ত স্বীয় দেহকে কার করত নিজ ছায়াকে দর্শন করিবে। ছায়াকে আকাশে শ্বেতবর্ণ দর্শন করত পরম রণস্বরূপ শিবমন্ত্র পাঠ করিলে পর, ব্রহ্মহত্যা ভৃতি সমস্ত পাপ হইতে মুক্ত হইবে, তাহাতে শয় নাই। যখন মস্তকশূন্য আত্মছায়া খিবে, ছয় মাস মধ্যে তাহার মৃত্যু হইবে। যোগী পুরুষ সমস্ত অবয়বযুক্ত ছায়া দর্শন, তাহার কোন ভয় থাকে না। যদ্যপি বর্ণ ছায়া হয়, ধর্ম্মলাভ হয় জানিবে; কৃষ্ণ-ছায়া হইলে পাপ সঞ্চয় হইবে, ইহা নিশ্চয় নিবে। রক্তবর্ণ ছায়া হইলে বন্ধনভয় নিরূ- করিবে। পীতবর্ণ ছায়া হইলে, লোকের তে শত্রুতা হয় জানিবে। বাহুশূন্য ছায়া লে বন্ধুনাশ অবধারণ করিবে। মুখশূন্য ছায়া লে ভোজনদ্রব্যের অভাবপ্রযুক্ত ক্ষুধাভোগ তে হইবে। কটিশূন্য ছায়া হইলে ভার্য্যা- হয়। জঙ্ঘাশূন্য ছায়া হইলে ধনক্ষয় হয়।

চরণদ্বয়-বর্জ্জিত ছায়া হইলে বিদেশ গমন হয়। এ সমস্ত আমি তোমার নিকট কহিলাম। সমস্ত অবয়বযুক্ত আত্মচ্ছায়াকে দর্শন করিলে পর, মন দ্বারা আত্মদেহকে সংনিবেশিত করত, হে মহেশ্বরি! আমার হৃদয়স্বরূপ নবাক্ষর মন্ত্র জপ করিবে। ১—১০। এক বৎসর ব্যাপিয়া ঐ মন্ত্র জপ করিলে পর, পৃথিবীতে এমন বস্তু নাই, যাহা সিদ্ধ না হয়; অণিমা প্রভৃতি অষ্টগুণের প্রাপ্তি হয় এবং (পাদুকা-সিদ্ধ হইয়া) আকাশপথে গমনাগমন করিবার ক্ষমতা জন্মে। দুষ্প্রাপ্য শক্তি জানিবার নিমিত্ত পুনর্ব্বার অন্যপ্রকার বলিতেছি, শ্রবণ কর। ভবিষ্যৎ বিষয় জ্ঞানিগণের প্রত্যক্ষগোচর হয়। সর্পাকারকৃত কুলকুণ্ডলিনীশক্তি অজ্ঞেয় হইলেও ব্যবহার বিষয় হইয়া থাকে; সে কুলকুণ্ডলিনী অপানদেশস্থিত হইলেও তাহাকে দর্শন করা যায় না। সে কুলকুণ্ডলিনীই ব্রহ্মাণ্ডের মস্তক-স্থিত, নিরন্তর সকল বেদবাক্য দ্বারা স্তুত, সকল বিদ্যার উৎপত্তি-কারণ এবং অতি গোপনীয় বিদ্যা গায়ত্রী বলিয়া উক্ত হইয়া-ছেন। সেই সনাতনী কুলকুণ্ডলিনী আকাশ-চারিণী হইলেও সকল প্রাণিস্থিত; যোগি-গণের দৃশ্য হইলেও অজ্ঞগণের অদৃশ্য; গতিশক্তিযুক্ত হইলেও নিত্য; যোগিগণের নিকট ব্যক্ত হইলেও মূঢ়গণের নিকট

অবর্ণা বর্ণসংযুক্তা প্রোচ্যতে বিন্দুমালিনী।
তাং পশ্যন্ সর্ব্বদা যোগী কৃতকৃত্যোঽভিজায়তে ॥
সর্ব্বতীর্থকৃতস্নানাদ্বেদানশ্চ যৎ ফলম্।
সর্ব্বযজ্ঞফলং যচ্চ মালিকা দর্শনাৎ সদা ॥ ১৭
প্রাপ্নোতি তত্র সন্দেহঃ সত্যঞ্চ কথিতং ময়া ॥১৮
সর্ব্বতীর্থেষু যঃ স্নাত্বা দত্বা দানানি সর্ব্বশঃ।
সর্ব্বেষাং দেবি যজ্ঞানাং যৎফলং তল্লভেৎ পুমান্
তস্মাৎ জ্ঞানং তথা যোগমভ্যসেৎ সততং বুধঃ।
অভ্যাসাজ্জায়তে সিদ্ধির্যোগাঽভ্যাসাৎ প্রবর্ত্ততে
সংবিত্তিশ্চ্যবতেঽভ্যাসাদ্যোগোঽভ্যাসাৎ সমশ্নুতে
ইত্যেতৎ কথিতং দেবি ভুক্তিমুক্তিফলপ্রদম্।
কিমন্যৎ পৃচ্ছসে দেবি বদ সত্যং ব্রবীমি তে ॥২১

ইতি শ্রীশৈবে মহাপুরাণে ধর্ম্মসংহিতায়াং
ছায়াপুরুষপরিজ্ঞানকথনেঽষ্টচত্বা-
রিংশোঽধ্যায়ঃ ॥ ৪৮ ॥

একোনপঞ্চাশোঽধ্যায়।

দেব্যুবাচ।

জ্ঞাননিষ্ঠাস্তপোনিষ্ঠাঃ পঞ্চাগ্নিব্রহ্মচারিণঃ।
দৃশ্যন্তে বিবিধা লোকে কা চৈষামুত্তমা গতিঃ।
এতৎ সর্ব্বং সমাখ্যাহি যদি তুষ্টোঽসি মে প্রভো
শঙ্কর উবাচ।
শৃণু দেবি প্রবক্ষ্যামি যাথাতথ্যং বরাননে ॥ ২
পুষ্করে পর্ব্বতে কৌ বা ত্রিবিধো বসতে সদা
উত্তমাধমমধ্যা বা নোত্তমো বক্তব্য ন ॥ ৩
আত্মযোগো ন জ্ঞানস্থি পাপ...নি বিচার্য্যঃ
স্থাবরাঃ পাপমিচ্ছন্তি চ পুণ্যাঞ্চ কুর্ম্মাশয় ॥ ৪

অথবাক্ত : অজপাহংসরূপে উপাস্য হইলেও বর্ণ-
ময়ী। শিরস্থ পদ্ম হইতে চ্যুত অমৃতবিন্দু-
রূপিণীহেতু বিন্দুমালিনী সেই কুণ্ডলিনীকে যোগি-
গণ অবগত আছেন বলিয়া সকল বিষয়ে কৃত-
কার্য্য হইয়াছেন। সকল তীর্থে স্নান করত
দান করিয়া যে ফললাভ হয় এবং অশ্বমেধ
প্রভৃতি যজ্ঞ করিয়া যে ফলপ্রাপ্তি হয়, কুল-
কুণ্ডলিনী জানিলে সে ফল লাভ হয়, ইহাতে
সন্দেহ নাই; ইহা আমি সত্য কহিলাম।
সর্ব্বতীর্থে অবগাহনপূর্ব্বক সকল প্রকার দান
করত এবং হে দেবি! সকল যজ্ঞ করিয়া
মনুষ্য যে ফল লাভ করে, ঐ সকল ফল হইতে
শ্রেষ্ঠ যোগাভ্যাস দ্বারা জ্ঞানলাভ হয়। একারণ
নিরন্তর পণ্ডিতগণ যোগাভ্যাস করিয়া থাকেন।
যোগাভ্যাস করিলে সিদ্ধিলাভ হয় এবং
যোগাভ্যাস দ্বারা অপ্রত্যক্ষ বস্তু সকল প্রত্যক্ষ
হয়। যোগিগণ যোগাভ্যাস দ্বারা মুক্তিলাভ
করেন। হে দেবি! তোমার নিকট ভুক্তি
এবং মুক্তিফলপ্রদ যোগতত্ত্ব কহিলাম, আর কি
জিজ্ঞাসা করিতে ইচ্ছা কর? হে দেবি!
তোমার নিকট সত্য করিয়া বলিতেছি, শ্রবণ
কর। ১১—২১

অষ্টচত্বারিংশ অধ্যায় সমাপ্ত ॥ ৪৮ ॥

একোনপঞ্চাশ অধ্যায়

দেবী মহাদেবের নিকট জিজ্ঞাসা করিলেন
কতকগুলি লোক জ্ঞাননিষ্ঠ অর্থাৎ যোগাভ্যাস
নিরত ও কতকগুলি লোক তপোনিষ্ঠ অর্থাৎ
বানপ্রস্থ ধর্ম্ম অবলম্বনপূর্ব্বক তপস্যা করিতেছে
এবং কতকগুলি লোক ব্রহ্মচর্য্য করিয়া পঞ্চাগ্নি
ব্রত করিতেছে, এরূপ নানাপ্রকার লোক
দেখা যায়, ইহার মধ্যে উত্তম পথ কোন্‌টী, হে
প্রভো! যদি আমার প্রতি সন্তুষ্ট হইয়া
থাকেন, তাহা হইলে আমার নিকট বলুন।
শঙ্কর বলিলেন, হে দেবি! হে বরাননে!
ঐ বিষয়ের নিগূঢ় তত্ত্ব বলিতেছি, তাহা তুমি
শ্রবণ কর। পুষ্কর-তীর্থে, হিমালয়াদি পর্ব্বতে
এবং পৃথিবীতে উত্তম, অধম এবং মধ্যম এ
ত্রিবিধ লোক আছে। যদি বল, উত্তম কে?
যে ব্যক্তি জ্ঞানের নিমিত্ত যত্নবান্ তাহাকেই
উত্তম বলা যায়। অধম—অজ্ঞানী মূঢ়; মধ্যম
—গৃহস্থ-ধর্ম্মপরায়ণ। কিন্তু মনুষ্যসমূহ মধ্যে
উত্তম অর্থাৎ জ্ঞানী নাই বলিলে অত্যুক্তি হয়
না। অজ্ঞানী লোক পাপ-পুণ্যের ফল দেখিয়া

।।নবাঃ স্বর্গমিচ্ছন্তি মোক্ষমিচ্ছন্তি দেবতাঃ।
।জ্ঞৈর্দানৈস্তপোভিস্তু স্বর্গঃ সম্প্রাপ্যতে কিল ॥৫
।ত্রস্থা মোক্ষমিচ্ছন্তি মানবাঃ পতনাত্ততঃ।
মাক্ষমিচ্ছেৎ সদা দেবি সর্ব্বদানন্দদায়কম্ ॥ ৬
।হ্মা বিষ্ণুরহং দেবি বদ্ধাঃ স্ম কর্ম্মণা সদা।
।ামক্রোধাদিভির্দোষৈস্তস্মাৎ সর্ব্বে অনীশ্বরাঃ ॥৭
।চ্যন্তে কর্ম্মণঃ সঙ্গাজ্ জ্ঞানিনো মোক্ষতৎপরাঃ।
।াপ্নুবন্তি ন চেৎ তাস্তু জ্ঞানাবাপ্তিস্তু যোগিনঃ ॥৮
।গতিঃ পুণ্যশীলানাং যজ্বনাঞ্চ তপস্বিনাম্।
দি নো জ্ঞানাবাপ্তিঃ স্যাদ্যোগশাস্ত্রাণি যত্নতঃ ॥৯
।োতব্যানি পৌরাণং শাস্ত্রং তচ্ছ্রূয়তে সদা।

পাপং সংক্ষীয়তে নিত্যং ধর্ম্মশ্চৈব বিবর্দ্ধতে ॥১০
ক্রমাজ্জ্ঞানফলাবাপ্তির্ন সংসারং প্রপদ্যতে।
অতএব পুরাণানি শ্রোতব্যানি প্রযত্নতঃ ॥ ১১
ধর্ম্মার্থ-কামলাভায় মোক্ষমার্গাপ্তয়ে তথা।
যজ্ঞৈর্দানৈস্তপোভিস্তু যৎ ফলং তীর্থসেবয়া ॥ ১২
তৎ ফলং সমবাপ্নোতি পুরাণশ্রবণান্নরঃ।
ন ভবেয়ুঃ পুরাণানি ধর্ম্মমার্গেক্ষণানি তু ॥ ১৩
যদ্যত্র পদ্ধতী স্যাত্তামিহ-পারত্রিকী কথম্ ॥ ১৪
বেদেন দৃষ্টো জগতাং হি মার্গঃ
পৌরাণধর্ম্মো হি সদা বরিষ্ঠঃ।
শাস্ত্রং বিনা সর্ব্বমিদং বিভাতি
সূর্য্যেণ হীনস্ত্বিব জীবলোকঃ ॥ ১৫
আদিসর্গাশ্চ পৌরাণে বংশ-মন্বন্তরাণি চ।
দানানি নিয়মাশ্চৈব এতদুক্তং স্বয়ম্ভুবা ॥ ১৬
ষট্‌ত্রিংশতিপুরাণানামত একং শৃণোতি যঃ।

…পনার মঙ্গলের নিমিত্ত চেষ্টা করে না; কিন্তু …াবর-পদার্থ পর্ব্বতাদি, ইহারাও আপনার …তিশক্তির চেষ্টা করে; চতুষ্পাদ গো-মহিষাদি …গণ বাক্‌শক্তির নিমিত্ত চেষ্টা করিয়া থাকে। …াকে (উচ্চপদ প্রার্থনা করিয়া থাকে, তাহাই …লিতেছেন।) মনুষ্যগণ যাগযজ্ঞাদি দ্বারা …র্গলাভ ইচ্ছা করে, দেবগণ মুক্তিলাভ ইচ্ছা …রেন। যজ্ঞ, দান এবং তপস্যা দ্বারা স্বর্গলাভ …ইয়া থাকে, ইহা নিশ্চিত জানিবে। স্বর্গবাসী …নুষ্যগণ তাহা হইতে পতনভয়প্রযুক্ত মুক্তি …চ্ছা করে। হে দেবি! সর্ব্বদা আনন্দপ্রদ মুক্তি, তাহার নিমিত্ত নিরন্তর চেষ্টা করিবে; …র্থাৎ যোগাভ্যাস দ্বারা জ্ঞানী হইবে। ব্রহ্মা …ষ্ণু এবং আমিও স্বীয় কর্ম্মপাশ দ্বারা সর্ব্বদা বদ্ধ রহিয়াছি, যেহেতু আমরা কাম, ক্রোধ …ভৃতি রিপুগণের বশতাপন্ন হইয়া তদনুরূপ …র্য্য করিয়া থাকি; অতএব নিশ্চয় জানিবে, …কলেই পরাধীন অর্থাৎ কাম, ক্রোধ প্রভৃতির …তাপন্ন। মুক্তিপরায়ণ যোগিগণ যদ্যপি কদা- … জ্ঞান-মুক্তিলাভে সমর্থ না হন, তথাপি …নিগণ কর্ম্মপাশ হইতে মুক্তি লাভ করিয়া …কন। যাগ-যজ্ঞ এবং তপস্যা প্রভৃতি পুণ্য- …কারণশীল ব্যক্তিগণের যে গতি লাভ হয়, …া অকর্ম্মীর হয় না; যদ্যপি যোগিগণ …নির্ব্বচনীয় প্রতিবন্ধকতা বশত জ্ঞানলাভে …না হয়, তথাপি [illegible]

করিবে এবং পুরাণশাস্ত্র শ্রবণ করিবে; এ সকল কার্য্য করিলে পাপক্ষয় হয় এবং নিরন্তর ধর্ম্মসঞ্চয় হয় জানিবে। ১—১০। যোগ-শাস্ত্রের আলোচনা এবং পুরাণ শ্রবণ করিলে ক্রমাধীন জ্ঞান লাভ হয় এবং সংসারসমুদ্র হইতে উদ্ধার প্রাপ্ত হয়, এ নিমিত্ত সর্ব্বদা যত্নপূর্ব্বক পুরাণ শ্রবণ করিবে। পুরাণ শ্রবণ করিলে ধর্ম্ম, অর্থ, কাম এবং মুক্তিলাভ হয়। যজ্ঞ, দান, তপস্যা এবং তীর্থপর্য্যটন করিলে যে ফল লাভ হয়, পুরাণ শ্রবণ করিলে ঐ ফল-প্রাপ্তি হয় জানিবে। যদ্যপি পুরাণ-শাস্ত্র ধর্ম্ম-পথপ্রকাশক না হয়, তাহা হইলে, পরলোকের কি সদুপায় হইবে? বেদশাস্ত্রেই জগতের পথ দর্শিত হইয়াছে, পৌরাণিক ধর্ম্মই সর্ব্বথা শ্রেষ্ঠ। সূর্য্য না থাকিলে এ জীবলোকে যেরূপ অন্ধকারময় হয়, সেইরূপ শাস্ত্র ব্যতিরেকে এ জগৎ শূন্যময় প্রকাশ পায় জানিবে। সৃষ্টি-প্রকরণ, বংশবর্ণন, মন্বন্তর-নিরূপণ, দানধর্ম্ম এবং ব্রত-নিয়মের অনুষ্ঠান, পুরাণ-শাস্ত্রে এ সমস্ত কথিত হইয়াছে। মহাপুরাণ এবং উপপুরাণ উভয় মিলিয়া ছত্রিশ খানি আছে; [illegible]

পঠেদ্বা ভক্তিযুক্তস্তু শৃণু তস্যাপি যৎ ফলম্ ॥ ১৭
অরণ্যে যোহপ্যধীয়ানশ্চাতুর্ব্বিদ্যং ফলং লভেৎ
যজ্ঞৈর্দানৈস্তপোভিশ্চ দেবি তৎপঠনাদতঃ ॥ ১৮
এতৎ তে কথিতং দেবি সুধাবারিফলং হি তৎ।
ধর্ম্মশাস্ত্রং হি শ্রোতব্যং সর্ব্বধর্ম্মফলপ্রদম্ ॥ ১৯

সূত উবাচ।

এতদ্বঃ কথিতং ধর্ম্মং যথা দেবেন ভাষিতম্।
যৎ পৃচ্ছথেদং হি ভূয়ঃ কথয়ামি পুরাতনম্ ॥ ২০

শৌনক উবাচ।

পাষাণে জলজং মৃণ্ময়ং দেবানাং পূজ্যতে সদা।
শঙ্করং কেবলং লিঙ্গং কস্মাদিতং শংসয় মে সদা।
এতৎ সর্ব্বং হি যদি জানাসি তত্ত্বতঃ ॥ ২১

সূত উবাচ

সনৎকুমারেণ পুরা পৃষ্টঃ মুনিসত্তমঃ।
তদ্বক্ষ্যামি যতং ভূয়ঃ পারাশর্য্যস্য পৃচ্ছতঃ ॥ ২২
একার্ণবে পুরা ভূতে নষ্টে স্থাবরজঙ্গমে।
ব্রহ্মা বিষ্ণুশ্চ রুদ্রশ্চ সমুত্তস্থুর্জলাৎ কিল ॥ ২৩
অব্যক্তাভিগতিস্তেষাং ন জানন্তি মনীষিণঃ ॥ ২৪
পৃথিবী গতিঃ পূর্ব্বেষাং নষ্টা স্থাবরজঙ্গমাঃ।
বায়ুস্তীব্রঃ সমুদ্ভূতো শোষয়ন্ সপ্ত সাগরান্ ॥ ২৫
সংশুষ্কাঃ সর্ব্বতশ্চাপো বিনষ্টা জঙ্গমাস্ততঃ।
স্থাবরাশ্চ ততঃ সর্ব্বে সংশুষ্কাঃ ক্রমশঃ কিল ॥ ২৬
তস্মৌ প্রাদুর্দিতঃ সূর্য্য একোৎভূদ্বিতীয় কিল
দক্ষিণায়াং সমাশায়াং তত্ত্বদাসীৎ কবৈঃস্তুতঃ ॥ ২৭
শোষয়ন সর্ব্বতোয়ানাং প্রদহন চরাচরম্
পশ্চিমায়াং ততস্তস্মৌ তৃতীয়স্তু দিশং দিশম্ ॥ ২৮
প্রদহন্ সং চতুর্থশ্চ উদিতঃ সচরাচরম্
উপরিষ্টাৎ তথা চাষ্টৌ দিক্ষু দ্বাদশ ॥ ২৯

কিম্বা ভক্তিভাবে পাঠ করে, তাহার যে ফললাভ হয়, তাহা শ্রবণ কর। অরণ্যে বসিয়া যে ব্যক্তি পুরাণ অধ্যয়ন করে, তাহার চতুর্ব্বেদে জ্ঞান লাভ হয়; হে দেবি! যজ্ঞ, দান এবং তপস্যা দ্বারা যে ফললাভ হয়, পুরাণ-পাঠেও সে ফলপ্রাপ্তি হয় জানিবে। হে দেবি! অমৃত-প্রাপ্তি তুল্য পুরাণপাঠ ও শ্রবণের ফল তোমার নিকট কথিত হইল, সকল ধর্ম্মফলপ্রদ ধর্ম্মশাস্ত্র শ্রবণ করা কর্ত্তব্য। উগ্রশ্রবানামক সূত শৌনকাদি ঋষিগণের নিকট বলিলেন, মহাদেব পার্ব্বতীর নিকট যেরূপ বলিয়াছেন, আমিও আপনাদিগের নিকট ধর্ম্মতত্ত্ব সেইরূপ বলিলাম। এক্ষণে আপনারা যাহা জিজ্ঞাসা করিলেন, আমিও পুনর্ব্বার সেই পুরাণবার্ত্তা বলিতেছি, শ্রবণ করুন। ১১—২০। শৌনক-ঋষি সূতের নিকট বলিলেন, দেবতাদিগের চরণ হইতে মস্তক পর্য্যন্ত সমস্ত অঙ্গ মনুষ্যগণ সর্ব্বদা পূজা করিয়া থাকে, কিন্তু মহাদেবের কেবল লিঙ্গ কি নিমিত্ত সর্ব্বদা মনুষ্যগণ পূজা করে, ইহা আমার নিকট প্রকাশ কর। হে সূত! যদি তুমি এ বিষয়ের তত্ত্ব জ্ঞাত থাক, তাহা হইলে তাহা আমার নিকট বল। সূত বলিতে লাগিলেন, হে মুনিগণ! পূর্ব্বকালে মহামুনি ব্যাস কর্ত্তৃক জিজ্ঞাসিত হইয়া সনৎকুমার মুনি যেরূপ বলিয়াছেন, আমি উহার অভিপ্রেত কথা পুনর্ব্বার বলিতেছি, শ্রবণ করুন। পূর্ব্বকালে স্থাবর জঙ্গম প্রভৃতি সকল বস্তুর অভাবে প্রযুক্ত এ জগৎ জলময় হইয়াছিল, তৎকালে ব্রহ্মা, বিষ্ণু এবং মহাদেব জল হইতে উত্থিত হন, পণ্ডিতগণও ইহাদিগের অব্যক্তগতি অবগত নহেন। স্থাবর এবং জঙ্গম পদার্থ না থাকাতে পূর্ব্বকালীন লোকদিগের পৃথিবী মাত্র অবলম্বন ছিল। তৎকালে অত্যন্ত ভয়ানক বায়ু উত্থিত হইয়া সপ্তসাগর শুষ্ক করিয়াছিল। সাগর পর্য্যন্ত শুষ্ক হওয়াতে সমস্ত জল শূন্য হওয়ায় জঙ্গম পদার্থমাত্রেই বিনষ্ট হইয়া গেল এবং স্থাবর পদার্থমাত্রেই ক্রমশঃ বিলয় প্রাপ্ত হইল। সেইকালে এক সূর্য্য দ্বাদশ ভাগে বিভক্ত হইলেন; পূর্ব্বদিকে প্রথম এক মূর্ত্তি, দক্ষিণদিকে অত্যন্ত ভয়ানক কিরণযুক্ত দ্বিতীয় মূর্ত্তি, পশ্চিমদিকে তৃতীয় মূর্ত্তি সমস্ত তোয়রাশি শুষ্ক করত স্থাবর জঙ্গম প্রভৃতি সমস্ত পদার্থ দগ্ধ করিয়া ফেলিলেন, উত্তরদিকে চতুর্থ মূর্ত্তি সমস্ত পদার্থ দগ্ধ করিয়া উদিত হইলেন, এবং উপরিভাগে অষ্টভাগে বিভক্ত হইয়া উদিত হইলেন। এ

য়াহসাবিহ সমাখ্যাতো রুদ্রঃ কালাগ্নিসংজ্ঞিতঃ।
দমুত্তস্থৌ স পাতালাং পূরয়ন্ সর্ব্বতো দিশম্ ॥৩০
ঊর্দ্ধং তির্য্যক্ স পাতালং দগ্ধা সর্ব্বমশেষতঃ।
উদারঃ সর্ব্বতো জ্ঞেয়ঃ স্বং ধাম পূর্ব্বনির্ম্মিতম্ ॥
অতো মেঘাঃ সমুত্তস্থুর্ব্বর্ষন্তঃ সর্ব্বতোদিশম্।
ততস্তে পৃথিবীং সর্ব্বাং সংপ্রাব্যাস্থিদিশস্তদা ॥ ৩২
নিমমজ্জুশ্চ তত্রৈব একার্ণবমভূজ্জগৎ।
ন ধরা ন দিশস্তত্র তস্তরা পুষ্করং তদা ॥ ৩৩
জ্ঞায়তে কিংস্বিদেবেহ কবন্ধপরিপূরিতে।
উদড়মধ্যে গতাস্তস্থুস্ত্রয়ো দেবাঃ সনাতনাঃ ॥৩৪
ব্রহ্মা বিষ্ণুশ্চ রুদ্রশ্চ অব্যক্তগতয়স্তু তে।
ততস্তাবূচতুঃ শর্ব্বং জ্বলিতং তিগ্মতেজসম্ ॥ ৩৫
রৌদ্রীং শক্তিং সুবিভ্রাণং তং ক-বিষ্ণু প্রণম্য হ
প্রভুস্ত্বং সর্ব্বতোঽস্মাকং কুরু সৃষ্টিং যথেচ্ছয়া ॥৩৬
করিষ্যামীতি তাবাহ ইত্যুক্তাপ্সু মমজ্জ সঃ।
দিব্যং বর্ষসহস্রস্তু মগ্নং সমভিবীক্ষ্য তে ॥ ৩৭
অন্যোন্যমূচতুরাবাং কিং করিষ্যাবহে বিনা।
কথন্তু বর্ত্ততে সৃষ্টিস্তাবেবং বেধসং হরিঃ ॥ ৩৮
প্রোবাচ কুরু মে বাক্যং নাত্র কালাত্যয়ো ভবেৎ
প্রজাসর্গনিমিত্তং হি কুরু যত্নং পিতামহ ॥ ৩৯
লোকানাং ত্বং সমর্থো হি স্রষ্টুং বৈ বিবিধাঃপ্রজাঃ
শক্তিং তেঽহং প্রদাস্যামি স্রষ্টুত্বেহপি তথাত্মনঃ
ইত্যুক্তশ্চিন্তয়ামাস বিষ্ণুবাক্যপ্রণোদিতঃ।
সৃষ্ট্যর্থন্তু চকারাসৌ সৃষ্টিং সর্ব্বসুখাবহাম্ ॥ ৪১
সদেবাসুরগন্ধর্ব্বাং সযক্ষোরগরাক্ষসাম্।
তং কৃতায়াং ততঃ শম্ভুরুন্মমজ্জ জলান্মুনে ॥ ৪২
কর্ত্তুকামঃ স সর্গঞ্চ মনসা চ ব্যচিন্তয়ৎ।

রূপে সূর্য্যের দ্বাদশ মূর্ত্তি প্রকাশ হইল। যিনি কালাগ্নি নামে বিখ্যাত, ইনিই রুদ্র বলিয়া লোক কর্ত্তৃক কথিত হইয়া থাকেন। ঐ রুদ্র নিজ তেজ দ্বারা সমস্ত দিক্ পরিপূর্ণ করিয়া পাতাল হইতে উত্থিত হইয়াছেন। ২১—৩০। সেই রুদ্রদেব পাতালের ঊর্দ্ধভাগ এবং তির্য্যক্-ভাগ সমস্ত নিঃশেষরূপে দগ্ধ করিয়া সর্ব্বত্র জ্ঞাত হওয়ায় উদার-মূর্ত্তিতে পূর্ব্ব-নির্ম্মিত স্বীয় ধাম পাতাল মধ্যে গমন করিলেন। রুদ্রমূর্ত্তি কালাগ্নি পাতাল-প্রবিষ্ট হইলে পর সমস্ত দিঙ্মণ্ডলে বৃষ্টিপাত করত মেঘগণ উত্থিত হইল। সেই মেঘগণ পৃথিবীর দশদিক্ জলরাশি দ্বারা প্লাবিত করত পাতাল মধ্যে প্রবিষ্ট হইল। তৎকালে সমস্ত জগৎ জলময় হওয়ায় একার্ণব হইয়া পড়িল; পৃথিবী কি দিঙ্মণ্ডল কিছুই জ্ঞান হয় না, কেবলমাত্র জলই তৎকালে বেগে গমন করিতে লাগিল। সে সময়ে কিছুই জ্ঞাত হইতে লাগিল না, কেবল অব্যক্তগতি নিত্য ব্রহ্মা, বিষ্ণু এবং মহাদেব এই দেবত্রয় কবন্ধ-পরিপূর্ণ জল মধ্যে অবস্থিতি করিতে লাগিলেন। তদনন্তর ব্রহ্মা এবং বিষ্ণু উভয়ে অগ্নির ন্যায় প্রজ্বলিত, অতি ভয়ঙ্কর তেজস্বী, রৌদ্র-শক্তিধারী মহাদেবকে প্রণাম করিয়া বলিতে লাগিলেন, হে দেব! আপনিই আমাদিগের সর্ব্বপ্রকারে প্রভু, অতএব আপনি ইচ্ছানুসারে সৃষ্টি করিতে আরম্ভ করুন। মহাদেব বিষ্ণু ও ব্রহ্মার বাক্য শ্রবণ করত "সৃষ্টি করিব" ইহা স্বীকার করিয়া জল-মধ্যে নিমগ্ন হইলেন। দেবপরিমিত সহস্রবৎসর মহাদেবকে নিমগ্ন দেখিয়া ব্রহ্মা এবং বিষ্ণু পরস্পরে বলিতে লাগিলেন, আমরা দুই জনে এক্ষণে কি করিব? তদনন্তর বিষ্ণু বিধাতাকে বলিলেন, আপনি অভিন্ন, কিরূপে জগৎ সৃষ্টি হইবে? তদনন্তর বিষ্ণু পুনর্ব্বার ব্রহ্মাকে বলিলেন, আপনি আমার বাক্য রক্ষা করুন, এ সময়ে বৃথা কালক্ষেপ করা উচিত নহে। হে পিতামহ! প্রজাসৃষ্টির নিমিত্ত যত্ন করুন, ত্রিভুবন এবং সমস্ত প্রজাসৃষ্টি করিতে আপনিই যোগ্য। আমিও প্রজাসৃষ্টি কার্য্যে আত্ম শক্তি প্রদান করিতেছি। বিষ্ণু কর্ত্তৃক এরূপ উক্ত হইয়া ভগবান্ ব্রহ্মা, বিষ্ণু-বাক্যানুসারে সৃষ্টির নিমিত্ত যত্ন করিলেন এবং দেবগণ, অসুরগণ, গন্ধর্ব্বগণ, যক্ষগণ, সর্পগণ এবং রাক্ষসগণের সহিত সকলের সুখজনক সমস্ত জগৎ সৃষ্টি করিলেন। ব্রহ্মা সমস্ত জগৎ সৃষ্টি করিলে পর হে মুনিবর! মহাদেব জল হইতে উত্থিত হইলেন। ৩১—৪২। জগৎ সৃষ্টি করিতে ইচ্ছুক হইয়া মহাদেব মনে মনে

দক্ষ্যাপসব্যে ব্রহ্মাহং গতঃ শম্ভুং সদা স্থিতঃ।
ং ত্রিমূর্ত্তিধরং শান্তং তমস্মি শরণং গতঃ ॥৫৬
ব্রহ্মা তু যস্য বক্ত্রেহথ চতুর্ব্বেদময়ঃ প্রভুঃ।
জিষ্ণুঃ প্রভোঃ পুরা জজ্ঞে তমস্মি শরণং গতঃ ॥
ব্রহ্মরূপধরং দেবং জগদ্‌যোনিং মহেশ্বরম্।
স্রষ্টৃত্বে সংস্থিতঃ স্রষ্টা তমস্মি শরণং গতঃ ॥৫৮
ঃ পালনে চ স্রষ্টৌ চ স্থিতাবসুরসূদনঃ।
মাদিপুরুষং শম্ভুং প্রণতোহস্মি সনাতনম্ ॥৫৯
ুতক্রীড়াসহো নাথো ভূতনামাদিকৃদ্ধরঃ।
মাদিপুরুষাজ্জাতং প্রণতোহস্মি সনাতনম্ ॥৬০
জ্ঞৈর্যজন্তি তং বিপ্রা রোহিতা যজ্ঞভাবনম্।
ং যজ্ঞপুরুষং ভীমং প্রণতোহস্মি সনাতনম্ ॥৬১
সংভক্ষয়িত্বা সকলং তথা সৃষ্টমিদং জগৎ।
যো বৈ তিষ্ঠতি রুদ্রাত্মা তং নতোহস্মি সনাতনম্
কল্পান্তে যমরূপো যঃ সংহৃত্য সকলং জগৎ।
অবিজ্ঞেয়া গতির্যস্য তমস্মি শরণং গতঃ ॥ ৬৩
স্থাণুমীশং পশুপতিং শিতিকণ্ঠং মহেশ্বরম্।
ভক্তানুকম্পিনং দেবং তমস্মি শরণং গতঃ ॥ ৬৪
শূলপাণিং মহাদেবং ভীমং শর্ব্বং ত্রিলোচনম্।
ভক্তানুকম্পিনং দেবং তমস্মি শরণং গতঃ ॥ ৬৫
গঙ্গাধরং হরং রুদ্রং শিবং শম্ভুমুমাপতিম্।
ভক্তানুকম্পিনং দেবং তমস্মি শরণং গতঃ ॥ ৬৬
স্মরারিং বামদেবঞ্চ ত্র্যম্বকং ত্রিপুরান্তকম্।
ভক্তানুকম্পিনং দেবং তমস্মি শরণং গতঃ ॥ ৬৭

—গদ্গুলকে যে প্রভু সৃষ্টি করিয়া থাকেন, সেই দেবের আমি শরণ প্রাপ্ত হইলাম। যাঁহার দক্ষিণপার্শ্বে এবং বামপার্শ্বে আমি ব্রহ্মা সর্ব্বদা অবস্থিতি করিতেছি, সেই মঙ্গলময় ব্রহ্মা, বিষ্ণু এবং মহেশ্বর-মূর্ত্তিধারী এবং শান্তিগুণাবলম্বী দেববরের আমি শরণাপন্ন হইলাম। চতুর্ব্বেদের সৃষ্টিকর্ত্তা জগৎপ্রভু ব্রহ্মা যাঁহার মুখমণ্ডলে অবস্থিত, যিনি কামক্রোধাদি-জয়শীল এবং যে দেব সকলের আদিতে অবতীর্ণ হইয়াছেন, সেই প্রভুর আমি শরণাপন্ন হইলাম। যিনি ব্রহ্মরূপ ধারণ করিয়াছেন, যে দেব জগদুৎপত্তিকারণ, যিনি ঈশ্বর হইতেও প্রধান এবং যিনি জগৎ-সৃষ্টির নিমিত্ত স্রষ্টরূপে অবস্থিত, সেই দেবাদি-দেবকে শরণ লইলাম। যে দেব জগতের সৃষ্টি, স্থিতি এবং পালন নিমিত্ত বিষ্ণুরূপে অবতীর্ণ হইয়াছেন, সেই সনাতন আদিপুরুষ শম্ভুকে আমি প্রণাম করিলাম। যিনি ভূত-গণের সহিত ক্রীড়া করিয়া থাকেন এবং ভূত-গণের প্রভু, সৃষ্টিকর্ত্তা ও সংহারকর্ত্তা, সেই পরমশিব হইতে জাত, সনাতন-শম্ভুকে আমি প্রণাম করিলাম ৫৯—৬০। রজোগুণাবলম্বী ব্রাহ্মণগণ যজ্ঞ-সৃষ্টিকর্ত্তা যে দেবকে নিরন্তর নানাবিধ যাগযজ্ঞ দ্বারা পূজা করিয়া থাকেন, সেই চিরস্থায়ী যজ্ঞ-সৃষ্টিকর্ত্তা পুরুষকে আমি প্রণাম করিলাম। যে দেব প্রলয়কালে সমস্ত পদার্থ বিনষ্ট করিয়া, পুনর্ব্বার যুগারম্ভকালে সমস্ত পদার্থ সৃষ্টি করিয়া থাকেন এবং যিনি ভয়ানক মূর্ত্তি ধারণপূর্ব্বক অসুরবর্গকে বিনষ্ট করেন, সেই সনাতনদেবকে আমি নমস্কার করি। যিনি প্রলয়কালে যমরূপে সমস্ত জগৎ সংহার করেন এবং যাঁহার গতি কেহই অবগত নহে, সেই মহাদেবের আমি শরণাগত হই-লাম। যে দেব ঈশ্বর, পশুগণের পতি, যাঁহার কণ্ঠে কৃষ্ণবর্ণ বিষপান-চিহ্ন আছে, যিনি প্রভু-বর্গের শ্রেষ্ঠ এবং ভক্তগণের প্রতি সর্ব্বদা দয়া করিয়া থাকেন, সেই দেবের আমি শরণাগত হইলাম। যে দেব সর্ব্বদা হস্তে শূলধারণ করেন, যে দেবশ্রেষ্ঠ, অসুর-বিনাশকালে ভয়ঙ্কর মূর্ত্তি অবলম্বন করেন, যাঁহার একটী নাম শর্ব্ব, যাঁহার ত্রিনয়ন এবং যিনি ভক্তগণের প্রতি সর্ব্বদা দয়াবান্, সেই দেববরের আমি শরণা-পন্ন হইলাম। যে দেব, মস্তকে গঙ্গাদেবীকে ধারণ করিয়াছেন, যিনি সমস্ত জগৎ সংহার করিয়া থাকেন, যিনি দক্ষযজ্ঞ ধ্বংস করিবার সময় ভয়ঙ্কর মূর্ত্তি ধারণ করিয়াছিলেন, যিনি মঙ্গলময়, মঙ্গলপ্রাপ্তির একাধার এবং হিমালয়-কন্যা উমানাম্নী প্রকৃতির পাণিগ্রহণ করিয়াছেন, সেই ভক্তানুগ্রহকারী দেবদেবকে আমি নমস্কার করি। যে দেব কামদেবকে পরাজয় করিয়া

তেজসি বং স্বামো বয়ং সর্ব্বৈঃ সহামরৈঃ।
কালার্চ্চাং গ্রহীষ্যামো ভক্ত্যা দত্তাস্ত মানবৈঃ ॥
ান্তে ত্বং মহাদেব জগদেতচ্চরাচরম্।
রূপং সমাস্থায় সন্নির্দহসি তৎক্ষণাৎ ॥ ৮০
থেতি হসন্ মত্তো ব্রহ্মাণমিদমব্রবীৎ।
াসর্গং বিনানেন লিঙ্গেনাসং প্রয়োজনম্ ॥৮১
ক্ত্বা তং বিনির্ভিদ্য চিক্ষেপ চ মহীতলে।
লিঙ্গস্ত ধরাং ভিত্ত্বা জগামাকাশমেব হি ॥ ৮২
ান্তং বিষ্ণুরধেষ্টুমধস্তাৎ প্রযযৌ হি সঃ।
াপি চ যথাবূর্দ্ধং প্রাপতুর্নান্তমোজসা ॥ ৮৩
াশপ্রভবা বাণী তয়োস্তত্রোপবিষ্টয়োঃ ॥ ৮৪
যে পূজিতং লিঙ্গং সর্ব্বান্ কামান্ কপর্দ্দিনঃ
ান্তি ন সন্দেহো হৃদয়ে যদভীপ্সিতান্ ॥৮৫
এতচ্ছ্রুত্বা ততো ব্রহ্মা বিষ্ণুঃ সর্ব্বাশ্চ দেবতাঃ।
লিঙ্গং সমর্চ্চয়ন্তি স্ম ভক্ত্যা তদ্গতমানসাঃ ॥ ৮৬

ইতি শ্রীশৈবে মহাপুরাণে ধর্ম্মসংহিতায়াং জ্ঞানিপ্রভৃতীনাং গতিকথনে একোনপঞ্চাশোঽধ্যায়ঃ ॥ ৪৯ ॥

পঞ্চাশোঽধ্যায়ঃ।

সূত উবাচ।

লিঙ্গং শম্ভোর্হরির্দৃষ্ট্বা অনন্তং সর্ব্বতোমুখম্।
তুষ্টাব প্রণতো ভূত্বা দেবদেবং সুনামভিঃ ॥ ১
নমঃ শিবায় শান্তায় স্থাণবেঽমিততেজসে।
ঈশানায় নমো নিত্যং পশূনাং পতয়ে নমঃ ॥ ২
শিতিকণ্ঠায় রুদ্রায় মহাদেবায় বৈ নমঃ।
শূলহস্তায় তে নিত্যং নমো ভীমায় শম্ভবে ॥ ৩
নমো ভর্গায় ত্র্যক্ষায় নমো গঙ্গাঙ্কধারিণে।

ার সৃষ্টিকর্ত্তা, রক্ষাকর্ত্তা এবং নিয়মারণকারী। জগৎসংহারসময়ে সমস্ত দেবর সহিত আমরা সূর্য্যমণ্ডলে প্রবিষ্ট হইব। মহাপ্রলয় সময়ে মানবগণ ত্রিসন্ধ্যায় যে ার অর্চ্চনা করিবে, তাহা আমরাই গ্রহণ ব। প্রলয়কালে হে মহাদেব! স্থাবরমাত্মক জগৎ আপনিই সূর্য্যরূপ অবলম্বনক দগ্ধ করিবেন। মহাদেব "তাহাই ব" ইহা স্বীকার করিয়া হাসিতে হাসিতে কে এই কথা বলিলেন, প্রজাসৃষ্টি ব্যতি আমার লিঙ্গে প্রয়োজন নাই। মহাদেব কে এই কথা বলিয়া স্বীয় লিঙ্গ উৎপাটন পৃথিবী মধ্যে নিক্ষেপ করিলেন। সেই দেবের লিঙ্গ পৃথিবী এবং আকাশ ভেদ গমন করিতে লাগিল; তাহার অন্ত অন্বেকরিবার নিমিত্ত লিঙ্গের অধোভাগে ভগবান্ গমন করিতে লাগিলেন এবং পিতামহ ও লিঙ্গের ঊর্দ্ধভাগে গমন করিলেন, কিন্তু রা দুইজনে দুইদিকে সতেজে গমন করিন্ত না পাইয়া সে স্থানে উপবিষ্ট হই। ইত্যবসরে আকাশবাণী উপস্থিত হইয়া এবং বিষ্ণুকে বলিলেন, মহাদেবের এই পূজিত হইলে পর, লোকের হৃদয়স্থিত অভিলাষ পরিপূর্ণ করিবেন, ইহাতে সন্দেহ নাই। আকাশবাণীর এই কথা শ্রবণ করত ব্রহ্মা, বিষ্ণু এবং অন্যান্য সমস্ত দেবগণ ভক্তিভাবে তদ্গতচিত্ত হইয়া মহাদেবের লিঙ্গপূজা আরম্ভ করিলেন। ৭১—৮৬।

একোনপঞ্চাশ অধ্যায় সমাপ্ত ॥ ৪৯ ॥

পঞ্চাশ অধ্যায়।

উগ্রশ্রবার পুত্র সূত, শৌনকাদি ঋষিগণের নিকট বলিতে লাগিলেন, ভগবান্ বিষ্ণু সর্ব্বতোমুখ এবং অন্তশূন্য মহাদেবের লিঙ্গ দেখিয়া অবনতদেহে উত্তম নামসমূহ দ্বারা দেবদেব মহাদেবকে স্তব করিলেন। অপরিমিত-জ্যোতির্বিশিষ্ট স্থাণু, শান্তিগুণাবলম্বী, শিবপ্রদ, জগদীশ্বর এবং পশুপতি শিবকে আমি ভূয়োভূয়ঃ নমস্কার করি। যে দেবের কণ্ঠে শিতিচিহ্ন প্রকাশ পাইতেছে, যিনি প্রলয়কালে ভয়ঙ্কর মূর্ত্তি ধারণ করিয়া রুদ্র নামে বিখ্যাত হইয়াছেন, যে দেব সকল দেবতার প্রধান, যাঁহার হস্তে শূল বিরাজিত, যাঁহার ভীষণ মূর্ত্তি, সেই শম্ভুকে

একপঞ্চাশোঽধ্যায়ঃ।

শৌনক উবাচ।

ঃতং যে মহদাখ্যানং যৎ ত্বয়া পরিকীর্ত্তিতম্।
াতোঽহং শ্রোতুমিচ্ছামি যথা সর্গস্তু ব্রহ্মনঃ॥ ১
বানাং দানবানাঞ্চ পার্থিবানাঞ্চ সর্ব্বশঃ।
মুৎপন্নস্তু যে ব্রহ্মি যথা ব্যাসাচ্চ তে শ্রুতম্॥ ২

সূত উবাচ।

েন শৃণু কথাং দিব্যাং সর্ব্বপাপপ্রণাশিনীম্।
বাভ্যাং সংস্তুতো ভক্ত্যা স্তোত্রেণানেন তোষিতঃ
ল্যমানাং ময়া চিত্রাং বহ্বর্থাং শ্রুতচিন্ময়াম্॥৩
ঃস্মাৎ ধারয়েৎ তাঞ্চ শৃণুয়াদ্বাপ্যভীক্ষ্ণশঃ।
বংশোদ্ধরণং কৃত্বা স্বর্গলোকে মহীয়তে॥ ৪

প্রধানং পুরুষো যৎ তন্নিত্যং সদসদাত্মকম্।
প্রধানপুরুষো ভূত্বা নির্ম্মমে লোকভাবনঃ॥ ৫
স্রষ্টারং সর্ব্বভূতানাং নারায়ণপরায়ণম্।
তং বৈ বিদ্ধি মুনিশ্রেষ্ঠ ব্রহ্মাণমমিতৌজসম্॥ ৬
যস্মাৎ কল্পায়তে কল্পঃ সমগ্রাশুচয়ঃ শুচিঃ।
তস্মৈ হিরণ্যগর্ভায় পুরুষায়েশ্বরায় চ॥ ৭
অজায় স্থাণুরূপায় বরিষ্ঠায় প্রজাভুবে।
নমস্কৃত্য প্রবক্ষ্যামি ভুবঃ সর্গমনুত্তমম্॥ ৮
ব্রহ্মা স্রষ্টা হরিঃ পাতা সংহর্ত্তা চ মহেশ্বরঃ।
তস্য সর্গস্য নান্যোঽস্তি কালে কালে যথা গতে॥৯
সোঽপি স্বয়ম্ভূর্ভগবান্ সিসৃক্ষুর্বিবিধাঃ প্রজাঃ।
অপ এব সসর্জ্জাদৌ তাসু বীর্য্যমবাসৃজৎ॥১০
আপো নারা ইতি প্রোক্তা আপো বৈ নরসূনবঃ।
অয়নং তস্য তাঃ পূর্ব্বং তেন নারায়ণঃ স্মৃতঃ॥১১

ন্ধর্ব্বার আমি কি বলিব? যাহা আপনা-
দের শুনিতে ইচ্ছা হয়, তাহা আমার নিকট
কাশ করিয়া বলুন। ১২—১৫।

পঞ্চাশ অধ্যায় সমাপ্ত॥ ৫০॥

একপঞ্চাশ অধ্যায়।

সূতের নিকট শৌনক বলিলেন, শিব-
ন্দের বৃহৎ আখ্যায়িকা আমরা শ্রবণ করি-
ম, আপনি যাহা সম্যক্‌রূপে কীর্ত্তন করি-
েন। ইহার পর আমি, ব্রহ্মা যেরূপে সৃষ্টি
রিয়াছেন, তাহা শুনিতে ইচ্ছা করি।
বগণের, দানবগণের এবং পার্থিবগণের
কল বংশ যেরূপে উৎপন্ন হইয়াছে, আপনি
বান্ ব্যাসদেবের নিকট যেরূপ শুনিয়াছেন,
ইরূপ আমার নিকট বলুন। শৌনক-
র নিকট সূত বলিলেন, হে মুনিবর! সকল
পবিনাশিনী সেই অদ্ভুত কথা শ্রবণ করুন,
মি সে কথা আপনার নিকট বলিতেছি।
কথা অতি আশ্চর্য্য। ঐ কথায় বহু অর্থ
ছে, আমি বিস্তৃতরূপে ব্যাস-সন্নিধানে যাহা
ণ করিয়াছি। যে ব্যক্তি একথা হৃদয়ে
ণ করে এবং যে ব্যক্তি একথা বারংবার
ণ করে, সে নিজ বংশের উদ্ধার করিয়া

পরে স্বর্গে গমনপূর্ব্বক দেবগণের ন্যায় মান্য
হয়। তিনি প্রধান, তিনি পুরুষ, তিনি সদ-
সদাত্মক। প্রধান পুরুষরূপে সেই লোক-
ভাবনই জগৎ নির্ম্মাণ করেন। হে মুনিবর!
সকল প্রাণীর সৃষ্টিকর্ত্তা এবং বিষ্ণুর পরমভক্ত,
অপরিমিত তেজস্বী সেই ব্রহ্মাকে জানিবে।
যে দেবকে লক্ষ্য করিয়া কল্পাত্মক কালের
গণনা করা যায়, যিনি পবিত্রতম, সেই হিরণ্য
গর্ভ, পরমাত্মা, জগদীশ্বর, নিত্য, স্থাণুরূপী
সর্ব্বশ্রেষ্ঠ এবং সমস্ত প্রজার সৃষ্টিকর্ত্তা। ব্রহ্মাকে
প্রণাম করত অদ্ভুত জগৎসৃষ্টিবৃত্তান্ত আপনা-
দিগের নিকট বর্ণনা করিতেছি। এ জগতের
ব্রহ্মাই সৃষ্টিকর্ত্তা, বিষ্ণুই পালনকর্ত্তা এবং মহা-
দেবই সংহারকর্ত্তা। সকল সৃষ্টি আরম্ভ
কালেই ব্রহ্মা ভিন্ন সৃষ্টিকর্ত্তা অন্য কেহই নাই,
ইহা নিশ্চিত জানিবেন। সেই স্বয়ম্ভু ভগবান্
ব্রহ্মা সমস্ত প্রজা সৃষ্টি করিতে অভিলাষী
হইয়া সর্ব্বাগ্রে জলরাশি সৃজন করিলেন,
তৎপরে ঐ জলরাশি মধ্যে সমস্ত পদার্থের
বীর্য্য নিক্ষেপ করিলেন। ১—১০। নররূপী
দেব হইতেই জল সম্ভূত; এ নিমিত্ত লোকে
জলকে নার শব্দে অভিহিত করে। প্রলয়-
কালে জলই বিষ্ণুর বাসস্থান, একারণ বিষ্ণুর

জংথ প্রজাঃ সর্ব্বা মহিম্না ব্যাপ্য বিশ্বতঃ।
জমসৃজদ্বিষ্ণুং স সৃষ্টঃ পুরুষো বিরাট্॥ ২৫
য়ং তং মনুং বিদ্ধি মনোরন্তরমেব চ।
রাজঃ প্রজাসর্গং সসর্জ্জ পুরুষঃ প্রভুঃ॥ ২৬
রণবিসর্গস্থ প্রজাস্তস্যাপ্যযোনিজাঃ॥ ২৭
ম্নান্ কীর্ত্তিমান্ ধন্যঃ প্রজাবাংশ্চ ভবত্যতঃ।
সর্গং বিদিত্বৈবং যথেষ্টাং প্রাপ্নুয়াদ্গতিম্॥২৮

তি শ্রীশৈবে মহাপুরাণে ধর্ম্মসংহিতায়াং
আদিসর্গকীর্ত্তনে একপঞ্চাশো-
হধ্যায়ঃ॥ ৫১॥

স্ত্রী এবং পুরুষরূপে অবস্থিতি করিতে
লেন। তদনন্তর নিজ মহিমা দ্বারা এ
ংসার ব্যাপিয়া প্রজাসৃষ্টি আরম্ভ করিয়া,
গ্রে বিরাটরূপী ভগবান্ বিষ্ণুর সৃষ্টি করি-
; সেই বিরাটরূপী অদ্বিতীয় পুরুষ
ন্ বিষ্ণু মনুর পরে সৃষ্ট হইয়াছিলেন,
মিত্ত তাঁহাকে দ্বিতীয় মনু বলিয়া জানি-
। সেই জগৎপ্রভু অদ্বিতীয় পুরুষ বিরাট-
ভগবান্ বিষ্ণু প্রজাসৃষ্টি করিতে লাগিলেন।
ণের সৃষ্টিতে যে সকল প্রজা জন্মগ্রহণ
, তাহারা অযোনিসম্ভূত হইল। তাহারা
রুষ সংসর্গজাত নহে। যে মনুষ্য আদি-
ত্তান্ত শ্রবণ করে, সে ইহকালে দীর্ঘজীবী,
এবং ধনবান্ হইয়া পুত্র পৌত্র সহ সুখে
পন করত পরকালে নিজের অভি-
রূপ সদ্গতি লাভ করিতে পারে জানি-
২২—২৮।

পঞ্চাশ অধ্যায় সমাপ্ত॥ ৫১॥

দ্বিপঞ্চাশোহধ্যায়ঃ।

সূত উবাচ।

সংসৃষ্টাসু প্রজাস্বেব আপবোহথ প্রজাপতিঃ।
লেভে বৈ পুরুষঃ পত্নীং শতরূপামযোনিজাম্॥ ১
আপবস্য মহিম্না তু দিবমাবৃত্য তিষ্ঠতঃ।
ধর্ম্মেণৈব মহাত্মা স শতরূপা ব্যজায়ত॥ ২
সা তু বর্ষশতং তপ্ত্বা তপঃ পরমদুশ্চরম্।
ভর্ত্তারং দীপ্ততপসং পুরুষং প্রত্যপদ্যত॥ ৩
স বৈ স্বয়ম্ভুবং জজ্ঞে পুরুষো মনুরুচ্যতে।
যস্যৈকসপ্ততিযুগং মন্বন্তরমিহোচ্যতে॥ ৪
বৈরাজঃ পুরুষাদ্বীরাং শতরূপা ব্যজায়ত।
প্রিয়ব্রতোত্তানপাদৌ বীরকাম্যামজায়তাম্॥ ৫
কাম্যা নাম মহাভাগা কর্দ্দমস্য প্রজাপতেঃ।

দ্বিপঞ্চাশ অধ্যায়।

লোমহর্ষণ-পুত্র সূত, সৌনকাদি ঋষিগণের নিকট বলিতে লাগিলেন, কতকগুলি প্রজা সৃষ্ট হইলে পর, যখন ব্রহ্মা বিবেচনা করিলেন, মানস-সৃষ্টি দ্বারা প্রজার বৃদ্ধি হওয়ায় দুষ্কর, তৎকালে আদিপুরুষ প্রজাপতি ব্রহ্মা, অযোনি-সম্ভূতা শতরূপা নাম্নী পত্নীকে প্রাপ্ত হইলেন। যৎকালে ভগবান্ ব্রহ্মা নিজ মহিমা দ্বারা স্বর্গ পর্য্যন্ত ব্যাপিয়া অবস্থিতি করিতেছেন, তৎ-কালে সেই মহাত্মা ব্রহ্মা ধর্ম্মবলে শতরূপা-নাম্নী স্ত্রীরূপে অবতীর্ণ হইলেন। সেই শত-রূপা-নাম্নী আদি রমণী একশত বর্ষ ব্যাপিয়া অত্যন্ত দুষ্কর তপস্যা করাতে অত্যন্ত উৎকট তপস্বী আদিপুরুষ ব্রহ্মাকে পতিরূপে প্রাপ্ত হইলেন। সেই আদি পুরুষ ভগবান্ ব্রহ্মা স্বয়ম্ভু পুত্র উৎপন্ন করিলেন, যিনি মনু নামে বিখ্যাত হইয়াছিলেন, যাঁহার একসপ্ততি যুগকে মন্বন্তর বলিয়া লোকে বলে, অর্থাৎ ব্রহ্মার একাত্তর যুগের পর দ্বিতীয় মনুর উৎপত্তি হয়। বিরাট পুরুষ হইতে বীর্য্যবতী শতরূপা পুত্র উৎপাদন করেন। প্রিয়ব্রত এবং উত্তানপাদ এ উভয়ে বীরকা নাম্নী রমণী হইতে জন্মিয়াছিলেন। মহাভাগ্যবতী কাম্যা নামে রমণী

ভির্দানবৈশ্চৈব গন্ধর্ব্বৈঃ সাপ্সরোগণৈঃ ॥২১
ঃ পুণ্যজনৈশ্চৈব বীরুদ্ভিঃ পর্ব্বতৈস্তথা।
দত্তেন জীবন্তি সর্ব্বদেবগণাঃ সদা ॥ ২২

ইতি শ্রীশৈবে মহাপুরাণে ধর্ম্মসংহিতায়াং আদিসর্গবর্ণনে পৃথূৎপত্তির্নাম দ্বিপঞ্চাশো-হধ্যায়ঃ ॥ ৫২ ॥

ভিলাষী সেই পৃথু রাজা দেবগণ, ঋষিগণ, গণ, অসুরগণ, গন্ধর্ব্বগণ, অপ্সরোগণ, গণ এবং পুণ্যজনগণের সহিত বৃক্ষ, লতা পর্ব্বতযুক্ত সমস্ত পৃথিবীমণ্ডলকে দোহন য়াছিলেন; সেই পৃথুরাজ-দত্ত যজ্ঞীয় সমূহ দ্বারা দেবগণ সর্ব্বদা জীবন রক্ষা ন। ১২—২২।

দ্বিপঞ্চাশ অধ্যায় সমাপ্ত ॥ ৫২ ॥

ত্রিপঞ্চাশোহধ্যায়ঃ।

সূত উবাচ।

াঃ পুত্রৌ তু ধর্ম্মজ্ঞৌ অন্তর্ধানে ভুবি পার্থিবৌ
র্ধনী-হবির্দ্ধামনামানৌ তৌ বভূবতুঃ ॥ ১
ণ্ডিনী হবির্দ্ধামাং পুত্রং প্রাচীনবর্হিষম্।
ীনাগ্রাঃ কুশাস্তস্য পৃথিবীতলচারিণঃ।
দ্রতনয়ায়ান্তু কৃতদারোহভবৎ প্রভুঃ ॥ ২
দ্রতনয়ায়ান্তু দশ প্রাচীনবর্হিষঃ।
সর্ব্বে প্রচেতসো নাম ধনুর্ব্বেদস্য পারগাঃ ॥ ৩
অপৃথগ্ধর্ম্মচরণাস্তেহতপ্যন্ত মহৎ তপঃ।
দশ বর্ষসহস্রাণি সমুদ্রসলিলেশয়াঃ ॥ ৪
তপশ্চরৎসু পৃথিব্যামভবন্ সুমহীরুহাঃ।
অরক্ষ্যমাণায়াং পৃথ্ব্যাং বভূবাথ প্রজাক্ষয়ঃ ॥ ৫
তং দৃষ্ট্বা তু ক্রমেভ্যস্তে প্রাসৃজন্নগ্নি-মারুতৌ।
বৃক্ষানুন্মূল্য বায়ুস্তানদহদ্ধব্যবাহনঃ ॥ ৬
বৃক্ষক্ষয়ং ততো দৃষ্ট্বা কিঞ্চিচ্ছিষ্টেষু শাখিষু।
উপগম্যাব্রবীদেতান্ রাজা সোমঃ প্রতাপবান্ ॥ ৭
কোপং যচ্ছথ রাজানঃ সর্ব্বে প্রাচীনবর্হিষঃ।
অনু ভূতান্ কন্যেয়ং বৃক্ষাণাং বরবর্ণিনী।
ভবিষ্যং জানতা সা তু ধৃতা গর্ভেণ বৈ ময়া ॥ ৮
ভার্য্যা বোহস্তু মহাভাগা সোমবংশবিবর্দ্ধিনী ॥ ৯
অস্যামুৎপৎস্যতে বিদ্বান্ দক্ষো নাম প্রজাপতিঃ।

ত্রিপঞ্চাশ অধ্যায়।

শৌনকাদি ঋষিগণের নিকট উগ্রশ্রবা নামক বলিতে লাগিলেন, পৃথুরাজার হবির্দ্ধানী হবির্দ্ধাম নামে অত্যন্ত ধর্ম্মপরায়ণ পৃথি-রাজা দুই পুত্র জন্মগ্রহণ করিয়াছিল। ম-পত্নী শিখণ্ডিনী প্রাচীনবর্হিষ নামে প্রসব করেন। ধরণীতলচারী প্রাচীনাগ্র কুশ প্রাচীনবর্হিষ হইতে উৎপন্ন হয়। প্রভু প্রাচীনবর্হিষ সমুদ্র-তনয়াকে বিবাহ ছিলেন; প্রাচীনবর্হিষ রাজার সমুদ্র-তনয়ার গর্ভে প্রচেতা নামে দশ পুত্র জন্মে। ঐ দশ প্রচেতা ধনুর্ব্বেদের সীমা পর্য্যন্ত শিক্ষা করিয়াছিলেন। তাঁহারা সকলেই এক ধর্ম্মাক্রান্ত হইয়া সমুদ্রজলে বাস করত দশ হাজার বৎসর উৎকট তপস্যা করিয়াছিলেন। প্রচেতাগণ তপস্যায় আসক্ত হইলে পর, পৃথিবীমধ্যে কেবল বৃহৎ বৃহৎ বৃক্ষ জন্মিয়া পৃথিবী বনময় হওয়াতে তৎকালে অন্য কোন প্রকার শস্য উৎপন্ন হইত না। তৎকালে পৃথিবী, রাজার অভাবে অর-ক্ষিত হওয়াতে প্রজাক্ষয় হইতে লাগিল। প্রাচীন-বর্হিষের পুত্রগণ প্রজাক্ষয় দেখিয়া, সমুদ্র হইতে অগ্নি এবং বায়ুর সৃষ্টি করিলেন। বায়ু বৃক্ষসমূহ উৎপাটন করিতে লাগিলেন এবং অগ্নি বৃক্ষসমূহ দগ্ধ করিয়া ফেলিলেন; বৃক্ষ-গণের অধিপতি প্রতাপান্বিত সোম, বৃক্ষক্ষয় দেখিয়া, কিঞ্চিন্মাত্র বৃক্ষের শেষসত্ত্বে প্রাচীন-বর্হিষের পুত্রগণের নিকট উপস্থিত হইয়া বলি-লেন, হে রাজবর্গ! আপনারা ক্রোধ সংহার করুন। বৃক্ষগণের পশ্চাজ্জাত এই সুন্দরী কন্যাকে, আমি ভবিষ্যৎবার্ত্তা জানিয়া, গর্ভে ধারণ করিয়াছি। ১—৮। হে মহাভাগগণ! সোমবংশবিবর্দ্ধনী ঐ কন্যা আপনাদিগের ভার্য্যা হউক। এই কন্যার গর্ভে মহা পণ্ডিত দক্ষ-

যুষ্মাকং তেজসার্দ্ধেন মম চাংশেন তেজসঃ ॥ ১০
ব্রহ্মতেজোময়ো ভূয়ঃ প্রজাঃ সংবর্দ্ধয়িষ্যতি ॥ ১১
ততঃ সোমস্য বচনাজ্জগৃহুস্তে প্রচেতসঃ।
তাভ্যাং ধর্ম্মেণ তস্যাং তু দক্ষো জজ্ঞে প্রজাপতিঃ ॥
সোঽপি জজ্ঞে মহাতেজাঃ সোমস্যাংশেন বৈ মুনে।
অচরাংশ্চ চরাংশ্চৈব দ্বিপদোঽথ চতুষ্পদঃ।
স সৃষ্ট্বা মনসা দক্ষঃ পশ্চাদসৃজত স্ত্রিয়ঃ ॥ ১৪
দদৌ স দশ ধর্ম্মায় কশ্যপায় ত্রয়োদশ।
শিষ্টাঃ সোমায় দক্ষোঽপি নক্ষত্রাখ্যাং দদৌ প্রভুঃ
দেবাসুরাঃ খগা নাগা দিতিজাশ্চান্যদেবতাঃ ॥ ১৫
ততঃ প্রভৃতি বিপ্রেন্দ্র প্রজা মৈথুনসম্ভবাঃ।
সঙ্কল্পদর্শনাৎ স্পর্শাৎ পূর্ব্বেষাং সৃষ্টিরুচ্যতে ॥ ১৬

শৌনক উবাচ।

অঙ্গুষ্ঠাদ্ ব্রহ্মণো জাতো দক্ষঃ প্রোক্তঃ পুরা ত্বয়া।
কথং প্রাচেতসত্বং হি পুনর্লেভে মহাতপাঃ।
এতন্মে সংশয়ং সূত আখ্যাতুং বৈ ত্বমর্হসি।
দৌহিত্রশ্চৈব সোমস্য কথং শ্বশুরতাং গতঃ।

সূত উবাচ।

উৎপত্তিশ্চ নিরোধশ্চ নিত্যং ভূতেষু বর্ত্ততে।
যুগে যুগে ভবন্ত্যেতে সর্ব্বে দক্ষাদয়ো মুনে।
পুনশ্চৈব নিরুধ্যন্তে সুজ্ঞস্তত্র ন মুহ্যতি
জ্যেষ্ঠঃ কনিষ্ঠো মধ্যস্থঃ পূর্ব্বমাসীন্মহামুনে ॥ ২০
ইমাং বিসৃষ্টিং দক্ষস্য যো বিদ্যাৎ সচরাচরম্
প্রজাবানায়ুষা পূর্ণঃ স্বর্গলোকে মহীয়তে ॥ ২১

ইতি শ্রীশৈবে মহাপুরাণে ধর্ম্মসংহিতায়াং আদিসর্গবর্ণনে দক্ষোৎপত্তিবর্ণনং নাম ত্রিপঞ্চাশোঽধ্যায়ঃ ॥ ৫৩ ॥

প্রজাপতি জন্মগ্রহণ করিবেন। আপনাদিগের তেজের অর্দ্ধাংশ দ্বারা এবং আমারও তেজের অংশ দ্বারা ব্রহ্মতেজোময় সেই দক্ষ প্রজাপতি পুনর্ব্বার সাতিশয় প্রজাবৃদ্ধি করিবেন। অনন্তর সোমের বাক্য শুনিয়া প্রচেতাগণ ধর্ম্মানুসারে সোমকন্যাকে দারপরিগ্রহ করিলেন; সেই কন্যার গর্ভে দক্ষপ্রজাপতি জন্মগ্রহণ করিয়াছিলেন। হে মুনিবর! সেই মহাতেজা দক্ষপ্রজাপতি সোমের অংশ হইতে উৎপন্ন হইয়াছিলেন। স্থাবর, জঙ্গম, দ্বিপদ এবং চতুষ্পদ প্রাণিসমূহ নিজ মন হইতে সেই দক্ষপ্রজাপতি সৃষ্টি করিয়া, তৎপরে কন্যাসমূহ সৃষ্টি করিলেন। দক্ষ প্রজাপতি ধর্ম্মকে দশটী কন্যা, কশ্যপমুনিকে ত্রয়োদশটী এবং চন্দ্রকে অবশিষ্ট সাতাইশটী অশ্বিনী প্রভৃতি নক্ষত্রগণ প্রদান করিলেন। তৎপরে দেব, দানব, পক্ষী এবং সর্প উৎপন্ন হয়। হে বিপ্রেন্দ্র! তদবধি প্রজা সমস্ত স্ত্রী পুরুষ-সংসর্গে জন্মিতে লাগিল। সৃষ্টির আদিতে মানসিক ইচ্ছা, দর্শন এবং স্পর্শ দ্বারা প্রাণিগণের সৃষ্টি হইয়াছিল, ইহা পুরাণে উক্ত হইয়াছে। শৌনক সূতকে জিজ্ঞাসা করিলেন, হে সূত! পূর্ব্বে বলিয়াছ, ব্রহ্মার অঙ্গুষ্ঠ হইতে দক্ষপ্রজাপতির উৎপত্তি হইয়াছে অধুনা বলিতেছ, মহাতপা দক্ষ প্রাচেতসদিগের সন্তান, ইহা কি প্রকার? আমার এ সংশয় ছেদন করিতে তুমি ভিন্ন কেহই সমর্থ নহে। পুনর্ব্বার বলিতেছ, চন্দ্রের দৌহিত্র দক্ষ এবং চন্দ্রকে কন্যাদান করিয়া দক্ষ তাঁহার শ্বশুর হইয়াছেন। সূত শৌনকের নিকট বলিতে লাগিলেন, প্রাণিগণের উৎপত্তি এবং বিনাশ সর্ব্বদাই হইয়া থাকে। হে মুনিবর! দক্ষ প্রভৃতি সমস্ত প্রজাপতিগণ সকল কল্পেই জন্মগ্রহণ করিয়া থাকেন, পুনর্ব্বার তাঁহাদিগেরও বিনাশ হয়, এ বিষয়ে প্রাজ্ঞগণ মুগ্ধ হন না। হে মহামুনে! জ্যেষ্ঠ, মধ্যম এবং কনিষ্ঠ ইহার ব্যতিক্রম কল্পভেদে হইয়া থাকে। দক্ষপ্রজাপতি হইতে স্থাবর এবং জঙ্গম প্রভৃতির সৃষ্টি যে ব্যক্তি পাঠ অথবা শ্রবণ করে, সে মনুষ্য পুত্র পৌত্রগণের সহিত দীর্ঘজীবী হইয়া ইহলোকে কালযাপন করত পরলোকে স্বর্গপুরীতে বাস করে। ৯—২১।

ত্রিপঞ্চাশ অধ্যায় সমাপ্ত ॥ ৫৩ ॥

চতুঃপঞ্চাশোঽধ্যায়ঃ।

শৌনক উবাচ।

নাং দানবানাঞ্চ গন্ধর্ব্বোরগরক্ষসাম্।
॥ বিস্তরেণেমাং সূতপুত্র ব্রবীহি মে ॥ ১

সূত উবাচ।

ঃ হি মনসা দক্ষঃ সৃষ্টিং চক্রে প্রজাপতিঃ।
। বর্দ্ধতে সা তু বীরণস্য প্রজাপতেঃ ॥ ২
সুতপসা যুক্তামাহ্বয়ং সর্গকারণাৎ।
থুনেন ধর্ম্মেণ সসর্জ্জ বিবিধাঃ প্রজাঃ ॥ ৩
পুত্রসহস্রাণি বীরণ্যাং পঞ্চ বীর্য্যবান্।
ত্য জনয়ামাস দক্ষ এব প্রজাপতিঃ ॥ ৪
দিস্যুক্ষুস্ততো দৃষ্ট্বা নারদঃ প্রাহ বৈ মুনে।
স তু সমুৎপন্নো নারদঃ পরমেষ্ঠিনঃ ॥ ৫
বাচা কশ্যপাদ্বৈ পুংসাং সৃষ্টির্ভবিষ্যতি।
বৈ দুহিতরি তস্মাৎ তানব্রবীৎ তু সঃ ॥ ৬

নারদ উবাচ।

অজানন্তঃ কথং সৃষ্টিং বালিশা বৈ করিষ্যথ।
দিশং কাঞ্চিদজানন্তস্তস্মাদ্বিজ্ঞায়তাং ভুবম্ ॥ ৭

সূত উবাচ।

ইত্যুক্তা যযুঃ সর্ব্বে আশাং বিজ্ঞাতুমোজসা।
গতৈস্তৈর্জনয়ামাস পুনঃ পঞ্চশতং সুতান্ ॥ ৮
দক্ষস্য পুত্রা হর্য্যশ্বা বিবর্দ্ধয়িষবঃ প্রজাঃ।
তানুবাচ পুনঃ সোঽপি নারদঃ কিং হি বালিশাঃ
ভুবো মানমজানন্তঃ কথং সৃষ্টির্ভবিষ্যতি।
তে তু তদ্বচনং শ্রুত্বা নির্যাতাঃ সর্ব্বতোদিশম্ ॥ ১০
অনন্তং পুষ্করং প্রাপ্য গতাস্তেঽপি পরাভবম্।
অদ্যাপি ন নিবর্ত্তন্তে সমুদ্রেভ্য ইবাপগাঃ ॥ ১১
তদাপ্রভৃতি বৈ ভ্রাতা ভ্রাতুরন্বেষণে রতঃ।
প্রযাতো নশ্যতি মুনে তন্ন কার্য্যং বিপশ্চিতা ॥ ১২
তাংশ্চাপি নষ্টান্ বিজ্ঞায় পুত্রান্ দক্ষঃ প্রজাপতিঃ

চতুঃপঞ্চাশ অধ্যায়।

শৌনকমুনি সূতকে বলিলেন,—হে সূত- দেবতা, দানব, গন্ধর্ব্ব, সর্প এবং গণের উৎপত্তি আমার নিকট বিস্তৃতরূপে সূত শৌনকমুনির নিকট বলিতে লাগি- দক্ষপ্রজাপতি প্রথমে মন দ্বারা প্রজা রিয়াছিলেন। যখন দেখিলেন, মানসসৃষ্টি জাবৃদ্ধি হওয়া দুষ্কর, তখন বীরণনামক তির তপস্বিনী কন্যাকে, সৃষ্টি করিবার আহ্বান করিলেন, অর্থাৎ বিবাহ করি- সেই দক্ষ প্রজাপতি স্ত্রী-পুরুষ- দ্বারা নানাপ্রকার প্রজা সৃষ্টি করিলেন। বীরণকন্যাতে অতি তেজস্বী দক্ষ- ই সহবাস করত পাঁচ হাজার পুত্র করিলেন। হে মুনিবর! দেবর্ষি ই সমস্ত পুত্রসৃষ্টি দর্শন করত দক্ষ- কে বলিয়াছিলেন। ঐ দেবর্ষি নারদ জার মানস হইতে উৎপন্ন হইয়াছেন। বাণীতে শ্রবণ করিয়াছি, দক্ষকন্যায় পমুনির ঔরসে পুরুষগণের উৎ

হইবে। সেই হেতু দক্ষপুত্রগণকে নারদ বলিলেন, রে মূর্খগণ! না জানিয়া কি নিমিত্ত সৃষ্টি করিতেছ? তোমাদিগের কোন দিক্‌-জ্ঞানই নাই; অতএব পৃথিবীকে জ্ঞাত হও। দেবর্ষি নারদ এ কথা বলিলে পর, দক্ষপুত্রগণ তেজের দ্বারা দিক্ জানিতে গমন করিলেন। পুত্রগণ গমন করিলে পর, দক্ষপ্রজাবৃদ্ধি নিমিত্ত পুনর্ব্বার পাঁচশত পুত্র উৎপন্ন করিলেন। দক্ষপ্রজাপতির পুত্র হর্য্যশ্বগণকে পুনর্ব্বার নারদমুনি বলিলেন, হে মূর্খগণ! কি নিমিত্ত পৃথিবীর পরিমাণ না জানিয়া, কি প্রকারে প্রজাসৃষ্টি হইবে? দক্ষপুত্র হর্য্যশ্বগণ নারদ-মুনির বাক্য শুনিয়া, সকল দিকে প্রস্থান করি-লেন। ১—১০। তাঁহারা অনন্তশূন্য আকাশ-পথ অবলম্বনপূর্ব্বক পরাভব নামক দেশে গমন করিয়া, অদ্যাপি প্রত্যাগত হইলেন না; যেরূপ নদী সকল অনবরত সমুদ্র লক্ষ্য করত গমন করিতেছে, কিন্তু কখনও প্রত্যাগমন করে না, তদ্রূপ জানিবে। হে মুনিবর! সে পর্য্যন্ত সহোদরের অন্বেষণে সহোদর গমন করিলে, বিনষ্ট হয়, এ নিমিত্ত পণ্ডিতব্যক্তি ভ্রাতার

শ্বকর্ম্মা মহাভাগস্তস্যাং জজ্ঞে প্রজাপতিঃ ॥ ২৮
ষ্টা শিল্পসহস্রাণাং ত্রিদশানাঞ্চ বর্দ্ধকিঃ।
ষণানাঞ্চ সর্ব্বেষাং কর্ত্তা শিল্পবতাং বরঃ ॥ ২৯
সর্ব্বাষাং বিমানানি দেবতানাং চকার হ।
নুষ্যাশ্চোপজীবন্তি যস্য শিল্পং মহাত্মনঃ ॥ ৩০
জৈকপাদহির্ব্রধ্নস্ত্বষ্টা রুদ্রশ্চ বীর্য্যবান্।
ষ্টশ্চাপ্যাত্মজঃ শ্রীমান্ বিশ্বরূপো মহাযশাঃ ॥ ৩১
শ্চ বহুরূপশ্চ ত্র্যম্বকশ্চাপরাজিতঃ।
াকপিশ্চ শম্ভুশ্চ কপর্দ্দী রৈবতস্তথা ॥ ৩২
কাদশৈতে কথিতা রুদ্রাস্ত্রিভুবনেশ্বরাঃ।
ং তে বংশমাখ্যাতং রুদ্রাণামমিতৌজসাম্ ॥৩৩
দিতির্দিতিশ্চ দনুররিষ্টা সুরসা ইলা।
রভির্বিনতা চৈব তাম্রা ক্রোধা সমা ইলা ॥ ৩৪
ক্রঃ শনিশ্চ বিপ্রেন্দ্র তাস্বপত্যানি মে শৃণু ॥ ৩৫
ষমন্বন্তরে শ্রেষ্ঠা দ্বাদশাসন্ সুরোত্তমাঃ।

তুষিতা নাম তেঽন্যোন্যমূচুর্বৈবস্বতেঽন্তরে ॥ ৩৬
উপস্থিতে চাষয়শশ্চাক্ষুষস্যান্তরং মনোঃ।
হিতার্থং সর্ব্বলোকানাং সমাগম্য পরস্পরম্ ॥ ৩৭
আগচ্ছংস্তাংস্ত তানু চুরদিতিং সম্প্রাবিশ্য।
মন্বন্তরে প্রসূয়ামঃ সতাং শ্রেয়ো ভবিষ্যতি ॥ ৩৮
এবমুক্তাস্ত তে সর্ব্বে চাক্ষুষস্যান্তরে মনোঃ।
মারীচেঃ কশ্যপাজ্জাতাস্বদিত্যা দক্ষকন্যয়া ॥ ৩৯
তত্র বিষ্ণুশ্চ শক্রশ্চ জজ্ঞাতে পুনরেব হি।
অর্য্যমা চৈব ধাতা চ ত্বষ্টা পুষা তথৈব চ ॥ ৪০
বিবস্বান্ সবিতা চৈব মিত্রাবরুণ এব চ।
অংসো ভগশ্চাতিতেজা আদিত্যা দ্বাদশ স্মৃতাঃ ॥
চাক্ষুষস্যান্তরে পূর্ব্বমাসন্ যে তুষিতাঃ সুরাঃ।
রৈবতস্যান্তরে তে তু আদিত্যা দ্বাদশ স্মৃতাঃ ॥৪২
সপ্তবিংশতি যাঃ প্রোক্তাঃসোমপত্ন্যোঽথ সুব্রতাঃ
তাসামপত্যান্যভবন্ দীপ্তয়োঽমিততেজসঃ ॥ ৪৩
অরিষ্টনেমেঃ পত্নীনামপত্যানীহ ষোড়শ।

হার গর্ব্ভে প্রজাপতি, মহাভাগ্যবান্ বিশ্ব-
র্মা জন্ম গ্রহণ করেন, যিনি অসংখ্য শিল্প-
র্য্য করিয়াছিলেন, যিনি দেবগণের গৃহাদি-
র্মাণকর্ত্তা, অলঙ্কার সৃষ্টি করিয়াছেন, যিনি
ল্পিগণের শ্রেষ্ঠ, দেবতাগণের সমস্ত আকাশ-
মী, দেবযাননিকর যাঁহার বুদ্ধি কৌশলে
দুর্ভূত হইয়াছে, এক্ষণেও যে মহাত্মার শিল্প-
র্য্য শিল্পিগণ উপজীবিকা করিতেছে।
—৩০। অজৈকপাদ, অহির্ব্বধ্ন, ত্বষ্টা, বীর্য্য-
ন্ রুদ্র, হর, বহুরূপ, অন্যের অজিত ত্র্যম্বক,
াকপি, শম্ভু, কপর্দ্দী ও রৈবত ত্রিভুবনের
ত এই একাদশ রুদ্র শাস্ত্রে উক্ত হইয়া-
ন। ত্বষ্টার পুত্র পরম যশস্বী শ্রীযুক্ত
রূপ নামে বিখ্যাত ছিলেন। এরূপ
পরিমিত বলবান্ একাদশ রুদ্রগণের বংশ
পনার নিকট উক্ত হইল। অদিতি, দিতি,
, অরিষ্টা, সুরসা, ইলা, সুরভি, বিনতা
া, ক্রোধা, সমা, কদ্রু, শনি, হে বিপ্রবর!
ত্রয়োদশটী কশ্যপ মুনির পত্নী। তাঁহা-
র গর্ভজাত সন্তানগণের নাম বলিতেছি,
ামি নিকট তাহা শ্রবণ করুন। আদি-
র সময়ে সর্ব্বশ্রেষ্ঠ দ্বাদশজন সুরবর জন্ম

গ্রহণ করিয়াছিলেন। বৈবস্বত মন্বন্তর সময়ে
তুষিতগণ পরস্পরে বলিয়াছিলেন, চাক্ষুষ মন্বন্তর
উপস্থিত হইলে, সকল লোকের হিতসাধন
নিমিত্ত আমরা পরস্পরে মিলিত হইয়া অদি-
তির গর্ভে প্রবেশপূর্ব্বক জন্মগ্রহণ করিব,
তাহা হইতে সাধুগণের মঙ্গল হইবে। তুষিত-
গণ পরস্পরে এরূপ মন্ত্রণা করিয়া চাক্ষুষ-
মন্বন্তর উপস্থিত হইলে মরীচি-পুত্র কশ্যপ-
মুনির ঔরসে দক্ষকন্যা অদিতির গর্ভে জন্ম
গ্রহণ করিলেন। ঐ চাক্ষুষ-মন্বন্তরে অদিতির
গর্ভে বিষ্ণু এবং ইন্দ্র জন্ম গ্রহণ করিয়াছিলেন
এবং অর্য্যমা, ধাতা, ত্বষ্টা, পুষা বিবস্বান্ সবিতা,
মিত্রাবরুণ, অংস, ভগ, অতিতেজা, এই দ্বাদশ
আদিত্য নামে বিখ্যাত জানিবে। ৩১—৪১।
পূর্ব্বে চাক্ষুস-মন্বন্তরে তুষিত নামে যে সুরগণ
জন্মগ্রহণ করিয়াছিলেন, তাঁহারাই রৈবত নামক
মন্বন্তর সময়ে দ্বাদশ আদিত্যরূপে জন্ম গ্রহণ
করেন। চন্দ্রের পত্নী সপ্তবিংশতি উক্ত হইয়া-
ছেন, তাঁহারা সকলেই সুব্রতা ছিলেন; তাঁহা-
দিগের সন্তানগণ দীপ্তিমন্ত এবং অতি তেজস্বী
হইয়াছিল। অরিষ্টনেমির পত্নীগণের গর্ভে

যজ্ঞপুত্রস্ত বিদুষশ্চক্রো যাঃ সুতাঃ স্মৃতাঃ ॥ ৪৪
কৃশাশ্বস্য তু দেবর্ষের্দেবপ্রহরণাঃ স্মৃতাঃ ।
এতে যুগসহস্রান্তে জায়ন্তে পুনরেব হি ॥ ৪৫
সর্ব্বে দেবনিকায়াশ্চ ত্রয়স্ত্রিংশৎ তু কামজাঃ ।
তেষামপি চ বিপ্রেন্দ্র নিরোধোৎপত্তিরুচ্যতে ॥ ৪৬
যথা সূর্য্যস্য নিত্যং হি উদয়াস্তময়াবিহ ।
এবং দেবনিকায়াস্তে সম্ভবন্তি যুগে যুগে ॥ ৪৭
দিত্যা বভূবতুঃ পুত্রৌ কশ্যপাদিতি নঃ শ্রুতম্ ।
হিরণ্যকশিপুশ্চৈব হিরণ্যাক্ষশ্চ বীর্য্যবান্ ॥ ৪৮
সিংহিকা চাভবৎ কন্যা বিপ্রচিত্তেঃ পরিগ্রহঃ ।
হিরণ্যকশিপোঃ পুত্রাশ্চত্বারোহপ্যমিতৌজসঃ ॥ ৪৯
অনুহ্রাদশ্চ হ্রাদশ্চ প্রহ্রাদশ্চৈব বীর্য্যবান্
সংহ্রাদশ্চ চতুর্থোহভূদ্ধ্রাদপুত্রো হ্রদঃ স্মৃতঃ ॥ ৫০
হ্রদস্য পুত্র আয়ুষ্মান্ শিবিঃ কালস্তথৈব চ
বিরোচনস্তু প্রাহ্রাদির্বলির্জজ্ঞে বিরোচনাৎ ॥ ৫১

বলেঃ পুত্রশতস্ত্বাসীদ্বাণো জ্যেষ্ঠশ্চ তস্য তু ।
হিরণ্যাক্ষসুতাঃ পঞ্চ পণ্ডিতাঃ সুমহাবলাঃ ॥ ৫২
কুকুরঃ শকুনিশ্চৈব ভূতসন্তাপনস্তথা ।
মহানাদশ্চ বিক্রান্তঃ কালনাভস্তথৈব চ ॥ ৫৩
অভবন্ দনুপুত্রাশ্চ শতং তীব্রপরাক্রমাঃ ।
মহাবলা মহাবীর্য্যাঃ প্রাধান্যেন নিবোধ মে ॥ ৫৪
দ্বিমূর্দ্ধা শঙ্কুরশ্চৈব তথা বলিশিবঃ প্রভুঃ
অয়োমুখঃ শম্বরশ্চ কপিলো বামনস্তথা ॥ ৫৫
বিশ্বানরঃ পুলোমা চ বিদ্রাবণ-মহাশিরৌ
স্বর্ভানুর্বৃষপর্ব্বা চ বিপ্রচিত্তিশ্চ বীর্য্যবান্ ॥ ৫৬
এতে সর্ব্বে দনোঃ পুত্রাঃ কশ্যপাদভিজজ্ঞিরে
স্বর্ভানোস্তু প্রভা কন্যা পুলোম্নস্তু শচী সুতা ॥ ৫৭
উপদানবী হয়শিরাঃ শর্ম্মিষ্ঠা বৃষপর্ব্বণঃ ।
পুলোমা কালিকা চৈব বৈশ্বানরসুতে উভে ॥ ৫৮
বহ্বপত্যে মহাবীর্য্যে মরীচেস্তু পরিগ্রহে

ষোলটী সন্তান জন্মগ্রহণ করিয়াছিলেন, সেই পণ্ডিত যজ্ঞপুত্র ; চারিটীমাত্র সুতা জন্মিয়াছিল দেবর্ষি কৃশাশ্ব হইতে দেবগণের অস্ত্রশস্ত্রসমূহ উৎপন্ন হইয়াছিল, এ সকল দেবগণ যুগ-সহস্রান্তে পুনর্ব্বার জন্মগ্রহণ করিয়া থাকেন। যে সকল দেবগণের নাম উক্ত হইল, তাহার মধ্যে তেত্রিশটী ইচ্ছানুসারে জন্মগ্রহণ করিতে পারেন ; হে বিপ্রবর! তাঁহাদিগেরও জন্ম এবং লয় কথিত হইতেছে। যেরূপ ভগবান্ সূর্য্যের প্রতিদিন উদয় এবং অস্ত হইয়া থাকে, তদ্রূপ দেবগণও প্রতিযুগে উৎপন্ন হন। আমরা শুনিয়াছি, দিতির গর্ভে কশ্যপ মুনির ঔরসে হিরণ্যকশিপু এবং হিরণ্যাক্ষ নামে অতীব বলবান্ দুই পুত্র জন্মগ্রহণ করিয়াছিল এবং সিংহিকা নামে এক কন্যাও জন্মিয়াছিল। ঐ সিংহিকা-নাম্নী কন্যাকে বিপ্রচিত্তি বিবাহ করিয়াছিলেন। হিরণ্য-কশিপুর অপরিমিত বলবান্ চারিটী পুত্র জন্মিয়াছিল ;—অনুহ্রাদ, হ্রাদ, বীর্য্যবান্ প্রহ্রাদ ও চতুর্থ সংহ্রাদ। হ্রাদের পুত্র হ্রদ নামে বিখ্যাত। ৪২—৫০। হ্রদের অপর তিনটী পুত্রের নাম আয়ুষ্মান্, শিবি ও কাল, প্রহ্রাদের পুত্র বিরোচন, বিরোচনের পুত্র বলিরাজ, বলিরাজার একশত পুত্র জন্মিয়াছিল, তাহাদিগের সর্ব্বজ্যেষ্ঠ বাণরাজ। হিরণ্যাক্ষের অত্যন্ত বলবান এবং পণ্ডিত পাঁচটী পুত্র জন্মিয়াছিল কুকুর, শকুনি, ভূত-সন্তাপন, অত্যন্ত বিক্রান্ত মহানাদ এবং কাল-নাভ। দনুর পুত্র একশত হইয়াছিল, তাহারা সকলেই অত্যন্ত পরাক্রমযুক্ত, মহাবলিষ্ঠ এবং অত্যন্ত বীর্য্যবন্ত হইয়াছিল তাহাদিগের প্রধান প্রধানের নাম কীর্ত্তন করিতেছি, আমার নিকট শ্রবণ করুন দ্বিমূর্দ্ধা, শঙ্কুর, প্রভু, বলি, শিব, অয়োমুখ, শম্বর, কপিল বামন, বিশ্বানর, পুলোমা, বিদ্রাবণ, মহাশির, স্বর্ভানু, বৃষপর্ব্বা এবং বীর্য্যবান বিপ্রচিত্তি ইহারা দনুর গর্ভে কশ্যপমুনির ঔরসে জন্মগ্রহণ করিয়াছিল। স্বর্ভানুর কন্যা প্রভা নামে বিখ্যাত। পুলোমার কন্যা ইন্দ্রপত্নী শচী। উপদানবী, হয়শিরা এবং শর্ম্মিষ্ঠা বৃষপর্ব্বা নামক দানবের কন্যা। পুলোমা এবং কালিকা এ দুইটী বিশ্বানর নামক দানবের কন্যা ; ইহারা উভয়ে বহু পুত্রবতী, অত্যন্ত বলবতী হইয়াছিল ; এ দুইটী কন্যা প্রজাপতি মরীচি বিবাহ করিয়াছিলেন, ঐ দুই পত্নীর গর্ভে দানবগণের আনন্দবর্দ্ধন ষাট হাজার পুত্র মহ-

তং স্তাঃ পুত্রসহস্রাণি ষষ্টির্দানবনন্দনাঃ ॥ ৫৯
মরীচির্জনয়ামাস মহতা তপসান্বিতঃ।
পৌলোমাঃ কালখঞ্জাশ্চ দানবানাং মহাবলাঃ ॥ ৬০
অবধ্যা দেবতানাং হি হিরণ্যপুরবাসিনঃ।
পিতামহপ্রসাদেন যে হতাঃ সব্যসাচিনা ॥ ৬১
সিংহিকায়ামথোৎপন্না বিপ্রচিত্তেঃ সুতাস্তথা।
দৈত্য-দানবসংযোগাজ্জাতাস্তীব্রপরাক্রমাঃ ॥ ৬২
সৈংহিকেয়া ইতি খ্যাতাস্ত্রয়োদশ মহাবলাঃ।
রাহুঃ শল্যঃ সুবলিনো বলশ্চৈব মহাবলঃ ॥ ৬৩
বাতাপির্নমুচিশ্চৈব ইল্বলঃ স্বসৃপস্তথা।
অজিকো নরকশ্চৈব কালনাভস্তথৈব চ ॥ ৬৪
শরমাণঃ শরকল্প এতে বংশবিবর্দ্ধনাঃ।
তেষাং পুত্রাশ্চ পৌত্রাশ্চ দনুবংশবিবর্দ্ধনাঃ ॥ ৬৫
সংহ্লাদস্য তু দৈত্যস্য নিবাতকবচাঃ কুলে।
উৎপন্না মহতা তস্মিংস্তপসা ভাবিতাত্মনঃ ॥ ৬৬
খরমুখা মহাসত্ত্বাস্তাম্রায়াঃ পরিকীর্ত্তিতাঃ।

তপস্বী প্রজাপতি মরীচি উৎপাদন করিয়াছিলেন। পৌলোমগণ ও কালকঞ্জগণ দানবগণের মধ্যে অত্যন্ত বলিষ্ঠ হইয়াছিল; তাহারা সকলে দেবগণের অবধ্য হইয়াছিল এবং হিরণ্যপুরে বসতি করিত। পিতামহ ব্রহ্মার প্রসাদে পাণ্ডুনন্দন অর্জ্জুন তাহাদিগকে বিনষ্ট করিয়াছিলেন। ৫৯—৬১। বিপ্রচিত্তির ঔরসে সিংহিকার গর্ভে সৈংহিকেয় নামে বিখ্যাত মহাবল-পরাক্রান্ত ত্রয়োদশটী পুত্র জন্মিয়াছিল; উহারা দৈত্য এবং দানবসংসর্গজাত বলিয়া তীব্রপরাক্রমযুক্ত ছিল। রাহু এবং শল্য এ দুইজনে অত্যন্ত বলবান্ হইয়াছিল; বল, মহাবল, বাতাপি, নমুচি, ইল্বল, স্বসৃপ, অজিক, নরক, কালনাভ, শরমাণ, শরকল্প ইহারা সকলেই বংশবৃদ্ধিকারী হইয়াছিল; ইহাদিগের পুত্রগণ এবং পৌত্রগণ দনুর বংশ বৃদ্ধি করিয়াছিল। মহৎ তপস্যা দ্বারা সর্ব্বদা চিন্তাযুক্তচিত্ত দৈত্যবর সংহ্লাদের সেই প্রসিদ্ধ বংশে নিবাতকবচগণ জন্মিয়াছিল। খর প্রভৃতি দীর্ঘকায় প্রাণিসমূহ তাম্রার গর্ভজাত বলিয়া

কাকী শ্যেনী চ ভাসী চ সুগ্রীবী গৃধ্রিকা শুকী ॥
কাকী কাকানজনয়দুলূকীপ্রত্যুলূকিকান্।
শ্যেনী শ্যেনাংস্তথা ভাসী ভাসান্ গৃধ্রী তু গৃধ্রকান্
শুকী শুকাংশ্চদেবাংস্তু সুগ্রীবী শুভপক্ষিণঃ।
অশ্বানুষ্ট্রান্ গর্দ্দভাংশ্চ তাম্রাবংশঃ প্রকীর্ত্তিতঃ ॥৬৯
বিনতায়াস্তু পুত্রৌ দ্বাবরুণো গরুড়স্তথা।
সুপর্ণঃ পততাং শ্রেষ্ঠ্যাদরুণঃ স্বেন কর্ম্মণা ॥ ৭০
সুরসায়াঃ সহস্রন্তু সর্পাণামমিতৌজসাম্।
অনেকশিরসাং তেষাং খেচরাণাং মহাত্মনাম্ ॥৭১
যেষাং প্রধানা রাজানঃ শেষ-বাসুকি-তক্ষকাঃ।
ঐরাবতো মহাপদ্মঃ কম্বলাশ্বতরাবুভৌ ॥ ৭২
এলাপত্রস্তথা পদ্মঃ কর্কোটক-ধনঞ্জয়ৌ।
মহানীল-মহাবর্ণৌ ধৃতরাষ্ট্রো বলাহকঃ ॥ ৭৩
কুহরঃ পুষ্পদন্তশ্চ দুর্ম্মুখঃ সুমুখস্তথা।

কথিত হইয়াছে। কাকী, উলূকী, শ্যেনী, ভাসী, সুগ্রীবী, গৃধ্রিকা ও শুকী এই সকল পক্ষিজাতীয় মহিলাগণ তাম্রার সন্তান জানিবে। কাকী কাকসমূহ প্রসব করেন, উলূকী পেচকজাতীয় পক্ষিগণকে প্রসব করেন, শ্যেনী শ্যেনপক্ষিসমূহ প্রসব করিয়াছিলেন,ভাসী ভাস নামক পক্ষিবিশেষবংশ প্রসব করেন, গৃধ্রী গৃধ্রপক্ষিসমূহের প্রসূতি, শুকী শুকপক্ষিগণের জননী, সুগ্রীবী অন্যান্য সমস্ত সুন্দর পক্ষিসমূহ প্রসব করিলেন। অশ্বসমূহ, উষ্ট্রসমূহ এবং গর্দ্দভসমূহ তাম্রাবংশজাত বলিয়া কথিত হইয়াছে। বিনতার দুই পুত্র অরুণ জ্যেষ্ঠ এবং গরুড় কনিষ্ঠ। গরুড় পক্ষিগণের রাজা এবং সুপর্ণ নামে বিখ্যাত হইয়াছেন; অরুণ সূর্য্যতেজ-সহিষ্ণুতা এবং সূর্য্য সারথ্যরূপ নিজ কার্য্য দ্বারা জগদ্বিখ্যাত জানিবেন। ৬৯—৭০। অপরিমিত বলবান্ অসংখ্য সর্পগণ সুরসার গর্ভজাত সন্তান। উহাদিগের বহুমস্তক। সকলেই আকাশপথে গমন করিতে সমর্থ এবং সকলেই বৃহৎকায়। সর্পগণের রাজা শেষ, বাসুকি, তক্ষক, ঐরাবত, মহাপদ্ম, কম্বল, অশ্বতর, এলাপত্র, পদ্ম, কর্কোটক, ধনঞ্জয়, মহানীল, মহাবর্ণ, ধৃতরাষ্ট্র, বলাহক, সুমুখ

স পাট্যমানো গর্ভোঽথ বজ্রেণ প্ররুরোদ হ ।
মা রোদীস্ত্বং পুনঃ শক্রঃ পুনরেবাভ্যভাষত ॥ ১০
সোঽভবৎ সপ্তধা গর্ভস্তমিন্দ্রস্ত্রাসিতঃ পুনঃ ।
একৈকং সপ্তধা চক্রে বজ্রেণৈবারিকর্শনঃ ॥ ১১
মরুতো নাম তে দেবা বভূবুঃ সুমহাবলাঃ ।
খগা একোনপঞ্চাশৎ সহায়া বজ্রপাণিনঃ ॥ ১২
তেষামেব প্রবৃদ্ধানাং হরিঃ প্রাদাৎ প্রজাপতিঃ ।
ক্রমশস্তানি রাজ্যানি পৃথুপূর্ব্বং শৃণুষ্ব তৎ ॥ ১৩
অরিষ্টপুরুষো বীরঃ কৃষ্ণো জিষ্ণুঃ প্রজাপতিঃ ।
পর্জ্জন্যস্তু ধনাধ্যক্ষস্তস্য সর্ব্বমিদং জগৎ ॥ ১৪
ভূতসর্গমিমং সম্যক্ কথিতং শৃণু চাগ্রতঃ ।
অভিষিচ্যাধিরাজ্যে তু পৃথুং বৈণ্যং পিতামহঃ ।
ততঃ ক্রমেণ রাজ্যানি ব্যাদেষ্টুমুপচক্রমে ॥ ১৫

ইতি শ্রীশৈবে মহাপুরাণে ধর্ম্মসংহিতায়াং
দেব-দানবাদিসৃষ্টিকথনং নাম
চতুঃপঞ্চাশোঽধ্যায়ঃ ॥ ৫৪

বজ্রহস্তে দিতির গর্ভে প্রবিষ্ট হইয়া দিতির সেই গর্ভ সপ্তখণ্ড করত ছেদন করিলেন। সেই গর্ভ বজ্র দ্বারা পাটিত হওয়াতে রোদন করিতে লাগিল, দেবরাজ ইন্দ্র গর্ভস্থ সন্তানের রোদন শুনিয়া বলিলেন, তুমি রোদন করিও না। ইন্দ্র-পাটিত সেই গর্ভ সপ্তখণ্ডে বিভক্ত হইল। শত্রুনাশন ইন্দ্র পুনর্ব্বার বজ্র দ্বারা ঐ সপ্ত খণ্ডের এক এক খণ্ডকে সপ্ত খণ্ড করিলেন। ঐ এক এক খণ্ড অত্যন্ত বলবান্, আকাশ-পথ-গমন-সমর্থ, ঊনপঞ্চাশৎ বায়ুরূপে পরিগণিত হইয়া দেবগণ মধ্যে গণ্য হইলেন ও ইন্দ্রের সহায়তা করিতে লাগিলেন। তাঁহারা প্রবৃদ্ধ হইলে, প্রজাপতি হরি তাঁহাদিগকে যথাক্রমে রাজ্য প্রদান করেন; তবে পৃথুকে প্রথমে রাজ্য দেওয়া হয়। অরিষ্ট পুরুষ, বীর, কৃষ্ণ, জিষ্ণু, প্রজাপতি, পর্জ্জন্য এবং ধনাধ্যক্ষ যাঁহার নাম, তাঁহারই এই সর্ব্ব জগৎ। এই ভূতসর্গের বিষয় বলিলাম,. অনন্তর ব্রহ্মা বেণপুত্র পৃথুকে রাজ্যাভিষিক্ত করিয়া অন্যান্য সকলকে রাজ্য প্রদান করেন, তাহা শুন। ৮৭—১৫।

চতুঃপঞ্চাশ অধ্যায় সমাপ্ত ॥ ৫৪ ॥

পঞ্চপঞ্চাশোঽধ্যায়ঃ ।

সূত উবাচ ।

দ্বিজানাং বীরুধাঞ্চৈব নক্ষত্রগ্রহয়োস্তথা ।
যজ্ঞানাং তপসাঞ্চৈব সোমং রাজ্যেঽভ্যষেচয়ৎ ॥ ১
অপাস্তু বরুণং রাজ্যে রাজ্ঞাং বৈশ্রবণং প্রভুম্ ।
আদিত্যানাং তথা বিষ্ণুং বসূনামথ পাবকম্ ॥ ২
প্রজাপতীনাং দক্ষন্তু মরুতামথ বাসবম্ ।
দৈত্যানাং দানবানাঞ্চ প্রহ্লাদমমিতৌজসম্ ॥ ৩
বৈবস্বতং পিতৄণাঞ্চ যমং রাজ্যেঽভ্যষেচয়ৎ ।
মাতৄণাঞ্চ ব্রতানাঞ্চ মন্ত্রাণাঞ্চ তথা গবাম্ ॥ ৪
যক্ষাণাং রাক্ষসানাঞ্চ পার্থিবানাং তথৈব চ ।
সর্ব্বভূতপিশাচানাং গিরিশং শূলপাণিনম্ ॥ ৫
শৈলানাং হিমবন্তঞ্চ নদীনামথ সাগরম্ ।

পঞ্চপঞ্চাশ অধ্যায় ।

উগ্রশ্রবার পুত্র সূত, শৌনকমুনির নিকট বলিতে লাগিলেন, পৃথুরাজ দ্বিজগণের, বীরুধ্-গণের, নক্ষত্রগণের, নবগ্রহের, রাজসূয় প্রভৃতি যজ্ঞসমূহের এবং পঞ্চতপা প্রভৃতি তপস্যা-সমূহের রাজত্বকার্য্যে ভগবান্ চন্দ্রকে অভিষিক্ত করিলেন; বরুণদেবকে জলরাশির প্রভুত্বকার্য্যে নিযুক্ত করিলেন; রাজগণের প্রভুত্বে বৈশ্রবণকে অভিষেক করিলেন; দ্বাদশ আদিত্যের প্রাধান্য করিতে ভগবান্ বিষ্ণুকে অভিষিক্ত করিলেন; অষ্টবসুর মধ্যে অগ্নিকে অভিষেক করিলেন; প্রজাপতিসমূহের মধ্যে দক্ষকে শ্রেষ্ঠ করিলেন; দেবগণের মধ্যে ইন্দ্রকে রাজা করিলেন; দৈত্য-গণ ও দানবগণ মধ্যে অপরিমিত বলবান্ প্রহ্লাদকে শ্রেষ্ঠ করিলেন; সূর্য্যের পুত্র যম-রাজকে পিতৃগণের রাজত্বকার্য্যে নিয়োগ করিলেন এবং গৌরী প্রভৃতি মাতৃগণের, চান্দ্রায়ণ প্রভৃতি ব্রতসমূহের, গায়ত্রী প্রভৃতি মন্ত্রসমূহের গো-সমূহের, যক্ষগণের, রাক্ষসগণের, পৃথিবী-পতিসমূহের, সমস্ত ভূত-পিশাচবর্গের শূলপাণি মহাদেবকে রাজা করিলেন। হিমালয়কে পর্ব্বতসমূহের রাজা করিলেন; সমুদ্রকে নদী

উচুর্ম্মহর্ষয়ঃ সর্ব্বে মরীচিপ্রমুখাস্তদা ॥৭
বয়ং দীক্ষাং প্রবেক্ষ্যামঃ সংবৎসরগণান্ বহূন্।
অধর্ম্মং কুরু মা বেণ এষ ধর্ম্মঃ সতামপি ॥ ৮
নিধানং হি প্রশস্তস্ত্বং প্রজানাং পরিপালকঃ।
প্রজাস্ত্বং পালয়িষ্যেঽহমিতি তৈঃ সময়ঃ কৃতঃ ॥৯
তাংস্তদা ব্রুবতঃ সর্ব্বান্ মুমূর্ষুরব্রবীৎ ততঃ।
বেণঃ প্রহস্য দুর্ব্বুদ্ধিরিমমর্থং বিচিন্তয়ন্ ॥১০
স্রষ্টা ধর্ম্মস্য কশ্চান্যঃ শ্রোতব্যঃ কস্য বৈ ময়া।
সম্মূঢ়া ন বিদুর্ধর্ম্মং ভবন্তো মাং বিশেষতঃ ॥১১
ইত্থং সংসাধয়ন্ পৃথ্বীং প্লাবয়েয়ং তথা জলম্।
দ্যাং ভুবঞ্চৈব বিধ্যেয়ং নাত্র কার্য্যা বিচারণা ॥১২
যদা ন শক্যতে নেতুং দৈবমোহেন মোহিতম্।
অনুনেতুং তদা বেণং ততঃ ক্রুদ্ধা মহর্ষয়ঃ ॥১৩
নিগৃহ্য তং দুরাত্মানং বিস্ফুরন্তং মহাবলম্।
ততোঽস্য সব্যমূরুং তে মমন্থুর্জাতমন্যবঃ।
তস্মিন্ সুমথ্যমানে বৈ রাজ্ঞ ঊরোঃ প্রজজ্ঞিবান্
হ্রস্বোঽতিমাত্রঃ পুরুষঃ কৃষ্ণশ্চাপি বভূব হ ॥১৫
স ভীতঃ প্রাঞ্জলির্ভূত্বা তস্থৌ চ ঋষিসত্তমঃ।
তমত্রির্বিহ্বলং দৃষ্ট্বা নিষীদেত্যব্রবীচ্চঃ ॥১৬
নিষাদবংশকর্ত্তা স বভূব বদতাং বরঃ।
ধীবরানসৃজচ্চাপি বেণকল্মষসম্ভবান্ ॥ ১৭
যে চান্যে বিন্ধ্যনিলয়াঃ পুলিন্দাস্তুম্বুরাস্তথা।
অধর্ম্মরুচয়ো যে চ বিদ্ধি তান্ বেণকল্মষান্ ॥ ১৮
ততঃ পুনর্মহাত্মানঃ পাণিং বেণস্য দক্ষিণম্।
অরণীমিব সন্ধায় মমন্থুস্তে মহর্ষয়ঃ ॥ ১৯
পৃথুস্তস্মাৎ সমুত্তস্থৌ করাজ্জ্বলনসপ্রভাৎ।
দীপ্যমানঃ স্ববপুষা সাক্ষাদগ্নিসমোজ্জ্বলঃ ॥ ২০
আদ্যমাজগবং নাম ধনুর্গৃহ্য মহারবম্।

মরীচি প্রভৃতি মহর্ষিগণ বলিয়াছিলেন, আমরা বহুবৎসরব্যাপী যজ্ঞকার্য্যে দীক্ষিত হইব; হে রাজন্! তুমি অধর্ম্মাচরণ করিও না, অধর্ম্ম পরিত্যাগ করা সাধুগণের ধর্ম্ম। তুমি প্রজাগণের প্রভু হইয়া জন্মিয়াছ এবং তুমিই একমাত্র প্রজাবর্গের প্রতিপালক। "আমি প্রজাগণকে প্রতিপালন করিব" আমাদিগের নিকট এইরূপ প্রতিজ্ঞা কর। মৃত্যু ইচ্ছুক সেই দুর্ব্বুদ্ধি বেণরাজা মরীচি প্রভৃতি মহর্ষিগণের বাক্য শ্রবণ করত হাস্য করিয়া বলিল, আমি ভিন্ন ধর্ম্মের সৃষ্টিকর্ত্তা কে আছে? আমি আবার কাহার উপদেশ শুনিব? অত্যন্ত মূঢ় ব্যক্তিগণ, ধর্ম্ম কাহাকে বলে, জানে না; বিশেষতঃ আপনারাও আমাকে অবগত নহেন ১—১১। আমি নিজ ক্ষমতা দ্বারা সমস্ত পৃথিবীকে নিমগ্ন করিয়া সমস্ত জলরাশিকে স্বস্থান হইতে চ্যুত করিতে পারি এবং স্বর্গমর্ত্ত্যকে বিদ্ধ করিতে পারি, এ বিষয়ে আপনারা সংশয় করিবেন না। যৎকালে মরীচি প্রভৃতি মহর্ষিগণ, দৈবমায়া দ্বারা মুগ্ধ বেণরাজাকে সৎপথে আনিতে এবং অনুনয় করাইতে সমর্থ হইলেন না, তৎকালে মহর্ষিগণ ক্রুদ্ধ হইয়া অত্যন্ত বলবান্ বিস্ফুরণশীল সেই বেণরাজাকে নিগ্রহ করিবার নিমিত্ত ঐ বেণরাজার বাম উরুদেশ মর্দ্দন করিতে লাগিলেন, তদনন্তর বেণরাজার উরুদেশ মর্দ্দিত হইলে পর, বেণের উরু হইতে অত্যন্ত খর্ব্বাকৃতি কৃষ্ণবর্ণ একটী পুরুষ উৎপন্ন হইল। সেই বেণরাজার উরুজাত পুরুষ কৃতাঞ্জলি হইয়া অবস্থিতি করিতে লাগিল। এ পুরুষকে অত্রিমুনি বিহ্বল দেখিয়া "নিষীদ" এই আদেশ করিলেন, সেই হেতু বদতাংবর অত্রিমুনি নিষাদবংশের সৃষ্টিকর্ত্তা হইলেন। মৎস্যোপজীবী ধীবরগণকে বেণরাজার পাপরাশি হইতে ঐ অত্রিমুনি সৃষ্টি করিলেন; অন্য যত বিন্ধ্যপর্ব্বতবাসী পুলিন্দজাতি, তুম্বুরজাতি এবং অধর্ম্মকার্য্যজীবী চণ্ডালবর্গ, ইহারা সকলেই বেণরাজার পাপরাশি হইতে জন্মিয়াছে, জানিবেন। তদনন্তর পুনর্ব্বার মরীচি প্রভৃতি মহাত্মাগণ ঐ বেণরাজার দক্ষিণ হস্ত অগ্ন্যুৎপাদক অরণি-কাষ্ঠের ন্যায়, মর্দ্দন করিতে লাগিলেন। পদ্মসদৃশ বেণরাজার দক্ষিণ হস্ত হইতে, নিজের সুন্দর শরীর দ্বারা দীপ্যমান, সাক্ষাৎ অগ্নির ন্যায় তেজস্বী পৃথুরাজা ধনুর্গণের আদিভূত, অত্যন্ত শব্দযুক্ত আজগব নামক ধনুর্দ্ধর, অদ্ভুত শরনিকর এবং আত্মরক্ষা

শরাংশ্চ দিব্যান্ রক্ষার্থং কবচঞ্চ মহাপ্রভম্ ॥ ২১
তস্মিন্ জাতেঽথ ভূতানি মুদিতানি তু সর্ব্বশঃ।
সমবেতা দিশো দেবা বেণশ্চ ত্রিদিবং যযৌ ॥ ২২
সৎপুত্রেণ সুজাতেন এবং সর্ব্বমিদং জগৎ।
ত্রাতা স পুরুষব্যাঘ্রঃ পুন্নাম্নো নরকাৎ তদা ॥ ২৩
তং সমুদ্রাশ্চ নদ্যশ্চ রত্নান্যাদায় সর্ব্বশঃ।
তোয়ানি চাভিষেকার্থং সর্ব্ব এবাবতস্থিরে ॥ ২৪
পিতামহশ্চ ভগবান্ দেবৈরাঙ্গিরসৈঃ সহ।
সমাগম্য তদা বৈণ্যমভ্যষিঞ্চন্নরাধিপম্ ॥ ২৫
মহতা রাজরাজেন প্রজাপালো মহাদ্যুতিঃ।
অভিষিক্তো মহাতেজা বিধিবদ্ধর্ম্মকোবিদৈঃ ॥ ২৬
আধিরাজ্যে মহাতেজাঃ পৃথুর্বৈণ্যঃ প্রতাপবান্।
পিত্রাপরঞ্জিতাস্তস্য প্রজাস্তেনানুরঞ্জিতাঃ ॥ ২৭
অনুরাগাৎ ততস্তস্য নাম রাজেত্যভূৎ তদা
আপঃ সংস্তম্ভিতাস্তস্য সমুদ্রমভিপদ্যত
পর্ব্বতাশ্চ দদুর্মার্গং ধ্বজভঙ্গশ্চ নাভবৎ ॥ ২৮
অকৃষ্টপচ্যা পৃথিবী সিধ্যন্ত্যন্নানি চিন্তয়া।
সর্ব্বকামদুঘা গাবঃ পুটকে পুটকে মধু ॥ ২৯
এতস্মিন্নেব কালে তু যজ্ঞে পৈতামহে শুভে।
সূতঃ সূত্যাং সমুৎপন্নঃ সৌত্যেঽহনি মহামতিঃ।
তস্মিন্নেব মহাযজ্ঞে প্রাজ্ঞো জজ্ঞেঽথ মাগধঃ।
পৃথোঃ স্তবার্থং তৌ তত্র সমাহূতৌ মহর্ষিভিঃ ॥ ৩১
তাবূচুর্ঋষয়ঃ সর্ব্বে স্তূয়তামেষ পার্থিবঃ।
কর্ম্মৈতদনুরূপং বাং পাত্রঞ্চায়ং নরাধিপঃ ॥ ৩২
তাবূচতুস্তানৃষীন্ ন বিদ্মো লক্ষণং যশঃ।
তাবূচুস্তু ভবিষ্যৈশ্চ লক্ষণৈঃ স্তূয়তামিতি ॥ ৩৩
ততস্তু ঋষীঞ্চক্রাতে রাজস্তৌ সূতমাগধৌ

নিমিত্ত অত্যন্ত সুন্দর কবচ গ্রহণপূর্ব্বক উৎপন্ন হইলেন। সেই পৃথুরাজা জন্মগ্রহণ করিলে পর, সকল প্রাণিগণ হৃষ্টচিত্ত হইল। দিক্পালগণ স্বীয় স্বীয় অধিকৃত দিগ্বিভাগে সমাগত হইলেন ও দুশ্চরিত্র বেণরাজাও স্বর্গে গমন করিলেন। ১২—২২ সৎপুত্র জন্মগ্রহণ করিলে এরূপ সকল লোকেই সদ্গতি লাভ করিয়া থাকে। পুরুষশ্রেষ্ঠ পৃথুরাজ পুন্নাম নরক হইতে পিতাকে পরিত্রাণ করিলেন। সমুদ্রগণ এবং নদীগণ চতুর্দ্দিক্ হইতে রত্ন উপহার লইয়া রাজ্যে অভিষেক করিবার নিমিত্ত তাঁহার নিকট সকলে উপস্থিত হইলেন। তৎকালে ভগবান্ ব্রহ্মাও সকল দেবগণ এবং অঙ্গিরার পুত্রগণের সহিত সমাগত হইয়া নরপতি বেণপুত্র পৃথুকে রাজ্যে অভিষিক্ত করিলেন। প্রজাপালন-দক্ষ, অত্যন্ত দীপ্তিযুক্ত, প্রভূত বলবান্ এবং মহাপ্রতাপ বেণপুত্র পৃথুরাজা, ধর্ম্মজ্ঞগণকর্তৃক আদি রাজের সময়ে মহৎ রাজ্যে অভিষিক্ত হইয়া, স্বীয় পিতা বেণরাজার রাজত্বকালে বিরাগ-প্রাপ্ত প্রজাবর্গকে স্বীয় সদ্গুণসমূহ দ্বারা অনুরক্ত করিলেন। পৃথুরাজার প্রতি প্রজাবর্গের অনুরাগ হওয়াতে তৎকালে নানাবিধ আশ্চর্য্য ঘটনা অভিষিক্ত হইলেন। পৃথুরাজা যাত্রা করিলে পর, নদী সকল স্তম্ভিত হইয়া তাঁহাকে গমনের পথ প্রদান করিলেন এবং পর্ব্বতপ্রদেশে উপস্থিত হইলে পর, পর্ব্বতনিচয় স্বীয় স্বীয় অবয়বে পৃথুরাজকে অবিরোধে গমন করিবার নিমিত্ত পথদান করিলেন। পৃথুরাজার ধ্বজদণ্ড কোন স্থানে ভগ্ন হইল না। পৃথুরাজের রাজত্বকালে পৃথিবীকে কর্ষণ না করিলেও প্রচুর শস্য উৎপন্ন হইতে লাগিল। অগ্নি-সংযোগ ব্যতিরেকে চিন্তা করিবামাত্র অন্ন প্রস্তুত হইতে লাগিল, গাভী সকল অভিলাষানুরূপ দুগ্ধ দোহন করাইত এবং পত্রপুটকে যা তাই মধু পাওয়া যাইত। পৃথুরাজার রাজত্বকালে মঙ্গলপ্রদ ব্রহ্মার যজ্ঞ উপস্থিত হইলে, সৌত্য দিবসে সূতীর গর্ভে মহামতি সূত উৎপন্ন হইলেন। ২৩-৩০। সেই ব্রহ্মার মহৎ যজ্ঞ উপস্থিতকালে মাগধ জন্মগ্রহণ করিলেন। পৃথুরাজকে স্তব করিবার নিমিত্ত মহর্ষিগণ সূত এবং মাগধনামক বন্দিদ্বয়কে আহ্বান করিলেন। সূত মাগধ বন্দিদ্বয় বলিলেন, হে ঋষিগণ! এই পৃথুরাজকে স্তব করিব, ইঁহাকে স্তব করা উচিত কার্য্য এবং পৃথুরাজা স্তব করিবারও যোগ্যপাত্র। কিন্তু এই পৃথুরাজার লক্ষণ এবং যশ কি প্রকার তাহা আমরা জানি না, মহর্ষিগণ বন্দিদ্বয়কে বলিলেন, এই পৃথু রাজার ভাবী লক্ষণ

অয়োঃ স্তবান্তে সুপ্রীতঃ পৃথুঃ প্রাদাৎ প্রজেশ্বরঃ।
অনূপদেশং সূতায় মগধং মাগধায় চ ॥ ৩৪
তং দৃষ্ট্বা পরমপ্রীতা দেবা ব্রহ্মপুরোগমাঃ।
বৃত্তীনামেষ বো দাতা ভবিষ্যতি নরেশ্বরঃ ॥ ৩৫
ততো বৈণ্যং প্রজাঃ সর্ব্বা জীবনায়াভিদুদ্রুবুঃ।
ত্বং নো বৃত্তিং বিধৎস্বেতি তমূচুর্ব্রাহ্মণাঃ কিল ॥৩৬
সোঽপসৃত্যাথ সহসা প্রজাপতিচিকীর্ষয়া ॥ ৩৭
ধনুর্গৃহ্য পৃষৎকাংশ্চ ধরাং প্রত্যুদ্যযৌ পুনঃ।
ততো বৈণ্যভয়ত্রস্তা গৌর্ভূত্বা প্রাদ্রবন্মহী।
তাং পৃথুর্ধনুরাদায় দ্রবন্তীমন্বধাবত ॥ ৩৮
সা লোকাল্লোকপালাদীন্ যযৌ বৈণ্যভয়াৎ তদা।

দ্বারা তোমরা ইহাঁকে স্তব কর। সূত এবং মাগধ বন্দিদ্বয় মহর্ষিগণের বাক্য শুনিয়া পৃথুরাজকে আশীর্ব্বাদ করিলেন। বন্দিদ্বয়ের স্তবাবসানে প্রজাবর্গ-প্রতিপালক মহারাজ পৃথু প্রীত হইয়া, সূতকে অনূপদেশ এবং মাগধকে মগধদেশ প্রদান করিলেন। পৃথুরাজার দানকার্য্য দর্শন করত ব্রহ্মা প্রভৃতি দেবগণ তাঁহার প্রতি পরম সন্তুষ্ট হইলেন। ব্রহ্মাদি দেবগণ প্রজাবর্গকে বলিলেন, এই নরপতি তোমাদিগের বৃত্তি প্রদান করিবেন। ব্রহ্মাদির বাক্য শ্রবণ করত প্রজাগণ বেণাত্মজ পৃথুরাজার সমীপে জীবিকা নিমিত্ত উপস্থিত হইলেন। ব্রাহ্মণগণ উপস্থিত হইয়া পৃথুরাজাকে বলিতে লাগিলেন, হে মহারাজ! আপনি আমাদিগকে বৃত্তি প্রদান করুন। পৃথুরাজা ব্রাহ্মণগণের বাক্য শ্রবণান্তে প্রজাপালন করিতে ইচ্ছুক হইয়া, হঠাৎ সে স্থান হইতে বহির্গমন করত ধনু এবং শরনিকর গ্রহণপূর্ব্বক পুনর্ব্বার পৃথিবীর প্রত্যুদ্গমন করিতে লাগিলেন। ভগবতী পৃথিবীদেবী বেণপুত্র পৃথুরাজাকে বহির্গত দর্শন করত তাঁহার ভয়ে ভীত হইয়া, গাভীরূপ ধারণপূর্ব্বক পলায়ন করিতে লাগিলেন। পৃথুরাজা ধনুগ্রহণপূর্ব্বক পলায়মানা পৃথিবীর অনুসরণ করিতে লাগিলেন ।৩১—৩৮। পৃথুভয়ার্ত্তা পৃথিবী সেকালে সকল লোক এবং লোকপালবর্গের নিকট গমন করত পরিত্রাণ না পাওয়াতে সেই

অলভন্তী তু সা ত্রাণং তং বৈ শরণমীয়ুষী ॥৩৯
কৃতাঞ্জলিপুটা ভূত্বা ইদং বচনমব্রবীৎ ॥ ৪০
কথং ধারয়িতা চাসি প্রজা রাজন্ ময়া বিনা।
ময়ি লোকাঃ স্থিতা রাজন্ ময়েদং ধার্য্যতে জগৎ
মৎকৃতে চ বিনশ্যন্তি সর্ব্বে পার্থিব পার্থিবাঃ।
ন মামর্হসি হন্তুং বৈ শ্রেয়শ্চেৎ ত্বং চিকীর্ষসি ॥
উপায়তঃ সমারব্ধাঃ সর্ব্বে সিধ্যন্ত্যুপক্রমাঃ।
উপায়ং পশ্য যেন ত্বং ধারয়েথাঃ প্রজা নৃপ ॥ ৪৩
অনুভূতা ভবিষ্যামি যচ্ছ কোপং মহীপতে।
অবধ্যাশ্চ স্ত্রিয়ং প্রাহুস্তির্য্যগ্‌যোনিগতেষ্বপি ॥ ৪৪
স ত্বত্ত পৃথিবীপাল ন ধর্ম্মং ত্যক্তুমর্হসি ॥৪৫
এবং বহুবিধং বাক্যং শ্রুত্বা রাজা মহামনাঃ।
কোপং নিগৃহ্য ধর্ম্মাত্মা ইদং বচনমব্রবীৎ ॥ ৪৬

পৃথুরাজারই শরণাপন্ন হইয়া কৃতাঞ্জলিপুটে এই বাক্য বলিতে লাগিলেন, হে মহারাজ! আমি না থাকিলে আপনি কি প্রকারে প্রজাবর্গকে ধারণ করিবেন? হে রাজন্! আমাতে সমস্ত লোক স্থিতি করিতেছে, আমিই ত সমস্ত জগৎ ধারণ করিতেছি। হে পৃথিবীনাথ! আমার নিমিত্তই সকল রাজগণ বিনষ্ট হইবে, (অর্থাৎ পৃথিবী বিনিহত হইলে আধার বস্তুর অভাবে আধেয় বস্তু কিরূপে থাকিতে পারে?) যদ্যপি আপনি মঙ্গল ইচ্ছা করেন, তাহা হইলে আমাকে বিনাশ করিতে চেষ্টা করিবেন না। হে নরনাথ! উপায় অবলম্বনপূর্ব্বক আরম্ভ করিলে সকল চেষ্টাই সিদ্ধ হয়। এরূপ উপায় অবলম্বন করুন, যে উপায় দ্বারা আমি না থাকিলেও সমস্ত প্রজাবর্গ আপনি ধারণ করিতে পারেন। হে পৃথিবীনাথ! আপনি কোপ সংবরণ করুন, আমি আপনার আনুকূল্য করিতেছি। আরও বলিতেছি, পশু-পক্ষিগণ মধ্যেও মহিলাগণকে অবধ্য বলিয়াছেন। হে পৃথিবীপতে! আপনি ধর্ম্ম পরিত্যাগ করিবেন না। মহাবুদ্ধিমান্ এবং ধার্ম্মিকবর পৃথুরাজা পৃথিবীদেবীর এরূপ বহুবিধ বাক্য শ্রবণ করত কোপ সংবরণপূর্ব্বক পৃথিবীদেবীকে

একস্যার্থে তু যো হন্যাদ্বহূন্ পাপন্তু তস্য তৎ।
বহূনাং হন্তি যদ্যেকং তস্য নাস্তীহ পাতকম্॥ ৪৭
সোঽহং প্রজানিমিত্তং ত্বাং হনিষ্যামি বসুন্ধরে।
যদি মে বচনস্তুভ্যং করিষ্যসি চ নো হিতম্॥ ৪৮
সা ত্বমাজ্ঞাং সমাস্থায় মম সঞ্জীবয় প্রজাঃ॥ ৪৯

ইতি শ্রীশৈবে মহাপুরাণে ধর্ম্মসংহিতায়াং পৃথুচরিতম নৈ ষট্পঞ্চাশো-ঽধ্যায়ঃ॥ ৫৬॥

—

সপ্তপঞ্চাশোঽধ্যায়ঃ।

সূত উবাচ।
তস্তুত্বা পৃথিবী প্রাহ ন মাং ত্বং হন্তুমর্হসি।
বৎসন্তু মে যতঃ পশ্য ক্ষরেঽহং যেন বৎসলা॥ ১
স যৎ কুরু সর্ব্বত্র পর্ব্বতৈরাবৃতা যতঃ।
যথা বিস্পন্দমানাঽহং ক্ষীরং সর্ব্বত্র ভাবয়ে॥ ২

বলিতে লাগিলেন, হে পৃথিবি! যে ব্যক্তি এক ব্যক্তির নিমিত্ত বহু ব্যক্তিকে বিনষ্ট করে, তাহাতে তাহার পাপ হয়; বহু ব্যক্তির নিমিত্ত যে ব্যক্তি একজনকে বিনষ্ট করে, তাহাতে তাহার পাপ হয় না, জানিবে; হে বসুন্ধরে! আমি প্রজাবর্গের নিমিত্ত একা তোমাকে বিনাশ করিতে উদ্যত হইয়াছি; হে বসুন্ধরে! যদি তুমি আমার বাক্য রক্ষা কর আমাদিগের হিতচেষ্টা করিতে ইচ্ছা কর, তাহা হইলে আমার অনুশাসনে আমার প্রজাবর্গের জীবনোপায় প্রদান কর। ৩১—৪১।

ষট্পঞ্চাশ অধ্যায় সমাপ্ত॥ ৫৬॥

—

সপ্তপঞ্চাশ অধ্যায়।

শৌনকের নিকট সূত বলিলেন, পৃথুর বাক্য শুনিয়া পৃথিবী বলিলেন, হে মহারাজ! আপনি আমাকে বিনষ্ট করিবেন না, আমার অভিমত একটী বৎস উপস্থিত করুন, যাহার স্নেহে আর্দ্র হইয়া আপনার অভিলষিত প্রজাসমূহ দোহন করিব। আপনি আমাকে সর্ব্বত্র

তত উৎসারয়ামাস গিরীঞ্ছতসহস্রশঃ।
ধনুষ্কোট্যা তদা বৈণ্যস্তেন শৈলা বিবর্দ্ধিতাঃ॥ ৩
ন হি পূর্ব্ববিসর্গে বৈ বিষমে পৃথিবীতলে।
প্রবিভাগঃ পুরাণাং বৈ গ্রামাণাং বাপ্যভূত্তদা॥ ৪
ন শস্যানি ন গোরক্ষা ন কৃষির্ন বণিক্‌পথঃ।
যত্র তত্র সমন্তং তান্মেবাসন্তত্র হি প্রজাঃ।
আহারঃ ফলমূলানি প্রজানাং অভবৎ তদা॥ ৫
সকল্পয়িত্বা বৎসন্তু মনুং স্বায়ম্ভুবং প্রভুঃ।
স পাণৌ পুরুষশ্রেষ্ঠো দুদোহ পৃথিবী তদা॥ ৬
শস্যজাতানি সর্ব্বাণি পোষ্টি বৈণ্যঃ প্রতাপবান্।
তেনান্নেন প্রজাঃ সর্ব্বাঃ বর্ত্তয়ন্ত্যদ্য নিত্যশঃ॥ ৭
ঋষিভিশ্চ তদা দুগ্ধা বৎসঃ সোমোঽভবৎ তত

সমতল করুন, যেহেতু আমি পর্ব্বতসমূহ দ্বারা আবৃত রহিয়াছি, আমি যে প্রকারে সর্ব্বত্র সঞ্চরণ করিতে সমর্থ হইয়া দুগ্ধ মোচন করিতে পারি। তখন বেণনন্দন পৃথু পর্ব্বতসমূহকে ধনুর অগ্রভাগ দ্বারা দূরে নিক্ষেপ করিলেন, পৃথুরাজের উৎসারণ দ্বারা পর্ব্বত সমূহ বৃদ্ধিপ্রাপ্ত হইল, হে বিপ্রগণ! সৃষ্টির আদি সময়ে (অর্থাৎ পৃথুরাজের পূর্ব্বে) পৃথিবীমধ্যে পুর কি গ্রামের বিশেষ বিভাগ ছিল না, শস্যোৎপত্তি হইত না, গো-সমূহের প্রতিপালন ছিল না, কৃষকগণ কৃষিকার্য্য করিত না, বণিক্‌গণ বাণিজ্যকার্য্য করিতে জানিত না, যেখানে সেখানে সমান ছিল, পৃথিবীতেই বাস করিত (অর্থাৎ কেহ গৃহ নির্ম্মাণ করিতে জানিত না)। প্রজাগণ তৎকালে কেবল মাত্র ফল মূল দ্রব্য আহার করিত। মহারাজ পৃথু স্বায়ম্ভুব মনুকে বৎস কল্পনা করিয়া নিজ হস্তে পৃথিবীকে দোহন করিলেন। মহাপ্রতাপবান্ বেণনন্দন পৃথু পৃথিবীকে দোহন করত সমস্ত শস্যসমূহ উৎপাদন করিলেন। পৃথুরাজ কর্ত্তৃক উৎপাদিত অন্নরাশি দ্বারা অদ্যাপি প্রজাবর্গ প্রতিদিন জীবন ধারণ করিতেছে। পৃথুরাজ পৃথিবীকে দোহন করিলে পর, ঋষিগণও পৃথিবীকে দোহন করিলেন। ঋষিগণের দোহনকালে সোম হইলেন বৎস,

পাত্রং ছন্দাংসি দোগ্ধা বৈ তপো দুগ্ধঞ্চ শাশ্বতম্
ততো দেবগণৈর্দুগ্ধা বৎসং কৃত্বা পুরন্দরম্।
কাঞ্চনং পাত্রমাদায় দোগ্ধা চৈব তু ভাস্করঃ ॥ ৯
ক্ষীরমূর্জ্জস্করঞ্চৈব যেন বর্ত্তন্তি দেবতাঃ ॥ ১০
পিতৃভিশ্চ পুনর্দুগ্ধা পাত্রমাদায় রাজতম্।
বৎসং কৃত্বা যমঞ্চৈব দোগ্ধা কালস্ত চান্তকঃ ॥ ১১
স্বধা দুগ্ধস্ত নাগৈর্বা পুনর্দুগ্ধা বসুন্ধরা।
অলাবুপাত্রমাদায় বৎসং কৃত্বা তু তক্ষকম্ ॥ ১২
নাগৈর্দুগ্ধা বসুমতী বিষং ক্ষীরং মহাঋষে।
তেষামৈরাবতো দোগ্ধা ধৃতরাষ্ট্রঃ প্রতাপবান্ ॥ ১৩
বায়্বাহারস্তদাচারাঃ সদা সর্পা বিষোল্বণাঃ।
অসুরৈশ্চ পুনর্দুগ্ধা পাত্রং কৃত্বা তদায়সম্ ॥ ১৪
মায়া দুগ্ধস্ত বৎসং হি কৃত্বা পৌত্রং বিরোচনম্।
দোগ্ধা দৈত্যো মধুস্তত্র ততো মায়াধিকাসুরাঃ ॥ ১৫
যক্ষৈঃ সংশ্রূয়তে দুগ্ধা আমপাত্রে বসুন্ধরা।

ছন্দোগণ হইল পাত্র, চিরস্থায়ী তপস্যা হইল দোগ্ধা। তদনন্তর দেবগণ পৃথিবীকে দোহন করিয়াছিলেন। দেবগণের দোহনকালে দেবরাজ ইন্দ্র হইলেন বৎস, দোহনপাত্র সুবর্ণ নির্ম্মিত, সূর্য্যদেব স্বয়ং দোহন-কর্ত্তা হইলেন; অতি তেজস্কর দুগ্ধ উৎপন্ন হইয়াছিল, যে দুগ্ধ দ্বারা দেবগণ প্রাণ ধারণ করিতেছেন। ১—১০। তদনন্তর পৃথিবীকে পিতৃগণও রৌপ্যময় পাত্র লইয়া দোহন করিলেন। পিতৃগণের দোহন-কালে যমদানব হইল বৎস, সকল প্রাণীর অন্ত-কারী কাল হইলেন দোগ্ধা, স্বধা হইল দুগ্ধ। হে মহর্ষে! অলাবুপাত্র গ্রহণ করত সর্পগণও পুনর্ব্বার বসুন্ধরা দেবীকে দোহন করিলেন। নাগরাজ তক্ষক হইল বৎস, বিষ হইল দুগ্ধ, প্রতাপান্বিত ঐরাবত নামক সর্প দোগ্ধা। ধৃতরাষ্ট্র সর্প তখন বায়ুভোজী হইয়াছিলেন; অন্য সর্পও তদনুসারে ছিল। লৌহময় পাত্র লইয়া অসুরগণও পৃথিবীকে দোহন করিয়াছিল। অসুর-দোহনকালে দুগ্ধ হইল মায়া, বৎস হইল বিরোচন, দৈত্যবর মধু হইল দোগ্ধা। শুনিয়াছি যক্ষগণও পৃথিবীকে দোহন করিয়াছিলেন। ঐ দোহনকালে আমপাত্র হইল দোহনের আধার,

অন্তর্দ্ধানঞ্চ বৈ দুগ্ধং বৎসং বৈশ্রবণং তথা ॥ ১৬
রাক্ষসৈশ্চ পিশাচৈশ্চ পুনর্দুগ্ধা বসুন্ধরা।
ক্ষীরং রুধিরমেবাপি দোগ্ধা রাক্ষসনায়কঃ।
বৎসং সুমালিনং কৃত্বা তেন তে বর্ত্তয়ন্ত্যথ ॥ ১৭
পদ্মপত্রে পুনর্দুগ্ধা গন্ধর্ব্বৈঃ সাপ্সরোগণৈঃ।
বৎসং চিত্ররথং কৃত্বা দোগ্ধা বসুরুচিস্তথা ॥ ১৮
শৈলৈশ্চ শ্রূয়তে দুগ্ধা রত্নান্যোষধয়ঃ তথাঃ।
বৎসস্তু হিমবানাসীদ্দোগ্ধা মেরুর্মহাগিরিঃ ॥ ১৯
আসীদিয়ং সমুদ্রান্তা মেদিনী চ পরিশ্রুতা।
মধু-কৈটভয়োঃ কৃৎস্না মেদসা চ পরিপ্লুতা ॥ ২০
দুহিতৃত্বমনুপ্রাপ্তা ধরা পৃথ্ব্যাচ্যতে ততঃ।
পৃথুনা প্রবিভক্তা চ কৃতা সম্বরবন্দনা ॥ ২১
এবং প্রভাবো বৈণ্যঃ স রাজাসীন্মুখ্যতো নৃপাম্ ॥
নমস্তশ্চৈব পৃথ্যশ্চ বৃত্তিকামৈর্নৃপৈঃ সদা।

অন্তর্দ্ধান হইল দুগ্ধ, কুবের হইলেন বৎস। রাক্ষসগণ এবং পিশাচগণও পৃথিবীকে দোহন করিয়াছিল, দুগ্ধ হইল রক্ত, রাক্ষসাধিপতি হইল দোগ্ধা, সুমালী নামক রাক্ষস হইল বৎস। রক্তময় দুগ্ধ পান করিয়া, রাক্ষসগণ প্রাণধারণ করিয়া থাকে। তদনন্তর অপ্সরো-গণের সহিত গন্ধর্ব্বগণ পদ্মপত্রে পৃথিবীকে দোহন করিয়াছিলেন; গন্ধর্ব্বরাজ চিত্ররথ হইলেন বৎস, বসুরুচি নামক গন্ধর্ব্ব হইলেন দোগ্ধা। শুনিয়াছি পর্ব্বতগণও পৃথিবীকে দোহন করিয়াছিলেন; রত্নসমূহ এবং ওষধিসমূহ হইল দুগ্ধ, হিমালয় পর্ব্বত হইল বৎস, দোগ্ধা হইলেন সুমেরুপর্ব্বত। এই সমুদ্র-সীমা পৃথিবীকে পৃথুরাজা প্রভৃতি সকলে দোহন করিয়াছিলেন। এই সমস্ত পৃথিবী মধুকৈটভ নামক দৈত্যদ্বয়ের মেদ দ্বারা ব্যাপ্ত ছিল। ১১—২০। পৃথুরাজা পৃথিবীর সংস্কার করিয়া নিজের কন্যার ন্যায় প্রতিপালন করেন, এ কারণ ধরার নাম পৃথিবী হইল। এই পৃথিবীকে পৃথুরাজাই দেশ-বিভাগে বিভক্ত করিয়াছেন। নরবর বেণনন্দন পৃথু এরূপ প্রভাবযুক্ত রাজা ছিলেন। [illegible] দাবী রাজগণ সর্ব্বদা মহারাজ পৃথুকে [illegible]

ব্রাহ্মণৈশ্চ মহাভাগৈর্বৈশ্যৈঃ শূদ্রৈর্ধনেপ্সুভিঃ।
যোদ্ধৈরপি চ বিক্রান্তৈঃ পার্থিবত্বমভীপ্সুভিঃ।
আদিকর্ত্তা রণানাঞ্চ যোধানাং প্রথমো মুনে। ২৪
যো হি যোদ্ধা রণং যাতি কীর্ত্তয়িত্বা পৃথুং নৃপম্
স ঘোররূপাৎ সংগ্রামাৎ ক্ষেমী ভবতি মূর্ত্তিমান্
বৈশ্যোঽপি কৃষিভাগী স্যাচ্ছূদ্রঃ পুণ্যফলং লভেৎ
পৃথুঃ সদা নমস্কার্য্যো ভূতিকামৈস্ত পর্ব্বসু। ২৮

ইতি শ্রীশৈবে মহাপুরাণে ধর্ম্মসংহিতায়াং
পৃথিবীদোহনবিবরণং নাম সপ্ত-
পঞ্চাশোঽধ্যায়ঃ। ৫৭।

অষ্টপঞ্চাশোঽধ্যায়ঃ।

সূত উবাচ।

এতৎ তে যে মুনে খ্যাতং যথা সম্যগমিততেজসঃ
যথা সনৎকুমারেণ কথিতং যৎ পুরাতনম্। ১

ও পূজা করিয়া থাকেন। মহাভাগ ব্রাহ্মণগণ, বৈশ্যগণ, ধনাভিলাষী শূদ্রগণ এবং রাজত্ব অভিলাষী বলবান্ যোদ্ধাগণও পৃথুরাজকে নমস্কার এবং পূজা করিয়া থাকেন; যে পৃথুরাজ সর্ব্বাগ্রে যুদ্ধ করিতে আরম্ভ করেন, হে মুনিবর! তিনি যোদ্ধাগণের আদিপুরুষ। যুদ্ধাভিলাষী যে পুরুষ পৃথুরাজার নাম স্মরণপূর্ব্বক রণক্ষেত্রে অবতরণ করে, সে ব্যক্তি ভয়ানক সংগ্রাম হইতে মঙ্গলযুক্ত শরীরে প্রত্যাগমন করে। পৃথুরাজার নাম স্মরণ করত কৃষিকার্য্য আরম্ভ করিয়া, বৈশ্যগণ শস্যসম্পন্ন হইয়া থাকে এবং শূদ্রগণ পৃথুরাজার নাম স্মরণ করিলে উত্তম পুণ্যফল পাইয়া থাকে। ঐশ্বর্য্য অভিলাষী মনুষ্যগণ সকলে পর্ব্বদিবস পৃথুরাজকে বারংবার নমস্কার করিবে। ২১—২৮।

সপ্তপঞ্চাশ অধ্যায় সমাপ্ত। ৫৭।

অষ্টপঞ্চাশ অধ্যায়।

সৌনক মুনির নিকট সূত কহিলেন, হে মুনিবর! অপরিমিত তেজস্বী ব্যাস মুনির নিকট

যৎ পৃচ্ছসি মুনে ভূয়স্তদ্বক্ষ্যামীহ সাম্প্রতম্। ২

শৌনক উবাচ।

মন্বন্তরাণি সর্ব্বাণি বিস্তরেণানুকীর্ত্তয়।
যাবন্তো মনবশ্চৈব শ্রোতুমিচ্ছামি মানদ। ৩

সূত উবাচ।

স্বায়ম্ভুবো মনুশ্চৈব ততঃ স্বারোচিষস্তথা
বৈবস্বতো মুনিশ্রেষ্ঠ সাম্প্রতং মনুরুচ্যতে। ৪
সাবর্ণিশ্চ মনুশ্চৈব ভৌত্যো রৌচ্যস্তথাপরঃ
তথৈবমেরুসাবর্ণিশ্চত্বারো মনবস্তথা। ৫
অতীতা বর্ত্তমানাশ্চ তথৈবানাগতাশ্চ যে
কীর্ত্তিতা মনবশ্চাপি ময়ৈবৈতে যথা শ্রুতাঃ। ৬
ঋষীংস্তেষাং প্রবক্ষ্যামি পুত্রান্ দেবগণাংস্তথা
মরীচিরত্রির্ভগবানঙ্গিরাঃ পুলহঃ ক্রতুঃ
পুলস্ত্যশ্চ বশিষ্ঠশ্চ সপ্তৈতে ব্রহ্মণঃ সুতাঃ। ৭

ঋষিবর সনৎকুমার পুরাতন কথা যে প্রকার কহিয়াছিলেন, আমিও আপনার নিকট তদনুরূপ বলিলাম। হে মুনিবর! পুনর্ব্বার আপনি যাহা জিজ্ঞাসা করিবেন, আমি তাহাই বলিব। শৌনক মুনি বলিলেন, সমস্ত মন্বন্তর-বৃত্তান্ত আমার নিকট বিস্তৃতরূপে বল। হে মানদ! যতগুলি মনু রাজত্ব করিয়াছিলেন, তাহা আমি শুনিতে ইচ্ছা করি। সূত বলিলেন, স্বায়ম্ভুব মনু প্রথম, দ্বিতীয় স্বারোচিষ মনু, হে মুনিবর! সংপ্রতি বৈবস্বত মনু রাজত্ব করিতেছেন, তদনন্তর সাবর্ণিক নামে মনু রাজত্ব করিবেন এইরূপ অপর চারিজন সাবর্ণি নামক মনু হইবেন। যে সকল মনু অতীত হইয়াছেন, যাঁহারা বর্ত্তমান কালে উপস্থিত রহিয়াছেন এবং যাঁহারা ভাবী কালে আধিপত্য করিবেন, আমি তাঁহাদিগের বৃত্তান্ত যেরূপ শ্রবণ করিয়াছি, তদনুরূপ আপনার নিকট কীর্ত্তন করিতেছি, শ্রবণ করুন। ঐ সকল মনুর আধিপত্যকালে যে সকল ঋষিগণ উপস্থিত ছিলেন ও ঐ সকল মনুর পুত্রগণের নাম এবং সকল মনুর রাজত্বকালে যে সকল দেবগণ স্বর্গরাজ্যে আধিপত্য করিতেন, এ সমস্ত আপনার নিকট বলিতেছি, তাহা শ্রবণ করুন। ভগবান্ মরীচি,

।স্থাং দিশি তথা মুনে সপ্তর্ষয়স্তথা।
নাম তথা দেবা আসন্ স্বায়ম্ভুবান্তরে ॥ ৮
।গ্ন্যগ্নিবাহশ্চ মেধা মেধাতিথির্বসুঃ।
.তিষ্মান্ দ্যুতিমান্ হব্যঃ সবনঃ শুভ্র এব চ ॥৯
ত মহর্ষয়স্তত্র বায়ুপ্রোক্তা মহাব্রতাঃ।
াশ্চ তুষিতা নাম স্মৃতাঃ স্বারোচিষেহন্তরে ॥১০
ষ্মঃ সুকৃতির্জ্যোতিরয়োমূর্ত্তিরয়ঃ স্ময়ঃ।
থিতশ্চ মনস্যশ্চ নভঃ সূর্য্যস্তথৈব চ ॥ ১১
রোচিষস্য পুত্রাস্তে মনোঃ পুত্রা মহাত্মনঃ।
র্ত্তিতা মুনিশার্দ্দূল মহাবীর্য্যপরাক্রমাঃ ॥ ১২
তীয়মেতৎ কথিতং মুনে মন্বন্তরং তব।
তীয়ং তব বক্ষ্যামি তন্নিবোধ যথাতথম্ ॥ ১৩
শিষ্ঠপুত্রাঃ সপ্তাসন্ বাশিষ্ঠা ইতি বিশ্রুতাঃ।
রণ্যগর্ভস্য সুতা উর্জ্জা নাম মহৌজসঃ ॥ ১৪
ষয়োঽত্র সমাখ্যাতাঃ কীর্ত্ত্যমানান্ নিবোধ মে।

ত্রি, অঙ্গিরা, পুলহ, ক্রতু, পুলস্ত্য এবং বসিষ্ঠ, ই সাতজন ব্রহ্মার মানসপুত্র ঋষি উত্তর-দি-ভাগে অবস্থিতি করিতেন। স্বায়ম্ভুব-ন্তরকালে যাম নামে দেবগণ স্বর্গে বাস রিতেন। আগ্নিধ্র, অগ্নিবাহ, মেধা, মেধাতিথি, ু, জ্যোতিষ্মান্, দ্যুতিমান্, হব্য, সবন এবং ভ্র স্বারোচিষ-মন্বন্তর-সময়ে উক্ত মহর্ষিগণ নির্দ্দিষ্ট ছিলেন, ইহা বায়ুপুরাণে কথিত াছে। ঐ সময়ে তুষিত নামক দেবগণ র্গের প্রভু ছিলেন। ১—১০। হে মুনে! , হরিষ্ম, সুকৃতি, জ্যোতি, অয়োমূর্ত্তি, অয়ঃ-য়, প্রথিত, মনস্য, নভঃ এবং সূর্য্য এই সকল হাবলপরাক্রান্ত ব্যক্তিগণ মহাত্মা স্বারোচিষ নুর পুত্র বলিয়া বিখ্যাত আছেন। হে মুনি-! আপনার নিকট দ্বিতীয় মন্বন্তর-বৃত্তান্ত থিত হইল। তৃতীয় মন্বন্তর-বৃত্তান্ত যেরূপ ামি শুনিয়াছি, তদনুরূপ আপনার নিকট লিতেছি, শ্রবণ করুন। বসিষ্ঠ মুনির পুত্র াতজন বসিষ্ঠ নামে বিখ্যাত ঋষি ছিলেন এবং হ্মার পুত্র মহাবলবান্ উর্জ্জ নামে বিখ্যাত তকগুলি ঋষি ছিলেন। তৃতীয় মনুর রাজত্ব-ালে এই সকল ঋষি ধর্ম্মশাস্ত্র-উপদেষ্টা

ঔত্তমেয়া ঋষিশ্রেষ্ঠ দশ পুত্রা মনোরমাঃ ॥ ১৫
ইষ উর্জ্জা তমূর্জ্জশ্চ মধুর্মাধব এব চ।
শুচিঃ শুক্রবহশ্চৈব নভসো নভ এব চ ॥ ১৬
ঋষভস্তত্র দেবাশ্চ মন্বন্তর উদাহৃতাঃ।
মন্বন্তরং চতুর্থং তে কথয়িষ্যামি তচ্ছৃণু ॥ ১৭
গার্গ্যঃ পৃথুস্তথৈবাগ্নির্জন্যো ধাতা কপীনকঃ।
কপীবান্ সপ্তর্ষয়স্তু সত্যা দেবগণাস্তথা ॥ ১৮
তামসস্যান্তরে চৈব মনোর্মে কথিতাস্তব।
দ্যুতিঃ পোতঃ সৌতপস্যঃ তপঃ শূলশ্চ তাপনঃ ॥
তপোরতিরকল্মাষস্তন্বী ধন্বী মহাঋষে।
তামসস্য সুতা হ্যেতে দশ পুত্রা মহাব্রতাঃ ॥ ২০
বায়ুপ্রোক্তা মহাকালে চতুর্থে বৈ তদন্তরে।
বেদবাহুর্জয়শ্চৈব মুনির্বেদশিরাস্তথা ॥ ২১
হিরণ্যরোমা পর্জ্জন্য ঊর্দ্ধবাহুশ্চ সোমপাঃ।
সত্যনেত্ররতাশ্চান্যে এতে সপ্তর্ষয়োঽপরে ॥ ২২
দেবাশ্চ ভূতরজসস্তথা প্রকৃতয়স্তথা।

ছিলেন। হে ঋষিবর! ঔত্তমের নামে অত্যন্ত সুন্দর দশটী পুত্র বৈবস্বত মনুর হইয়াছিল, তাহাদিগের নাম কীর্ত্তন করিতেছি, তাহা আপনি শ্রবণ করুন। ইষ, উর্জ্জাত, উর্জ্জ, মধু, মাধব, শুচি, শুক্রবহ, নভস এবং নভ এই কয়টী পুত্র হইয়াছিল। তৃতীয় মন্বন্তর-সময়ে ঋষভ নামে দেবতা কথিত হইয়াছে। চতুর্থ মন্বন্তর-বৃত্তান্ত আমি বলিতেছি, শ্রবণ করুন। গার্গ্য, পৃথু, অগ্নি, জন্য, ধাতা, কপীনক এবং কপীবান্ তামস নামক মন্বন্তর-সময়ে এই সপ্ত-জন ঋষি ছিলেন এবং সত্য নামে দেবগণ ছিলেন, ইহা আপনার নিকট কথিত হইল। হে মহর্ষে! দ্যুতি, পোত, সৌতপস্য, তপঃশূল, তাপন, তপোরতি, অকল্মাষ, তন্বী এবং ধন্বী এই দশজন মহাব্রত তামস মনুর পুত্র আসিলেন, বায়ুপুরাণে কথিত হইয়াছে। চতুর্থ মন্বন্তর-মহাকালের বৃত্তান্ত কথিত হইল। বেদবাহু, জয়, মুনি, বেদশিরা, হিরণ্যরোমা, পর্জ্জন্য এবং ঊর্দ্ধবাহু, সোমপা, সত্যরূপ-নেত্রাসক্ত এই সাতজন ঋষি এবং অপর কতকগুলি ঋষি পঞ্চম-মন্বন্তর-কালে সপ্তর্ষিমণ্ডলে অবস্থিতি

ভূত্যাঙ্কোৎপাদিতে দেব্যাং ভৌত্যো নামাভবৎপুনঃ
অনাগতাশ্চ সপ্তৈতে কল্পেঽস্মিন্ মনবঃ স্মৃতাঃ।
অনাগতাশ্চ সপ্তৈব স্মৃতা দিবি মহর্ষয়ঃ ॥ ৪০
রামো ব্যাসস্তথাত্রেয়ো দীপ্তিমান্ সুবহুশ্রুতঃ।
ভারদ্বাজিস্তথা দ্রৌণিরশ্বত্থামা মহাদ্যুতিঃ ॥ ৪১
গৌতমস্যাত্মজশ্চৈব শরদ্বান্ গৌতমঃ কৃতঃ।
কৌশিকো গালবশ্চৈব রুরুঃ কাশ্যপ এব চ ॥৪২
এতে সপ্ত মহাত্মানো ভবিষ্যা মুনিসত্তমাঃ ॥ ৪৩
দেবতানাং গণাস্তত্র ত্রয়ঃ প্রোক্তাঃ স্বয়ম্ভুবা।
মারীচেশ্চৈব পুত্রাস্তে কশ্যপস্য মহাত্মনঃ ॥ ৪৪
বৈরবাংশ্চাবনীবাংশ্চ সুমন্ত্রো ধৃতিমান্ বসুঃ।
বিষ্ণুরার্য্যো বিষ্ণুশ্চ রাজা সুমতিরেব চ ॥ ৪৫
সাবর্ণস্য মনোঃ পুত্রা ভবিষ্যা দশ শৌনক।
প্রথমং মেরুসাবর্ণিং প্রবক্ষ্যামি মনুং শৃণু ॥ ৪৬
মেধাতিথিশ্চ পৌলস্ত্যো বসুঃ কাশ্যপ এব চ।
জ্যোতিষ্মান্ ভার্গবশ্চৈব দ্যুতিমানঙ্গিরাস্তথা ॥৪৭
সবনশ্চৈব বাশিষ্ঠ আত্রেয়ো হব্য এব চ।
পৌলহঃ সপ্ত ইত্যেতে ঋষয়ো রোহিতান্তরে ॥৪৮
দেবতানাং গণাস্তত্র ত্রয় এব মহাত্মনে।
দীক্ষাপুত্রস্য পুত্রাস্তে রোহিতস্য প্রজাপতেঃ ॥ ৪৯
দৃষ্টকেতুর্দীপ্তকেতুঃ পঞ্চহস্তো নিরাকৃতিঃ।
পৃথুশ্রবা ভূরিদ্যুম্নো ঋচীকো বৃহতো গয়ঃ ॥৫০
প্রথমস্য তু সাবর্ণের্নব পুত্রা মহৌজসঃ।
দশমে ত্বথ পর্য্যায়ে দ্বিতীয়স্যান্তরে মনোঃ ॥ ৫১
হবিষ্মান্ পুলহশ্চৈব সুকৃতিশ্চৈব ভার্গবঃ।
আপোমূর্ত্তিস্তথাত্রেয়ো বশিষ্ঠশ্চাব্যয়ঃ স্মৃতঃ ॥৫২
পৌলস্ত্যঃ প্রয়তিশ্চৈব নাভারশ্চৈব কাশ্যপঃ।
অঙ্গিরা নভসঃ সত্যঃ সপ্তৈতে পরমর্ষয়ঃ ॥ ৫৩
দেবতানাং গণাশ্চাপি দ্বিবিমন্তশ্চ যে স্মৃতাঃ।
অক্ষত্বানোত্তমৌজাশ্চ ভূরিষেণশ্চ বীর্য্যবান্ ॥ ৫৪
শতানীকো নিরামিত্রো বৃষসেনো জয়দ্রথঃ।
ভূরিদ্যুম্নঃ সুবর্চ্চাশ্চ দশ ত্বেতে মনোঃ সুতাঃ ॥৫৫
একাদশে তু পর্য্যায়ে তৃতীয়স্যান্তরে মনোঃ।
তস্যাপি সপ্ত ঋষয়ঃ কীর্ত্ত্যমানান্ নিবোধ মে ॥৫৬

জন্মগ্রহণ করাতে তাঁহার অপর একটী নাম ভৌত্য হইয়াছে। বর্ত্তমানকালে ভাবী সাতজন মনু জানিবে এবং সাতজন মহর্ষি স্বর্গে বাস করিতেছেন। পরশুরাম ব্যাস, সুবিখ্যাত দীপ্তিমান অত্রিমুনির পুত্র মহা তেজস্বী ভরদ্বাজ পুত্রজাত দ্রোণের পুত্র অশ্বত্থামা, গৌতমমুনির পুত্র শরদ্বান্ মুনি, কুশিকসম্ভূত গালবমুনি, কাশ্যপ মুনির পুত্র রুরু। হে মুনিগণ। ইঁহারা ভবিষ্যং সপ্তর্ষি তৎকালে দেবতার তিনটী গণ; স্বয়ম্ভু ব্রহ্মা ইহা বলিয়াছেন; মহাত্মা মরীচিপুত্র কশ্যপমুনির পুত্রগণ ভবিষ্যৎ সপ্তর্ষি। বৈরবান্, অবনীবান্, সুমন্ত্র, ধৃতিমান্, বসু, বিষ্ণু, আর্য্য, বিষ্ণু, রাজা এবং সুমতি। হে শৌনকমুনে! সাবর্ণি মনুর ভবিষ্যৎ দশটী পুত্র হইয়াছিল। প্রথম মেরু-সাবর্ণি মনু তাঁহার বৃত্তান্ত বলিতেছি, শ্রবণ করুন। পুলস্ত্যমুনির পুত্র মেধাতিথি, কাশ্যপগোত্র বসু, জ্যোতিষ্মান্ ভার্গব, দ্যুতিমান্ অঙ্গিরা, বশিষ্ঠ-বংশীয় সবন, অত্রিমুনির পুত্র হব্য এবং পুলহ-মুনির পুত্র, রোহিত-মন্বন্তর সময়ে সাতজন মহর্ষি কথিত হইয়াছেন। ৩৬—৪৮। হে মুনিবর! তৎকালে দেবতার তিনটী গণ। দীক্ষার পুত্র প্রজাপতি রোহিতমনুর এ সকল পুত্র জানিবেন,—দৃষ্টকেতু, দীপ্তকেতু, পঞ্চহস্ত, নিরাকৃতি, পৃথুশ্রবা ভূরিদ্যুম্ন, ঋচীক বৃহৎ এবং গয়। প্রথম সাবর্ণির অত্যন্ত বলবান্ নয় জন পুত্র। দশম মন্বন্তর সময় উপস্থিত হইলে দ্বিতীয় সাবর্ণি মনুর আধিপত্য সময়ে হবিষ্মান্, পুলহ, ভৃগুবংশজাত সুকৃতি, অত্রি-গোত্রজ আপোমূর্ত্তি, অব্যয় বসিষ্ঠ, পুলস্ত্য-গোত্রজাত প্রয়তি, কশ্যপমুনির পুত্র নাভার এবং অঙ্গিরার পুত্র সত্যধর্ম্ম-পরায়ণ নভস, এই সাতজন পরম ঋষি ধর্ম্মশাস্ত্রের বক্তা ছিলেন এবং দ্বিবিমন্ত নামক দেবগণ স্বর্গরাজ্যে বিরাজ করিতেন। অক্ষত্বান্, উত্তমৌজা, ভূরিষেণ, বীর্য্যবান্ শতানীক, নিরমিত্র, বৃষ-সেন, জয়দ্রথ, ভূরিদ্যুম্ন এবং সুবর্চ্চা এই দশটী পুত্র দ্বিতীয় সাবর্ণি মনুর জানিবেন। তৃতীয় সাবর্ণির অধিকৃত একাদশ মন্বন্তর সময়ে যে সাতজন ঋষি ধর্ম্মবক্তা ছিলেন, তাঁহাদিগের

ক্তাঃ সনৎকুমারেণ ব্যাসাগ্নামিতভেজসা ॥ ৭৫
র্ণে যুগসহস্রান্তে পরিপাল্য স্বধর্ম্মতঃ।
াজাভিস্তপসা যুক্তা ব্রহ্মলোকং ব্রজন্তি তে ॥৭৬
ানি সপ্ততিস্থে ক-সাগ্রাণ্যন্তরমুচ্যতে।
র্দ্দশৈতে মনবঃ কীর্ত্তিতাঃ কীর্ত্তিবর্দ্ধনাঃ॥ ৭৭
ন্তরেষু সংহারাঃ সংহারান্তে পুনর্ভবঃ।
শক্যমন্তরং তেষাং বক্তুং বর্ষশতৈরপি ॥ ৭৮
র্ণে শতসহস্রে তু কল্পো নিঃশেষ উচ্যতে।
॥ সর্ব্বাণি ভূতানি দগ্ধান্যাদিত্যরশ্মিভিঃ ॥ ৭৯
ক্ষাণমগ্রতঃ কৃত্বা সহাদিত্যগণৈর্মুনে।
বিশন্তি সুরশ্রেষ্ঠং হরিং নারায়ণং প্রভুম্ ॥ ৮০
ারং সর্ব্বভূতানাং কল্পান্তেষু পুনঃপুনঃ।
্মাহপি ভগবান্ রুদ্রঃ সংহর্ত্তা কাল এব হি ॥
্তেহতঃ প্রবক্ষ্যামি মনোর্বৈবস্বতস্য বৈ।

ল অতীত, বর্ত্তমান এবং ভবিষ্যৎ মনুগণের
ন্ত আমি আপনার নিকটে বলিলাম; ইহা
তভেজাঃ সনৎকুমার মুনি, ব্যাসমুনির
ট কহিয়াছেন। যুগসহস্র পরিপূর্ণ হইলে
স্বীয় ধর্ম্ম দ্বারা প্রজাবর্গ প্রতিপালন
য়া মুনিগণ প্রজাবর্গের সহিত ব্রহ্মলোকে
। করিয়া থাকেন। একাত্তর যুগকাল একটী
র জানিবেন। চতুর্দ্দশ মন্বন্তর সময়ে যে
র্ত্তিবর্দ্ধন মনু হইবে, তাহা কথিত হইয়াছে।
ী মন্বন্তরের পর সমস্ত জগৎ লয়প্রাপ্ত হয়;
লয় হইলে পর পুনর্ব্বার সমস্ত জগতের
হয়। সমস্ত মন্বন্তর-বৃত্তান্ত বহুকালেও
তে পারা যায় না। শতসহস্র কল্প পূর্ণ
ল পর কল্পের শেষ হইয়া যায় (অর্থাৎ
র পর আর সৃষ্টি হয় না।) সে সময়ে
। জগৎ সূর্য্যকিরণ দ্বারা দগ্ধ হইয়া যায়।
নিবর! সমস্ত কল্পান্ত সময়ে সমস্ত দেব-
জগৎ-সৃষ্টিকর্ত্তা ব্রহ্মাকে অগ্রগামী করত
ীশ্বর সুরবর নারায়ণ বিষ্ণুর শরীরে বারংবার
হন। মহাকাল ভগবান্ রুদ্রদেব বারং-
কল্পান্ত সময়ে সমস্ত জগৎ সংহার করিয়া
ন। ইহার পর বংশবৃদ্ধিকর, ধন্য এবং

বিসর্গং পুণ্যমাখ্যানং ধন্যং কুলবিবর্দ্ধনম্ ॥ ৮২

ইতি শ্রীশৈবে মহাপুরাণে ধর্ম্মসংহিতায়াং
মন্বন্তরকথাবর্ণনেহষ্টপঞ্চাশো-
হধ্যায়ঃ ॥ ৫৮ ॥

একোনষষ্টিতমোহধ্যায়ঃ।

সূত উবাচ।

বিবস্বান্ কশ্যপাজ্জজ্ঞে দাক্ষায়ণ্যাং মহানৃষিঃ।
তস্য ভার্য্যাভবৎ সংজ্ঞা ত্বাষ্ট্রী দেবী সুরেণুকা ॥১
ভর্ত্তৃরূপেণ নাতুষ্যদ্রূপ-যৌবনশালিনী।
আদিত্যস্য হি তদ্রূপমসহন্তী সুতেজসা ॥ ২
দহ্যমানা ততোদ্বেগমকরোদ্বরবর্ণিনী।
ঋষেহস্যাং ত্রীণ্যপত্যানি জনয়ামাস ভাস্করঃ ॥ ৩
সংজ্ঞায়াস্তু মনুঃ পূর্ব্বং শ্রাদ্ধদেবঃ প্রজাপতিঃ।
যমশ্চ যমুনা চৈব যমজৌ সম্বভূবতুঃ ॥ ৪

পবিত্র বৈবস্বত মনুর উৎপত্তি-বৃত্তান্ত বলিতেছি,
তাহা আপনি শ্রবণ করুন। ৭২—৮২।

অষ্টপঞ্চাশ অধ্যায় সমাপ্ত ॥ ৫৮ ॥

ঊনষষ্টিতম অধ্যায়।

শৌনক মুনির নিকট সূত বলিতেছেন, দক্ষ-
কন্যার গর্ভে কশ্যপমুনির ঔরসে বিবস্বান্ নামে
মহর্ষি জন্মগ্রহণ করিলেন। বিবস্বান্ ঋষির ত্বষ্টার
কন্যা সুরেণুকা সংজ্ঞা নামে পত্নী ছিলেন। উত্তম
রূপবতী পরমযুবতী সংজ্ঞাসতী স্বীয় উৎকৃষ্ট
প্রভা দ্বারা সূর্য্যদেবের প্রখর তেজ সহ্য করিতে
না পারিয়া স্বামীর রূপে অসন্তুষ্ট হইলেন। পরম
সুন্দরী সংজ্ঞাসতী স্বামীর রূপ দ্বারা দগ্ধ হও-
য়াতে অত্যন্ত উদ্বিগ্ন হইয়াছিলেন। হে ঋষিবর!
সূর্য্যদেব সংজ্ঞা-সতীর গর্ভে তিনটী সন্তান
উৎপাদন করিলেন। সংজ্ঞার গর্ভে প্রজাপতি
বৈবস্বত মনু প্রথম জন্ম গ্রহণ করিলেন। অন-
ন্তর (সর্ব্বভূতান্তকারী) শ্রাদ্ধদেব এবং যমুনা
এই দুইটী যমজ-সন্তান জন্মিল। কন্যাটী

সংবর্ত্তুলন্ত তদ্রূপং দৃষ্ট্বা সংজ্ঞা বিবস্বতঃ ।
অসহন্তী ততশ্ছায়ামাত্মনঃ সাহজনদ্ভুতা ॥ ৫
ছায়া সতী তু সা সংজ্ঞামবোচদ্ভক্তিতঃ শুভে ।
কিং করোমি হি কার্য্যং তে কথয়স্ব শুচিস্মিতে ॥ ৬

সংজ্ঞোবাচ ।

অহং যাস্যামি ভদ্রং তে স্বমেব ভবনং পিতুঃ ।
ত্বয়ৈব ভবনে মহ্যং বস্তব্যং নির্ব্বিকারয়া ॥ ৭
ইমৌ চ বালকৌ মহ্যং কন্যা চেয়ং সুমধ্যমা ।
পালনীয়াঃ সুখেনৈব মম চেদিচ্ছসি প্রিয়ম্ ॥ ৮

ছায়োবাচ ।

আ কেশগ্রহণাদ্দেবি সহিষ্যামি সুচত্তম্ ।
আখ্যাস্যামি মতং তুভ্যং গচ্ছ দেবি যথাসুখম্ ॥ ৯
ইত্যুক্তা সাপরদেবী ব্রীড়িতা সন্নিধৌ পিতুঃ ।
পিত্রা নির্ভর্ৎসিতা তত্র নিযুক্তা সা পুনঃপুনঃ ॥ ১০
আগচ্ছত্বড়বা ভূত্বাচ্ছাদ্য রূপং ততঃ স্বকম্ ।
কুরূংস্ততোত্তরান্ প্রাপ্য তৃণানাং মধ্যে চচার হ ॥ ১১
সংজ্ঞাং তাস্তু রবির্ম্মত্বা ছায়ায়াং স সুতং তদা ।
জনয়ামাস সাবর্ণিমনুঃ স ভবিতা কিল ॥ ১২
সংজ্ঞা তু পার্থিবী যা তু তস্য পুত্রেষু বৈ তদা ।
চকারাভ্যধিকং স্নেহং ন তথা পূর্ব্বজে সুতে ॥ ১৩
অমুষ্যত চ তত্রাপি যমস্তস্য ন চক্ষমে ।
সরোষঃ স চ বাল্যাচ্চ ভাবিনোঽর্থস্য বৈ বলাৎ ।
ছায়াং সন্তর্জ্জয়ামাস পদা বৈবস্বতো যমঃ ॥ ১৪
তং শশাপ ততঃ ক্রোধাচ্ছায়া তং কণ্ঠীকৃতা ।
চরণঃ পততামেব ন বেত্তি ভৃশরোষিতা ॥ ১৫
যমস্ততঃ পিতুঃ সর্ব্বং প্রাঞ্জলিঃ প্রত্যবেদয়ৎ ।
ভৃশং শাপভয়োদ্বিগ্নঃ সংজ্ঞাবাক্যৈঃ কিঞ্চিচ্চেষ্টিতঃ ॥ ১৬
মাত্রা স্নেহেন সর্ব্বেষু বর্ত্তিতব্যং সুতেষু বৈ ।
স্নেহমস্মানপাহায় কনীয়াংসং বিভর্ত্তি ॥ ১৭
তস্যাং ময়োদ্যতঃ পাদস্তুবং ন কর্ত্তুমর্হতি ॥ ১৮

সংজ্ঞাসতী সূর্য্যদেবের অত্যন্ত বর্ত্তুলাকার-রূপ দর্শন করিয়া, ঐ রূপ সহ্য করিতে অসমর্থ হওয়াতে আত্মদেহ হইতে ছায়া-সতী সুন্দরীর সৃষ্টি করিলেন। সেই ছায়া-সুন্দরী ভক্তিভাবে সংজ্ঞাসতীকে বলিলেন, হে কল্যাণি! হে চারুহাসিনি! আমি আপনার কি কার্য্য করিব? সংজ্ঞা বলিলেন, তোমার মঙ্গল হউক, আমি পিতৃগৃহে গমন করিব, তুমি নির্ব্বিকার-চিত্তে আমার গৃহে বাস কর এবং তুমি যদি আমার প্রিয়কার্য্য করিতে ইচ্ছা কর, তাহা হইলে আমার এই বালক পুত্রদ্বয় এবং বালিকা সুন্দরী কন্যাটিকে যত্নের প্রতিপালন কর। ১—৮। ছায়া বলিলেন, হে দেবি! আমি কেশগ্রহণ পর্য্যন্ত ক্লেশ সহ্য করিব এবং আপনার নিকট নিজ অভিপ্রায় প্রকাশ করিব, আপনি যথাসুখে পিত্রালয়ে গমন করুন। ছায়াকে এই কথা বলিয়া লজ্জিতভাবে সংজ্ঞা-দেবী পিতৃসন্নিধানে গমন করিলেন। পিতৃগৃহে সমাগত হইয়া সংজ্ঞাদেবী পিতাকর্ত্তৃক ভর্ৎসিত এবং বারংবার অনুরুদ্ধ হওয়াতে নিজ দেহ আচ্ছাদিত করত ঘোটকীর রূপ ধারণপূর্ব্বক আগমন করিলেন এবং উত্তর-কুরুদেশে উপস্থিত হইয়া তৃণমধ্যে বিচরণ করিতে লাগিলেন। সূর্য্যদেব ছায়াকে স্বীয় পত্নী সংজ্ঞা বিবেচনা করিয়া তাহার গর্ভে তৎকালে একটী পুত্র উৎপন্ন করিলেন, ঐ পুত্র সাবর্ণি মনু নামে বিখ্যাত হইবেন। সংজ্ঞাদেবী কনিষ্ঠ পুত্রের প্রতি অধিক স্নেহ করিতে লাগিলেন, কিন্তু জ্যেষ্ঠ পুত্র যমের প্রতি তাদৃশ স্নেহ করিতেন না। সূর্য্যপুত্র যম কনিষ্ঠ ভ্রাতার প্রতি মাতার স্নেহ বশতঃ দত্ত অলঙ্কারাদি সহ্য করিতে না পারিয়া বাল্যত্ব নিবন্ধন এবং ভবিতব্যতার দুর্নিবার্য্যতা হেতু ক্রুদ্ধ হইয়া ছায়াকে চরণ দ্বারা আঘাত করিলে পর ছায়াও ক্রোধ দ্বারা হতজ্ঞান হইয়া যমরাজকে অভিসম্পাত করিলেন। যমরাজ মাতৃবাক্য শ্রবণ করিয়া শাপভয়ে অত্যন্ত ভীত হইয়া নিশ্চেষ্টভাবে কৃতাঞ্জলিপুটে পিতা সূর্য্য-দেবের নিকট সমস্ত মাতৃদত্ত শাপের কথা বিজ্ঞাপন করিলেন, হে পিতঃ! মাতা সকল পুত্রের প্রতি সমভাবে স্নেহ করিয়া থাকেন, ইহাই নিয়ম; কিন্তু আমাদিগের মাতা আমাদিগের প্রতি স্নেহ পরি করিয়া কনিষ্ঠ ভ্রাতাকে অলঙ্কৃত করিয়া থাকে যেহেতু আমি চরণ উঠাইয়াছি, আপনি ত

।হমস্মি দেবেশ অনঙ্গা তপতাং বর।
প্রসাদাচ্চরণো ন পতেন্মম গোপতে ॥ ১৯
সবিতোবাচ।
শয়ং পুত্র মহত্তবিষ্যত্যত্র কারণম্।
য্বামাবিশৎ ক্রোধো ধর্ম্মজ্ঞং সত্যবাদিনম্ ॥২০
য়মেতম্মিথ্যা বৈ কর্ত্তুং মাতৃবচস্তব।
া মাংসমাদায় গমিষ্যন্তি মহীতলে।
া ভবিতা নিত্যং ত্বঞ্চ ত্রাতা ভবিষ্যসি ॥২১
ত্যশ্চাব্রবীৎ তাঞ্চ ছায়াং ক্রোধসমন্বিতঃ।
তুল্যোঽপ্যধিকঃ স্নেহ এতদাখ্যাতুমর্হসি ॥২২
বর্বচনং শ্রুত্বা যাথাতথ্যং ন্যবেদয়ৎ।
ানপি তচ্ছ্রুত্বা ক্রুদ্ধস্ত্বষ্টারমভ্যগাৎ ॥ ২৩
চ তং যথান্যায়মর্চ্চয়িত্বা বিভাবসুম্।
ক্রামং রোষেণ সান্ত্বয়ামাস বৈ তদা ॥ ২৪

তবাতিতেজসা দগ্ধা ইদং রূপং ন শোভতে।
অসহন্তী চ তৎ সংজ্ঞা বনে বসতি শাদ্বলে ॥২৫
শ্লাঘ্যা যোগবলোপেতা যোগমাসাদ্য গোপতে ॥২৬
অনুকূলস্তু দেবেশ যদি স্যামম বন্মতম্।
রূপং নিবর্ত্তয়াম্যদ্য নবং কান্তং করোম্যহম্ ॥ ২৭
তচ্ছ্রুত্বাপগতঃ ক্রোধো মার্ত্তণ্ডস্য বিবস্বতঃ।
ভ্রমিমারোপ্য তত্তেজঃ শাতয়ামাস বৈ মুনিঃ ॥২৮
ততো বিভ্রাজিতং রূপং তেজসা সংযুতেন চ।
কৃতং কান্ততরং রূপং ত্বষ্ট্রা তচ্ছুশুভে তদা ॥২৯
ততোঽসৌ যোগমাস্থায় স্বাং ভার্য্যাং বৈ দদর্শ হ
অধৃষ্যাং সর্ব্বভূতানাং তেজসা নিয়মেন চ ॥ ৩০
সোঽশ্বরূপং সমাস্থায় গত্বা তাং মৈথুনায় চ।

অপরাধ মার্জ্জনা করুন। হে দেবপতে! াপদাতশ্রেষ্ঠ! আমি জননী কর্তৃক অভি- হইয়াছি, হে গোপতে! আপনার প্রসাদে ার চরণ পতিত না হউক। সূর্য্যদেব বলি- ,হে পুত্র! নিশ্চয়ই এ বিষয়ে কোন অনির্ব্ব- য় ভবিতব্যতা কারণ জানিবে; যেহেতু তুমি জ্ঞানী এবং সত্যবাদী, তোমাতেও ক্রোধ ষ্ট হইয়াছে। ১৯—২০। হে পুত্র! আমি ার জননীর বাক্য মিথ্যা করিতে সমর্থ ানা, কৃমিগণ তোমার পদদ্বয় হইতে ন গ্রহণ করিয়া পৃথিবী মধ্যে গমন বে, তাহার বাক্য নিত্য ঘটিবে, তুমিই াদিগের রক্ষাকর্ত্তা হইবে। সূর্য্যদেব াধান্বিত হইয়া ছায়াদেবীকে বলিলেন, পুত্রগণ সেই সমান, তুমি কি নিমিত্ত কনিষ্ঠের প্রতি ক স্নেহ করিয়া থাক, তাহা আমার নিকট । ছায়া-সতী সূর্য্যদেবের বাক্য শ্রবণ করিয়া বিষয়ের মর্ম্ম-বৃত্তান্ত প্রকাশ করিলেন। সূর্য্য- ছায়ার বাক্য শ্রবণ করত ক্রুদ্ধচিত্তে বিশ্ব- ার নিকট গমন করিলেন। ত্বষ্টাও সূর্য্য- কে সমাগত দেখিয়া যথোচিত পূজা দ্বারা ই করত, দগ্ধ করিতে অভিলাষী সূর্য্যদেবকে সান্ত্বনা করিয়া বলিলেন, আপনার প্রখর কিরণ দ্বারা সংজ্ঞা দগ্ধ হইয়াছে, অতএব আপনার এতাদৃশ প্রখর তেজঃস্বরূপ রূপ প্রকাশ করা উচিত নহে। হে গোপতে! আপনার প্রখর রূপ সহ্য করিতে না পারিয়া মাননীয়া যোগযুক্তা সংজ্ঞা-সতী যোগাবলম্বনে ঘোটকীরূপ ধারণপূর্ব্বক উত্তম নবতৃণযুক্ত বনময়-দেশে বসতি করিতেছে। হে দেববর! যদি আপনি আমার প্রতি অনুকূল হন, তাহা হইলে আমি আমার অভিপ্রেত, নূতন, অত্যন্ত কমনীয় আপনার রূপ প্রস্তুত করিয়া দিতে পারি। ত্বষ্টার বাক্য শ্রবণ করত সূর্য্যদেবের ক্রোধ দূরীভূত হইল। মুনিবর বিশ্বকর্ম্মা শাণযন্ত্রে আরোহণ করাইয়া সূর্য্যদেবের প্রখরতর কিরণ-সমূহকে ন্যূন করিয়া দিলেন। তদনন্তর তেজের হ্রাস হওয়াতে অত্যন্ত দীপ্তিযুক্ত সূর্য্য- দেবের রূপ মুনিবর ত্বষ্টা অত্যন্ত মনোহর করিয়া দিলেন, তৎকালে ঐরূপ সাতিশয় শোভা পাইতে লাগিল। তদনন্তর সূর্য্যদেব যোগ অবলম্বনপূর্ব্বক নিজ ভার্য্যা সংজ্ঞাকে দর্শন করিলেন। তেজ এবং নিয়ম দ্বারা সর্ব্ব-প্রাণীর অধর্ষণীয় অশ্বশরীর অবলম্বনপূর্ব্বক সূর্য্যদেব মৈথুন করিবার অভিলাষে, পরপুরুষ-শঙ্কাযুক্ত মৈথুন করিতে অনিচ্ছুক সংজ্ঞার নিকট গমন করিলেন। হে মুনিবর! তদনন্তর সূর্য্যদেব

মৈথুনায় বিচেষ্টন্তী পরপুংসোঽহপশঙ্কয়া ॥ ৩১
মুখতো নাসিকায়াস্তু শুক্রং তন্মাদধামুনে।
দেবৌ ততঃ প্রজায়েতামশ্বিনৌ ভিষজাং বরৌ ॥
নাসত্যো তৌ চ দস্রৌ চ স্মৃতৌ দ্বাবশ্বিনাবপি।
তৌ তু কান্তেন রূপেণ দর্শয়ামাস ভাস্করঃ ॥ ৩৩
আত্মানং সা তু তং দৃষ্ট্বা প্রজহৃষ্টা পতিম্ভদরাং ॥
যমস্তু কর্ম্মণা তেন ভৃশং পীড়িতমানসঃ।
ধর্ম্মেণ রঞ্জয়ামাস ধর্ম্মরাজ ইমাঃ প্রজাঃ ॥ ৩৫
লেভে স কর্ম্মণা তেন ধর্ম্মরাজো মহাদ্যুতিঃ
পিতৃণামাধিপত্যঞ্চ লোকপালত্বমেব চ ॥ ৩৬
মনুঃ প্রজাপতিস্থানীং সাবর্ণঃ স তপোধনঃ।
ভাবী সোঽবর্ত্তকেঽস্মিন্ মনুঃ সাবর্ণিকেঽন্তরে
মেরুপৃষ্ঠে তপো ঘোরমদ্যাপি চরতে প্রভুঃ।
ভ্রাতা শনৈশ্চরস্তাপি গ্রহত্বং স লব্ধবান্ ॥ ৩৮
ত্বষ্টা তু তেজসা তেন বিষ্ণোশ্চক্রমবর্ত্তয়ৎ।
তদপ্রতিহতং যুদ্ধে দানবানাং চিকীর্ষয়া ॥ ৩৯
যবীয়সী তয়োর্জ্জাতু যমকন্যা যশস্বিনী।
অভবৎ সা সরিচ্ছেষ্ঠা যমুনা লোকপাবনী ॥৪০
মনুরিত্যুচ্যতে লোকে সাবর্ণিরিতি চোচ্যতে।
যদিদং জন্ম দেবানাং শৃণুয়াদ্ধারয়েত বা।
আপদং প্রাপ্য মুচ্যেত প্রাপ্নুয়াৎ সুমহদ্যশঃ॥৪১

ইতি শ্রীশৈবে মহাপুরাণে ধর্ম্মসংহিতায়াং
যমাদ্যুৎপত্তিবিবরণং নামৈকোন-
ষষ্টিতমোঽধ্যায়ঃ ॥ ৫৯ ।

ষষ্টিতমোঽধ্যায়ঃ

সূত উবাচ
মনোর্বৈবস্বতস্যাসন্ পুত্রা বৈ নব তৎসমাঃ।
ইক্ষাকুঃ শিবি-নাভাগৌ ধৃষ্টঃ শর্য্যাতিরেব চ
নরিষ্যন্তশ্চ নাভাগঃ করূষশ্চ প্রিয়ব্রতঃ ॥১
অকরোৎ পুত্রকামস্তু মনুরিষ্টিং প্রজাপতিঃ।

সংজ্ঞা-সতীর মুখবিবর এবং নাসিকারন্ধ্র হ'তে শুক্র নিক্ষেপ করিলেন, ঐ শুক্র হইতে বৈদ্যশ্রেষ্ঠ অশ্বিনীকুমার নামক দেবদ্বয়ের জন্ম হইল। ২১—৩২। ঐ অশ্বিনীকুমারদ্বয়ের অপর দুইটী নাম নাসত্য এবং দস্র জগতে বিখ্যাত হইল, সূর্য্যদেবও ঐ পুত্রদ্বয়কে সাতিশয় মনোহর রূপ দর্শন করাইলেন, সংজ্ঞা সতী নিজ পতি সূর্য্যদেবকে সাদরে দর্শন করত অত্যন্ত হর্ষযুক্তা হইলেন। ধর্ম্মরাজ যমও মাতার নিকট অপরাধ করিয়া সাতিশয় কাতর-চিত্তে প্রজাবর্গকে ধর্ম্মানুসারে প্রতিপালন করিতে লাগিলেন এবং অত্যন্ত দীপ্তিযুক্ত ধর্ম্মরাজ যম স্বীয় কৃত কর্ম্ম দ্বারা পিতৃগণের এবং দিক্পাল-গণের আধিপত্য লাভ করিলেন। তপঃপরায়ণ সাবর্ণি মনু প্রজাপতি হইলেন; সাবর্ণিক মন্বন্তর উপস্থিত হইলে তিনি মনু হইবেন। ভাবী মনু এবং তাঁহার পুত্র সাবর্ণি, আর্সপৃষ্ঠ সুমেরু-পর্ব্বতে অদ্যাবধি উৎকট তপস্যা করিতেছেন। সাবর্ণি মনুর সহোদর শনিও গ্রহত্ব প্রাপ্ত হইলেন। বিশ্বকর্ম্মাও ঐ সূর্য্যতেজ দ্বারা বিষ্ণুর চক্র প্রস্তুত করিলেন; এ ত্বষ্টৃনির্ম্মিত চক্র দানবগণের বিনাশ করিতে উদ্যুক্ত হইয়া রণক্ষেত্রে অপ্রতিহত শক্তি হইল। যম এবং সাবর্ণি মনুর ভগিনী যুবতী যশস্বিনী সূর্য্য-কন্যা যমুনা ত্রিভুবনপবিত্রকারিণী নদীশ্রেষ্ঠা হইলেন। ছায়াপুত্রকে ইহলোকে মনু এবং সাবর্ণি বলিয়া থাকে। যে ব্যক্তি বৈবস্বতমনু, সূর্য্য, যম, সাবর্ণিক মনু এবং যমুনার উৎপত্তি বৃত্তান্ত শ্রবণ করে এবং হৃদয়ে ধারণ করে, সে ব্যক্তি বিপদ্গ্রস্ত হইয়াও মুক্তি লাভ করে এবং অত্যন্ত মহৎকীর্ত্তিশালী হয়। ৩৩—৪১

উনষষ্টিতম অধ্যায় সমাপ্ত ॥ ৫৯ ॥

ষষ্টিতম অধ্যায়।

শৌনক মুনির নিকট সূত বলিলেন, বৈবস্বত মনুর নয়টী পুত্র, বৈবস্বত মনুর তুল্য গুণবান্ হইয়াছিল। ইক্ষাকু, শিবি, নাভাগ, ধৃষ্ট শর্য্যাতি, নরিষ্যন্ত, নাভাগ, করূষ এবং প্রিয়ব্রত বিবস্বান্ মনুর এই নয়টী পুত্র জানিবে। পুত্র জন্মিবার পূর্ব্বে প্রজাপতি বৈবস্বত মনু পুত্র

পন্নেষু পুত্রেষু তত্রেষ্ট্যাং সম্বভূব হ ॥ ২
দিব্যাম্বরধরা দিব্যাভরণভূষিতা।
সংহননা চৈব ইলা জজ্ঞেহথ বিশ্রুতা ॥ ৩
লত্যেব হোবাচ মনুর্দণ্ডধরস্তথা ॥ ৪
চ্ছব মামেহি তমিলা প্রত্যুবাচ হ।
ক্যমিদং বাক্যং পুত্রকামং প্রজাপতিম্ ॥ ৫
রুণয়োরংশে জাতাস্মি বদতাং বর।
সকাশং যাস্যামি ন মেহধর্ম্মো হি ভবেৎ
ক্যা যযৌ সা তু মিত্রাবরুণয়োরতঃ।
ষ্টকং বরারোহা প্রাঞ্জলির্বাক্যমব্রবীৎ ॥ ৭
স্মিন্ যুবয়োর্জাতাং ব্রূত কিং করবাণি বাম্।
ত্থাবাদিনীং সাধ্বীং মিত্রাবরুণাবূচতুঃ ॥ ৮
তব ধর্ম্মজ্ঞে প্রশ্রয়েণ দমেন চ।
ন চৈব সুশ্রোণি প্রীতৌ স্বো বরবর্ণিনি ॥ ৯

আবয়োস্ত্বং মহাভাগে খ্যাতিঞ্চৈব গমিষ্যসি।
মনোর্বংশকরঃ পুত্রস্ত্বমেব চ ভবিষ্যসি ॥ ১০
সুদ্যুম্ন ইতি বিখ্যাতস্ত্রিষু লোকেষু বিশ্রুতঃ।
জগৎপ্রিয়ো ধর্ম্মশীলো মনোর্বংশবিবর্দ্ধনঃ ॥ ১১
নিবৃত্তা সা তু তচ্ছ্রুত্বা গচ্ছন্তী পিতুরন্তিকম্।
বুধেনান্তরমাসাদ্য মৈথুনায়োপমন্ত্রিতা ॥ ১২
সোমস্য পুত্রস্তস্যাস্তু পুত্রো জজ্ঞে পুরূরবাঃ।
জনয়িত্বা তু সা পুত্রং পুনঃ সুদ্যুম্নকং গতা ॥ ১৩
সুদ্যুম্নস্য তু দায়াদাস্ত্রয়ঃ পরমধার্ম্মিকাঃ।
উৎকলশ্চ গয়শ্চৈব বিনতাশ্বশ্চ বীর্য্যবান্ ॥ ১৪
উৎকলস্যোৎকলা বিপ্র বিনতাশ্বস্য পশ্চিমা।
দিক্ পূর্ব্বা মুনিশার্দ্দূল গয়স্য তু গয়া স্মৃতা ॥ ১৫
প্রবিষ্টে তু মনৌ তাতে দিবাকরমতং মুনে।
দশধা তত্র তৎ ক্ষেত্রমকরোৎ পৃথিবীং মনুঃ ॥ ১৬
ইক্ষ্বাকুঃ শ্রেষ্ঠদায়াদো মধ্যদেশমবাপ্তবান্।

হইয়া পুত্রেষ্টি নামক যজ্ঞ করিয়াছিলেন। তে মনুর যজ্ঞবেদীমধ্য হইতে দিব্যবস্ত্র-া, দিব্যালঙ্কারভূষিতদেহা এবং দিব্য ণী, অত্যন্ত বিখ্যাতা ইলানাম্নী কন্যা উৎপন্ন ন। দণ্ডধারী মনু ঐ সুন্দরী কন্যাকে ইলে!" এইরূপ সম্বোধন করিয়া আহ্বান লন,—আপনি "আমার অনুগমন করুন।" ভলাষী প্রজাপতি বৈবস্বত মনুকে ইলা ধর্ম্মযুক্ত এই বাক্য বলিলেন। "হে শ্রেষ্ঠ! আমি মিত্রাবরুণ দেবদ্বয়ের অংশ জন্মগ্রহণ করিয়াছি, অতএব আমি মিত্রা-দেবদ্বয়ের নিকট গমন করিব, তাহাতে র কোন পাপ হইবে না।" সেই ী, রমণী, বৈবস্বত মনুকে এইরূপ বলিয়া রুণ দেবদ্বয়ের নিকটে গমনপূর্ব্বক কৃতা-ঞ্জলিপুটে বলিতে লাগিলেন, হে দেবদ্বয়! আপনাদিগের অংশ হইতে জন্মগ্রহণ ছি; আপনারা বলুন, আমি আপনা-র কি কার্য্য করিব? ইলার এইরূপ বাক্য করিয়া মিত্রাবরুণ দেবদ্বয় ইড়া-সতীকে লন, হে সুন্দরি! হে ধর্ম্মজ্ঞে! হে ণি! তোমার এরূপ প্রণয়, দমগুণ এবং ব্যবহার দ্বারা আমরা উভয়ে অত্যন্ত প্রীত

হইয়াছি। হে মহাভাগ্যবতি! আমাদিগের উভয়ের তুমি খ্যাতিলাভ করিবে, তুমিই বৈবস্বত মনুর পুত্র হইবে। ১—১০। তুমিই সুদ্যুম্ন এই নামে অভিহিত, ত্রিভুবনে বিখ্যাত, সকল লোকের প্রিয় এবং ধর্ম্মশীল মনুর বংশ-বৃদ্ধিকারী পুত্র হইবে। সেই ইলা সুন্দরী মিত্রাবরুণ দেবদ্বয়ের বাক্য শ্রবণ করিয়া তথা হইতে প্রত্যাগমনপূর্ব্বক পিতার নিকট সমাগত হইলেন। চন্দ্রাত্মজ বুধও অন্তর পাইয়া, মৈথুন করিবার নিমিত্ত ইলাকে আহ্বান করি-লেন। সোমপুত্র বুধের ঔরসে ইলার গর্ভে পুরূরবা নামে পুত্র জন্মগ্রহণ করিল; সেই ইলাসুন্দরী পুরূরবা নামক পুত্র প্রসব করিয়া সুদ্যুম্ন হইলেন। সুদ্যুম্নের অত্যন্ত ধর্ম্মশীল তিনটী পুত্র জন্মগ্রহণ করিয়াছিল। তাহাদিগের নাম,—উৎকল, গয় এবং বীর্য্যবান্ বিনতাশ্ব। হে বিপ্রাগ্রগণ্য! উৎকলের উৎকল নামক দক্ষিণদিক্, বিনতাশ্বের পশ্চিমদিক্, হে মুনিবর! গয়নামক পুত্রের গয়া নামে পূর্ব্বদিক্ জানিবেন। হে মুনিবর! সূর্য্যের আজ্ঞানুসারে বৈবস্বত মনু পৃথিবীকে দশভাগ করিলেন। জ্যেষ্ঠপুত্র ইক্ষ্বাকু মধ্যদেশ গ্রহণ করিলেন। মহাত্মা বসি-

ত্রো হিংসয়িত্বা তু গুরোর্গাং মুনিসত্তম।
পাচ্ছুদ্রত্বামাপন্নো নবৈতে পরিকীর্ত্তিতাঃ ॥ ৩২
ন্বিজস্তু মনোর্বিপ্র ইক্ষাকুরভবৎ সুতঃ।
য পুত্রশতন্ত্বাসীদিক্ষাকোর্ভূরিদক্ষিণম্ ॥ ৩৩
বাং বিকুক্ষির্জ্যেষ্ঠস্ত সোঽযোধ্যামভবন্নৃপঃ।
নিপ্রমুখাস্তস্ত পুত্রাঃ পঞ্চদশ স্মৃতাঃ।
রাপথদেশস্য রক্ষিতারো মহীক্ষিতঃ। ৩৪
ষ্ককর্ম্মণি চোদিষ্টে হ্যুতে শ্রাদ্ধকর্ম্মণি।
য়িত্বা শশং শীঘ্রং শশাদত্বং ততো গতঃ ॥৩৫
াকুণা পরিত্যক্তো বসিষ্ঠবচনাৎ প্রভুঃ।
াকুঃ সংস্থিতো রাজা শশাদো বনমাবিশৎ ॥৩৬
াধস্য তু দায়াদঃ ককুৎস্থো নাম বীর্য্যবান্।
নাস্তঃ ককুৎস্থস্য পৃথুররিনভঃ সুতঃ ॥ ৩৭

বিষ্টরাশ্বঃ পৃথোঃ পুত্রস্তস্মাদিন্দ্রো ব্যজায়ত।
ইন্দ্রস্য যুবনাশ্বস্তু শ্রাবস্তস্য ব্যজায়ত ॥ ৩৮
জজ্ঞে শ্রবস্তকো রাজঃ শ্রাবস্তী যেন নির্ম্মিতা।
শ্রাবস্তস্য তু দায়াদো বৃহদশ্বো মহাযশাঃ ॥ ৩৯
কুবলাশ্বঃ সুতস্তস্য রাজা পরমধার্ম্মিকঃ।
যঃ স ধুন্ধুবধাদ্ভূতো ধুন্ধুমারো নৃপোত্তমঃ ॥ ৪০
কুবলাশ্বস্য পুত্রাণাং শতমুত্তমধন্বিনাম্।
বভূবাথ পিতা রাজ্যে কুবলাশ্বো হ্যযোজয়ৎ ॥ ৪১
পুত্রসংক্রামিত শ্রীকো বনং রাজা সমাবিশৎ।
তমুত্তঙ্কোঽথ বিপ্রর্ষিঃ প্রয়ান্তং প্রত্যবারয়ৎ ॥ ৪২

উত্তঙ্ক উবাচ।

ভবতা রক্ষণং কার্য্যং পৃথিব্যা ধর্ম্মতঃ শৃণু ॥ ৪৩
ত্বয়া হি পৃথিবী রাজন্ রক্ষ্যমাণা মহাত্মনা।
ভবিষ্যতি নিরুদ্বিগ্না নারণ্যং গন্তুমর্হসি ॥ ৪৪

য়গণের একটী পুত্র বিখ্যাত হইয়াছিল, আমরা শ্রবণ করিয়াছি। হে মুনিবর! ধপুত্র পৃষধ্র গুরুদেবের অশ্বসমূহ হিংসা য়া, গুরুশাপপ্রভাবে শূদ্রত্ব প্রাপ্ত হইয়া-। বৈবস্বত মনুর নয়টীপুত্রের বৃত্তান্ত এই ত হইল। হে বিপ্রাগ্রগণ্য! বৈবস্বত জ্যেষ্ঠপুত্র ইক্ষাকু নামে বিখ্যাত ছিলেন, ইক্ষাকু রাজার প্রচুরদক্ষিণাদাতা একশত হইয়াছিল। ঐ একশত পুত্র মধ্যে জ্যেষ্ঠ বিকুক্ষি নামে বিখ্যাত, অযোধ্যা-রাজ্যে হইয়াছিল। ঐ অযোধ্যাপতি বিকুক্ষি র শকুনি প্রভৃতি পঞ্চদশটী পুত্র ক্ষত্রিয়গণ াপথ নামক দেশের রক্ষাকর্ত্তা হইলেন। করাজা শ্রাদ্ধকার্য্য উদ্দেশে শশমাংস াণপূর্ব্বক শ্রাদ্ধ না করিয়াই ঐ শশমাংস করিয়া শশাদ নামে বিখ্যাত হইয়াছিলেন। ক-জনক ইক্ষাকু-মহারাজ বসিষ্ঠদেবের নুসারে অযোধ্যাপতি বিকুক্ষিপুত্রকে পরি- করিলেন। ইক্ষাকুরাজা নিজেই অযোধ্যা- অধিপতি হইয়া অবস্থিতি করিতে লাগি- বিকুক্ষি অরণ্যে প্রবিষ্ট হইলেন। ারাজার পুত্র শৌর্য্যসম্পন্ন ককুৎস্থনামে ছিলেন। ঐ ককুৎস্থ-রাজার অরি নামে পুত্র হইয়াছিল। ঐ অরিনাভ-

রাজার পুত্র পৃথু নামে বিখ্যাত ছিলেন। পৃথুরাজার পুত্র বিষ্টরাশ্ব নামে বিখ্যাত ছিলেন, বিষ্টরাশ্বের পুত্র ইন্দ্র নামে বিখ্যাত। ইন্দ্রের পুত্র যুবনাশ্ব, যুবনাশ্বের শ্রাব ও শ্রাবরাজার শ্রাবস্ত নামে পুত্র জন্মিয়াছিল। যে শ্রাবস্ত-রাজা শ্রাবস্তীনামে পুরী নির্ম্মাণ করিয়াছিলেন। শ্রাবস্তরাজার পুত্র মহাযশস্বী বৃহদশ্ব নামে বিখ্যাত ছিলেন। বৃহদশ্বরাজার পুত্র ধার্ম্মি-কাগ্রগণ্য কুবলাশ্ব নামে বিখ্যাত ছিলেন। যে নৃপতিশ্রেষ্ঠ কুবলাশ্ব ধুন্ধু-দৈত্যকে বিনাশ করিয়া, ধুন্ধুমার নামে বিখ্যাত হইয়াছিলেন। কুবলাশ্ব রাজার ধনুর্দ্ধরাগ্রগণ্য একশত পুত্র হইয়াছিল। একশত পুত্রকে পিতা কুবলাশ্ব রাজকার্য্যে নিযুক্ত করিয়াছিলেন। তদনন্তর রাজা কুবলাশ্ব পুত্রগণে নিজ সম্পত্তি বিভক্ত করিয়া বনপ্রবেশ করিয়াছিলেন। বনগমনোদ্যত রাজা-কুবলাশ্বকে ব্রাহ্মণশ্রেষ্ঠ উত্তঙ্ক বনগমন করিতে নিষেধ করিয়া বলিলেন, মহারাজ শ্রবণ করুন, এই পৃথিবীকে আপনিই রক্ষা করিবেন। ২৩—৪৩। হে রাজন্! মহাত্মা আপনাকর্ত্তৃক রক্ষিত হইলে, এ পৃথিবী উদ্বেগশূন্য হন, অতএব আপনি বনে

মমাশ্রমসমীপে তু সমেষু মরুধন্বসু।
সমুদ্রবালুকাপূর্ণে দানবো বলদর্পিতঃ ॥ ৪৫
দেবতানামবধ্যো হি মহাকায়ো মহাবলঃ।
অন্তর্ভূমিগতস্তত্র বালুকান্তর্হিতঃ স্থিতঃ ॥ ৪৬
রাক্ষসস্য মধোঃ পুত্রো ধুন্ধুনামা সুদারুণঃ।
শেতে লোকবিনাশায় তপ আস্থায় দারুণম্ ॥ ৪৭
সংবৎসরস্য পর্য্যন্তে স নিশ্বাসং বিমুঞ্চতি।
যদা তদা সা চলতি সশৈলবনকাননা ॥ ৪৮
তস্য নিশ্বাসবাতেন রজ উদ্ধূয়তে মহৎ।
আদিত্যপথমাবৃত্য সপ্তাহং ভূমিকম্পনম্ ॥ ৪৯
সবিস্ফুলিঙ্গং সাঙ্গারং সধূমমপি দারুণম্।
তেন রাজন্ ন শক্নোমি তস্মিন্ স্থাতুং স্ব আশ্রমে
তং মারয় মহাবাহো লোকানাং হিতকাম্যয়া।
লোকাঃ স্বস্থা ভবন্তু তস্মিন্ বিনিহতে ত্বয়া।
ত্বং হি তস্য বধায়ৈব সমর্থঃ পৃথিবীপতে ॥ ৫১
বিষ্ণুনা চ বরো দত্তো মহ্যং পূর্ব্বযুগেঽনঘ।
তেজসা স্বেন তে বিষ্ণুস্তেজ আপ্যায়য়িষ্যতি ॥ ৫২
পালনে হি মহান্ ধর্ম্মঃ প্রজানামিহ দৃশ্যতে।
ন তথা দৃশ্যতেঽরণ্যে মা তে ভূদ্বুদ্ধিরীদৃশী ॥ ৫৩
ঈদৃশো ন হি রাজেন্দ্র ধর্ম্মঃ ক্বচন বিদ্যতে।
প্রজানাং পালনে যাদৃক্ পুরা রাজর্ষিভিঃ কৃতঃ ॥ ৫৪
স এবমুক্তো রাজর্ষিরুত্তঙ্কেন মহাত্মনা।
কুবলাশ্বঃ সুতং প্রাদাৎ তস্মৈ ধুন্ধুনিবারণে ॥ ৫৫
ভগবন্ ন্যস্তশস্ত্রোঽহময়ন্তু তনয়ো মম
ভবিষ্যতি দ্বিজশ্রেষ্ঠ ধুন্ধুমারো ন সংশয়ঃ ॥ ৫৬
ইত্যুক্ত্বা পুত্রমাদিশ্য যযৌ স তপসে নৃপঃ ॥ ৫৭
কুবলাশ্বঃ সোত্তঙ্কো যযৌ ধুন্ধুবিনিগ্রহে
তমাবিশৎ তদা বিষ্ণুর্ভগবাংস্তেজসা প্রভুঃ ॥ ৫৮

গমন করিবেন না। আমার আশ্রমভূমি সমীপে যে সকল সমান মরুভূমি আছে, তাহার মধ্যে মধুনামক দৈত্যবরের পুত্র, বলদর্পে দর্পিত, অত্যন্ত ভয়ানক, বৃহৎকায়, অত্যন্ত বলবান, ধুন্ধু নামে দানব অত্যন্ত ভয়ানক তপস্যা দ্বারা দেবগণের অবধ্য প্রাপ্ত হইয়া, সমুদ্রের বালুকাপূর্ণ ভূমির মধ্যে বালুকা দ্বারা শরীর অন্তর্হিত করত সমস্ত লোকের বিনাশ করিবার অভিপ্রায়ে অবস্থিতি করিতেছে। দৈত্যবর পুত্র এক বৎসর অতিক্রান্ত হইলে নিশ্বাস পরিত্যাগ করিয়া থাকে; যখন সেই পুত্র নিশ্বাস পরিত্যাগ করে, তৎকালে এই পৃথিবী পর্ব্বত এবং বনের সহিত কম্পিত হন। ঐ দৈত্য-বরের নিশ্বাসবায়ু দ্বারা অত্যন্ত বৃহৎধূলিরাশি সূর্য্যদেবের গমনাগমন-পথ পর্য্যন্ত পরিপূর্ণ করত উত্থিত হয়, সপ্তাহ ব্যাপিয়া ভূমিকম্প হইতে থাকে, অত্যন্ত ভয়ানক অগ্নিস্ফুলিঙ্গ, অঙ্গার, ধূমরাশি উত্থিত হয়। হে নরপতে! সেই দুষ্টদৈত্যভয়ে নিজ আশ্রম ভূমিতে বাস করিতে পারি না জানিবেন। ৪৪—৫০। হে মহাবাহো! লোকগণের হিতকামনায় সেই দৈত্য ধুন্ধুকে আপনি নিধন করুন। আপনি সেই দৈত্যবরকে বিনাশ করিলে পর সমস্ত লোক সুস্থ হউক হে পৃথিবীপতে। আপনিই তাহার বিনাশ করিবার যোগ্যপাত্র হে নিষ্পাপ। পূর্ব্বযুগে ভগবান্ বিষ্ণু আমাকে বরপ্রদান করিয়াছেন, ভগবান্ নিজের তেজ দ্বারা আপনার তেজ বর্দ্ধিত করিবেন। ইহলোকে প্রজাবর্গের প্রতিপালন করিলেই অনির্ব্বচনীয় ধর্ম্মপ্রাপ্তি হয়, ইহা দেখা যাইতেছে। অরণ্যে বাস করিয়া, তাদৃশ ধর্ম্ম দেখা যায় না। হে রাজন! আপনার অরণ্যবাসে বুদ্ধি না হউক। হে রাজেন্দ্র! রাজগণের প্রজাপালনের তুল্য কোন ধর্ম্মই হইবে না। প্রজাবর্গের পালন করিয়া যেরূপ ধর্ম্ম পূর্ব্বকালে রাজর্ষিগণ উপার্জ্জন করিয়াছেন, তাদৃশ ধর্ম্ম অন্য কোন কার্য্য দ্বারা উপার্জ্জন করিতে পারেন নাই। মহাত্মা উতঙ্ক মুনি, রাজ-শ্রেষ্ঠ কুবলাশ্বকে এইরূপ বলিলেন। রাজর্ষি কুবলাশ্ব ধুন্ধুদৈত্যের বিনাশসাধন নিমিত্ত উত্তঙ্কমুনিকে আপনার পুত্র প্রদান করিয়া বলিলেন, হে ভগবন! আমি অস্ত্রশস্ত্র পরিত্যাগ করিয়াছি, হে দ্বিজবর! আমার এই পুত্র নিশ্চয়ই ধুন্ধুদৈত্যকে বিনাশ করিতে সমর্থ হইবে। একথা বলিয়া নৃপবর কুবলাশ্ব ধুন্ধুদৈত্যকে বিনাশ করিতে নিজ-পুত্রকে আদেশ করিয়া তপস্যা করিতে বনে গমন করিলেন।

...তঙ্কস্ত নিয়োগাদ্বৈ লোকানাং হিতকাম্যয়া।
...স্মিন্ প্রয়াতে দুর্দ্ধর্ষে দিবি শব্দো মহানভূৎ ॥ ৫৯
...ষ শ্রীমান্ ভূপস্থতো ধুন্ধুমারো ভবিষ্যতি।
...ব্যৈর্ম্মাল্যৈশ্চ তং দেবাঃ সমন্তাৎ সমবারয়ন্ ॥৬০
...গত্বা জয়তাং শ্রেষ্ঠস্তনয়ৈঃ সহ পার্থিবঃ।
...দ্রং খনয়ামাস বালুকার্ণবমধ্যগঃ ॥ ৬১
...রায়ণস্ত বিপ্রর্ষেস্তেজসাপ্যায়িতস্ত সঃ।
...ব সুমহাতেজা ভূয়ো বলসমন্বিতঃ ॥ ৬২
... পুত্রৈঃ খনদ্ভিস্ত বালুকান্তর্গতস্ত সঃ।
...য়াসাদিতো ব্রহ্মন্ দিশমাশ্রিত্য পশ্চিমাম্ ॥৬৩
...জেনাগ্নিনা ক্রোধাল্লোকানুদ্বর্ত্তয়ন্নিব।
...রি সুস্রাব বেগেন মহোদধিরিবোদয়ে।
...মস্ত চ ত্রিভিরূনং দগ্ধং পুত্রশতং হি তৎ ॥ ৬৪
ততঃ স রাজা বিপ্রেন্দ্র রাক্ষসং তং মহাবলম্।
আসসাদ মহাতেজা ধুন্ধুং বিপ্রবিনাশনম্ ॥ ৬৫
তস্ত বারিময়ং বেগমাপীয় স নরাধিপঃ।
বহ্নিবাণেন বহ্নিস্ত শময়ামাস বারিণা ॥ ৬৬
তং নিহত্য মহাকায়ং বলেনোদকরাক্ষসম্।
উত্তঙ্কং দর্শয়ামাস কৃতং কর্ম্ম নরাধিপঃ ॥ ৬৭
উত্তঙ্কস্ত বরং প্রাদাৎ তস্মৈ রাজ্ঞে মহামুনে।
অদদচ্চাক্ষয়ং বিত্তং শত্রুভিশ্চাপরাজয়ম্ ॥ ৬৮
ধর্ম্মে মতিঞ্চ সততং স্বর্গে বাসং তথাক্ষয়ম্।
পুত্রাংস্তথাক্ষয়াঁল্লোকান্ যে চৈব রক্ষসা হতাঃ ॥
তস্ত পুত্রাস্ত্রয়ঃ শিষ্টা দৃঢ়াশ্বঃ শ্রেষ্ঠ উচ্যতে।
হংসাশ্ব-কপিলাশ্বৌ চ কুমারৌ চ কনীয়সৌ ॥ ৭০
ধৌন্ধুমারির্দৃঢ়াশ্বো যো হর্য্যশ্বস্তস্ত চাত্মজঃ।
হর্য্যশ্বস্ত নিকুম্ভোঽভূৎ পুত্রো ধর্ম্মরতঃ সদা ॥ ৭১

...লাশ্ব রাজা উতঙ্কমুনির সহিত ধুন্ধুদৈত্যের ...হ করিবার অভিলাষে সমুদ্রকূলে গমন ...লেন; তৎকালে জগদীশ্বর ভগবান্ ...ঃ নিজ তেজ দ্বারা কুবলাশ্ব-শরীরে প্রবিষ্ট ...লেন। উতঙ্কমুনির আদেশানুসারে প্রজা-...র হিতাভিলাষে দুর্দ্ধর্ষ কুবলাশ্বপুত্র ধুন্ধু-...্যকে বিনাশ করিতে নির্গত হইলে পর ...কাশে বৃহৎ শব্দ হইতে লাগিল। শ্রীযুত ...লাশ্ব রাজার পুত্র ধুন্ধু দৈত্যের নিধনকারী ...বে। দেবগণ আকাশ হইতে কুবলাশ্ব-...র চতুর্দ্দিকে দিব্যমাল্যসমূহ নিক্ষেপ ...তে লাগিলেন। ৫৯—৬০। সেই জয়ি-...ষ্ঠ রাজা কুবলাশ্ব পুত্রগণের সহিত সমুদ্রকূলে ...গত হইয়া সমুদ্রের বালুকাময় ভূমির মধ্যে ...শপূর্ব্বক সমুদ্রকে খনন করিতে লাগিলেন। ...বিপ্রর্ষে! সেই রাজা কুবলাশ্ব নারায়ণের ... দ্বারা বর্দ্ধিত, অত্যন্ত তেজস্বী এবং প্রচুর ...ান্ হইলেন। হে ব্রহ্মন্! কুবলাশ্ব রাজার ...গণ সমুদ্র খনন করিতে করিতে বালুকার ...র্ত্তী হওত, ধুন্ধুদৈত্য পশ্চিম দিক্ আশ্রয় ...য়া রহিয়াছে দেখিতে পাইলেন। ধুন্ধুর মুখ ...ত এতাদৃশ অগ্নি নির্গত হইতেছে, বোধ ...যেন সমস্ত লোককে দগ্ধ করিয়া ফেলিবে; ...র শরীর হইতে এরূপ জলরাশি বেগে পতিত হইতে লাগিল, বোধ হয় যেন সমুদ্র চন্দ্রোদয়ে উচ্ছলিত হইতেছে। ধুন্ধুর মুখ নির্গত অগ্নি দ্বারা কুবলাশ্ব রাজার সাতানব্বইটী পুত্র দগ্ধ হইয়া গেল। হে বিপ্রেন্দ্র! কুবলাশ্ব রাজার পুত্রগণ দগ্ধ হইলে পর বিপ্রগণ-বিনাশকারী ধুন্ধুকে মহাতেজা রাজা কুবলাশ্ব প্রাপ্ত হইলেন। নরপতি কুবলাশ্ব অগ্নিবাণ দ্বারা ধুন্ধুদৈত্যের জলস্রোত পান করত বরুণবাণ দ্বারা ধুন্ধুর মুখ-নির্গত অগ্নি নির্ব্বাণ করিয়া ফেলিলেন। কুবলাশ্ব রাজা, বৃহদ্দেহ জলমধ্যচারী সেই ধুন্ধু-রাক্ষসকে নিহত করিয়া উতঙ্কমুনিকে স্বকৃত দুষ্কর কার্য্য দর্শন করাইলেন। হে মুনিবর! উতঙ্কমুনি, কুবলাশ্ব রাজাকে বরদান করিলেন। অক্ষয় ধনরাশি দান করিলেন, শত্রুগণকর্ত্তৃক কদাচ পরাজয় হইবে না, এরূপ বরদান করিলেন। নিরন্তর ধর্ম্মকার্য্যে বুদ্ধি এবং পরকালে অক্ষয় স্বর্গবাস এ সমস্ত বরদান করিয়া কুবলাশ্বের যে সমস্ত পুত্র ধুন্ধু রাক্ষসকর্ত্তৃক বিনষ্ট হইয়াছে, তাহাদিগকেও অক্ষয়লোক প্রদান করিলেন। কুবলাশ্বের যে তিনটী পুত্র হতাবশিষ্ট ছিল, তাহার মধ্যে জ্যেষ্ঠ পুত্র দৃঢ়াশ্ব, হংসাশ্ব মধ্যমপুত্র এবং কনিষ্ঠপুত্র কপিলাশ্ব

সংহতাশ্বো নিকুম্ভস্য পুত্রো রণবিশারদঃ।
অকৃশাশ্বশ্চ কৃশাশ্বশ্চ সংহতাশ্বসুতোঽভবৎ ॥ ৭২
তস্য হৈমবতী কন্যা সতাং মাতা দৃষদ্বতী।
বিখ্যাতা ত্রিষু লোকেষু পুত্রস্তস্যাঃ প্রসেনজিৎ ॥
লেভে প্রসেনজিদ্ভার্য্যাং গৌরীং নাম পতিব্রতাম্
অভিশপ্তা তু সা ভর্ত্রা নদী সা বাহুদা কৃতা ॥ ৭৪
তস্যাঃ পুত্রো মহানাসীদ্‌যুবনাশ্বো মহীপতিঃ।
মান্ধাতা যুবনাশ্বস্য ত্রিষু লোকেষু বিশ্রুতঃ ॥ ৭৫
তস্য চৈত্ররথী ভার্য্যা শশবিন্দুসুতাভবৎ ॥ ৭৬
শশবিন্দোর্ম্মতী নাম রূপেণাপ্রতিমাভবৎ।
পতিব্রতা চ জ্যেষ্ঠা চ ভ্রাতৃণাময়ুতস্য চ ॥ ৭৭
তস্যামুৎপাদয়ামাস মান্ধাতা দ্বৌ সুতৌ তদা।
পুরুকুৎসঞ্চ ধর্ম্মজ্ঞং মুচুকুন্দঞ্চ পার্থিবম্ ॥ ৭৮
পুরুকুৎসসুতস্ত্বাসীৎ ত্রসদস্যুর্ম্মহীপতিঃ।
নর্ম্মদায়াং সমুৎপন্নঃ সম্ভূতস্তস্য চাত্মজঃ ॥ ৭৯
সম্ভূতস্য তু দায়াদস্ত্রিধন্বারিমর্দ্দনঃ।
রাজ্ঞস্ত্রিধন্বনস্ত্বাসীদ্বিদ্বাংস্ত্রয্যারুণিঃ প্রভুঃ ॥ ৮০
তস্য সত্যব্রতো নাম কুমারোঽভূন্মহাবলঃ ॥ ৮১
পাণিগ্রহণমন্ত্রাণাং বিঘ্নং চক্রে মহাত্মভিঃ।
যেন ভার্য্যা হৃতা পূর্ব্বং কৃতোদ্বাহা পরস্য বৈ ॥
বলাৎ কামাচ্চ মোহাচ্চ সংহর্ষাচ্চ মহোৎকটাং
জহার কন্যাং কামাচ্চ কস্যচিৎ পুরবাসিনঃ ॥ ৮২
অধর্ম্মসঙ্গিনং তস্য রাজা ত্রয্যারুণিস্ত্যজন্।
অপধ্বংসেতি বহুশোঽবদৎ ক্রোধসমন্বিতঃ।
পিতরং সোঽব্রবীৎ ত্যক্তঃ ক্ব গচ্ছামীতি বৈ তদা
স তু সত্যব্রতস্তস্য শ্বপাকাবসথান্তিকে।
পিত্রা ত্যক্তোঽবসদ্বীরঃ পিতা চাস্য বনং যযৌ ॥
তস্মিংস্তু বিষয়ে নাবর্ষৎ পাকশাসনঃ
সমা দ্বাদশ বিপ্রর্ষে তেনাধর্ম্মেণ বৈ তদা ॥ ৮৩
দারাংস্তস্য তু বিষয়ে বিশ্বামিত্রো মহাতপাঃ

জন্মিলেন। যুবনাশ্বের পুত্র দৃঢ়াশ্বের পুত্র হর্য্যশ্ব। ৬১—৭১। হর্য্যশ্বের পুত্র সর্ব্বদা ধর্ম্মপরায়ণ নিকুম্ভ নামে বিখ্যাত ছিল। যুদ্ধকার্য্যে নিপুণ নিকুম্ভের পুত্র সংহতাশ্ব নামে বিখ্যাত ছিল। সংহতাশ্বের পুত্র অকৃশাশ্ব এবং কৃশাশ্ব নামে হইয়াছিল। সংহতাশ্বের হৈমবতী নামে জগতে বিখ্যাতা কন্যা জন্মিয়াছিল। হৈমবতীর প্রসেনজিৎ নামক পুত্র গৌরীনাম্নী পতিব্রতা পত্নী লাভ করিয়াছিলেন। পতির অভিশাপে গৌরী বাহুদা-নদী হন। তাঁহার পুত্র প্রবলপ্রতাপশালী যুবনাশ্ব রাজা ত্রিভুবনে বিখ্যাত। মহাত্মা মান্ধাতা যুবনাশ্বের পুত্র, শশবিন্দু-কন্যা চৈত্ররথী মান্ধাতার পত্নী। অসামান্য সুন্দরী অযুত সংখ্যক সহোদরগণের জ্যেষ্ঠা সতী শশবিন্দুর পত্নী। মান্ধাতা নিজ পত্নীগর্ভে দুইটী পুত্র উৎপাদন করেন ;—প্রথম ধর্ম্মপরায়ণ পুরুকুৎস, দ্বিতীয় পার্থিব মুচুকুন্দ। পুরুকুৎসের পুত্র মহীপতি ত্রসদস্যু [illegible] বিখ্যাত ছিলেন। ত্রসদস্যু [illegible] নর্ম্মদাগর্ভে সম্ভূত নামে এক পুত্র [illegible]। [illegible] রাজার শত্রু-বিনাশকারী ত্রিধন্বা নামে পুত্র হইয়াছিল। ত্রিধন্বা রাজার বিদ্বান্ ত্রয্যারুণি নামক নরপতি পুত্র ছিল। মহারাজ ত্রয্যারুণির সত্যব্রত নামে মহাবল পরাক্রান্ত পুত্র হইয়াছিল। মহাত্মগণকর্ত্তৃক পঠ্যমান বিবাহমন্ত্রের ব্যাঘাতপূর্ব্বক সত্যব্রত বিঘ্ন করিয়াছিল। সে সত্যব্রত বলপূর্ব্বক কামাধীন মোহপ্রাপ্ত হইয়া হর্ষচিত্তে মদমত্ত বশতঃ অপর ব্যক্তির পূর্ব্বে কৃতবিবাহ পত্নীকে হরণ করিয়াছিল এবং কোন পুরবাসীর কন্যাকে কামাসক্ত হইয়া হরণ করিয়াছিল। মহারাজ ত্রয্যারুণি অধর্ম্মসঙ্গী পুত্রকে পরিত্যাগ করত ক্রুদ্ধচিত্তে বারম্বার বলিলেন, রে দুষ্ট বিনাশ প্রাপ্ত হ। সত্যব্রত পিতাকে তৎকালে বলিলেন, আপনি আমাকে পরিত্যাগ করিলেন, এক্ষণে আমি কোথায় গমন করিব? ৭২—৮৪। সেই বীর সত্যব্রত, পিতাকে এ কথা বলিয়া পিতাকর্ত্তৃক ত্যক্ত হওয়াতে চণ্ডাল-পল্লী সমীপে বাস করিলেন; সত্যব্রতের পিতা ত্রয্যারুণি বনে গমন করিলেন। হে বিপ্রর্ষে! তদনন্তর ত্রিদশাধিপতি ইন্দ্র সত্যব্রতের অধর্ম্মে ক্রুদ্ধ হইয়া তাঁহার রাজ্যে দ্বাদশ বৎসর বারি বৃষ্টি করেন নাই। তৎকালে তাঁহার [illegible]

ত্যজ্য সাগরানূপে চচার বিপুলং তপঃ ॥ ৮৭
স্ত পত্নী গলে বদ্ধা মধ্যমং পুত্রমৌরসম্।
যস্ত ভরণার্থায় ব্যক্রৌণীত শতেন চ ॥ ৮৮
স্ত দৃষ্ট্বা গলে বদ্ধা বিক্রীণন্তীং স্বমাত্মজম্।
হর্ষিপুত্রং ধর্ম্মাত্মা মোক্ষয়ামাস বৈ ঋষে ॥ ৮৯।
ত্যব্রতো মহাবাহুর্ভরণং তস্য চাকরোৎ।
শ্বামিত্রস্য তুষ্ট্যর্থমনুক্রোশার্থমেব চ ॥ ৯০
াঃভবদ্গালবো নাম গলবদ্ধান্মহাতপাঃ ॥ ৯১

তি শ্রীশেবে মহাপুরাণে ধর্ম্মসংহিতায়াং বংশ-
কথনং নাম ষষ্টিতমোঽধ্যায়ঃ ॥ ৬০

একষষ্টিতমোঽধ্যায়ঃ।

সূত উবাচ।
ত্যব্রতস্ত তত্তস্যা কৃপয়া চ প্রতিজ্ঞয়া।
শ্বামিত্রকলত্রঞ্চ পোষয়ামাস বৈ তদা ॥ ১

াতপস্বা বিশ্বামিত্রমুনি নিজ-পত্নীকে পরি-
াগ করিয়া সমুদ্রকূলে বাস করত উৎকট
াস্যা করিয়াছিলেন ; বিশ্বামিত্র-পত্নী আপনার
রস মধ্যমপুত্রকে গলদেশে বন্ধন করত এক
চ স্বর্ণমুদ্রা পণে অবশিষ্ট পুত্রের প্রতিপালন
মিত্ত বিক্রয় করিয়াছিলেন। হে মহর্ষে!
র গর্ভজাত বিশ্বামিত্রতনয়কে গলদেশে
নপূর্ব্বক বিশ্বামিত্রপত্নীকে বিক্রয় করিতে
খিয়া মহাবাহু ধর্ম্মাত্মা সত্যব্রত বিশ্বামিত্র-
কে বন্ধন হইতে মুক্ত করত বিশ্বামিত্রমুনির
নিমিত্ত এবং দয়া নিমিত্ত প্রতিপালন
িয়াছিলেন। ঐ মহাতপস্বী বিশ্বামিত্র-পুত্র
া কর্ত্তৃক গলদেশে বন্ধন করা প্রযুক্ত গালব
ম বিখ্যাত হইয়াছিলেন। ৮৫—৯১।

ষষ্টিতম অধ্যায় সমাপ্ত ॥ ৬০ ॥

একষষ্টিতম অধ্যায়।

শৌনকমুনির নিকট সূত বলিলেন, তৎকালে
ব্রত বিশ্বামিত্রের প্রতি ভক্তিহেতু কৃপাপর-

হত্বা মৃগান্ বরাহাংশ্চ মহিষাংশ্চ বনেচরান্।
বিশ্বামিত্রাশ্রমাভ্যাসে তন্মাংসমবাকিরন্মুনে ॥ ২
তীর্থং গাঞ্চৈব রাষ্ট্রঞ্চ তথৈবান্তঃপুরং মুনিঃ।
যাজ্যোপাধ্যায়সংযোগাদ্বসিষ্ঠঃ পর্য্যরক্ষত ॥ ৩
সত্যব্রতস্য বাল্যাদ্বা ভাবিনোঽর্থস্য বৈ বলাৎ।
বসিষ্ঠোঽভ্যধিকং মন্যুং ধারয়ামাস নিত্যশঃ ॥ ৪
পিত্রা তু তং তদা রাষ্ট্রাৎ পরিত্যক্তং স্বমাত্মজম্।
ন বারয়ামাস মুনির্বশিষ্ঠঃ কারণেন হ ॥ ৫
পাণিগ্রহণমন্ত্রাণাং নিষ্ঠা স্যাৎ সপ্তমে পদে।
ন চ সত্যব্রতস্তস্য তমুপাংশুমবুধ্যত ॥ ৬
জানন্ ধর্ম্মান্ বসিষ্ঠাৎ তু ন তং শংসতি ভার্গবঃ
সত্যব্রতস্তদা রোষং বসিষ্ঠো মনসাকরোৎ ॥ ৭
গুণং বুদ্ধ্যা তু ভগবান্ বসিষ্ঠঃ কৃতবাংস্তদা।
ন চ সত্যব্রতস্তস্য তমুপাংশুমবুধ্যত ॥ ৮

তন্ন হইয়া প্রতিজ্ঞাপূর্ব্বক বিশ্বামিত্র-পত্নীকে
প্রতিপালন করিলেন। হে মুনিবর! বনচারী
মৃগসমূহ, বরাহসমূহ এবং মহিষসমূহ বিনষ্ট
করিয়া ঐ সমস্ত মাংস বিশ্বামিত্রমুনির আশ্রম-
সমীপে নিক্ষেপ করিয়াছিলেন। পৌরোহিত্য
এবং অধ্যাপকতা সম্বন্ধ থাকায় বসিষ্ঠমুনি সত্য-
ব্রতের ক্ষেত্র, গাভী, রাজ্য এবং অন্তঃপুর
সর্ব্বতোভাবে রক্ষা করিয়াছিলেন। সত্যব্রতের
বালকতা-নিবন্ধন অসদ্ব্যবহার দর্শনে এবং
ভবিতব্যতার অবশ্যম্ভাবিত্ব হেতু বশিষ্ঠমুনি
সত্যব্রতের প্রতি প্রতিদিন অধিকতর কোপান্বিত
ছিলেন। যৎকালে সত্যব্রতের পিতা ত্রয্যারুণি
স্বীয় ঔরস-পুত্র সত্যব্রতকে পরিত্যাগ করেন,
তৎকালে কুলগুরু বসিষ্ঠ বক্ষ্যমাণ কারণ বশতঃ
নিবারণ করেন নাই। বৈবাহিক মন্ত্রসমূহের
সপ্তপদী গমনের পর শেষ হয়, কিন্তু সত্যব্রত
অজ্ঞান বশতঃ তাহার ব্যতিক্রম করিয়াছিলেন,
অর্থাৎ সপ্তপদী গমনান্ত কার্য্য করে নাই ইহা
জানিলেন। ভার্গবমুনি বসিষ্ঠের নিকট ধর্ম্ম
জানিয়াও "তুমি অনুচিত কার্য্য করিয়াছ" ইহা
সত্যব্রতকে বলেন নাই। বসিষ্ঠমুনি তৎকালে
সত্যব্রতের প্রতি মনে মনে ক্রোধ করিয়াছিলেন।
"এ ব্যক্তি গুণবান্ হউক" এই বুদ্ধি হেতু

আহর্ত্তা রাজসূয়স্য সম্রাড়িতি হ বিশ্রুতঃ ॥ ২১
হরিশ্চন্দ্রস্য তু সুতো রোহিতো নাম বিশ্রুতঃ।
রোহিতস্য বৃকঃ পুত্রো বৃকাদ্বাহুস্তু জজ্ঞিবান্ ॥২২
হৈহয়াস্তালজঙ্ঘাশ্চ নিরস্যন্তি স্ম তং নৃপম্।
নাত্যর্থং ধার্ম্মিকো বিপ্র স হি ধর্ম্মযুগেঽভবৎ ॥২৩
সগরং স সুতং বাহুর্জজ্ঞে সহ গরেণ বৈ।
ঔর্ব্বস্যাশ্রমমাসাদ্য ভার্গবেণাভিরক্ষিতঃ ॥ ২৪
আগ্নেয়মস্ত্রং লব্ধা চ ভার্গবাৎ সগরো নৃপঃ।
জিগায় পৃথিবীং গত্বা তালজঙ্ঘান্ সহৈহয়ান্।
শকান্ বহুদকাংশ্চৈব পারদাংস্তঙ্গণান্ খশান্ ॥২৫
শৌনক উবাচ।
...রেণৈব যুতঃ সোঽথ কথং জাতস্তু ক্ষত্রিয়ান্।
...তবানেতদাচক্ষ্ব বিস্তরেণৈব সূতজ ॥ ২৬

সূত উবাচ।
পারীক্ষিতেন যৎ পৃষ্টো বৈশম্পায়ন এব চ।
বদতাপি তদক্যো পৃথুবৈকমনা মুনে ॥ ২৭
পারীক্ষিত উবাচ।
কথং স সগরো রাজা গরেণ সহিতো মুনে।
জাতঃ স জঘ্নিবান্ ভূপানেতদাখ্যাতুমর্হসি ॥ ২৮
বৈশম্পায়ন উবাচ।
বাহোর্ব্যসনিনস্তাত হৃতং রাজ্যমভূৎ কিল।
হৈহয়ৈস্তালজঙ্ঘৈশ্চ শকৈঃ সার্দ্ধং বিশাম্পতে ॥
যবনাঃ পারদাশ্চৈব কাম্বোজাঃ পহ্লবাস্তথা।
এতেষ্বাক্ত গণা রাজন্ হৈহয়ার্থে পরাক্রমন্ ॥৩০
হৃতরাজ্যস্ততো রাজা স বৈ বাহুর্বনং যযৌ।
পত্ন্যা চানুগতো দুঃখী স বৈ প্রাণানবাসৃজৎ ॥৩১
পত্নী তু যাদবী তস্য সগর্ভা পৃষ্ঠতোঽন্বগাৎ।

...ত্রিশঙ্কু-তনয় হরিশ্চন্দ্র রাজা বহুসংখ্যক রাজসূয় যজ্ঞ করিয়াছিলেন এবং সম্রাট্ হইয়া... ছিলেন। হরিশ্চন্দ্রের পুত্র রোহিত নামে খ্যাত ছিলেন, রোহিতের পুত্র বৃক নামে খ্যাত, বৃক হইতে বাহু নামে পুত্র জন্মগ্রহণ ...রেন। হৈহয়গণ এবং তালজঙ্ঘ নামক ...ত্যগণ সেই বাহু রাজাকে নিজরাজ্য হইতে ... করিয়া দিয়াছিল। সেই ধার্ম্মিক বাহু-...জা শক্ত হইলেও আপনার নিমিত্ত ঐ ...স্ত দৈত্যগণকে বিনষ্ট করেন নাই; ... বিপ্রবর! যেহেতু বহুরাজা অত্যন্ত ...র্ম্মিক ছিলেন, তাঁহার হিংসা-কার্য্যে মতি ...ল না। বাহুরাজা দৈত্যগণকর্ত্তৃক তাড়িত ...য়া ঔর্ব্বমুনির আশ্রমে গমনপূর্ব্বক ভার্গবমুনি-...র্ত্তৃক রক্ষিত হওয়াতে বিষের সহিত সাগর ...ম পুত্র উৎপাদন করিলেন। বাহুপুত্র ...গররাজা ভার্গবমুনির নিকট আগ্নেয় অস্ত্র ... করিয়া স্বীয় রাজ্যে গমনপূর্ব্বক তালজঙ্ঘ ...ং হৈহয়গণকে পরাভূত করিলেন এবং শক ...ক ম্লেচ্ছ, বহুদক নামক ম্লেচ্ছ, পারদ ...ক ম্লেচ্ছ ও খশ নামক ম্লেচ্ছগণকে পরা-... করিলেন। সূতের নিকট শৌনক ... জিজ্ঞাসা করিলেন, হে সূতপুত্র! সগর-... কি নিমিত্ত বিষের সহিত জন্মগ্রহণ করিলেন এবং কিরূপেই বা ক্ষত্রিয়গণকে পরাজয় করিয়াছিলেন, ইহা আমার নিকট বিস্তৃতরূপে বল। শৌনক মুনির নিকট সূতনন্দন উগ্রশ্রবা বলিলেন, পূর্ব্বকালে পরীক্ষিৎকুমার জনমেজয় মহারাজ, বৈশম্পায়ন মুনির নিকট এ কথা জিজ্ঞাসা করিয়াছিলেন; হে মুনিবর! বৈশম্পায়ন জনমেজয়ের নিকট যেরূপ বলিয়াছিলেন, আমি তদনুরূপ বলিতেছি, আপনি একাগ্রচিত্তে তাহা শ্রবণ করুন। জনমেজয় বলিলেন, হে বৈশম্পায়ন মুনে! সগররাজা কি নিমিত্ত বিষের সহিত জন্মিয়াছিলেন, কিরূপেই বা নৃপগণকে বিনাশ করিয়াছিলেন, ইহা আমার নিকট বলুন। বৈশম্পায়ন বলিলেন, হে তাত! হে নরপতে! অত্যন্ত ব্যসনশীল বাহুরাজার রাজ্য শকগণের সহিত হৈহয়গণ এবং তালজঙ্ঘগণ হরণ করিয়াছিল। হে মহারাজ! যবনগণ, পারদগণ, কাম্বোজগণ এবং পহ্লবগণ, হৈহয়গণের নিমিত্ত পরাক্রম প্রকাশ করিয়াছিল। ২১—৩০। সেই বাহুরাজা রাজ্য অপহৃত হইলে পর, দুঃখিতান্তঃকরণে পত্নীর সহিত বনগমন করিয়া প্রাণ পরিত্যাগ করিলেন। বাহুরাজার যদুবংশজাতা গর্ভবতী পত্নী অনুগমন করিতে উদ্যুক্তা হইলেন। মাতৃপত্নী রাজীকে

তমাদিপুরুষং দেবং কপিলং বিশ্বরূপিণম্
তস্য চক্ষুঃসমুত্থেন বহ্নিনা প্রতিবুধ্যতঃ।
দগ্ধাঃ ষষ্টিসহস্রাণি চত্বারস্ত্ববশেষিতাঃ ॥ ৪৭
বর্হকেতুঃ সুকেতুশ্চ তথা ধর্ম্মরতোঽপরঃ।
শূরঃ পঞ্চজনশ্চৈব তস্য বংশকরা নৃপ ॥ ৪৮
প্রাদাচ্চ তস্মৈ ভগবান্ হরিঃ পঞ্চ বরান্ স্বয়ম্।
বংশং মেধাঞ্চ কীর্ত্তিঞ্চ সমুদ্রং তনয়ং ধনম্ ॥ ৪৯
সাগরত্বঞ্চ লেভে স কর্ম্মণা তেন তস্য বৈ ॥ ৫০
অশ্বমেধিকং সোঽশ্বং সমুদ্রাদুপলব্ধবান্।
আজহারাশ্বমেধানাং শতং স সুমহাযশাঃ ॥ ৫১

শৌনক উবাচ।

সগরস্যাত্মজা বীরাঃ কথং জাতা মহাবলাঃ।
বিক্রান্তাঃ ষষ্টিসাহস্রা বিধিনা কেন বা বদ ॥ ৫২

সূত উবাচ।

দ্বে পত্নৌ সগররাজস্য তপসা দগ্ধকিল্বিষে।
ঔর্ব্বস্তয়োর্ব্বরং প্রাদাৎ তোষিতো মুনিসত্তমঃ ॥ ৫৩
ষষ্টিং পুত্রসহস্রাণি একা বব্রে তথাধিকম্।
একং বংশধরন্ত্বেকা যথেষ্টং বরশালিনী ॥ ৫৪
তত্রৈকা জগৃহে শুষ্কা পুত্রান্ শূরান্ বহূংস্তদা।
সা চৈব সুষুবে তুম্বং বীজপূর্ণং পৃথক্কৃতাঃ ॥ ৫৫
ততো ধাত্রীভিঃ সর্ব্বেঽপি ববৃধুস্তে যথাক্রমম্।
ঘৃতপূর্ণেষু কুম্ভেষু কুমারাঃ প্রীতিবর্দ্ধনাঃ ॥ ৫৬
কপিলাগ্নিপ্রদগ্ধানাং তেষাং তত্র মহাত্মনাম্।
একঃ পঞ্চজনো নাম পুত্রো রাজা বভূব হ ॥ ৫৭
ততঃ পঞ্চজনস্যাসীদংশুমান্ নাম বীর্য্যবান্।
দিলীপস্তনয়স্তস্য পুত্রো যস্য ভগীরথঃ ॥ ৫৮
যঃ স গঙ্গাং সরিচ্ছ্রেষ্ঠামবাতারয়ত প্রভুঃ।
সমুদ্রমানয়চ্চেমাং দুহিতৃত্বে প্রকল্পয়ৎ ॥ ৫৯

ন। সগরপুত্রগণ মহাসমুদ্রকে খনন করিতে
রিতে বিশ্বরূপী আদিপুরুষ মুনিবর কপিল-
কে প্রাপ্ত হইলেন। তপস্যায় নিমগ্নচিত্ত
পিলদেব তপোভঙ্গ হওয়াতে জাগরিত হইয়া
হইলেন; তাঁহার চক্ষু হইতে যে ক্রোধা-
বহিষ্কৃত হইল. তাহা দ্বারা ষাট হাজার
রসন্তান দগ্ধ হইয়া গেল, চারিটী মাত্র অব-
রহিল। অবশিষ্ট চারিটী পুত্রের নাম.
কেতু. সুকেতু, তৃতীয় ধর্ম্মরত এবং বলবান্
জন চতুর্থ। এই চারিটী সন্তান সগর-
ার বংশ রক্ষা করিল। ভগবান্ বিষ্ণু সগর-
াকে পাঁচটী বর প্রদান করিলেন,—বংশবৃদ্ধি,
ত্য বুদ্ধিশক্তিবৃদ্ধি, যশোবৃদ্ধি, সমুদ্রকে পুত্র-
প্রাপ্তি এবং বিপুল ধনসম্পত্তি। সগর-
কর্ত্তৃক খাত· হওয়াতে সরিৎপতি সমুদ্র
ধি সাগর নামে বিখ্যাত হইলেন এবং সগর-
াও সমুদ্র হইতে সেই অশ্বমেধ যজ্ঞের
কে পাইলেন। মহাযশস্বী সগররাজাও
ত্তর একশত অশ্বমেধযজ্ঞ করিলেন। ৪১—
। শৌনকমুনি সূতকে জিজ্ঞাসা করিলেন,
রাজার বীর্য্যবান্ ষাটহাজার পুত্রগণ কিরূপে
ল পরাক্রান্ত হইয়াছিল এবং কি কার্য্য
রাই বা অত্যন্ত বিক্রান্ত হইয়াছিল, হে
সত্তম! তুমি তাহা আমার নিকট বল।

সূত, শৌনকমুনির নিকট বলিলেন, সগররাজার
তপস্যার দ্বারা হতপাপা দুই পত্নী ছিল।
ঔর্ব্বমুনি সন্তুষ্ট হইয়া, সগর-ভার্য্যাদ্বয়কে বর-
দান করিতে উদ্যত হইলেন। সগর-রাজার
এক পত্নী অত্যন্ত বলবান্ ষাটহাজার পুত্র-
প্রার্থনা করিলেন এবং সগর-রাজার দ্বিতীয়
পত্নী বর পাইয়া, বংশবৃদ্ধিকর একমাত্র পুত্র
প্রার্থনা করিলেন। সগররাজার যে প্রথমা
পত্নী শুষ্ক হইয়া বলবান্ বহু পুত্র গ্রহণ করি-
লেন, সেই প্রথমা সগর-পত্নী বীজপরিপূর্ণ
একটী অলাবু প্রসব করিলেন। তদনন্তর
ধাত্রীগণ ঐ সকল সন্তানকে পৃথক্ করিয়া ঘৃত-
পূর্ণ কুম্ভমধ্যে নিক্ষেপ করিল। ষাটহাজার
সগরকুমারগণ ক্রমে ক্রমে বৃদ্ধিপ্রাপ্ত হইয়া
মাতা পিতার প্রীতিবৃদ্ধি করিতে লাগিলেন।
কপিলমুনির নেত্র-বহ্নি দ্বারা দগ্ধ মহাত্মা সগর-
পুত্রগণের মধ্যে অবশিষ্ট পঞ্চজননামক সগর-
পুত্র রাজা হইয়াছিলেন। সগরপুত্র পঞ্চজন
নামক ক্ষিতিপতির অংশুমান্ নামে বীর্য্যবান্
পুত্র হইয়াছিল। অংশুমান্-রাজার পুত্র দিলীপ,
দীলিপের পুত্র ভগীরথ, যে রাজা ভগীরথ
সরিদ্বরা ভগবতী গঙ্গাকে হিমালয় হইতে আনয়ন

দ্বিষষ্টিতমোহধ্যায়ঃ।

শৌনক উবাচ।

শ্রুতো বৈ শ্রাদ্ধদেবস্য আদিত্যস্য বিবস্বতঃ।
শ্রোতুমিচ্ছামি মাহাত্ম্যং শ্রাদ্ধস্য কিং ফলং ভবেৎ
প্রীতাশ্চ পিতরো যেন শ্রেয়সা যোজয়ন্তি চ।
এতদ্বৈ শ্রোতুমিচ্ছামি পিতৃণাং সর্গমুত্তমম্ ॥ ২

সূত উবাচ।

হন্ত তে কথয়িষ্যামি পিতৃণাং সর্গমুত্তমম্।
মার্কণ্ডেয়েন কথিতং ভীষ্মায় পরিপৃচ্ছতে ॥ ৩
গীতং সনৎকুমারেণ মার্কণ্ডেয়ায় ধীমতে।
তৎ তেঽহং সম্প্রবক্ষ্যামি সর্ব্বকামফলপ্রদম্।
যুধিষ্ঠিরেণ সংপৃষ্টো ভীষ্মঃ প্রোবাচ তচ্ছৃণু ॥ ৪

যুধিষ্ঠির উবাচ।

পুষ্টিকামেন ধর্ম্মজ্ঞ কথং পুষ্টিরবাপ্যতে।
এতদাখ্যাতুমিচ্ছামি কিং কুর্ব্বাণো ন সীদতি ॥ ৫

ভীষ্ম উবাচ।

শ্রাদ্ধৈঃ প্রীণাতি হি পিতৄন্ সর্ব্বকামফলৈস্তু যঃ।
স পুনঃ প্রথিতঃ শ্রাদ্ধী প্রেত্য চেহ চ মোদতে ॥
যং যং কামমভিধ্যায় শ্রাদ্ধং প্রকুরুতে তু যঃ।
তং তং প্রাপ্নোত্যযত্নেন পিতৃণাস্তু প্রসাদতঃ ॥ ৭

যুধিষ্ঠির উবাচ।

বর্ত্তন্তে পিতরঃ স্বর্গে কেষাঞ্চিন্নরকে পুনঃ।
প্রাণিনাং নিয়তঞ্চাপি কর্ম্মজং ফলমুচ্যতে ॥ ৮
তানি শ্রাদ্ধানি দত্তানি কথং গচ্ছন্ত্যথ পিতৄন্।
কথং শক্তাঃ সমুদ্ধর্ত্তুং নরকস্থান্ পিতৄন্ পুনঃ ॥ ৯
দেবা অপি পিতৄন্ স্বর্গে যজন্ত ইতি নঃ শ্রুতম্।
এতদিচ্ছাম্যহং শ্রোতুং বিস্তরেণ ব্রবীহি মে ॥ ১০

ব্যক্তি পাঠ করে, তাহারা ইহলোকে ভগবান্ সূর্য্যের সাযুজ্য প্রাপ্ত হয়, ইহাতে সংশয় নাই। ৭১—৭৪।

একষষ্টিতম অধ্যায় সমাপ্ত ॥ ৬১ ॥

দ্বিষষ্টিতম অধ্যায়।

শৌনক মুনি সূতকে বলিলেন, বিবস্বান্ সূর্য্যদেবের এবং শ্রাদ্ধদেব যমের উৎপত্তি-বৃত্তান্ত তোমার নিকট শ্রবণ করিলাম। শ্রাদ্ধ-কার্য্যের মাহাত্ম্য কি, শ্রাদ্ধ করিলে কি ফল লাভ হয় এবং যে কার্য্য দ্বারা পিতৃগণ প্রীত হইয়া সন্তানগণকে মঙ্গলযুক্ত করেন, এ সমস্ত শ্রবণ করিতে ইচ্ছা করি, আর পিতৃলোকের উত্তম সৃষ্টিবৃত্তান্তও শুনিতে ইচ্ছা করি; তাহা তুমি আমার নিকট বল। সূত শৌনকমুনির নিকট বলিতেছেন, হে মুনে! আপনার নিকট পিতৃগণের উত্তম সৃষ্টিকথা বলিতেছি, তাহা আপনি শ্রবণ করুন। এ কথা শান্তনুনন্দন ভীষ্ম মার্কণ্ডেয় মুনিকে জিজ্ঞাসা করিলে পর মার্কণ্ডেয় মুনি ভীষ্মের নিকট বলিয়াছিলেন; ইহা পূর্ব্বকালে সনৎকুমার মুনি, মার্কণ্ডেয় মুনির নিকট বলিয়াছিলেন; ঐ সর্ব্বাভিলষিত-ফলপ্রদ পিতৃগণের স্তুতি-বৃত্তান্ত আপনার নিকট সম্যক্‌রূপে বলিতেছি। মহারাজ যুধিষ্ঠির জিজ্ঞাসা করিলে পর ভীষ্মদেব যেরূপ বলিয়াছেন, তাহা শ্রবণ করুন। যুধিষ্ঠির জিজ্ঞাসা করিলেন, হে ধার্ম্মিকাগ্রগণ্য! পুষ্টি অভিলাষী মনুষ্য কি কার্য্য করিয়া পুষ্টি প্রাপ্ত হয়, একথা আমি জানিতে ইচ্ছা করি এবং কি কার্য্য করিয়া মনুষ্য অবসন্ন হয় না? ভীষ্ম বলিলেন, যে ব্যক্তি, সকল অভিলষিত ফলপ্রদ শ্রাদ্ধকার্য্য দ্বারা পিতৃগণকে প্রীত করে, সে শ্রাদ্ধকর্ত্তা বিখ্যাত হইয়া ইহকালে এবং পরকালে সুখে কালযাপন করে; যে ব্যক্তি যে যে ফল অভিলাষ করিয়া শ্রাদ্ধ করে, সে ব্যক্তি পিতৃগণের প্রসন্নতা হেতু সেই সেই ফল অনায়াসে পাইয়া থাকে। যুধিষ্ঠির বলিলেন, কোন ব্যক্তির পিতা স্বর্গে বাস করেন, কাহারও বা পিতা নরকে বাস করেন; প্রাণিগণের কর্ম্মানুসারে নিয়ত শুভ অশুভ ফল লাভ হয়, ইহা শাস্ত্রে কথিত হইয়াছে; শ্রাদ্ধে দত্ত দ্রব্য-সমূহ নরকস্থ পিতার নিকট [illegible] হয় এবং পুত্রগণ নরকস্থ পিতৃগণকে [illegible] উদ্ধার করিতে সমর্থ ...

ভীষ্ম উবাচ।

অত্র তে বর্ণয়িষ্যামি কথামেতামরিন্দম।
পিত্রা মম পুরা গীতং লোকান্তরগতেন বৈ॥ ১১
শ্রাদ্ধকালে মম পিতুর্ময়া পিণ্ডঃ সমুদ্যতঃ।
তং পিতা মম হস্তেন ভিত্ত্বা ভূমিমযাচত॥ ১২
নৈষ কল্পবিধির্দৃষ্ট ইতি নিশ্চিত্য চাপ্যহম্।
কুশেষ্বেব তু তং পিণ্ডং দত্তবানবিচারয়ন্॥ ১৩
ততঃ পিতা মে সুপ্রীতো বাচা মধুরয়া তদা।
উবাচ ভরতশ্রেষ্ঠ প্রীয়মাণো মহানঘ॥ ১৪
ত্বয়া তারয়িতব্যোঽস্মি ধর্ম্মজ্ঞেন বিপশ্চিতা।
তারিতোঽহং ত্বয়া জিজ্ঞাসা কৃতা মে পুরুষোত্তম॥ ১৫
প্রমাণং যদি কুরুতে ধর্ম্মাচারেণ পার্থিবঃ।
প্রজাস্তদনুবর্ত্তন্তে প্রমাণাচরিতং সদা॥ ১৬
উক্তা ভরতশ্রেষ্ঠ বেদধর্ম্মাশ্চ শাশ্বতাঃ।
প্রমাণা কীর্ত্তিতশ্চৈব মম নির্ব্বর্ত্তিতা ত্বয়া॥ ১৭
তস্মাৎ তবাহং সুপ্রীতঃ প্রীত্যা বরমনুত্তমম্।
দদামি তং প্রতীচ্ছস্ব ত্রিষু লোকেষু দুর্লভম্॥ ১৮
ন তে প্রভবিতা মৃত্যুর্যাবজ্জীবিতুমিচ্ছসি।
কিং বা তে প্রার্থিতং ভূয়ো দদামি বরমুত্তমম্॥ ১৯
তদ্ব্রূহি ভরতশ্রেষ্ঠ যৎ তে মনসি বর্ত্ততে॥ ২০
ইত্যুক্তবতি তস্মিংস্তং অভিবাদ্য কৃতাঞ্জলিঃ।
অব্রুবং কৃতকৃত্যোঽহং প্রসন্নে ত্বয়ি মানদ॥ ২১
প্রশ্নং পৃচ্ছামি বৈ কিঞ্চিদ্যাহর্ত্তুং ভবতা স্বয়ম্।
স মামুবাচ তদ্ব্রূহি যদিচ্ছসি বদামি তে॥ ২২
ইত্যুক্তে চ মতং প্রাহ জাতকৌতূহলাং তদা।
শ্রূয়ন্তে পিতরো রাজন্ দেবানামপি দেবতাঃ॥ ২৩

দেবগণও স্বর্গে পিতৃলোকের শ্রাদ্ধ করিয়া থাকেন। ১—১০। এ সমস্ত আমি শুনিতে ইচ্ছা করি, আপনি ইহা বিস্তৃতরূপে বলুন। ভীষ্ম বলিলেন, হে রিপুসূদন! এ বিষয়ের সমস্ত কথা তোমার নিকট বলিতেছি, শ্রবণ কর; পূর্ব্বকালে পরলোক-প্রাপ্ত আমার পিতা এ কথা বলিয়াছিলেন। আমার পিতার শ্রাদ্ধে আমি পিণ্ড দান করিতে উদ্যত হইলে পর, আমার পিতা পৃথিবী ভেদ করত হস্ত উঠাইয়া, হস্তেই পিণ্ড দান করিতে প্রার্থনা করিলেন। কল্পসূত্রানুসারে হস্তে পিণ্ড দান করা নিয়ম দেখি নাই, ইহা বিবেচনা করত আমি আর বিচার না করিয়া কুশমধ্যে পিণ্ডদান করিলাম। তাহা দেখিয়া আমার পিতা প্রসন্ন হইয়া মধুর-বচনে তখন বলিলেন, হে ভরতকুলতিলক! তোমা দ্বারাই আমি পুত্রবান্ হইলাম, ধার্ম্মিক এবং পণ্ডিত তুমিই আমাকে উদ্ধার করিলে। আমি বলিলাম, হে মহাত্মন্! রাজা ধর্ম্মকার্য্য নিজে যদি প্রমাণ করিয়া অনুষ্ঠান করেন, প্রজাগণও [illegible] তাহার আজ্ঞানুবর্ত্তী হইয়া [illegible] করিয়া থাকে। পিতা আমাকে [illegible] হে ভরতশ্রেষ্ঠ! চিরস্থায়ী [illegible] বেদে যেরূপ উক্ত আছে, তদনুসারে কার্য্য করা উচিত)। তুমি আমার কীর্ত্তি রক্ষা করিলে, আমার প্রতি তোমার যথোচিত ভক্তি প্রকাশ করা হইয়াছে; যেহেতু আমি তোমার প্রতি প্রসন্ন হইলাম, তোমাকে প্রীতচিত্তে সর্ব্বোৎকৃষ্ট বর দান করিতেছি, তুমি ত্রিলোকে দুষ্প্রাপ্য বর গ্রহণ কর, আমার বরপ্রভাবে তোমার ইচ্ছামৃত্যু হইবে। আর তোমারই বা কি বর প্রার্থনীয়? আমি পুনর্ব্বার তোমাকে সেই উৎকৃষ্ট বর প্রদান করিব। হে ভরতশ্রেষ্ঠ! তোমার মনে কি বর প্রার্থনা আছে, তাহা আমার নিকট প্রকাশ কর ১১—২০। আমার পিতা এরূপ বলিলে পর, আমি পিতৃদেবকে অভিবাদন করিয়া কৃতাঞ্জলিপুটে বলিলাম, হে মানদ! আপনি আমার প্রতি প্রসন্ন হইয়াছেন, তাহাতেই আমি কৃতার্থ হইয়াছি। আমি আপনাকে কোন প্রশ্ন জিজ্ঞাসা করিব, আপনি স্বয়ং তাহা আমার নিকট বলুন; (এ কথা শুনিয়া) পিতা আমাকে বলিলেন, তুমি যে প্রশ্ন জিজ্ঞাসা করিতে ইচ্ছা করিতেছ, তাহা আমার নিকট প্রকাশ কর, আমি তাহা তোমাকে বলিতেছি (শ্রবণ কর)। পিতা এ কথা বলিলে আমি কৌতূহলাক্রান্ত-চিত্তে আমার অভিলষিত প্রশ্ন জিজ্ঞাসা করিলাম, হে মহারাজ! শুনিতে পাই, পিতৃগণ দেবগণের

কথং দত্তমেবাস্মাভিঃ শ্রাদ্ধং প্রীণন্তি বৈ পিতৄন্।
লোকান্তরগতাংস্তাংস্তান্ কিঞ্চ শ্রাদ্ধস্য বৈ ফলম্
তত্র মে সংশয়স্তাত তদ্‌ব্রূহি বদতাং বর।
এতচ্ছ্রুত্বা চঃ সোহপি প্রত্যুবাচ চ মাং পিতা॥
সংক্ষেপেণ চ তে বক্ষ্যে যৎ তে পৃষ্টোহস্মি ভারত
পিতরশ্চ যথোদ্ভূতাঃ শৃণু তৎ সর্ব্বমাদিতঃ॥ ২৬
...াদিদেবসুতাস্তাত পিতরো দেবদেবতাঃ।
...ান্ যজন্তি চ বৈ লোকাঃ সদেবা নর-দানবাঃ।
...যক্ষ-রক্ষো-গন্ধর্ব্বাঃ সকিন্নর-মহোরগাঃ॥ ২৭
...াপ্যায়িতাশ্চ তে সর্ব্বে পুনরাপ্যায়যন্তি চ।
...গৎ সদেবগন্ধর্ব্বমিতি ব্রহ্মানুশাসনম্॥ ২৮
...ান্ যজস্ব মহাভাগ শ্রাদ্ধৈরগ্র্যৈরতন্দ্রিতঃ।
...তে শ্রেয়োহভিধাস্যন্তি সর্ব্বকামফলপ্রদাঃ॥২৯
...রৈবারাধ্যমানাশ্চ নাম-গোত্রানুকীর্ত্তনৈঃ।
অস্মানাপ্যায়য়িষ্যন্তি স্বর্গস্থান্ যত্র সংস্থিতান্॥ ৩০
মার্কণ্ডেয়স্তুতে শেষমেতৎ সর্ব্বং প্রবক্ষ্যতি।
ইত্যুক্ত্বাসৌ মহাভাগস্তত্রৈবান্তরধীয়ত॥ ৩১

ইতি পিতৃকল্পঃ।

সূত উবাচ।

পিতুঃ স বচনং শ্রুত্বা মার্কণ্ডেয়ং সমাগতম্।
প্রশ্নমেতং স চাপৃচ্ছন্মার্কণ্ডেয় উবাচ হ॥ ৩২

মার্কণ্ডেয় উবাচ।

ভীষ্ম বক্ষ্যামি কার্ৎস্ন্যেন শুশ্রূষুঃ প্রয়তো ভব॥৩৩
ময়া পিতৃপ্রসাদেন দীর্ঘায়ুষ্ট্বমপি প্রভো।
পিতৃভক্ত্যা হি লব্ধঞ্চ প্রাগ্‌লোকে পরমং যশঃ॥৩৪
সোহহং যুগস্য পর্য্যন্তে বহুবর্ষশতাত্যয়ে।
অধিরুহ্য গিরিং মেরুং তপোহতপ্যং সুদুশ্চরম্॥
ততঃ কদাচিৎ পশ্যামি দিব্যং প্রজ্বাল্য তেজসা।

...বতা। আমাদিগের দত্ত শ্রাদ্ধীয় দ্রব্য ...রূপেই বা পিতৃগণকে পরিতৃপ্ত করে, ...লোকান্তরগত পিতৃগণের শ্রাদ্ধের ফল কি ...কারে উপগত হয়, হে বাগ্মিশ্রেষ্ঠ! এ ...ষয়ে আমার সংশয় উপস্থিত হইয়াছে। ...হে পিতঃ! তাহা আপনি আমার নিকট ...লুন। এ কথা শুনিয়া পিতৃদেব আমাকে ...লিলেন, হে ভারত! তুমি আমাকে যাহা ...জ্ঞাসা করিলে, তাহা আমি তোমার নিকট ...ংক্ষেপে বলিতেছি; পিতৃগণ যেরূপে উৎপন্ন ...ইয়াছেন, তাহা আমার নিকট আদ্যোপান্ত ...বণ কর। হে বৎস! পিতৃগণ ব্রহ্মার পুত্র ...বং দেবগণেরও পূজ্য। সেই পিতৃগণকে ...ব, দানব, মানব, যক্ষ, রাক্ষস, গন্ধর্ব্ব, কিন্নর ...রগাদি সর্পগণ প্রভৃতি সকল লোকই পূজা ...রিয়া থাকে; ইহারা পিতৃগণকে শ্রাদ্ধাদি ...রা পরিতৃপ্ত করিয়াছে এবং করিতেছে। ...মহাভাগ! যেহে ব্রহ্মা অনুজ্ঞা করিয়া...লে, নিরালস্য হইয়া দেব, দানব, গন্ধর্ব্ব ...ভৃতি সকলেই সর্ব্বকার্য্য-প্রধান শ্রাদ্ধকার্য্য ...রা পিতৃগণের অর্চনা কর। তুমি নাম, ...গাত্র উল্লেখ করিয়া পিতৃলোকের আরাধনা কর, সকল অভিলষিত ফলদাতা পিতৃগণ তোমার মঙ্গলবিধান করিবেন। আমরা স্বর্গস্থ হই, বা যে কোন স্থানে থাকি, পুত্রগণ আমাদিগকে শ্রাদ্ধ এবং তর্পণ করিয়া পরিতৃপ্ত করিবে। মার্কণ্ডেয়মুনি তোমার প্রশ্নের সমস্ত অবশিষ্ট কথা বলিবেন। ভীষ্ম বলিলেন, হে মহাভাগ! এই কথা বলিয়া আমার পিতৃদেব অন্তর্দ্ধান করিলেন। ২১—৩১।

পিতৃকল্প সমাপ্ত।

পিতার বাক্য শ্রবণ করিয়া ভীষ্মদেব কদাচিৎ সমাগত মার্কণ্ডেয়মুনিকে ঐ প্রশ্ন জিজ্ঞাসা করিলেন। মার্কণ্ডেয়মুনিও ভীষ্মদেবকে বলিতে লাগিলেন, হে ভীষ্ম! তোমাকে বিস্তৃতরূপে বলিতেছি; তুমি শুনিতে ইচ্ছা করিতেছ, অতএব অবধান কর। হে মহারাজ! আমি পূর্ব্বকালে পিতৃগণের প্রসাদে এবং পিতৃভক্তি-প্রভাবে চিরজীবিত্ব লাভ করিয়াছি, আর ইহলোকে উত্তম যশস্বী হইয়াছি। আমি কোন যুগের অবসানকালে বহুশত বৎসর ব্যাপিয়া সুমেরুপর্ব্বতে আরোহণপূর্ব্বক দুষ্কর তপস্যা করিতেছিলাম; তৎকালে কোন দিন দেখিলাম, স্বীয় তেজঃপ্রভাবে ...

বিমানং মহদায়াতমন্তরেণ দিবৌকসা ॥ ৩৬
তস্মিন্ বিমানে পর্য্যঙ্কং জ্বলিতাঙ্গারবর্চ্চসম্।
অপশ্যঞ্চৈব তত্রাহং শয়ানং দীপ্ততেজসম্ ।
অঙ্গুষ্ঠমাত্রং পুরুষমগ্নাবগ্নিমিবাহিতম্ ॥ ৩৭
সোঽহং তস্মৈ নমঃ কৃত্বা প্রণম্য শিরসা প্রভুম্।
অপৃচ্ছঞ্চৈব তমহং বিজানীয়াং কথং বিভো ॥ ৩৮
স মামুবাচ ধর্ম্মাত্মা তেন তদ্বিদ্যতে তপঃ।
যেন ত্বং বুধ্যসে মাং হি মার্কণ্ডে ব্রহ্মণঃ সুতম্ ॥
সনৎকুমারমিতি মাং বিদ্ধি কিং করবাণি তে ॥ ৪০
যে ত্বন্যে ব্রহ্মণঃ পুত্রা যবীয়াংসস্তু তে মতাঃ।
ভ্রাতরঃ সপ্ত দুর্দ্ধর্ষা যেষাং বংশাঃ প্রতিষ্ঠিতাঃ ॥ ৪১
বয়ন্তু যতিধর্ম্মাণঃ সংযম্যাত্মানমাত্মনি ॥ ৪২
যথোৎপন্নস্তথৈবাহং কুমার ইতি বিশ্রুতঃ।
তস্মাৎ সনৎকুমারেতি নামৈতৎ কথিতং মুনে ॥
ভক্ত্যা তে তপশ্চীর্ণং মম দর্শনকাঙ্ক্ষয়া।
এষ দৃষ্টোঽস্মি ভদ্রং তে কং কামং করবাণি তে
ইত্যুক্তবন্তং তমহং প্রোবাচ ত্বং শৃণু প্রভো।
পিতৃণামাদিসর্গঞ্চ কথয়স্ব যথাতথম্ ॥ ৪৫
ইত্যুক্তঃ স তু মাং প্রাহ শৃণু সর্ব্বং যথাতথম্।
দেবানসৃজত ব্রহ্মা মাং যজধ্বং * স চাহ তান্।
তমুৎসৃজ্য তত্তোঽত্মানমযজন্ত ফলার্থিনঃ। ১৬
তে শপ্তা ব্রহ্মণা মূঢ়া নষ্টসংজ্ঞা ভবিষ্যথ
তস্মাৎ কিঞ্চিদজানন্তো নষ্টসংজ্ঞাঃ পিতামহম্।
প্রোচুস্তং প্রণতাঃ সর্ব্বে কুরুষানুগ্রহং হি নঃ॥ ১৮
ইত্যুক্তস্তানুবাচেদং প্রায়শ্চিত্তার্থমেব হি
পুত্রান্ স্বান্ পরিপৃচ্ছধ্বং ততো জ্ঞানমবাপ্স্যথ।
ইত্যুক্তা নষ্টসংজ্ঞাস্তে পুত্রান্ পপ্রচ্ছুরোজসা
প্রায়শ্চিত্তার্থতত্ত্বজ্ঞা লব্ধসংজ্ঞা দিবৌকসঃ। ১৯

লিত করিয়া সুমেরুপর্ব্বতের মধ্য হইতে এক-খানি বৃহৎ দেবযান আগমন করিতেছে। দেখিলাম, সে বিমান মধ্যে প্রজ্বলিত অঙ্গারের ন্যায় দীপ্তিযুক্ত একখানি পর্য্যঙ্ক রহিয়াছে; ঐ পর্য্যঙ্ক মধ্যে একটী অঙ্গুষ্ঠপরিমিত প্রদীপ্ত তেজঃসম্পন্ন পুরুষ শয়ন করিয়া রহিয়াছেন; দেখিলে বোধ হয়, বহ্নিমধ্যে বহ্নি রহিয়াছে। আমি সেই প্রভুকে দর্শনমাত্র নমস্কার করিয়া শিরোভূমিসম্পূর্ব্বক প্রণাম করত তাঁহাকে বলিলাম, হে প্রভো! আমরা আপনাকে জানিতে পারিব কি? সেই ধর্ম্ম আমাকে বলিলেন, হে মার্কণ্ডেয়! তোমার তপস্যা বিদ্যমান রহিয়াছে, তাহা দ্বারা আমাকে জানিতে পারিবে; ব্রহ্মার মানস-পুত্র সনৎকুমার মুনি আমাকে জানিবে; অধুনা তোমার কি কার্য্য করিব, তাহা বল। ৩২—৪০। অন্য যে সকল ব্রহ্মার পুত্র আছেন, তাঁহারা সকলেই আমার কনিষ্ঠ ভ্রাতা, তাঁহারা সপ্ত ভ্রাতা অত্যন্ত দুর্দ্ধর্ষ, তাঁহাদিগের বংশ অদ্যাপি বৃদ্ধি পাইতেছে। আমি যতি-ধর্ম্মাবলম্বী, [illegible] আমাকে দেহ-মধ্যে সংযত [illegible] হইয়াছি, অতএব কুমার [illegible] হইয়াছি। হে মুনিবর! যেহেতু [illegible] লোকে বলিয়া

থাকে। আমার দর্শন অভিলাষে ভক্তিভাবে তুমি তপস্যা করিতেছ বলিয়া তোমার দৃষ্টিগোচর হইলাম, তোমার অভিলাষ পূর্ণ করিব। দেবা[illegible] সনৎকুমার একথা বলিলে পর, আমি বলিলাম, হে প্রভো! আপনি আমার কথা শ্রবণ করুন। হে প্রভো! পিতৃগণের আদি সৃষ্টি যে প্রকার, তাহা আপনি আমার নিকট বলুন। এ কথা শুনিয়া দেবর্ষি সনৎকুমার আমাকে বলিলেন, পিতৃগণের সৃষ্টিবৃত্তান্ত আমার নিকট শ্রবণ কর। পিতামহ ব্রহ্মা দেবগণকে সৃজন করিয়া বলিলেন, হে দেবগণ! তোমরা আমাকে পূজা কর। কিন্তু দেবগণ ব্রহ্মাকে ত্যাগ করিয়া ফলার্থী হইয়া আত্মাকে পূজা করিলেন। ব্রহ্মা দেবগণকর্ত্তৃক অবমানিত হইয়া দেবগণকে অভিশাপ প্রদানপূর্ব্বক বলিলেন, রে মূঢ়গণ! তোমরা হতচৈতন্য হইবে। দেবগণ ব্রহ্মার শাপপ্রভাবে কিছুই জানিতে না পারায় হতজ্ঞান হইয়া নতশিরে বলিতে লাগিলেন, [illegible] বিধাতঃ! আপনি আমাদিগের [illegible] অনুগ্রহ করুন। পিতামহ ব্রহ্মা দেবগণকর্ত্তৃক এরূপ অভিহিত হইয়া তাঁহাদিগকে [illegible] লেন, ইহার কি প্রায়শ্চিত্ত কর্ত্তব্য

* যজধ্বমিতি চ পাঠঃ।

স্তাং পুত্রকা এবং পুত্রৈরুক্তাশ্চ তে তদা ॥ ৫০
শ্রাত্ত তে দেবাঃ পুত্রকামেণ বেধসম্।
ঃ পুত্রৈরুক্তাস্তে গতাস্তে পুত্রকা ইতি ॥ ৫১
নব্রবীদ্দেবো যূয়ং ন ব্রহ্মবাদিনঃ।
যদুক্তং যুষ্মাকং তং তথা ন তদন্যথা ॥ ৫২
ারীরকর্ত্তারো ন চ জ্ঞানপ্রদায়িনঃ।
স্তং পিতরো যূয়ং ভবিষ্যথ ন সংশয়ঃ ॥ ৫৩
চ পিতরশ্চৈব বুধ্যধ্বং ত্রিদিবৌকসঃ।
। ছিন্নসন্দেহা প্রীতিমন্তঃ পরস্পরম্ ॥ ৫৪
র্বান্ প্রোচুস্তান্ যদুক্তং পুত্রকা বয়ম্।
বেন্তঃ পিতরো ভবিষ্যথ ন সংশয়ঃ ॥ ৫৫

পুত্রগণকে জিজ্ঞাসা কর; তাহা হইলে দিগের জ্ঞানলাভ হইবে। ব্রহ্মাকর্ত্তৃক কথিত হওয়াতে হতজ্ঞান দেবগণ ত্বরান্বিত নিজ-পুত্রগণকে জিজ্ঞাসা করিলেন। । প্রায়শ্চিত্তের অর্থতত্ত্বজ্ঞ হওয়াতে সংজ্ঞা রিলেন, 'হে পুত্রগণ! আপনারা গমন এরূপ পিতৃগণকর্ত্তৃক দেবগণ উক্ত হই- ৪১—৫০। অভিশাপপ্রাপ্ত সে সকল । নিজ-পুত্রগণকর্ত্তৃক 'হে পুত্রকাঃ!' এরূপ ত হওয়াতে আক্ষিপ্ত হইয়া বিধাতাকে ন, হে ব্রহ্মন্! আমাদিগকে নিজ পুত্রগণ ' বলিয়া সম্বোধন করিয়াছে। দেবগণের শ্রবণান্তে ব্রহ্মা বলিলেন, আপনারা ত নী নহেন, সেহেতু আপনাদিগের পুত্রগণ । বলিয়াছেন তাহা সত্য, মিথ্যা নহে। । শরীর উৎপাদনকর্ত্তা মাত্র। তোমরা নদাতা নহে। তোমরা পরস্পরে (অর্থাৎ তোমরা পুত্রগণের পিতা, তোমাদিগের পিতা) হইবে, ইহাতে নাই। দেবগণ পিতৃগণের পিতা পিতৃগণ দেবগণের পিতা ইহা অবগত । ব্রহ্মার বাক্য শ্রবণ করত দেবগণ শূন্য হইয়া, দেবগণ ও পিতৃগণ পর- । প্রীতিযুক্ত হইলেন। দেবগণ পুত্রগণকে লন; তোমরা যে আমাদিগকে পুত্র বলিয়া ধন করিয়াছ, অতএব তোমরা আমাদিগের

পিতৄন্ শ্রাদ্ধে ক্রিয়া কাচিৎ করিষ্যন্তি ন সংশয়ঃ
শ্রাদ্ধৈরাপ্যায়িতঃ সোমো লোকানাপ্যায়য়িষ্যতি ॥
সমুদ্র-পর্ব্বত-বনং জঙ্গমং জঙ্গমৈর্বৃতম্।
শ্রাদ্ধানি পুষ্টিকামাশ্চ যে করিষ্যন্তি মানবাঃ ॥ ৫৭
তেভ্যঃ পুষ্টিং প্রজাশ্চৈব পিতরঃ প্রীণিতাঃ সদা।
শ্রাদ্ধে যে চ প্রদাস্যন্তি ত্রীন্ পিণ্ডান্ নামগোত্রতঃ
সর্ব্বত্র বর্ত্তমানাস্তে পিতরঃ প্রপিতামহান্।
ভাবয়িষ্যন্তি সততং শ্রাদ্ধদানেন তর্পিতাঃ ॥ ৫৯
ইতি তদ্বচনং সত্যমবগম্য দিবৌকসঃ।
পুত্রাশ্চ পিতরশ্চৈব বয়ং সর্ব্বে পরস্পরম্ ॥ ৬০

সনৎকুমার উবাচ।

এবং তে পিতরো দেবা দেবাশ্চ পিতরস্তথা।
অন্যোঽন্যপিতরো বৈতে দেবাশ্চ পিতরশ্চ হ ॥ ৬১

ইতি শ্রীশৈবে মহাপুরাণে ধর্ম্মসংহিতায়াং
পিতৃকল্পে দ্বিষষ্টিতমোঽধ্যায়ঃ ॥ ৬২ ॥

পিতা হইবে, ইহাতে সংশয় নাই। শ্রাদ্ধকার্য্যে চন্দ্র পরিতৃপ্ত হইলে পর, ত্রিভুবনে পর্ব্বত বন এবং জঙ্গমাকীর্ণ জঙ্গম প্রভৃতি সমস্ত লোককে পরিতৃপ্ত করেন। যে সকল মনুষ্য উন্নতি কামনা করিয়া পিতৃগণের সমস্ত শ্রাদ্ধ করেন, তাঁহাদিগকে পিতৃগণ প্রীত হইয়া মহোন্নতি এবং প্রজাবৃদ্ধি প্রদান করেন। যে সকল মনুষ্য পার্ব্বণশ্রাদ্ধাদিতে নাম গোত্র উল্লেখ-পূর্ব্বক তিনটী পিণ্ড প্রদান করে, তাহাদিগকেও পিতৃগণ মহোন্নতি এবং সন্তানবৃদ্ধি দান করেন। শ্রাদ্ধকার্য্য দ্বারা তৃপ্ত হইলে পর পিতৃগণ যে কোন স্থানে থাকিয়াও অনবরত প্রপিতামহ-গণকে চিন্তা করেন, (অর্থাৎ আপনারা শ্রাদ্ধ-ভোজনে তৃপ্ত হইয়া মনে মনে বিবেচনা করেন, আমাদিগের পিতৃগণ কিরূপে কাল যাপন করিতেছেন।) ব্রহ্মার বাক্য সত্য জানিয়া দেবগণ বুঝিতে পারিলেন, পিতৃগণ ও আমরা পরস্পর পরস্পরের পিতা-পুত্র-ভাবাপন্ন। মার্কণ্ডেয়ের নিকট সনৎকুমার বলিলেন, এইরূপে দেবগণ পিতৃগণের পিতা এবং পিতৃগণ দেবগণের পিতা

স্বসৃপঃ পিতৃবর্ত্তী চ নামভিঃ কর্ম্মভিস্তথা॥ ১১
কৌশিকস্য সুতাস্তাত শিষ্যা গর্গস্য চাভবন্।
পিতর্য্যুপরতে সর্ব্বে প্রবসন্তস্তদাভবন্॥ ১২
বিনিয়োগাদ্‌গুরোস্তস্য গাং দোগ্‌ধ্রীং সমকালয়ন্।
সমানবৎসাং কপিলাং সর্ব্বে মার্গং গতাস্তদা॥১৩
তেষাং পথি ক্ষুধার্ত্তানাং বাল্যান্মোহাচ্চ ভারত।
ক্রুরা বুদ্ধিঃ সমুৎপন্না তাংগাং বৈ হিংসিতুং তদা॥
তাং কপিঃ স্বসৃপশ্চৈব যাচেতে নেতি বৈ তদা।
ন চ শক্যং তদা তাভ্যাং ঘাতাদ্বারয়িতুং নিজান্
পিতৃবর্ত্তী তু যস্তেষাং নিত্যং শ্রাদ্ধাহ্নিকো দ্বিজঃ
স সর্ব্বানব্রবীৎ কোপাৎ পিতৃভক্তিসমন্বিতঃ॥১৬
যদ্যশক্যং প্রকর্ত্তব্যং পিতৄনুদ্দিশ্য সাধ্যতাম্।
প্রকুর্ব্বন্তো হি শ্রাদ্ধস্য সর্ব্ব এব সমাহিতাঃ॥ ১৭
এবমেষাঞ্চ বো ধর্ম্মঃ প্রাপ্স্যতে নাত্র সংশয়ঃ।
পিতৄনভ্যর্চ্চ্য ধর্ম্মেণ নাধর্ম্মোহস্মান্ ভবিষ্যতি॥১৮
এবমুক্তাশ্চ তে সর্ব্বে প্রোক্ষয়িত্বা চ গাং তদা।
পিতৃভ্যঃ কল্পয়িত্বা তু উপযুজ্য ভারত॥ ১৯
উপযুজ্য চ গাং সর্ব্বে গুরোরগ্রে ন্যবেদয়ন্।
শার্দ্দূলেন হতা ধেনুর্ব্বৎসো বৈ গৃহ্যতামিতি॥২০
অর্জ্জবাৎ স তু তং বৎসং প্রতিজগ্রাহ বৈ দ্বিজ
মিথ্যোপচারতঃ পাপমভুৎ তেষাঞ্চ গোঘ্নতাম্॥
কালেন সমযুক্তাস্তু তেরীত উপযুজ্য চ।
গোঃ সর্ব্বে তস্য হন্তারঃ সর্ব্বে তে স্বায়ুষঃ ক্ষয়ে।
তে বৈ ক্রুরতয়া হিংস্রাস্ত্বনার্য্যত্বাদ্‌গুরোস্তথা।
উগ্রহিংসা-বিহারাশ্চ জাতাঃ সপ্ত মহোদরাঃ॥২২
লুব্ধকস্য সুতাস্তাত বলবন্তো মনস্বিনঃ।

দুষ্ট, ক্রোধন, হিংস্র, পিশুন, কপি, স্বসৃপ এবং পিতৃবর্ত্তী কর্ম্মানুসারে তত্তন্নামক কৌশিক মুনির পুত্রগণ গর্গমুনির শিষ্য হইয়াছিল। কৌশিক মুনির পুত্রগণ পিতার মৃত্যুর পর, গুরুগৃহে বাস করিতে লাগিলেন। তদনন্তর গুরুদেবের আজ্ঞানুসারে কৌশিক-পুত্রগণ কপিলা নাম্নী সবৎসা দুগ্ধবতী গুরুদেবের গাভীকে পথে পথে অনুগমন করত বিচরণ করাইতেন। হে ভরত-কুলতিলক। এক দিবস পথে পথে বিচরণ করিতে করিতে ক্ষুধার্ত্ত হওয়ায় ঐ গাভীটাকে বিনষ্ট করিতেই কৌশিক-পুত্রগণের দুষ্ট বুদ্ধি উপস্থিত হইল। কৌশিক-মুনির দুই পুত্র কপি এবং স্বসৃপ 'গোহত্যা করা উচিত নহে' ইহা ভ্রাতৃগণের নিকট প্রার্থনা করিলেন, কিন্তু কোনরূপেই নিজ ভ্রাতৃগণকে হত্যাকাণ্ড হইতে নিবারণ করিতে পারিলেন না। ঐ সকল ভ্রাতৃগণের মধ্যে পিতৃবর্ত্তী নামক কৌশিকপুত্র নিত্যশ্রাদ্ধকারী ছিলেন। ঐ পিতৃবর্ত্তী সকল ভ্রাতাকে ক্রুদ্ধচিত্তে পিতৃ-ভক্তিযুক্ত হইয়া বলিলেন, হে ভ্রাতৃগণ! যদি তোমরা নিতান্তই দ্বিজগণের অকর্ত্তব্য গোহত্যা কার্য্য করিবে, তবে পিতৃগণের উদ্দেশ করিয়া হিংসা কর, ধর্ম্মবিরুদ্ধে অগ্রগামী হইয়া শ্রাদ্ধ-কার্য্য করিলে এ গাভী তোমাদিগের ধর্ম্ম প্রাপ্ত হইবে, ইহাতে সন্দেহ নাই। ধর্ম্মানুসারে পিতৃগণের অর্চ্চনা করিয়া গোহত্যারূপ দুষ্কর্ম্ম করিলেও অধর্ম্ম আমাদিগকে অভিভব করিতে পারিবে না। 'পিতৃভক্ত পিতৃবর্ত্তী কর্তৃক এরূপ উপদিষ্ট হইয়া সে সকল কৌশিক-পুত্রগণ গাভীহত্যা করত, হে ভারতবংশাব-তংস! গোমাংস দ্বারা পিতৃলোকের অর্চ্চনা-পূর্ব্বক ভোজন করিলেন। তদনন্তর সকল ভ্রাতা ঐক্য-মত্যানুসারে গুরুদেবসমীপে জানাইলেন। হে গুরুদেব! আপনার গাভী ব্যাঘ্রকর্তৃক নিহত হইয়াছে, তাহার বৎস প্রত্যাগত হইয়াছে, ইহাকে গ্রহণ করুন। শিষ্যগণের বাক্যে বিশ্বস্ত হইয়া, সে দ্বিজ-বর গুরু, বৎসটীকে অসন্দিগ্ধচিত্তে গ্রহণ করিলেন। গুরুসন্নিধানে মিথ্যা-কথনহেতু গোহত্যাকারী কৌশিক পুত্রগণের পাপোদয় হইয়াছিল। ১২—২১। তেরীতুল্যাকার উদর মধ্যে গোমাংস ভোজন করিয়া গুরুদেবের গাভী-হত্যাকারী সে সকল কৌশিক-পুত্রগণ আয়ুঃক্ষয় হইলে পর, মরণাপন্ন হইল। হে তাত! তদনন্তর বাগ্‌দুষ্ট প্রভৃতি সাত মহোদর গুরু-দেবের গাভীর সম্বন্ধে কুটিল ব্যবহার করিয়া ক্রুরবুদ্ধিপ্রযুক্ত হিংসাশীল অতি কঠোর হিংসা-কার্য্যে নিপুণ ব্যাধবেশে অত্যন্ত বলবান্ ও ...

র্ব্বপাপেভ্যো রুদ্রনামানুকীর্ত্তনাৎ ॥ ১৮
গ একচন্দ্র দেবদেবস্য সংস্তবে।
পমাংঘাতি আমতাত্রবিবাস্তসি ॥ ১৯
াকিঞ্চিত্তে পাপে সমনস্তরমেব চ।
তং পাপস্য প্রশমায় মহাত্মনে ॥ ২০
ার্থমিমং ধ্যায়ন্ পঠেচ্চৈনং শৃণোতি বা।
র্ব্বপাপেভ্যো মোক্ষং যাতি ন সংশয়ঃ ॥

শৈবে মহাপুরাণে ধর্ম্মসংহিতায়াং পিতৃ-
বিবরণে চতুঃষষ্টিতমোঽধ্যায়ঃ ॥ ৬৪ ॥

পঞ্চষষ্টিতমোঽধ্যায়ঃ।

ব্যাসপূজনম্।

ত্বং মহাবিষ্ণুর্ব্যাসরূপ নমোঽস্তু তে।
তুমি বিপ্রেন্দ্র প্রসন্নো মে সদাশিবঃ ॥ ১

প-নির্ম্মুক্ত হয়। দেবদেবের এই স্তব
করিলে, জলে আমপাত্রের স্থায়, সমগ্র
লিয়া যায়। অতএব পাপচিন্তা হইলে,
ই পাপশান্তির জন্য এই মন্ত্র জপ
। যে ব্যক্তি এই মন্ত্রের অর্থ ধ্যান পাঠ
শ্রবণ করে, সে সর্ব্বপাপ-বিমুক্ত হইয়া
লাভ করে, সন্দেহ নাই। ১১—২১।

চতুঃষষ্টিতম অধ্যায় সমাপ্ত ॥ ৬৪ ॥

পঞ্চষষ্টিতম অধ্যায়।

ব্যাসপূজা।

আচার্য্য! তুমি মহাবিষ্ণু, হে ব্যাস-
তোমাকে প্রণাম। হে বিপ্রেন্দ্র! তুমি

গ্রন্থান্তে বিবিধদানাদি অত্যো ভূরিদক্ষিণাম্ ॥ ২
ততো বক্তারমানভ্য সম্পূ [illegible] চ যথাবিধি।
কুণ্ডলৈঃ কঙ্কণৈর্বস্ত্রৈর্নানাবিধৈঃ সুধীঃ।
শিবপূজাসমাপ্তৌ তু দদ্যাদ্ধেনুং সবৎসকাম্ ॥ ৩
গ্রন্থে সিংহং সুবর্ণস্য পলমানস্য [illegible]
আচার্য্যায় সুধীর্দদ্যাদ্ভক্তিঃ বস্ত্রযুগ্মকৈঃ ॥ ৪
বিধানসহিতং সম্যক্ পুরাণং ফলদং শ্রুতম্।
তস্মাদ্বিধানযুক্তস্তু পুরাণং ফলমুত্তমম্ ॥ ৫

ইতি শ্রীশৈবে মহাপুরাণে ধর্ম্মসংহিতায়াং
ব্যাসপূজনপ্রকারো নাম পঞ্চ-
ষষ্টিতমোঽধ্যায়ঃ ॥ ৬৫ ॥

প্রসন্ন হইলে, আমার প্রতি সদাশিব প্রসন্ন হই-
হইবেন। গ্রন্থপাঠ সমাপ্ত হইলে পণ্ডিত-
গণকে প্রচুর দক্ষিণা দিবে। অনন্তর বক্তাকে
প্রণাম ও করভূষণ, কর্ণভূষণ, বস্ত্র এবং স্বর্ণাদি
দ্বারা যথাবিধি পূজা করিবে। শিবপূজা-
সমাপনে, সবৎস ধেনু দান করিবে। গ্রন্থের
দক্ষিণা—পলপরিমিত সুবর্ণসিংহ এবং বস্ত্র-
যুগ্ম আচার্য্যকে দিতে হয়। এইরূপ করিলে
ভববন্ধন মোচন ঘটে। সম্যক্ বিধানযুক্ত
পুরাণই ফলজনক হয়, ইহা শ্রুত আছে, অত-
এব উত্তম ফলপ্রার্থী হইলে বিধানযুক্ত পুরাণই
আশ্রয়ণীয়। ১—৫।

পঞ্চষষ্টিতম অধ্যায় সমাপ্ত ॥ ৬৫ ॥

ধর্ম্মসংহিতা সমাপ্তা ॥

সমাপ্তঞ্চেদং শিবপুরাণং।